

हिरुक्त मेराक्षक्र की नती ७ निका मदस्य क्षाप्र ५०० वर्ष जोरंग श्रद्धस्य वर्गवान इ मानूस्तम्ब कृष्ण-संक्षि निका मान कृष्णात्र (दत्त व्यवदीर्वक्रमः। बीटिंग्डना महाक्षेष्ठ् यथन इथन संविद्धत्व ममस्य मनीयी ७ शिव्हज्जा (हिन्द्रस्थाप्त वर्णाव्य महाशाय हृद्धादियन। (हिन्द्रस्थाप्त शिकाम ६ कामस्य वनुशायिक (हिन्द्र)

शास्त्री वित्रिष्ठ "सैरिष्डना वित्रिष्ठाम्ड" मात्रा भृषिवीदक खार्क छगवर-द्रिष्ठनाम छ दुक्क है अक् खार्ड खल्कतन्त्र भार्यम कृष्ठक् भासीमूर्डि दरमार्ज सामी श्रष्ट्रभाम। अहै शक्ति सीम प्रशुव Caritantrita-अक्क वारमा खन्नाम। द्रिशादकत्र मंकार्थ, खनुवाम अवश् विमाम छारभर्य हरसर्ह्। मीत्रा सीरिष्ठना महाश्रष्ट्र कर छात्र माशारम छोता सीरिष्ठना महाश्रष्ट्र कर छोत्र। स्थायभ इनम्यन्त्रम करुर्ह्ण मन्त्रम हर्दन। মধালীলা দ্বিতীয় খণ্ড




ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত

প্রীচৈতন্য চরিতায়ত

মধ্যলীলা দ্বিতীয় খণ্ড



ুকৃষকৃপানীমূর্তি

শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্থামী প্রভূপাদ আনুর্ভাতিক কৃত্যাকনামূত সংখ্যে প্রতিষ্ঠাত্য-আচার্য

নীওর-গৌরাসৌ ফরতা

water with which the stands will assure

শ্রীল কৃষ্ণাস কবিরাজ গোস্বামী কৃত

শ্রীচৈতন্য-চরিতামৃত

জয় জয় ঐতিহন্য জয় নিত্যান্দ । জয়াৰৈতচন্দ্ৰ জয় গৌরভক্তবৃন্দ ॥

জগদ্ওক শ্রীল ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ রচিত গ্রন্থাবলী :

শীনন্তগ্ৰদ্গীতা হথাৰথ গীতার গান শ্রীসরাগবত (বারো বণ্ড) শ্রীচেতনা-চরিতামৃত (চার খণ্ড) গীতার বহুসা ইটিচতন্য মহাগ্রন্থর শিক্ষা ভভিন্নসামৃতসিছ হ্রীউনদেশামৃত কপিল শিক্ষামূত কুণ্ডীদেবীর শিক্ষা **শ্রীট্রেশাপ্রিবদ** লীলা পুরুষোভম শ্রীকৃষ্ণ আদর্শ প্রশ্ন আদর্শ উত্তর আক্তান লাভের পঁছা জীবন আসে জীবন থেকে বৈদিক সামাবাদ ক্ষকতি সর্বোত্তম বিজ্ঞান অমুভের সন্ধান ভগবানের কথা स्म क्या ভঞ্জি কথা ভক্তি বুতাবলী ভক্তিবেলপ্ত রস্কাবলী वृक्षित्याग বৈষ্ণৰ গোকাবগী ভগৰং-দৰ্শন (মাসিক পত্ৰিবদ) হরেকৃষ্ণ সংকীর্তন সমাচার (মাদিক পত্রিকা)

বিশেষ অনুসন্ধানের জন্য নিয় ঠিকানায় যোগাযোগ করুন ঃ

ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট वहर मनन क्ला পোঃ শ্রীমায়াপুর (৭৪১ ৩১৩) নদীয়া, পশ্চিম্বল

অম্বন্ধ আগার্টমেন্ট, ফ্রাট ১ই. লোডনা, ১০ জাদদশ্ম রোভ, তলতাতা ৭০০ ০১১

শ্রীচৈতন্য-চরিতামৃত

মধ্যলীলা (ছিতীয় খণ্ড ঃ ১৫শ-২৫ম পরিচ্ছেদ)

কৃষ্ণকৃপাশ্রীযুর্তি শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ আন্তৰ্জাতিক কৃষ্ণত্যৰনামৃত সংম্বের প্রতিষ্ঠাতা ও আচার্য

দুল বাংলা জোকের জোকার্থ, সংস্কৃত লোকের শব্দার্থ ও অনুবাদ अबर विनम छारभर्य त्रव देखतानी Sri Caltanya-Caritamrita ৰাংলা অনুবাদ

অনুবাদক : শ্রীমৎ ভক্তিচাক স্বামী মহারাজ



ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট

্রামান্ত, কনকারা, মুমাই, নিউইয়ার্ক, লাস্ এরেলেসা, লকন, দিবনী, গালিস্, রোম, হংবং

Sri Caitanya Caritamrita

Madhya Lila-Volume Two (Bengali)

প্রকাশক ৷ ভক্তিবেদার্যা বুক ব্রাস্টেন শক্তে শ্যামজন্য পাস রখাচারী

श्रमंग मरबदर्ग	1	799年一日,000 年何
দিতীয় সংকরণ	2 10	7947-5'000 #4
		3825-0,000 afe
চতুৰ্থ সংখ্যাপ		১৯৯৩—ব্রুচচ কবি
लक्षम मरमत्त्र	1 -	198 000,8—844c
वर्क नरफत्रण	¥	7226-e'000 ald
সংশোষিত সভাম সংস্কাপ	1	4000-1,000 BA

গ্রন্থয়ন ঃ ২০০৩ ভবিবেদার বুক ট্রাস্ট কর্তৃক সর্বস্থা সংবক্ষিত্র

মুশ্রণ ট শ্রীরারাপ্র চল্ল শ্রেদ বৃহৎ মুদদ ভবন শ্রীমারাপুর ৭৪১ ৩১৩ নদীরা, পশ্চিমবস



on few most as been for Coltanya-Cartianulla dor sepa

E-mail: shyamrup@pamho.net Web: www. krishna.com

সূচীপত্ৰ

পরিচেহদ	निवम् । । । विवम् । । । । । । । । । । । । । । । । । । ।	পৃষ্ঠা
	ভূমিকা	t
श्चाम	সার্বভৌম ভট্টাচার্বের গৃহে শ্রীচৈতনা মহাপ্রভূর প্রনাদ	সেবা ১
गर्रमन	ইটিচতন্য মহার্যভূর বৃশব্দ বাওয়ার প্রচেষ্টা	br@
সপ্তদশ	থ্রীট্রতন্য মহাপ্রভুর বৃদ্ধকা গমন	369
অস্তাদশ	विकिन्ता महाच्च्य वृत्रावल वमन ववर ध्यान घावात	
	প্রে মুসলমান সৈনিকদের সাবে আলোচনা	483
डिन्स्विरम	খ্যাগে জীরণ শিকা	200
विरम	বারাণসীতে শ্রীচেতন্য মহাশ্রভুর সঙ্গে স্নাতন	
	গোস্বামীর সাক্ষাংকার এবং শিক্ষানাভ	800
ঞ্চনিপে	শ্রীকৃষ্ণের ঐপর্য ও মাধুর্য	cot
ছাবিলে	অভিধেয় তত্ত্ব	62.7
व्यविश्न	ভাবং-প্রেমরণ প্রয়োজন তথ	645
চতুর্নিশে	আন্মায়ান জোকের ব্যাখ্যা এবং সনাতনকে কৃপা	660
পঞ্চবিংশ	কাশীবাসীকে বৈধাবকরণ ও পুনরার নীলাচল গমন	p-75
	অনুক্রমণিকা	250
700	শ্রীল প্রভূপাদের সংক্ষিপ্ত জীবনী	626

in the plan to right by their best best will

of a wanted 1975 and have been provided to

The company of the state of the

WE NOTE THE TAX STORY OF THE PARTY OF THE PA

THE SHOPE THE PERSON AND AND THE PARTY OF THE PARTY PARTY.

ভূমিকা

মান কৃষ্ণপাস কৰিবাজ গোৰামীর *ইটিডেনা-চরিডাম্ড* শ্রীকৃকটেডের মহাপ্রকুর করিনী ও পিকা সম্বাধীয় মুখ্য প্রষ্ট। আজ থেকে প্রায় পাঁচণ বছর আগে বে মহান সামাজিক ও ধর্মীয় আপোলনে ভারতবর্ধের তথা সারা পৃথিবীর ধর্মীয় ও গাশনিক চিত্রাবর্ধেকে প্রভাগ ও পরেক্ষেতারে প্রভাগিত করেছিল, প্রীচেডনা নহামান্ত সেই আপোলাকের সূচনা করেন। এই মহাং রাশ্বের অনুবাদক ও ভাষাকরে এবং আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংখ্যে প্রতিষ্ঠাতা আচার্থ গ্রীল অভয়চারশার্কিক ভাজিবেদান্ত সামী প্রভাগিতার অক্লান্ত প্রভাগিতার করেছে।

ইন্টিতন্য মহাপ্রকৃতে একজন মহান ঐতিহা সম্মিত ব্যক্তি বলে বিকেনা করা হয়। কিন্তু, আধুনিক ঐতিহাসিক ভাৎপর্বের পরিপ্রেক্তিতে মানুবকে তাঃ কালের পতিভূমিকার দর্শন করা হয়—তা এখানে বার্থ হয়েছে, কেন না প্রীচিতনা মহাপ্রতু এফাই একজন

পুরুষ খিনি ইতিহাসের সংকীর্ণ গতির অনেক অনেক উর্চ্চো।

পাশ্চাত্যের দেশগুলিতে মানুহ বখন নতুনের স্থানে অস্তানার উদ্দেশ্যে পারি পিছে
নতুন হহাদেশ ও মহাসমূত আহিছার করার উদ্দেশ্যে পৃথিবী প্রদক্ষিণ করছিল এবং কড়
রুলাণ্ডের আকৃতি সম্বাদ্ধ অধ্যান করছিল, তখন ভারতবার্থ ইক্ষাট্রতন মহাতের মানুবনে
ভাতমুখী করে বিজ্ঞানসম্বত পশ্বান তার চিত্রা হরাশের উপলব্ধির জন্য এক পারমার্থিক
আন্দোলনের সূচনা করেছিলেন।

শ্রীকৃষ্ণচৈতনা মহাপ্রস্থা জীবনীর সব চাইতে প্রমাকিক তথা হতে নুবারি ওওঁ ব বরূপ দাযোদর গোলামীর কড়চা। বৈদ্য মুবারি ওওঁ ছিলেন নীচেতনা মহাপ্রস্থা একজন অধ্বরু পার্বপ। তিনি প্রীচেতনা মহাপ্রস্থা সমান প্রথম পর্বত ঠার জীবনের প্রথম চারিশ বহুরের কার্যকলাল নিপ্তাবিতভাবে লিলিবজ করে গেছেন। প্রীচেতনা মহাপ্রস্থা তৌমনীলক বাকি চারিশ বছরের কার্যকলাপ প্রীচেতনা মহাপ্রস্থা আর একজন অন্তর্ম গার্বন প্রীল স্বরূপ নামোনর গোলামী গ্রার কড়চায় নির্পিবজ করে গেছেন।

নীত্রতন্য-চরিত্রমৃত আদিনীলা, মধ্যনীলা ও অন্তালীলা এই তিনটি ভাগে বিভক্ত। আদিলীলা রচিত হত্তেরে নীমুবারি ওপ্তের কত্চার ভিত্তিতে এবং মধানীলা ও জন্তুলীলা

রচিত হরেছে জীল বরুল দামোদরের কড়চার বিবিতে।

আনিনীলার প্রথম বাদশটি পরিজেন হছে সমগ্র গ্রন্থটির ভূমিকা। বৈনিক শারের প্রমাণ উল্লেখ করে ক্ষানাস কবিরাজ গোখামী প্রতিষ্ঠা করেছেন বে, কনিবৃত্যে প্রিচিতনা মহাপ্রত্ হলেনে ভাগানের অবতার। এই কলিবৃত্য করে হলেছে গাঁচ হালার বছর পূর্বে এবং জড়বাদ, ভগ্রামি, কলহ—এথালি হলে এই যুগের বৈশিষ্টা। গ্রহ্কার অরও প্রমাণ করেছেন বে, প্রিচিতনা মহাপ্রত্ প্রীকৃত্য থেকে অভিম এবং তিনি বিলেশ করেছেন বে, থেকালিতিত কলিবৃত্যে অধ্যাপতিত জীবনের সংকীর্তন জ্যান্তর মাহামে জনাতরে কৃষ্ণপ্রমাণ প্রধানের জনা তিনি অবতরণ করেছিলেন। তা ছাড়া, বানশ পরিজেনে সমন্থিত ভূমিকায় প্রধানাস কবিরাজ এই লগতে প্রীচিতনা মহাপ্রত্ম অবতরণের গুট কারণ করেছেন এবং সেই সঙ্গে তার অবেশ-অবতার, মৃশ্য পার্যন্ত ও তার নিক্ষার সংক্ষিত্রসায়ও কলা বাংছেন। আদিনীলার অবনিষ্ট অংশ প্রধানশ পরিজেন থেকে সন্তর্মণ পরিজেকে মহালাভার বিশ্বনিলা ভরমণ করেছেন। আদিনীলার অবনিষ্ট অংশ প্রধানশ পরিজেন থেকে সন্তর্মণ পরিজেকে মহালাভার বিশ্বনিলা ভরমণ পরিজেকে মহালাভার প্রবিক্তী গার্হস্থানীলা ভরমণ প্রিক্তিন মহালাভার বিশ্বনিলা ভরমণ পরিজেকে মহালাভার বিশ্বনিলাভার বিশ্বনিলা ভরমণ করেছেন পুর্বনতী গার্হস্থানীলা ভরমণ প্রিচিতনা মহালাভার বিশ্বনিলা বিশ্বনিলা এবং তার সন্মান প্রকাশের পুর্বনতী গার্হস্থানীলা ভরমণ

ব্যৱহান। এর মধ্যে প্রচেছে বাল্যালীনার চগলাজা, বিশ্বান্তরান, বিবাহনীলা, দাশনিক তর্কনৃত্ব, বাণকভাবে সংকীর্তন আন্দোলন প্রচার এবং মুসলমান শাস্ত্রের উৎপীয়নের অভিয়েশ অলৈ অনান্য আন্দোলন। মধানীলার বিবরবন্ধ সব চাইতে দীর্ঘা। এই অংশটিতে প্রকাশ সমানীলার, নির্মান্তরালার বিবরবন্ধ সব চাইতে দীর্ঘা। এই অংশটিতে প্রকাশ সমানীলার, দিলভাৱ সবিলাতে বর্দিত হরেছে। এই হর বছরে প্রকাশনা মহাপ্রভূত আনাবাদনা প্রমান করেছে। তথানকার বিলে অভিনতনা মহাপ্রভূত প্রধান করেছে। তথানকার দিলে অভিনতনানী, বৌদ্ধ এবং মুসলমান আদি বহু বিখ্যাত নাগনিক ও ধর্মীর নেতাদের তিনি তর্কে পরাত্ত করে আন্দোর হাজার হাজার অনুগানী ও পিরাসহ তাদের আন্দোলন করেছে। প্রত্যাত্তর আন্দোলন করেছেন। প্রত্যাত্তর আন্দোলন করেছেন। প্রত্যাত্তর আন্দোলন করেছেন। প্রত্যাত্তর আন্দোলন রাজনীয় করেছেন। মহাপ্রভূত আলোকিনা নাজনীয় বিজ্ঞান আক্রার এই অধ্যাত্ত্রের অভিনতন। মহাপ্রভূত আলোকিনা নাজনীয় বিজ্ঞান আক্রার এই অধ্যাত্ত্রের অভিনতন। মহাপ্রভূত আলোকিনা নাজনীয় বিজ্ঞান আক্রার এই অধ্যাত্ত্রের অভিনতন।

অশুলীদাত নীলাচলে প্রসিদ্ধ জগায়াব মন্তিরের নিকটে প্রীচেতনা মহাপ্রভূর শেষ আঠারে বছরের নির্কাননীলা বর্ণিত হয়েছে। তার অন্তর্গালার প্রীচেতনা মহাপ্রভূত ভাবং-শ্রেমের নমানিতে কলার থেকে গাতীরতার অবস্থায় প্রবেশ করেছেন, বা প্রাচ্চ এবং শাশ্চাতোর বর্ম ও সাহিত্যের ইতিহালে এর আগে করনও দেখা বারনি। প্রীচেতনা মহাপ্রভূত নিতা বর্ষমান দিবা উত্থাপনার কথা তার সেই সমারকার নিতা সহচর সক্ষাপ্রামেনার কোবানীর সাবলীদা বর্ণনার চিপ্রিত হয়েছে, যা আগুনিক মনতক্ষবিদ এবং প্রশাসনীধনা অনুসক্ষান ও অভিজ্ঞতার অতীত।

এই মহাকাবটির ক্রামিত। শ্রীক্ত কৃষ্ণাস কবিরাজ গোখামীর জন্ম হয় ১৫০৭ বিক্তমে। তিনি জিলন শ্রীচেতন মহাত্রনুর অনুরার ভানুগামী শ্রীল রম্বানাথ দাস গোসামীর দিয়ে। সর্বভারী মহাপ্রক রছুনাথ দাস গোসামী ক্ষরণ দামোদার গোসামীর মুখে শ্রীকেতনা মহাত্রনুর সময় বার্থকদাপের বর্ণনা তলে উর্ব্বে স্বৃতিপটে গোষে রেমেছিলেন। শ্রীকেতনা মহাত্রনুর পত্ত প্রাক্তমা দামোদারের অপ্রকটের পর, তাঁলের বিরহ বেদনা মহাত্রতে না পোত্র রমুনাম দাস গোসামীর গোবর্ধন পর্বত হেকে বাঁপ দিয়ে আবাহত্যা করার বাসনা নিত্রে বৃদ্ধায়ের কল। কিন্তু কৃষ্ণখনে শ্রীকৈতনা মহাত্রনুর সব চাইতে অধ্যান্ত্র পূর্ব বিনা ক্রপ গোসামী ও সনাতন গোলামীর সঙ্গে তাঁর সাজাৎ হয়। তাঁরা তাঁকে তাঁর আহহতার পরিকলনা থেকে নিত্রত করেন এবং প্রীকৈতনা মহাপ্রভুর অধ্যানীনা তাঁকের করে করেন এবং প্রীকৈতনা মহাপ্রভুর অধ্যানীনা তাঁকের করে করেন এবং প্রীকৈতনা মহাপ্রভুর অধ্যানীনা তাঁকের করেন এবং প্রীকেতনা মহাপ্রভুর করে জীবন-চরিত পূর্ণরাল বাস গোলামীর কৃষ্ণায় তিনি শ্রীক্তেন। মহাপ্রভুর নিত্রা জীবন-চরিত পূর্ণরাল বাস করেন করতে সক্ষম হয়েতিকেন।

ইতিমধ্যে করেক কন ভক্ত ও প্রতিক গ্রীচেতন্য মহাপ্রত্বর জীবনী সথপ্রে করেকটি এই প্রকাশ করেছিলেন। সেওলির মধ্যে করেছে প্রীমুরারিকরের জীবনী সথপ্রে করিকটি এই প্রকাশ করেছিলেন। সেওলির মধ্যে করেছে প্রীমুরারিকরের জীবনী করেছে। গ্রাম করের জীব কুলাবন দান ঠাকুরকে সেই সময় প্রীচেতন্য মহাপ্রত্বর জীবনী সমধ্যে সব চাইতে অভিনা বাজি বলে কিকেচিক হত। তিনি বলন সেই ওঞ্চত্বপূর্ণ প্রস্থৃতি রচনা করছিলেন, তথ্য প্রস্থৃতি আচতনে অভান্ত বড় হরে থাবার ভব্তে তিনি চৈতনা মহাপ্রত্বর জীবনের করিটালের বিশ্বাসকর বহু ঘটনা স্থিতারে বর্ণনা করেনিন, বিশেষ করে ওলি শ্রেষ জীবনের স্থীলাওলি।

সেই সমত দীলা তমতে আইটা বৃদাবনের ভক্তরা মহাছা মাল কৃষ্ণনাস পোধানীকে অনুরোধ করেন সেই সমত দীলাখলি সবিবারে বর্ণনা করে একটি বছ রচনা করছে। তালের অনুরোধ এবং বৃদাবদের মদনমোহন বিশ্বরের অনুমতি ও আশীর্থদ নিয়ে তিনি প্রীচেতন্য-চরিতান্তর রচনা করতে ওক করেন। দীনে-চরিত রূপে এবং মাতিতন্য মহামত্বর দশন ও শিক্ষা সমন্বিত এই গ্রহটি বেছেডু উৎকর্মতার অকুদনীয়, তাই এই হয়টিকে প্রতিতন্য মহামত্বর প্রীচিতনা মহামত্বর প্রীচিতনা মহামত্বর প্রীচিতনা মহামত্বর প্রীচিতনা মহামত্বর প্রীচিতনা মহামত্বর প্রীচিতনা সম্বাধিক প্রতিত্ব বাহামত্বর প্রীচিতনা সম্বাধিক বিশ্বরিক বহু বলে বিবেচনা করা হয়।

গ্রীল কৃষ্ণনান কবিরাজ গোখামী কথা এই প্রস্থাটি হচনা করতে ওক করেন, তবন তার কাম গ্রায় একদার কাছাকাছি এবং উরে শরীর অভান্ত করায়স্ত ও দুর্বল। সেই সম্বন্ধে তিনি লিখেছেন

''আমি বৃদ্ধ করাতুর, সিবিতে কাঁগরে কর, মনে কিছু খারণ না হয় । না গেবিতে নতদে, না গুনিতে কাবণে, তব সিবি'—এ বছ বিশ্বা ।"

(क्रः हर यह र/३०)

ভিত্ত তা সৰোও তিনি এই রচনা সম্পূর্ণ করেছেন। এই মহান গ্রন্থটি মধ্য বৃদ্ধের ভারতীয় সাহিত্যের একটি অমূলা রম্ব এবং সাহিত্য কগতের একটি বিশ্বর।

প্রতিতন্য-চরিতামৃতের এই সংবরণটি বারতীয় ধর্ম ও দার্শনিক চিত্রধারাকে বারা পৃথিবী ক্রুড়ে প্রচারকারী এই যুগার সর্বশ্রেষ্ঠ পর্মাণনিং ও লিকাণ্ডর কৃককৃপাইন্বর্তি প্রিমাণ কর্মাণনিং ও লিকাণ্ডর কৃককৃপাইন্বর্তি প্রিমাণ কর্মাণনিং ও লিকাণ্ডর কৃককৃপাইন্বর্তি প্রিমাণ কর্মাণ ও ভাবের বাংলা সংকরণ। তার ভাবা তার কর্মাণ প্রকাশন কর্মাণ তার ভাবা তার কর্মাণ কর্মা

কৃষ্ণকৃপাগ্রীমৃতি প্রীল অভনচরণারবিশ ভক্তিবেশক বাদী প্রভূপান ব্রীচেতন মহাপ্রকৃত্ব পরশাসনার অন্তর্ভূত এবং প্রীচিতন মহাপ্রকৃত্ব অনুসামিলে প্রথম প্রকৃত্ব এবং প্রীচিতন মহাপ্রকৃত্ব অনুসামিলে প্রথম প্রথমিক বিদ্ধি প্রথম সুসংবদ্ধভাবে ইংরেজী ভাষায় অনুবাদ করেন। বাংলা ও সংস্কৃত ভাষার পরে পাতিকা এবং প্রিচিতনা মহাপ্রভূপ শিকা সক্ষমে অতার গভীনভাবে অবদত্ত হুওলার করে সাধানীক ভাষায় এই সমস্ত প্রহুলনি অনুবাদ করার বোজার উল্ল অভুক্রনিত। যে সক্রম এবং সাধানীক ভালিতে তিনি এই অতি করিন হাপনিত তত্ত্ব অনুবাদ করেছেন ভা ভারতীর ধর্ম ও বর্ণন স্বর্থমে সম্পূর্ণ অনভিত্ত পাঠকও অনারাকে এই সুগাভীন তত্ত্ব হল্ডস্কম করতে পারে।

ভজিবেশার বৃক ট্রাস্ট কর্তৃক প্রকাশিত চতুর্থ বাতে সম্পূর্ণ বহু রাজিন চিত্রো ইনিচালনা মহাত্রাভুর বিনিধ লীসা বর্ণিত হারেছে এবং তা নিম্নানেহে সুহেধা, সংস্কৃতি-সম্পান ও পার্যাধিক স্কীবানে আগ্রহী মানুষ্টের কাছে এক অমূল্য সম্পদক্ষণে আনগ্রণীয় হাব।

সার্বভৌম ভট্টাচার্যের গৃহে শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রসাদ সেবা

এই পরিক্রেনের কথাসারে শ্রীন ভান্তিবিনোদ ঠাকুর লিখেছেন—'রথযান্তা শেষ হলে শ্রুপ্তির অন্তর্ম প্রস্কৃত্য বহুশুনুলক কুল-কুলসী দিয়ে পূজা করলেন, মহাগ্রন্থ পূজা পারের পের কুল-কুলসী নিয়ে অনৈত আচার্যকে 'যোহসি সোহসি' (পূমি যা, ভূমি আ) — নাম পূজা করলেন। আরপর শ্রীপ্রতিত আচার্য প্রভূ প্রীটেডনা মহাগ্রন্থকে নিম্মণ করে ভোলন করালেন। নালাংসাকর নিন্ন নহাত্যকু তার পার্যক্রের নিমে গোপবেশ ধারণ করে আনন্যোজ্য করালেন। বিজয়া দশমীর দিন শ্রীক্রাবিশ্রয়া উৎসবে তার ভাকাবের বারর সৈনা সান্ত্রিকে, করং হলুমানের আবেশে, অনেক আনন্য হলাশ করনেন।

ভারতর প্রতিক্রয় মহাপ্রত্ব নামার ভারতের গৌরদেশে ফিলে যেতে আনেশ করনেন মহাপ্রত্ব রামদেশ, পদাধর দাস প্রভৃতি করেজনা বৈধারের সঙ্গে নিতানিক অভৃত্বেও সৌরুরেশে পাঠানেন। পার আনেক সৈনোভির নঙ্গে শ্রীবাস ঠাকুরের হাতে তাঁর জননীর জন্ম প্রসাম-সন্থানি পাঠানেন। রাম্বর পতিত, বাসুরের ঘত, কুর্মান প্রামানালী ভারতা প্রভৃতি সমার বৈধারেই অনেক গুল ব্যাখ্যা করে বিনায় দিলেন। গ্রামানাল ও সভারালের প্রভাকতে মহালভু গৃহস্থ বৈধারের পকে ওজনামপ্রায়ণ বৈধার সেবার অনুষতি পিলেন। তিনি বছবাসী বৈধারতের সেবানিক পিলেন, সার্বভৌম ভট্টাচার্য এবং বিনারাক্রপতিকে বাস ও জন্মকে সেবার উপদেশ দিলেন এবং বৃরারি ওপ্তের প্রীরাম্যানের প্রশাসনার প্রতি নিয়ার হগনো করকেন। বাসুরের দক্ষের সম্পূর্ণ বৈধারানিত প্রাথনা অনুষারে শ্রীকৃত্বের জন্মানে কর্যান বিহার কর্যানে।

ভারতর, ইতিভান মহারত বৰ্দন সার্থভৌম ভটাচার্যের গৃহে প্রদাদ প্রহণ কর্মানেনা, ভান সার্থভৌতের জানাতা কমেন ইতিভান মহারতুর সমালোচনা করে পরিবারে বিশ্বালা সৃষ্টি করেছিল। ভারতার দিন সকলে সে বিশৃতিকা (কলেরা) রোগে আফ্রান্ত হয়। ইতিভান মহারতু অভ্যন্ত কৃপাপূর্বক ভাকে রোগম্ভ করে কৃষ্ণনামে কৃতি প্রদাম করেছিলো।

(関本 >

সার্বভৌমগ্রে ভূঞ্ন সনিসকমমোঘকম্ । অসীকুর্বন স্ফাং চক্রে গৌরঃ সাং ভক্তবশ্যতাম্ ॥ ১ ॥

সার্বভৌম-পুত্র সার্বভৌম ভটাচার্বের গৃতে, ভুস্তান্—ভোজন করার সময়। খলিদক্র্— ভার নিশাকারী, আমোদকম্—অযোগ নামক, জনীকুর্বন্—অসীকার করে, মুন্টান্—শাুকা

লোক ১ী

করেছিলেন: চক্রে—করেছিলেন, গৌর:—শ্রীগৌরাস মহাপ্রভু, স্বাম্—তাকে, ভক্তবশ্যতাম—তার ভতের বশীভূত।

খ্রীচৈতন্য মধ্যপ্রভূ যখন সার্বভৌম ভট্টাচার্বের গৃহে প্রসাদ গ্রহণ করছিলেন, তখন অনোঘ তার সমালোচনা করে। কিন্তু মহাপ্রভু ভাকে অঙ্গীকার করে তার ভক্তবশ্যতা প্রদর্শন

्रशिक्ष ३

জয় জয় শ্রীচৈতনা জয় নিত্যানন্দ জয়াবৈতচন্দ্র জন গৌরভঞ্জবৃশ ॥ ২ ॥

প্রীচৈতন্য সহাপ্রড় সর্বডোভাবে জ্যাযুক্ত হউন। শ্রীঅবৈত আচার্য প্রভু জয়যুক্ত হউন। এবং ঐতিভন্য মহাপ্রভুর সমস্ত ভক্তরা জ্ঞানুক হউন!

স্তব্য শ্রীচৈতন্যচরিতামত-শ্রোতাগণ। চৈতন্যচরিতামত-বার প্রাপধন ॥ ৩ ॥

লোকার্থ

শ্রীচৈতন্য-চরিতামৃত যাদের প্রাণখন, শ্রীচৈতন্য-চরিতামৃতের সেই প্রোভাগণ জন্মমৃত হউন।

গ্রোক ৪

এইমত মহাপ্রস্ত ভক্তগণ-সঞ্চে। মীলাচলে রহি' করে নৃত্যগীত-রঙ্গে ॥ ৪ ॥

এইডাবে প্রীটেডন্য মহাপ্রভু তাঁর ডক্তদের নিয়ে নীলাচলে অবস্থান করে নিরন্তর নৃত্য-গীত করেছিলেন।

শ্ৰোক ৫

প্রথমাবসরে জগরার্থ-দর্শন ৷ নৃত্যগীত করে দণ্ডপরণাম, স্তবন ॥ ৫ ॥

প্রথমে ত্রীচৈতন্য মহাপ্রভু শ্রীজগলাথদেবের মন্দিরে শ্রীবিগ্রহ দর্শন করতেন, ভারপর তাঁকে প্রণতি নিবেদন করে, স্তব করে, তাঁর সামনে নৃত্য-দীত করতেন।

শ্ৰোক ৬

'উপলভোগ' লাগিলে করে বাহিরে বিজয় । হরিদাস মিলি' আইসে আপন নিলয় 🏿 ৬ 🖟

শোকার্থ

উপলভোগ'-এর সময় ডিনি মন্দির খেকে বেরিয়ে আসডেন এবং হরিদাস ঠাকুরের সঙ্গে সাকাৎ করে তার আবাসস্থলে ফিরে আসতেন।

মধ্যাহে, যখন ভোগবর্ধন খণ্ডে উপলডোগ নিবেদন করা হত, খ্রীচৈতন্য মহাপ্রভ তথন মন্দিরের বাইরে যেতেন। ভার আগে তিনি গরুড ক্তরের পিছনে দীড়িয়ে দণ্ডবৎ প্রণাম ও স্তব্য আদি বনতেন। তারপর, তিনি 'সিন্ধবকুলে' হরিদাস ঠাকুরের সঙ্গে সাক্ষাৎ করে তার আবাসস্থল কাশীমিশ্রের গুয়ে ফিরে যেফেন।

THE PARTY OF THE PROPERTY OF THE PROPERTY OF THE PARTY OF

ষরে বসি' করে প্রভু নাম সংকীর্তন। অবৈত আসিয়া করে প্রভুর পূজন ॥ ৭ ॥ শ্ৰোকাৰ্থ

একদিন খ্রীচৈডনা মহাপ্রভু মরে বলে নাম-সংকীর্তন করছিলেন, তথন অনৈত আচার্য প্রভু এলে জার পূজা করপেন।

স্গন্ধি-সলিলে দেন পাদ্য, আচমন ৷ जर्वाटक टार्थरत शहर जुर्गाके क्यून ११ क ११

তিনি সুবাসিত জল দিয়ে তাঁর পা খুইয়ে দিলেন এবং আচমন করালেন, ভারপর তাঁর সর্বাচ্ছে সুগন্ধিত চন্দ্রন লেপন করলেন।

প্লোক ১

গলে মালা দেন, মাথায় তুলসী-মঞ্জুরী ! যোড় হাতে স্তুতি করে পদে নমস্করি' ।। ৯ ॥ গ্ৰোকাৰ্থ

শ্রীমাজত আচার্য প্রভূ শ্রীচৈতনা মহাপ্রভুর গলায় ফুলের মালা পরিয়ে দিলেন এবং ডাঁর মাখার তুলসী-মল্লরী দিলেন। ভারপরে যোড়-হাতে তার স্তুতি করে তাকে প্রথতি নিবেদন वेदिरलन ।

विशा ३८

(到)本 20

পূজা-পাত্রে পৃত্প-তুলসী শেষ যে আছিল 1 সেই সৰ লঞা প্ৰস্ত আচাৰ্যে পজিল II ১০ II

শ্রীঅধৈত আচার্যের পূজা শেষ হলে, পূজা পাত্রে যে ফুল এবং তুলসী ছিল তা দিয়ে শ্রীচৈতনা মহাপ্রভ অক্তৈত আচার্যের পূজা করলেন।

(制本 22

"যোহসি সোহসি নমোহস্ততে" এই মন্ত্র পড়ে। মুখবাদ্য করি[†] প্রভূ হাসায় আচার্যেরে ॥ ১১ ॥

"যোহসি সোহসি নমোহস্ততে (ভূমি যে হও সে হও, তোমাকেই আমি ননকার করি), এই মন্ত্র পড়ে, অবৈত আচার্মের পূজা করলেন, মুখবাদ্য করলেন এবং তা ওনে অবৈত আচার্য হাসতে লাগলেন।

(अ)क ३२

এইমত অন্যোন্যে করেন নমস্কার। প্রভারে নিমন্ত্রণ করে আচার্য বার বার 🏿 ১২ 🗓 গোকার্থ

এইভাবে অনৈত আচার্য এবং জীচেতন্য মহাপ্রভু পরস্পরকে নমস্কান করলেন। তখন শ্রীঅলৈও আচার্য প্রভু বারবার শ্রীচৈডন্য মহাপ্রকৃকে নিমপ্রণ করণেন।

ので を使り

আচার্যের নিমন্ত্রণ—আশ্চর্য-কথন 1 বিস্তারি' বর্ণিয়াছেন দাস-বৃন্দাবন 🛭 ১৩ 🛭 শ্রোকার্থ

শ্রীঅধৈত আচার্যের নিমন্ত্রণ সভাই অভ্যন্ত আশ্চর্যের কাহিনী তা বিস্তারিকভাবে বৃন্ধাবন দাস ঠাকুর কর্ণনা করেছেন।

> গ্ৰোক ১৪ পুনরুক্তি হয়, তাহা না কৈলু বর্ণন ! আর ডক্তগণ করে প্রভুরে নিমন্ত্রণ ম ১৪ 🏾

পুনক্রক্তি হবে বলে, অদ্বৈত আচার্যের মেই নিমন্ত্রণের কাহিনী আমি আর বর্ণনা করলাস না। কিন্তু অন্যান্য ভক্তরা যে মহাপ্রভূকে নিমন্ত্রণ করেছিলেন সেই কথা আমি বৰ্ণনা করব।

শ্লোক ১৫

এক এক দিন এক এক ভক্তগৃহে মহোৎসৰ। প্রভূ-সঙ্গে তাহাঁ ভোজন করে ডক্ত সব 🛚 ১৫ 🖺

এক এক দিন, এক এক ভড়েন গৃহে মহোৎসৰ হত এবং গ্রীচৈডনা মহাপ্রভুর সলে ঠার সমস্ত্র ভক্তেরা সেখানে ভোজন করতেন।

শ্ৰোক ১৬

চারিষাস রহিলা সবে মহাপ্রভূ-সঙ্গে ৷ कर्गजारथेत नाना साजा स्मर्थ महातरक ॥ ১৬ ॥

মহাপ্রভুর সমন্ত ভক্তেরা চারমাস তাঁর সঙ্গে থেকে মহা আলকে জীজগুরাথদেবের নানা উৎসব দৰ্শন করলেন।

(前本 24-28

कृषाक्रम्मयाञ्चा-पिरन नम्भ-मरहारमद ! र्गाश्रतम रेहमा श्रेष्ठ मध्य ७७ भव ॥ ১৭ ॥ দধিদুর্গ্ধ-ভার সবে নিজ-ক্ষদ্ধে করি'। মহোৎসৰ-স্থানে-আইলা বলি 'হরি' 'হরি' ॥ ১৮ ॥ <u>ভোকার্থ</u>

শ্রীকৃষ্ণের জন্ম তিথি জন্মাউমীর পরের দিন নন্দোৎসবে, শ্রীটেডন্য মহাপ্রভু তাঁর সমস্ত তক্তদের নিয়ে গোপ্রেশ ধারণ করলেন, এবং কাঁচে করে দ্বি এবং দুর্গের ভার বহন করে তারা সকলে 'হরি' হরি' বলতে বলতে মহোৎসব স্থানে এলেন।

(व्यक्ति) ठे

কানাঞি-খৃটিয়া আছেন 'নন্দ'-বেশ ধরি' 1 জগরাখ-মাহাতি হঞাছেন 'ব্রজেশ্বরী' 🛭 ১৯ ॥ নীচৈডন্য-চরিডায়ত

কানাঞি-বৃটিয়া নন্দ মহারাজের বেশ ধারণ করেছিলেন এবং জগদাথ-মাহাতি মা সশোদা সেজেছিলেন।

শ্লোক ২০

আপনে প্রতাপরুদ্র, আর মিপ্র কাশী । সার্বভৌম, আর পড়িছা-পাত্র তুলসী ॥ ২০ ॥ শ্লোকার্থ

সেই সময় কাশী মিত্র, সার্বভৌম ডট্টাচার্য এবং তুলসী পড়িছা-পাত্র সহ মহারাজ প্রতাপকত মেখানে উপস্থিক ছিলেন।

(訓章 2)

ইহা-সবা লএগ প্রজু করে নৃত্য-রন্ধ । দধি-দুগ্ধ হরিদ্রা-জ্ঞানে ভরে সবার অঙ্গ ॥ ২১ ॥ গ্লোকার্থ

তাদের সকলকে নিয়ে মহাপ্রভু মানারজে নৃত্য করকেন এবং দ্বি-দূষ ও হল্দ জল সকলের গায়ে টেটালেন।

গ্রোক ২২

আঁজত কহে,—সত্য কহি, না করিহ কোপ। লণ্ডড় ফিরাইতে পার, ডবে জানি গোপ। ২২ ॥ গোকার্থ

তখন শ্রীল অনৈত আচার্য প্রভু বললেন, "নাগ করো না, বদি লণ্ডড় ফেরাতে পার, তবে পুঝতে পারব যে ভূমি সভিয় সতিটি গোপবালক।"

শ্লোক ২৩

তবে লণ্ডড় লএল প্রস্কৃ ফিরাইতে লাগিলা । বার বার আকালে ফেলি' লুফিয়া ধরিলা ॥ ২৩ ॥ শ্লোকার্থ

তখন শ্রীটৈতন্য মহাপ্রভূ লণ্ডড় ফিরাতে লাগলেন, তা বারবার আকালে ছুঁড়তে লাগলেন এবং তারপর তা লুফে ধরতে লাগলেন।

> শ্লোক ২৪ শিরের উপরে, পৃষ্ঠে, সন্মুখে, দুই-পাশে ! পাদমধ্যে ফিরায় লওড়,—দেখি' লোক হাসে ॥ ২৪ ॥

শ্লোকার্থ

মাধার উপরে, পৃষ্ঠে, সম্মুখে, দুইপালে এবং পায়ের মধ্য দিয়ে তিনি লণ্ডড় ঘুর^{াইতে} লাগলেন, এবং তা গেবে সকলে হাসতে লাগলেন।

> শ্লোক ২৫ অলাত-চক্রের প্রায় লগুড় ফিরায় । দেখি' সর্বলোক-চিত্তে চমৎকার পায় ॥ ২৫ ॥ শ্লোকার্থ

অভার খণ্ড তীব্র বেশে ঘোরালে ধেমন তাকে একটি ব্যাপক অগ্নিময় চক্র বলে মনে হয়, প্রীচৈতন্য সহাপ্রভূ সেই রকম স্কুডভাবে লাঠি ঘোরাতে লাগলেন, এবং তা দেখে সকলে অত্যন্ত চমংকৃত হলেন।

> শ্লোক ২৬ এইমত নিত্যানন্দ ফিরায় লওড়। কে বুঝিৰে তাঁহা দুঁহার গোপভাব গৃড়। ২৬ য

নিজ্যানন্দ প্রভূও সেইভাবে লাঠি যোরাতে লাগলেম। ভাদের দূজনের গৃঢ় গোপাডাব কে বুঝাকে পারে?

> শ্লোক ২৭-২৮ প্রতাপকদ্রের আজ্ঞায় পড়িছা-তুলসী। জগলাথের প্রসাদ-বন্ত্র এক লএগ আসি ॥ ২৭ ॥ বহুমূল্য বন্ত্র প্রভু মস্তকে বাদ্দিল। আচার্যাদি প্রভুর গণেরে পরাইল ॥ ২৮ ॥ শ্লোকার্ধ

মহারাজ প্রভাগরুদ্রের আজায় তুলসী-পড়িছা শ্রীজগয়াথদেবের একটি প্রসাদ-বস্তা নিয়ে। এলেন, এবং সেই বন্ধ মূল্য বস্তুটি শ্রীচৈতন্য মহাপ্রভূর মস্তাকে বেঁথে দিলেন এবং শ্রীজনৈত আচার্য প্রমুখ শ্রীচৈতন্য মহাপ্রভূর ভক্তদের মাথায়ও কাপড় বেঁধে দি^{লেন}।

> শ্লোক ২৯ কানাজি-খুটিয়া, জগনাথ— দুইজন । আবেশে বিলাইল ঘরে ছিল যত ধন ॥ ২৯ ॥

ख्यवर-<u>त्यमानत्मन्न जारवर</u>न कानाँह-नृष्टिन्ना এवर क्षत्रवाध-मादाखि, माना नन्य महाडाक अवर মা যশোদা সেজেছিলেন, তাদের ঘরে যত ধন সম্পদ ছিল তা সব বিলিয়ে দিলেন।

গ্ৰোক ৩০

দেখি' মহাপ্রস্ত বড সন্তোষ পাইলা। মাতাপিতা-জ্ঞানে দুঁহে নমস্কার কৈলা ॥ ৩০ ॥

তা দেখে এটিচতন্য মহাপ্রকৃ অত্যন্ত সম্ভন্ত হলেন; এবং মাতা-পিতা জ্ঞানে তানের দুরুনকে নমস্কার করলেন।

> গ্রোক ৩১ পরম-আবেশে প্রভ অহিলা নিজ-যর। এইমত দীলা করে গৌরাজসুদর ৫ ৩১ ৫ त्थांकार्थ

তারপর পরম-মাবেশে ঐটেতন্য মহাপ্রভু তার বাসস্থানে ফিরে গেলেন। এইভাবে নৌরসন্দর তার লীলা-বিলাস করেছিলেন।

শ্লোক ৩২-৩৩

विकसा-मन्त्री-नहा-विकासत पिरन । বানর-সৈন্য কৈলা প্রভু লঞা ভক্তগণে য় ৩২ য় হনুমান-আবেশে প্রস্ত বৃক্ষশাখা লঞা। লঙ্কা-গতে চডি' ফেলে গড ভাঙ্গিয়া ॥ ৩৩ ॥ শ্ৰোকাৰ্থ

বিজয়া-দশমী বা লক্ষা-বিজয়ের দিনে ঐটিচতন্য মহাপ্রভু তাঁর সমস্ত বানর সৈন্য মাজালেন, এবং তিনি হনুমানের আবেশে একটি গাছের ভাল নিয়ে লক্ষার দুর্গে চড়ে, সেঁই দুর্গ ডেঙ্কে কেলতে লাগলেন।

হোক ৩৪

'কাহাঁরে রাবণা' প্রস্তু কহে ক্রোধাবেশে। 'জগন্মাতা হরে পাপী, মারিমু সবংশে ॥' ৩৪ ॥ শ্ৰোকাৰ্থ

হনুমানের আবেশে শ্রীটেডনা মহাপ্রভু ক্রোবাবেশে বলতে লাগলেন, "দুর্বৃত্ত রাবণ, তুই

কোগ্যায় স্থান্থাতা সীভাদেবীকে তুই পাপী হরণ করেছিস, ভোকে আমি সবংশে সহোর করব।"

শ্ৰোক তথ

গোসাঞির আবেশ দেখি' লোকে চমৎকার ৷ সর্বলোক 'জয়া' 'জয়' বলে বার বার 🏿 ৩৫ 🏗

শ্রীচৈতনা মহাপ্রভার এই আবেশ দেখে সকলে চমংকৃত হলেন এবং তারা বার বার क्षत्रध्वनि पिर्ड नागरनन्।

> শ্ৰোক ৩৬ এইমত রাস্যাত্রা, আর দীপাবলী। উত্থান-ছাদশীযাত্রা দেখিলা সকলি ॥ ৩৬ ॥ লোকার্থ

এইভাবে ঐট্যেতন্য মহাপ্রস্কু এবং তার সমন্ত ভক্তরা রাস্যাত্রা, দীপাবলী, উপান-স্বাদশী ইত্যাদি সমত্র উৎসবে অংশ গ্রহণ করলেন।

ভাৎপর্য

কার্তিক মাসে অমাবস্থার দিনে দীপাবলী উৎসব হয়। সেই মাসের পূর্ণিমার দিন রাসমাত্রা ৰা প্রীকৃতের রাসনৃত্য হয়। কার্তিক মানের শুক্রাদ্বাদশীর দিন উথান মহোৎসব হয়। প্রীচেতনা মহাপ্রভর সমস্ত ভক্তরা এই সমস্ত মহোৎসবে যোগদান করেছিলেন।

> ব্রোক ৩৭ वकिमन महाश्रक निकानत्त्र नवर्ग । দুই ভাই যুক্তি কৈল নিভূতে বসিয়া ॥ ৩৭ ॥

একদিন প্রীটেডনা মহাপ্রভু এবং নিত্যানন প্রভু, এই দুই ভাই নিড়তে বসে কিছু যুক্তি कद्रानन ।

> গ্রোক ৩৮ किया युक्ति रेकल मुँदर, रकर नार्रि खारन । ফলে অনুমান পাছে কৈল ভক্তগণে ॥ ৩৮ ॥ য়োকার্থ

ভারা দজনে যে কি যক্তি করেছিল, তা কেউ জানতো না, কিছু পরে সমস্ত ডফ্ররা সে বিবয়ে অনুমান করতে পেরেছিলেন।

শ্বেকি এ২ী

হোক ৩৯

তবে মহাপ্রস্থ সব ভক্তে বোলাইল । 'গৌড়দেশে হাহ সবে' বিদায় করিল ॥ ৩৯ ॥ গোকার্ব ১ ি

ভারপর, গ্রীতৈতন্য মহাপ্রভূ সমস্ত ভক্তদের ভেকে, ভাসের গ্রৌড্সেশে ফিরে থেকে নির্দেশ দিলেন। এইভাবে তিনি তাদের বিদায় জানালেন।

(割年 80

সবারে কহিল প্রভূ—'প্রভ্যব্দ আসিয়া । গুণ্ডিচা দেখিয়া যাবে আমারে মিলিয়া' ॥ ৪০ ॥ শ্লোকর্থ

তালের সকলকে শ্রীটেডলা মহাপ্রস্থ বললেন—'প্রতি বছর তোমরা লগ্যাগ পুরীতে এসে আমার সলে মিলিভ ইইও এবং ওতিচা মন্দির মার্কন ইত্যাদি মহোৎসব দর্শন করে।"

শ্লোক ৪১

আচার্যেরে আজ্ঞা দিল করিয়া সম্মান 1
'জা-চণ্ডাল আদি কৃষ্যভন্তি দিও দান' 🛚 ৪১ 🏗
শ্লোকার্থ

গৰীর সন্মান সহকারে শ্রীটেতন্য মহাপ্রতু অবৈত জাচার্যকে অনুরোধ করলেন, "আচওালে ক্ষাক্তিশ্রি দান করনে।"

তাৎপর্য

এটি তার সমস্ত ভক্তদের থতি জীচিতনা মহাপ্রভূব আদেশ কৃষ্ণতক্তি সকলেনই জন্য, এমনকি চণ্ডালাদি সকল নিম্ন স্তরের মানুষদেরও জন। জীতামৈত গুড় জীমনিত্যানন্দ প্রভূ যার মূল সকল সেই পরস্পবা ধারা অনুসরণ করে, সকলেরই সারা পৃথিতী জুড়ে জাতি-ধর্ম নির্বিশেষে কৃষ্ণভাবনার অমৃত বিতরণ করা উচিত।

ব্রাহ্মণ থেকে শুরু করে সর্বনিম্নে চণ্ডাল হুণ পর্যন্ত বহু প্রকার মানুষ রয়েছে তার।
যে যে স্থারেই থাকুক না বেন, এই কলিয়ুণো সকলেরই কৃষ্ণচালনার থালোকে উদ্থানিত
হওয়া উচিত সেটিই আজকের দিনে সকচাইতে বড় প্রয়োজন। জড়-জগতের দুংগদুর্মণা সকলেই প্রবাজারে অনুভব করছে এমনকি আয়েরিকার সেনেটের সদসারা, জড়
অস্তিত্বের দুর্মণা এত গভীরভাবে অনুভব করেছেন বে ভারা ১৯৭৪ সালে ৩১ প্রতির প্রার্থনা দিবস (Prayer day) বলে মনোনীত করেছেন। এইভাবে অবৈধ স্তীমসে, আনিষ আহার, মোশা এবং জ্যা ইত্যাদির দ্বারা ভারা প্রভাব বিস্তারকারী কলিবুগের পাচণ্ড দুর্মশা নকলেই অনুভব করতে পারছে। আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংগ্রের সমস্ত সদসাদের তাই এখন শ্রীচৈতনা সহাপ্রভুর নির্দেশ অনুসরণ করে সারা পৃথিবী জুড়ে কৃষ্ণভক্তি বিতরণ করা উচিত। ভগবান সকলকে গুড় হবার আদেশ দিয়েছেন (টে: চ: ম: ৭/১২৮) "আমার আন্তর্ম ওক হকো তার এই দেশ।" প্রতিটি নগরে এবং প্রামে সকলেরই উচিত শ্রীচৈতন্য মহাপ্রভুর উপদেশ লাভ করে দিব্যঞ্জান লাভ করা। জাতি ধর্ম-নির্দিশেরে সকলেইে কৃষ্ণভাবনার অনুভ বিতরণ করা উচিত। ভার ফলে, সারা পৃথিবী শান্তি ও মানন্দ লাভ করের এবং সকলেই শ্রীচৈতন্য মহাপ্রভুর মহিমা কীর্তন করবে, যা তিনি চেরাছিলেন।

চণ্ডাল বলতে যারা কুকুরের মাসে আহার করে ভাদের বোনান হয়েছে। তারা হছে স্বচাইতে নিম্ন ভরের মানুষ। শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপার প্রভাবে চণ্ডাকোনা পর্যন্ত কৃমান্ততি লাভ করতে পরে। কৃমান্ততি ভোন একচেটিয়া অধিকারভূচে নয় শ্রীচৈতন্য মহাপ্রভুর এই মহান্ কৃপা লাভের অধিকার সকলেন্তই নমেছে তা এহশ করে সুখী হওয়ার সুযোগ সকলকেই দেওয়া উচিত।

এই শ্লোকে দান' শুলটি অতান্ত তাৎপর্যপূর্ণ বিনি কৃষ্ণভাষনার অমৃত বিতরণ করে। তিনিই হচ্ছেন দানী, যে সমস্ত পেশাদারী পাঠকের শ্রীমঞ্জগবত পাঠ করে অর্থের গিনিমনা কৃষ্ণপ্রকি আলোচনা করে, তারা কখনই সেই অভি উজ্জ্বল অপ্রাকৃত সম্পদ কাউকে দান করতে পারে না। অন্য অভিনাহ-শূন্য ভক্তরাই কেবল সেই অপ্রাকৃত ঐখর্য ক্যান্ত-ধর্ম নির্বিশেষে সকলকে সদ্ধ করতে পারেন।

(श्रीक 8२

নিত্যানন্দে আত্তা দিল,—'ষাহ গৌড়দেশে। অনর্গল প্রেমভক্তি করিহ প্রকাশে ॥ ৪২ য শ্লোকার্থ

ব্রীচৈতনা মহাপ্রস্কু নিত্যানক প্রভূকে আদেশ দিলেন, "বঙ্গদেশে যাও এবং মৃক্ত হতে প্রেমক্তি বিভরণ কর।

ভাৎপর্য

শাঁচিতনা মহাপ্রত এই তাবে নিত্যানক প্রভুকে আদেশ নিয়েছিলেন কৃষ্যপ্রযোগ বনায় সারা বঙ্গদেশকে প্রাবিত করতে। ভগবন্দীতার (৯/৩২) বলা হরেছে—

> गाः हि नार्थ बाधाञ्चिका स्य नि मृतः भागस्यानसः । जिस्सा देवमान्त्रमा गुझास्त नि गानि नसाः धिए ॥

"হে পার্থ, দ্রী, বৈশা এবং শৃদ্ধ, নীচকুলোত্মত হলেও, তারা যদি আমাব শরণাগত হয়, তাহলে তারা পরাগতি পাপ্ত হয়।" বারাই বিধিনিধেখ পালন করে কৃষ্ণভক্তির অমৃত্রমা। পত্না অবলম্বন করেছে, তারা অবশাই ভগবদ্ধানে ফিরে যাবে

ত্রীল ভতিসিদ্ধাত সরস্বতী ঠাকুর তাঁপ অনুভাষ্টো লিখেছেন প্রাকৃত সহজিয়ার দল অভিন রোহিণী-মন্দন শ্রীনিত্যানন্দ প্রভাতে প্রাকৃত বৃদ্ধি করে বলে যে, 'শ্রীমন্মহাপ্রভ শ্রীনিত্যানন্দ প্রভূতে বংশ কলা (१) করবার জন্য শ্রীনীলাচন্স থেকে শ্রীটোড দেশে পারিয়েছিলেন। শ্রীনিত্যানাদ-চরণে অপরাধ গোকেই এই ধরনের পামগু বৃদ্ধি উদ্ভত হয়েছে। এই শ্রেণীর লোকেনা সাবতীয়া ঈশ্বন-বিগ্রহ —নিকুতেরেন মূল আকর শ্রীমন্ত্রিত্যালনকে ভাদেরই মতো একজন সাধারণ মানুষ বলে মনে করে। তারা জানে না যে, খ্রীনিতানন্দ গ্রন্থ হচ্ছেন বিষয়তত্ত্ব শ্রীনিত্যানন্দ প্রভূকে একজন সাধানণ মানুষ বলে মনে হনা 'কুণপাহ্ববাদী' নামক মনোশ্মীদের ব্যবসা সেই ধরনের মানুষেরা ডিনটি ধাতুর থলি (কুণলে প্রিধাতুকে) জড় শরীরটিকে তাদের স্বরূপ বলে মনে করে - তারা মনে করে যে, নিত্যানত্ব প্রভূব শ্বীরুৎ তাদেরই মাতে জড় এবং তার ধর্ম হচ্ছে কড় সুখভোগ করা। বারা এইন্তাবে চিত্ত করে তারা মরকের অমতম প্রদেশে প্রকিণ্ড হবার উপযুক্ত পাত্র সেই সমস্ত কনক-কামিনী-প্রতিষ্ঠা কোন্তী-বংশিক সভাব সংখেপর গাতি তাদের উর্বন মহিন্তে এরূপ শাস্ত বিরুদ্ধ মত উদ্রাবন করে নিজ্ঞানপের নমে করে তার ঈশর-চেষ্টা ছারা নিজেদের বাবসায়, নির্বোধ-লোক-প্রবধ্যনা এবং দুরচিসন্ধি-মূলে সর্বত গরিত যোবিংসকস্প্রা ও গৃহত্রত বা গৃহমেষ ধর্মের অন্যান্য ও অশাস্ত্রীয়ভাবে সমর্থন করবরে সুযোগ অবেখণ করে। প্রস্তুওপক্ষে, কৃষ্যােমদাতা মহাবদান্য প্রীমন্মহাপ্রভু কর্তৃক তথ্যেকাশ্-বিগ্রহ্ তদভিয় প্রীমন্তিসমন্দ প্রভুকে রক্ষোওগাল্লিত প্রজাপতিবর্গের নায়ে বংশবৃদ্ধি হারা সৃষ্টি রক্ষা, অথবা কৃষ্ণবিমুখ জীবের ফর্ডীয়ভাবে ইন্দ্রিয়তর্পণ কার্য সমর্থন করবার যন্ত্রবিশেষক্রপে শ্বহণ্ড হবার জন্য সেই প্রকান আদেশ কোন প্রামাণিক গ্রন্থেই নিপিবছ নাই, পাকতেই পালে না, —কেননা, তা সর্গথা অস্তাব্য ঐরূপ কথা প্রচার করে প্রাকৃত-যোবিং-সঙ্গি-সহজ্যাারা ভাদের নিঞ্চেদের পরসার্থ থেকে বঞ্চিত হয়, এবং সদসদ্বিবেকহীন জগতকেও বধান। করে জগতে আসকরই উৎপাদন করে

হোক ৪৩

বামদাস, গদাধর আদি কড জনে। তোমার সহায় লাগি' দিলুঁ তোমার সনে ॥ ৪৩॥ শ্লোকার্থ

শ্রীটেডন্য মহাপ্রস্কু বললেন, "রামদাস, গদাধর আদি ভক্তদের, আমি ভোমাকে সাহাষ্য করার জন্য ভোমার সঙ্গে দিলাম।

> শ্লোক ৪৪ মধ্যে মধ্যে আমি তোমার নিকট ধাইব ৷ অলক্ষিতে রহি' তোমার নৃত্য দেখিব ॥' ৪৪ ॥

শ্লোকার্থ

"মাঝে মাঝে আমি ভোমার কাছে যাব এবং অলক্ষিতে থেকে তোমার নৃত্য দেখৰ "

শ্লোক ৪৫-৪৬

শ্রীবাস-পণ্ডিতে প্রভূ করি' আলিকন ।
কর্ষ্টে ধরি' করে তাঁরে মধ্র বচন ॥ ৪৫ ॥
ভোমার ঘরে কীর্তনে আমি নিত্য নাচিব ।
ভূমি দেখা পাবে, আর কেহ না দেখিব ॥ ৪৬ ॥
ভ্রাকার্থ

শ্রীবাস পতিতকে জালিজন করে তাঁর কণ্ঠ ধরে মধুর স্বরে শ্রীচৈতন্য মহাপ্রস্থ তাঁলে বলকোন—"আপনার স্বরে কীর্তমে আমি সব সময় দাচব, আপনি তা দেখতে পাবেন, আর কেউ তা দেখতে পাবে নাঃ

(創本 89-22

এই বন্ত মাতাকে দিহ', এই সব প্রসাদ ।
দশুবৎ করি' আমার ক্ষমাইহ অপরাধ ॥ ৪৭ ॥
তার সেবা ছাড়ি' আমি করিয়াছি সম্যাস ।
ধর্ম নতে, করি আমি নিজ ধর্ম-নাশ য় ৪৮ ॥
তার প্রেমবশ আমি, তার সেবা—ধর্ম ।
তাহা ছাড়ি' করিয়াছি বাতুলের কর্ম য় ৪৯ য়
বাতুল বালকের মাতা নাহি লয় সোম ।
এই জানি' মাতা মোরে না করম রোম ॥ ৫০ য়
কি কাম সন্মাসে মোর, প্রেম নিজ-খন ।
ধ্য-কালে সন্মাস কৈলুঁ, ছল হৈল মন ॥ ৫১ ॥
নীলাচলে আছোঁ মুক্তি তাহার আজাতে ।
মধ্যে মধ্যে আসিমু তার চরণ দেখিতে য় ৫২ ॥
প্রেকার্থ

"শীজগরাথদেবের এই প্রসাদ এবং বস্ত্র আপনি মাকে দেবেন তাঁকে দশ্ববং জানিয়ে আমার অপরাধ ক্ষমা করাবেন। তাঁর সেবা ছেড়ে আমি সন্ত্যাস গ্রহণ করেছি। প্রকৃতপক্ষে আমার তা করা উচিত হরনি, কেননা তা করার ফলে আমি আমার নিজের ধর্ম বিচ্যুত হরেছি। আমি তাঁর প্রেমের ক্ষা। তাঁর সেবা করা আমার ধর্ম।

কিন্তু তা না করে আমি উন্মাদের মতো কাজ করেছি। পাগ্রন ছেলের দোষ মা নের মা এবং তা জেনে আমার মা আমার প্রতি রুষ্ট হয়নি। আমার মায়ের প্রেম অবহেন্দ করে আমার সন্নাস গ্রহণ করা উচিত হয়নি ধরন আমি সন্নাস গ্রহণ করেছিলাম ज्यन जामान मिरुक्त इटाकिन। जेत जास्मर से सामि नैसाइटन उटाकि। मार्स मार्स আমি তার শ্রীপাদপত্ম দর্শনে হাব."

শ্রীচৈত্তন্য-চরিতামত

त्यांक ४७ নিত্য ঘটি' দেখি মুঞি তাঁহার চরশে। স্ফুর্তি-স্থানে তেঁহো ভাহা সত্য নাহি মানে ॥ ৫০ ॥ গ্ৰোকাৰ্থ

শ্রীটেতনা মহাপ্রভ বলকোন, "প্রকৃতপক্ষে, প্রতিদিন আমি ভার শ্রীপাদপ্র দর্শন করতে ঘাই, এখং তিনিও আমার উপস্থিতি অনুভব করতে পারেন; কিন্তু তিনি তা সভ্য বলে घटन करतन हो।

শ্ৰোক ৫৪-৫৫

একদিন শালার, বাপ্রন পাঁচ-সাত । শাক, মোচা-ঘন্ট, ভৃষ্ট-পটোল-নিম্বপাত 🛭 ৫৪ 🏾 লেপ্ত-আদাখণ্ড, দধি, দৃগ্ধ, খণ্ড-সার ! শালগ্রামে সমর্শিলেন বহু উপহার 🏻 ৫৫ 🗈

"একমিন আমার মা লালী-ধানের অল, গাঁচ সাত প্রকার ব্যপ্তন, শাক, মোচ্য-ঘণ্ট, নিমপাতা সহ পটোল ভাজা, লেবু, আদার টুকরো, দধি, দৃষ্ক, মিছরি আদি বহু উপহার শালগ্রাম রূপী শ্রীবিষ্ণকে দিবেদন করেছিলেন।

> গ্ৰোক ৫৬ প্রসাদ লএটা কোলে করেন ক্রন্দন 1 নিমাইর প্রিয় মোর-অসব বাল্পন 🛚 ৫৬ 🗈 গ্ৰোকাৰ্থ

"প্রসাদ কোলে নিয়ে, 'এই সমস্ত ব্যঞ্জন আমার নিমাইয়ের প্রিয়' এই মনে করে দ্রুদ্দন क्द्रहित्सन।

> গ্ৰোক ৫৭ নিমাঞি নাহিক এথা, কে করে ভোজন। त्यात थारन खळकारण ভड़िन नम्न । ৫९ II

হোকার্ব

" 'আমার নিমাই এখানে নেই, কে সে ভোজন করবে?' এইভাবে আমার ধ্যান করে তার নয়ন অন্তন্তকে ভাবে উঠল।

> (4) 中国 (4) শীয় যাই' মুক্রি সব করিন স্তক্ষণ। শুনাপাত্র দেখি' অক্র করিয়া মার্জন য় ৫৮ ট 'কে অন্ন-বাঞ্জন খাইল, শূন্য কেনে পাত ? বালগোপাল কিবা খাইল সব ভাত? ৫৯ য কিবা মোর কথায় মনে লম হুকো গেল ! কিবা কোন জন্তু আসি' সকল খাইলং ৬০ ॥ কিবা আমি অমপাত্তে ভয়ে না বাড়িল।' এত চিক্তি' পাক-পাত্র যাঞা দেখিল ॥ ৬১ ॥

"এইভাবে ডিনি যখন আমার কথা চিন্তা করে ক্রন্সন করছিলেন, তখন আমি শীয় সেখানে বিয়ে সৰকিছু ভক্ষণ করেছিলাম। তখন সেই পাত্র শূন্য দেবে তিনি চোখের হাল মুছে ভাবতে লাগলেন, 'কে এই অয় ব্যঞ্জন খেল ৷ এই পাত শ্ন্য কেন? নালনোপাল কি সৰ খেমে ফেলেছে? আমি কি ভুল করে এই পাত্রে অন-ব্যঞ্জন আনিদি? নাকি কোন জন্ত এলে সৰ খেয়ে ফেলেছে?' এইখাৰে চিন্তা করে তিনি রক্ষা শালায় গিয়ে পাক-পাত্রগুলি সেখলেন।

> (अंकि सर व्यवस्थानभूग सिथि नकन कालान 1 দেখিয়া সংশয় হৈল কিছু চমংকার মনে ॥ ৬২ ॥

'ভিনি সক্ষন দেকলেন যে, আই এবং ব্যঞ্জনের সব কটি পার্টই পূর্ব রয়েছে, ভখন ঠার মনে কিছু সংশার হল এবং ডিনি বিশ্বিত ইলেন।

> শ্ৰোক ৬৩ ঈশানে বোলাঞা পুনঃ স্থান লেপাইল ৷ পুনরপি গোপালকে জন্ন সমর্শিল ॥ ৬৩ ৪ লোকার্থ

"এইভাবে চিন্তা করে তিনি ঈশানকে ডেকে পুনরায় স্থান লেপন করালেন, এবং পুনরায় গোপালকে ভোগ নিবেদন করলেন।

গ্ৰাক ৭৫]

শ্লোক ৬৪

এইমত যবে করেন উত্তম রক্ষন । মোরে খাওয়াইতে করে উৎকণ্ঠায় রোদন ॥ ৬৪ ॥ রোকার্থ

"এইভাবে যখন তিনি ভাল খাবার রাল্লা করেন তখন তিনি তা আমাকে বাওয়ানোর জন্য উৎকণ্ঠায় রোদন করেন।

> শ্লোক ৬৫ তাঁর প্রেমে আনি' আমায় করায় ভোজনে । অন্তরে মানয়ে সুখ, বাহো নাহি মানে ॥ ৬৫ ॥ গোকার্শ

"তার প্রেমের বলে আমাকে দেখানে আনিরে। তিনি আমাকে ভোজন করান। তার ফলে তিনি অন্তরে সুধী হন; কিন্তু বাইরে তা সানেন না।

> শ্লোক ৬৬ এই বিজয়া-দশগীতে হৈল এই রীতি । তাঁহাকে পৃছিয়া তাঁর করাইহ প্রতীতি ॥ ৬৬ ॥ শ্লোকার্থ

"গত বিজয়া দশমীন দিন তা হয়েছিল, সেই ঘটনা সম্বন্ধে ভাকে জিজ্ঞাসা করে আধাস দিও যে আমি সভা সভাই সেখানে ঘাই।"

> প্লোক ৬৭ এতেক কহিতে প্রভূ বিহুল ইইলা। লোক বিদায় করিতে প্রভূ ধৈর্য ধরিলা ॥ ৬৭ ॥ শ্লোকার্থ

সেই ঘটনা বৰ্ণনা কৰে শ্ৰীচৈতন্য মহাপ্ৰভূ বিহুল হলেন, কিন্তু ভক্তদের বিদায় দিতে ছিনি ধৈৰ্য ধরবেদন

> রোক ৬৮ রাঘব-পণ্ডিতে কহেন বচন সরস। 'তোমার শুজুপ্রেমে আমি ইই' তোমার কশ ॥ ৬৮ ॥ রোকার্ধ

চারপর শ্রীটেকন্য মহাপ্রভু রাঘব পণ্ডিতকে সরস বচনে বললেন, "ভোমার তত্ত্ব-প্রেমের প্রভাবে আমি ছোমার বশীভূড।" হোক ৬৯-৭২

ইহার কৃষ্ণসেবার কথা তন, সর্বজন।
পরম পবিত্র সেবা অভি সর্বোত্তম য় ৬৯ ।
আর দ্রব্য রহু—ওন নারিকেলর কথা।
পাঁচ গণ্ডা করি' নারিকেল বিকায় তথা ॥ ৭০ ॥
বাটিতে কত শভ বৃদ্ধে লক্ষ লক্ষ ফল।
ডথাপি শুনেন যথা মিন্ত নারিকেল ॥ ৭১ ॥
এক এক ফলের মূল্য দিয়া চারি চারি পণ।
দশক্রোশ হৈতে আনায় করিয়া যতন ॥ ৭২ ॥

শ্রীতৈতনা মহাপ্রভু ভারপর সকলকো বললেন, "এর কৃষ্ণসেরার কথা সকলে অবণ কন—

থগাওঁই সেই সেবা পরম পবিত্র এনং সর্কোন্তম অন্যান্য প্রব্যের কথা থাকা—এর

নারকেল মিবেদনের কথা শোনঃ পাঁচ-গণ্ডা মূল্যে এখানে এক একটি মারকেল বিক্রি

হয়। আর ওার বাড়িতে শত শত নারিকেল বৃক্ষে লক্ষ কল হয়, কিন্তু তবুও

তিনি যখন শোনেন যে কোখাও মিষ্টি নারিকেল পাঁওয়া যাক্ষে, তখন তিনি এক একটি
নারিকেল চার পদ মূল্য নিরে দল শ্রেশশ সূহ থেকে যায় করে নিয়ে আসেন।

শ্লোক ৭৩-৭৪

প্রতিদিন পাঁচ-সাত ফল ছোলাঞা ৷
সুদীতল করিতে রাখে জলে ডুবাইএগ ৷৷ ৭৩ ৷৷
ভোগের সমগ পুনঃ ছুলি' সংক্ষরি' ৷
কৃষ্ণে সমর্পণ করে মুখ ছিল্ল করি' ৷৷ ৭৪ ৷৷
গ্রেকার্থ

"প্রতিদিন পাঁচ-সাতটি নারকেল ছুলিরে তিনি সেওলি শীর্তল করার জন্য জলে ডুবিয়ে রাখেন। তারপর তোগ নিবেদনের সময় তিনি পুনরায় সেওলি ছুলে পরিফার করে, মুখ ছিত্র করে শ্রীকৃষ্ণকে নিবেদন করেন।

्रांक १८

কৃষ্ণ সেই নারিকেল-জল পান করি'। কভু শূন্য ফল রাখেন, কভু জল ভরি'॥ ৭৫ ॥ শ্লোকার্থ

"শ্ৰীকৃষ্ণ সেই নারিকেলের স্কল পাম করে কখনও মেণ্ডলি শূন্য অবস্থায় রাখেন, কখনও আবার পূর্ণ করে রাখেন। मिश्र ५१

শ্ৰোক ৭৬

জলশূন্য ফল দেখি' পণ্ডিত-হর্ষিত। ফল ভাঙ্গি' শদ্যে করে সংপাত্র পরিত 🏿 ৭৬ 🗈 খোৱাৰ্থ

"ক্ৰল শূন্য ফল দেখে ৱাঘৰ পণ্ডিত অত্যন্ত হর্নমিত হন এবং সেই নারকেল ভেম্বে তার দাঁস অন্য আর একটি পারে রাখেন।

> त्यांक १९ শস্য সমর্থণ করি' বাহিরে ধেয়ান ৷ শস্য খাঞা কৃষ্ণ করে শৃন্য ভাজন 🛭 ৭৭ 🖪 লোকার্থ

"সেই শাস খ্রীকৃষ্ণকে নিবেদন করে বাইরে এনে ভিনি খ্যান করেন; তখন শ্রীকৃষ্ণ সেঁই পাতে রাখা সমত শাস খেলে ফেলেন।

শ্ৰোক ৭৮

কড় শস্য খাঞা পুনঃ পাত্র ভরে শাসে। শ্রদ্ধা বাড়ে পণ্ডিতের, প্রেমসিজ্ব ভাসে ॥ ৭৮ 🏗

"কখনো কখনো সেঁই শাঁস খাওয়ার পর একুঞ্চ সেই পাত্রটি শাঁস দিয়ে ভরে রাখেন। ভার ফলে রাঘব পঞ্জিতর আদ্ধা বৃদ্ধি পায়, এবং তিনি ভগ্নবংগ্রেমরূপী সমূদ্রে ভাসতে থাকেন।

> শ্রোক ৭৯ এক দিন ফলনশ সংস্কার কবিয়া । ভোগ লাগহিতে সেবক আইল লঞা 11 ৭৯ ॥ শ্ৰোকাৰ্থ

"একদিন শ্রীকৃষ্ণকে ভোগ নিবেদন করার জন্য একজন দেবক দশটি নারকেল ভাল করে পরিস্কার করে নিয়ে এলেন।

> শ্ৰোক ৮০ অবসর নাহি হয়, বিলম্ব হইল ৷ ফল-পাত্র-হাতে সেবক দারে ভ' রহিল II ৮০ II

লোকার্থ

"৫৭ন অনেক দেরী হয়ে গিয়েছিল, এবং ডোগ নিবেদনের জন্য খুব একটা সময় াতে ছিল না। তাই সেই সেবকটি নারকেলের পাত্র হাতে নিয়ে ছারের বাইরে ধাড়িয়ে রইল।

হোক ৮১

ছারের উপর ভিত্তে তেঁহো হাত দিল। সেই হাতে ফল ছুইল, পণ্ডিত দেখিল ॥ ৮১ ॥

"এখন রাম্বর পণ্ডিত দেখলেন যে সেই সেবকটি মারের উপারের ভিত্তে হাত দিল, এবং ভারণর সেই ছাত দিয়ে সেই মারকেল স্পর্শ করল।

त्थांक ४२

পণ্ডিত কহে,—মারে লোক করে গড়ায়াতে 1 তার পদধুলি উড়ি' লাগে উপর-ভিতে য় ৮২ ট ভোকার্থ

"ৰাগৰ পণ্ডিড তখন বললেন, 'এই ছাৰ দিয়ে বহু লোক যাভায়াত করে, তাদের পায়ের ধুলো উচ্চ বিলে উপর ভিতে লাগে।

> শ্ৰোক ৮৩ সেই ভিতে হাত দিয়া ফল পরশিলা । কৃষ্ণ-বোপা নহে, ফল অপবিত্র হৈলা ॥ ৮৩ ।। ভোকার্থ

" 'সেই ভিতে হাত দেওয়ার পর সে সেই নারকেল স্পর্শ করেছে, তার ফলে সেই नातरकल अभवित हरत रारह, धनन आह आ जीकृष्यर निरंतमन कतात राशि नश ' জাংগর্য

শাল ক্রন্তিসিদ্ধাস্ত সবস্বতী ঠাকুন বলেছেন যে, রাঘৰ পণ্ডিত গুচিবায়ু রোগগ্রস্ত' ছিলেন না। তিনি এই জড় জগতের জীব ছিলেম না। নিকৃষ্ট চেতনায় যখন জড় বস্তুনো চিয্ময় নলে গ্রহণ করা হয়, ভাকে বলা হয় 'ভৌমে ইজাধী:।' রাঘব পণ্ডিও ছিলেন শ্রীকৃষের িতা সেবক এবং ভিনি স্বধিভূই কৃষ্ণসেবা সম্বন্ধে দর্শন করতেন তিনি সর্বদাই কুন্দরায় সর্বকিছু নিয়োগ করতেন, সেই অপ্রাকৃত চিতায় মহা থাকতেন। কখনও কখনও ৰ্ক্ত্যিক্ত শ্ৰেণীর ভক্তবা, জড় শুদ্ধ অভন্ধ বিচার করে রাঘব পশ্চিতের অনুকরণ করাণ চেষ্টা করে। এই ধরনের অনুকরণ চিন্ময় স্তরে উন্নতি লাভে সাহায্য করে না - *শ্রীচৈতন্য*- QQ.

186 * 4

চরিতামুতের অস্তালীলাম (৪/১৭৪) বিশ্লেষণ ধরা হয়েছে—"ভরাভ্র বস্থ জান মাহি অপ্যকৃতে।" অর্থাৎ, অপ্যকৃত স্তরে উচ্চ-নীচ অথবা চছ-অভদ্ধ কিরে চেই। ভার মাদ বিচার জন্ত ভারে রয়েছে। চিবায় ভারে সবই সং বা পরাম নসলময়।

> 'কৈতে' ভদাভত জন—সর 'মনোধর' । 'এই ভাস, এই মন্দ',—এই সব 'ভ্রম' ।

'জড় জগতে ভাল এবং মন্দের ধারণা মনোধর্ম-পানত, তাই 'এটি ভাল এবং এটি মন্দ'— এই বে বিচার তা স্রান্ত।" (চৈঃ চঃ তাঃ ৪/১৭৬)

(訓奉 b/8

এত বলি' ফল ফেলে প্রাচীর লক্ষিয়া। এতে পবিত্র শ্রেম-সেবা জগৎ জিনিয়া । ৮৪ ।

লোকার্থ

"এই বলে তিনি সেই মারকেলওলি প্রাচীরেন ওপারে টুড়ে ফেলে দিলেন। এফাই পনিত্র ছিল রাম্বর পণ্ডিতের প্রেমমন্ত্রী ভগবংসের। সারা ছগতে এই নকম পবিত্র প্রেমের मुष्ठास्त रमधी यात्र ना।

ছোক ৮৫

তবে আরু নারিকেল সংস্কার করাইল। পরম পবিত্র করি' ডোগ লাগাইল 🛚 ৮৫ 🔻

য়োকার্থ

''তারপর রাধ্ব পণ্ডিত জন্য নারকেল ছুলিয়ে সেইওলি পরিদ্যুর করিয়ে, পরম পরিত্র करते. फेशनांटमद ट्यांटन सामाटकत।

(創存 からから

এইমত কলা, আহ্র, নারুপ, কাঠাল। যাহা যাহা দূর-গ্রামে শুনিয়াছে ভাল 🏻 ৮৬ 🗈 বহুমূল্য দিয়া আনি' করিয়া যতন । शिविज अरखात करि' करत निरुपन ॥ b-१ ॥

<u>ध्याकार्थ</u>

"এইড়াবে তিনি ভাল কলা, আম, কমলা, কাঁঠাল ইত্যাদি ফলের ববর পেলেই দুর দর গ্রাম থেকে সেগুলি বন্ধ মূল্য দিয়ে যন্ত্র করে কিনে এনে সংস্কার করে, পবিত্র করে ভগরানকে নিবেদন ক্রান্তন

(動物 かか-おり

এই মত ৰাঞ্জনের শাক, মূল, ফল। এত মত চিড়া, হড়ুম, সন্দেশ সকল ॥ ৮৮ ॥ এইমত পিঠা-পানা, ক্ষীর-ওদন । পরম পবিত্র, আর করে সর্বোত্তম ॥ ৮৯ ॥ কাশম্দি, আচার আদি অনেক প্রকার ৷ গন্ধ, ৰন্ত্ৰ, অলকার, সর্ব দ্রব্য-সার 🛚 ১০ 🗈 এইমভ প্রেমের সেবা করে অনুপম ৷ ষাহা দেখি,' সর্বলোকের জ্বড়ায় নয়ন ।: ৯১ ॥

"এই ভাবে বহু যন্ত্রে তিনি ব্যঞ্জনের জন্য শাক, মূল এবং ফল সংগ্রহ করেন; এইভাবে 🏰 চিড়া, মুড়ি এবং বিভিন্ন প্রকার সন্দেশ সংগ্রহ করেন। এইডাবে তিনি পিঠা-পানা, 📲 পর্য পরিত্র আর সর্বোত্তম করেন, এইকাবে তিনি কাশম্দি এবং সর্বপ্রকার আচার সংগ্রহ করেন, এবং গন্ধ, বস্তু, জলভার এবং সমস্ত দ্রব্যের সারাতিসার সংগ্রহ স্বায়েন। এটি চাবে তিনি অপূর্ব সুন্দরভাবে ভগবাদের শ্রেমদেবা করেন, যা সেখে সকলের নয়ন **च**िंदरा यात्र ("

> শ্ৰোক ৯২ এত বলি' রাঘবেরে কৈল আলিপনে 1 এইমত সমানিক সর্ব ভক্তগণে ৷ ৯২ ৷৷ য়োকার্থ

🌬 েতনা মহাপ্রভু তর্বন কৃপা করে রাঘব পণ্ডিতকৈ আলিক্স করলেন। এইভাবে ডিমি সমস্ত ভক্তারে সম্মান প্রদর্শন করলেন।

> শ্ৰোক ৯৩-৯৪ **सिबानन्द (अर्ल कर्ट्ड करिय़ा अन्यान**) বাসুদেব দত্তের ভূমি করিহ সমাধান ॥ ১৩ ॥ পরম উদার ইঁহো, যে দিন যে আইসে। সেই দিনে ব্যয় করে, নাহি রাখে শেষে য় ১৪ ম হোকার্থ

জিতিওনা মহাপ্রকু শিবানন্দ দেনকে সন্মান করে বললেন, "ভূমি বাস্দেব দত্তের

দেখাশোনা কর। এ পরম উদার, যেদিন সে যা রোজগার করে সেইদিনই সে তা ব্য়ে করে। তার আয় থেকে সে কোন ব্রক্ম সঞ্চয় করে না।

খ্রীটেডনা-চরিতামত

শ্ৰোক ৯৫ 'गृहन्तु' इतान दिंदा, ठाहित्स अध्यम् । সঞ্চন্ন নৈলে কুট্ম-ভর্থ নাহি হয় ॥ ৯৫ ॥ শ্ৰোকাৰ্থ

"সে গৃহস্ক, ভাই তার সক্ষয় করা প্রয়োজন—সঞ্চয় না করলে আন্ত্রীয়-বজনদের ভরণ-८भाषणं कता याग्र मो।

শ্ৰোক ৯৬

ইহার ঘরের আয়-ব্যয়, সব—ভোমার স্থানে । 'সরখেল' হএর তমি করিহ সমাধানে ম ৯৬ II শ্রোকার্থ

"এর ম্বের আন এবং ব্যা তুনি দেখাশোনা কর। এর সরকেন হয়ে তুনি আর-वारात महाधान कर।

ভাহপর্য

বাসুদের দত্ত এবং শিবনেদ সেন উভয়েই একই অঞ্চলে বাদ করতেন, যা বর্তমানে কুমারহট্ট বা হাঞ্জিসহর নামে পরিচিত

> গ্ৰোক ৯৭ প্রতিবর্ষে আমার সব ভক্তগণ লঞা ৷ থাণ্ডিচার আসিবে সবায় পালন করিয়া । ৯৭ ॥ ৰোকাৰ্থ

"প্রতি বহুর আমার সমস্ত্র ভক্তদের নিয়ে, তাদের দেখাশোনা করে, ওতিচা বন্দির মার্ক্সন মহোৎসবের সময় এসোঁ "

> শ্ৰোক ১৮ কলীনগ্রামীরে কহে সম্মান কবিয়া। প্রতাব্দ আসিবে যাত্রায় পট্রডোরী লএগ II ৯৮ II শ্ৰোকাৰ্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ তথন সম্মান করে কুলীন গ্রামবাসীদের প্রতিবছর রগধাত্রার পট্টডোরী निया चामरक निर्दर्भ मिर्दर्भ।

শ্লোক ১৯ গুণরাজ-খাঁন কৈল 'শ্রীকৃফবিজয়'। ভাহাঁ একবাকা ভার আছে প্রেমময় । ১১ ॥

গ্রীকেতনা মহাপ্রত ভবন বললেন, "কুলীন গ্রামে ওপরাজ বাঁন 'শ্রীকৃষ্ণবিজয়' নামক একটি গ্রন্থ রচনা করেছেন। ভাতে একটি বাক্যে ভার কৃষ্ণপ্রেম প্রকাশ পেয়েছে "

থা ওপর্জে বান রচিত *শ্রীকৃষাবিজয়* নামক পদ্য গ্রন্থটি বাংলার সর্বপ্রথম কাব্যগ্রন্থ বলে বিবেচনা করা হয়। শ্রীল ভক্তিসিকান্ত সরস্বতী ঠাকুর বলেছে। যে, আদি কবি গুণরাজ র্থন ১০৯৫ সকাবে ঐ গ্রন্থ প্রণয়নে নিযুক্ত হন এবং ১৪০২ সকাবে গ্রন্থটি সমাপ্ত করেন এই প্রস্থাটির ভাষা এন্ড সরল যে অর্থ-শিক্ষিতা বাঙালী রমণী ও সায়ান্য বর্ণনান বিশিষ্ট প্রদীর পুরুষেরাও এই প্রশ্নটি অনায়াসে পড়তে এবং বুবতে পারেন এই প্রশ্নের ভাষা এলছত নয় -এর পদা আনক স্থানে সমিষ্ট হয়নি, টোদা অক্ষরের পয়ারের আনেক শ্বনে শাল সভের জক্ষর বা বারো-তের জক্ষর দেখতে গাওয়া যায়, এবং এর অনেক শর্পই ংকালিক ব্যবহৃত শব্দ। সেই সমস্ত শব্দের অর্থ নিতান্ত রাটীয় লোক বাতীত অন্যেরা ্বংতে পান্তেন না। কিন্তু ভবুও এই গ্রহুটি এড জনপ্রিয় যে, এই গ্রহুটি ব্যক্তীত কোন 🕬 🖫 পুস্তকালয় সম্পূর্ণ নয়। মারা কৃষ্ণভক্তি-মার্গে উয়তি লাভ করতে চান তাদের পড়ে এই গ্রন্থটি অত্যপ্ত মূল্যবান।

খ্রীওণরাজ খান ছিলেন সর্বশ্রেষ্ঠ বৈকবদের জন্যতম, এবং তিনি সাধারণ মানুখদেক াধগনা করে *জীমন্তাগবাড়ের* দশ্ম এবং একাদশ ক্ষণ্ণের অনুবাদ করে এই এছটি প্রণয়ন কল্যান্তা। তাই বৈধাৰ স্কাগতের এই গ্রন্থখনি সর্বত্র পুঞ্জনীয় যে গ্রন্থটি পাঠ করে াডেতন মহাপ্রভু এড প্রশংসা করেছেন, সেই গ্রন্থটি যে গৌড়ীয় বৈধাব সমাছে কড মাদ্র লাভ করবে, তা বলাই বাহল্য সূতরাং এই কাব্যখানি বসবাসীদের পাকে বড়ই থাদনের ধন, বিশেষত কেউ কেউ বলেন এই গ্রন্থখনি বঙ্গভাষার আদি কাব্য

বসীয়া সম্রাট আদিশুর কানাকৃত্ত বা কানীজ খেকে পাঁচজন গ্রাহ্মণ এবং পাঁচজন কায়স্থ িয়ে এসেছিলেন। রাজার সঙ্গে যেহেতু তাঁর পার্যদ থাকে, তাই ব্রাহ্মণের। রাজার পানমার্থিক উন্নতির ব্যাপারে সাহায্য করার জন্য তাঁর সঙ্গে ছিলেন। কায়স্থরা অন্যান্য মধা কার্য্য করেন। উত্তর ভারতে কায়স্থ্যের শৃষ্ট বলে বিবেচনা করা হয়, কিন্তু বঙ্গদেশে ামস্থানের উচ্চকা বলে বিকেনা করা হয় - বাঙ্গলার কায়স্থরা প্রকৃতপক্ষে উত্তর ভারত গকে এমেছিলন, বিশেষ করে কান্যকুন্ত বা কণৌজ খেকে। খ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী १५७७ वटनाइन स्व कान्यकुक एथाक स्व अध्यक्ष काग्राह्मण अदमिश्वास छात्रा अकानारे जिल्लान ১৬১ শ্রেণীর মানুধ। তাঁদের মধ্যে দশরথ বসু ছিলেন অন্যতম, এবং তাঁরই বংশের [NW 54

ত্রয়োদশ পর্যায়ে খ্রীওণরাজ খাঁন জনাগ্রহণ করেন। তাঁন প্রকৃত নাম ছিল মালাধর বস্ কিছ গৌডের সম্রটে ভাকে ওণরাজ বঁল উপাধি প্রদান করেন। শ্রীল ভব্ভিসিদ্ধান্ত সরস্করী। ঠাকুর ওগরাজ শানের বংশ তালিকা প্রদান করেছেন (১) দশরের বস্তু (২) কশন্ত (৩) ওড় শঙ্কর, (৪) হংস, (৫) শক্তিরাম (বাগাণ্ডা), মুক্তিরাম (মাইনগর), এবং অলচার (वकक), (७) मास्मापन, (९) व्यनस्ताय, (৮) धर्गीनासक श्र शीपानासक, (≥) प्राथन, (১०) লক্ষ্মীনাথ, চক্রন্পানি, উদয়র্চাদ, লৌহ, ভৌহ, শ্রীপত্তি, এবং অন্নতানন্দ, (১১) মন্তেথন, <u> विक्ताप्तम, रहिन्दन, अञार्भात, अभान, आध्रा ए कुलालाम, (১২) छत्रीतथ, कारमध्त, जननन्त्र</u> ও বশিষ্ঠ ভনীরখের পূত্র মালাধন বসু বা গুণনাজ খান ওপরাজ খান-এর টোখটি পুত্র ছিল, তার মধ্যে দিতীয় পুত্র দক্ষীনাথ বসুরই উপাধি --সভারাক্ত খান: ওঁপট পত্র---প্রীরমোনন্দ বসু, অভএব প্রীরামানন্দ বসু—পঞ্চদশ পর্যায়। গুণরাক্ত খান অভান্ত প্রসিদ্ধ ধনশালী পুরুষ ছিলেন। তার প্রাসাদ, দুর্গ এবং মন্দির এখনও বর্তমান, এবং সেওলি থেকে সহজেই অনুমান করা যায় যে ওপরাজ খান অত্যন্ত ঐক্যালালী বাড়ি ছিলেন। শ্রীওগরাজ খান বল্লাল সেন প্রবর্তিত কৌলিনা প্রথাকে কোন ওকত দেননি।

মোক ১০০

"সন্দনন্দন কৃষ্ণ—মোর প্রাণনাথ"। এই বাকো বিকহিনু জার বংশের হাত 🛭 ১০০ 🛭

ত্রীটেতন্য মহাপ্রভু বললেন, "এগরাজ খাঁন কার শ্রীকৃষ্ণবিজ্ঞা এছে লিখেছেন, "নন্দ মহারাজের পুত্র কৃষ্ণ আমার প্রাণনাথ'। তার এই বাকাটির প্রতাবে আমি তার বংশের কাছে বিক্রি হয়ে গেছি:

ভাৎপর্য

মুল পদাটি এই---

এক ভাবে বন্দ হরি যোড করি' হাত। নাধনক্ষন ক্ষ্ণ-মোর প্রাধ্নাথ র

ব্লেক ১০১

তোমার কি কথা, তোমার গ্রামের কৃত্তর। সেহ মোর প্রিয়, অন্যজন রহু দুর 🛚 ১০১ 🗈 শ্ৰোকাৰ্য

"তোমার কি কথা, ভোমার গ্রামের কুকুর পর্যন্ত আমার প্রিয়। আর অন্যদের কথা আমি কি বলব?"

প্রোক ১০২ ১০৩

তবে রামানন্দ, আর সত্যরাজ খাঁন । প্রভুর চরণে কিছু কৈল নিবেদন র ১০২ 🛚 গৃহস্ত বিষয়ী আমি. কি মোর সাধনে ! শ্রীমূখে আজ্ঞা কর প্রভ—নিবেদি চরগে 🛚 ১০৩ 🗈

তারপর রামানক বসু ও সভ্যরাজ খাঁন ইটিচতন্য মহাপ্রভুর শ্রীপাদপরে নিবেদন করনেন—"আমরা পুচ্ছ বিষয়ী, পারমার্থিক জীবনে অগ্রসর হবার জন্য যে আমানের কি করা কর্তব্য তা আমরা জাবি না। ছাই দয়া করে আপনি আমাদের সে সম্বন্ধে ७**नाम्य पाय करून—वाधनात श्रीभाग्यक और व्या**मायक विनीक निरंदारन।"

(創本)08

প্রভু করেন,--'কৃষ্ণদেবা', 'বৈষ্ণৰ-দেবন' ! 'নিরন্তর কর কফনাম-সংকীর্ডন' ম ১০৪ ॥ হোকার্থ

এটিতবন্য মহাপ্রস্কু উত্তর দিলেন, "কৃষ্ণসেবা কর, বৈধ্ববদের সেবা কর, এবং নিরন্তর कथानाय जरकीर्जन करा।"

> শ্ৰোক ১০৫ সভ্যরাজ বলে.—বৈষ্ণৰ চিনিব কেমনে? কে বৈষ্ণব, কহ জার সামান্য সক্ষণে ৪ ১০৫ ॥ লোকার্থ

সে কথা গুলে সভ্যরাজ খাঁন জিল্লাসা করলেন, "বৈক্ষাৰ চিনব কিন্তাবে? সন্ম করে वशन विकास एक क्षेत्र केंद्र अन्त्रण कि ?"

হোক ১০৬

প্রভূ কহে,—"বার মুখে গুনি একবার 1 কৃষ্ণনাম, সেই পূজ্য,—শ্রেষ্ঠ সবাকার ॥" ১০৬ ॥ শ্রোকার্থ

ঠাটেডনা মহাপ্রভূ তথ্ন বললেন, "যাঁর মূখে একবার শ্রীকৃষ্ণের দিব্যদাম গুনি, তিনিই भूका अवर मानुसरस्त्र मरशा मर्दरअर्छ।

26

<u>ডাৎপর্য</u>

শ্রীল ভত্তিসিদ্ধান্ত সরস্থতী ঠাকুর বলেছেন বে, একমান্ত শ্রীকৃষ্ণ নামে সর্বনিদ্ধি হয়, এরূপ শ্রনাবান ব্যক্তিকে 'বৈঞ্চর' বলে জানতে হবে, কেনা এই গ্রকার শ্রদ্ধাই বৈফবছের প্রারন্তিক যোগ্যতা পদান করে কিন্তু তা সত্ত্বে সাধারণ মানুষের পৃক্ত নামে সেই প্রকার শ্রদার উদয় না হ্রার ফরে, তারা নিরন্তর নাম গ্রহণ করতে পারে না। সে সম্বন্ধে শ্রীল কপ গোস্বামী তাঁর উপদেশামৃত গ্রন্থে নিখেছেন—কুষ্ণেতি যস্য গিরি ডং মনসাদিয়েত । শ্রীকৃষ্ণের নাম এবং শ্রীকৃষ্ণ উভাই যে পূর্ব, ওছ, নিত্যনৃক্ত, চিনায়তত্ত্ব, তা যথামথভাবে হদেয়গম করা উচিত। শ্রীকৃষ্ণের নাম শ্রীকৃষ্ণ থেকে অভিন্ন এবং তা চিস্তামণি। শ্রীকৃষ্ণের নাম সর্বপ্রধার জড় কলুব থেকে মৃষ্ট দিত্য-চিন্তর শ্রীকৃষ্ণের নিত্য প্রকাশ প্রীকৃষ্ণ এবং কৃষ্ণের নাম অভিন্ন বলে হুদ্যালম করতে হলে। সে প্রকার প্রভার ফার্মেই নিমকুর কুমুজ্যাম কীর্ত্তন করা যায় , কোমশুখন্ধ, ,কনিষ্ঠ অধিকারী ভক্ত ওল্পভাবের অনন্য ডক্তি জ্বদাঙ্গম কবতে পারে না। কিন্তু, নবীন ভক্ত যখন ভক্তিযুক্তভাবে ভগবানের সেবায় যুক্ত হয়—নিশেষ করে ভগবাঢ়োর শ্লীবিয়াহের আরাধনায়—এবং সদ্ওকর নির্দেশ অনুসরণ করে, তথন মে শুদ্ধ-ভক্তে পরিণত হয়। গুদ্ধ-ভক্তের প্রীমুখ পেকে কৃষ্ণ-कथा खरम करत वीरत वीरत कन्यमुक रहा। ७६ रुखा मात।

শেই ভক্ত শ্রন্ধানহকারে বিশ্বাস করে যে ভগবঢ়েরে দিবা নাম এবং ভগবান স্বন্ধং অভিয়া, তিনি শুদ্ধভক্ত কনিষ্ঠ অধিকারী স্তরে পাকলেও তিনি গুদ্ধভক্ত। তার সঙ্গ প্রভাবে অন্যরাও বৈক্ষবে পরিণত হতে পারেন।

কেউ যদি শ্রদ্ধানহকারে ভগধানের শ্রীবিশ্রহের পূজা করেন কিন্তু বৈষ্ণব এবং অন্যানের মথাবৰ সম্মান প্ৰদৰ্শন করেন না, তাকে বলা হয় 'প্ৰাকৃত-ভক্ত।' সে সম্বন্ধে শ্ৰীমদ্ৰাগণতে (১১/৭/৪৭) বলা ইয়েছে-

> व्यक्तियादम्ब स्तरम भुकार यह सन्दर्भ एछ । न ठाइरक्टर ठारगयु में एकः आकृष्टः खुटः ह

"যিনি খাদা সহকারে ভগবান ত্রীহারির বিহাহের অর্চনা করেন, কিছ ভগবন্তক এক অন্যদের যথাদেশ্যে সম্মান প্রদর্শন করেন না, তিনি প্রাকৃত-ভক্ত।" কিন্তু, মিনি ভগবানের নামকে দ্রগবান থেকে অভিয় বলে বিচার কবেন সেই ভক্তের সঙ্গের প্রভাবে তিনিও ভগবস্তুতে পরিণত হতে পারেন। শ্রীল স্নাতন শোসামীকে শিক্ষা দান করার সময় শ্রীচেতন্য মহাত্রতু বলেছিলেন---

यदायम् सम् इत उत्ति-सरिकाती । 'উडम', 'मग्र', 'कनिशं', सक्रा वनुमार्ति । याश्व कायन संका, भि-'किनके' जन । अन्य *करम एउँटश* एक इरेटन 'छेखम' a विशिश्य-छारखरमा छक्ति---छत्र-छम ।

"যেই ব্যক্তি দৃড় শ্রদ্ধা লাভ করেছেন তিনিই কৃষ্ণভক্তি গাতের যোগা পাত্র। শ্রদ্ধা অনুসাঠে 'উত্তম', 'মধ্যম', এবং 'কনিষ্ঠ' ভটেনা স্তর নির্বাহিত হয়। যার শ্রহ্মা কোনাল, িনি কমিষ্ঠ অধিকারী ভক্ত , কিন্তু নিষ্ঠা সহকারে, গুরুদেন্তে নির্দেশ অনুসারে ভগবন্ততির অনুশীলন করার ফলে তিনিও ক্রমে ক্রমে 'উত্তম' ভাক্তে গরিণত হন। রতি ও থেমের তারতম্য অনুদারে ভগবন্ধন্তির ভারতমা নির্ধারিত হয় ওমভারের শ্রজার ক্রমোমতি খনুসারে ক্রমে ক্রমে মধ্যম অধিকারী ও উত্তম অধিকারী হতে পরিণ্ত হন " (চৈঃ চঃ नः २२/६८, ६९, ९১)।

শ্লোক ১০৭] সার্বভৌম ভট্টাচার্যের গৃহে ঐটিচভন্য মাগ্রভূর প্রসাদ সেবা

এই ভাবে বিভার করা যায় যে, কনিষ্ঠ অধিকারী শুস্ক কর্মী এবং জানীর থেকে শ্রেষ্ঠ. বে-না তার ভগবানের নামের প্রতি পূর্ণ হান্ধা রয়েছে কমী অথবা জোনী যত মহৎ-ই হোক না কেন, শ্রীবিকা, ভার দিবনোম অথবা তাঁর প্রমন্মী সেনায় তাদের কেন খ্রাবা বিশাস নেই। সভনাং মুখে বেদ মানলেও তার প্রকৃতপক্ষে নান্তিক খণবালের ব্রীবিশ্বরের অর্চক যদি কনিষ্ঠ অধিকারী ডডেও চা. কিন্ত খ্রীওরাদেবের নির্মেশ গ্রন্মাতে ওপ্রস্কৃতির পছা অনুশীকন করার ফলে তিনি সকাম কথী এবং মনোধনী আনীদের থেকে অনেক অনেক উচ্চ করে অধিষ্ঠিত হন।

> প্রোক ১০৭ "এক কৃষ্ণনামে করে সর্ব-পাপ ক্ষা। নববিধা ভক্তি পূর্ব নাম হৈতে হয়।। ১০৭ গ্র লোকার্থ

"কেবলমাত্র কৃষ্ণনামে সমস্ত পাপ ক্ষম হয়। কেবলমাত্র ভগবানের দিব্যনাম বীর্তন করার কলে নববিধা ভক্তি পূর্ব হয়

জাহপর্য

শীমন্ত্রাগবতে (৭/৫/২৩ ২৪) নববিধা ভত্তির বর্ণনা করে বলা হয়েছে—

स्रकार कीर्टनर विरक्षात्र भावपर भावपरनम् । थर्छनर वसनर मामार मधायाकनिरवसन्य ॥ इंडि भश्मार्निका विस्की छक्किएम्ड्यवर्गिक्यों रे **क्रिट्सल क्षरकामा जन्मामा वीलम्ल**भ्य ॥

শবন, কীর্তন, বিষ্ণুর স্মরণ, ভগবানের শ্রীপাদপল্লে সেবন, অর্চন, বন্দন, সাস্য, সখ্য এবং ফাম্মনিবেদন এই নরটি ভগবস্তুক্তির অনুশীলনের পস্থা নিরপরাধে ভগবানের দিব্যনাম নীর্তন করার কলে সমস্ত পাপ খেকে মুক্ত হওয়া যায় অপরাধ-শূন্য হয়ে ভগনানের নাম কীর্তন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রবণ, কীর্তন আদি নবধাভন্তি কেবলমাত্র একবার িপ্রপর্যাধে ভগবানের নাম গ্রহণ করার ফলেই সম্পাদিত ইয়

এই সম্পর্কে শ্রীল জীব গোস্বামী তাঁর ভড়িসন্দর্ভে (১৭৩) বলেছেন—

जिया ५७

यमाश्रामा एकिः काली कर्तवाः दम कीर्दनाश एकि-मरायात्रात्व ।

Qb.

নবধাভক্তির মধ্যে কীর্তন অত্যন্ত ওকত্পূর্ণ, তাই জীব গোসামী নির্দেশ দিয়েছেন যে— অর্চন, বন্দন, দাস্য, সংগ্র আদি অন্যান্য পত্নাগুলি অনুশীলন করা কর্তন্য, তবে সেগুলি যেন ভগবানের দিবানাম কীর্তনের অনুবর্তী হয়। তাই আমরা এই পছা আমাদের সকটে কেন্দ্রে প্রবর্তন করেছি। অর্চন, আরডি, ভোগ নিবেদন, ভগরানের বিগ্রহের শৃঙ্গার এক: সজ্জা আদি সমস্ত ব্রিন্যা ভগবানের দিবা নাম "হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হতে/হতে রাম হত্তে রাম রাম হত্তে হত্তে" কীওঁলের আন্তর্জিক ছিলা।

> গ্রোক ১০৮ मीका-शृत कर्या-विश्व जरशका मा करत । জিহা-স্পর্মে আ-চণ্ডাল সবারে উদ্ধারে 🛭 ১০৮ 🗈

"ভগনানের দিবানাম জীর্ডন, দীকা-পুরশ্চর্যা ইড্যাদি বিধিন অপেকা করে না; কেন্দ্রমান্ত জিহাকে স্পর্শ করার প্রভাবেই তা আচখ্যাল সকলকে উদ্ধার করে। প্রাহপর্য

দীকা সম্বন্ধে শ্রীল জীব গোসামী ভার *ভতি সম্বর্ডে* (২৮০) মিলেডেন— पिराखानर वरछ। एमार कुर्यार भागमा मरकाम । जनार मीरणिक मा श्रास्त्रा मिनिकावय-कावित्वः s

"য়া পেকে অথাকৃত দিব্য জানের উদয় এবং পাপের সর্বতোজ্ঞানে ক্ষয় হয় তত্ত্বশাস্ত্রবিং-পণ্ডিতের। তাকেই 'দীক্ষা' বলে প্রকৃষ্টরূপে বর্ণনা করেছে। *ছরিভঞ্জি বিলাসে* (বিলাস २/७-४) मीका-विभिन्न वर्गमा कता इरहारक् এवः एन्डि-मन्मर्ट्ड (२৮७) मीका विभिन्न दिख्यका कर्त्व यभा इट्सट्ड-

> विष्यानाथमुर्शकानाः अक्यांशारानामित् । यथाधिकारता नासीच मारळान्यसमापन् ॥ **ज्याजामीक्रि**णांनार छ मध्यस्यार्धनानिय । नाविकारता आठः कृयीनानानः विकारस्टाय ।

'ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করলেও, উপনয়ন না হওয়া পর্যন্ত হেফন বৈদিক ফ্রিয়া অনুষ্ঠান করার অধিকার ২য় মা, উপনয়নের পরেই সেই অধিকার হয়, তেমনই অদীক্ষিত ব্যক্তিরও মন্ত্র-দেবতার পূজা আদিতে অধিকার হয় না।"

বৈষ্ণব-বিধি অনুসারে দীক্ষা গ্রহণ করে ব্রাহ্মণত্ব কান্ত করা অবশ্য কর্তবা। *হরিভক্তি*-বিলাসে (২/৬) বিষ্ণু যামজ থেকে নিম্নলিখিত নির্দেশটি উল্লেখ করা হরেছে—

व्यमीकितमा बारमाक कुलर मर्बर निवर्धकर । श*ान्यान्यवारशां* की की विवश्रित का श

''প্রণ ভরুব কাছে দীক্ষিত না হওয়া পর্যন্ত, সবর্তম পরেমার্থিক কার্যকলাপ নির্থক হয় ্রথারখভাবে দীক্ষিত হননি যেই ব্যক্তি তিনি পুনরায় পও যোনিতে অধ্যুপতিত হতে পারেন।"

इतिजिक्त विसारम (२/১०) खात्रथ बना इस्मारू—

चटण सकः श्रनियावः मर्वश्रः विनिरवमा ह । भृष्टीग्राटिबयन्यः सञ्चर बीकानृतरं विधानसः ॥

প্রতিটি মানুবের কর্তবা হচ্ছে সদ্ওক্তর কাছে দীকা গ্রহণ করা। তাকে, দেহ, মন এবং वृद्धि--- नविक्र पास करत छोत्र काह् श्वरक देवकव शीका श्रद्धन करा कर्छवा "

ভঞ্জি-সন্দর্ভে (২৯৮) তত্ত সাগর থেকে নিম্নলিখিত শ্লোকটি উল্লেখ কর হয়েছে—

यथा काध्यनजार याजि कारमार तमविधानजः । **छथा शैका-विधानम विकास काग्रट**छ नुगाम ॥

িলালদের সংস্পূর্যে রাসায়নিক ক্রিয়ার প্রভাবে কাঁসা যেমন সোনায় পরিণত হয়; তেখানই েন্দ্রং ভাবে দীক্ষা গ্রহণের ফলে মানুব ব্রান্ধাণেতিত সমস্ত গুণাবলী আর্জন করেন " *श्विङक्ति विधारम* (১৭/১১-১২) शृतण्डर्य। व्याप्ताहना कात *व्यवङा मःहि*ण (थात्र

ি প্ৰতিত বেলক দুটির উল্লেখ করা হরেছে—

थुका देवकाभिकी निजार क्रमञ्जूष्टराय छ । *हाय-वाचापञ्चित्रम्य भूतम्बत्तपपुरुहरू* ॥ धतार्यक्या यक्ता धमारमन घथाविधि । **चकारमाधामना मिरेका श्रुतरैन्छजविधाराज** ॥

শেরকোন, মধ্যাহ্ন ও সায়াহ্ন—এই ব্রিকালে নিতা পুস্তা, নিতা জপ, নিতা তর্পণ, নিতা াঃ নিতা ব্রাক্ষণভোক্তন—এই পঞ্চবিধ ক্রিয়াকে 'পুরশ্চরণ' বলা হয়। সন্ভক্তর কৃপার লভাবে প্রাপ্ত যন্ত্র দিছির জন্য প্রথমেই পঞ্চাক উপাসনার বিধান এই জনাই তা প্রশ্চরণ লামে কথিত।"

গুনঃ কথাটির অর্থ হচ্ছে 'শূর্বে' চর্যা মানে 'কার্যকলাপ'। এই সমস্ত কার্যকলাপের গমের বাবেছে বলে আমরা আমাদের আন্তর্জাতিক কুক্তাবনামূত সংযুধ সুদ্দাদের াওলন ধনা মাত্রই দীক্ষা দিই না সীক্ষা প্রার্থীকে হয় মাস আরতিতে শ্রোগদান করতে চা এবং শাস্ত্র আলোচনা প্রবণ করতে হয় বিধি-নিষেধ পালন করতে হয় এবং ভক্তসঙ্গ ক্রম্বর হয় , এই পুরুদ্ধর্য বিধি অনুশীলন বরার ফলে কেন্ট ফখন যথাযথভাবে পাবমার্থিক ৮০, উন্নতি বাড করেন, তখন মন্দিরের অধ্যক্ষ তাকে দীকাই জনা অনুমোদন করেন 📖 নর যে উপনৃক্ত যোগ্যতা বাতীতই যাকে তাকে হতাৎ দীক্ষা দিয়ে দেওয়া হবে ক ু নগন প্রতিদিন যোল মালা 'হরেকৃক্ত মহামন্ত' জপ করে, বিধি নিষেধগুলি অনুসর্ধ কাৰ এবং নিয়মিতভাবে কৃষ্ণকথা শ্ৰক্ষ করার ফলে পরমার্থিক মার্গে আরও অপ্রসর হয়,

তখন পনবর্তী ছয় মাসেন পর তাকে উপনয়ন দীক্ষা (বাল্ফণ দীক্ষা) দেওয়া হয়। হরিভক্তি বিলাসে (১৭/৪,৫,৭) বর্ণনা করা হয়েছে—

विना राम न मिन्नः भागात्वा वर्षमरेज्यणि ।
कृटन राम नजरण माधात्वा वाक्षिणः पन्य ॥
भृतगत्वम मण्यामा गर्या हि पन्यमायदः ।
व्याणः भृतक्तिमार कृर्याः सञ्जयिः मिश्विकायत्वमा ॥
भृतक्तिमा हि पद्माणाः सथानः वीर्यम्कारः ।
वीर्यशिता छथा (पदी) मक्त्र्यम् न क्षमः ॥
भृतन्त्वगर्याः ।

"পুর*চর্যা নিধি পাতীত, শত বছর মন্ত্র জগ করেও, সাধক বাছিত ফল লাভ কবতে পারে না কিন্তু, যিনি পুরশ্চর্যা বিধি ওলুশীলন কবেছেন, তিনি জনামানে সামালা লাভ কবেন। কেন্ড যানি ওার দীক্ষা সমাল করতে চান, আহলে ভাকে অবশাই প্রথমে পুরশ্চর্যা-বিধি অনুশীলন করতে হবে। পুরশ্চর্যা-বিধি মন্ত্র উচ্চারণের সামালা ভাতের প্রধান উপায় করেও। বীমহীন দেই যেমন কোন কিছু করতে সক্ষম না। তেমনই, পুরশ্চর্যা বিধি বাতীত মন্ত্র উচ্চারণ প্রকৃত রূপে সম্পন্ন হয় লা।"

শ্রীল জীব গোস্বামী দীক্ষরে শুকুত্ব বিশ্লেষণ করে ভক্তিসন্দর্ভে (২৮৫-৮৪) বালেন্ডো—
যদানি শ্রীভাগবতমতে পক্ষরাজানিবং-অর্চনমার্থস্য আবশ্যকত্বং নারি,
ভারনালি শরণাপজাদীনামেকতরে-গালি পুরুলার্থসিক্ষেরতিহিত্বতাং, তথালি
শ্রীনারদানি-বন্ধান্সবস্থিঃ গ্রীভগবতা সহ সম্বন্ধবিশ্রমং দীক্ষাবিধানেন শ্রীএক্ষরবসমাধানিতং চিনীষদ্ধিঃ কৃতায়াং নীক্ষায়ামর্হেনমনশাং ক্রিয়োতিব ।
যদালি সক্ষপতো নান্তি তথালি প্রায়ঃ স্বভারতো মেহাদিসম্বন্ধেন কনর্মনীলনাং
শ্রিকিপ্রচিত্রানাং জনানাং তত্তৎসঙ্গোচী-করণায় শ্রীমদ্বিপ্রভৃতিভিক্রাচনমাণে
শ্রাচিং ক্লচিং কাচিং কাচিত্রস্থানা স্থানিতান্তি ।

"শ্রীমন্তাগরতের মাতে, ঠিক শেষন প্রচারে ও অনানা পান্তগ্রন্থের নির্দিষ্ট বিধিবিধান আনুশীলন আবশকে নয়, তেমনই বিগ্রহপূজার পদ্ধতি প্রকৃতপক্ষে বাধানামূলক না। ভাগরত নির্দেশ বিধায়ে যে, এমন কি বিগ্রহপূজার অনুশীলন বাতীত অনা যে কোন ভাগিলর প্রক্রিয়া, যেমন ভগরানের শ্রীপানপন্থে শর্মাগতির দ্বরাও মানব-জ্রীপনের পূর্ব সফলতা তার্জন করা যায়। তা সংগ্রেও, বৈশ্ববেরা শ্রীনারন ও তার উত্তর্গাহিকার পদ্ধ অনুসরন করে বীক্ষার মাধ্যমে সদ্বাক্তর আশীবানপ্রই হয়ে ভগরানের সঙ্গে বাহ্নিগত সম্পর্ক স্থাপনের জনা চেষ্টা করেন এবং এই প্রধায় দীক্ষা গ্রহদের সময় ভক্তরা নিগ্রহন অর্চনার নিয়োজিত ইতে ধার্য হন।"

"বিগ্রহ-অর্চন। আনশকীয় না হলেও ভগবৎ সেবান জন্য অধিকাংশ জন্ত জাগতিক জীবের এই কার্যে যুক্ত হতে প্রয়োজন বোধ করে। তাদের দৈহিক ও মানসিক অবস্থার কথা বিধেচনা করলে আমন্ত্র দেখতে পাই বে, এলপ ব্যক্তিই চরিত্র অগ্রিত্র এবং তাদের চিত্ত বিক্তৃত। সেই জন্য এই জড় জাগতিক পরিস্থিতি পরিশোধন করার জন্য মহামৃত্রি নাগম ও আরও অনেকে বিভিন্ন সময়ে বিগ্রহ পৃজার জন্য বিবিধ প্রকাধ বিধিনিয়ম অনুমোদন করেছেন।"

তেমনই রামার্চনচন্দ্রিকার উল্লেখ করা হয়েছে—

विदेशव शैकार विशिष्ट शूडणवर्गः विदेशव हि । विदेशव सामित्रिका प्रत्याद्वागं मिन्निम ॥

অর্থাৎ, 'হরেকৃন্ধ মহামন্ত্র' কীর্তনের এফনই প্রভাব যে তা দীকা বিধিন অপেকা করে না কিন্ত কেউ যদি বীক্ষা গ্রহণ করে পক্ষবাত্র বিধি অনুসারে ভগবানের জীবিগ্রহের তারাধনা করেন, তাহলে অচিরেই তার কৃষ্ণভিক্তির উন্মেষ হয়, এবং তার জড় অভিনিরেশ বিনষ্ট হয়। জড় চেতনা থেকে যত যুক্ত হত্যা যায়। ততই চিনায় ভাগোকে ভগগতভাবে পরমান্তর সঙ্গে উপলব্ধি করা যায়। সেই অবস্থায়, চিনায় প্ররে ভাবস্থিতি হয়, এবং ভগবানের নাম ও ভগবান শায়ং যে অভিন্ন তা উপলব্ধি করা যায়। সেই উপলব্ধি করা যায়। সেই উপলব্ধি করা হয়। কেই ভগবানের নাম ও ভগবান শায়ং যে অভিন্ন তা উপলব্ধি করা যায়। সেই উপলব্ধি জরে ভগবানের দিবানাম 'হরেকৃষ্য মহামন্ত্র' যে কোন জড় শব্দ বলে মনে করে, ভাহলে তার মধাপতন হয়। ভগবানের দিবানামেরে সাক্ষার জড় শব্দ বলে মনে করে, ভাহলে তার মধাপতন হয়। ভগবানের দিবানামেরে সাক্ষাহ ভগবান খোকে অভিন্ন জানের আরাধনা এবং কীর্ডন করা উচিত। তাই সদৃত্তপ্রের নির্নেশ অনুসারে শান্ত বিধি অনুসারে দিবানাম গ্রহণ বন্ধার এগং মৃক্তজীব উভয়েপ পঞ্চেই মসগভানক, তথাপি বজনীবির সক্ষে তা বিশেষভাবে সক্ষাজনক কেননা তা কীর্ডন করার ফলে ফ্রান্থা যায়। ভগবানের দিবানাম গ্রহণ করার ফলে যামন মুক্তি লাভ হয়, একা ভগবানামে ফিরে বিরে পরম পূর্বতা লাভ হয়। জীচৈতন্য মহাপ্রপুর বর্ণনা অনুসারে—

কৃষ্ণমা হৈছে হবে সংসার-মোচন।

কৃষ্ণনাম হৈছে পাবে কৃষ্ণের চরব ॥ (তৈ: তৈ: আ:—৭/৭৩)

"কেংল 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করার ফলে জড়-জগতের বন্ধন থোকে মুক্ত হওয়া

মায়। প্রকৃতপক্ষে, কেবলমাত্র 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করার ফলে শ্রীকৃষ্ণের জীপাদপন্নে

যাগ্রন লাভ করা যায়।"

নিশপনাধে কৃষ্ণনাম গ্রহণ দীফাবিধির উপর ির্ভন করে না খ্রীকৃষ্ণ থেকে অভিন্ন কৃষ্ণনাম সাক্ষার মহামত্ত হওলার কোন পঞ্চরাত্রিক বিধানের অনুগত নয় থানিও দীঞ্চা পুনন্দর্যা না পুরন্দরপের উপর নির্ভন করতে পারে, কিন্তু ভগনানের নাম জীর্তন পুরন্দর্যা নির্ঘি বা কোন বিধিরও অপেক্ষা করে না নিবপরাধে একবার নাম উচ্চারালের ফলেই মন্তন পুনন্দর্যার প্রাপ্ত সমস্ত কল লাভ হয় ভাই সেই নামের পুরন্দরণের অপেক্ষা মেই নামের জিন্তা স্পর্যে উদ্ধার সাধনা একানে জিন্তু। শক্ষে 'সেবোল্লখ' জিন্তাকেই বুরাতে হথে, এ না বলে জন্ত ভোগোল্লখ জিন্তাতে অপ্রাধ বর্তমান স্বাকাম ভাতে খ্রীকৃষ্ণ মাম কথনই উদ্ধি হল না। ভাই *ভক্তিরামান্তনিয়ু* গ্রহে (পূর্ব-বিভাগ সাধন ভাক্তি লহরী) ধলা হয়েছে— यातः श्रीक्रमनाभागि न स्टरम् श्राक्षासिनिराः । (महान्यस्थ हि किञ्चासी स्वास्थि स्थूनाञ्चानः ह

প্রীচেতন্য-চরিতামতে (মধ্যলীলা-১৭/১৩৪) বলা হয়েছে---

তই

चाउन्धव कृरसङ्ग 'भाम', 'एम्ट्', 'बिलाम'। <u>आकृष्णिमा-याश्च मदर, इस चन्नम् ।</u>

"শ্রীকৃষ্ণের নাম, রূপ, লীঙা।বিলাস প্রাকৃত-ইন্দ্রিয়গ্রাহ্য নয়। কিন্তু, কেউ যখন ভব্তি সহকারে ভগবানের মেবায় যুক্ত হন, তখন ভগবানের নাম, কল, লীলা ইত্যাদি সপ্রকাশিত হন।"

শ্ৰোক ১০৯

व्यन्यक्रकारण करते मरमादतन करा । চিত্ত আকর্ষিমা করায় কৃষ্ণে প্রেমোদয় ॥ ১০৯ ॥ য়োকার্থ

''কৃষ্ণনাম উচ্চারণের আনুসন্ধিক ফল 'বরুপ সংসার ক্ষুত্র মোচন হয়, এবং তারপর ভিত্তকে আকর্ষণ করে খ্রীকৃষ্ণের হাতি প্রেমের উদর করার।

(利益 220

আকৃষ্টিঃ কৃতচেতসাং সুমনসামুক্তাটনং চাংহসা-মাচণ্ডালমমূকলোকসূলভো বশাশ্চ মুক্তিভিয়েঃ। নো দীক্ষাং ন চ সংক্রিয়াং ন চ পুরস্চর্যাং মনাগীক্ষতে মদ্রোহয়ং রসনাস্পৃদেধ ফলতি স্তীকৃষ্ণনামান্তক: ॥ ১১০ ॥

আকৃষ্টি:---আবার্থক, কৃষ্টচেতসাম্---মুক্তপ্রুয়দের সুমনসাম্ --মনগ্রাদের উচ্চটিনম্---বিনাশবারী: চ—ও অংহসাম্—পাপ ও প্রফালের আচণ্ডালম্—চণ্ডাল পর্যন্ত, অমৃক— মূক ধাতীত, লোকসুকভঃ—সকলেরই অত্যন্ত সূলত, ক্লাঃ ক্লীকারক চ -এবং, मुक्टिजियः भक्तिराज अस्टर्स्स, त्यां नां, सीकाम्-नीका, व नां, ह-छ, मध्किमाय्--পুদায়াধ্যবায়ক ক্রিয়া, ন -বা, চ--ও, পুরশ্চর্যান্ কীকার পূর্বে আচকনীয় বিধি, মনাক্--हरार, हेन्यराङ निर्छत काङ, गाउँस्—माइ, व्यस्म अरे, तमना—किश्, न्युक्—मार्थ काङ, এব বেবলনাত্র ফলতি— ফলপ্রসূ হয়, ত্রীকৃঞ্জনামাস্কঃ—-খ্রীকৃরের দিবানাম সমন্তিত।

' বহু সুকৃতি সম্পন্ন সাধুনের চিত্তের আকর্ষণ স্বরূপ, পাপনাশক, মৃক ব্যতীত চণ্ডান থেকে আরম্ভ করে সকল লোকের সুলত, মুক্তিরূপ ঐশর্যের বলকারী, শ্রীকৃষ্ণের নাম সমন্ত্তিত এই মহামন্ত্ৰ জিহাকে স্পৰ্ল করা মাত্ৰই ফলদান করে, দীকা আদি সংকার্য বা পুরশ্চরণ ইত্যাদি কিকিৎ মাক্রও অপেকা করে না।

ভাহপর্য

শ্লোক ১১৩] সার্বভৌম ভট্টাচার্মের গৃহে শ্রীটেডন্য মহাপ্রভুর প্রসাদ সেবা

শ্ৰীল ৰূপ গোৰামী ৰচিত এই মোকটি পদাবলী (২৯) থেকে উদ্বত

(副型 222

'অতএৰ যাঁৰ মুখে এক কৃষ্ণ-নাম। সেই ড' বৈক্ষৰ, করিহ তাঁহার সম্মান ॥" ১১১ ॥

त्साकार्ष

অবলেবে ইতিভনা মহাপ্রস্ত উপদেশ দিলেন, "অতএব মিনি ইরেক্কা মহামন্ত বীর্তন করেন ভিনি বৈক্তব; দুতরাং তাঁকে দর্বতোভাবে সন্মান করা উচিত।"

ভাহনর্য

শ্রীল রূপ গোসামী তারে প্রীউপদেশায়ত গ্রন্থে বলেছেন—কুফেতি যস্য গিরি তং মনসাপ্রিমেত দীক্ষান্তি চেং—অর্থাৎ, সদুওরুর কাছ থেকে দীক্ষা লাভ করে যেই ব্যক্তি অপ্রকৃত অন্তর্নিশিষ্ট হয়ে মূরে শ্রীকৃকলাম উচ্চারণ করেন, মধ্যম অধিকারী তাকে মনে মনে আমার করবেন-এটাটিট বিধি:

ত্রীল ভক্তিবিনোদ ঠাকুর কলেছেন, গৃহস্থদের বৈষ্ণব সেরা করা সবচাইতে ওঞ্জুপূর্ণ কর্তবা। সেই বৈঞ্চল দীক্ষিত না আদীক্ষিত তা তার বিবেচনার বিষয় নয় । শ্রীবিধ্যময়ে দীক্তিত অনেকে তথ্যজ্ঞান-শূন্যভাবশত মায়াবাদ ইত্যাদি দেয়ে পৃথিত থাকতে পানেন, বিশ্ব অপরাধপুনা কৃষদ্রায় উচ্চারণকারী বৈষ্ণকের সেইস্ব দোষ থাকবার সপ্তাবনা নেই। মঞ্জে দীক্ষিত ব্যক্তি বৈষ্ণবস্থায়, কিন্তু যিনি নিরপরাধে একবার কৃষ্ণনাম করেছেন, তিনি সর্ব কলিষ্ঠ হলেও 'গুদ্ধ বৈকল'—গৃহস্থ বৈকল সেইজল বৈষ্ণবক্তেই সেবা করবেন এইটিই ঐতিতন্য সহাপ্রভর নির্দেশ।

শ্লোক ১১২

বড়ের সুকুন্দদাস, শ্রীরঘনন্দন। ত্রীনরহরি,—এই মুখ্য তিন জন য় ১১২ য়

শ্ৰোকাৰ্থ

বও নামক স্থানের অধিবাসী মৃকুক্ষ দাস, শ্রীরত্বনন্দন এবং শ্রীনরহরি, এই তিনজনের প্রতি প্রীতৈতনা মহাপ্রভূ তথন মনোনিবেশ করলেন।

(到本 22の

मुकुन्द पाटमत्त्र शृद्ध गठीत क्पन । 'তুমি-পিতা, পুত্র ভোমার-শ্রীরঘুনন্দন? ১১৩ গ্র

শ্ৰোকাৰ্থ

শটীনকৰ প্ৰীটেডনা মহাপ্ৰভু তথন মুকুক দাসকে জিজানা করলেন, "রঘুনদন তোষার পুত্ৰ এবং ভূমি জান পিছা। ভাই নয় কি?

> প্রোক ১১৪ কিবা রম্নক্র—পিতা, তুমি—তার তনয়? নিশ্চম করিয়া কহ, যাউক সংশ্যা Il' ১১৪ II য়োকার্থ

'না কি রযুন্ত্বন ডোমার পিডা আর ডুমি তাঁর পুত্র ? নিশ্চয় করে ডুমি ডা আমাকে বল যাতে আমার সংশ্র বুর হয়।"

(計画 226

মুকুন্দ কহে,— রধুনন্দন মোর 'পিতা' হয়। আমি তার 'পুরা',—এই আমার নিশ্চয় ৪ ১১৫ ৪ শ্ৰোকাৰ্থ

মুকুদৰ তথন উত্তর দিলেন, "আমার বিচারে, রযুনদান আমার পিতা এবং আমি ঠার প্রা

(ब्रांक >>७

আমা সবার কৃষ্ণভক্তি রঘুনদান হৈতে। অতএব পিতা—রঘুনন্দন আমার নিশ্চিতে ॥ ১১৬ ॥ ছোকাৰ্থ

"রমুমখন থেকেই আমানের সঞ্চলের কৃষ্ণভক্তি লাভ হয়েছে তাই নিশ্চিভভাবে রমুনস্থনীই আমার পিডা।"

> (회)주 329 গুনি' হর্ষে করে প্রভূ—"কহিলে নিকর।। যাঁহা হৈতে কৃষ্ণভক্তি সেই ওরু হর"॥ ১১৭॥

সেঁই কথা তনে জীটৈতনা মহাপ্ৰভু বলনেন, "হা, ভুনি বা বলেছ তাই ঠিক। বার কাছ থেকে ৰুফচন্তি লাভ হয়, তিনিই হচ্ছেল ওক।"

গ্রোক ১১৮

ভক্তের মহিমা প্রভূ কহিতে পায় সূর্য। তক্তের মহিমা কহিতে হয় পঞ্চমুখ 🛚 ১১৮ 🗈 ভজের মহিমা কীর্তন করে প্রীটেডনা মহাপ্রভু সুখ পান; তাই ভাষের মহিমা কীর্তনে তিনি পদামৰ হন।

প্লোক ১১৯

ভক্তগণে কহে,—ওন মুকুন্দের প্রেম। নিগঢ় নিৰ্মল প্ৰেম. যেন দক্ষ হেম 🏾 ১১৯ 🟗

লীতিতন্য সহাপ্রস্থ তথ্য সমস্ত ভক্তদের বললেন, "জোমরা সকলে মুকুদের ভগবৎ-প্রেমের মহিমা প্রবণ কর। সেই প্রেম অভ্যন্ত গভীর এবং নির্মল, খাটি সোনার সলে কেবল ভার ভুলনা করা বায়।"

(間本) 20

ৰাহ্যে রাজবৈদ্য ইহো করে রাজ-সেবা । অন্তরে কৃষপ্রেম ইঁহার জানিবেক কেবা ॥ ১২০ ॥

"বাহা দৃষ্টিতে ইনি রাজবৈদ্য, এবং রাজার নেবা করেন। কিন্তু জার আন্তরে যে কৃষ্ণপ্রেম তা কে জানতে পারে হ

ভাৎপর্য

াটেডনা মহাপ্রভু প্রকাশ না করলে, ভগবানের সেবায় যুক্ত প্রকৃত মহাভাগবত যে কে া লোকা যায় না। তাই *ব্রীচৈডনা-চরিভামৃ*ত প্রন্থে (ম: ২৩/৩৯) বলা হরেছে—''ভার ালে, ক্রিনা, মুদ্রা বিজ্ঞেহ না কুময়"—বৈষ্যবের কার্যকলাপ বিজ্ঞেরতে বুরতে পারেন া বৈষদ্ৰ রাজকার্যে যুক্ত থাকড়ে পারেন অধবা বাঁবসায়ে যুক্ত থাকড়ে পারেন, তার মান বাহা-দৃষ্টিতে তাকে চেনা দৃষ্কর নিজ, অন্তবে তিনি নিতাসিদ্ধ বৈক্তব হতে পারেন। নাং।দৃথিতে সুকুন ছিলেন রাজবৈদ্য, কিন্তু অন্তরে তিনি ছিলেন নিতা মুক্ত প্রমহ্সে ডক্ত। গাটেতনা মহাপ্রস্তু তা ভালজ্ঞাবে জানতেন, কিন্তু সাধারণ মানুষ ডা বুঝাতে পারত না, ানানা সাধারণ মানুবের পক্ষে বৈক্যবের কার্যক্ষসাপ এবং পরিকল্পনা বোঝা সম্ভব সয় াক্যা, প্রীটোতন্য মহাপ্রকু এবং জাঁর প্রতিনিধিরা ভাক্তের সববিছু বৃথাতে পারেন, এমনকি ১-৫ নাইবে নাধারণ গৃহস্কের মতো বা বিষয়ীর মডো আচরণ করলেও তাঁরা তাকে চিনতে MISSIPH

> (割) つくと-とくと এক দিন প্রেচ্ছ রাজার উচ্চ-টুঙ্গিতে। চিকিৎসার বাড় করে ভাঁহার অগ্রেতে 🛭 ১২১ 🍴

হেনকালে এক ময়ূর-পুচ্ছের আড়ানী । রাজ-শিবোপরি ধরে এক সেবক আনি'॥ ১২২ ॥ গ্রোকার্থ

"একদিন রাজবৈদ্য মৃকুন্দ, শ্রেচ্ছ রাজার সঙ্গে উচ্চছানে নির্মিত কুড় গৃহে, তার সঙ্গে চিকিৎসা বিষয়ক আলোচনা করছিলেন। সেই সময় এক সেবক এসে রাজার মাধার উপরে একটি মার্ম পৃচ্ছের আড়ানী (রৌজ্র নিবারক পাখা) এনে ধরল।

শ্লোক ১২৩
শিবিপিচ্ছ দেখি' মুকুন্দ প্রেমানিস্ট হৈলা ।
অতি-উচ্চ টুঙ্গি হৈতে ভূমিতে পড়িলা ॥ ১২৩ ॥
ভোকার্থ

"সেই ময়ুরের পালাকের পাখা দেখে মুকুদ দত্ত প্রেমাবিষ্ট হলেন এবং অভি উচ্চ টুলি থেকে মীতে পজে গেলেন।

> শ্লোক ১২৪ রাজার জ্ঞান, - রাজ-বৈদ্যের ইইল ময়ণ। আপনে নামিয়া ভবে করাইল চেতন ॥ ১২৪ র গ্লোকার্থ

"এত উচ্চত্বন থেকে নীচে পড়ার ফলে রাজ-বৈদ্যের মৃত্যু হয়েছে বলে ফলে করে রাজা দক্ষিত হয়ে নীচে নেমে এনে ভাকে চেতন করালেন।

শ্লোক ১২৫
বাজা বলে—ব্যথা ডুমি পাইলে কোন ঠাঞি?
মুকুন্দ কহে,—অতিবড় ব্যথা পাঁই নাই 🏾 ১২৫ 🗈
লোকার্থ

"রাজা মৃকুদ দত্তকে জিজাসা করশেন, মুকুদ তুমি কোথায় বাধা পেয়েছ?" মুকুদ দত্ত তখন বললেন, 'আমি খুব একটা ব্যথা পাইনি'।

> শ্লোক ১২৬ রাজা কহে, সুকুন্দ, তুমি পড়িলা কি লাগি'। মুকুন্দ কহে, রাজা, মোর ব্যাধি আছে মৃথী ॥ ১২৬ ॥ শ্লোকার্থ

"রাজা জিন্তাসা করলেন, 'মৃকুন্দ ভূমি এখানে পড়ে গেলে কেন?' মৃকুন্দ দত্ত উত্তর দিলেন, 'মহারাজ, আমার মৃগী রোগ জাছে'। **শ্লোক ১**২৭

মহাবিদশ্ধ রাজা, সেই সব জানে । মুকুন্দেরে হৈল ভার 'মহাসিদ্ধ'জ্ঞানে ॥ ১২৭ ॥ শ্লোকার্থ

সর্বেটোম ভট্টাচার্যের গতে শ্রীচৈতন্য মহাপ্রভার প্রসাদ সেবা

"সেই রাজা ছিলেন অত্যন্ত বৃদ্ধিয়ান, ডাই তিনি সব বৃশ্বতে পারলেন, এবং তিমি বৃশ্বলেন যে যুকুন্দ হচ্ছেন অলৌকিক মুক্ত পুরুষ।

(副女 フジケーンジタ

রঘুনন্দন সেবা করে কৃষ্ণের মন্দিরে।

থারে পুড়রিপী, ভার ঘাটের উপরে ॥ ১২৮ ॥

কদম্বের এক বৃক্ষে ফুটে বারমানে।

নিত্য দুই ফুল হয় কৃষ্ণ-অবতংকে ॥ ১২৯ ॥

সোকার্থ

"রগুলদন শ্রীকৃষ্ণের মন্দিরে সেবা করে: সেঁই মন্দিরের বারে একটি পুদরিণী রয়েছে, ভার ঘাটের উপর একটি করম বৃদ্ধে প্রতিদিন কৃষ্ণদেবার জন্য দৃটি করে ফুল ফোটে।"

শ্লোক ১৩০-১৩২

মৃকুদেনে করে পুনা মধুর বচন ।
'তোমার কার্য—ধর্মে ধন-উপার্জন ॥ ১৩০ ॥
রঘুনন্দনের কার্য—কৃষ্ণের সেবন ।
কৃষ্ণ-সেবা বিনা ইঁহার জন্য নাহি মন ॥ ১৩১ ॥
নরহরি রহু আমার শুক্তগণ-সনে ।
এই তিন কার্য সদা করহ তিনজনে ॥ ১৩২ ॥
লোকার্থ

শীচেতনা মহাপ্রেক্ মধুরভাবে পুনরায় মৃকুন্দকে বললেন—"ভোমার কর্তব্য হচ্ছে বৈদিক এবং পার্যার্থিক খন উপার্জন করা। আর রঘুনন্দনের কার্য হচ্ছে নিরস্তর শ্রীকৃষ্ণের থেবা করা। কৃষ্ণাসেবা ছাড়া ভার অন্য কিছুতে মন নেই। আর নরহরি আমাদের ১ জনের সঙ্গে থাকুক। ভোমরা ভিনজনে সর্বদা এই তিনটি কার্য কর "

ভাৎপর্ব

শেওতনা নহাপ্রভূ তাঁদের তিনজনের জন্য তিনটি কার্য নির্ধারণ করে দিলেন মুকুদকে
 দান ও ধন উপার্জন, রবুনন্দনাকৈ ভীমূর্তি সেবন এবং নরহরিকে ভন্তদের সঙ্গে অবস্থান

করার সেবা নিরূপণ কর্বলেন এইভাবে একজন মদিরের প্রবিশ্রহের সেবা, আর একজন তার বৃদ্ধি অনুসারে সংভাবে ফা উপার্জন, এবং অন্য জন ভক্তাদের সঙ্গে কৃষ্ণভক্তির প্রচার, এই তিনটি কাজ সম্পাদন করার নির্দেশ প্রীচেতন্য মহাপ্রভূ দিলেন। আগাওনৃষ্টিতে এই তিন প্রকার সেবাকে ভিন্ন বলে মনে হালেও প্রকৃতপক্ষে তা নয়। প্রীকৃষ্ণ বা শ্রীচেতনা মহাপ্রভূকে কেন্দ্র করে সকলেই ভগবং সেবাম্লক ভিন্ন ভিন্ন কার্মে যুক্ত হতে পারেন। সেইটিই প্রীচিতনা মহাপ্রভূক নির্দেশ।

ে 🕥 🧸 স্ত্রীট্রেডন্য-চরিভাস্কর

প্লোক ১৩৩-১৩৫

সার্বভৌম, বিদ্যাবাচস্পতি, সুই ভাই !
দুইজন কৃপা করি' কবেন গোসাঞি ॥ ১০০ ॥
দারু-'জল'-রূপে কৃষ্ণ প্রকট সম্প্রতি !
দারু-ন'-রাদে' করে জীবের মুক্তি ॥ ১৩৪ ॥
দারুব্রন্ধ'-রূপে-সাক্ষাৎ শ্রীপুরুবোত্তম !
ভাগীরধী ব্ন সাক্ষাৎ 'জলব্রন্ধ'-সম ॥ ১৩৫ ॥

গ্ৰোকাৰ্থ

সার্বভৌম ভট্টাচার্য এবং বিলাবাচস্পতি দুই ভাই। ভাঁচের দুজনকে কৃপা করে প্রীটেডন্ট মহাপ্রভূ বললেন—এই কলিযুগে প্রীকৃষা দার এবং জল রূপে প্রকট হয়েছেন। কেই দারত্বাকে দর্শন করার ফলে এবং সেই জলপ্রয়ো সান করার ফলে জীব মুক্তি লাভ করে। দারত্বারুপে তিনি সাক্ষাং প্রথম্বান্তম এবং ভাগীরতী হচ্ছেন সাক্ষাং জলপ্রসা।

বেদে বলা ইয়েছে, সর্বং খন্তিকং ব্রস্থা—সর্বাক্তিই প্রম ব্রস্থা প্রমেশ্বর ভগবানের শক্তি। প্রসা ব্রক্ষণঃ শক্তিস্তাপদম্ অভিলং জগৎ—সর কিছুই প্রম ব্রস্থার শক্তিগ প্রকাশ। যেহেছু শক্তি এবং শক্তিমান অভেদ, অতএব সর্বাকিছুই কৃষ্ণ, পরম ব্রস্থা। ভগবদ্গীতায় (৯/৪) সেই সম্বাদ্ধে বলা হয়েছে—

> मगा जलपिनः अर्थः कननजलकृष्टिना । परस्राति अर्थकृलानि न ठारः एक्स्पेहिकः ॥

"আমার অব্যক্ত মূর্তির ধারা আমি সারা জগতে গরিব্যাপ্ত। স্বকিছুই আমার মধ্যে অবস্থিত, কিন্তু আমি আদের মধ্যে অবস্থিত নই।"

শ্রীকৃষ্ণ তাঁর অব্যক্ত রূপে সারা জগতে পরিবাণ্ডঃ থেহেতু সবকিছুই ভগবানের শক্তি থেকে প্রকাশিত, ভগবান তাঁর যে কোন শক্তির মাধ্যমে নিজেকে প্রকাশ করতে পারেন এই যুগে ভগবান শ্রীশ্রীক্রসন্মাধ রূপে দরের মাধ্যমে এবং ভাগীরধীর জলের মাধ্যমে প্রকাশিত হরেছেন। তাই শ্রীচৈতন্য মহাপ্রত্ সার্বভৌম ভট্টাচার্য এবং কিনাবাচস্পতি, এই দুই ভাইকে, যথাক্রমে জগরাধদের এবং ভাগীরধীর দেবা করার নির্দেশ দেন।

লোক ১৪৩] সার্বভৌম ভট্টাচার্বের পরে শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রসাদ সেবা

শ্লোক ১৩৬ সার্বভৌম, কর দারপ্রক্ষ-আরাধন । বাচস্পতি, কর জলরক্ষের সেবন ॥ ১৩৬ ॥

"সার্বটোম ডট্টাচার্য, তুমি দারজন্ম শ্রীজগলাখনেবের আরাধনা কর, এবং বাচস্পতি, তুমি জলজন্ম কলার সেবা কর।

> শ্লোক ১৩৭ মুরারি-শুপ্তেরে প্রভু করি' আধিদন । তাঁর ভক্তিনিক্টা কধেন, শুনে ভক্তগণ ॥ ১৩৭ ॥ শোকার্ধ

তারপর **প্রি**টৈচতন্য মহাপ্রান্থ মুরারি **ওপ্তকে আলিজন করে সমস্ত ভক্তদের কাছে টার** ভক্তি-নিটা বর্ণনা করতে সাগলেন।

শ্লোক ১৩৮-১৪৫
পূর্বে আমি ইহারে লোডাইল বার বার 1
'পরম মধ্র, গুপ্তা ব্রজেপ্রক্রমার য় ১৬৮ য়
স্বাং ভগবান কৃষ্ণ—সর্বাংশী, সর্বাঞ্জয় ।
বিশুজ-নির্মণ-প্রেম, সর্বরসময় য় ১৩৯ য়
সকল-সদ্ওপ্রক-রত্ব-রত্বাঞ্জর ।
কিন্দ্র, চতুর, ধীর, রসিক-শেখর য় ১৪০ য়
মধ্র-চরিত্র কৃষ্ণের মধ্র-বিলাস ।
চাতুর্ব-বৈদ্যার করে বার লীলারস য় ১৪১ য়
শেই কৃষ্ণ ভজ তুমি, হও কৃষ্ণাশ্রম য়
কৃষ্ণ বিনা অন্য-উপাসনা মনে নাহি লয় য়' ১৪২ য়
শইমত বার বার গুনিয়া বচন য়
আমার সৌরবে কিছু ফিরি' গেল মন য় ১৪৩ য়

শ্রীচৈতনা মহাপ্রভু বললেন. "পূর্বে আমি বারবার তাকে প্রলোভন দেখিয়ে বলেছি, 'ওপ্ত, রজেপ্রকুমার শ্রীকৃষ্ণ হজেন পরম মধুর ভস্ত: তিনি বরং ভগবান—সকলের অংশী, সবকিছুর আপ্রায়, এবং তার প্রতি প্রেম বিশুদ্ধ নির্মাল ও সর্ব রসময়। তিনি সমস্ত অপ্রাকৃত গুণের আপ্রার, তিনি সমস্ত রপ্রের আকর, তিনি বিদ্যুদ্ধ, চতুর, ধীর এবং রসিক্রলেখন। তার চরিত্র অত্যন্ত মধুর এবং তার লীলা-বিলাস অত্যন্ত মধুর। তার চাতুর্য এবং বৈদপ্রের বারা তিনি তার লীলারস আল্লাসন করেন। তুমি সেই কৃষ্ণের ভঙ্কনা করে এবং সেই কৃষ্ণের আপ্রায় গ্রহণ করে। প্রীকৃষ্ণ ছাড়া অন্য আর কারোর উপাসনাম মন লাগে সা।' বার ধার আমার কাছে এই কথা ওনে, আমার প্রভাবে ভার মনে কিছুটা পরিবর্তন এগেছিল এবং ভখন সে আমাকে বলেছিল, আমি ভোমার সেকক এবং তোমার আন্রান্ধ পালত করাই আমার কর্তব্য। আমার কোন ব্যক্তিগত স্বান্ত্রা নেই।' এই বলে সে যারে ফিরে গিয়েছিল এবং সারারাত ধরে ভারাপ্রন্ত হলমে চিন্তা করেছিল কিছাবে সে রখুনাথ শ্রীরামচন্দ্রের আনুগতা ভ্যাগ করাবে।

শ্লোক ১৪৬ কেমনে ছাড়িব রঘুনাথের চরণ। আজি রাত্যে প্রভূ মোর করাই মরণ । ১৪৬ । শ্লোকার্থ

'মুরারি গুপ্ত তখন শ্রীরামচন্দ্রের কাছে প্রার্থনা করেছিলেন, প্রভূ, আমি কিভাবে তোমার শ্রীচরণ ড্যাগ করব। ভার থেকে বরং আজ রারেই আমার মৃত্যু হোক।'

> শ্লোক ১৪৭ এই মত সর্ব-রাত্রি করেন ব্রন্দন । মনে সোয়াস্থি নাহি, রাত্রি কৈল জাগরণ ॥ ১৪৭ ॥ শ্লোকার্থ

"এইডাবে মুরারি ওপ্ত সারারাড ক্রন্তন করেছিল। তার মনে সোরাস্তি ছিল না এবং এইডাবে সে সারারাড ছেগেছিল। প্রাতঃকালে আসি' যোর ধরিল চরণ । কান্দিতে কান্দিতে কিছু করে নিবেদন ॥ ১৪৮ ॥

গোক ১৪৮-১৫১

রমুনাথের পার মুঞি বেচিয়াছোঁ মাথা । কাঢ়িতে না পারি মাথা, মনে পাই ব্যথা ॥ ১৪৯ ॥

শ্রীরঘুনাথ-চরপ ছাড়ান না যায়। তব আজ্ঞা-ভঙ্গ হয়, কি করোঁ উপায় ॥ ১৫০ ॥

ভাতে মোরে এই কৃপা কর, দয়াময়। ভোমার আবে মৃত্যু হউক, ঘাউক সংশয় ॥ ১৫১ ॥

গ্ৰোকাৰ্থ

"সকাল বেলা যুরারি ওপ্ত আমার কাছে এসে আমার পারে ধরে কাঁদতে কাঁদতে বলেছিল, 'শ্রীরামচন্দ্রের চরণে আমি আমার মাথা বিকিয়ে দিয়েছি, সেই মাথা আমি মার প্রত্যাহার করতে পারছি না, ভাই আমার মাম খুব বেদনা হছে। আমি শ্রীরঘুনাথের শ্রীচরণ ছাড়তে পারছি না। আবার এদিকে ডোমার আজাও ডল করতে পারি মা, এখন আমি কি করি। ভাই দয়াময়, তুমি আমাকে কৃপা করো, ডোমার সামনে আমার মৃত্যু হোক এবং ভারকশে আমার সমত সংশাম দূর হোক',

> শ্লোক ১৫২ এত শুনি' আমি বড় মনে সুখ পাইলুঁ। ইহারে উঠাএগ ভবে আলিসন কৈলুঁ। ১৫২ । শ্লোকার্থ

"সে কথা শুনে, আমি অত্যন্ত আনন্দিত হয়েছিলাম। তাকে উঠিয়ে তথন আমি আলিকন করেছিলাম।

শ্লোক ১৫৩-১৫৪

সাধু সাধু, ওপ্ত, তোমার সুদৃঢ় ভজন ।
আমার বচনেহ তোমার না টলিল মন ॥ ১৫৩ ॥
এইমত সেবকের প্রীতি চাহি প্রভূ-পায় ।
প্রভূ ছাড়াইলেহ, পদ ছাড়ান না বার ॥ ১৫৪ ॥
ভোকার্থ

"আনি তাকে বলেছিলাম, "অতি উত্তম, অতি উত্তম, মুরারি ওপ্ত। তোমার এই সুদৃঢ়

গ্রীরামচন্দ্রের প্রতি ডোমার এমনট নিষ্ঠা যে আমার কথাভেও তোমার মন টলঙ্গ না, প্রভুর শ্রীপাদপরের প্রতি সেবকের এইরকমই প্রীতি হবয়া উচিত। প্রভু ছাড়ালেও, ভস্তে তাঁর শ্রীপাদপদ্ধের আশ্রয় হ্যাপ করতে পারে না।

<u>ভাহপর্য</u>

প্রভূ—জীবের নিত্যসেবা, আরখ্য বা উপাস্য তত্ত্ব হচ্ছেন শ্রীকৃষণ, কিন্তু তবুও, অনেক ভক্ত শ্রীরামচন্দ্রের প্রতি আসক্ত এবং মুরারি ওপ্ত ছিলেন সেই প্রকার অনন্য ভক্তের এক উচ্ছাল দৃষ্টান্ত। তিনি শ্রীনামচন্দ্রের সেবা ত্যাগ করতে সম্মত হতে পারেন নি, এমনকি শ্রীক্রিতন্য মহাপ্রভুর অনুরোধেও নয় এমনই হচ্ছে ওগবানের প্রতি ভক্তের অনুগতা। সে সম্বন্ধে খীতৈতন্য-চরিতামতের অন্তালীলায় (৪/৪%-৪৭) বর্ণনা করা হয়েছে---

> (मेरे कर्स थना, त्व ना शहफ शकुर छनाने। (मेरे शकु थमा, या ना शहक निवा-वान प्र मर्ट्सिट्य टमरुक थिव यात्र कन्त-इत्नि । त्म शकुत करा कारत इंदल थाति 'आरम ॥

গভীর অন্তর্গে সম্পর্কের ফলে ভক্ত কোন অবস্থাতেই ভগবানের সেবা ত্যাগ করেন না। জনবানও আবার, ভক্ত তাঁকে ছেড়ে চলে গেলেও, তার চুলে ধরে তার্কে ফিরিরে আনেন।

त्यांक ३६६-३६७

এইমত ভোমার নিষ্ঠা জানিবার তবে । তোমারে আগ্রহ আমি কৈলু বারে বারে ॥ ১৫৫ ॥ সাক্ষাৎ হনুমান তমি শ্রীরাম-কিছর ! তুমি কেনে ছাড়িবে তাঁর চরণ-কমল 11 ১৫৬ 11 ক্ৰোকাৰ্ঘ

" 'তোমার প্রভুর প্রতি ভোমার নিষ্ঠা জানবার জন্য, আমি বার বার ভোমাকে এইভাবে অনুরোধ করেছিলাম ব্রীরামচক্ষের সেবা ছেড়ে কৃষ্ণচক্ষের সেবা করতে। তুমি খ্রীরামচন্দ্রের নিত্য সেবক সাক্ষাৎ হনুমান, তুমি কেন তার শ্রীচরণ-কম্মল ত্যাপ করবে?'

(計画) 29

সেই মুরারি-গুরু এই -মোর প্রাণ সম ৷ र्देशह रेन्ना चिनि' स्मात कांन्स कीवन ॥ ১৫९ ॥ শ্ৰোকাৰ্য

শ্রীচৈতন্য মহাপ্রস্থ বললেন, "এই সেই মুরারি ওপ্প, ফাকে আমি জামার প্রাণ-তুল্য বলে মনে করি। যখন আমি ঠার দৈন্য বচন প্রবণ করি, তখন আমার হলম বিনীর্ণ হয়।"

শ্ৰোক ১৫৮ ভবে বাসুদেবে প্রভু করি' আলিঞ্চন । তার গুণ করে হঞা সহস্র বদন 🏗 ১৫৮ 🗓 যোকার্থ

ভারপর ঐতিভনা মহাপ্রভু বাসুদেব মন্তকে আলিক্স করে সহম বদনে ভার ওপকীর্তন करारा जाभारतम्।

(計画 502-550

নিজ-গুৰ শুনি' দত্ত মনে লক্ষা পাঞা । নিবেদন করে প্রভুৱ চরণে ধরিয়া 🛭 ১৫৯ 🌣 জগৎ তারিতে প্রড় তোমার অবতার । খোর নিবেদন এক করত অসীকার ॥ ১৬০ ॥

যোজার্থ

প্রীচৈতন্য মহাপ্রকৃকে এইভাবে জার গুণকীর্তন করতে খনে বাসুদেব সম্ভ অভ্যন্ত লক্ষ্যিক হরে ত্রীট্রেডন্য সহত্রেভূর পারে। পড়ে তাঁকে বলতে লাপলেন, "হে প্রভূ, এই অড় জ্লাতের সমস্ত করু জীবদের উদ্ধার করার জন্য ভূমি অবতীর্ণ হয়েছ, আমার একটি নিবেদন ভূমি অহীকার কর।

> গ্রোক ১৬১ করিতে সমর্থ তমি হও, সন্নামর । তমি মন কর, তবে অনায়ানে হয় ॥ ১৬১ ।।

"হে দলামর, ভূমি তা করতে সমর্খ, एपি ভূমি চাও তবে ভূমি তা অনায়াসেই করতে 위理함

> শ্রোক ১৬২ ১৬৩ জীবের দঃখ দেখি' মোর ফুদয় বিদরে 1 সর্বজীবের পাপ প্রভু দেহ' মোর শিরে 🏗 ১৬২ 🗈 ক্রীবের পাপ ক্র্ঞা মুক্তি করোঁ নরক ভোগ। मकल कीटवर, शक्त, घुठाङ **क्वट**ाश ॥ ১৬७ ॥

"হে প্রভ, জীবের দুংগ দেশে আমার হৃদয় বিদীর্গ হয়, তুমি দয়া করে সমস্ত জীবের

লোক ১৬৮]

পাপ আমার মাধায় দাও। সেই পাপ নিয়ে আমি নরক ভাগে করি, আর সমস্ত জীব ভবরোগ থেকে মৃক্তি লাভ করুক।"

ভাৎপর্য

এই জোকে बीन एक्टिनिकास स्तर्यों अंकृत यत्तरून—"भागाज म्हरून वीडविस्पेत ভক্তরা বিশাস করে যে, তাদের ওক একমতে মহামতি বীতপ্রিসটে জীবের সর্বপাপভার এহণে প্রস্তুত হয়ে জগতে অবতীর্ণ হয়েছিলেন, কিন্তু শ্রীটেতন্য মহাপ্রস্তুর পার্যদ শ্রীদ বাসদের দত্ত এবং শ্রীল হবিদাস ঠাকুর তার থেকে জনস্ত কোটি ভগে অধিকতর উয়ত এবং উদায় সার্বজনীন বিশ্ববৈধ্বৰ প্রেমভাব ক্ষাত্তের জীবকে শিক্ষা দিলেন। শ্রীণ বাসুদেব দত ঠাকুরের মধ্যে জড়ীয় স্বার্থ ত্যাগ রূপ 'নিস্বার্থ', বিষ্ণু সেবা-রূপ চিখ্যু 'প্রার্থ ও 'স্বার্থ' অপূর্বভাবে একত্র সন্মিলিত। ডিনি শ্রীগৌরান্ত স্কুনতে সাফাৎ বাস্তব-কর নিরস্তক্ত্বক স্বনং ভগবান জানে সমগ্র জীবনুদের ক্মট্রেন্ন্স্যরূপ ভবরোগ (৬৬ 'পাপ' নর, সর্বপ্রকার পাপ অপেকাও স্থীবণ্ডম 'অপরাধ' বাশি) নিকের স্কান্ত প্রহণ করে তাদের खबरतानं स्मानस्मन कर्ता कामप्रतावारका मञ्जूनं निद्धश्रोखारु शर्थना करत या म्यान स्मान्त শ্রদর্শন করকেন, তা সমগ্র জগতে, ওধু জগতে কেন, সমগ্র চতুর্নশ ভূবনে স্বর্গশেষ্ঠ কর্মী, ঞ্জানীরও কল্পনাতীত। মানার বন্ধে অভেন গুতি আসন্তিহেত হিংসাপনামণ স্কীবের। হৈতাজগতে কর্ম ও জানের আদর্শকেই সমাধর করে বলে তানের অধিকাশেই কুকরী ও কুলানী শ্বারা তারা বৈকৃষ্ঠসেবক বাসুদেব মত ঠাকুরের নরকভোগের বাসনা অবশ করে নৈসংখিক ঈর্যা ও ৰন্দুভাব মূলে উল্লাস-গ্রনোদিত হয়ে গ্রাকে একজন 'পুণ্যবান সংকর্মী' वागदा 'उक्तवानी'त अधनुर्धाता यहा कहा अनुत अभान वा अधिन। अनुत कहालान, वामुहरूद দত্ত ঠাকুর যে তার থেকে অনন্তকোটি গুণে অধিক 'কীরে দয়া' প্রবৃত্তি বিশিষ্ট, তা আদৌ অভিনন্ধিত প্রশংসা বাকা বা অর্থনাদ নয়, অভি নির্মেক সভ্য কথা। বস্ততঃ ওান নতে। 'পরদংখে-দংখী' নৌরদাসদের আগমনে গুথিবী ধনা। হয়েছেন: ওসু প্রগঞ্জ নম, সমগ্র স্ত্রীব্রুসও ধনা হয়েছে। তার মতো গৌধনতের ওণগানেই বাস্বীদের জিহাব কল নিহিত; আর তার মতে৷ অকিখন ভগবস্তুতিবিশিষ্ট মহাভাগবতের ওপ বর্ণনার ক্যভেই কবি ও ঐতিহাসিকদের শেখনী অড় অনুসঞ্জান নহিত হয়ে সীয় সর্বশ্রেষ্ঠ সার্থকতা সম্পাদন ⊄্রা, মহাবদান শ্রীকুস্টাটভনোব দাস এতই মহতো পি মহীদান ও গরীয়ান। শ্রীল নরোন্ত্রম দাস ঠাকুর প্রতিপন্ন করে গেছেন যে, বাস্থের দত্ত হচ্ছেন শ্রীচৈতন্য মহাপ্রভুর আদর্শ ক্রন্ত

গৌরাঙ্গের সন্ধিয়ণে, বা না নিতা নিতা করি মানে, সে যায় ব্রজ্জেন্দ্রত পাশ।

মিনি শ্রীচেতন্য মহাপ্রভূব আদর্শ অনুসারে কৃষ্যভক্তি প্রচার করেন তাঁকে নিতাদিক বলে বিবেচনা কবাতে হবে। তিনি এই জড় জগতের মানুষ নম। তিনি চিং-জগতের নিতা ভগবদ পার্যদ এই ধননের ভগবস্তক সাবা জগতের জীবদের উদ্ধারের কালে মগ্র হয়ে শ্রীটোতন্য মহাপ্রভূব মডোই বদানাতা প্রদর্শন করেন। नत्या प्रश्नानमामः कृष्णक्षप्रधानसञ्ज । कृष्णमः कृष्णकेल्यानस्य ।गौतविदयं नत्रः ॥

সেই ধরনের ব্যক্তি যথার্থই ইটিচতনা মহাপ্রভূব প্রতিনিধিত্ব করেন, কেননা তাঁর হানয় বছজীবদের প্রতি করুলা পূর্ণ।

শ্লোক ১৬৪ ১৬৫
এক শুনি' মহাপ্রকৃর চিত্ত প্রবিলা ।
অঞ্চ-কম্প-স্থরভক্ষে কহিছে লাগিলা ॥ ১৬৪ ॥
"তোমার বিচিত্র নহে, তুমি—সাক্ষাৎ প্রহ্লাদ ।
তোমার উপরে কৃষ্ণের সম্পূর্ণ প্রসাদ ॥ ১৬৫ ॥
গ্লোকার্থ

বাস্থানৰ মন্তের এই অনুরোধ শুনে প্রীচৈতন্য মহাপ্রভূব কান্য প্রবীভূত হল, তাঁর দু'চোখ দিয়ে অক্স করে পড়কে লাগল, তাঁর শ্রীঅঙ্গ কশ্পিত হল। তথ্য সরে তিনি বলতে লাগলেন—"ভোমার পক্ষে এমন কথা বলা বিচিত্র নয়, কোননা তুমি সাক্ষ্ প্রচ্লাদ ভোমার উপন শ্রীকৃবের সম্পূর্ণ কুপা মরেছে।

> শ্লোক ১৬৬ কৃষ্ণ সেই সভ্য করে, যেই মাণে ভৃত্য ! ভৃত্য-বাঞ্-পূর্তি বিনু নাহি অন্য কৃত্য ॥ ১৬৬ ॥ শ্লোকার্থ

ঠার ভব্র তার কাছে বা চার, আকৃষ্ণ তাই তাকে দেন, তার সেবকের বাঞ্ পূর্তি মাড়া আর জন্য কিছু করণীয় নেই।

> গ্লোক ১৬৭ ব্রস্থাণ্ড জীবের তুমি বাঞ্জিলে নিস্তার । বিনা পাপ-ভোগে হবে সবার উদ্ধার ॥ ১৬৭ ॥ গ্লোকার্থ

্তৃত্বি প্রক্ষাণ্ডের সমস্ত্র জীবের নিস্তারের বাসনা করেছ, তাদের সকলেরই উদ্ধার হবে এবং সেজন্য ভোমাকে তামের পাপ ভোষ করতে হবে না।

> শ্লোক ১৬৮ অসমর্থ নহে কৃন্ধ, ধরে সর্ব বল । তোমাকে বা কেনে ভূঞাইবে পাপ-ফল? ১৬৮ ॥

শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণ অসমর্থ নন, তিনি সর্বশক্তিমান; কেন ভিন্নি তোমাকে অন্য সমস্ত জীবের পাশের ফল ডোগ করাবেন?

প্লোক ১৬৯
তুমি যাঁর হিত ৰাঞ্চ্', সে হৈল 'বৈক্ষৰ'।
বৈক্ষবের পাপ কৃষ্ণ দ্র করে সব ॥ ১৬৯ ॥
প্রোক্থ

"ভূমি মাদের হিত আঞ্চাজকা করেছ, তারা সকলেই 'বৈশ্বব' হয়েছে, এবং প্রীকৃষ্ণ বৈষ্ণবেদ্ধ সমস্ত শাপ দূর করেন।

তাৎপর্য

শ্রীচৈতনা মহাপ্রভূ এখানে বাস্পের পত্তকে বলেছেন যে, শ্রীকৃষ্ণ যেহেত্ সর্গশক্তিয়ান, তাই তিনি অনায়াসে সমস্ত বছাজীবকে তাদের জড় জোগ বাসনা থেকে মুক্ত করতে পারেন। প্রীটেডনা মহাপ্রভূ তাকে বলেছিলেন, "ভূমি যখন সমদৃষ্টি সম্পন্ন হয়ে, উচ্চাবচ নমস্ত জীবের হয়ে তাদের মঙ্গল প্রার্থনা করলে, তখন ভোনার প্রার্থনা অনুসারে পাশভোগ বাতীতই সকলে উদ্ধার লাভ করবে। তার বিনিমন্তে তোমাকে তাপের জনা নংগ্যক ভোগ করতে হবে না ভূমি যাদের মঙ্গল বাসনা করবে, তারাই 'বৈকঃ' হবেন এবং শ্রীকৃষ্ণ বৈক্ষরকৈ তার পূর্বকৃত পাপ কর্মকল থোকে মুক্ত করেন।" ভগবন্দীতাতেও (১৮/৬৬) শ্রীকৃষ্ণ সে প্রতিজ্ঞা করেছেন—

मर्वधर्मान् भतिष्यांका मारमकः नतशः क्रकः । ष्यकः प्रोः मर्वभारनरका याकविष्यापि मा ७५३ ॥

"সর্ব ধর্ম পরিত্যাগ করে তুমি কেবল আমার শরণাগত হও। তাহলে আমি তোমাকে তোমার সমস্ত পাপ থেকে মুক্ত করব। সেই জন্য কোন চিগ্তা কর না।"

কেউ যখন সম্পূর্ণকরে শ্রীকৃষ্ণের শ্রশাগত হন, তিনি তখন বৈষ্ণের হন। ভগবদ্গীতার এই শ্লোকে শ্রীকৃষ্ণ তাঁর ভক্তকে সমস্ত পাপ থেকে মুক্ত করার প্রতিজ্ঞা করেছেন সর্বভোভাবে শরশাগত বৈষ্ণব যে সম্পূর্ণরূপে জড় জগতের প্রভাব থেকে মুক্ত সেই সম্বন্ধে কোন সন্দেহ নেই। অর্থাৎ, তিনি তাঁর পূর্বকৃত পাপ ও পূন্য কর্মের ফল ভোগ করেন না। পাপ থেকে মুক্ত না হলে বৈষ্ণব হওয়া যান না। অর্থাৎ কেউ যদি বৈষ্ণব হন, তাহদে অবশাই তিনি সমস্ত পাপ থেকে মুক্ত হন। পাল-পূরাণে কলা হয়েছে—

ष्यधातकस्मारः भागरः कृषेरः वीक्तरः सरलासूत्रम् । अरमर्रापय अमीरसण्ड वियुक्तकिन्त्रजासमाम् ॥ "ভাষারশ্ব পাপের বিভিন্ন স্তব রয়েছে—কৃট (যে পাপ কর্মের ফল প্রায় নিষ্ক্রিয় অবস্থায় রয়েছে), বীজ (ধে পাপের ফল বীজ অবস্থায় রয়েছে), এবং ফলোলুথ (যে পাপের ফল ফলশ্রসূ হতে চলেছে)। কেউ যখন ভগবানের প্রেমময়ী সেবায় যুক্ত হন, তখন তার সর্বপ্রকার প্রবেশ ফল সম্পূর্ণরূপে বিনষ্ট হয়।"

(對本)90

যন্ত্রিক্রগোপমথবৈদ্রমহো স্বকর্ম বন্ধানুরূপফলভাজনমাতনোতি । কর্মাণি নির্দহতি কিন্তু চ ভক্তিভাজাং গোবিন্দমাদিপুরুবং তমহং ভল্লামি ॥ ১৭০ ॥

হঃ—ফিনি (গোনিন্দ), ভূ—কৈন্ত, ইন্দ্রগোপম্—ইন্দ্রগোপ নামক রক্তবর্গ কুন্ত কীট; অথ বা—কংগণ, ইন্দ্রম্—পেবর্জ ইন্দ্র, অহো—আহা, বৃকর্ম—প্রীয় কর্ম ফল, বন্ধ—বন্ধন অনুসাল—অনুসারে, কল—ফল; ভাজনম্—ভোগ করে, আতনোতি—প্রদান করেন, কর্মাণ—সর্বপ্রকার কর্মফল; নির্দহ্ভি—বিনাপ করে, কিন্তু—কিন্তু, চ—নিন্দ্রিভভাবে, ভিন্তিভাবে, ভিন্তিভাবিন্দ্রমান্—ভগগণ-সেবার নিযুক্ত ভক্তগণের, গোবিন্দ—গোবিদকে, আদিপুরুষম্—আদি পুরুব; তম্—ভাবে, অহম্—আনি, ভজামি—ভজনা করি।

অনুৰাদ

" 'যিনি ইস্ত্রগোপ কীট থেকে আরম্ভ করে দেবরার ইস্ত্র পর্যন্ত সমস্ত জীবদের কর্ম অনুসারে ফল ভোগ করান, কিন্তু দিনি তার ডক্তদের সমস্ত কর্মই বিনাশ করেন, আহা। সেই আমি পুরুষ গোবিন্দকে আমি ভক্তমা করি '

ভাৎপর্য

রোকটি *রাশা-সংহিতা (৫/৫৪*) থেকে উদ্ধৃত।

রোক ১৭১

তোমার ইচ্ছা-মাত্রে হবে ব্রন্ধাণ্ড-মোচন। সর্ব মুক্ত করিতে কৃষ্ণের মাহি কিছু প্রম ॥ ১৭১ ॥ প্রোকার্থ

"তোমার ইচ্ছা অনুসারে রক্ষাণ্ডের সমস্ত জীবের ডব-বন্ধন মোচন হবে; সমস্ত জীবদের মৃক্য করতে কৃক্ষের একট্রও পরিক্রম হয় না।

লোক ১৭২

এক উড়ুম্বর বৃক্ষে লাগে কোটি-ফলে । কোটি যে ব্রহ্মাণ্ড ভাসে বিরজার জলে ॥ ১৭২ ॥

রোকার্থ

'উভদ্বৰ গাঙে যেমন কোটি কোটি ফল ফলে, তেমনই কোটি কোটি ব্ৰহ্মাণ্ড বিরন্ধার জনে ভাসছে।

জাহপর্য

জড় জগং এবং চিং-জগড়ের মাথে ধ্রিজা নদী তার পরপারে জ্যোতির্ময় রক্ষধানের দ্বারা মতিত সবিশেষ বৈক্ষধাম এবং অপন পারে জড় জগৎ। বিরহা নদীর এই পাড়ে কারণ সমুদ্রে অসংখ্য জড় ব্রহ্মান্ড ভাসমান। প্রাকৃত ছগতে ত্রিওণ বর্তমান এবং বিরন্ধা মলীতে প্রকৃতির তিনটি ওপের সাম্য অবস্থা বিরাজমান।

> শ্রোক ১৭৩ তার এক ফল পড়ি' যদি নউ হয় 1 তথাপি বৃক্ষ নাহি জানে নিজ্ঞস্পচয় 🛚 ১৭৩ 🗈 त्याकार्थ

"फेंड पत तक तक तक करत अर्थ अवर जात अवसी क्या यमि माँडे रहा यहा, जारूरण সে বৃক্ষ অপচয় অনুদ্ৰব করে নাঃ

> (制本)98 তৈহে এক ব্ৰহ্মাণ্ড যদি মুক্ত হয় ? তব্ অল্ল-হানি কুছেন্ত্র মনে নাহি লয় 🛭 ১৭৪ 🗈

"ভোমনীই, সমস্ত জীব মুক্ত হয়ে যাওয়ার কলে যদি একটি ব্রহ্মাও শূন্য হয়ে যায়, ভাহলে গ্রীকৃষ্ণ তরে কোন খরুৰ দেন না।

> (関本 296 অনন্ত ঐশ্বৰ্য কুমের বৈকৃষ্ঠাদি-থাম ! তার গড়খাই-কারণাক্তি খার নাম 🛮 ১৭৫ 🗈 লোকার্থ

"শ্রীকৃষ্ণের বৈকৃষ্ঠ আদি ধাম অনস্ত ঐবর্থে পূর্ণ এবং কারণ সমুদ্র সেই বৈকৃষ্ঠলোকের চারপাশ বেষ্টনকারী জল সদৃশ।

> শ্লোক ১৭৬ তাতে ভাসে মায়া লঞা অনন্ত ব্ৰহ্মাও ৷ গডখাইতে ভাঙ্গে যেন রাই-পূর্ব ভাও 🛭 ১৭৬ 🗈

(अंकिनार्थ

'অনন্ত ব্রহ্মান্ত সময়িত মায়া সেই কারণ-সমুদ্রের জলে ভাসে, যেন সেই গাভখবিয়ের জনে সরিবা পর্ব একটি পাত্র ভাসছে।

(2) 本 399

তার এক রাই-নাশে হানি নাহি মানি : ঐছে এক অও-নাশে কৃষ্ণের নাহি হানি । ১৭৭॥

"সেই লক্ষ্য লক্ষ্য সরিষ্য দানা থেকে যদি একটি সরিষা দানা নউ হয়ে যায়, তাহকে সেটিকে কোন ক্ষতি বলে মনে হয় না, ঠিক তেমনি একটি ব্রহ্মাণ্ড ন'ষ্ট হয়ে গোলে শ্রীকৃষ্ণ ভাকে কভি বলে মনে করেন নাং

> প্রোক ১৭৮ সৰ ব্ৰহ্মাণ্ড সহ যদি 'মায়া'র হয় কয় । कथानि मा मारन कृषा किছू व्यन्ता ॥ ১৭৮॥

"একটি ব্ৰহ্মাণ্ডের কি কথা, সংকটি ব্ৰহ্মাণ্ড সহ যদি মায়ারও ক্ষয় হয়ে যায়, তাহলেও প্ৰীকৃষ্ণ ভাকে ক্ষতি বলে মনে করেন না।

> রোক ১৭৯ काणि-कामरधनु-भक्ति कांगी रेगरक मरत । বড়ৈশ্বৰ্যপতি কৃষ্ণের মায়া কিবা করে ? ১৭৯ ৷৷

"বিনি কোটি কোটি কাসখেনুর অধিকারী, তাঁর বদি একটি ছাগণ মরে যায়, তাহুণে ধেষন জার কাছে সেই ক্ষতি কোন ক্ষতিই নছ, তেমনই যদি বড়-ঐপূর্যের অধীশ্র জীকুকের সমগ্র সায়া শক্তি বিনাশ প্রাপ্ত হয়, ডবে তিনি কী ক্ষতিগ্রস্ত ছন?"

একশ একান্তর খেকে একশ উনআশি (১৭১-১৭৯) শ্লোকের অর্থ বিশ্লেষণ করে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর বলেছেল যে, এই শ্লোকগুলির শব্দার্থ অত্যন্ত সর্বল হলেও, তার ভাবার্থ অন্তান্ত কঠিন। জীব যখন কৃষ্ণ-বহির্মুখ হয়ে মায়ার বন্ধনে পড়ে, তথন মারা অনন্ত কোটি ব্রহ্মাণ্ড সৃষ্টি করে সেই সমস্ত জীবদের কৃষ্ণ-বৈমুখ্যের ফল স্বরূপ কর্মতোগ করান। কর্মফল ভোগ করতে অভ্যন্ত উৎসূক হয়ে বদ্ধজীব কর্মফল বা 'ক্রিয়া-প্রতিক্রিয়া'র বছনে আবদ্ধ হয়ে পড়ে। কিন্তু, বছজীব যঞ্চন কৃঞ্চ-উদ্মুখ হুন, তখন তার

मिला 54

ėo.

পাপ এবং পুণ্য সমন্তে কর্মই সম্পূর্ণকরেণ বিনষ্ট হয়। কেবল ভগবন্তক্ত ইবার ফলে, সমস্ত कर्मक्य (बंदक मुख २५ हा गाँउ (छमन्दे, छान्स्ट्राउन ३ स्टाउ करन वस्त्वीव कर्मफल्नत वक्षन एथएक मुख इस अवेखार मकरमंद्रे समि मुख इसा याम, खादान क्रिडे মনে করতে পারে যে, ভাক্তের ইচ্ছায় ব্রন্দাত থাকবে, বা ধাকবে না, তা যদি ইয়, ভাহলে শ্রীক্রফের ছাগং কিভাবে নিয়মিত হতে পারে : চরমে অকশ্য, সবকিছই পরমেশর ভগবানেরই ইচ্ছা, যিনি ইচ্ছা করলে, সমগ্র কড-সৃষ্টি ধাংস করে যেলতে পাবেন, এবং তাতে তার কোন ক্ষতি হয় না। কোটি-কোটি কামধেনুর যিনি অধিকারী তিনি একটি ছাগল হারালে সেটিকে কোন ক্ষতি বঙ্গেই মনে করেন না। তেমনই, খ্রীক্ষণ জড এবং চেতন উভ্যা জগতেরই অধীধন সেই চিৎ-জগৎ—বিশাদ। সেই চিৎ-জগতের স্বায়ারল মায়ার অধিকত এই অভ জগৎ একগাদ মায়া-স্থনাপ শক্তির ছায়া যাত্র, অভএব কোটি काभारधनत प्राधिकाती खीक्राकत काट्ड अकिंड खाँगी मांग्र । श्वरूक्तत विकासका यपि अविधि মান্ত্রিক ব্রহ্মাণ্ডের উদ্ধার হয়ে যায়, তাতে শ্রীকৃকের কতি উপলব্ধ হয় না।

> (4) 本 300 জয় জয় জহাজামজিত দোষগৃতীতওণাং ত্বমসি যদাজুনা সমবরুজসমন্তভগঃ ৷ অগল্পাদোকসামখিলশক্তাববোধক তে कृतिमकामाञ्चनां च चत्ररखार्थन्तरतविशयः ॥" >৮० ॥

স্কর জর—কুপা করে আপনরে মহিমা প্রদর্শন করণ, স্কহি—বিনট করে, অস্কাম্—অবিদ্যা বা মায়াকে: অঞ্জিত—হে অঞ্জিত, দোৰ—দোক, গৃড়ীছণ্ডশাম্—এণ গ্ৰহণকাৰী, স্বৰ্ তুমি; অসি—হও, যদ—বেহেতঃ আশ্বাদা—তোমার অন্তর্জা শক্তির ছারা; সমবক্তম— ধারণ করে; সমস্তুভগঃ—সমস্ত ঐশ্বর্য, অগ—স্থাবর, জগৎ—গতিশীল, ওঞ্চসাম—দেহধারী জীবের: অধিন—সমস্ত: শক্তি—শক্তির: অববোধক—অধীশ্বর: তে—ভূমি: স্কৃতিৎ—ক্ষবনো কথনো, অজ্বয়া—বহিন্তপা শক্তির বারা, আত্মনা—খ্যাং, চ—ও, চরতং—সীলা প্রকাশ করে (দৃষ্টিলাতের মানা), **অনুচারেৎ—**প্রতিপাদন করে, নিগমঃ—সমস্ত বৈদিক শাস্ত্র।

প্রীচৈতন্য মহাপ্রভু বললেন, " 'হে অজিত, হে সর্বশক্তিমান, দল্ল করে ভূমি সেই চরাচন মায়াকে বিনষ্ট করে ভোমার অন্তরঙ্গা শক্তির মহিমা প্রকাশ কর। মায়ার প্রকাবে জীব অস্ত্যকে সত্য বলে মনে করে এক ভয়ন্ধর অবস্থার পতিত হ্যেছে। তে ভগবান, দরা করে তমি জোমার মহিমা প্রদর্শন কর। তুমি অনারাসে ডা করতে পার, কেননা ডোমার অন্তরঙ্গা শক্তি বহিরতা মায়ার শক্তি থেকে অনেক অনেক ওপ প্রেম, এবং ভূমি সমগ্র ঐশ্বর্যের আধার। তুমি চিৎ-ক্রণতে তোমার আত্মশক্তির ছারা শীকা-বিলাস কর, এবং কোন কারণ বশতঃ তোমার ছায়া শক্তি সাহার প্রতি দৃষ্টিপাত করে ভার ধারা সৃষ্টি আদি লীলাবিলাস কর। বেদ ভোমার এই দুপ্তকার লীলাই বর্ণনা করে।' "

এই প্লোকটি শ্রীসম্ভাগতত (১০/৮৭/১৪) খেকে উত্তত এটি মর্তিমনে বেদ বা শ্রুতিগ্র কর্তক ভগবানের স্তব।

প্রমেশ্বর ভগবানের তিন প্রকার শক্তি —অন্তরঙ্গা, বহিরঙ্গা এবং তটছা বন্ধ জীব যগন ভগৰং বিশ্বভির ফলে অধংগতিত হয়, তখন ভগবানের বহিরকা শক্তি এই জড রগৎ সৃষ্টি করে সেই সমন্ত জীবদের সেখানে আটকে রেখে দণ্ডদান করেন। জভা-প্রকৃতির তিনটি গুণ জীবদের নিরম্ভর ভয়ে ভীত করে রাখে ভয়ম দিখীয়াভিনিবেশত।। বহিরকা শক্তির দারা নিমন্ত্রিত হয়ে বন্ধজীব সর্বদা ভয়ে ভীত থাকে: তাই বন্ধজীবের কর্তনা, সর্বাদ্য পরমেশ্বর ভগবানের কাছে প্রার্থনা করা, যেন তিনি বহিরকা মায়াশতিকে পরাভত করেন; যাতে মায়া আর চরাচর জীবদের বন্ধনকারী শক্তি আর প্রকাশ করতে না পারে। এভারেই রার্থনার বারা নিরন্তর ভগবানের সঙ্গে বাকার যোগাতা সাভ করা भारत व्यवर सभावर-भारत भारतमभात सभावात्मत कार्य अञ्चावर्कत्मत वामना भूगं श्रवः

> (संद ३५) এই মত সৰ্বভাকের কহি' সৰ ওপ ৷ সবারে বিদায় দিল করি' আলিক্স ম ১৮১ গ্র গ্ৰোকাৰ্থ

এইভাবে সমস্ত ভক্তদের ওপ বর্ণনা করে, উাদের সক্ষলকে আলিকন করে জীচৈতন্য মহাপ্রক ভাঁকের বিদায় দিলেন।

> শ্লোক ১৮২ প্রভর বিক্ষেদে ছক্ত করেন রোদন t **कट्कत विटक्टर अक्त विश्व दिल मन 🛭 ১৮২ 🎚** প্ৰোক্তাৰ্থ

প্রীচৈতনা স্থাপ্তর মাসর বিক্ষেপে ভক্তরা রোদন করতে লাগলেন, এবং ভক্তের विकार बहारासूद्र यन विश्व दल।

> ক্রোক ১৮৩ গদাধর-পণ্ডিত রহিল প্রস্তুর পার্লে । যমেশ্বরে প্রভু বাঁরে করাইলা আবাসে 🛭 ১৮৩ ॥

গদাৰৰ পণ্ডিত শ্ৰীকৈতন্য মহাপ্ৰভৱ সঙ্গে বুইলেন, এবং মহাপ্ৰস্থ তাঁকে যমেশ্বরে থাকবার वावकां करत मिरलन।

ভাৎপর্য

ম্যান্ত্রর জগন্তার মন্দ্রিরের দক্ষিণ পশ্চিম দিকে অবস্থিত সাধাধ্য পশ্চিত সেখানে থাকতেন ক্রাং নেখানে বালুকাবেলার **যমেশ্বর টোটা নামে একটি ছৌট উদ্যান** ছিল।

পুরী-গোসাঞি, জগদানক, স্বরূপ-দামোদর । দামোদর পণ্ডিত, আর গোবিক, কাশীশ্বর ॥ ১৮৪ ॥ এইসকসকে প্রভূ বৈসে নীলাচলে । জগনাথ-দরশন নিত্য করে প্রাতঃকালে ॥ ১৮৫ ॥

পরমানন্দ পুরী, জগদানন্দ, স্বরূপ দামোদর, দামোদর পণ্ডিত, গোবিন্দ এবং কাশীব্রর এনের নিবে প্রীচৈতন্য মহাপ্রভূ নীলাচলে রইলেনঃ সহাপ্রভূ প্রতিমিন সক্যুলে শ্রীজগরাথদেবকে দর্শন করতেন।

প্রোক ১৮৬-১৮৮
প্রজ্-পাশ আসি' সার্বভৌষ এক দিন।
ব্যোজ্হাত করি' কিছু কৈল নিবেদন ৪ ১৮৬ ॥
এবে সব বৈষ্ণব গৌড়দেশে চলি' গোল।
এবে প্রভুব নিমন্ত্রণে অবসর হৈল ৪ ১৮৭ ॥
এবে মোর ঘরে ভিকা করহ 'মাস' ভরি।
প্রভু কহে,—ধর্ম নহে, করিতে না পারি ৪ ১৮৮ ॥
প্রোকার্থ

একদিন সার্বস্টোম ভট্টাচার্য খ্রীটিচতন্য মহাপ্রভুর কাছে এসে, হাত মেড় করে অনুরোধ করলেন, "সমস্ত বৈক্ষরেরা এখন গৌড়দেশে ফিরে গেছেন, এখন আপনি আমার গৃহে নিমন্ত্রণ শ্রহণ করুন। এখন এক মাস আপনি আমার মরে ভিক্ষা রহেণ করুন।" শ্রীটিচতন্য মহাপ্রভু তখন তাকে বললেন, "তা সম্ভব নয়, কেননা ভা সন্ন্যাসীর ধর্ম বিক্ষয়।"

> রোক ১৮৯ সার্বভৌম কহে,—ভিক্ষা করহ বিশ দিন। প্রভু কহে,—এহ নহে ষতিধর্ম-চিহ্ন ॥ ১৮৯ ॥ ধ্যোকার্থ

শার্বভৌম ভট্টাচার্য তথন বললেন, "দ্যা করে অন্তত বিশ দিন আমার ধরে ভিক্সা গ্রহণ করুন।" কিন্তু প্রীচৈডনা মহাপ্রভূ বললেন, "সেটিও সম্মানীর ধর্ম নায়।" (数本 350

সার্বভৌম কহে পুনঃ, দিন 'পথদাশ' ৷ প্রভু কহে,—তোমার ভিক্ষা 'এক' দিবস ॥ ১৯০ ৷৷ শ্লোকার্থ

সার্বভৌষ ভট্টাচার্যের পুরু শ্রীচৈতনা মহাপ্রভার প্রসাদ সেবা

মার্বন্দ্রীয় ভট্টার্চার্য বর্ষন প্রীচৈতন্য মহাপ্রভূকে বননেন, অন্তভঃ পনের দিন তার গৃহে তিকা গ্রহণ করতে; তখন মহাপ্রভূ বনলেন, "আমি কেবল একদিন ভোষার গৃহে ডিক্ষা গ্রহণ করতে পারি।"

> লোক ১৯১ তবে সার্বভৌষ প্রভুর চরপে ধরিয়া । 'দশদিন ডিকা কর' কহে বিনতি করিয়া ॥ ১৯১॥ ধ্যাকার্থ

সংগ্ৰেটীৰ ভট্টাচাৰ্য ভখন শ্ৰীচৈতন) মহাপ্ৰভুগ্ন পায়ে ধরে বিনীতভাবে অনুরোধ করলেন, "অন্তত দশনিন জ্ঞানার পুহে জিকা গ্রহণ করন।"

> ক্লোক ১৯২ প্রভূ রূমে ব্রুমে পাঁচ-দিন ঘাটাইল। পাঁচ-দিন তাঁর ডিক্সা নিয়ম করিল ॥ ১৯২॥ রোকার্থ

এনশেবে ঐতিক্তন্য মহাপ্রভু পাঁচদিন তার ঘরে বিক্ষা গ্রহণ করতে সম্মত হলেন।

শ্লোক ১৯৩ তবে সার্বভৌম করে আর নিবেদন। ভোমার সঙ্গে সন্যাসী আছে দশজন। ১৯৩॥ শ্লোকার্য

েন্স সার্বভৌম ভট্টাচার্য বললেন, "প্রভু, জোমার সঙ্গে দশজন সন্যাসী রয়েছেন " ভাৎপর্য

স্থান্দীর নিজের জন্য রন্ধন করা উচিত নয় অথবা ভাক্তের গৃহে একনাগাড়ে জনেক কি নিমন্ত্রণ গ্রহণ করা উচিত নয়। জীচৈতন্য মহাপ্রতু তাঁর ভক্তদের প্রতি অত্যন্ত স্লেহ্ব ধবক্ষর ছিলেন, কিন্তু তবুও তিনি সার্বভৌম ভট্টাচার্বেব গৃহে একসঙ্গে অনেকদিন প্রসাদ গ্রহণ করতে সম্মত হননি। বাৎসন্ত্রা হেতু তিনি কেবল পাঁচদিন তাঁর গৃহে প্রসাদ গ্রহণ করতে সম্মত হয়েছিকেন। স্থাটিতেন্য মহাপ্রভুর সঙ্গে যে দশজন সন্মাসী ছিলেন তাঁরা হচ্ছেন—১) পরমানন্দ পুরী, ২) স্বরূপ দামোদর, ৩) ব্রহ্মানন্দ পুরী, ৪) ব্রহ্মানন্দ ভারতী, ৫) বিষ্ণু পুরী, ৬) কেশব পুরী, ৭) কৃষ্ণদাস পুরী, ৮) নসিংহ তীর্থ, ৯) সরদানদ পুরী এবং ১০) সত্যালন্দ ভারতী।

८थांक ५५८

পুরী-গোসাঞির ডিক্ষা পাঁচদিন মোর ঘরে। পূর্বে আমি কহিয়াছোঁ তোমার গোচরে 🛚 ১৯৪ 🗈

সার্বভৌম ভট্রাচার্য ভখন কললেন, "পুরী গোসাঞিকে আমি পাঁচদিন আমার ছরে ভিকা ্রাহণ করতে বলেন্ডি তা তোমার জানা আছে।

> প্রোক ১৯৫ मार्गामत-वक्तभे, और वास्तव आमात ! কভূ তোমার সঙ্গে বাবে, কভূ একেশ্বর 🛭 ১৯৫ 🗈

সার্বভৌয ভট্টাচার্য বললেন, "মামোদর-স্বরূপ আমার অন্তর্জ বন্ধু। সে কবন ভোমার मुक्त यादा व्यवश् कर्यन व्यवसा यादा।

জ্বোক ১৯৬

আর অস্ট সন্মাসীর ডিগ্রা দুই দুই নিবসে। এক এক দিন, এক এক জনে পূর্ণ ইইল মাসে 🛭 ১৯৬ 🗈 বোকার্থ

"আর আটঞ্জন সন্ন্যাসী দুদিন দুদিন করে আমার ঘরে ভিকা রহণ করকে। এইভাবে मारअत अवकृष्टि निनेद अधानीरमत निप्रकृत्व भून हरन। ডাংগর্ড

মাসের ত্রিশ দিনের মধ্যে, শ্রীটেতন্য মহাপ্রভ পাঁচদিন, প্রমানন্দপরী পাঁচদিন, স্বরুগ দামোদর চার দিন এবং অটিজন সর্রামী বোল দিন, এইভাবে বিশ দিন হওয়ায় একমাস পূৰ্ণ হল।

শ্লোক ১৯৭

বহুত সন্মাসী যদি আইসে এক ঠাঁঞি ৷ সমান করিতে নারি, অপরাধ পাই ॥ ১৯৭ ॥

শ্ৰোকাৰ্থ

"ক্ত সন্ন্যাসী বন্ধি একসক্ষে আসেন ভাছলে হয়ত ভাঁমের উপযুক্ত সম্মান প্রদর্শন করতে পারব না, ভাহতে আমার অপরাধ হবে।

জ্বোক ১৯৮

তুমিহ নিজ-ছায়ে আসিখে মোর ঘর । কড় সভে আসিবেদ স্থরূপ-দামোদর 🛭 ১৯৮ 🏗 গ্ৰোকাৰ্থ

'কখন তমি একলা আমার বৃত্তে আসবে, এবং কখন স্বরূপ দামোদর তোমার সঙ্গে আসবে।"

(副本)为为

প্রভার ইন্সিত পাঞা আনন্দিত মন 1 সেই দিন সহাপ্রভার কৈল নিমন্ত্রণ 🗈 ১৯৯ 🗈

এট আরোজনে প্রীটেডন্য সহপ্রেক্তর সম্বতি লাভ করে সার্বডৌম ভট্টাচার্য অত্যন্ত আনন্দিত इरजन, जबर लोडेबिनीरे छारक छात्र श्रंटर निमञ्जूण करायान।

> (間本 200 'বাঠীর মাতা' নাম, ভট্টাচার্ফের গৃহিণী। প্রভুর মহাভক্ত ভেঁহো, স্লেহেতে জননী। ২০০ । ভোকার্থ

সাৰ্বভৌথ ভটাচাৰ্যের পদ্মী 'বাঠার মাড়া' নাথে পরিচিত ছিলেন। ডিনি ছিলেন শ্রীচৈতন্য বহাপ্রকৃত্ব একজন মহান ভক্ত এবং ডিনি ছিলেন স্কানীর মতো হেছময়ী

(副本 40)

ঘরে অসি' ভট্টাচার্য ভাঁরে আজা দিল। আনন্দে যাঠীর মাতা পাক চডাইল ৪ ২০১ ॥ শ্ৰোকাৰ্থ

ঘরে কিরে এসে, সার্বভৌম ভট্টাচার্য ভাঁর পদ্মীকে আদেশ দিলেন এবং বাঠীর মাতা তখন মহা আনকে সম্ভা করতে ওক করলেন।

> (अंक २०२ ভট্টাচার্মের গুহে সব দ্রব্য আছে ভরি' 1 যেবা শাকফলাদিক, আনহিল আহরি' মু ২০২ ম

মার্বভৌম ভট্টাচার্মের গৃহ মব রকম দ্রব্য সম্ভারে পূর্ণ ছিল; এবং যে যে শাক-সন্তি, फन, यून देखापित क्षताखन दिन का दिनि जद किरन निया **अ**स्तर।

শ্লোক ২০৩

আপনি ভট্টাচার্য করে পাকের সব কর্ম। ষাঠীর মাতা-বিচক্ষণা, জানে পাক-মর্ম ।। ২০৬ ॥

সার্বভৌম উট্টাচার্য স্থাং তার খ্রীকে রন্ধন কার্থে সাহায্য করতে লাগলেন। তার পদ্মী যাঠীর মাতা ছিলেন অতান্ত নিচক্ষণা এবং রদ্ধনে অতান্ত পরেদশিনী।

> গ্রোক ২০৪-২০৫ পাকশালার দক্ষিণে—দৃই ভোগালয়। এক-ঘরে শালগ্রামের ভোগ-সেবা হয় ■ ২০৪ চ আর ঘর মহাপ্রভুর ভিক্ষার লাগিয়া। নিভতে করিয়াছে ভট্ট নৃতন করিয়া 🛭 ২০৫ 🕆 आसार्थ

রন্ধন শালার দক্ষিণে দৃটি ভোগালয় ছিল। "এর একটিতে নারায়ণ শিলার ভোগ সেবা হও। অপর ধরটি সার্বভৌম ভট্টাচার্য শ্রীচৈতন্য সহাপ্রভুর ভিকার জনা নিভূতে নতুন কৰে তৈবি লাবেছিলেন।

ডাৎপর্য

বৈদিক পদার অনুগাসীরা নারানানের বিগ্রহ শালগ্রাম শিলা পূজা করেন। ভারতবর্ষে ব্রান্সদের। এখনও গৃহে শালগ্রাম পূজা করেন। কৈন্য এবং কত্রিয়ের।ও শালগ্রাম পূজা করতে পারেন, তবে তান্ধাণদের গৃহে শালগ্রাম শিলান পূজা করা অবশা কঠব।।

গ্রোক ২০৬

বাহ্যে এক দার ভার, প্রস্কু প্রবেশিতে 1 পাকশালার এক হার অন পরিবেশিতে 🛚 ২০৬ 🗈 শ্লোকার্থ

সেই খরটিডে শ্রীটেডনা মহাপ্রভুর প্রবেশের জন্য বাহিরের দিকে একটি ছার ছিল; এবং আন পরিবেশন করার জন্য পাকশালার দিকে একটি ছার ছিল।

শ্ৰোক ২০৭

বন্তিশা-আঠিয়া কলার আঙ্গটিয়া পাতে। তিন-মান ভণ্ডলের উভারিল ভাতে য় ২০৭ ॥ শ্লোকার্থ

বন্তিশা-আঠিয়া কলার একটি পুরো পাডায় প্রায় ভিন সের চালের আন পরিবেশন করা रसिन्।

खांदर्शर्ध

প্রীচেতনা মহাপ্রভর জন্য যে বাহা করা হয়েছিল এইভাবে তার বর্ণনা ওক করা হয়েছে এই বর্ণনা থেকে অনুমান করা যায় যে খ্রীল কৃষ্ণলাস কবিবার গোখামী নির্ভেও রম্বন এবং পরিবেশন কার্বে জতাও সুদক্ষ ছিলেন।

> **(対す 30b** পীত-সুপদ্ধি-মৃতে অন্ন সিম্ভ কৈল ৷ চারিদিকে পাতে ঘৃত বহিয়া চলিক ॥ ২০৮ ॥

ভারপর, সেঁই অন্ন পীতবর্ণ সুগদ্ধিত ঘতে সিক্ত করা হল এবং সেঁই কলাপাতার চারদিকে যি গড়িরে পড়তে লাগল।

> (ब्रॉक २०३ কেয়াপত্র-কলাখোলা-ডোকা সারি সারি । চারিদিকে ধরিয়াছে নানা ব্যপ্তন ভরি' ম ২০৯ 🏾

কেয়াপাতা এবং কলার খোলা দিয়ে ডোঙা বাদানো হয়েছিল, এবং সেওলিতে নানাপ্রকার ব্যস্ত্রন পরিবেশন করে সারি সারি ভাবে পাতের চারপাশে সাজান হয়েছিল,

লোকার্ঘ

শ্ৰোক ২১০

দশপ্রকার শাক, নিম্ন ভিক্ত-সৃখত-ঝোল ৷ মরিচের ঝাল, ছানাবভা, বডি মোল 11 ২১০ 11 শ্লোকার্থ

দশপ্রকার শাক, নিম পাডার সূত্রত—কোল, মরিচের ঝাল, ছানাবড়া, বড়ি যোল রন্ধন করা হয়েছিল।

(計画 422)

দুগ্ধতুরী, দুগ্ধকুথাও, বেসর, লাফ্রা। মোচাঘণ্ট, মোচাভাজা, বিবিধ শাক্রা ॥ ২১১ ॥

শ্লোকার্থ

দুগ্মতুখী (দৃধে পাক করা লাউ), দুগ্ধকুখাও (দৃধে পাক করা কুমড়ো), বেসর (সরবে বটা দিয়ে তৈরি তরকারী), লাফ্রা, মোচাফন্ট, মোচাফালা এবং বিবিধ প্রকার শাক্রা (মিষ্ট্রতাযুক্ত তরকারী) রন্ধন করা হয়েছিল।

(学)本 ミンミ

বৃদ্ধকুমাওবড়ীর ব্যঞ্জন অপার ৷
ফুলবড়ী-ফল-মূল বিবিধ প্রকার ৷ ২১২ ৷৷
শোকার্থ

অপর্যাপ্ত পরিমানে বুড়ো-কুমড়োর বড়ী, কুলবড়ী এবং বিবিধ প্রকার করা-মূল বোগাড় করা ব্যেছিল।

শ্লোক ২১৩

নৰ-নিশ্বপত্ৰ-সহ জ্উ-বাৰ্ডাকী ৷ ফুলবড়ী, পটোল-ছাজা, কুম্বাণ্ড-মান-চাকী ৷৷ ২১৩ ৷৷ গোনাৰ্থ

কচি নিম্পাতা সহ বেশুন ভাজা, কুলবড়ী, পটোক ভাজা এবং ছেট ছেট চাকতি করে কুমড়ো ও মানকচু ভাজা রন্ধন করা ইমেছিল।

त्वाक २५८

ভূষ্ট-মাষ-মুদ্গ-সূপ অমৃত নিক্র । মধ্রাল, বড়ালাদি অল পাঁচ হয় য ২১৪ ।

য়োকার্থ

ভাজা মাস-কলাই ডাল এবং ভাজা মুগের ডাল রন্ধন করা হয়েছিল, খার স্বাদ অমৃতকে পর্যন্ত নিন্দা করে; আর চাটনী এবং বড়ামাদি পাঁচ ছয় প্রকার উক রন্ধন করা হয়েছিল।

গ্ৰোক ২১৫

মুদ্গবড়া, মাধবড়া, কলাবড়া মিষ্ট । ক্ষীরপুলি, নারিকেল-পুলি আর যত পিষ্ট ॥ ২১৫ ॥ লোকার্থ

মূল ডালের বড়া, কলাই ডালের বড়া, মিস্টি কলার বড়া, আর ফীরপুলি, নারিকেল পুলি এবং বহু প্রকারের পিঠা ডৈরি করা হয়েছিল।

শ্ৰোক ২১৬

কাঁজিবড়া, দুগ্ধ-চিড়া, দুগ্ধ-লক্লকী । আর যত পিঠা কৈল, কহিতে না শকি ॥ ২১৬ ॥

লোকার্থ

কাজিবড়া, দৃশ্ব-চিড়া, দৃশ্ব-লক্ত্রকী (চুবীপুলি) এবং আর নানাপ্রকার পিঠা ডৈরি করা হরেছিল বা আমি বর্গনা করতে অক্ষ।

त्र्यांक २५९

ষ্ক-সিক্ত পরমার, মৃৎকৃণ্ডিকা ভরি'। টাপাকলা-বনদৃধ-আন ভাহা ধরি ॥ ২১৭ 🏾

য়োকার্থ

মৃত-মিন্তা প্রমান্ন একটি মাটির পাত্তে ভারে ভাতে টাপাকলা, ঘন দৃধ এবং আম মেশান হয়েছিল।

(政)本 572-550

तमाना-प्रविक्त एथि, मरमन काशात । भौएए उरकरण यक करकात क्षेत्रकात ॥ २०৮॥ क्षका कति कहि। छो। ये ये कति । एक-भीरोशभित मृष्ट्र वमन शाकिन ॥ २००॥ पूरे भारन मृत्रकि भीकन क्षम-थात्री । क्षत-शक्षरमाभित्र क्षिम क्ष्मी-प्रकृती ॥ २२०॥

লোকাৰ্য

অতি উপাদের দইয়ের মাধা, বিবিধ প্রকার সন্দেশ, গৌড়ে এবং উৎকলে যত প্রকার রামা রয়েছে, প্রাচ্চ সহকারে স্মর্বভৌম ভট্টাচার্য সে সব রন্ধন করালেন। সাদা পিড়ির উপরে একটি পাড়লা কাপড়ের আসন পাতা হল এবং ভার দুপাশে সুগন্ধি শীতল জলের বারী রাখা হল এবং সমস্ত ক্ষর ব্যক্তনের উপর ভুলসী-মন্ত্রী রাখা হল

> শ্লোক ২২১ অস্ত-শুটিকা, পিঠা-পানা আনহিল ৷ জগলাধ প্রসাদ সব পৃথক্ ধরিল ৷৷ ২২১ ৷৷

শ্ৰেক ২৩০

রোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য শ্রীজগন্নাথদেবের প্রসাদ—অমৃত গুটিকা, পিঠা-পানা আনালেন এবং সেওলি পৃথকভাবে রাখা হল।

ভাহপর্য

সার্বস্টোয় ভট্টাচার্য দ্রীজগরাধদেরের প্রসাদ আনিয়ে তা আলাদাভাবে রেক্সিনে। কবনো কথানো ভগবানকে নির্বেদিত প্রসাদ অধিক পরিমাশে রালা কবা নৈবেদোর সঙ্গে মিশিয়ে দিতরাণ করা হয় কিন্তু এখানে আমর। দেখতে পাছিছ যে সার্বভৌম ভট্টাচার্য জগায় থদেরের প্রসাদ আলাদাভাবে রেখেছিলেন। শ্রীকৈতন্য মহাপ্রভূব সম্ভৃত্তি বিধানের জন্য তিনি বিশেষ করে তা আলাদাভাবে রেখেছিলেন।

শ্লোক ২২২

হেনকালে মহাপ্রভু মধ্যাক করিয়া। একলে আইল তীর হৃদয় জানিয়া ॥ ২২২ ম

সেঁই স্থান, শ্রীতৈতন্য মহাপ্রতু মধ্যাক জিলা সমাপন করে, সার্বভৌষ ভট্টাচার্যের জন্ম জেনে একলা এলেন

শ্ৰোক ২২৩

ভট্টাচার্য কৈল তবে পান প্রকাশন । যরের ভিতরে গোলা করিতে ভোজন ॥ ২২৩ ॥ শ্রোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য ভাঁর পা খুমিরে দিলেন, তারপর ব্রীচৈতন্য মহাপ্রভু ভোজন করতে মরের ভিতরে গেলেন।

শ্লোক ২২৪-২২৫
অলাদি দেখিয়া প্রজু বিশিক হঞা ।
ভট্টাচার্যে কহে কিছু ভঙ্গি করিয়া য় ২২৪ ॥
অনৌকিক এই সব অল ব্যঞ্জন ।
দুই প্রহর ভিতরে কৈছে ইইল বন্ধন ? ২২৫ ॥
শ্রেকার্য

সেই প্রচুর পরিমাণ জন্ন দর্শন করে বিস্মিত হয়ে, ভঙ্গি করে প্রীচৈতনা মহাপ্রভু স্মর্কভৌম ভট্টাচার্মকে বললেন, "এই সমস্ত অলৌকিক জন্ধ-ব্যস্ত্রন ভূমি দুই প্রহরের মধ্যে (হন মন্টার মধ্যে) রালা করলে কি করে?" শ্লোক ২২৬

শত চুলার শন্ত জন পাক যদি করে। তবু শীসা এত দ্রব্য রাঞ্চিতে না পারে ॥ ২২৬॥ লোকার্থ

"একশ জন মানুষ যদি একশটি চুলায় রন্ধন করে, ভাহলেও এত শীঘ এত দ্রব্য রন্ধন করা সম্ভব নয়।

শ্লোক ২২৭

কৃষ্ণের ভোগ লাগাঞাছ,—অনুমান করি। উপরে দেখিয়ে যাতে তুলসী-মঞ্জরী ॥ ২২৭ ॥ জেলার্ড

''আহার মনে হচ্ছে ভূমি ইতিমধ্যেই শ্রীকৃক্ষকে ডোগ নিবেদন করেছ, কেননা আমি দেখতে পাক্তি যে প্রতিটি পাত্রে ভূলকী মঞ্জী রয়েছে।

শ্লোক ২২৮

ভাগ্যবান্ ভূমি, সকল ভোমার উদ্যোগ ! রাধাকৃষ্ণে লাগাঞাছ এতাসৃশ ভোগ য় ২২৮ য়

"কৃষি অন্তয়ন্ত ভাগ্যবান এবং ভোষার সমস্ত প্রচেষ্টা সার্থক, কেননা ভূমি এমন অপূর্ব ভোগ রাগ্য-কৃষ্ণকে নিবেদন করেছে।

> শ্লোক ২২৯ অন্নের সৌরভা, বর্ণ—অতি মনোরম ৷ রাধাকৃষ্ণ সাক্ষাৎ ইহাঁ করিয়াছেন ভোজন ৷৷ ২২৯ ৷৷ গ্লোকার্থ

"এই অত্যের সৌরভ এবং বর্ণ অভি মনোরম, রাধাকৃষ্ণ সাঞ্চাৎ এটি ভোজন করেছেন।

শ্লৌক ২৩০

ভোমার বহুত ভাগ্য কত প্রশংসিব । আমি—ভাগ্যবান্, ইহার অবশেষ পাব ৪ ২৩০ । গ্রোকার্থ

"সার্বভৌম ভট্টাচার্য, ডোমার সৌভাগ্য অসীয়; কিভাবে আমি ভার প্রশংসা করব? আমি নিজেও অত্যন্ত অধ্যাবান, কেননা আমি এর অবশেষ পাব। শ্লোক ২৩১

⇒ ্র *

। ঐটিচতন্য-চরিতারত

কফের আসন-পীঠ রাখহ উঠাঞা । মোরে প্রসাদ দেহ' ভিন্ন পাত্রেতে করিয়া 🛚 ২৩১ 🗈

"একুকের এই আসন-পিড়ি উঠিয়ে রাখ, তারপর অন্য পারে আমাকে প্রসাদ দাও।"

গ্ৰোক ২৩২

ভটোচার্য বলে,—প্রস্ত না করত বিশ্বর ! যেই খাবে, তাঁহার শক্ত্যে ভোগ সিদ্ধ হয় ৪ ২৩২ ৪ যোৱাৰ্থ

সার্বভৌম ভট্টাচার্য বলকেন, "প্রভু, বিশ্বিত হয়ো না। যে খাবে তার শক্তিতেই ভোগ निक या।

ৰোক ২৩৩

উদযোগ না ছিল মোর গৃহিণীর রন্ধনে। যার শক্তো ভোগ সিদ্ধ, সেই ভাহা জানে ॥ ২৩৩ ॥

"এই বস্তুনে গৃহিণীর কোন উদ্যোগ ছিল না, যার শক্তিতে এই ভোগ বন্ধন সম্ভব रदारक, जिनि का खारनम।

> শ্রোক ২৩৪ এইড আসনে বসি' করহ ছোজন। প্রভু কছে,—পূজা এই কুম্বের আসন 1 ২০৪ 1

"এখন দর্য়া করে এই আসনে বসে তুমি ভোজন কর।" ঐতিহন্য মহপ্রাভূ তখন উত্তর দিলেন, "এটি হীকুফের আসন তাই তা পুৰু।"

ভাৎপর্য

শ্রীকৃষ্ণের জিনিস অন্য কারোর ব্যবহার করা উচিত নয়। তেমনই, ওপ্রদেবের ব্যবহাত জিনিসও অন্য কারোর ব্যবহার করা উচিত নয়। এইটি হচ্ছে রীতি। শ্রীকৃঞ্চ এবং শুরুদেকের ব্যবহৃত দ্রব্য পূখ্য বিশেষ করে, তাঁদের বসবার আসন কখনো অন্য কারোর ব্যবহাত হওয়া উচিত নয়। এই রীতি সাধধানে ফেনে চলা সকলেরই কর্তব্য।

শ্লোক ২৩৫

লোক ২০৭) সার্বভৌষ ভটোচার্কেন গুরু ব্রীচৈডন্য মহাপ্রভুর প্রসাদ মেবা

ভট্ট কহে,--অহ্ম, পীঠ,--সমান প্রসাদ। অল বাবে, পীঠে বসিতে কাহাঁ অপরাধ? ২৩৫ 🛭

সার্বভৌম ভট্রাচার্য বললেন, "অব এবং বসার আসন দৃটিই ভগরানের প্রসাদ: ভূমি ৰদি ভগবানের নিবেদিত অন প্রসাম পেতে পার ডাহলে ডার আসনে বসতে কি অপরাব ?"

জৌক ২৩৬

গ্রভু করে,--ভাল কৈলে, শান্ত্র-আজ্ঞা হয় ৷ কুক্তের সকল শেষ ভূত্য আস্থাদর । ২৩৬ ।। যোকার্থ

প্রীতৈতন্য মহাপ্রভু তখন বললেন, "হাা, ভূমি বা বলেছ ভা ঠিল। শ্রীকৃষ্ণের স্বকিছ ছক আমাদন করে।

ৰোক ২৩৭

प्रसाथगुरुव्यग्गस्यामा नकात्रविकाः। **केव्हिष्टेटकांकित्ना मामाखर याग्राश कार्यम हि ॥ २७**९ ॥

দুরা—আপনার হারা, উপযুক্ত—ব্যবহাড, ক্রক—ফুল মালা, গন্ধ—চদন আদি গন্ধ প্রব্য, বাস: —বসন, অলক্ষার—অলক্ষর, চর্টিড়া৷—অলক্ষত হয়ে, উচ্ছিষ্ট—ভূকাবশিষ্ট, ছোঞ্জিনঃ —ভোজন করে, দাস—সেহত; তব—ভাপনার, মায়াম—মায়াকে; **জা**রাম—ভার করতে भारतः, **वि**—खक्षादि।

অনুবাদ

" 'হে জগবান, আপন্যকে মানা, গম্ধ, বন্তু, অলম্বার ইত্যাদি যা অর্থিত হয়েছে, ভাতে ত্বিত হয়ে আপনার দাস-স্বরূপ আমরা আপনার উচ্ছিষ্ট ভোজন করতে করতেই আপনার মায়াকে ভায় করতে নিশ্চর সমর্থ হব।'

ভাহপর্য

এই শ্লোকটি প্রীমন্তাগবন্ত (১১/৬/৪৬) থেকে উদ্বন্ধ কৃষ্ণভাবনামূত আন্দোলনে, হরেকৃষ্ণ মহামন্ত্র কীর্তন, আনন্দে উদ্বেল হয়ে নৃত্য করা এবং ভগবানের উচ্ছিষ্ট প্রসাদ দেবন করা অভ্যন্ত গুরুত্বপূর্ণ অস। কেউ অশিক্ষিত হতে পারে অথবা দর্শন হান্যাক্স কনতে জক্ষম হতে পারে, কিছু সে যদি কেবল এই তিনটি শ্রিনায় অংশ গ্রহণ করে. তাহলে সে অবশাই, অভিরেই মৃক্তি লাভ করবে।

এই শ্লেকটি শ্রীকৃষ্ণের পতি উদ্ধরের উক্তি। উদ্ধর্ম নীতা আরম্ভ হলার পূর্বে ভগনালের ইচ্ছায় ছারকাতে মহা উৎপাত সমূহ আরম্ভ হলে, শ্রীকৃষ্ণ এই জড়-লগৎ ত্যাগ করে চিৎ-জগতে প্রদেশ করতে সমস্থ করেন। ভগনালের এই ইচ্ছা অনগত হয়ে ভগনালের প্রিয়তম সেবক উদ্ধর গাঢ়ে প্রীতি ভরে এইভাবে শ্রীকৃষ্ণকে তার করেছিলেন। এই লগতে শ্রীকৃষ্ণকে লীলাকে বলা হয় প্রকট-লীলা, এবং চিৎ-জগতে তার লীলাকে বলা হয় অপ্রকট নীলা। অপ্রকট কথাটির অর্থ হচ্ছে, তা আমাদের দৃষ্টির গোচনীতৃত নয়। এমন নয় যে শ্রীকৃষ্ণের লীলা অপ্রকাশিত হয়। সূর্য যেমন সর্বদা গগন মার্গে বিরাক্ষ করলে যকা আমাদের দৃষ্টির গোচনীতৃত হয় তান তাকে কলা হয় দিন (প্রকট), একং যক্ষন তাকে দেখা যায় না তথন তাকে বলা হয় রাত্রি (অপ্রকট); তেমনই শ্রীকৃষ্ণের লীলাও নিত্র বর্তমান, কিন্তু কথনো তা আমাদের গোচনীতৃত হয় এবং কথনো হয় না। যার। রাত্রির সীমানার অতীত, তারা সর্বদা চিৎ-জগতে বিরাজ করেন, গেগানে ভগনানের লীলা নিবয়ের তানের সাম্যনে প্রকাশিত হয়। সে সম্বন্ধে প্রকা-সংক্রিতার (৫/৩৭-৩৮) বলা হয়েছে—

"পরম আনন্দ নিধারক মুদিনী শক্তির মূর্ত প্রকাশ শ্রীমতী রাধারাণীর সলে যিনি স্বীরা ধাম গোলোকে অবস্থান করেন এবং শ্রীমতী রাধারাণীর অল্যেপ্রকাশ চিগ্মর রসের আনশ্রেপ পরিপূর্ণ ব্রমধ্যোপীরা যাঁর নিতালীলা-সন্ধিনী, সেই আদিপুরুষ গোলিদকে আমি ভরুন। করি শ্রীকৃষ্ণের হাডি গভীর গ্লেমের ফলে, গুদ্ধভক্ত সর্বদা শ্রীকৃষ্ণকে উল্লাহনয়ে দর্শন করেন, সেই আদিপুরুষ গোলিশকে আমি ভরুনা করি।"

শ্লোক ২৩৮

তথাপি এতেক অন্ন খাওন না যায়। ভট্ট কহে,—জানি, খাও যতেক ব্যায় 🛭 ২৩৮ 🗈 লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রস্থ স্থখন বললেন, "কা হলেও, এত জর খাওয়া যায় না।" সার্বভৌম ভট্টাচার্য তখন বললেন, "আমি জানি কডটা খেতে পার।

> শ্লোক ২৩৯ নীলাচলে ভোজন তুমি কর বারার বার । এক এক ভোগের অর শত শত ভার ॥ ২৩৯ ॥

শ্ৰোকাৰ্থ

"নীলাচলে দিলে তুমি বাহার বার ছোজন কর, এবং তার এক একটি ভোগের অং শত শত তার।

শ্লোক ২৪০-২৪১
ভারকাতে যোল-সহস্র মহিনী মন্দিরে ।
ভাষ্টাদশ মাতা, আর যাদবের ঘরে দ ২৪০ ॥
ভ্রম্ভে জ্যেঠা, খুড়া, মামা, পিসাদি গোপগণ ।
স্থাবৃন্দ স্বার ঘরে দিসদ্যা-ভোজন ॥ ২৪১ ॥
শ্লোকার্থ

'বারকায় বোল হাজার মহিনীদের প্রাসাদে, এবং আঠারজন মাতা ও যাদবদের যরে: একে ভোমার ক্যোঠা, বৃড়া, মামা, পিসি আদি গোপদের যরে এবং ভোমার স্থাদের যরে ভূমি নিনে দ্বার ভোজন কর।

ভাৎপর্য

বারকায় শ্রীকৃষ্ণের দেবকী, রোহিণী আদি আঠারো অন মাতা রয়েছেন তাছাড়া বৃদ্দাবনে

মা বশোলা রয়েছেন। বৃদ্দাবনে শ্রীকৃষ্ণের দুই জোঠা হচ্ছেন, নন্দ মহারাজের জোঠ

মাতা উপনন্দ এবং অভিনন্দ। তাদের সম্বদ্ধে শ্রীল রূপ গোলামী 'শ্রীকৃষ্ণ গণোদেশ দ্বীপিরা'ট লিখেছেন—উপনন্দো ভিনন্দক পিতৃষ্টো পূর্বজৌ পিতৃঃ—"উপনন্দ ও অভিনাদ—শ্রীকৃষ্ণের দুইজন জ্যেষ্ঠতাত।" তেমনই, সেই প্রশ্নে শ্রীকৃষ্ণের খুড়া—লদ মহারাজের কনিষ্ঠ প্রতিদের সম্বদ্ধে বলা হয়েছে—পিতৃরৌ তৃ কনীয়াংগৌ স্যাতাং সমদ্দ-নদনৌ—"সনন্দ এবং ক্ষম বা স্কুল্ম এবং পাগুব, শ্রীকৃষ্ণের পিতা নন্দমহারাজের কনিষ্ঠ প্রতা।" শ্রীকৃষ্ণের মাতৃলদের বর্ণনা করে বলা হয়েছে—থশোধর্যপোদের-সৃদ্দেবাদান্ত মাতৃলাঃ—"যশোধর, মানাদের এবং সুদেব শ্রীকৃষ্ণের মাতৃল।" শ্রীকৃষ্ণের পিলানের সম্বদ্ধে বলা হয়েছে—মহানীলঃ সুনীলশ্য রমণাবে তথ্যাঃ ক্রমাৎ—"মহানীল ও সুনীল, এই দুইক্রন, শ্রীকৃষ্ণের পিসা, ভারা সানন্দ ও মন্দিরী-নাল্লী পিসিন্বয়ের পতি "

क्षांक २८२

সোবর্ধন হচ্ছে **অন ব**হিলা রাশি রাশি। তার লেখায় এই অন নহে এক গ্রাসী ॥ ২৪২ ॥ শ্লোকার্থ

মার্বভৌম ভট্টাচার্য কলতে লাগলেন, "গোবর্ধন যজ্ঞে তুমি রাশি রাশি অন্ন খেয়েছিলে, ভার তুলনায় এই **অন্ন** এক গ্রাস্থ নর। (計本 480

তুমি ত' ঈশ্বর, মুঞি-কুদ্র জীব ছার। এক-আস মাধুকরী করহ অসীকার 🛭 ২৪৩ 🗈

<u>হোকার্থ</u>

"ড়মি পরমেশ্বর ভগবান, আর আমি এক অতি নগণ্য জীব: ভাই আমার গৃহে এক প্রাস गाध्करी अजीकात कर।"

সন্মাসীর কর্তব্য গৃহস্থের গৃহ থেকে অন্ধ অন্ধ করে ডিক্সা সংগ্রহ করা। অর্থাৎ তাঁর মতটুকু প্রয়োজন ততটুকুই এহণ করা উচিত, এই প্রণাটিকে বলা হয় 'মাধুকরী'। 'মাধুকরী' শব্দটি আসতে মধুকর বা মৌমাছি থেকে। মৌমাছি তুল থেকে একটু একটু করে মণু সংগ্রহ করে, কিন্তু সেই বন্ধ পরিমাণ মণু সঞ্চিত হয়ে এক মৌচাকে পরিণত হয় সম্যাসীর কর্ডব্য প্রতিটি গৃহস্থের গৃহ থেকে অল্প করে ভিক্ষা সংগ্রহ করে, শরীর ধারণের জন্য যতটুকু প্রয়োজন কেবল ততটুকুই গ্রহণ করা। সহ্যাসী হয়ে আঁটেডনা মহাপ্রভূ এক প্রাস অর গ্রহণ করনে তা অসমীচীন হত না একং সেইটিই ছিল সার্বভৌম ভট্টাচার্যের অনুরোধ। অন্যান্য পরিস্থিতিতে ভগবান যেই পরিমাণ আহার করেন, তার ভূপনায় সার্বভৌম ভট্রাচার্টের আয়োজন এক প্রাসও বেলি ছিল না। স্কেগাই সার্বভৌম ভট্টাচার্য শ্রীচেতন্য মহাপ্রভকে বঝিয়েছিলেন।

> **(3)** 本 488 এত খনি' হাসি' প্রভু বসিলা ভোজনে ৷ জগল্লাপের প্রসাদ ভট্ট দেন হর্য-মনে 🛚 ২৪৪ 🗈 যোকার্থ

সে কথা শুনে ছেলে শ্রীটেওন্য মহাপ্রভু ভোজন করতে বস্পোন এবং মহা আনন্দে সার্বজৌম ভট্টাচার্য ভারের প্রথমে শ্রীজগরাধদেবের প্রসাদ নিবেদন করনেন।

> (首本 386-386 হেনকালে 'অমোখ'—ভট্টাচার্ফের জামাতা। কুলীন, নিন্দক তেঁহো যাঠী-কন্যার ভর্তা ॥ ২৪৫ ॥ ভোজন দেখিতে চাহে, আসিতে না পারে ৷ লাঠী-হাতে ভট্টাচার্য আছেন দুয়ারে 🛚 ২৪৬ 🖠

সেই সময় সার্বভৌম ভট্টাচার্মের জামাতা অমোথ, যে ছিল ভার কন্যা যামীর পতি, সম্রান্ত বাহ্মণ পরিবারে জন্ম হলেও সে ছিল মহা নিলুক, সে মহাপ্রভুৱ ভোজন দেখতে

চাইছিল। কিন্তু লাঠি হাতে সার্বতৌথ ভট্টাচার্য দুয়ারে বমেছিলেন বলে মে মেখানে আসতে পার্ডিল না।

> ল্লোক ২৪৭ তেঁহো যদি প্রসাদ দিতে হৈল আন-মন। অমোঘ আসি' অল দেখি' করয়ে নিন্দন ৷৷ ২৪৭ ৷৷

প্রসাদ পরিবেশন করার জন্য বর্তন সার্বভৌম ভট্টাচার্য একট অন্যথনত্ব হলেন, তর্বন অমোহ সেখানে এমে আর সেখে মহাপ্রভুর নিন্দা করতে লাগল।

> রোক ২৪৮ এই অন্তে তুপ্ত হয় দশ বার জন। একেলা সমাসী করে এতেক ডক্ষণ। ২৪৮ ।। ক্লোকাৰ্থ

সে বলতে লাগল, "এই পরিয়াণ জয় খেয়ে দশ বারো জন লোক তৃপ্ত হতে পারে, আর এই সন্যাসী একা এড অহ ভোজন করছে।"

> রোক ২৪৯ ভনিতেই ভটাচার্য উলটি' চাহিল 1 তার জবধান দেখি' অমোঘ পদাইল 🛭 ২৪৯ 🖠 শোকার্থ

সে কথা শোনা মাত্রই সার্বভৌম ভটাচার্ঘ ভার দিকে ভাকালেন, এবং ভার ভাব দেখে অমোঘ দেখান থেকে পালাল।

> (副章 560 ভট্টাচার্য লাঠি লঞা মারিতে খাইল। পলাইল অমোদ, ভার লাগ না পাইল ।। ২৫০ ॥ ভৌকার্থ

সাৰ্বভৌষ ভট্টাচাৰ ভবন একটা লাঠি নিয়ে অমোঘকে মারতে ছটলেন, কিন্তু অমোঘ মেখান খেকে গালিয়ে গেল এবং সার্বভৌম ভট্টাচার্য তাকে ধরতে পারলেন না।

> শ্ৰেক ২৫১ তবে গালি, শাপ দিতে ভট্টাচার্য আইলা । নিন্দা শুনি' মহাপ্রভু হাসিতে লাগিলা । ২৫১ ॥

লোকার্থ

ডখন সার্বভৌম ডট্টাচার্য অমোয়কে গালি এবং অভিশাপ দিতে দিতে কিরে এলেন। তার মুখে অমোয়ের উদ্দেশ্যে সে নিম্মাবাক্য ওলে প্রীচেডন্য মহাপ্রকু হাসতে লাগলেন।

য়োক ২৫২

গুনি' যাঠীর মাতা শিরে-বৃকে ঘাত মারে। 'ষাঠী রাগ্ডী হউক'—ইহা বলে বারে বারে ॥ ২৫২ ॥

সার্বন্টোম ডট্টাচার্টের পদ্মী, বাঠীর যাতা যখন সেই ঘটনার কথা শুনলেন, তথন তিনি শিরে এবং বৃত্তে করায়াত করতে করতে বার বার কলতে লাগলেন, "যামী বিধবা হোক।"

গ্লোক ২৫৩

দুঁহার দুঃখ দেখি' প্রস্কু দুঁহা প্রবোধিয়া । দুঁহার ইচ্ছাতে ভোজন কৈল চুষ্ট হঞা ॥ ২৫৩ ॥

গ্লোকার্থ

তাঁদের দুজনের দুংখ দেখে প্রীটেডনা মহাপ্রভূ তাদের প্রবোধ দিতে লাগলেন এবং তাদের দুজনের ইচ্ছার সন্তুষ্ট হয়ে ভোজন করণেন।

শ্লোক ২৫৪

আচমন করাঞা ভট্ট দিল স্থবাস। তুলসী-মঞ্জরী, লবল, এলাচি রসবাস ॥ ২৫৪ ॥

শ্লোকার্থ

ভোজনান্তে, সার্যভীম ভট্টাচার্য শ্রীচৈতন্য মহাপ্রভুকে আচনন করালেন, হাত গা খুয়ে দিলেন, এবং ভারণর ভূলসী-মঞ্জরী, লবক এবং রস ও সৌগদ্ধযুক্ত এলটি দিলেন।

শ্ৰোক ২৫৫-২৫৬

সর্বাঙ্গে পরাইল প্রভুর মাল্যচন্দন । দশুবং হ্ঞা বলে সদৈন্য বচন ॥ ২৫৫ ॥ নিন্দা করাইডে ডোমা আনিনু নিজ-বরে । এই অপরাধ, প্রভু, ক্ষমা কর মোরে ॥ ২৫৬ ॥

শ্লোকার্থ

তারপর পার্বভৌম ভট্টাচার্য শ্রীচৈতন্য মহাপ্রভুর সর্বাঙ্গে চলন দিলেন এবং তার গলায় মালা পরিয়ে দিলেন। তারপর তাকে দশুবং প্রগতি নিজেন করে তিনি দৈন্য সহকারে ঠাকে বললেন—"ডোমাকে নিন্ধা করাতে আমি আমার ঘরে নিয়ে এলাম, আমার এই অপরাধ তুমি কমা কর।"

শ্লোক ২৫৭

প্রস্তু কহে,—নিন্দা নহে, 'সহজ্ঞ' কহিল । ইহাতে ভোমার কিবা অপরাধ হৈদ? ২৫৭ ট ভোকার্থ

লীচৈতন্য মহাপ্রতৃ তথন কললেন, "অমোধ যা বলেছে তা নিশা নয়, তা সভ্য এতে তোমার কি অপরাধ হল?"

ক্লোক ২৫৮

এত বলি' মহাপ্রাভূ চলিলা ভবনে । ভট্টাচার্য তাঁর মরে গোলা তাঁর সনে ॥ ২৫৮ ॥ গোকার্য

এই বলে, প্রীচৈতনা মহাপ্রভূ তার বাসস্থানে ফিরে চললেন এবং সার্বভৌন ভট্টাচার্যও ভার সঙ্গে গেলেন।

য়োক ২৫৯

প্রফু-পদে পড়ি' বহু আত্মনিন্দা কৈল । ভারে শাস্ত করি' প্রভূ খরে পাঠাইল ন ২৫৯ ॥ প্রাকার্থ

প্রীচৈতন্য মহাপ্রকৃর পারে পড়ে সার্বভৌম ভট্টাচার্য বহু আধ্যনিদা করলেন। তথন তাঁকে শান্ত করে প্রীচৈতন্য মহাপ্রকৃ ঘরে পাঠালেন।

প্রোক ২৬০-২৬১

ষরে আসি' ছট্টাচার্য যাঠীর মাতা-সনে । আপনা নিন্দিরা কিছু বলেন বচনে য় ২৬০ য় চৈতন্য-গোসাঞির নিন্দা শুনিল যাহা হৈতে । তারে বধ কৈলে হয় পাপ-প্রায়শ্চিত্তে য় ২৬১ ॥

য়োকার্থ

মরে ফিরে সিরে সার্বভৌম ভট্টাচার্য ভার পদ্মী বাঠীর মাতার সঙ্গে আলোচনা করে, নিজের নিন্দা করে বলতে লাগলেন,—"বার কাছ থেকে প্রীটেডনা মহাগ্রভূর নিন্দা ওনলাম, তাকে বধ করলে মেই পাপের প্রায়শ্চিত হয়।"

শ্ৰোক ২৬৪]

ভাহপর্য

হবিভক্তিবিলাসে বৈষ্ণৰ নিন্দা সম্বন্ধে স্কন্দ-পূৰ্বাণ খেকে নিমনিখিত প্লোকভূমি উল্লেখ করা হয়েছে --

> यां हि जागवजर जाकम्भशमर मृत्याखम । करतांडि कमा नगांति व्यर्थधर्यसम्बन्धाः ह निमार कृरींखे रव युग्न देवस्थानार प्रशासनाय । भवति भिवतिः मार्थः महास्त्रीत्रवमःस्टित्वः ॥ इति निष्ठि रेव खर्षि रेवकवाज्ञाङ्गिकारि । कुथाएउ यांडि त्ना हर्यर मर्गात चंडनानि के a

মার্ককেরা এবং ভগীরথের আন্দোচনয়ে বলা হয়েছে—"হে রাজন কেউ যদি উত্তম বৈক্ষবকে উপহাস করে, তাহলে ভার সমস্ত পুণাকর্ম, ধন-সম্পদ, যশ এবং পত্র নিন্ট ইয় বৈধ্ববেরা সকলে মহাত্মা। যে তানের নিন্দা করে সে তার পিতপুরুষসহ মহাভৌরবে পতিত হয় কেউ মদি বৈঞ্চৰকৈ হত্যা করে, নিন্দা করে বা ঠার প্রতি ইর্বাপনায়ণ হয় বা ব্রন্ধ হয় বা অভিনন্দন না করে অথবা তাঁকে দেখে হর্ব অনুভব নর করে, তাহলে সে ননকে পতিত হয় " *হরিডজিনিলাসে* (১০/৩১৪)ম্বনকা মাহান্য থেকে নিম্নজিনিত গ্লোকটির উল্লেখ করা হরেছে---

> कार्नाक्षक सामारक मुजीविर्वयभागरिकः । निश्वार कुर्वति एव श्रीशाः विकायानार महापानम् 🛭

श्रम् भ्रदाताक अवर वित भ्रदातास्कृत व्यात्माकतात्र वना इतारह, "व नम्रस्त भागी, महाया বৈদ্যবদের নিন্দা করে, ভাষা যমরাজের দারা অভ্যন্ত কঠের শাস্তি ভোগ করে।" বিনুদ্ধ নিশার ফল *ছাজিসন্মর্ডে* (৩১৩) উল্লেখ করা হয়েছে—

> य निमान क्यीरकमर जडकर भूगाजनिगम । गठवात्रार्थिकः भूगाः एकाः नगाठि निक्ठिय ह **एड भेगार प्रशासात कुडीभारक छत्रानरक** । खिकणाः कीर्रभाष्ट्रम्य गावकतानिवाकारो ॥ थीविरकावयम्बनाम् ७,क्टवरः थीरिकस्याक्षण्यम् । छमीय मृदकळनान् न भटनाः श्रुक्तसायजान् । किः भार्थर वक्ककारिकः महनामः न कारतारः ॥

"যে শ্রীবিষ্ণু এবং তাঁর ভক্তের নিন্দা করে, তার শতক্তব্যান্তিত পুণা বিনষ্ট হয়। সে কৃষ্টীপাক নামক ভয়ন্তর নরকে পচতে থাকে এবং যডদিন পর্যন্ত সূর্য এবং চক্র বিভাক্তমান থাকে তভদিন পর্যন্ত কীটেরা ভাকে সেতে থাকে। তাই যে বিষ্ণু এবং বৈষ্ণবের নিদা করে ডার মুখ পর্যন্ত দর্শন করা উচিত নয়। কোন অবস্থাতেই সেই প্রকরে মানুষের সঙ্গ করা উচিত নয়।"

ভক্তিসন্দর্ভে (২৬৫) শ্রীল জীব গোন্থামী শ্রীমন্তাগকত (১০/৭৪/৪০) থেকে উচ্চেয করেছে -

সার্বভৌয় ভট্টাচার্যের গ্রহে প্রীচৈডন্য মহাপ্রভুর প্রসাদ সেবা

निकार कशवादाः मध्य जरमतमा कनमा वा । **छरता नार्रेथिक का भा नि वाठायः मुक्**छार **हा**जः ॥

"ভগবান এবং ভগবানের ভচ্চের নিন্দা শোনা মাত্রই কেউ যদি তৎক্ষণাৎ সেই স্থান পরিত্যাগ না করে, তাহলে তিনি ভক্তিমার্গ খেকে অধ্যাপতিত হন " তেমনই, জীমপ্রাদদতে (৪/৪/১৭) শিবপত্নী সভীর উন্দি-

> करमें। भिधारा निर्तिशाप समकक्ष निर्ध धर्याविङर्गभूगिछिन्छित्रभागारम् । ছিলাৎ প্রসহা ক্রমতীমসভাং প্রস্তুত্তে-विज्ञासम्मानि ज्ञाल विमाजन म धर्मः ।

"কেউ যদি ভোন কাওজানহীন বাক্তিকে ধর্মের ঈশ্বর এবং নিয়ন্তার নিদা করতে শোনে, তাহতে তাকে দশুদান করতে অক্ষম হতে, কান বন্ধ করে দেখান থেকে চলে যাওয়া উচিত। কিন্তু কেট যদি তাকে হত্যা করতে সক্ষম হয়, তাহলে সেই নিম্পুর্কের দিছে। কেটে তাকে হত্যা করা উচিত এবং ভার পর নিজের প্রাণ ভাগ করা উচিত।"

> ৰোক ২৬২ किन्ना निक-श्राण यमि कति विट्याञ्च । मृष्टे त्यांगा नदृष्ट्, मृष्ट्-भतीत जाक्रम ॥ २७२ ॥

সার্বন্টোস ভট্টাচার্য বলভে লাগলেন, "অথবা, আমি ঘদি নিজের জীবন ত্যাগ করি, ভাষ্টেও পাপ হবে। এই সুটির কোনটাই করা উচিত নয়, কেননা দুটি শরীরই ACRES OF THE

> শ্ৰোক ২৬৩ পুনঃ সেই নিন্দকের মুখ না দেখিব ৷ পরিভাগে কৈলুঁ, ভার নাম না লইব 🏻 ২৬৩ 🏗 প্ৰোকাৰ্থ

"আমি আর কখনো সেই নিজুকের মুখ দর্শন করব না, তাকে আমি পরিত্যাগ করলাম, আমি ভার নাম পর্যন্ত আর মুখে আনব না.

> (国) 498 যাঠীরে কহ—ভারে ছাডুক, সে হইল 'পতিত'। 'পতিত' ইইলে ভৰ্তা ত্যজিতে উচিত ম ২৬৪ II

রোকার্থ

"ৰাঠীকে বল সে যেন ভাকে ভাগে করে, কেননা সে পতিত হয়েছে। পতি যদি গতিত হয়, ভাহতে স্ত্রীর কর্তব্য হচ্ছে তার সঙ্গে সমস্ত্র সম্পর্ক ছিল করা।

ভাৰপৰ্য

শ্রীল সার্বস্টোম ডট্টাচার্য বিবেচনা করেছিলেন যে, জমোদকে বধ কনলে ব্রাঞ্চাণ হত্যার পাপ হবে, এবং নিজে আধাহত্যা করলেও সেই পাপ হবে, কেননা তিনিও ছিলেন ব্রাঞ্চাণ যেহেতু এই দৃটি পস্থাই গ্রহণ যোগ্য না, তাই সার্বস্টোম ভট্টাচার্য স্থির করেছিলেন, আমোদের সঙ্গে সমস্ত সম্পর্ক ছিল্ল করতে এবং তার মুখ দর্শন না করতে।

ব্ৰহ্মহত্যা সম্বন্ধে গ্রীমন্তাগবতে (১/৭/৫৩) নিম্নলিখিত নির্দেশটি দেওয়া হয়েছে—

श्रीक्रायान উवाह

द्रचारकूर्न इस्त्या चाण्यात्री वधार्थः । परित्रद्वास्त्रामाद्वास्तरः भतिभासनुनाननम् ॥

"পরমেশ্বর স্থগবান শ্রীকৃষ্ণ ধনজেন, ব্রহ্মবন্ধুকে হত্যা কর। উচিত নয়, কিন্তু দে ধদি আছতারী হয়, তাহুলে তাকে হত্যা করা উচিত। এই অনুদাসন দায়ে দেওনা হরেছে এবং সেই অনুসারে তোমার কার্য করা উচিত।"

শ্রীমন্তাগথতের এই শ্লোকটির ভাবো শ্রীল শ্রীধর স্বামী স্কৃতি পাস্ত্র থেকে নিম্নলিনিত শ্লোকটি উল্লেখ করেছেল—

> আততায়িনমারাক্তমণি বেদাক-পারগর্থ। জিয়াসেক্ত জিয়াগেনীয়ার তেন ব্রহাহা তবেং ।

"আততায়ী যদি বেদান্ত শাস্ত্রে মহাপশ্চিতও হয়, তকুও তাকে বধ করা উচিত, কেনা সে জিমাংসা পরায়ণ হয়ে হত্যা করেছে। এইরাপ ক্ষেত্রে ক্ষমহত্যার পাপ হয় না।" শ্রীমন্ত্রাগরতে (১/৭/৫৭) আরও কলা হয়েছে—

> यभनः क्रविणापानः स्माप्तियीधनः छथा । अव वि क्षत्रावस्तुनारं यस्या नात्नाावेखि निविकः ॥

"মাধার চুল কেটে দেওয়া, তার ধন থেকে তাকে ব্যক্তিত করা অথবা তার গৃহ থেকে তাকে বার করার মাধামে ক্রমবন্ধুদের শান্তি দেবার নির্দেশ শান্তে দেওয়া হয়েছে। দৈহিকভাবে তাকে বধ করার নির্দেশ দেওয়া হয়নি।"

এই ধরনের শান্তি ব্রস্কাবন্ধুর পক্ষে যথেন্ট। তাদের দৈহিকভাবে বধ করার কোন প্রয়োজন নেই। সার্বন্ডৌম ডট্টাচার্য বিবেচনা করেছিলেন যে তার কনা। বাঠী তার পতির মঙ্গে সবরকম সম্পর্ক ভিন্ন করা উচিত। সে সম্বন্ধে জীমন্তাগরতে (৫/৫/১৮) বলা হয়েছে, ন পতিশ্চ স স্যান মোচয়েদ্ বাং সমুগেত মৃত্যুদ্—"পতি বদি আসম মৃত্যুর হাত থেকে পত্নীকে উদ্ধার না করতে পারে, তাহলে সেই পতি, পত্তি নর।" অর্থাৎ, বিনি ষয়ং কৃষ্ণভবনে করেন না, যিনি কৃষ্ণ-বিষ্ণুখতা বা কৃষ্ণ-বিশ্বৃতি কপ আসর মৃত্যুর ছাত থেকে পত্নীকে রক্ষা করতে পারেন না, তিনি পতিত, সৃতরাং পতি নন বহিপৃত্তিতে—কৃষ্ণে সমর্পিত আত্মা পত্নী রূপী কোন ভক্ত যদি নিম্নপটভাবে গুদ্ধ কৃষ্ণ ভজনের জন্য বিজ্ঞান্তীদের মতো শ্রীকৃষ্ণের অভক্ত বা বিরোধী 'পতি' অভিমানী ব্যক্তির সঙ্গ পরিত্যাগ করে গৃহে অবস্থান করেন, তবে ভাতে কোন বিধি শগুৰুন হয় না। এই বিষয়ে সমং ভগবান বলেছেন —

পতরো নাভাস্যেরন্ পিতৃত্রাতৃস্তাদমঃ। পোকান্চ বো ময়োপেতা দেবাপান্মমতে । ন শ্রীতরো নুরাগায় হালসকো নৃগামিহ। তথ্যনা ময়ি যুদ্ধানা অচিবাধামবাপাধ।।

(শ্রীমন্তাগরত ১০/২৩/৩১-৩২)

ভগবানের ইচ্ছার এই ধরনের বিজেন কখনই নিজনীয় নয়। কারোরই শ্রীকৃষ্ণের নির্দেশের প্রতি ঈর্মাপরারণ হওলা উচিত নয়। এই ধরনের আচরণ দেবতারাও সর্বদা অনুমোদন করেন। বস্তুতঃ এই জড় অগতে অঙ্কে-মঙ্কে পরস্পর সন্ধ হলেই যে শ্রীতি বা স্নেহ বৃদ্ধি হয়, তা নয়, শ্রীকৃষ্ণে ওদ্ধভাবে সভত মনঃসংযোগ করণেই অচিরেই কৃষ্ণশ্রাপ্তি ঘটে।

ক্ষোক ২৬৫ পতিক্ষ পতিজং তাজেং ॥ ২৬৫ ।:

পতিম্—পতিকে, চ—এবং, পতিতম্—পতিত; ভ্যজেৎ—ত্যাগ করা উচিত। অনুবাদ

"পতি বলি ভাষংপতিত হয়, ভাষ্টো তার সধ্যে সম্পর্ক ছিন্ন করা উচিত," ভাষ্পর্য

এই মোকটি স্মৃতি শাস্ত্র থেকে উদ্ধৃত। শ্রীমন্ত্রাগবতে (৭/১১/২৮) উল্লেখ করা ছয়েছে সন্তুটালোলুগা দক্ষা ধর্মজ্ঞা প্রিয়সভাবাক্ । অশ্বমতা শুচিঃ শ্রিদ্ধা পতিং রূপতিতং ভারেং ॥

"নে পত্নী সম্ভন্তা, লোভহীন, দক্ষা, ধর্মজা, প্রিয় ও সভ্যবাক্, অপ্রমন্তা, শুচি এবং নিয়া, ভার পত্তি যদি পতিত না হয়, ভাহলে ভার পতির অনুগত হয়ে সেবা করা উচিত "

শ্লোক ২৬৬

সেই রাত্রে অমোধ কাহাঁ পলাঞা গেল । প্রাতঃকালে ভার বিসূচিকা-ব্যাধি হৈল ॥ ২৬৬ ॥ 98

(आकार्थ

সেই রাজে, সার্বভৌম ভট্টাচার্যের জামাতা জমোম কোথার পালিয়ে গেল এবং পরের দিন সকালবেলা তার বিস্টিকা (কলেরা) রোগ বল।

> শ্রোক ১৬৭ অমোঘ মরেন—গুনি' করে ভট্টাচার্য। সহায় ইইয়া দৈব কৈল মোর কার্য ॥ ২৬৭ ॥

সার্বভৌম ভট্টাচার্য খবন ওনলেন যে নিস্তিকায় আক্রাপ্ত হয়ে অম্যেঘ মরণোমুখ, ভর্ম किनि फारकान, "रेजर सामान महारा हता, सामान देखा। महान कराइ।

গ্ৰোক ২৬৮

ঈশ্বৰে ত' অপৱাধ ফলে তডক্ষণ । এড বলি' পড়ে দুই শাস্ত্রের বচন ॥ ২৬৮ ॥

"কেউ যখন প্রয়েশ্বর ভগবানের প্রতি অপরাধ করে তৎক্ষণাৎ তাকে তার ফল স্থোগ করতে হয়।" এই বলে ডিনি শাস্ত্র থেকে দৃটি ক্লোক পড়লেন।

রোক ২৬৯

মহতা বি প্রয়ন্ত্রেন ছন্তাশ্বরথপত্তিভিঃ ৷ অশ্যাভির্যদন্টেয়ং গন্ধবৈত্তদন্টিতম 🗈 ২৬৯ 🛭

মচতা—অভিদয়: ছি—অবশ্যই, প্রয়ন্ত্রেন—প্রয়াদের দাবা; হরী—হস্তী, ক্ষরা—অঞ্চ, রথ— র্থ, পতিন্তিং—লগতিক সৈনাদের দ্বারা, অস্মান্তিং—আমাদের দ্বারা, বং—থা, অনুষ্ঠেরন্— সম্পাদনীয়, গদ্ধবৈঃ—গদ্ধবিদের হারা, তৎ—তা, অনুষ্ঠিতম্—সম্পাদিত ইয়েছে।

यनुवास

" হৈন্ত্ৰী, অনু, মধ, পদাভিক সৈন্য প্ৰচুৱ ক্লপে সংগ্ৰহ করে অনেক অংঘাজন পূৰ্বক আমাদের বা করতে হত, গন্ধর্বরা ভা করে রেখেছেন।'

ভাৎপর্য

এই শ্লোকটি মহাভারত (বনপর্ব ২৪১/১৫) থেকে উদ্ধৃত। কর্ণ কর্তৃক পরিচালিত হয়ে দুর্যোধন আদি কৌববেরা ভোব যাত্রায় এসে ভাদের কর্মফলে গছর্বরাজ চিত্রসেন কর্তৃক সপরিবারে অবক্রম হয় তখন দুর্যোধনের ভয়-বিহুল অমাত্যকর্ম কনবাসী যুগিন্ঠির আদি পাশুবদের শরণাপন্ন হয়ে গন্ধর্বদের কবল থেকে কৌরবদের উদ্ধার করতে অনুরোধ করেন। তখন দুর্যোধন আদি কৌরষদের পূর্বকৃত অন্ত্যাচার স্করণ করে প্রতিশোধ গ্রহণের ইচ্ছায়

ভীমদেন এই কথা বলেছিলেন। ভীমদেন মনে করেছিলেন দুর্মোধন আদি কৌববরা মে পদ্ধবিদের হাতে অবক্রছ হয়েছে ভাতে ভালই হয়েছে, কেননা পাণ্ডবদের ডা করতে অনেক প্রয়াস করতে হত।

লোক ২৭০) সার্বভৌম ভট্টাচার্মের গৃহে ফ্রীচেতন্য মহাপ্রভুর প্রশাদ সেবা

(भाक २90

आधः श्रिकार यत्ना धर्मर लाकानानिष द्वव ह । হন্তি শ্রেয়াংসি সর্বাদি পুংসো মহদতিক্রমঃ ॥ ২৭০ ।

चातुः—आर्: व्याप्र—धेगर्थ, यनः—थम, शर्मम्—धर्थ, क्लाकान्—धार्षभणः, चानिषः —আশীর্বাদ, এব—অবদাই, চ—এবং, হৃদ্তি—ধ্বংস করে, শ্রেয়াংসি—সৌস্তাগ্য, সর্বাশি—সমস্ত: প্রংসঃ—মানুবের, মহৎ—মহাত্মাদের, অভিক্রমঃ—অভিক্রম করে :

" 'কেউ নখন মহৎ বৈক্ষবদের অবমাননা করে, বৈক্ষব অপরাধ করে, তথম ভার আগ্ন. ঐশ্বৰ্গ, হল, বৰ্ম, প্ৰতিপত্তি এবং সৌভাগ্য সম্পূৰ্ণ মণে নষ্ট হয়ে যায়:

মহাবান্ত পরীক্ষিতের কাছে শ্রীমন্তাগরত (১০/৪/৪৬) বর্ণনা করার সময় শ্রীল শুকদেব গোপ্তামীর উক্তি। ভোজরান্ত কাস তার ভগ্নী দেবকীর কনাার্নাপিনী যোগমায়াকে হত্যার চেটা করে, যিনি জ্রীক্ষের জন্মের সময় যশোদা মায়ের কন্যারেশে জন্মগ্রহণ করেছিলেন। এই ক্যাটি এবং প্রীকৃষ্ণ একট সময়ে জন্মগ্রহণ করেছিকেন, এবং বসুদেব যগোদার আলয়ে ক্ষাকে রেখে যোগমায়াকে নিয়ে কংসের কারাগারে ফিরে আসেন তাকে যখন মণুরায় নিয়ে আসা হয় কংস ডখন সেই নবজাত কন্যাটিকে পাথরের মেঝেতে আছাড় মেরে হত্যা করতে চেষ্টা করে, কিন্তু যোগমায়া তার হাত থেকে বেরিয়ে গিয়ে তার স্বরূপ ধারণ করে ঘোষণা করেন যে করেনর পক্ষে তাকে হতা। করা সপ্তব নয়। তারপর তিনি কংসকে জীকৃষ্ণের আবির্ভাব সংবাদ দেন। ভয়ে বিচুল হয়ে কংস তথন অসুর খভাব विकृ-विकारक्षयी प्रश्लीपात गए प्रश्लमा करत विकारक माध्-कविरमत हिरमा करवात काना দানবনের আদেশ প্রদান করে। ডখন শ্রীল ওকদেব গোখামী পরীক্ষিত মহারাজের ফাছে সেই প্রকার বিশ্ব-বৈকাশ বিশ্বেকের কল এইভাবে বর্ণনা করেন।

*মহদভিক্রমঃ শব্দটির অর্থ হচে*ছ 'বিষ্ণা এবং বৈষ্ণব বিদ্বেষ', এই শব্দটি অত্যন্ত ভাংপর্যপূর্ব। মহৎ শব্দটির অর্থ মহান ব্যক্তি—ভগবান অথবা তাঁর ভক্ত। নিবতুর ভগবানের সেবায় যুক্ত থাকেন বদ্ধে ভক্তরাও পর্মেশ্বর ভগবানের মতো মহান। ভগবদগীতারার (১/১৩) মহৎ শব্দটির বিশ্লেষণ করা হরেছে—

> **बशकानस गाः भार्थ हैन्दीः अक्**ठिमाश्चिष्ठाः । *ভञसन्त्रापनस्म खादा जुजिहम्यासम् ॥*

''হে পার্থ, যারা মোহাছর নয়, সেই সমস্ত মহাস্থারা, আমার দৈবী প্রকৃতির আশ্রয়ে থাকে

ভারা সর্বদাই আমার ভতিযুক্ত সেবায় যুক্ত থাকে, কেননা ভারা জানে আনি আদি অব্যর পরমেশ্বর ভগবান।"

বিষ্ণু-বৈষ্ণাবের প্রতি বিশ্বেষ অসুরাদের পক্ষে মোটেই মঙ্গলজনক নর। এই ধরনের উর্বার ফলে অসুরেরা যা কিছু মঙ্গলময় প্রা স্বাই ছারিরে ফেলে।

শ্লোক ২৭১

গোপীনাথাচার্য গেলা প্রভূ-দরশনে । প্রভূ তাঁরে পৃছিদ ভট্টাচার্য-বিবরণে ॥ ২৭১ ॥ শ্লেকার্থ

সেই সময় গোপীনাথ আচার্য শ্রীতৈতন্য মহাপ্রভূকে দর্শন করতে মিয়েছিলেন, এবং শ্রীতৈতন্য মহাপ্রভূ ভাকে সার্বভৌম ভট্টাচার্যের গৃহের কুশল জিল্ঞাসা করেন।

> শ্লোক ২৭২ আচার্য করে,—উপবাস কৈল দুই জন । বিস্চিকা-ব্যাধিতে অমোদ ছাড়িছে জীবন ॥ ২৭২ ॥ শ্লোকার্থ

গোপীনাথ আচার্য শ্রীতৈতন্য মহাপ্রভূকে বললেন যে সার্বভৌম ভট্টাচার্য এবং ভারে পরী উভয়েই উপধাস করছেন, এবং ভাঁদের জামান্তা অমেয়ে বিস্চিকা রোগে আক্রান্ত হয়ে মরণোশ্যুখ ।

শ্লোক ২৭৩-২৭৫
তিনি' কৃপাময় প্রস্কু আইলা খাঞা।
অমোথেরে কহে তার বুকে হস্ত দিয়া য ২৭৩ ॥
সহজে নির্মল এই ব্যাহারণ-হাদয়।
কৃষ্ণের বসিতে এই খোগ্যস্থান হয় ॥ ২৭৪ ॥
মাৎসর্য'-তথাল কেনে ইহা বসাইলো।
পরম পবিত্র স্থান অপবিত্র কৈলো য ২৭৫ ॥

এই খবর পাওরা মাত্রই প্রীচৈতনা মহাগ্রন্থ ছুটে সেখানে গেলেন, এবং অমোঘের বৃক্তে হাত দিয়ে বললেন, "এই বান্ধাণের হৃদয় স্বান্ধানিক তাবেই নির্মন, সেটি প্রীকৃষ্ণের বসার উপযুক্ত স্থান, কিন্তু সেখানে কেন কৃমি মাৎসর্যক্রপ চণ্ডালকে বসালে? সেই পরম পরিত্র স্থানকে কেন এইভাবে অপনিত্র করলে?

শ্লোক ২৭৬ সাৰ্বভৌম-সঙ্গে ভোমার 'কল্ম' হৈল ক্ষয় । 'কল্মম' ঘূচিলে জীব 'কৃষ্ণনাম' লয় ॥ ২৭৬ ॥ শ্লোকার্থ

'শার্বভৌষ ভট্টাচার্বের সন্ধ প্রভাবে ভোমার সমস্ত কল্য ক্ষয় হয়েছে। হেদমের কল্য যখন নির্মল হয় ভখন শ্রীব হরেকৃক্য মহাযন্ত গ্রহণ করতে সক্ষম হয়।

> প্রোক ২৭৭ উঠহ, অযোদ, তুমি লও কৃক্যনাম। অচিরে জোমারে কৃপা করিবে ডগবান্॥ ২৭৭ গ্র লোকার্থ

"অভন্তৰ, অনোদ, উঠ এবং কৃষ্ণনাম প্ৰহণ কর। ভাহলে অচিবেই শ্ৰীকৃষ্ণ ভোমাকে কুপা করবেন।"

তাৎপর্য

ত্রকা', 'পরমান্তা' ও 'ভগবান' এই তিনভাবে করের তত্ত্বের উপলানি হয়। যিনি ব্রহ্মকে উপলানি করেছো তিনি প্রাধান, এবং প্রাধান করে ভগবানের সেবায় যুক্ত হন তথন তাকে কনা হন বৈক্ষর। পরমতত্ত্বের পূর্ণ উপলান্ধি ভগবান্' এবং অসম্যক্ষ উপলান্ধির প্রন 'প্রাধা প্রাক্ষণের মূবে কেবল 'নামাভাস' উদিত হয়। কিন্তু অন্বয় জ্ঞান বিষ্ণুর সলে সদান্ধ জান যোগ যুক্ত প্রাক্ষণেই 'অভিথেম' বৃত্তিযুক্ত বা সেবা সূত্রে আবদ্ধ হলে অর্থাৎ ভল্পন নরতে 'ভাগবত' বা 'বৈক্ষর' হতে পারেন তথনই অবিদ্যা-জনিত 'কলুয' বা 'অপরাধ' দৃষ্
হয়ে ভার মূবে তক্ষ নাম উদিত হন ভগবন্গীতায় (৭/২৮) প্রতিপন্ন হয়েছে—

रवर्गः चन्त्रगणः भाभः बनानाः भृशुकर्मभाम् । एक चन्द्रभावनिर्मुका जकरकः माः मृत्यकाः ॥

"া ব্যক্তি পূর্ব জীবনে এবং এই জীবনে বহু পূণ্য অর্জন করেছেন, যাঁর সমস্ত পাপ পূর্ণনাপে দূর হরেছে এবং বিনি হন্দ ও মোহ থেকে মুক্ত হয়েছেন, তিনিই দৃঢ নিষ্ঠা সহতারে আমার সেবায় বৃক্ত হতে পারেন।"

কোন প্রাক্ষণ মহাপত্তিত হতে পারেন, কিন্তু তার অর্থ এই নয় যে তিনি জড় কদৃয় থেকে সুক্ত। তবে, রাজনের কল্য সন্থওণে। জড়-জগতের তিনটি ওণ সত্ত, রজো এবং তমো, এবং এই ওণগুলি প্রকৃতপক্ষে কলুয়ের বিভিন্ন স্তর্ম প্রাক্ষণ যতক্ষণ না এই ধরনের কল্য থেকে সুক্ত হয়ে নির্তাণ ভগবং-সেবার স্তরে উন্নীত হচ্ছেন ততক্ষণ তিনি বৈষ্ণব হতে পারেন না। নির্বিশেষবাদীরা অন্বয় তবে নির্বিশেষ ব্রন্ধজ্যাতি উপলব্ধি করে পারেন, কিন্তু তার কার্যকল্যপ নির্বিশেষ স্থারেই সীয়িত থাকে কথলো

96

কথনো তারা যে পাঁচপ্রকার স্বশুণ উপাসনা কর্মনা করেন, তা কখনই জ্বরা তত্তকে পূর্ণরূপে উপলব্ধি করতে সাহায্য করে না। নির্নিশেষবাদী নিজেকে ব্রাহ্মণ বলে অভিযান করতে পারেন, এবং সন্ত্রুগে অধিষ্ঠিত হতে পারেন, কিন্তু ভাহলেও তিনি জড়া-প্রকৃতির গুণ ছারা আবদ্ধ। অর্থাৎ, তিনি এখনও মুক্ত হতে পারেন নি, কেন্দ্রা সম্পূর্ণক্রপে জড়া-প্রকৃতির গুণের প্রভাব থেকে মুক্ত না হলে মুক্তি লাভ হয় না। এইভাবে দেখা বায় যে মায়াবাদ দর্শন জীবকে জড় জগতের বদ্ধনেই আবদ্ধ করে রাখে। কেউ বদ্ধা খ্যামধ্যভাবে দীক্ষা গ্রহণ করার মাধ্যমে কৈঞ্চৰ হন তথ্য তিনি আপনা থেকে ব্রাহ্মণাভ করেন সে সংঘদ্ধে কেন্দ্র সম্পূত্ব পুরাধ্যে তা প্রতিপধ হয়েছে ক্রান্ত করেন সংক্রে করেন সংক্রি প্রবাধে তা প্রতিপধ হয়েছে ক্রান্ত করেন সংক্রে করেন সংক্রি গ্রহণ তা প্রতিপধ হয়েছে ক্রান্ত

द्वाचागांनार मश्द्रकार महायांची विनिदारः । मदावाद्यमञ्जूषाम् मर्वरवगानुभागः । मर्वरवगानुवेशकारेग विकासरका विनिदारः ॥

''হাজার হাজার ব্রাধাণের সধ্যে, এঞ্চলন মন্ত্র অনুষ্ঠানের উপযুক্ত হতে পারেন। এই রক্তম হাঞার হাজার উপযুক্ত ব্রাহ্মণদের মধ্যে, একজন পূর্ণরূপে বেদান্ত দর্শনে অভিজ্ঞ হতে পারেন এই রক্তম কোটি ঝোটি বেদান্ত-নিদের মধ্যে কনাচিৎ এঞ্চলন বিকৃতক্ত হন, এবং তিনিই স্বচাইতে উন্নত স্করে অধিষ্ঠিত।"

পূর্ণরাপে ব্রাহ্মণত্ব লাভ না করলে পারমার্থিক মার্গে অগ্নসর হওয়া যায় না। প্রকৃত ব্রাহ্মণ কথনই বৈক্ষব বিদ্বেমী নন। যদি হন ভাহলে বৃধতে হবে যে তিনি মথার্থ ব্রাহ্মণ করে উপনীত হতে পারেন নি। নির্নিশেষবাদী ব্রাহ্মণেরা সর্বনাই বৈক্ষা নীতির বিশ্লোধী। তারা বৈক্ষাবিদ্রেদী কেননা তারা জীবনের প্রকৃত লক্ষ্য সমক্ষে অবগত নন। ন তে বিদ্যু স্থার্থগাতিং হি বিকৃত্ব । কিন্তু কোন গ্রাহ্মণ যদ্য বৈত্যাব হন, তর্থন জার কোন হন্দুভাব থাকে না আন ব্রাহ্মণ যদি বৈক্ষা না হয়, তাহলে সে অবশাই প্রাহ্মণের ভার থেকে অধ্যাপতিত হয়। সে সহজে প্রীমন্ত্রাগাবতে (১১/৫/৩) বলা হয়েছে—ন ভজ্জারক্যানান্তি স্থানাদ্ প্রদীঃ পত্তারার্য । অর্থাৎ সে যদি ভগবানের ভক্ষনা না করে ভাহলে সে সেই জর থেকে বাই হায়ে অধ্যাপতিত হয়।

জামরা দেখি যে, কলিমুগে বছ ডথাকণিত ব্রাহ্মণ বৈষ্ণবিদ্বেষী। কলিম কর্ষিত ব্রাহ্মণ মনে করে যে, ভাষানের শ্রীবিগ্রহের আর্থনা হচ্ছে কয়না—কর্চে বিশ্বৌ শিলাধীর ওফুরু নরমান্তির বৈষ্ণবে জানিবুদ্ধির। এই ধরনের কলুষিত ব্রাহ্মণের। পঞ্চোপাসনার নামে, কোন পূজা করতে পারে, কিন্তু প্রকৃতপক্ষে তারা মনে করে যে, মন্দিরে ভাষানের শ্রীবিগ্রহ নাঠ অথবা পাথর থেকে তৈরি। তেমনই, এই ধরনের কলুষিত ব্রাহ্মণেরা ওফুকে একজন সাধারণ মানুষ বলে মনে করে এবং কৃষ্ণভঙ্জি প্রচাত্রের মাধ্যমে যখন মানুষকে বৈষ্ণবে পরিণত করা হয় তখন তারা প্রতিবাদ করে। তথাকথিত বছ ব্রাহ্মণেরা আমানের বিরোধিতা করে বলে, "কিভাবে আপ্লারা এই সমস্ত আমেরিকান এবং ইউরোপিয়ানদের ব্রাহ্মণে পরিণত করছেন? ব্রাহ্মণের পরিবারে কেবল ব্রাহ্মণের জন্ম হয়।" তারা ভেবে দেখে না যে, কোন শান্ত্রে সে কথা বলা হয়নি ভগকদ্বীতার (৪/১৩) শ্রীকৃত্র বিশেষতারে

বলেছেন—*চাতুর্বর্ণং ময়া সৃষ্টং গুণকর্মবিভাগশাঃ।* "প্রকৃতির তিনটি গুণ এবং কর্মের প্রবনতা অনুসারে মানব-সমাজে আমার বারা চরেটি বর্ণ সৃষ্টি হয়েছে।"

ক্তন্ম অনুসারে কেছ প্রাক্ষাণ হয় না, গুণ এবং কর্ম অনুসারেই রান্ধাণ হয় চেফ্রনই, বৈষ্ণম কোন বিশেষ জাতির অন্তর্ভূক্ত নয়, পক্ষাস্তরে, পরমেশ্বর ভগবান খ্রীবিষ্ণুর স্বোধা প্রবৰ্গতা অনুসারে ভার বৈষ্ণুবহু নির্ধারিত হয়।

> শ্লোক ২৭৮ শুনি 'কৃক্ক' 'কৃক্ক' বলি' অমোঘ উঠিলা। প্রেমোন্দাদে মন্ত হ্ঞা নাচিতে লাগিলা॥ ২৭৮॥ প্রোকার্থ

ন্ত্ৰীটোতনা মহাপ্ৰভূত্ন ব্ৰীহন্তের স্পাৰ্শ লাভ করে এবং ছাঁর মুখে এই আশ্বাস বাদী প্ৰকণ করে, 'কৃষ্ণ', 'কৃষ্ণ' বলতে বলতে অমোধ শদ্যা খেকে উঠে ভগবংগ্ৰেমে উদ্মস্ত হয়ে নাচতে লাগল।

> শ্লোক ২৭৯ কম্পা, অঞা, পূলক, স্তন্ত, স্বেদ, স্বর্তক । প্রস্থু ছালে দেখি' তার প্রেমের তরক । ২৭৯ ॥ শ্লোকার্থ

তার অক্ষে কম্প, অঞ্চ, পুলক, তন্তু, বেদ, স্বর্ডক আদি ভগবং-প্রেমের বিকার সমূহ প্রকাশ পেল, এবং তার এই প্রেমের ভরঙ্গ দেখে প্রীচৈতদ্য মহাপ্রভূ হাসতে লাগদেন।

> প্রোক ২৮০-২৮১ প্রভুর চরণে ধরি' কররে বিনয় । অপরাধ ক্ষম মোরে, প্রভু, দয়াময় য় ২৮০ ॥ এই ছার সৃশ্বে জোমার করিনু নিন্দনে । এক বলি' আপন গালে চড়ায় আপনে ॥ ২৮১ ॥ প্রোকার্থ

ভারপর শ্রীচৈতনা সহাপ্রভূর শ্রীপাদপরে পত্তিত হয়ে অত্যস্ত বিনীত ভাবে অযোহ বলতে লাগন, "হে দরাময় প্রভূ, দরা করে তুমি আমার অপরাধ ক্ষমা কর এই জয়ন্য মুখ দিয়ে, আমি ভোষার নিন্দা করেছি," এই বলে সে নিজের গালে চড় মার্ডে লাগল।

> শ্লোক ২৮২ চড়াইতে চড়াইতে গাল ফুলাইল । হাতে ধরি' গোপীনাথাচার্য নিষেধিল গ্ল ২৮২॥

<u>শ্</u>রোকার্থ

এইগ্রাবে চড় মারতে মারতে তার গাল ফুলে গোল: অবলেবে গোপীনাথ আচার্য তার হাতে ধরে ভাকে নিবৃত্ত করলেন।

> শ্লোক ২৮৩ প্রভু আখাসন করে স্পর্শি তার গাত্র। সার্বভৌথ-সম্বন্ধে ভূমি মোর স্নেহপার 🏾 ২৮৩ 🗈 জোকার্থ

শ্রীটেডন্য মহাপ্রভূ তথন অমোদের গাত্র স্পর্ণ করে বলদেন, "ভূমি আমার বেহের পাত্র, কেমমা ভূমি সার্বভৌম ভট্টাচার্যের স্কামান্ডা ।

শ্লোক্ ২৮৪
সার্বভৌম-গৃহে দাস-ধাসী, বে কুরুর ।
সেহ মোর প্রিয়, অন্য জন রহ দ্র ■ ২৮৪ চ
ভোকার্থ

"সার্বটোম ভট্টাচার্টের গৃহের দাস-দাসী, এমনকি কুকুর পর্যন্ত আমার জিল। তার আন্ট্রীয় অজনদের কথা আর কি বলব ?

প্লোক ২৮৫
'অপরাথ' নাহি, সদা কও কৃষ্ণনাম।
এত বলি' প্রভু আইলা সার্বভৌম-স্থান। ২৮৫ ॥
স্থোকার্থ

"আর কোম রক্তম অপরাধ না করে সর্বদা কৃষ্ণনাম গ্রহণ কর।" এই বলে ঐটেডন্য মহাপ্রস্থু সার্বভৌম ভট্টাচার্যের কাছে পেলেন।

> শ্রোক ২৮৬ প্রভু দেখি' সার্বভৌম ধরিলা চরপে ৷ প্রভু তাঁরে আলিঙ্গিয়া বসিলা আসনে ৷৷ ২৮৬ ৷৷ শ্রোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূকে দেখে সার্বভৌম ভট্টাচার্য ভার শ্রীপাদপদ্ম জড়িয়ে ধরলেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভূ তাঁকে জানিকন করে স্থাসনে বসলেন।

> শ্লোক ২৮৭ প্রভু কহে, অমোঘ শিশু, কিবা তার দোষ। কেনে উপবাস কর, কেনে কর রোষ ম ২৮৭ ॥

লোকার্থ

প্রীটৈতন্য মহাপ্রভূ সার্বভৌম ভট্টাচার্যকে সাম্বুনা দিয়ে বনলেন, "থমোয একটি শিশু। ভার কি দোষ? কেন শুধু শুধু ভার উপর রাগ করে ভূমি উপবাস করছ?

> প্লোক ২৮৮ উঠ, স্থান কর, দেখ জগন্ধাথ-মূখ । শীঘ্র আসি, ভোজন কর, তবে মোর সূখ ॥ ২৮৮॥ শ্লোকার্থ

'ন্তিঠ, স্থান কর, তারপর জীজগল্লাবদেককে দর্শন কর এবং তারপর ফিরে এসে ভোজন কর; ভারপেই আমি সুখী হব।

প্রোক ২৮৯
ভাবৎ রহিব আমি এথাম বসিয়া ।
বাবৎ না খাইবে ভূমি প্রসাদ আসিয়া ।
ধ্যাকার্থ

"সভক্ষণ পর্যন্ত না ভূমি কিরে এসে প্রসাম এহণ করবে, তডকণ আমি এখানে বসে শ্যকৰ।"

> রোক ২৯০ প্রভূ-পদ ধরি' ভট্ট কহিতে লাগিলা । মরিত' অধ্যেষ, তারে কেনে জীয়াইলা ॥ ২৯০ ॥ রোকার্থ

শ্রীটেচতন্য মহাপ্রকৃত্য পারে ধরে সার্বভৌষ ভট্রাচার্য বলতে লাগলেন, "অমোঘ যদি মরে থেত ভার্বেই ভাল হত। ভূমি কেন ভাকে বাঁচালে।"

(क्षांक २५)

প্রভু করে,—শ্রমোথ শিশু, জোমার বালক ৷ বালক-দোর না লয় পিতা, তাহাতে পালক ৷৷ ২১১ ৷ প্লোকার্থ

প্রিটৈতনা মহাপ্রকু বন্ধলেন, "অমোঘ একটি লিংঃ এবং তোমার সন্তান। পিতা তার বালক পুরের দোব প্রহণ করেন না, কেলনা তিনি তার গালক।

> শ্লোক ২৯২ এবে 'বৈষ্ণৰ' হৈল, তার গেল 'অপরাধ' 1 তাহার উপরে এবে করহ প্রসাদ য় ২৯২ 1

"এখন সে বৈকৰ হয়েছে এবং তার ফলে সে তার সমস্ত অপরাধ খেকে সুক্ত হয়েছে। এখন তুমি ভাকে কুপা কর।"

শ্ৰেক ২৯৩

७ग्रे करर,—ठन, श्रेष्ठ, जेश्रेत प्रतारत । স্নান করি' ভাঁহা মুক্তি আসিছোঁ এখনে ম ২১৩ ম

সার্বভৌম ঘট্রাচার্য বললেন, "প্রাড়, দয়া করে এখন তুমি শ্রীজগরাথকে দর্শন করতে যাও, শীউই আমি সান করে সেখানে যাকি।"

> গ্ৰোক্ ২৯৪ প্ৰভু কৰে,—গোপীনাথ, ইহাঞি মহিবা ! ইহো প্ৰসাদ পাইলে, বাৰ্ডা আমাকে কহিবা 🛭 ২৯৪ 🎚

জীচিজন্য মহাপ্রকু তথন গোপীন্যথ জাচার্মকে বদলেন, "গোপীনাথ, ভূমি এখানে থাক এবং ইমি প্রসাদ পেলে আমাকে সে খবর দিও।"

त्यांक २५८

এত বলি' প্রস্কু গেলা ঈশ্বর-সরশনে ৷ ভট্ট স্থান দর্শন করি' করিলা ভোজনে ॥ ২৯৫ ॥

এই বলে প্রীতৈতন্য মহাপ্রভু শ্রীস্থাগরাখদেবকে দর্শন করতে গেলেন এবং সার্বভৌয় ছট্টাচার্য সান করে গ্রীজগরাধদেবকে দর্শন করে, গৃহে ফিরে ভোঞ্জ করলেন।

শ্ৰৌক ২৯৬

সেই অমোদ হৈল প্রভার ভক্ত 'একার্ড'। প্রেমে নাচে, কৃষ্ণনাথ লয় সহালান্ত 🏗 ২৯৬ 🛭

সেঁই থেকে অমোধ মহাপ্রভুৱ ঐকান্তিক ভক্তে পরিণত হল, এবং মহাপান্ত হয়ে ভগবং-প্রেমে আবিষ্ট হয়ে নৃত্য করতে করতে কৃচ্চনাম কীর্তন করতে লাগল।

> **अ**कि २३१ ঐছে চিক্র-লীলা করে শচীর নন্দন। থেই দেখে, ওনে, তার বিক্ষয় হয় মন ॥ ২৯৭ ॥

শ্ৰোকাৰ্থ

এইডাবে শচীনন্দন ঐপৌরসন্দর তার বিচিত্র দীলা বিলাস করেছেন; যেই ডা দেখে यथवां श्वरन, भिंडे विचिक्त हर।

भारत ३५४

ঐছে ভট্ট-গ্রহে করে ভোজন-বিলাস । তার মধ্যে নানা চিত্র-চরিত্র-প্রকাশ । ২৯৮ ॥ শ্ৰোকাৰ্থ

এইভাবে প্রীটিডেন্য মহাপ্রস্থ সার্বভৌম ভট্টাচার্যের গুছে ভোজন বিদাস করেছিলেন: এবং সেই একটি লীলার মধ্যেই বহু অন্তত চিত্র এবং চরিত্র প্রকাশিত হয়েছিল।

হোক ২৯৯

সার্বভৌম-ঘরে এই ভোজন-চরিত ৷ সাৰ্বভৌষ-প্ৰেম বাঁছা ইউলা বিদিত ৪ ২৯৯ ॥

এটিততন্য মহাপ্রস্থার অন্তর্ভ লীলার এইটিই বৈশিষ্ট্য। সার্বভৌম ভট্টাচার্যের গৃহে এইভাবে তিনি ভোজন-শীলাবিলাম করলেন এবং তার ফলে তার প্রতি সার্বশ্রৌম মুট্রাচার্যের গ্ৰেমের মহিমা সকলের কাছে প্রকাশিত হল।

याचा-निर्वशामुख श्रदा फिटाच क्या इत्साइ—

व्ययमग्रिकः वस्य श्रीशीतगक्षमारक्षयः । श्चिमश्रमश्रमाञ्चाकरः भूलकाकृलविधर्मः ॥

্রথমোর পরিতকে আমি আমার প্রদতি নিবেদন করি, খাঁকে শ্রীচৈতন্য মহাপ্রস্ক আখুসাং করেছিলেন। ভগবং-প্রেমে গদগদ তার শ্রীক্ষদ নিরন্তর পলকে আকলিত।"

(当)本 900

যাঠীর মাতার প্রেম, আর প্রভুর প্রসাদ ! ভক্ত-সম্বন্ধে যাহা কমিল অপরাধ ৷৷ ৩০০ ৷৷

এইতাৰে আমি ইটিডেন্য মহাপ্ৰভূব প্ৰতি ৰাঠীৰ মাভাৱ প্ৰেম এবং অমোঘের প্ৰতি निरिक्ता मरध्यकृत कृथान कथा वर्षना कद्ममाम। अरमाम मार्यस्टीम ভট্টাচার্যের মতো নহান ভক্তের সঙ্গে সম্পর্কয়ক ছিলেন বলেই ঐটিডেনা মহাপ্রভ ভার অপরাধ ক্ষমা করেছিলে।

ভাহপর্য

অমোদ শ্রীচৈতন্য মহাপ্রভূর নিন্দা করায় অপরাধী হয়েছিলেন। অপরাধ ফলে তার প্রাণান্তক বিস্কৃতিকা ব্যাধি হয় ব্যাধিগ্রন্ত হবার পর অমোদ অপরাধ প্রশমনের সময় পাননি। সার্বভৌম ভট্টাচার্য ও তার পত্নী প্রীচৈতনা মহাপ্রভূর নিতান্ত কৃপার পরে ছিলেন। ভাদের সম্বন্ধে মহাপ্রভূ এই অপরাধী অমোদের প্রতি দশু বিধানের পরিবর্তে তার অপরাধ কনা করালেন এবং তার প্রাণ রক্ষা করে কৃষক্তিক দান করালেন। শ্রীচৈতনা মহাপ্রভূর প্রতি সার্বভৌম ভট্টাচার্যের পত্নীর প্রবাদ ভত্তি সম্বন্ধ। লোকিক দৃষ্টিতে অমোদ ছিলেন সার্বভৌম ভট্টাচার্যের জামাজা এবং সার্বভৌম ভট্টাচার্য তাকে পালন করতেন। সুভরাং তার অপরাধ কমা না করলে তার পালক সার্বভৌম ভট্টাচার্যকে গৌণভাবে দশুবিধান বরা হয়। এই জন্য তাকে কমা করে শ্রীচৈতনা মহাপ্রভূ তার ঐশর্য, গান্ধীর্য ও উদার্য প্রকাশ করলেন।

> ক্লোক ৩০১ প্রজা করি' এই দীলা ওনে টেই জন। অচিরাৎ পায় সেই তৈতন্য-চরণ ॥ ৩০১ ॥ জোকার্থ

শ্রাদ্ধা সহকারে যিনি এই দীলা শ্রারণ করেন, তিনি অচিরেই শ্রীটেডনা মহাপ্রভুর শ্রীপাদপয়ে আশ্রয় লাভ করেন।

> শ্লোক ৩০২ শ্রীরাপ-রঘুনাথ-পদে বার আশ । তৈহন্যচরিভাম্ভ কহে কৃষ্ণদাস ॥ ৩০২ ॥ নোকার্থ

শ্রীল স্কপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর শ্রীপদ্দশন্তে আত্মর প্রণতি নিকোন করে এবং তাঁদের কৃপা প্রার্থনা করে তাঁদের পদায় অনুসরণ পূর্বক আমি কৃষ্ণাস শ্রীতৈতদা-চরিতামৃত বর্ণনা করছি।

ইতি—'সার্বভৌম ভট্টাচার্যের গৃহে শ্রীচৈতন্য মহাগ্রভুর প্রসাদ সেবা' বর্ণনাকারী শ্রীচৈতন্য-চরিতামৃত গ্রন্থের মধ্যলীলার পঞ্চদশ পরিছেদের ভব্তিবেদান্ত তাৎপর্য।

ষষ্ঠদশ পরিচেছদ

শ্রীচৈতন্য মহাপ্রভুর বৃন্দাবন যাওয়ার প্রচেষ্টা

শ্রীল ভতি-বিলেদ ঠাকুর তাঁর অমৃতপ্রবাহ ভাষো এই পরিচেছদের কথাসার বর্ণনা করেছেন - শ্রীচৈতনা নহাপ্রত্ ধর্বন বৃদ্ধাবনে যেতে চাইলেন, তথন রামানদ রায় এবং পরিচেছনে ভট্টাচার্য পরোক্ষভাবে নানা প্রকার রাধা সৃষ্টি করতে লাগগেন। যথা সময়ে গৌড়ীয় ভতেরা তৃতীয় বংসর নীলাচলে এলেন। এইবার বৈষ্ণবাসের গৃহিণীরা শ্রীচেতনা মহাপ্রভুকে নিমন্ত্রা করার জনা তাঁর প্রিয় বহরিধ খাদ্যপ্রবা করদেশ থেকে নিয়ে এসেছিলেন ভতনা খবন ক্রায়াথ প্রীচেত এসে পৌছলেন, তথন প্রীচেতনা মহাপ্রভু মালা পাঠিয়ে তাদের সাধান করলেন। সে বছরও অন্যানা বছরের মতো গুগুিরা মন্দির মার্জন ইয়েছিল। চাড়ুর্মাপোর পর ভক্তরা বন্ধদেশ অভিনুখে যাত্রা করলেন প্রীচেতনা মহাপ্রভু নিত্যানদ প্রভুকে প্রতি বংসর নীলাচলে আসতে নিবেধ করলেন। কুলীন গ্রামবাসীদের প্রচার উত্তরে স্থাচিতনা মহাপ্রভু পুনরায় বিষয়বা-কন্ধন। এই বছর শ্রীল পুন্ধনীক বিদ্যানিধি নীলাচলে থেকে 'গুড়নবন্তী' দর্শন করলেন। ভক্তরা যথন বিদায় নিলেন, তথন নহাপ্রভু গুড়ভাবে বৃন্ধাবনে যাবার ইচ্ছা প্রকাশ করলেন এবং বিজয়া দশমীর দিন প্রস্থান করলেন।

বহারাজ প্রভাগরন্দ প্রীচেতনা মহাপ্রভূর গমন পথে অনেক প্রকার বাবস্থা করেছিলেন চিগ্রোৎগলা নদী পার হলে রামানন্দ রায়, মরদরাজ ও হরিচন্দন মহাপ্রভূবে সঙ্গে করে করে করে। গলাধর পতিভক্তে মহাপ্রভূ নীলাচলে ফিরে ফেতে অনুরোধ করেল, তিনি তা ওনজেন না। কটক থেকে মহাপ্রভূ গলাধর পতিত গোন্ধামীকে লপথ দিয়ে গ্রীপুরুযোজ্যে পারাজেন এবং ভদ্রক থেকে রামানন্দকে বিদার দিলেন, তারপর উভিষ্যা দেশের সীমায় একে লৌছে নৌকা করে ফল অধিকারীর সাহাযো পাণিহাটি পর্যন্ত গোলেন তার পর মহাপ্রভূ রাঘন পতিতের বাড়ি থেকে কুমার হট্ট হয়ে কুলীয়া প্রামে এসে অত কের অপরাধ হল্পন করলেন। সেখান থেকে বামকেলিতে গিয়ে শ্রীরূপ ও শ্রীসনাতনকে অপ্রীকার করলেন। সামকেলি থেকে প্রত্যাবর্তন করে রখুনাও দাসকে শিকা দিয়ে গৃহে পার্টালোন। প্রসার্থ নীলাচলে এসে মহাপ্রভূ একা কুলাবনে যাবার পর্যার্থ করতে লাগলেন

গোক ১ গৌড়োদ্যানং গৌরমেঘঃ সিঞ্চন্ স্বালোকনামৃতৈঃ । ভবাগ্নিদ্বাক্তনতা বীরুধঃ সমজীবরং ॥ ১ ॥

নৌডোদ্যানম্—সৌড়দেশ নামক উদ্যানে, সৌরমেধঃ—সৌররুপ মেঘ, সিঞ্চন্—বর্ষণ,
খ তার নিজের, আলোকনাম্টেঃ—দর্শনরূপ অমৃডের ছারা, তবাদ্বি—সংসাররূপ দাবাদির
ছারা: দক্ষ—দক্ষ, জনতা—জনস্থারণ; বীরুধঃ—লতার মতো, সমজীবয়ৎ—পুনরুজীবিত
করেছিলেন।

brès

(割本 55]

অনুবাদ

গৌড়দেশ রূপ উদ্যানে, শ্রীগৌরাক্সপ মেঘ তার দর্শনামৃত বর্ষণ করে, ভবাগ্রিদশ্ব জনতারূপ লতাকে জীবিত করেছিলেন।

(झॉक ३

कर करा भौतिष्ठ करा निज्ञानम् । करारिष्ठिष्ट करा भौतिक्छन्म ॥ २ ॥

ল্লোকার্থ

প্রমেশ্বর ভগবাম প্রীটেডনা মহাপ্রভুর জয় হোক। প্রীনিত্যানন্দ প্রভুর জর হোক। জীঅক্সৈডচন্দ্রের জয় হোক। জয় হোক সমস্ত গৌরভক্রবৃদ্ধের।

প্লোক ও

প্রভুর ইবল ইচ্ছা যাইডে কৃদাবন। ওনিয়া প্রভাপরত ইইলা বিমন ॥ ৩ ॥

য়োকার্থ

প্রীতিজ্ঞান মহাপ্রজুর বৃদ্ধারন যাওয়ার ইচ্ছা হক, এবং সেই সংবাদ ওবে মহারাজ্য প্রজাপক্ষত্র অভ্যন্ত বিষয় হকেন।

শ্ৰোক ৪

সার্বভৌম, রামানস্থ, আনি' দুই জন।
দুঁহাকে কহেন রাজা বিনয়-বচন 1 8 1
ভোকার্থ

ক্তবন সার্বভৌম ভট্টাচার্য ও রামানন্দ রায়, এই মূইজনকে ভেকে এনে অত্যন্ত বিনীতভাবে রাজা তাঁদের বদদেন .

्रांक ८

নীলাদ্রি ছাড়ি' প্রভুর মন অন্যত্র যাইতে । ডোমরা করহ যত্ন তাঁহারে রাখিতে ॥ ৫ ॥

ক্লোকাৰ্<u>থ</u>

মহারাজ প্রতাপরত্ত বললেন, "প্রীতৈতন্য মহাপ্রতু নীলাম্রি ছেড়ে অন্যত্র ফেতে চান, তোমরা তাঁকে এখানে রাখার চেমা কর।

শ্লোক ৬

তাঁহা বিনা এই রাজ্য মোরে নাই ভার । গোসাঞি রাখিতে করহ নানা উপার ॥ ७ ॥

গ্ৰোকাৰ্য

"ঐতিহন্তন্য মহাত্রত্ বিনা আমার এই রাজ্য আমার ভাল লাগে না, তহি ছোমরা তাঁকে। এখানে রাখার কোন উপায় নির্ধারণ কর।"

শ্লোক ৭

রামানন্দ, সার্বভৌষ, দুইজনা-স্থানে। তবে যুক্তি করে প্রভূ—'যাব বৃন্দাবনে' ॥ ৭ ॥ প্লোকার্থ

এদিকে, শ্রীচৈতনা মহাপ্রভু রামানক রায় এবং সার্বভৌম ভট্রাচার্যকে বললেন, "আমি কুকাবনে কাব।"

হৌক ৮

দূঁহে কহে,—রথযাত্রা কর দরশন । কার্তিক আইলে, তবে করিহ গমন । ৮ ।। জোকার্থ

রামানক রায় এবং সার্বাজীন ভট্টাচার্য তথম শ্রীচৈতন্য মহাপ্রভূকে অনুরোধ করলেন, "প্রথমে রথযাত্রা দর্শন করে, ভারপর কার্তিক মানে তুমি বৃন্দাবনে যেও।"

শ্লোক ৯

কার্তিক আইলে কছে—এবে মহাশীত। দোলহাত্রা দেখি' যাও—এই ভাল রীত ॥ ৯ ॥

ভারপর কার্ডিক সাম একে, ভারা বললেন, "এখন অভ্যন্ত শীভঃ ভাই এখন সা গিয়ে দোলযাত্রা দর্শন করে ভয়েগর গেলেই ভাল হবে।"

লোক ১০

আজি-কাশি করি' উঠায় বিবিধ উপায় । বাইতে সম্মতি না দেয় বিচেহদের ভয় ॥ ১০ ॥ ভোকার্থ

এইভাবে অঞ্চে কাল করে, নানা অজুহাত দেখিলে, তাঁরা বিচ্ছেদের ছয়ে তাঁকে যেতে সংগতি দিকেন না।

(別本 22

যদ্যপি স্বতন্ত্র প্রভু নহে নিবারণ। ভক্ত-ইচ্ছা বিনা প্রভু না করে গমন॥ ১১॥

প্ৰেক ২১]

brbr

ৰোকাৰ্থ

যদিও শ্রীচৈতন্য সহাপ্রস্কু সম্পূর্ণ সমস্ত্র এবং কেউ ভাকে নিবরেণ করতে পারে না, তবুও তিনি ডক্তের ইচ্ছা ন্যুজিড গমন করেন না।

শ্লোক ১২

তৃতীয় বংসরে সব গৌড়ের ভক্তগণ । নীলাচলে চলিতে সবার হৈল মন ॥ ১২ ॥ শোকার্থ

তারপর, তৃতীয় বছর, দৌড়ের সমস্ত ডভেরা নীলাচলে যেতে ইচ্ছা করলেন।

ঝোক ১৩

সবে মেলি' গেলা অবৈত আচার্যের পাশে। প্রভু দেখিতে আচার্য চলিলা উক্লাসে 11 ১৩ ॥

<u>ক্লোকার্থ</u>

ভারা সকলে মিলে অধৈত আচার্যের কাছে গেলেন এবং অবৈত আচার্য পরম উল্লাচন শ্রীটেডন্য মহাশ্রেক দর্শন করতে চললেন।

গ্ৰোক ১৪-১৫

যদ্যপি প্রভুর আজা গৌড়েকে রহিকে।
নিজ্যানন্দ-প্রভুকে প্রেমডক্তি প্রকাশিকে ॥ ১৪ ॥
তথাপি চলিলা মহাপ্রভুরে দেখিতে।
নিজ্যানন্দের প্রেম-চেষ্টা কে পারে বুঝিতে॥ ১৫ ॥
প্রোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রস্থ যদিও নিত্যানক প্রভূকে শ্রেমকক্তি হচার করার জন্য গ্রেড্লেশে থাকতে বলেছিলেন, তবুও সেই আদেশ উপেকা করে তিনি প্রীচেতন্য মহাপ্রভূকে দর্শন করতে চললেন। নিত্যানক শ্রভূর প্রেম চেষ্টা কে বুঝতে পারে ?

শ্রোক ১৬১৭

আচার্যরত্ন, বিদ্যানিধি, শ্রীবাস, রামাই । বাসুদেব, মুরারি, গোবিন্দাদি তিন ভাই ॥ ১৬ ॥ রাঘব পণ্ডিত নিজ-ঝালি সাজাঞা । কুলীন-গ্রামবাসী চলে পট্টডোরী লএগ ॥ ১৭ ॥

প্ৰোকাৰ্থ

আচার্বরত্ন, পুণ্ডরীক বিদ্যানিষি, শ্রীবাস পণ্ডিত, রামাই, বাসুদেব, মুরারি, গোবিন্দ ও তার দুই ভাই, এরা সকলে মহাপ্রভূকে দর্শন করতে চললেন। রাঘব পণ্ডিত তার ঝালি সাহিত্যে চললেন, আর কুলীন গ্রামবাসীরা পট্রডোরী নিয়ে চললেন

শ্লোক ১৮

খণ্ডবাসী নরহরি, শ্রীরঘুনন্দন । সর্ব-ভক্ত চলে, তার কে করে গণন । ১৮ ॥

গ্লোকার্থ

খণ্ডগ্রামের অধিবাসী মরহরি সরকার, শ্রীরঘুনন্দন এবং অন্য বহু ডক্ত চললেন; তাদের ধণনা কে করতে পারেন ?

রোক ১৯

লিবানন্দ-সেন করে ঘাটি সমাধান। সবারে পালন করি' সূথে লওগ ঘান ॥ ১৯ ॥ ভোকার্থ

লিবানন্দ সেন, যিনি ছিলেন সেঁই যাত্রীসলের নেতা, নির্দিষ্ট পথ ও নদীয়াটের যাত্রীদের প্রদেশ কর প্রদান করে, যথাযথকাবে সকলের ভত্তাবধান করে, সূথে ভালের নিয়ে যেতে

রোক ২০

সবার সর্বকার্য করেন, দেন বাসা-স্থান। শিবানন্দ জানে উড়িয়া-পথের সন্ধান ॥ ২০ ॥ ভোকার্থ

সমাজ ভক্তদের যার যা প্রয়োজন তা ডিনি সমাধান করডেন, সকলের থাকবার ব্যবস্থা করডেন, এবং ডিনি জগলাখপুরী যাওয়ার পথ ভালভাবে চিনডেন

(ग्रांक २)

সে বংসর প্রস্কু দেখিতে সব ঠাকুরাণী।
চলিলা আচার্য-সঙ্গে অচ্যুত-জননী ম ২১ ।
প্রোকার্য

সেই বছর সমস্ত ভক্তদের গৃহিণীরাও ঐটিচডন্য মহাপ্রভূকে দর্শন করতে যাচ্ছিল। অচ্যুতানদের জননী সীতাদেঝ, অধৈত আচার্যের সলে যাছিলেন।

[関係 の2]

শ্ৰোক ২২

শ্রীবাস পণ্ডিত-সঙ্গে চলিলা মালিনী। শিবানন্দ-সঙ্গে চলে ভাঁহার গৃহিণী ॥ ২২ ॥

শ্রীবাস পশ্চিতের সঙ্গে মালিনীদেবী যাচ্ছিলেন এবং শিবানন্দ সেনের সঙ্গে গৃহিনী যাচ্ছিলেন।

গ্ৰোক ২৩

শিবানন্দের বালক, নাম—হৈতন্য-দাস । ভেঁবো চলিয়াছে প্রভূবে দেখিতে উল্লাস ॥ ২৩ ॥ শ্লোকার্য

শিবানন্দ সেনের পূত্র তৈতন্য দাসও মহা আনক্ষে তাদের সঙ্গে শ্রীচৈতন্য মহাপ্রাভূকে দর্শন করতে চলেছে।

त्थांक ३८

আচার্যরত্ব-সঙ্গে চলে তাঁহার গৃহিনী। তাঁহার প্রেমের কথা কহিতে না জানি ॥ ২৪ ॥ ধ্যোকার্থ

চন্দ্রশেখন আচার্যনম্বের সঙ্গে কার গৃহিণীও ফাছিলেন: গ্রীচেতন্য সহাপ্রভূম প্রতি কার প্রেমের মহিমা ভাষায় বর্ণনা করা যায় সা।

শ্লোক ২৫

সব ঠাকুরাণী মহাপ্রভুকে ভিকা দিতে । প্রভুর নানা প্রিয় দ্রব্য নিল ঘর হৈতে ॥ ২৫ ॥ লোকার্ধ

সমস্ত্র ভক্ত পদ্মীরা শ্রীটৈতন্য মহাপ্রভূকে বিভিন্ন প্রকার খাদ্যপ্রব্য নিকোন করার জন্য, তাঁর প্রিয় সমস্ত্র স্তব্য হর থেকে নিয়ে যাচ্ছিলেন।

শ্লোক ২৬-২৭
শিবানক-সেন করে সব সমাধান ।
ঘাটিয়াল প্রবোধি' দেন সবারে বাসা-স্থান ॥ ২৬ ॥
দক্ষ্য দিয়া করেন সবার সর্বত্র পালনে ।
প্রম আনক্ষে যান প্রভুর দরশনে ॥ ২৭ ॥

শ্ৰোকাৰ্থ

শিবানন্দ সেন সকলের সমস্ত প্রয়োজন সমাধান করছিলেন, পথে কর আদায়কারীদের প্রবোধ দিয়ে শান্ত করছিলেন, সকলের বাসস্থানের ব্যবস্থা করছিলেন এবং সকলের খাবার ব্যবস্থা করছিলেন, এইভাবে সর্বভোভাবে সকলকে পালন করে ভিনি পরম আনক্ষে শ্রীটোজন্য মহাপ্রকৃত্তে মর্লম করতে বাছিলেন।

গ্ৰোক ২৮

রেমুণার আসিয়া কৈল গোপীনাথ দরশন। আচার্য করিল তাঁহা কীর্তন, দর্তন ॥ ২৮ ॥

রেম্পায় এমে তারা গোপীনাথ দর্শন করলেম এবং আঁছত আচার্য সেখানে কীর্তন ও দুজা করলেন।

শ্লোক ২৯

নিত্যানন্দের পরিচয় সব সেবক সনে। বহুত সম্মান আসি' কৈল সেবকগণে ॥ ২৯ ॥

সেখানকার সমস্ত সেবকদের সঙ্গে নিজানন্দ প্রভূর পরিচয় ছিল। ভারা সকলে এসে ভাকে বহু সন্মান করলেন।

শ্ৰোক ৩০

সেই রাজি সৰ মহান্ত ভাহাঞি রহিলা ৷ বার ক্ষীর আদি' আগে সেবক ধরিলা ৷ ৩০ ৷৷ বোলার্থ

স্থেই রাজে, সমস্ত মহান ভড়েরা সেখানেই রইজেন এবং গোপীনাথদেবের সেবকেরা বারটি পথে শীর একে নিজ্ঞানত প্রভৃতে দিলেন।

গ্রোক ৩১

ক্ষীর বাঁটি' সবারে দিল প্রভূ-নিত্যানন্দ । ক্ষীর-প্রসাদ পাঞা সবার বাড়িল আনন্দ ॥ ৩১ ॥ লোকার্থ

নিত্যানত প্রভূ সকলকে সেই ক্ষীর বেটো দিলেন। ক্ষীর প্রসাস পেয়ে সমস্ত ভক্তরা অভ্যন্ত আনন্দিত হলেন। 5-6

শ্লোক ৩২-৩৩

মাধবপুরীর কথা, গোপাল-স্থাপন। তাঁহারে গোপাল থৈছে মাগিল চন্দন ॥ ৩২ ॥ তাঁর লাগি' গোপীনাথ স্থীর চুরি কৈল। মহাপ্রস্কুর মুখে আধে এ কথা শুনিল॥ ৩৩ ॥

त्याकार्थ

ডক্তরা পূর্বে প্রীচৈতনা মহাপ্রভূর কাহে শ্রীপাদ মাধ্যেক্ত পূরীর কথা, গোপালের স্থাপন, কিন্ধাবে তার কাছে চক্ষন চেয়েছিলেন, তার জম্ম গোপীনাথ কিলাবে কীর চুরি করেছিলেন, এই সমন্ত বৃত্তান্ত প্রীচৈত্তনা মহাপ্রভূর কাছে গুনেছিলেন।

গ্ৰোক ৩৪

সেঁই কথা সবার মধ্যে কহে নিত্যানন্দ । শুনিয়া বৈঞ্চৰ-মনে বাড়িল আনন্দ ॥ ৩৪ ॥

গ্রোকার্থ

সকলের কাছে নিজ্ঞানন্দ প্রভু সেই সমস্ত্র কাহিনী বর্ণনা করলেন এবং তা ৩২ন সমস্ত্র বৈহুংবেরা অভ্যস্ত আনন্দিত হলেন।

ভাহপর্য

এখানে 'মহাপ্রভুর মুখে' কথাটি অভান্ত তাৎপর্যপূর্ণ, কেননা প্রীচেতনা মহাপ্রভু প্রথমে তার থানদের খ্রীপাদ ঈশ্বরপুরীর মুখে এই কাহিনীটি গুনেছিলেন। অধনীলার চতুর্থ পরিক্রেদের অধ্যান্য মোকে সেই কাহিনীর বর্ধনা রয়েছে শান্তিপুরে শ্রীপাদ অক্ষেত্র আচার্যের পূরে কিছুদিন অবস্থান করার সময় মহাপ্রভু মাধ্যক্রপুরীর কাহিনী নিজ্যান্য প্রভু, জগদানন্দ প্রভু, দাম্যােদর পথিত এবং মুকুন্দ দামকে বলেন যথন ভারা রেমুগায় গোলীনাথকীর মানিরে গিয়েছিলেন, তখন তিনি মাধ্যক্রপুরীর গোপাল থিপ্রহের প্রতিষ্ঠা এবং গোলীনাথের ক্ষীর চুরির কাহিনী বর্ণনা করেছিলেন। এই ঘটনার ফলে গোলীনাথকী ক্ষীরচারা গোলীনাথ নামে পরিচিত হয়েছেন

শ্লোক ৩৫ এইমত চলি' চলি' কটক আইলা । সাক্ষিগোপাল দেখি' সৰে সে দিন রহিলা ॥ ৩৫ ॥ শ্লোকার্থ

এইভাবে পায়ে হেঁটে ভজেরা কটকে এমে পৌদ্ধলেন, এবং ভারপর সাক্ষিগোপাল দর্শন করে তারা সেদিন সেখানেই রইলেন। শ্লোক ৩৬ সাক্ষিগোপালের কথা কহে নিত্যানন্দ । শুনিয়া বৈষ্যব-মনে বাড়িল আনন্দ ॥ ৩৬ ॥

শ্লোকার্থ

নিত্যানৰ প্ৰভূ মাজিশোপালের কাহিনী ৰললেন এবং তা ওনে বৈধ্বদের মনে মহা আনন্দ হল।

ভাৎপর্য

সাক্ষিণোপালের কাহিনী মধ্যলীলার পক্ষম পরিক্ষেদের আট থেকে একশ আটারিশ (৮-১৩৮) স্লোকে বর্পিত হরেছে।

্লোক ৩৭

প্রভূকে মিলিতে সবার উৎকণ্ঠা অন্তরে ৷ শীব্র করি' আইলা সবে জীনীলাচলে ॥ ৩৭ ॥

য়োখাৰ্থ

প্রীতিভান্য মহাপ্রতুর সঙ্গে মিলিপ্র হবার জনা টারা সকলে অন্তরে অত্যন্ত উৎকণ্ডিগু হয়েছিলেন, ভাই টারা স্রুভ পতিতে শ্রীনীলাচলের দিকে অগ্রসর হলেন।

> প্লোক ৩৮ আঠারনালাকে আইলা গোসাঞি শুনিয়া । দুইমালা পাঠাইলা গোবিন্দ-হাতে দিয়া ॥ ৩৮ ॥ গোকার্থ

প্রীতৈতন্য মহাপ্রতু যখন সংবাদ পেলেন যে ভক্তরা আঠারনালায় এনে পৌছেকে, তখন তিনি গোলিনের হাতে দৃটি মালা ভালেয় কাছে পাঠালেন।

গ্রোক ৩৯

দুই মালা গোবিষ দুইজনে পরাইল । অধৈত, অবধৃত-গোসাঞি বড় সুখ পাইল ॥ ৩৯ ॥ শ্লোকার্থ

সেই মালা দৃটি খোকিন্দ শ্রীর্মকৈত আচার্য ও শ্রীনিত্যানন্দ প্রভুকে প্রাদেন এবং তারা মুইজন ডখন অত্যন্ত আনন্দিত হলেন।

> শ্লোক ৪০ তাহাঞি আরম্ভ কৈল কৃষ্ণ-সংকীর্তন ৷ নাচিতে নাচিতে চলি' আইলা দুইজন য় ৪০ ॥

শ্ৰোক ৫০)

সেখানেই ভারা কৃষ্ণনাম সংকীর্ডন আরম্ভ করলেন, এবং নাচতে নাচতে অধৈত আচার্য এবং নিত্যানন্দ প্রভু জগয়াথ পুরীতে পৌছলেন।

(割本 8)

পুনঃ মালা দিয়া স্বরূপাদি নিজগণ। আশু বাড়ি' পাঠাইল শচীর নন্দন ॥ ৪১ ॥

ভারপর, স্বরূপ দামোদর প্রমুখ তাঁর অন্তরক পার্যদদের আগ বাড়িয়ে শচীনক্ষর শ্রীট্যোরহরি পুনরায় মালা পাঠাকেনঃ

মোক ৪২

নরেন্দ্র আসিয়া তাহাঁ সবারে মিলিলা। মহাপ্রভুর দত্ত মালা সবারে পরাইলা 🛚 ৪২ ॥

গ্ৰোকাৰ্থ

ওক্তণার্গ এখন নরেন্দ্র সরোবরে এসে পৌছলেন, তথন স্বরূপ দামোদর প্রকৃষ প্রীচৈতন্য মহাপ্রভূর পার্যদেরা ভারের গলায় প্রীচৈতন্য বহাপ্রভূর দেওয়া মালা পরিয়ে দিলেন।

প্ৰোক ৪৩

সিংহ্যার-নিকটে আইলা শুনি' গৌররায় ৷ আপনে আসিয়া প্রভু মিলিকা স্বায় ৷ ৪৩ ৷৷ ভোকার্থ

ছকো সিংবছারের কাছে এসেছেন ওমে প্রীকৈতন্য মহাপ্রভূ স্বয়ং এসে তানের সজে মিলিড হলেন

শ্ৰোক 88

সৰা লঞা কৈল জগরাথ-দরশন । সৰা লঞা আইলা পুনঃ আপন-ভবন ॥ ৪৪ ॥ লোকার্থ

ভানের সকলকে নিয়ে প্রীচৈতন্য মহাপ্রভু শ্রীক্ষণয়াথদেবকে দর্শন করলেন এক ভারণর ভানের নিয়ে তিনি ভার বাসস্থানে একেন

> শ্লোক ৪৫ বাণীনাথ, কাশীমিশ্র প্রসাদ আনিল । স্বহন্তে সবারে প্রমু প্রসাদ খাওরাইল ॥ ৪৫ ॥

শ্ৰোকাৰ্থ

ac

ৰাণীনাথ রায় এক কাণীরিত্র প্রচুর পরিমাণে শ্রীজনগ্নাথদেবের প্রসান নিয়ে এজেন এক: শ্রীকৈতনা মহাপ্রভু সহয়ে পরিবেশন করে তাদের সকলকে প্রসান খাওয়ালেন।

(当年 8七

পূৰ্ব ৰংসৰে যাঁর যেই ৰাসা-হান । ভাহাঁ সৰা পাঠাঞা করাইল বিখাম য় ৪৬ ॥

আগের বছর যে যেই বাসায় অবস্থান করেছিলেন, সেই সেই স্থানে তাদের শাঠিয়ে। বিশ্রাম করালেন।

त्य्रीक 89

এইমত ডক্তগণ রহিলা চারি মাস । প্রস্তুর সহিত করে কীর্তন-বিলাস ॥ ৪৭ ॥

প্ৰোকাৰ্থ

এইভাবে ছন্তনা সেখানে চার মাস রইলেন এবং শ্রীচৈতনা মহাপ্রভুর সলে মহামদ্র কীর্তন করার অনেক উপভোগ করলেন।

প্ৰোক ৪৮

পূৰ্বৰৎ রথমাত্রা-কাল যবে আইল । স্বা লঞা শুণিচা-মন্দির প্রকালিল ॥ ৪৮ ॥ রোজার্থ

পূর্ববং রথযাত্রার আপের দিন সমস্ত ভক্তদের নিয়ে ত্রীচৈতন্য মহাপ্রভূ ওভিচা মন্দির প্রকাশন করলেন।

গোৰ ৪৯-৫০

কুলীনপ্রামী পট্টডোরী জগলাখে দিল । পূর্ববৎ রথ-অত্যে নর্তন করিল ॥ ৪৯ ॥ বহু নৃত্য করি' পুনঃ চলিল উদ্যানে । বাপী-তীরে তাইঃ যাই' করিল বিশ্রামে ॥ ৫০ ॥

শ্লোকার্থ

কুশীন গ্রামবাসীরা যে পট্টডোরী নিয়ে এসেছিলেন ডা তারা শ্রীজগল্লাখনেবকে নিবেদন করলেন, এবং তারা সকলে পূর্ববৎ শ্রীজনলাখনেবের রখের সামনে নৃত্য করলেন। বহ নৃত্য করে তারা নিকটবতী উদ্যানে গিয়ে এক জলাশয়ের তীরে বিশ্রাম করলেন 586

(到本 62-65

রাটা এক বিপ্র, ভেঁহো—নিজ্যানন্দ দাস।
মহা ভাগ্যবান্ ভেঁহো, নাম—কৃষ্ণনাস ॥ ৫১ ॥
ঘট ভরি' প্রভুর ভেঁহো অভিষেক কৈনা।
ভার অভিষেকে প্রভু মহা-তৃপ্ত কৈনা ॥ ৫২ ॥
লোকার্থ

কৃষ্ণদাস মামক রাড় দেশীর এক মহা ভাগাবান বিশ্র, যিনি ছিলেন শ্রীমরিত্যানন্দ প্রভুর সেবক, ঘটে জল ভরে দেখানে শ্রীচৈতনা মহাপ্রভুর অভিনেক করণেন, এবং ভার অভিযেকে শ্রীচৈতন্য মহাপ্রভু অভ্যস্ত ভৃগ্ত হলেন।

গ্লোক ৫৩

বলগণ্ডি-ডোগের বহু প্রসাদ আইল !
স্বা সজে মহাপ্রভু প্রসাদ খাইল ॥ ৫৩ ॥
ধ্যোকার্থ

বলগতিতে শ্রীজগদাধদেবকৈ যে ভোগ নিবেদন করা হরেছিল, শ্রীচৈতন্য সহাপ্রভূ সকলকে নিয়ো সেই প্রসাদ খেলেন।

ভাৎপর্য

মধার্শীলার (১৩/১৯৬) *বলগতির বর্ণনা করা হয়েছে*।

শ্লোক ৫৪ পূর্ববং রথমাত্রা কৈল দরশন । হেরাপঞ্চমী-যাত্রা দেখে কঞা ভক্তগণ ॥ ৫৪ ॥ শ্লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রস্থ পূর্ববং রথযাত্রা দরশন করলেন এবং ভক্তদের সঙ্গে নিয়ে হেরা-পঞ্চমী যাত্রা দরশন করলেন।

শ্লোক ৫৫
আচার্য গোসাঞি প্রভুর কৈল নিমন্ত্রণ।
ভার মধ্যে কৈল থৈছে কড়-বরিষণ ॥ ৫৫ ॥
শ্লোকার্থ

আধৈত আচার্যপ্রভু মহাপ্রভূকে একদিন নিমন্ত্রণ করলেন, এবং তথন সেই ঘটনাকে কেন্দ্র করে প্রচণ্ড ঝড় এবং বৃষ্টি হয়েছিল। শ্লোক ৫৬

বিস্তারি' বর্ণিয়াছেন দাস-বৃন্দাবন । শ্রীৰাস প্রভূৱে তবে কৈল নিমন্ত্রণ ॥ ৫৬ ॥ শ্লোকার্থ

সেঁই ঘটনা শ্ৰীল ৰুমাৰন দাস ঠাকুর বিস্তারিকভাবে বর্ণনা করেছেন। ভারপর একদিন শ্রীবাস ঠাকুর শ্রীতৈজন্য মহাপ্রভূকে নিমন্ত্রণ করবেন।

ভাংপয

শ্রীচেতনা ভাগবতে (অন্তানীলা, আইম পরিছেন) বর্ণনা করা ইয়েছে—একদিন প্রীআরিত আচার্য প্রস্তু শ্রীচেতনা মহাপ্রভূকে নিমস্থা করে মনে করলেন, "যদি অন্য কোন সন্যাসীর প্রভূগ সঙ্গে না আদেন, তবে প্রভূকে ভাল করে খাওয়াব।" অন্যান্য সমস্ত সন্যাসীরা মধ্যাহ জিনার সময় বাইরে গিয়েছিলেন; এমন সময় ঝড় বৃষ্টি হওয়ায় তারা আসতে না পারান, গ্রীচেতনা মহাপ্রভূ একলা এমে শ্রীআরৈও আচার্যের অন্ত-বান্ধন ভোজন করেছিলেন।

গ্ৰোক ৫৭

প্রভুর প্রির-ব্যঞ্জন সব রাজেন মালিনী ৷ 'ভড়েড়া দাসী'-অভিমান, 'রেহেতে জননী' ৷৷ ৫৭ ৷৷ জোলার্থ

শ্রীবাস ঠাকুরের পত্নী মালিনীদেবী শ্রীচৈতন্য মহাপ্রভুব প্রিয় সমস্ত ব্যপ্তন বন্ধন করেছিলেন। ভব্তি অনুসারে তিনি নিজেকে শ্রীচৈতন্য মহাপ্রভুব দাসী বলে অভিমান করতেন, কিন্তু প্রেক্তে তিনি ছিলেন ঠিক জননীয় মতো।

> শ্লোক ৫৮ আচার্যরত্ম—আদি বত মুখ্য ভক্তগণ । মধ্যে মধ্যে প্রভূরে করেন নিমন্ত্রণ ॥ ৫৮ ॥ মোকার্থ

চন্দ্রশেশর আচার্যরমুগ সমস্ত মুখ্য ভক্তরা মাঝে মাঝে শ্রীচৈতন্য মহাপ্রভূকে নিমন্ত্রণ করতেন।

> লোক ৫৯ চাতুৰ্মাস্য-অস্তে পুনঃ নিভাগনদে লঞা । কিবা যুক্তি করে নিভা নিভুতে বসিয়া ॥ ৫৯ ॥

শ্ৰেক ৬৪]

য়োকার্থ

চাতুর্মাস্যের পর, প্রীচৈতন্য মহাগ্রস্থ পুনরায় নিভৃতে বসে নিত্যানন প্রস্কুর সঙ্গে কিছু মুক্তি করলেন।

শ্লোক ৬০

আচার্য-গোসাঞি প্রভুকে কহে ঠারে-ঠোরে । আচার্য তর্জা: পড়ে, কেহ বুঝিতে না পারে ॥ ৬০ ॥ মোকার্থ

ডারপর শ্রীউবৈত আচার্য শ্রীচৈতন্য মহাপ্রভূকে ঈসিতে কিছু বঙ্গেন এবং একটি তর্জা পড়েন, যার অর্থ কেউ বৃথতে পারে না।

(ঝাক ৬)

তার মুখ দেখি' হাসে শচীর নন্দন । অদীকার জানি' আচার্য করেন নর্তন ॥ ৬১ ॥ গোকার্থ

তখন শ্রীস্তাইছত আচার্য প্রভুর মুখের সিকে ডাকিয়ে শ্রীচৈতন্য মহাপ্রভু যে তার আবেদন অসীকার করেছেন তা বুঝতে পেরে অইছত আচার্য নাচতে থাকেন।

> রোক ৬২ কিবা প্রার্থনা, কিবা আজ্ঞা—কেহ না বৃঝিল । আলিঙ্গন করি' প্রভূ তাঁরো বিদায় দিল 1 ৬২ ॥ গ্লোকার্থ

শ্রীতিকৈর আচার্য যে কি প্রার্থনা করেছিলেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভূ যে কি আদেশ দিয়েছিলেন তা কেউ বৃথতে পারল সা। আলিজন করে শ্রীচৈতন্য মহাপ্রভূ তাকে বিদায় দিলেন।

শ্লোক ৬৩

নিত্যানন্দে কহে প্রভূ,—তনহ, শ্রীপাদ । এই আমি মাগি, ভূমি করহ প্রসাদ ॥ ৬৩ ॥ শ্রোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রতু তর্থন নিত্যানন্দ প্রভূকে কললেন, "শ্রীপান, আগনার কাছে আগার কিছু প্রার্থনা আছে, দয়া করে আগনি ভা মঞ্জ করুন। (2) 本 6

প্রতিবর্ধ নীলাচলে ভূমি না আসিবা । সৌড়ে রহি' মোর ইচ্ছা সফল করিবা ॥ ৬৪ ॥ প্লোকার্থ

দিয়া করে আপনি প্রতি বছর নীলাচলে আসবেন না। গৌড় থেকে আমার ইচ্ছা আপনি সম্ভল কর্বেন।"

ভাৎপর্য

প্রীচিতনা মহাপ্রভূব আন্দোলনের উদ্দেশ্য কলিয়ুগের ব্যাধি নিরাময়ের একমার উবধ হৈরেক্ক মহামন্ত্র বিভরণ করা। প্রীচিতনা মহাপ্রভূ তার যায়ের অনুরোধে জন্যাথপুরীতে অবস্থান করছিলেন, এবং ভক্তরা প্রতি বছর তাঁকে দেখতে আসতেন। কিন্তু, খ্রীচেতনা মহাপ্রভূ চেরেছিলেন যে বল্পদেশে ব্যাপকভাবে তার বাদী প্রচারিত হউক, এবং তার অনুপরিতিতে এই কার্য সম্পাদন করার মতো দ্বিতীয় কোন ব্যক্তি ছিল না তাই মহাপ্রভূ নিতাদাল প্রভূকে বল্পদেশে থেকে কৃষ্ণভাবনার বাদী প্রচার করতে অনুরোধ করেন। এই রক্ষাই প্রচারের নায়িত্ব প্রতিভানা মহাপ্রভূ রূপে গোস্বামী ও সনাতন গোস্বামীকে দিয়েছিলেন। প্রীজগ্রামধনেরের দর্শনে বনিও সকলেই মহা লাভবান হন, তথালি প্রীচৈতনা মহাপ্রভূ নিতাদেশ প্রভূকে অগ্রাধপুরীতে না আসতে অনুরোধ করেছিলেন তার অর্থ কি, মহাপ্রভূ নিতাদেশ প্রভূকে কর্পরাধপুরীতে না আসতে অনুরোধ করেছিলেন তার অর্থ কি, মহাপ্রভূ নিতাদেশ প্রভূকে কেই সৌভাগ্য থেকে বন্ধিও করেছিলেন তার অর্থ কি, মহাপ্রভূ নিতাদেশ প্রভূকে কর্পরাধপুরীতে নিয়ে প্রীক্রগন্নাথনেরের দর্শন করার সৌভাগ্য কির্মার কিয়েও তার আদেশ পালন করা অর্থাৎ, প্রীচৈতন্য মহাপ্রভূর আদেশ পালন করা অর্থাৎ, প্রীচেতন্য মহাপ্রভূর আদেশ পালন করা, ক্রেছে ক্রারাথ্যকেও অধিক সৌভাগ্যের নিয়েও তার আদেশ করে, নিজসুথ সাধন করার থেকেও অধিক সৌভাগ্যের নিয়ের।

নাজিগত স্বাহ্যস্থের জন্য বৃদ্দানে অখবা জগ্নাধপুরীতে বাস করার থেকেও সারা পৃথিবী জুড়ে প্রীক্রেডনা মহাপ্রভুৱ বাণী প্রচার করা অধিক ওরুত্বপূর্ণ। কৃষ্ণভঙ্গি প্রচার প্রীচেতন্য মহাপ্রভুর উদ্দেশ্য, ডাই ভার ঐকান্তিক ভন্তদের কর্তব্য ভার সেই অভিলাধ পূর্ব করা।

পৃথিবীতে আছে কত দগরাদি গ্রাম । সর্বত্র প্রচার ইইবে মোন নাম ॥

ব্রিটিতনা মহাপ্রভূত ভক্তদের প্রধান কর্তব্য হচ্ছে যে, পৃথিবীর প্রতিটি নগরে ও গ্রামে কৃষভক্তি প্রচার করা। তার ফলে মহাপ্রভূ সম্ভষ্ট হবেন নিজের ইন্দ্রিয় ভৃথিসাধনের জনা থা ইচ্ছা তাই করা উচিত নয়। এই আদেশ গুরু-পরস্পরার ধারায় আমরা প্রাপ্ত হয়েছি, এবং ওক্তদেব তার শিষ্যকে এই আদেশই দান করেন যাতে সে ব্রিটিতনা মহাপ্রভূব বাণী প্রচার করতে পারে। তাই প্রতিটি শিব্যের কর্তব্য সদ্ওকর নির্দেশ অনুসারে সারা পৃথিবী জুড়ে ব্রিটিতনা মহাপ্রভূব বাণী প্রচার করা।

গ্লোক ৬৫

তাহাঁ সিদ্ধি করে—হেন অন্যে লা দেখিয়ে। আমার 'দৃদ্ধর' কর্ম, তোমা হৈতে হরে ॥ ৬৫ ॥ লোকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রাস্থ বললেন, "সেই কাজ সম্পাদন করার মত্যে অন্য আর কাউকে আমি দেখি না। যে কাজ আমার পক্ষেও সম্পাদন করা দুয়র, তা ভূমি সম্পাদন করতে পার,"

ভাহপর্য

এট মুগের অধঃপতিত জীবনের উদ্ধার করাই শ্রীচৈতন্য মহাপ্রকৃত উদ্দেশ্য। এই কলিবুগের গ্রাম শতকরা একণ জন মানুষই অধঃপতিত , শ্রীচেতনা মহাগ্রভু অনশ্যই কং অধঃশতিত জীনকে উদ্ধার করেছিলেন, কিন্তু তাঁর অনুগামীদের প্রায় সকলেই ছিলেন উচ্চ-কুলোছুত। যোগন, তিনি প্রিলে রূপ গোস্বামী, সনাতন গোস্বামী, সর্বেন্টোম ভট্টাচার্য প্রসুণ বহু মানুবের উদ্ধান করেছিলেন যারা পারফার্থিক দৃষ্টিভঙ্গির পরিপ্রেফিতে অধঃপতিত হলেও সামান্তিক দিক দিয়ে অভান্ত সন্ত্রান্ত ছিলেন। শ্রীল রূপ গোসামী এবং স্নাত্ম গোসামী ছিলেন রাজমন্ত্রী, এবং সার্বভৌম ভট্টাচার্য ছিলেন ভাবতের সর্বস্রেষ্ঠ গণ্ডিড। তেমনই, প্রকাশানন্দ সরবৃতী ছিলেন হাজার হাজার মন্মোবালী সন্নার্শনি নেতা। কিন্তু শ্রীনিতালন্দ শ্রভু রাগাই ও মাধাইকে উদ্ধান করেছিলেন তাই, প্রীচৈতন্য মহাপ্রভ এখানে কলেছেন, "আমান 'দুদ্দর' কর্ম, তোমা হৈতে হয় " জগাই এবং নাধাই কেবল প্রীনিভানন্দ প্রভুব কুশার প্রভাবেই উদ্ধার লাভ করেছিল, তারা যখন নিত্যানন্দ প্রভুকে আঘাত করে, তখন শ্রীটেতন্য মহাপ্রফু অতাও কুন্ধ হয়ে তাব সুদর্শন চক্র দিয়ে তানের সংহার করতে উনাত হুয়েছিলেন, কিন্তু নিত্যানন্দ প্রভু মহাপ্রভুর ক্রোধ থেকে তালের রক্ষা করেছিলেন এবং ডাদের উদ্ধার করেছিলেন। ৌার-নিতাই অবডাবে, ভগবান অসুবদের সংখ্যা না কবে কৃষ্যভতি প্রচার করে তাদের উদ্ধার করেন। জগাই-মাধাইয়ের ক্ষেত্রে ইন্চিতনা মহাগ্রভ এত ব্রুদ্ধ হয়েছিলেন যে তিনি তৎক্ষণাৎ তাদের সংহার করতেন, কিন্তু নিতানন্দ প্রভূ এফনই দয়াময় যে ভিনি কেবল তাদের মৃত্যুর হাত খেকে রক্ষাই করেন নি, উপরস্ত তাদের ভগবন্ধতিন চিশ্বয় স্তরে উটীত করেছিলেন। এইডাবে, ইট্টিডেন্য মহার্যভুর পক্ষে যা সম্ভব হয়নি, শ্রীনিড্যানন্দ গ্রন্থ তা সম্পাদন করেছিলেন।

তেমনই, কেন্দ্র যদি শুক্ত-পরস্পরার ধারায় গৌর-নিতাইয়ের প্রকৃত দেকক হন, তাহলে তিনি নিত্যানন্দ প্রতুব দেবাকেও অভিক্রম করে থেতে পারেন এইটিই শুক্ত-শিষ্য পরস্পরা পদ্ম শ্রীনিত্যানন্দ প্রভু জগাই এবং মাধাইকে উদ্ধার করেছিলেন, কিন্তু নিত্যানন্দ প্রভুব দেকক তার কৃপায়, হাজার হাজার জগাই-মাধাইকে উদ্ধার করতে পারেন। এইটিই শুক্ত-শিষ্য পরস্পরার বিশেষ বৈশিষ্ট্য কে যে পরস্পরা ধাবায় অধিষ্ঠিত তা বোঝা যায় তার কার্যকলাপের ফল দর্শন করে। ভগবান এবং ভার ভারেত কেনার এইটি সম্পূর্ণ

সভ্য। তই দেখাদিদেৰ মহাদেৰ বলেছেন--

व्यात्राधनानार मर्ट्ययार विस्कातात्राथनर शृतम् । एचार शृतकतर प्रति कपीयानार ममर्कनम् ॥

"সমস্ত আরাধনার মধ্যে, বিষ্ণুর জারাধনাই শ্রেষ্ঠ, কিন্তু ওঁরে থেকে শ্রেয় তাঁর ডক্তের (বৈঞ্জরে) জারাধনা।" (*পরাপ্রাশ*)

নিকৃত্ব কৃপান, বৈশ্বৰ বিৰুদ্ধ শ্লেকে অধিক সেবা সম্পাদন করতে পারেন, সেইটিই বৈষয়ধের বিশেষ অধিকার। ভগনান প্রকৃতপক্ষে চান যে ওাঁর সেবক যেন ওাঁর থেকেও মহিমানিত সেবা সম্পাদন করেন যেমন, কুরুক্ষেত্রের রণাঙ্গনে প্রীকৃষ্ণ অর্জুনকে যুদ্ধ করতে অনুপ্রাণিত করেছিলেন, বেন না কৃষের পরিকারনা অনুসারে সমস্ত যোজাদের মৃত্যু নিধারিত হয়েছিল। প্রীকৃষ্ণ নিজে ওাঁর কৃতিও গ্রহণ করতে চাননি, পকান্তরে, সেই কৃতিও তিনি অর্জুনকে দিতে চেয়েছিলেন। তাই তিনি অর্জুনকে বলেছিলেন, যুদ্ধ করে সেই পৌরব অর্জন করতে।

> তন্মানুমূতির্চ যশো দভস্ব জিতা শক্রন ভূঙক্ব রাজাং সমৃদ্ধন্। মরোবৈতে নিহভার পূর্বমের নিমিন্তমারং ভব সবাসাচিন্ ॥

(ভগবদ্গীতা ১১/৩৩)

"তাই ওর এবং কৃত্র করতে প্রস্তুত হ'ও তোমার শশুনের পরাজিত করে তুমি এক সমৃত্যনালী রাজা উপজ্ঞোগ কর। ইতিপূর্বেই আমার আয়োজনে তারা সব নিহত হয়ে রয়েছে, হে স্বয়সালী। কৃমি এর নিমিন্ত যাত্র হ'ও।"

ক্রব্যেন্টা থেকে শ্রীচৈতন্য মহাপ্রস্ক কাঞ্চনপত্নী বা কাঁচরাপাড়ায় গিয়ে ছিলেন, যেখানে শিবানন্দ সেন থাকছেন। শিবানন্দ সেনের গুছে দৃষ্টদিন থাকার পর শ্রীক্রিডন। মহাপ্রড বাসুদের দল্লো গৃহে যান। সেখান থেকে তিনি নবদ্বীপের পশ্চিম পাড়ে বিন্যানগর নামের প্রায়ে যান। বিদ্যানগর থেকে তিনি কুলিয়া প্রায়ে যান এবং মাধ্ব দাসের গৃহে থাকেন। শেখানে তিনি একসপ্তাহ থাকেন এবং দেখানন্দ পণ্ডিত প্রভৃতির তাপনাধ শুদ্ধন করেন। শ্রীদ কৃষ্ণদাস কবিরাজ গোরোমী এইখানে লান্তিপুরাচার্যের গুহে ঐরূপে আগমন্ত্রে স্কর্ণা উদ্রেখ করার, বহু লোকের মনে সম্পেহ হয় যে, কাঁচরাপাড়ার নিকটেই বা কোন 'কুলিয়া' থাকবে। এই মিখ্যা আলম্বার ফলে এক নতুন কুলিয়াগাট উৎপন্ন হয়েছে। প্রকৃতগান্তে, সে রকম বেমন স্থানের অভিত্য নেই। বাসুদের দত্তের গৃহ ত্যাপ করার পর শ্রীকৈওনা মহাপ্রভূ অহৈত আচার্ফের গৃহে গিয়েছিলেম সেখান থেকে তিনি নবদ্বীপের অপন পাড়ে বিদ্যানগরে বিদ্যাবাচস্পতির গৃহে ও কুলিয়া প্রাচম গিয়েছিলেন এই বর্ণনা শ্রীচৈতিন্য ভাগৰত', 'প্ৰীৱৈতনা সঙ্গল', 'প্ৰীৱৈতনা চন্দ্ৰোপয় নাটক' এবং 'প্ৰীৱৈতনা চরিত কাৰো' স্পাইভাবে বর্ণিত হয়েছে। শ্রীল কৃঞ্চদাস কবিরাজ গোস্বামী স্পাইভাবে এই যাত্রায় বর্ণনা করেননি বলে কিছু অস্থ লোক কাঁচরাপাড়ান কাছে বুলিয়ার পাট নামবা একটি স্থান रकृति करतरहर

> শ্ৰোক ২০৬ ভাহাঁ হৈতে আগে গেলা শিধানন্দ-ঘর 1 বাসুদেব-গৃহে পাছে অহিলা ঈশ্বর ॥ ২০৬ ॥

শ্রীবাস ঠাকুরের গৃহ থেকে শ্রীচৈডনা মহাপ্রভু শিবানন্দ সেনের গৃহে গেলেন, এবং সেখান থেকে বাসুদেব ঘতের গৃহে গোলেন।

জোকার্থ

खोंक २०१ 'ৰাচস্পত্তি-গৃহে' প্ৰফু ষেমতে রহিলা । লোক-ভিড ভরে থৈছে 'কুলিয়া' আইলা 🛭 ২০৭ 🏾 দ্রোকার্থ

শ্রীটোডনা মহাপ্রতু কিছুদিন বিদ্যাবাচস্পতির গৃহে রইলেন, কিন্তু সেখানে বহু লোকের चीड इरड क्षकांत्र, दिनि कुलिसास घरन यान।

শ্লেক ২০৭ী

তাৎপর্য

বিদ্যাবাচম্পতির গৃহ কোলম্বীপের নিকটনতী বিদ্যানগতে অবস্থিত। এখানে দেবানন্দ পতিতও বাস করতেন সেই তথা ত্রীচৈতন্য ভাগবতে পাওমা যার (মধ্যনীলা একবিংশতি পরিছেদে) ত্রীচৈতনা চল্লোদম নাটকে কুলিয়া সম্বন্ধে উল্লেখ করা ইয়েছে—তত্র কুমারহট্টে ত্রীবাসপতিতবাটামভাগনৌ—"সেখন থেকে ত্রীটেতনা মহাপ্রকু কুমারহট্টে ত্রীবাসপতিতবাটামভাগনৌ—"সেখন থেকে ত্রীটেতনা মহাপ্রকু কুমারহট্টে ত্রীবাস পতিতের গৃহে মান," ততোহছৈতবাটীমভোত্য ইরিদানেলাভিবন্দিতভ্রথেশ তরণী বর্মান নবস্বীপদা পারে কুলিয়া—াম-গ্রামে মাধ্যকাসগাটামুন্তীর্ণনান। এবং সপ্তাদিনানি তর ছিন্তা পুনস্কটবর্মানা এব চলিতবান্ —ত্রীবাস ঠাকুরের গৃহ থেকে ত্রীটেতন্য মহাপ্রকু ত্রীত্রাহত আচার্যের গৃহে যান, মেখানে হরিদাস ঠাকুর তাকে অভিনদ্দন জ্ঞানন। মহাপ্রকু তারপর দৌকা যোগে নবস্বীপের অপর পারে কুলিয়া, মাম্যক স্থানে যান, মেখানে তিনি সাতদিন মাধ্যক দানের গৃহে অনস্থান করেছিলেন তারপর তিনি গলার তীর ধরে অগ্রসর হমেছিলেন।"

তৈতনাচরিত মহাকানে। বর্ণনা করা হমেছে যে, অন্যেদ্যাং স খ্রীনবরীপভূমেঃ পারে গঞ্জাং পশ্চিমে কাপি দেশে। খ্রীমান্ সর্বপ্রাধিনাং তত্তনক্ষৈনেতানন্দং সমাগাগতা তেনে— "খ্রীট্রৈতনা মহাপ্রভূ নবদ্বীপ মণ্ডলে গন্ধরে পশ্চিম পাড়ে পেকেন, এবং তাঁকে আসতে দেখে সকলে মহা আনন্দিত হলেন।"

ক্রীহৈতনা ভাগবতে অস্তাথওে ততীয় অধায়ে বর্ণনা কর। হয়েছে—

''সর্বপারিষদ-সঙ্গে শ্রীগৌরসুদ্দর । আচ্মিতে আসি উত্তবিলা তার (বিদ্যাবাচস্পতির) হর ॥ নবন্ধীপাদি সর্বদিকে ত্রেল ধ্বনি । 'বাচস্পতি যরে আইলা ন্যাসিচ্ভামণি ॥' অনত অর্ন লোক বল্টা 'হরি' 'হরি' । চলিলেন দেখিবারে গৌরাস-শ্রীহরি n পথ নাই পায় কেহে৷ লোকের গহলে ৷ ক্ষতাল ভাঙ্গি' লোক দশদিকে চলে ।। লোকের গহলে যত অরণ্য আছিল। ফুণেকে স্কল দিবাপথময় হৈল o ক্ষণেকে অহিল সৰ লোক খেয়াঘাটে। খেয়ারী করিছে পার পড়িল সহটে ॥ সত্তরে আইলা বাচম্পতি মহাশ্যা । করিলেন অনেক নৌকার সমুচ্চয় 🗈 নৌকার অপেক্ষা স্থার কেহে। নাহি করে । নানা মতে পার হয় যে যেগভে পারে 🗈

হেনসতে গঙ্গা পার হই' সর্বজন ! সভেই ধরেন বাচস্পতির চরশ 🗓 লুকা্ফা গেলা গ্রন্থ কলিয়া⊸গর চ কুলিয়ার আইলেন কৈকণ্ঠ ঈশর 🛚 সর্বলোক 'হরি' বলি বাচন্পতি সঙ্গে 1 সেই ক্ষণে সভে চলিলেন মহারঙ্গে ৪ কলিয়া-নগরে আইলেন ন্যাসিমণি ৷ সেইক্ষরে সর্বদিকে হৈল মহাধ্বনি গ্র সবে গঙ্গা হধ্যে নদীয়ায়-কুলিয়ায় 1 তনি' মাত্র সর্বলোকে মহানদে ধায় ৮ ষাচন্দ্রতির প্রায়ে (বিদ্যানগরে) ছিল যতেক গহল । ভার কোটি কোটিওশে পরিল সকল হ লক লক নৌকা বা আইল কোণা হৈতে। না জানি কতেক পার হয় কতমতে গ্র লক লক লেক ভাসে জাহনীর জলে 1 দৰে পার হয়েন পরম কৃত্তকে ।। বহায় হতে পার আপনা-আপনি ৷ কোলাকোলি করি' সতে করে হরিখ্যনি গ্ কশেকে কৃলিয়া প্রাম-নগর-প্রান্তর । পরিপূর্ণ হৈল স্থল, নাহি অবসর গ্ন ক্ষমারে জাইনা মহাধার ব্যৱস্পতি : ঠেহো নাহি পায়েন প্রভন কোথা স্থিতি । কলিয়ায় প্রকাশে ফতেক পাপী ছিল। উত্তয়, মধার, নীচ,—সবে পার হৈল ॥ কলিয়া-প্রাথেতে জাসি' গ্রীক্থটোতনা । **ट्रिन नाहि, वादत श्रम्भ ना कतिका धना ॥**"

"শ্রীচৈতনা মহাপ্রত্ব যখন বিদ্যাবাচস্পতির গৃহে অবস্থান করেন, তখন লক্ষ্ণ লক্ষ্ণ লোক ভাকে দর্শন করতে যান এবং উচ্চেন্বরে হরিনাম কীর্তন কবতে থাকেন সেখানে তখন এত লোকের তীভ হরেছিল যে, গোকেরা চলাব পথ পর্যন্ত পাছিলে না, তাই তারা থামের নিকটবর্তী জন্মল পরিষ্কার করেছিলেন। লোক চলাচলের ফলে আপনা থেকেই জন্মলের মধ্য নিরে বং পথ সৃষ্টি হরেছিল। মহাপ্রভৃকে দর্শন করার জন্য বহু লোক নৌকা যোগে এনেছিলেন। অপর পার থেকে এত লোক আসহিল যে মাঝিদের পক্ষে নৌকাযোগে ভাদের পার করা দৃঃসাধ্য হয়ে উঠেছিল। তখন বিদ্যাবাচস্পতি মহাশয় শীঘ্রই সেখানে

লোক ২১১]

এসে, বহু নৌকরে ব্যবস্থা অরেছিলেন কিছু লোকেরা তথন অর নৌকরে অংশকা করছিল না, যে যেতাবে পারে সেইছাবে নদী পর হছিল। এই রকম ছাঁছ হবার ফলে ঐটিচতনা মহাপ্রভু পুকিয়ে কুলিয়া গ্রামে যান। তথন সমস্ত লোক বিদাবাচ*পতির সঙ্গে হরিধানি করতে করতে কুলিয়া নগরে যান। মহাপ্রভুব আগমনের বার্তা চতুর্দিকে ছড়িয়ে পড়েছিল, তাই তিনি যথম কুলিয়া নগরে এসে উপস্থিত হলেন তথন বহু লোক মহানন্দে তাকে সম্বর্ধনা জানাতে আসেন বিদাবাচ*পতির ক্রামে যত লোকসমাণাম হয়েছিল, এখানে তার থেকে হাজার হাজার ৩৫৭, অধিক লোক সমাগম হল। কত লোক যে নদী পার হয়ে তারে দর্শন করতে এসেছিল তার কোন হিসাব ছিল না। তবে লক্ষ লক্ষ লোক জাহাবীর জালে ডাসছিলেন। গলা পার হয়ে ঐটিচতনা মহাপ্রভুব আগমনের ওড় সংবাদ পারার আনন্দে তারা পরস্পরের সঙ্গে কোলাকুলি করছিলেন। এইডাবে ভুলিয়ার সমস্ত্রপানী এবং উত্তম, মধ্যম ও অধম জনের। উদ্ধান লাভ করে ঐটিচতনা মহাপ্রভুব মাগনেনে

শ্রীচৈতনা ভাগবতের অন্তাখণ্ডে বন্ঠ অধ্যারে। বর্ণনা করা হয়েছে—

খানাযোড়া, বড়গাছি, আর লো-গাছিয়া । গলার ওপার কড় যায়েন 'কুলিয়া' ।

ত্রীটেতন্য ফললে বর্ণনা করা হয়েছে--

गानाञ्चात कति' श्रष्ट् इछ-छन निया। उपस्य अस्य केवसिन नगत 'कृतिता' व यास्त्रत यद्धम भूनः (अन्तः नक्दीशः) नासस्यागायापः, निक-याक्षीत स्थीशः

শ্রেমদাস তাঁর ভাব্যে বর্ণনা করেছেন—
নদীমার মাঝখানে, স্বাল লোকেতে ভানে,
'কুলিয়া-পাহাডপুর' নামে ছান ॥"

শ্রীনরবৃধি চক্তবাতী বা ঘনশামে দাস *ডক্তিরত্নাকরে* (১২শ তরঙ্গ) বর্ণনা করেছেন—

কুলিয়া পাহাড়পুর দেখ, শ্রীনিবাস । পূর্বে 'কোলবীপ' পর্বতাগ্য-এ প্রচার ॥

धनभाग पान राष्ट्रिक नरवील लविक्यां नामक श्राप् वर्गना रुद्रा श्राप्ट्—

কুলিয়া পাহাড়পুর প্রাম । পূর্বে কোলদ্বীগ-পর্বভাগ্যানন্দ নাম ॥

এ সমস্ত বর্ধনা থেকে বোঝা যাম যে বর্তমান নববীপ শহর এবং বাহির দ্বীপ, কোলের গঞ্জ, কোল আয়াদ, কোলের দহ, গদখালি প্রভৃতি স্থানে 'কুলিরা' ছিল। সুতরাং 'কুলিরার পাট' বলে আধুনিক কমিত যে গ্রামটি, তা কমনই প্রচীন 'কুলিরা' নর। শ্লোক ২০৮ মাধবদাস-গৃহে তথা শটীর নন্দন । লক্ষ-কোটি লোক তথা পাইল দরশন ॥ ২০৮ ॥ শ্লোকার্থ

শ্চীনন্দন মৌরহরি বর্ষন মাধব দাসের গৃহে অবস্থান করছিলেন, তথন লক্ষ কোটি লোক উরে দর্শন লাভ করেছিল।

ভাংপর্য

মাধব দাসের পরিচয় বর্ধনা করে বলা হয়েছে—শ্রীকর চট্টোপাধ্যায়ের বংশে মুধিন্তির চট্টোপাধ্যায় জন্মগ্রহণ করেন। তিনি ও তার জাতিরা বিশ্বগ্রাম ও পাটুলি থেকে নবদ্বীপের অন্তর্গত 'কৃলিয়া পাহাড়পুর' বা 'পাড়পুরে' এসে বাস করেন মুধিন্ধির চট্টোপাধ্যায়ের জ্যেত পুর—মাধব দাস, মধ্যম হরিদাস এবং কনিষ্ঠ কৃষ্ণসম্পত্তি চট্টোপাধ্যায়, তাদের সাধারণ নাম বধাক্রমে 'হর কড়ি', 'তিনকড়ি' ও 'দুইকড়ি' ছিল। মাধব দাসের পৌত্র ধংশীবদন এবং তার পৌত্র রামচন্দ্র আদির বংশধরেরা বাদ্নাপাড়া ও বৈচী গ্রন্থতি স্থানে এখন বাস করছেন।

শ্লোক ২০১ সাভ দিন রহি' তথা লোক নিস্তারিলা । সব অপরাধিগণে প্রকারে ভারিলা ॥ ২০১ ॥ রোকার্থ

সেঁইখাবে সাক্ষিন খেকে প্রীচৈতন্য মহাপ্রভু সমস্ত পাপী এবং অপরাধীদের বিভিন্নভাবে উদ্ধার করবেন।

> শোক ২১০ 'শান্তিপুরাচার্য'-পৃত্তে ঐদ্ভে আইলা । শচী-মাতা মিলি' তাঁর সূঃখ খণ্ডাইলা ॥ ২১০ ॥ শ্লোকার্থ

কুলিয়া ত্যাপ করার পর শ্রীচৈতন্য মহাপ্রতু শান্তিপুরে শ্রীজনৈত জাচার্যের গৃহে যান সেখানে শরীমাতা তাঁর সঙ্গে সাকাৎ করেন এবং তার ফলে তাঁর (শরীমাতার) গতীর দুবে প্রশমিত হয়।

> শ্লোক ২১১ তবে 'রামকেলি' গ্রামে প্রভূ যৈছে গেলা । 'নটিশালা' হৈতে প্রভূ পুনঃ ফিরি' অহিলা ॥ ২১১ ॥

শ্ৰোক ২১৮]

গ্ৰোকাৰ্থ

শ্রীটৈতন্য মহাপ্রভূ ভারপর রামকেলি গ্রামে গিয়েছিলেন এবং সেখান থেকে কানহিয়ের নাটশালা পর্যন্ত গিয়েছিলেন, ভারপর সেখান থেকে তিনি শান্তিপুরে ছিরে আন্দেন।

> শ্লোক ২১২ সাস্তিপ্রে পুনঃ কৈল দশ-দিন বাস । বিস্তারি বর্ণিয়াছেন কুলাবন-দাস ॥ ২১২ ॥ শ্লোকার্থ

শ্রীটেডজনা মহাপ্রস্কু খাত্তিপুরে ধশদিন বাস করেছিলেন। তা শ্রীক কুকাবন দাস ঠাকুর বিস্তারিতভাবে বর্ণনা করেছেন।

> প্রোক ২১৩ অতএব ইহাঁ ভার না কৈলুঁ বিস্তার । পুনরুক্তি হয়, গ্রন্থ বাড়য়ে অপার ॥ ২১৩ ॥ লোকার্থ

ভাই আমি আর এখানে বিস্তারিভন্তারে বর্ণনা করলাম না; কেন না এতে পুনরুক্তি হবে এবং এত্যের আয়তন বেড়ে যাবে।

শ্লোক ২১৪-২১৫
তার মধ্যে মিলিলা থৈছে রূপ-সনাতন ।
নৃসিংহানক কৈল থৈছে পথের সাজন ॥ ২১৪ ॥
সূত্রমধ্যে সেই লীলা আমি ড' বর্ণির্লু ।
অতএব পুনঃ তাহা ইহাঁ না লিখিলুঁ ॥ ২১৫ ॥
শোকার্থ

তান মধ্যে বর্ণিত হয়েছে কিভাবে প্রীচৈতন্য মহাপ্রভূব সঙ্গে রূপ ও সনাতনের সাক্ষাৎ হয় এবং কিভাবে সুসিংহানক ব্রক্ষচারী মহাপ্রভূব যাত্রা পথ সাজান। সুবাকারে পূর্বে আমি এ সমস্ত নীলা বর্ণনা করেছি, ভাই আর এখানে বর্ণনা করলাম না।

সেই তথ্য সমূহ আদিলীলায় (১০/৩৫) এবং মধ্যলীলায় ১/১৫৫-১৬২ এবং ১৭৫-২২৬) বর্ণিড হয়েছে।

> হ্লোক ২১৬ পুনরপি প্রভু যদি 'শান্তিপুর' অইলা । রঘুনাথ-দাস আসি' প্রভুরে মিলিলা ॥ ২১৬ ॥

শ্ৰোকাৰ্য

ঐটেডনা মহাপ্রকু ধর্বন শান্তিপুরে ফিরে এলেন, তর্বন রছুনাথ দাস এসে টার সাথে সাকাৎ করেব।

> শ্লোক ২১৭ 'হিরপা', 'গোবর্ধন',—দূই সহোদর । সপ্তগ্রামে বারলক মুদ্রার ঈশ্বর ॥ ২১৭ ॥ গ্রোকার্থ

হিরপা এবং পোর্থন নামক দুইজাই সপ্তপ্রামে বাস করতেম। তাঁমের বাৎসরিক আর হিল বার লক্ষ্যসূচা।

ভাৎপর্য

হিনগা ও গোনর্থন ছিলেন জালী জেলার সপ্তপ্রামের অধিবাসী প্রকৃতপক্ষে থারা সপ্তথামের অধিবাসী ছিলেন না; ওারা ছিলেন নিকটবতী কৃষ্ণপূর গ্রামের অধিবাসী এক সম্রাও ব্যবহু পরিধারে ওাঁলের জন্ম হয়, ওাঁলের বংশগত উপধি বিশেষভাবে জানা যায় না, তবে তারা অভ্যন্ত সপ্রান্ত পরিবারের সন্তান ছিলেন জ্যান্ত লাভার নাম ছিল হিরগা মজুমদার, এবং কনিষ্ঠ প্রভার নাম গোবর্ধন মজুমদার। খ্রীল রম্বুনাথ দান ছিলেন গোবর্ধন মজুমদারের পূত্র। ওাঁলের পুরোহিও ছিলেন বলরাম আচার্য—জ্রীল হরিদাস ঠাকুরের কৃপাগত্রে (অল্য ৩/১৬৫-১৬৬) এবং গুরু-পুরোহিত যদুবন্দন আচার্য খ্রীধাসুদেব দত্তের অনুগৃহীত (অল্য ৬/১৬১)।

সপ্তপ্রম পূর্বরেলওয়ে লাইনে কলকাতা থেকে বর্ধমান মাবার পথে, বগলী জেলার অন্তর্গত 'বিশ-বিঘা' নামক বেল স্টেশনের সন্ধিকটৈ সরস্বতী নদীর শুটে অবস্থিত প্রাচীন কলব ও নগর। ১৫৯২ প্রিস্টাব্দে পাঠানের। এই নগরটি লুইন করেন এবং সরস্বতী নদীর স্থোত কল্প ইওয়ায় ১৬৩২ প্রিস্টাব্দে এই বছ প্রাচীন বন্দরটি এক প্রকার ব্যংস প্রাপ্ত হয় অধিত আছে, সন্তম্প ও অস্টাব্দে শতাব্দীতে এখানে পর্তৃগীজ নাবিকেলা ব্যবসার-সূত্রে তাদের জাহাজে করে এখানে আলত তখনকার দিনে দক্ষিণবঙ্গে সপ্তথাম একটি সমৃদ্ধি সম্পন্ন বিশিষ্ট নগরকণে প্রসিদ্ধ ছিল। এই নগরের বিপুল সম্পত্তির অধীন্দর কলে, হিনগা ও গোন্ধন, দুই ভাই বাস করতেন। তখনকার দিনে ভাদের বাৎসন্থিক ধাজনা আদায় ছিল ১২,০০,০০০ মূল। আদিলীলা (১১/৪১) 'উদ্ধারণ দত' শুসঙ্গে খানুভায়ের প্রথম অংশ প্রস্তবা।

अंदर्श कोइंड

মহৈশ্বর্ধযুক্ত দুঁহে—काना, ব্রহ্মণা । সদাচারী, সংকুলীন, ধার্মিকাগ্রগণা ॥ ২১৮ ॥

হোক ২২৬]

টোকার্থ

বিরণা মজুমদার ও গোবর্থন মজুমদার উভরেই ছিলেন মহা ঐশ্বর্থালী এবং উদার। তারা ছিলেন সম্রান্তকুলোক্ত, সদাচারী, রন্দাণ্য সংস্কৃতির অনুগত এবং বংমিকদের মধ্যে অগ্রহাণ্য,

> শ্লোক ২১৯ নদীয়া বাসী ব্রাহ্মণের উপজীব্য-প্রায় । অর্থ, ভূমি, গ্রায় দিয়া করেন সহায় ॥ ২১৯ ॥ গ্লোকার্থ

নবীয়ার প্রার সমজ ব্রাক্ষণেরাই ছিরণ্য এবং সোবর্ধনের দানের উপর নির্ভন করডেন; তাঁরা তালের অর্থ, ভূমি এবং প্রাম দান করে সহায়তা করডেন।

ভাৰপৰ্য

শ্রীচৈতন্য মহাপ্রভুর সময়ে নবছীল যদিও সমৃদ্ধশালী নগরই ছিল, তবুও তা হিরণা ও গোবর্ধনের আফ্রিত বিদ্যানুশীলনরত রাক্ষণেরই বাসহান ছিল। রাক্ষণের প্রতি তাদের অসাধারণ মর্যাদা ছিল এবং তাদের তারা মুক্ত হত্তে দান করতেন।

> প্লোক ২২০ নীলাম্বর চক্রবতী—আরাধ্য দুঁহার । চক্রবতী করে দুঁহায় 'আড়'-ব্যবহার ॥ ২২০ ॥

প্রীতৈতন্য মহাপ্রামূর মাডামত্ প্রীনীলাশ্বর চক্রবর্তী ভালের দুইজনের পরস আরাশ্ব ছিলেন. এবং তিনি ভালের দুইজনকে ভারের মডো ক্ষেত্র করতেন।

> প্লোক ২২১ মিশ্র-পুরন্দরের পূর্বে করাছেন সেবনে । অতএব প্রাকৃ ভাল জানে দুইজনে ॥ ২২১ ॥ লোকার্থ

পূর্বে তারা দুজন, শ্রীটেডন্য মহাপ্রভুর গিতা জগলাথ মিথের বছ সেবা করেছিলেন। সেই সূত্রে শ্রীটেডন্য মহাপ্রভু তাদের খুব ভালভাবে জানডেন।

> ক্লোক ২২২ সেই গোবর্ধনের পূত্র—রঘুনাথ দাস । বাল্যকাল হৈতে তেঁহো বিষয়ে উদাস ॥ ২২২ ॥

লোকার্য

সেই গোবর্ধন মন্ত্রমনারের পুর ছিলেন রঘুনাথ দাস। রঘুনাথ দাস বাল্যকাল থেকে বিষয়ে উদাসীন ছিলেন।

শ্লোক ২২৩

সদ্যাস করি' প্রভূ যবে শান্তিপুর আইলা ৷ ভবে আসি' রঘুনার প্রভূরে মিলিলা ॥ ২২৩ ॥ গোকার্থ

সন্মাস গ্রহণ করার পর ঐটেচতন্য মহাপ্রভূ যখন শান্তিপুরে এসেছিলেন, তথম রঘুনাথ দাস জার সঙ্গে সাক্ষাৎ করেন।

> প্রোক ২২৪ প্রকৃর চরশে পড়ে প্রেমাবিষ্ট ইএগ । প্রফু পাদম্পর্শ কৈল করুণা করিয়া ॥ ২২৪ ॥

প্রেমানিউ হয়ে রমুমার্থ দাস জীচৈতন্য মহাপ্রভূত চরশে পতিত হয়েছিলেন; এবং মহাপ্রভূ করুণা করে ভারে ভারে পালম্পর্শ দান করেছিলেন

> শ্লোক ২২৫
> টার পিডা সদা করে আচার্য-সেবন । অতএব আচার্য টারে হৈলা পরসর ॥ ২২৫ ॥ শ্লোকার্থ

রখুনাথ দাসের শিতা পোনর্থন মকুমদার সর্বদা প্রীঅধৈত আচার্যের সেবা করতেন, তাই প্রিমাক্তে আচার্য প্রভ তাদের পরিবারের প্রতি অত্যন্ত প্রসম ছিলেন।

> শ্লোক ২২৬ আচার্যপ্রসাদে পাইল প্রভুর উচ্ছিন্ট-পাত । প্রভুর চরণ দেশে দিন পাঁচ-সাত য় ২২৬ ম শ্লোকার্থ

যে কয়দিন রন্নাথ দাস সেখাৰে ছিলেন, শ্রীক্ষৈত আচার্য প্রভু কৃপা করে তাঁকে শ্রীচৈতন্য মহাপ্রভুর উচ্ছিষ্ট-পাত দিয়েছিলেন। এইভাবে পাঁচ-সাত দিন সেখানে থেকে রমুনাথ দাস শ্রীচৈতন্য মহাপ্রভুর শ্রীপাদপথ দর্শন করেছিলেন। শ্লোক ২২৭

প্রভূ তাঁরে বিদার দিয়া গোলা নীলাচল ৷ তেঁহো ঘরে আমি' হৈলা প্রেমেতে পাগল ৷ ২২৭ ৷৷ খোকার্থ

ইটিচেডন্য-চরিতাসত

ষ্ঠাকে বিদায় দিয়ে জীতৈতন্য মহাপ্রভু নীলাচলে ফিরে গেলেন; আর, রখুনাথ দাস ঘরে ফিরে সৌরাক প্রেমে পাগল হলেন।

শ্লোক ২২৮

বার বার পশার তেঁহো নীলাঞ্জি ঘাইতে। পিতা তাঁরে বান্ধি' রাখে আনি' পথ হৈতে । ২২৮ । শ্লোকার্থ

রঘুনাথ দাস জগল্লাথপুরী বাবার জন্য কারবার বাড়ী থেকে পালিয়ে বেকেন, কিন্তু তাঁর পিতা তাঁকে পথ থেকে ধরে এনে বেঁধে রাখতেন।

> প্লোক ২২৯ পথা পাইক তাঁরে রাখে রাত্তি-দিলে। চারি সেবক, দুই ব্রাহ্মণ রহে তাঁর সলে ॥ ২২৯ ॥ গ্লোকার্থ

পাঁচজন পাঁইক তাঁকে দিনরাত পাহারা নিত, চারজন সেবক তাঁর সেবা করত এবং দুইজন বাহাণ তাঁর জন্য রাল্লা করত।

> শ্লোক ২৩০ একাদশ জন তাঁরে রাখে নিরন্তর । নীলাচলে ঘাইতে না পায়, দুঃখিত অন্তর ॥ ২৩০ ॥ শ্লেকার্থ

এইভাবে এগারজন সব সময় ভার সঙ্গে থাকত, তাই তিনি নীলাচলে থেতে গারভেন না, এবং ভারফলে তিনি অন্তরে অত্যন্ত দূর্যবিত ছিলেন।

শ্লোক ২৩১-২৩২

এবে যদি মহাপ্রভু 'শান্তিপুর' আইলা । শুনিয়া পিতারে রখুনাথ নিবেদিলা ॥ ২৩১ ॥ "আজ্ঞা দেহ', যাএন দেখি প্রভুর চরণ । অন্যথা, না রহে মোর শরীরে জীবন" ॥ ২৩২ ॥ লোক।ৰ্থ

289

রম্নাধ দাস কান সংবাদ পোলেন যে প্রীচৈতন্য মহাপ্রভু শান্তিপুরে এসেছেন, তথন ভিনি তার পিতার কাছে অনুরোধ করলেন—'আগনি আমাকে, প্রীচৈতন্য মহাপ্রভুর প্রীপালকর দর্শনে অনুষতি দিন, তা না হলে আমার শরীরে জীবন ধরে রাখা সম্ভব নয়।"

গ্লোক ২৩৩

গুনি' জার পিতা বহু লোক-মব্য দিয়া। পাঠাইল বলি' 'শীঘ্র আসিহ ফিরিয়া' ॥ ২৩৩ ॥

গ্ৰোকাৰ্থ

সেই অনুরোধ শুনে রবুনার দাস গোদ্ধামীর পিতা সন্মত হলেন, এবং বহু লোকজন এবং দ্রব্য দিয়ে ভাঁকে প্রাচৈতন্য মহাপ্রভূকে দর্শন করতে পাঠালেন, এবং বললেন, "ভাভাতাতি কিরে এব।"

শ্লোক ২৩৪-২৩৫

সাত দিন শান্তিপূরে প্রভূ-সঙ্গে রহে । রাত্রি-দিবসে এই মনঃ কথা কহে ॥ ২৩৪॥ 'রক্ষকের হাতে মৃত্রি কেমনে হুটিব। কেমনে প্রভূর সঙ্গে নীলাচলে যাব।' ২৩৫॥

য়োকার্থ

সাতদিন বদুনাথ দাস শান্তিপুরে জীতৈতন্য মহাপ্রভুর সঙ্গে ছিলেন, এবং সেই সময় দিম-বাত তিনি মনে মনে ভাষতেন—'কিভাবে আমি রক্ষকদের হাত খেকে ছাড়া পাব। কিভাবে আমি মহাপ্রভুর সঙ্গে নীলাতলে বাব?"

শ্লোক ২৩৬-২৩৭

সর্বজ্ঞ দৌরারপ্রতু জানি' তার মন । শিক্ষা-রূপে কহে তাঁরে আশ্বাস-বচন ॥ ২৩৬ ॥ "স্থির হঞা ঘরে মাও, না হও বাতুল । ক্রুমে ক্রুমে পায় লোক ভবসিন্ধুকুল ॥ ২৩৭ ॥

লোকার্থ

শ্রীটেডনা মহাপ্রভূ সর্বজ্ঞ, তিনি রখুনাথ দাসের মনোভাব ব্যুতে পেরেছিলেন, তাই তিনি তাকে আশ্বাস দিয়ে উপদেশ দিরেছিলেন "স্থির হয়ে ঘরে ফিরে যাও এইভাবে পাগনামি করো না। জনম জনম তুমি ভব-সমূদ্র উত্তীর্ণ হতে সক্ষম হবে।

শ্ৰোক ২০৮

ডাহপর্য

ন্রীমন্ত্রাগরতে (১০/১৪/৫৮) বর্ণনা করা হয়েছে---

সমাখিতা যে পদপক্ষবপ্লবং মহৎপদং পূণ্যবন্দোমুরারের । खनायूधिर्वरमञ्जार भतर भगर भगर भगर विषयमार न एउनाम् ॥

এই জড় জগৎ ঠিক একটি বিদাদ সমুদ্রের মড়ো। তা ব্রন্থলোক থেকে ৬৫ করে পাতান লোক পর্যন্ত বিজ্বভ, এবং এই সমূদ্রে বছলোক বা দ্বীপ রয়েছে। ভগবন্ততি সম্বধ্যে অবগত মা হবার ফলে, বন্ধজীব এই সমূদ্রে সাঁতার না জানা মানুষের মতো হাবুড়বু খাছে। আমাদের বেঁচে থাকবার সংগ্রাম ঠিক সেই রকম। সকলেই এই ভদ-সমূদ্র থেকে উদ্ধন লাডের চেট্টা কবছে এই সমূত্র এক লাফে পার হওয়া বার না, কিন্তু কেন্ট্ট যদি চেটা করে, তাহলে প্রীটেডন্য মহাপ্রভূর কৃপায় সে এই সমূত পার হতে পানে। 'উত্মাদের' মতো আচরণ করে এই সমূত্র পার হওয়া যায় না, ডা সে যত উৎসাইহি হোক না বেল। খ্রীকৈতন্য মহাগ্রন্থ অথবা তার প্রতিনিধির নির্দেশ অনুসারে থৈর্য ও বৃদ্ধিমন্তা সহকারে সাঁডার কেটে এই সমূদ্র পার হবার চেষ্টা করতে হয়। ভাহণে একদিন এই সমুদ্রের পরপারে প্রকৃত আলয় ভগবদ্ধায়ে ফিরে যাওয়া যায় :

শ্ৰোক ২৩৮ মর্কট-বৈরাগ্য না কর লোক দেখাঞা । বথাযোগ্য বিষয় ভূঞ্জ' জনাসক্ত হঞা ॥ ২৩৮ ॥

"লোকের কাছে বাহবা পাকর জন্য কপট বৈর্থেন্ত অভিনয় কর না; অনাসক্ত হয়ে মধাধোগা বিষয় ভোগ কর।"

ভাৰপৰ্য

এই লোকে মর্কট কৈয়াণ্য শব্দটি অভ্যস্ত ভাৎপর্যপূর্ণ। এই শব্দটির বিশ্লেষণ করে স্ত্রীন ভক্তিসিদ্ধান্ত সর্বতী ঠাকুব বলেছেন—বাহ্য দৃষ্টিতে বানরের। ধেমন গৃহাদি অথব। বস্ত্রাদি বর্জিত হয়ে বলে বাল করে, বৈরাগ্য বিশিষ্ট পুরুষদের মতন বলে সনে হয়, অখচ ইচ্ছিত্র-ভর্পণ থেকে নিবৃত্ত হয় না, তেমনই 'লোক দেখান' বৈরাগ্যকে 'মর্কট বৈরাগ্য' কলে। পারমার্থিক জীবনে অগ্রসর হওয়ার পর্যে প্রতিবন্ধক স্বরূপ দর্শন করে জড়-বিষরের প্রতি সম্পূর্ণ বিরক্তে না হওয়া পর্যন্ত প্রকৃত বৈরাগা অবলম্বন করা যায় না। বা ওতভিক্তির অনুকূল ক্রপে যাবৎ জীবন স্থায়ী না থেকে 'ক্ষণিক' বা 'ফয়ু' তাই 'শ্রন্থান বৈরাগা' বা মর্কট বৈরাগ্য। মানুষ যকন কোন মৃতদেহ ন্যানানে নিয়ে যার, তথন সাধারণত তার মনে হয়, "দেহের এইটিই চরম পরিপণ্ডি, ডাহলে আমি কেন দিন-রাত কঠোর পরিক্রম বারছিং" এই ভাবনা স্বাভাবিক ভাবেই শ্বশানে যাবার সমগ্র মনে উদর হয়। কিন্তু শ্বশান খেকে বাড়ি বেলা মান্তই, আব্যুর তারা ক্রড় সুবভোগের ধ্বন্য বৈষয়িক কার্যকলাপে विश्व हता। धटकरें बना इस भागान दिवाश व मकी दिताश

প্রীকৈতনা মহাপ্রভূত কুমাবন বাওয়ার প্রচেষ্টা

ভগবালের সেবার জন্য নিতান্ত অপরিহার্য বিষয়ের ভোগ স্বীকার করে, সেই বিষয়ে অভিনিবেশ পরিভ্যাগ করে জীবন-ধাপন করলে কর্মফলের অধীন হতে হয় না। *७७७वमायुळनि*ष् वास् (५/५/५०৮) वना स्टार्स्—

> यायका मार चनिर्वादः चीकुर्याकावपर्धविदः । वारितम् नुज्यात्राकः स्वरूपः श्रवधार्थनः ॥

"জীবন বাপনের জন্য বতটুকু প্রয়োজন ডডটুকু স্বীকার করা উচিত, কিন্ধ অনর্থক গ্রন্থেজনের মাত্রা বৃদ্ধি করা উচিত নয়, অথবা অনর্থক ভার মাত্রা হ্রাস করাও উচিত নর। পারমার্থিক জীবনে অঞ্জর হ্বার জন্য ঠিক যডটুকু প্রয়োজন তডটুকুই কেবল প্রভার করা উচিত।"

শ্রীস জীব গোস্বামী তাঁর *দুর্গম-সঙ্গমনী* টীকয়ে *স্থ-নির্বাহঃ* শ্বনটির বিশ্লোবণ করে বলেন্ডের বে তার প্রকৃত অর্থ হচ্ছে ব-ব-ডক্তি নির্বাহ। অভিজ্ঞ ডক্ত পর্মেশ্বর ভগবানের সেবার অনুকৃত বা ডাই কেবল গ্রহণ করবেন ভাতিরসামৃতসিদ্ধ গ্রন্থে (১/২/২৫৬) प्रबंधि देवताशा वा यन्त्र देवतारगात विराह्मण करते वना इस्तरम

> शानकिक्छता वृक्षा हतिमचविवद्यमः । मुमुक्किः शतिजार्धा देवताशाः समृ कथरण ।

"মৃক্তি লাভের আশার কংনই ভগবদের দেবার অনুকৃষ বস্তুকে জড় বিবয় বলে মনে ৰুৱে পরিতাগে করা উচিত নর।" যুক্ত বৈরাগা বা প্রকৃত বৈরাগ্যের বিশ্লেষণ করে বলা घटारक---

> व्यनामसम्म विषयाम् यथार्रम्भयुक्षव्यः । मिर्वद्यः कृतानप्रस्ता कृताः देवतागाम्।एउ व

"ভগবানের সেবার অনুকৃত্য যা তাই কেবল প্রহণ করতে হবে, নিজের ইলিয় সুথের জন্য নয়। আসক্ত রহিত হয়ে ত্রীকৃষ্ণের সেবার জন্য যদি কিছু গ্রহণ করা হয় ভাহকে ভাকে বলা হয় যুক্ত বৈরাণা।" প্রীকৃষ্ণ হচ্ছেন প্রম তথ্য, তাই প্রীকৃষেণা সেবার জন্য যা কিছু গ্রহণ করা হয় ভা স্বই প্রমত্ত।

যে সমস্ত তথাকবিত বৈষণ শ্রীল রূপ গোস্বামীর অনুকরণ করার চেটা করে কৌশীন ও বহির্বাস পরিধান করে, ডালের সম্বন্ধে খ্রীচৈতন্য মহাপ্রভূ 'মর্কট বৈধান্য' শব্দটি ব্যবহার করেছেন। এই ধরনের মানুষেরা কপালে ভিলক কেটে, হাতে জগমালা নিয়ে জপ করে. কিন্তু ক্রদরে সর্বক্ষণ কামিনী-কাঞ্চনের কথা চিন্তা করে। সকলের অগোচরে, এই সমস্ত মর্কট বৈরাণীরা স্ত্রীলোকের সঙ্গে সহবাস করে, অখ্য বাইরে বৈরাগ্যের অভিনয় করে, খ্রীট্রিতন্য সহপ্রেক্ত 'সর্কট বৈরাগ্য' বলতে ভালের আচরণকেই বৃথিয়েছেন

- মিধা ১৬

104

শ্লোক ২৩৯

অস্তরে নিষ্ঠা কর, বাহ্যে লোকব্যবহার । অচিরাৎ কৃষ্ণ তোমায় করিকেন উদ্ধার ॥" ২৩৯ ॥ শ্লোকার্থ

শ্রীটেচতন্য মহাপ্রাড় রম্নাথ দাসকে বললেন, "অন্তরে নির্চাসহকারে ভগবানের সেরা কর. কিন্তু বহিরে একজন সাধারণ বিষয়ীর মতো আচরণ কর। তাহলে শ্রীকৃষ্ণ ভোনার প্রতি অচিরেই সম্ভন্ত হলেন এবং মায়ার বন্ধন থেকে ভোনাকে উদ্ধার করবেন।

গ্লোক ২৪০

বৃন্দাৰন দেখি' যথে আসিব নীলাচলে । তবে তুমি আমা-পাশ আসিহ কোন ছলে ॥ ২৪০ ॥ গোলার্থ

"আমি যখন বৃদ্ধাবন থেকে নীলাচলে ফিরে স্থাসব, তখন তুমি কোন আছিলার আমার কাছে এস

(部本 485)

সে হল সেকালে কৃষ্ণ ব্যুরাবে তোমারে।
কৃষ্ণকৃপা যাঁরে, তারে কে রাখিতে পারে॥" ২৪১॥
প্লোকার্থ

"কোন ছলে ভূমি আমান কাছে আসকে, তা শ্রীকৃষই তখন তোমাকে জানিনে দেবেন। শ্রীকৃষ্ণ যাকে কৃপা করেন, তাকে কে বেঁখে রাখতে পারে?"

ভাৎপর্য

শ্রীল ববুন থ দাস যদিও শ্রীচৈডন্য মহাপ্রভূব সঞ্চ লাতের জন্য উৎকণ্টিত হমেছিলেন, কিন্তু মহাপ্রভূ তাঁকে শ্রীকৃষের কৃপার প্রতীক্ষা করতে উপদেশ দিয়েছিলেন। তিনি রক্ষার দাসকে নির্দেশ দিয়েছিলেন। বেনে বদরে দৃঢ় নিষ্ঠা সহকারে কৃষ্ণতক্তির ভাল বজার রেনে বাইরে একজন বিষয়ীর মতো আচবণ করা কৃষ্ণতক্তির মার্চা উত্তত ভক্ত এইভাবে নিজেকে লুকিরে রাকেন। একজন সাধারণ মানুষের মতো সমাজে বাস কবা যায়, কিন্তু সেই সঙ্গে শ্রীকৃষ্ণের সন্তান্তি বিধান করে তাঁর মহিমা প্রচার করাই তার মুন্দা উদ্দেশ্য হওয়া উচিত কৃষ্ণভক্তের জড় বিষয়ে মথা হওয়া উচিত নয়, কেন না তার একমাত্র কর্তবা হচেহ শ্রীকৃষ্ণের সেবা করা কেন্তু যদি এইভাবে আচরণ করেন, তাহলে শ্রীকৃষ্ণ অবশাই তাকে কৃপা করবেন তাই শ্রীচৈতন্য মহাপ্রভূ রন্থনার দাসকে উপদেশ দিয়েছিলেন স্বাধারোগা বিষয় ভুজ্ব জনাসক্ত হওল এবং ভারই পুনরাবৃত্তি করে প্রবার

বলেছিলেন "অন্তরে নিষ্ঠা কর, বাহ্যে লোকব্যবহার ," *ভক্তিরসামৃতসি*ল্ব গ্রন্থেও (১/২/২০০) সে সম্বন্ধে বলা হয়েছে—

> त्नीकिकी विभिक्ती वालि वा क्रिया क्रियार्थ भूत । श्रीरमवासूकृतिक मा कार्या क्रक्तिभिक्तवा ॥

ভক্ত একজন সাধারণ মানুষের মত্যে জচরণ করতে পারেন অথবা কঠোরভাবে বৈদিক নির্দেশ শালন করতে পারেন। উভয় ক্ষেত্রেই, তিনি যাই করেন, তা কৃষ্ণদেশার অনুকৃত্য

শ্লোক ২৪২

এত কহি' মহাপ্রভূ তাঁরে বিদায় দিল। ঘরে আসি' মহাপ্রভূর শিক্ষা আচরিল ॥ ২৪২ ॥ প্রোকার্থ

এট বলে ঐতিহতন্য মহাপ্রকু রঘুনাথ দাসকে বিদায় দিলেন। রঘুনাথ দাস ঘরে ফিরে নিজে মহাপ্রকুর শিকা অনুসারে আচরণ করতে লাগলেন।

শ্লোক ২৪৩

বাহ্য বৈরাগ্য, বাড়ুলডা সকল ছাড়িয়া। যথাযোগ্য কার্য করে অনাসক্ত হুএটা ॥ ২৪৩ ॥

য়োকার্থ

ৰাইরে বৈরাণ্য, উদ্মাদনা ইক্যাদি স্বকিছু ছেড়ে নিয়ে অনাসক্ত চিছে বৈষয়িক কর্তব্য সম্পাদন করতে জাগলেন।

শ্লোক ২৪৪

দেখি' তাঁর পিতা-মাতা বড় সুখ পাইল ৷ তাঁহার আবরণ কিছু শিখিল হইল ৷৷ ২৪৪ ৷৷ শ্রোকার্থ

ভাঁকে এইভাবে বিহুটীর মতো আচরণ করতে দেখে তাঁর পিতা-মাতা অত্যস্ত সন্তুষ্ট হলেন, এবং তার ফলে ভাঁর আবরণ কিছুটা শিখিল হল

ভাৎপর্য

শ্রীল রদ্নাথ দাস গোপামীর পিতা মাতা মধন দেখলেন যে তাদের পুত্র উদ্বাদের মতো আচবদ না করে বৈধারিক দারিত্ব সম্পাদন করছে তখন তাঁরা বৃব খুশি হয়েছিলেন পাঁচজন প্রহরী, চারজন ভূতা এবং দুইজন ব্রাক্ষণ—মেটি এগার জনের নিয়োগ আর আবশ্যক কলে তাঁদের মনে হল না। বদুনাথ দাসকো সংসারে ক্রমশঃ কার্যভার গ্রহণ করতে দেখে তাঁকা ভার প্রহরীর সংখ্যা কমিরে দিয়েন।

শ্ৰোক ২৫৫

(割ず 384-385

>0B

ইহাঁ প্রভ একত্র করি' সব ভক্তগণ। অহৈত নিত্যানদাদি যত তত্তজন য় ২৪৫ য সরা আলিক্সন করি' কহেন গোসাঞি। সবে আন্তঃ দেহ'--আমি নীলাচলে ষ্টি ॥ ২৪৬ ॥

ইভিমধ্যে পান্তিপুরে প্রীতৈজন্য মহাতাড়, জীঅধ্যৈত আচার্য এবং জীনিভ্যানৰ প্রমুখ সমত্ত ছক্তদের একত্ত করে, জাদের সকলকে আলিক্স করে বললেন, "তেখেরা সকলে আমাকে प्राट्सन माथ-वामि नीनां**टरन फिट्ड वॉटै।**"

শ্ৰোক ২৪৭

স্বার সহিত ইহা জামার ইইল মিক্স । এ বৰ্হ 'নীলান্তি' কেহু না করিছ গমন ॥ ২৪৭ ॥

শ্ৰোকাৰ্থ

"তোমানের সকলের সঙ্গে এখানে আমার মিলস হল, তাই এ বছর আর ভোমরা দীলারি বেও না।

য়োক ২৪৮

ভাষ্ঠা হৈতে অবশ্য আমি 'কুদাবন' যাব । সবে আজ্ঞা দেহ', তবে নিৰ্বিদ্ধে আসিব ॥ ২৪৮ ॥

য়োকার্থ

সেখান থেকে আমি অবশাই বৃদ্ধাননে যাব: ডোমরা সকলে আমাকে আদেশ লাও. ভাচলেই আমি নির্বিছে ফিরে আসতে পারব।

> শ্লোক ২৪৯ মাতার চরণে ধরি' বত বিনয় করিল। বৃদাবন থাইতে তাঁর আজা লইল 🏿 ২৪৯ 🗓

তাঁর মায়ের পাল্লে ধরে গ্রীচৈতন্য মহাপ্রভু অত্যন্ত বিনীতভাবে তাঁর কাছ থেকে কুনাকন যাবার অনুমতি নিলেন,

> শ্লোক ২৫০ তবে নবছীপে তাঁরে দিল পাঠাঞা 1 নীলান্তি চলিলা সঙ্গে স্বক্তগণ লঞা ॥ ২৫০ ॥

প্ৰোকাৰ্থ

ভারণর প্রীটেডন্য মহাপ্রভূ ভার মাকে নবদ্বীদে পাঠালেন, এবং তার ভক্তদের সব্দে নিয়ে নীলাম্রি অভিমুখে বারা করলেন।

প্রোক ২৫১

সেই সৰ লোক পথে করেন সেবন। ज्**टच नीलांक्य खाँदेला भं**ठीत नक्य ॥ २৫১ ॥

সেই সমন্ত ভক্তরা পর্যে শ্রীভিডন্য মহাপ্রকৃর সেবা করতে লাগলেন। এইয়াবে গড়ীর भूटच भूगिनयन क्षित्रोत्रहति नीमात्रक किरत ब्रह्मन।

तबीक २०२

প্রক্ত আসি' জগরাথ দরশন কৈল। 'মহাপ্ৰস্থ আইলা'--গ্ৰামে কোলাহল হৈল।। ২৫২ ॥ গ্ৰোকাৰ্থ

ক্ষপ্রবাধপরীতে কিরে শ্রীক্ষটেডন্য মহাপ্রভ শ্রীক্ষপ্রাধ্যেরকে দর্শন করলেন, এবং সারা শহরে ঐঠৈতন্য মহাপ্রভন আগমনের সংবাদ হতিয়ে পর্তল।

> শ্ৰোক ২৫৩ আনন্দিত ভক্তপণ আসিয়া মিলিলা ৷ প্রেম-আলিঙ্গন প্রফু সবারে করিলা 🖠 ২৫৩ 🏗

জ্ঞান আনন্দিন হরে সমত ভগুরা তাঁর সঙ্গে এসে মিলিড হলেন, এবং মহাপ্রভ সকলকে আজিলন দান করলেন।

(到)年 208

কাশীমিল, রামানন্দ, প্রদ্যুল, গার্বভৌম । বাণীনাথ, শিখি-আদি যত ভক্তগণ 1 ২৫৪ ম

ছোকাৰ্থ

কাশীমিল্র, রামানন্দ রায়, প্রদাস ব্রহ্মচারী, সার্বভৌম ভট্টাচার্য, বাণীনাথ রায়, শিবি মাহিতি প্রমুখ সমস্ত ভক্তরা ঐটেডনা মহাপ্রভুর সঙ্গে এনে মিলিভ হলেন।

> खींक २०० গদাধর-পণ্ডিত আসি' প্রভূরে মিলিলা । সবার অগ্রেতে প্রভু কহিতে দাগিলা 🎚 ২৫৫ 🏾

শ্ৰেক ২৬৪

296

গদাধন পণ্ডিতও শ্রীটেডন্য মহাপ্রভুর সঙ্গে এনে মিলিত হলেন। তথন শ্রীটেডন্য মহাপ্রভু সকলের সামনে বলতে লাগলেন→

শ্লোক ২৫৬

বৃন্দাবল ঘাব আমি গৌড়দেশ দিয়া ।

নিজ-মাতার, গঙ্গার চরণ দেখিয়া ॥ ২৫৬ ॥

ঞাকার্থ

"আমি স্থির করেছি থে, আমার মা এবং গলা দর্শন করে সৌড়চেশ হরে কৃদাকনে খাব।

শ্লোক ২৫৭

এত মতে করি' কৈপুঁ গৌড়েরে গমন। সহত্রেক সঙ্গে হৈল নিজ-ভক্তগণ ॥ ২৫৭ ॥

শ্লোকার্থ

"এইডাবে মনতু করে আমি সৌড়লেলে গেলাম, কিন্তু হাজার হাজার ভক্ত আমার সঙ্গে যেতে লাগল।

ঝোক ২৫৮

লক্ষ লক্ষ লোক আইনে কৌতৃক দেখিতে। লোকের সংঘট্টে পথ না পারি চলিতে ॥ ২৫৮ ॥

"বৌতৃহলের বশে আমাকে দেখতে শক্ষ লক্ষ লোক আসতে লাগল, এবং তার ফলে এত ভিড় হল যে, আমি পথ দিয়ে চলতে পর্যন্ত পারছিলাম না।

শ্ৰোক ২৫৯

যথা রহি, তথা ঘর-প্রাচীর হয় চূর্ণ । যথা নেত্র পড়ে, তথা লোক দেখি পূর্ণ ॥ ২৫৯ ॥ গ্রোকার্থ

"এত লোকের ডিড় হয়েছিল যে, যেখানেই আমি থাকতাম দেই গৃহের ঘর এবং প্রাচীর লোকের ডিড়ে চূর্ণ হড, এবং যে দিকেই আমি ডাকাতাম সেই দিকেই দেবজাম অসংখ্য লোকের ভীড

শ্লোক ২৬০

কটে-সৃষ্ট্যে কৰি' গেলাঙ রামকেলি গ্রাম । আমার ঠাঞি আইলা 'রূপ' 'সনাতন' নাম ॥ ২৬০ ॥ শ্ৰোকাৰ্থ

°বহ কটে আমি রামকেলি প্রামে গিয়েছিলাম, সেখানে রূপ ও সনাতন নামক দুঁই ভায়ের সঙ্গে আমার ম্যানাং হয়েছিল।

প্লোক ২৬১

দূই ভাই—ভক্তরাজ, কৃষ্ণকৃপা-পাত্র। ব্যবহারে—রাজমন্ত্রী হয় রাজপাত্র ॥ ২৬১ ॥ লোকার্থ

ঁসেই দুই ভাই হচ্ছে ভক্ত শ্ৰেষ্ঠ, এবং ভাই তারা ত্রীকৃষ্ণের কুপার পাত্র, কিন্তু ব্যবহারিক দৃষ্টিতে তারা রাজপুরুষ রাজ্যর মন্ত্রী।

> শ্লোক ২৬২ বিদ্যা-ভক্তি-বৃদ্ধি-বলে পরম প্রবীণ। ভবু আপনাকে মানে তৃপ হৈতে হীন ॥ ২৬২ ॥ শ্লোকার্থ

"বিদ্যায়, বৃদ্ধিতে, বলে এবং ভক্তিতে ভারা পরম প্রবীণ, কিন্তু তবুও ভারা নিজেদের ক্যশের থেকেও হীল বলে মনে করে।

প্লোক ২৬৩-২৬৪
ঠার দৈন্য দেখি গুনি' পাষাণ বিদরে ।
আমি তুষ্ট হঞা তবে কহিলুঁ দৌহারে ॥ ২৬৩ ॥
"উত্তম হঞা হীন করি' মানহ আপনারে ।
অচিরে করিবে কৃষ্ণ তোমার উদ্ধারে ॥" ২৬৪ ॥

"তাদের দৈনা দর্শন করে এবং সে সহজে প্রবণ করে পাধাণ পর্যন্ত গলে যায়, ভাই তাদের প্রতি সন্তুষ্ট হরে আমি ডাদের বলেছিলাম, "তোমনা উত্তম হওয়া সত্ত্বেও নিজেদের হীন বলে মনে কর, ভাই শ্রীকৃষ্ণ অচিরেই ভোমাদের উদ্ধার করবেন।"

ভাৎপর্য

এইটিই ওদ্ধ-ভব্তের বৈশিয়া। জড় দৃষ্টিভঙ্কীর পরিপ্রেক্ষিতে তাঁরা ঐমর্যশালী, দক্ষ, মশসী এবং বিশ্বান হতে পারেন, কিন্তু এই সমস্ত গুণ থাকা সত্যেও কেউ যদি নিজেকে তুণের থেকেও দীনতর বলে ফনে করেন, তাহলে ত্রীচেতনা মহাপ্রভু বা শ্রীকৃষ্ণ তাঁব প্রতি আকৃষ্ট হন। মহাবার প্রতাপকদ্র রাজা হওয়া সত্ত্বেও ঝাড়ু হাতে শ্রীজগারাথদেবের রথযাত্রার পথ পরিষ্কার করেছিলেন। তাঁর এই বিনীত সেবার জন্য শ্রীচৈতনা মহাপ্রভু তাঁর প্রতি

শ্ৰোক ২৭তী

প্রসায় হয়েছিলেন এবং ভাঁকে আলিকন দান করেছিলেন। প্রীচৈতনা মহাপ্রভুর নির্দেশ, ভক্ত যেন তাঁর জড় সাফল্যের গর্বে গর্বিত ন। হন। সং সময় মনে ব্রান। উচিত থে জন্ত সাফল্য পূর্বকৃত সংকর্মের ফল, এবং ভাই আ অনিভা, যে কেন মৃতুর্তে সমস্ত আড় ঐশ্বর্য শেষ হয়ে যেতে পারে, তাই ভক্ত কখনও ঐশ্বর্য গর্বে গরিত হন না। তিনি সর্বদ। নিজেকে ভূগের থেকেও দীনতর বলে অনুভব করে, বিনম্র এবং বিনীত থাকেন সেই যোগ্যভার ফলেই, ডক্তরা ভাদের প্রকৃত আলর ভগবদ্ধামে দিরে যেতে সক্ষ ব্ল

> ৰোক ২৬৫-২৬৬ এত কৃষ্টি' আমি যবে বিদায় তাঁরে দিল । গমনকালে সন্তিন 'প্রহেলী' কহিল 11 ২৬৫ ॥ 'খার সলে হয় এই লোক লক্ষ কোটি। বুদাবন যাইবার এই নহে পরিপাটী 🛚 ২৬৬ 🗈

য়োকাৰ্থ

"এই বলে আমি যখন ডাদের কাছু খেকে বিদায় নিলাম, ডখন সমাতন আমাকে প্রহেলিকা করে বলেছিল, এখ লোক জন নিবে বৃন্দাবনে বাওয়া উচিত লয়।

> (副本 598 তবু অ'মি গুনিবুঁ মাত্ৰ, না কৈবুঁ অবধান ৷ প্রাতে চলি' আইলাঙ্ক 'কানাইর নটিশালা'-গ্রাম ॥ ২৬৭ ॥

আমি তা শোনা সত্ত্বেও তা অবধান করিনি। পরের দিন সকালবেপা আমি কানাইয়ের নাটশালা গ্রামে এলে শৌছলাম।

> গ্ৰোক ২৬৮ রাত্রিকালে মনে আমি বিচার করিল। স্নাডন মোরে কিবা 'প্রহেলী' কহিল 🗓 ২৬৮ 🗎

"রাত্রিবেলা সনাজনের সেই প্রহেলিকা বাক্য আমি মনে যনে বিচার করে দেখেছিলাম।

শ্রোক ২৬৯ ভালত' কহিল,---মোর এত লোক সঙ্গে। লোক দেখি' কহিবে মোরে—'এই এক চলে' ॥ ২৬৯ ॥ রোকার্থ

"অমি বিচার করে দেখলাম যে সনাতন বা বলেছে ভা ঠিকই। সভাি সভিটি বত লোক আমার সঙ্গে ৰাচ্ছিল। এত লোক দেখে মানুষেরা স্বাক্তাবিকভাবে আমার সমালোচনা করে বলবে, "এই এক প্রভারক।"

त्यांक ३१०

'पूर्जख' 'पूर्णम' (मेरे 'निर्जन' वृन्हावन । একাকী যহিব, কিবা সঙ্গে একজন ॥ ২৭০ ॥ শ্ৰোকাৰ্থ

"ডখন আমি বিবেচনা করে দেখলাম যে কুখারন দুর্গন্ত, দুর্গম; সেই নির্জন কুখারমে আমি একা দাব অথবা কেবলমার একজমকে সলে নিয়ে যাব।

(関本 395

মাধবেন্দ্রপরী তথা গেলা 'একেশ্বরে' ৷ मुक्षमान-**क्रम** कृष्ण जाकार मिल छोत्त्र ॥ ५२১ ॥

ৰোকাৰ্থ

"জীপাদ মাববেল্ডপুরী সেখানে এক। সিরেছিলেন, এবং দুখ্যাম ছলে প্রীকৃষ্ণ তাঁকে দর্শন पान करत्रशिक्षाः।

> প্রোক ২৭২ বাদিয়ার বাজি পাডি' চলিলাগ্র তথারে। বহু-সঙ্গে বৃন্ধাবন গমন না করে 1 ২৭২ 11 cuttantal

"তখন আমি বুবাতে পেরেছিলাম যে বেদেরা যাদ দেখাবার জন্য স্থান পাতলে যে রকম ব্যেক স্থাপম হয়, সেই রকম লোকজন নিয়ে বৃদ্ধারন যাছি, ডা ডাল নয়

শ্ৰোক ২৭৩

একা যহিব, কিবা সঙ্গে ভূত্য একজন । তবে মে শৌভয় বৃন্দাবনের গমন ৷৷ ২৭৩ ৷৷ য়োকার্থ

"তাই আমি মনস্থ করেছি, কুদাবনে আমি একা যাব অথবা সঙ্গে কেবল একজন ভূত্য যাবে। সেইভাবেই কুম্বাবনে যাওয়া উচিত।

श्रिया ५७

শ্লোক ২৭৪ বৃন্দাবন খাব কাঠা 'একাকী' হুঞা । সৈন্য সঙ্গে চলিয়াছি ঢাক ৰাজাএল ii ২৭৪ য শ্লোকাৰ্

'আমি অনুভব করেছিলাম, 'কোথায় আমি একাকী কুদাবনে যাব, কিন্তু তা না করে। সৈন্য সামন্ত নিয়ে চাক বাজিয়ে কুদাবনে চলেছিঃ'

শ্লোক ২৭৫

ধিক্ ধিক্ আপনাকে বলি' হইলাঙ অহিন । নিবৃত্ত হঞা পুনঃ আইলাঙ গঙ্গাতীয় ॥ ২৭৫ ॥

শ্লোকার্থ

"ডখন আমি নিজেকে বিস্কার দিয়ে অস্থির হয়েছিলাম, এবং কৃদাবন যাত্রা থেকে শিকৃত হয়ে পুনরায় রঙ্গাতীয়ে ফিরে এনেছিলাম।

শ্লোক ২৭৬

ভক্তগণে রাখিয়া আইনু নিজ লিজ ছানে। আমা-সঙ্গে আইলা সবে পাঁচ-হয় জনে ॥ ২৭৬ ।

ন্মোকার্থ

"তখন আমি ভক্তদের নিজ নিজ ছানে রেখে, কেবল পাঁচ-ছা জনকে সঙ্গে নিয়ে এসেছি

> প্লোক ২৭৭ নির্বিদ্ধে এবে কৈছে যাইব বৃদ্দাবনে । সবে মেশি' যুক্তি দেহ' হঞা পরসলে ॥ ২৭৭ ॥ প্রোকার্থ

"এখন কোমরা সকলে আমার প্রতি প্রসন্ন হয়ে আমাকে যুক্তি দাও, কিভাবে আমি নির্বিদ্ধে কুলাবন যাব।

> শ্লোক ২৭৮ গদাধরে ছাড়ি' গেনু, ইঁহো দৃঃৰ পাইল । সেই হেডু বৃন্দাবন বাইতে নারিল ॥ ২৭৮ ॥ শ্লোকার্থ

"আমি গদাধরকে ছেড়ে গিয়েছিলাম, সেইজন্য সে মনে দুঃখ পেয়েছিল, তাই আমি কুদাধনে যেতে পারলাম না।" (別本 グイターイケン

ভবে গদাধন-পশ্চিত প্রেমাবিষ্ট হঞা।
প্রভূ-পদ ধরি' কহে বিনর করিয়া । ২৭৯ ।
তুমি বাহা-বাহা রহ, তাহা 'বৃন্দাবন'।
ভাহা যম্না, গঙ্গা, সর্বতীর্থাণ । ২৮০ ।।
তবু বৃন্দাবন হাহ' লোক শিখাইতে ।
সেইত করিবে, ভোমার যেই দায় চিত্রে । ২৮১ ॥

নীতৈতনা মহাপ্রকৃত্ব মুখে এই কথা ওলে গদাধর পণ্ডিত প্রেমানিট হলেন, এবং শ্রীতৈতন্য মহাপ্রকৃত্ব পারে ধরে বিনয় করে বললেন—'ভূমি যেখানে থাক নেই স্থানই বৃদ্ধারন্য সেখানেই বন্দা, গলা এবং সর্ব জীর্ষের আবেশ হয়। তবুও ভূমি মানুবকে শিক্ষা দেবার আন্য কৃষ্ণাবনে যাও। প্রকৃতপক্ষে, তোমার যা ইচ্ছা হয় তাই ভূমি কর।"

ঐতিতন্য মহাপ্রভুর বৃন্ধাবন যাবার প্রয়োজন হয় না, কেননা তিনি যেখানেই থাকেন সেই **स्रात्हे उ**रक्षार वृत्मावत्न नविभुठ इत्त , श्रुकुण**ाक्त, त्रथात्न शक्ता, प्रमूना** अवर नमस् তীর্থের সমাবেশ হয়। সেই কথা ছীট্রেডন্য মহাগ্রন্ড স্বয়ং শ্রীঞ্চগন্নাথসেবের রথের সামনে নত্য করার সমর প্রকাশ করেছিলেন। তিনি বলেছিলেন, 'মোর মন বন্দাবন' যেহেত ওার মন বৃদ্ধানন, ডাই ডা শ্রীশ্রীরাধানুক্তের লীলাড়মি বিজ্য তবুও, লোক শিকার জন্য তিনি এই জড জগতের ভৌম-বৃদাবনে গমন করেছিলেন। এইভাবে প্রীচৈতন্য মহাগ্রভ क्ष्मवाराज्य जीना-क्रिय वन्धावन वार्ष्य यावाद मिर्सन मिर्श्नाहरून । खक्रवादीता प्राप्त करत त्य गुभावन यात्र अकि (नांदता नाहत, त्यनना (भवांत्न वह कृत्व, मृत्यांत ७ वानत त्रत्यांत्व, এবং যমুনার সাড়ে নানা প্রকার আবর্জনা রয়েছে কিছুদিন আরো, একজন জড়বাদী মানুষ আমাকে জিজাস্য করেছিল, "আপনি কেন বৃদ্দাবনে থাকেন ৷ অবসর গ্রহণ করার জন্য কেন আপনি এরকম নোংরা শহর বেছে নিলেন?" এই ধরনের মানুবেবা বৃথতে পাতে না যে, কুদাৰন ধাম সৰ্ব অবস্থাতেই গোলোক কুদাৰন থেকে অভিন্ন তাই কুদাৰন ধাম শ্রীকৃষেক্সই মতো অরাধ্য। *আরাধ্যো ভগবান রঞ্জেশতন্যান্তদ্ধাম বৃন্দাবনম*—শ্রীট্রতন্য মহাগ্রন্থর শিক্ষা অনুসারে, শ্রীকৃক্ষ এবং তাঁর ধাম কুলবন সমানজানে আরাধ্য কথনও কশনও পারমার্থিক জ্ঞান রহিত মানুষেরা বৃন্ধাবন ভ্রমণ করতে যায় এই রকম জড় पुष्ठि≘त्रि निता याता दुश्यवस्य यात्र, छास्यत कान भातवार्थिक लाख द्या ना ाउँ धतस्यत्र মানুবেরা বিশ্বাস করে না যে শ্রীকৃষ্ণ এবং তাঁর ধাম অভিন্ন যেহেত তাঁরা অভিন্ন, তাই কুদাবনও শ্রীকৃষ্ণের মতো আরাধা। শ্রীচেডন্য মহাপ্রভুর দৃষ্টিভঙ্গী (যোর মন কুদাবন)

এডবাদী মানুষের দৃষ্টিভঙ্গী খেকে ভিন্ন রখযাত্রার সময় শ্রীচৈতন্য মহাপ্রভূ শ্রীমতী

লোক ২৮২]

রাধারানীয় ভাবে মধ্য হয়ে শ্রীকৃমতক বৃন্ধাক্রধানে ফিরিয়ে নিয়ে যাছিলেন। শ্রীমন্তাসনতে আহণ্চ তে শ্লোকে শ্রীচেতনা মহাপ্রভূ সেই ভাব বাক্ত করেছেন (মধা ১৩/১৩৬)। শ্রীমন্তাগবতে (১০/৮৪/১৬) বর্ণনা করা হয়েছে—

यमाञ्चनृक्तिः कृषर्ण विश्वाकृतक वर्षीः व्यवधाषित् एडीय देखापीः । एडीर्थनृक्तिः मनितन म करिष्ठिकात्वयुनित्वासु म अव श्योवदेः ॥

"যে মানুষ কমা, পিন্তা, বায়ু, এই তিনটি ধাড়ু দিয়ে তৈরি হুড় শরীরটিকে তার স্থক্তপ বলে মনে করে; সেই দেহের সঙ্গে সম্পর্কিত বাজিদের তার আস্থ্রীয় স্বজন বলে মনে ফরে যেই স্থানটিতে তার জন্ম হয়েছে সেই স্থানটিকে তার আর্থায় বলে মনে করে, এবং তীর্থস্থানের সাধু মহাম্যাদের কাছ থেকে দিবজ্ঞান দাভ করার চেন্টা না করে কেবল দান করায় জন্য তীর্থস্থানে গ্রমন করে, সে একটি বক্ত অথবা গাধা।"

শ্রীচিতনা মহাপ্রস্কু স্বয়ং বৃদ্ধানন ধানকে সাজিয়ে ছিলেন এবং থাবে প্রধান নিয়া, রূপ সনাতনকে ও বৃদ্ধাবনের লুপ্ত-ভীর্থসমূহ উদ্ধান করে জনসাধানদের চিন্দা ভাবনার বিন্দান্দ্র জন্য সেখানে ভালের আকৃষ্ট করার উপদেশ দিয়েছিলেন। বর্তমানে বৃদ্ধাননে প্রায় পাঁচ হাজার মাদির রয়েছে, এবং তা সন্ত্বেও আমানের সোসাইটি, আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সঞ্চ কৃষ্ণ-বলরাম, রাধাকৃষ্ণ এবং খাস্ক-গৌরাসের আরাধ্যার জন্য আর একটি অপূর্ব সুদ্দর মাদির প্রতিষ্ঠা করেছে। বৃদ্ধাবনে থেহেতু কৃষ্ণ-বলরামের সেই রক্ষ বড় কেনে মাদির নেই, ভাই আমরা এই মাদিরটি প্রতিষ্ঠা করার চেটা করেছি যাতে সানুষ কৃষ্ণ-বলরাম বা গৌর-নিতাইয়ের প্রতি আকৃষ্ট হয়। "গ্রন্ডেন্দ্রন্দ্রন যেই, শালীসূত হৈল সেই।" জীল নরোগ্রম দাস ঠাকুর গোয়েছেন, রজেন্দ্রন্দ্রনা জীকৃষ্ণ-বলরাম গৌর নিতাই রূপে আবির্ভৃত ইয়েছেন। সেই তথ্য প্রচার করাছ যে, গৌর-নিতাই-এর আরাধ্যা এবং কৃষ্ণ-বলরামের আরাধনা পৃথিবী স্বৃত্তে প্রচার করাছি যে, গৌর-নিতাই-এর আরাধনা এবং কৃষ্ণ-বলরামের আরাধনা অভিয়

যদিও রাধা-শৃষ্কের লীলায় প্রবেশ করা অত্যন্ত কঠিন, তবুও বৃদাবনের অধিকাংশ ভক্তই রাধা-কৃষ্ণের লীলার প্রতি আকৃষ্ট কিন্তু, নিতাই-গৌরচন্দ্র থেছেতু বলরাম ও শ্রীকৃষ্ণেরই প্রকাশ, তাই গ্রীকৈতন্য মহাপ্রভু নিতাদন্দ প্রভুর মাধ্যমে আমরা সরাসরিভাবে শ্রীকৃষ্ণ ও কলরামের সামিধ্য লাভ করতে পারি। কৃষ্ণভক্তি মার্গে যারা অত্যন্ত উরত তারা শ্রীকৃষ্ণকৈন্য মহাপ্রভুর কৃপায় রাধাকৃষ্ণের লীলায় প্রবেশ করতে পারেন। শান্তে বলা হ্যোছে—শ্রীকৃষ্ণকৈতন্য রাধাকৃষ্ণ নহে অন্য শ্রীকৃষ্ণকৈতন্য মহাপ্রভু রাধা ও কৃষ্ণেরই মিলিভ প্রকাশ

কখনও কখনও জড়বাদীয়া, রাধা কৃষ্ণ এবং কৃষ্ণ-বলরামের লীলার কথা ভূলে গিয়ে, বৃদাবনে গিয়ে, সেই পবিত্র স্থানে প্রেমার্থিক সুযোগ সুবিধাওলি গ্রহণ করে জড়-জাগতিক কার্য কলাপে লিপ্ত হয়। তা ক্রীচৈতন্য মহাগ্রভুর শিকার বিরোধী। প্রাকৃত সহজিয়ারা নিজেদের ব্রহ্মনাসী বা ধামবাসী বলে প্রচার করে, কিন্তু তারা সব রক্ম ইন্দ্রিয় কৃথির প্রবাদে নিপ্ত। এইভাবে তারা জড়ের প্রতি গভীর থেকে গভীরতবভাবে আসন্ত হয়ে পড়ে। বারা শ্রীকৃষ্ণের ওছভক্ত তারা এই সমন্ত প্রাকৃত সহজিয়াদের কার্যকলাপে প্রবল্জাবে নিন্দা করে। শ্রীল স্বরূপ দামেদের গোম্বামীর মতো নিতা ব্রহ্মবাসীরা কৃপাধন ধামে পর্যন্ত আমেননি। শ্রীপৃশুরীক বিদ্যানিধি, শ্রীহরিদাস ঠাকুর, শ্রীরাস পথিত, শিবানাদ্র সেন, শ্রীরামানক রায়, শ্রীলিবি মাহিতি, মাধবীদেবী এবং শ্রীগদাধর পথিত গোস্বামী কখনও ধৃদ্ধারনে মাননি। শ্রীল ভতিসিজান্ত সরস্থতী ঠাকুর উল্লেখ করেছেন যে তাঁদের ভৌম বৃদ্ধারনে যাওরার কেন বর্ধনা শোনা যায়নি। অথচ বহু অভক্ত, মায়াবাদী সায়াসী, প্রাকৃত সহজিনা, সকাম কর্মী, মনোধর্মী জানী এবং অন্য অনেকে জড় উদ্দেশ্য নিয়ে কৃদারনে বাস করাত্র অন্য করে। তাদের আনেকেই, আর্থিক সমস্যার সমাধান করাত্র জন্ম কৃদারনে ভিকাবৃত্তি অবল্খন করে। যদিও বৃদ্ধারন ধামে বাস করার কলে জনতসারে বা অজ্যতমারে সুকৃতি অর্জন হয়, তথ্ও ওদ্ধান্তকরা কেবল প্রকৃত নৈক্ষরকেই আপন বাসে প্রবন্ধ করেন। ক্রন্তমাহিতার বর্গনা করা হয়েছে—প্রযাঞ্জনজ্বিত ভাজিবিলোচনেন। জগরস্কতির প্রভাবে জড় কলুর থেকে মুক্ত হয়ে যখন চিয়ায় দৃষ্টি সাভ হয়, তথাই শ্রীকৃদারন এবং বিংকার করে গুলুত ব্যে ক্যাল ব্যার ব্যার ব্যার হয়, তথাই শ্রীকৃদারন এবং বিংকারতের গোলোক কৃদ্ধারন অভিয় রূপে দৃষ্ট হয়

শ্রীল নরোন্তমদাস ঠাকুর, শ্রীনিবাস আচার্য, শ্রীঞ্চগন্নাথদাস বাব্যঞ্জী মহারাজ, শ্রীভগবান
দাস বাবাঞ্জী মহারাজ, শ্রীল গৌরবিশোর দাস বাবাঞ্জী মহারাজ এবং পরবতীকালে
কলকাতার শ্রীল ভক্তিবিনোল ঠাকুর প্রভৃতি মহাজনেরা সর্বদা নাম ভঙানে যুক্ত থেকে
অবশ্যই শ্রীকৃষাকা বাতীত অন্য কোন ধামে কখনই বাস কবেননি। বর্তমানে, হরেকৃষ্ণ
থান্দোলনের প্রচারকেরা লগুন, নিউ-ইয়র্ব, লস্-এপ্রেলস্, প্যারিস, মন্ত্রো জুরিক, স্টকহোন্
ইন্যাদি পৃথিবীর সকর্বাটি বন্ধ বন্ধ শহুরে বাস করে শ্রীচৈতনা মহাপ্রভুর বালী প্রচার
করছে। তাবা শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ও অন্যানা আচার্যদের পদাস্ক অনুসরণ বারেই
পরিভুপ্ত। শ্রীরাধান্ত্যের মন্দিরে বাস করে নিরন্তর হরিনাম সংকীর্তন করার ফলে ভারা
সর্বদা কুলাবনেই বিরাজ করে, অন্য কোধাও নর শ্রীচৈতনা মহাপ্রভূর পদাস্ক অনুসরণ
করে আমরা কুদাবনে মন্দির প্রতিষ্ঠা করেছি, যাতে সারা পৃথিবীর কৃবনভক্তরা সেখানে
আসতে পারেন।

শ্লোক ২৮২

এই আগে আইলা, প্রভু, বর্ষার চারি মাস । এই চারি মাস কর নীলাচলে বাস ॥ ২৮২ ॥ প্রোকার্থ

গদাগর পশ্চিত বলকেন, "শীয়ই বর্ষার চার মাস শুরু হবে। সেই চার মাস তুমি নীলাচলে থাক। 298

শ্ৰেকি ২৯০

লোক ২৮৩

পাছে সেই আচরিবা, যেই তোমার মন। আপন-উচ্চায় চল, রহ,—কে করে বারণ ॥" ২৮৩ ॥ লোকার্থ

তারপর জোমার যা ইচ্ছা হয় ভূমি তাই কর। ভূমি ভোমার নিজের ইচ্ছা অনুসারেই থাৰ বা চলে যাও—কে ডোমাকে নিবেৰ করতে পারে?"

(当) 本 2 6 8

শুনি' সব ভক্ত কহে প্রভার চরপে । সবাকার ইচ্ছা পশুত কৈল নিবেদনে ম ২৮৪ ম

সেকথা শুনে, সেখানে উপস্থিত সমস্ত জন্তরা ঐতিতল্য মহাপ্রদুর চরণে লিবেদন করকেন যে, গ্যাধর পণ্ডিত খা বললেন সেটিই সকলের ইচ্ছা।

त्सीकं २७४

সবার ইচ্ছায় প্রভু চারি মাগ রহিলা । শুনিয়া প্রতাপরুদ্ধ আনন্দিত হৈলা 🛚 ২৮৫ 🗷

ধোকার্থ

ভক্তদের অনুরোধে গ্রীটেডন্য মহাপ্রস্থ সাগায়াথপ্রীতে তারমাস থাকতে সম্মত হলেন। সেকথা বনে মহারাজ প্রতাপরুত্ব অভান্ত আনন্দিও হলেন।

শ্ৰোক ২৮৬

সেই দিন গদাধর কৈল নিমন্ত্রণ। তাহাঁ ভিকা কৈল প্রস্কু লঞা ভক্তগণ 🛚 ২৮৬ 🗈 যোকার্থ

সেই দিন গদাধর পণ্ডিত শ্রীটেডন্য মহাপ্রকৃকে নিমন্ত্রণ করকেন, এবং ভক্তদের নিয়ে মহাপ্রভু তাঁর স্থানে ডিক্সা এত্থ করলেন।

গ্ৰোক ২৮৭

ভিক্ষাতে পণ্ডিতের স্নেহ, প্রভূব আবাদন ৷ মনুহোর শত্যে দুই না ষায় বর্ণন 🛚 ২৮৭ 🗈

শ্ৰোকাৰ্য

যে স্নেহ সহকারে গদাধর পণ্ডিত সেই ডিক্ষা নিকেন্ন করেছিলেন, এবং ফেডাবে শ্রীটেডন্য মহাপ্রভু ভা আবাদন করেছিলেন, তা বর্ণনা করার শক্তি মানুষের নেই।

(現)を タドア

এই মত গৌরলীলা জনন্ত, অপার। मररकरण कहिरम्, कहा ना यात्र विखान ॥ २৮৮ ॥

এইভাবে, প্রীচৈতন্য মহাপ্রভুর দীলা অনন্ত এবং অপার সংক্ষেপে আমি তা বর্ণনা कवित। विकारिककार्य या वर्षमा कवा मध्य गय।

শ্রেকি ২৮৯

সহস্র-বয়নে কহে আপনে অনন্ত'। তবু এক সীলার ভেঁহো নাহি পায় অন্ত ॥ ২৮৯ ॥

অনন্তদেৰ সহস্ত কানে নিরন্তর ভগৰানের সীলা বর্ণনা করেছেন, কিন্তু তবুও তিনি এক একটি শীলয়ে অন্ত দ্বঁজে পান না।

त्यांक ३%०

क्षेत्रश-तधुनाय-शरम यात्र आन् । চৈতন্যচরিভাম্ভ ক**হে কৃষ্ণদাস ম ২৯০** ম ভোকার্থ

শ্রীক্ষণ লোম্বামী এবং শ্রীরঘুনার্থ দাস পোস্বামীর শ্রীপাদপত্তে আমার প্রণতি নিবেদন করে ও উচেরে কুপা প্রার্থনা করে, তাঁদের পদায় অনুসরণপূর্বক আমি কৃষদাস শ্রীতৈতনাচরিতামত বর্ণনা করছি:

ইভি—"শ্রীচৈতনা মহাগ্রভুর বৃন্দাবন যাওয়ার প্রচেষ্টা' নামক শ্রীচৈতনাচরিতামতের प्रभानीजात वर्कपन निराधासन एकिरनमास जारभर्य।

সপ্তদশ পরিচ্ছেদ

শ্রীচৈতন্য মহাপ্রভুর বৃন্দাবন গমন

শ্রীল ভবিধিনাদ মাকুর তাঁর অমৃত-প্রবাহ ভাষ্যে সপ্তদশ পরিছেদে কথাসারে বলেছো—
"সেই বছর প্রধ্যারপুরীতে রথযাত্র দর্শন করে শ্রীচেতনা মহাপ্রভু বৃন্দাবন যেতে মনস্থ
করলেন। শ্রীরামানদ রায় ও শ্রীস্বরুপ সামোদর, বলভপ্র ভট্টাচার্য ও তার সঙ্গী একটি
প্রাহ্মণ ভূত্যকে শ্রীচেতন্য মহাপ্রভুর সঙ্গে দিলেন পরের দিন রাবি প্রভাত হবার পূর্বে
মহাপ্রভু কটকে বাব্রা করে কটক র্যাক্ষণে রেখে নির্জন কর পথে চললেন এবং বন পথে
বাধ, হাত্রী প্রভৃতি স্বস্থাকে প্রেমে কৃষ্ণামা বাম করালেন। মেখানে প্রাম পেতেন, সেখানে
ভিক্ষা করে অয়ব্যক্ষনানি প্রস্তুত হত। প্রাম না থাকলে, সঞ্চিত চাল পাক হত এবং কাট
শাক্র আদি সংগৃহীত হত। বলভম ভট্টাচার্যের সূব্যবহারে মহাপ্রডু অতাও প্রীত হন।

এইভাবে ঝারিখণ্ডের বনপথে গিয়ে, মহাগ্রভু বারাণসী ধামে উপস্থিত হলেন মণিকর্ণিকার ঘাটো মান করবার সময় তপন মিশ্রের সঙ্গে প্রীচেতন্য মহাগ্রভুর সাঞ্চাংকার হল। মহাগ্রভুকে তিনি ওঁরে গৃহে নিরে গিয়ে যত্ম করে রাখলেন বারাণসীতে মহাগ্রভুর নূর্ব পরিচিত ভক্ত বৈদ্য চন্দ্রশেষর গেরা করতে লাগলেন। একজন মহারাষ্ট্রীয় প্রাহ্মণ প্রিচিতনা মহাগ্রভুর বাবহার দেখে সন্মাসী-প্রধান প্রকাশানন্দ সরস্বতীকে তা জানাগেন। প্রকাশানন্দ সরস্বতী তখন প্রীচেতনা মহাগ্রভুর নিশা করেন সেই রাখাণ তাতে দৃংগিত হরে প্রিচিতনা মহাগ্রভুর কাছে এসে সেই কথা বলেন, এই প্রকাশানন্দ প্রমুখ সামাসীদের মূবে 'কৃজনাম' না প্রামার কারণ জিল্লাসা করলে, প্রীচেতনা মহাগ্রভু তার উর্বে মারাবাদকে 'অপরাধ' বলে নির্দ্য করলেন এবং মারাবাদীর সঙ্গ করতে নিরোধ করে তাকে কৃপা করলেন। তারপর প্রীচিতনা মহাগ্রভু কালী থেকে প্রমাণ হরে মণ্যাবা উপস্থিত হয়ে প্রীমাধবেল পুরীর শিষ্য সানোভিয়া গ্রাক্ষণের ঘরে, তাকে কৃপা করে, ভিক্ষা করলেন। পরে প্রীর শিষ্য সানোভিয়া গ্রাক্ষণের ঘরে, তাকে কৃপা করে, ভিক্ষা করলেন। পরে প্রীর শিষ্য সানোভিয়া গ্রাক্ষণের ঘরে, তাকে কৃপা করে, ভিক্ষা করলেন। পরে প্রীর শিষ্য সানোভিয়া গ্রাক্ষণের ঘরে, তাকে কৃপা করে, ভিক্ষা করেনে। গরে প্রিমাণবের হাদশ ধনে মহাচেমে প্রীচিতনা মহাগ্রভু শারী ওক্ষ-বার্তা প্রবণ করে প্রমণ করতে লাগকেন

প্লোক ১

शक्त् वृत्तावनः भीता गाष्ट्रांचनश्रान् वतः । প্রমোকভান্ সহোর্ভ্যান্ বিদধে কৃষ্ণজন্নি । । ।।

গছেন্—যেতে যেতে, বৃদ্ধাবনম্—বৃদ্ধাবন ধামে; গৌরং—শ্রীচৈতন্য মহাপ্রভুর, ন্যাম বাহ্য, ইন্ড—হন্তী; এব মৃগ, খবান্—পদ্ধি, বনে বনে, প্রেমোগ্রান্ প্রেমোগ্রান্ হয়ে, সহ সহ, উম্ব্যান্—উদ্ধণ্ড নৃত্য, বিদ্ধে—করিয়েছিলেন, কৃষ্ণ—কৃষ্ণনাম, জন্ধিনং— কীর্তন করে। 7694

প্রেক ১২1

অনুবাদ

বৃন্দাবনে যাবার পথে, প্রীটেডনা মহাপ্রভু ঝারিখণ্ডের বন্দে বাছ, হাঠা, হরিণ ও পারীদের কৃষ্ণনাম কীর্তন করিয়ে প্রেমোগান্ত করে নৃত্য করিয়েছিলেন।

(割) (

জায় জায় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ । জয়াথৈতচক্র জয় গৌরডক্তবৃন্দ ॥ ২ ॥

শ্ৰোকাৰ্থ

बीटिज्जना महाक्षकृत करा। बीबटिक्ज व्याहार्य क्षेत्र करा। बीटिज्जना महाक्षकृत नयस ভাকাদের জয়।

প্রোক ৩

শ্রংকাল হৈল, প্রভুর চলিতে হৈল মতি ৷ রামানজ-স্বরূপ-সঙ্গে নিভূতে যুক্তি 🛭 😊 🖰

শ্ৰোকাৰ্থ

শরতের আগমনে, ঐতিহন্য মহাপ্রভু নৃদাবন বেডে মনতু করলেন, এবং ভখন তিনি নিভূতে ব্ররূপ শ্রীদাযোদর ও রাখাদল রায়ের সতে যুক্তি করলেন।

(स्रीक 8

"त्यांत नदास कर यपि, जुधि-मुँदे खन । তবে আমি যাঞা দেখি জীবৃন্দাকন 11 8 11

শ্রীতৈতন্য মহাপ্রভু ডাদের বললেন, ডোমরা দুইজন গদি আমার সহায়তা কর, তাহকো আমি গিয়ে ত্রীবৃন্দাবন দর্শন করতে পারি।

रहाकि क

রাত্রে উঠি' বনপথে পলাঞা ঘাব । क्षकांकी परिव, कार्टी महन ना नहेव 1 द 1

শ্রোকার্থ

ব্ৰীটৈতন্য মহাপ্ৰভূ বললেন, "ৱাৱে উঠে আমি বলপথে পালিয়ে যাব। স্কামি একলা যাব, কাউকে সজে নেব না।

শ্ৰোক ৬

কেহ যদি সঙ্গ লইতে পাছে উঠি' ধার । সবারে রাখিবা, খেন কেহ নাহি যায় 1 ৬ 1

কোকাৰ্থ

"কেউ যদি আমার সঙ্গে বাবার জন্য আমার পিছনে পিছনে যেতে চার, ভাইলে ভাদের খরে রেখ: যেন কেউ আমার সঙ্গে না যেতে পারে।

শ্রোক ৭

क्षत्रव क्ष्मा चास्त्र निर्वा, मा मानिवा 'मृश्व' ! তোমা-সবাৰ 'সূৰে' পথে হৰে মোর 'সুখ' ॥ ৭ ॥

"ডোমরা প্রসন্ন হয়ে আমাকে কুলাবনে ঘাবার অনুমতি দাও , তোমরা আন্তরে দৃংখিত ছরো না। ভোমরা যদি সুধী হও ভাহলে বৃন্দাবনে যাবার পথে আমারও সুখ হবে।"

> দুইজন কহে,—'তুমি ঈশ্বর 'বতপ্র' \ বেই ইচ্ছা, সেই করিবা, নহ 'পরতন্ত্র' ॥ ৮ ॥

ভা ওনে রামানন্দ রায় এবং বরূপ নামোনর গোলামী বললেন, "হে প্রভু, ভূমি স্বতম্ভ টাশ্ব। ভূমি তো কারোর অধীন নও, সূতরাং ভোষার যা ইচ্ছা তাই করবে।

এর্থক ৯-১১

किन्तु जामा-प्रदात छन धक निर्वस्त । 'তোমার সুখে আমার সুখ'—কহিলা আপনে ॥ ৯ ॥ আমা-দুহার মনে তবে বড় 'দুখ' হয় । क्षक निरंबलन यपि श्रेज, प्रशास्त्र ॥ ५० ॥ 'উত্তম ত্ৰান্ধণ' এক সঙ্গে অবশা চাহি। ভিক্লা করি' ডিক্লা দিবে, যাবে পাত্র বহি' ॥ ১১ ॥

"কিন্তু, আমাদের একটি নিবেদন আপনি গুলন - আপনি বলেছেন যে আমাদের সুখে জাপনার পুন হয়। জাপনি যদি আমাদের একটি নিবেদন শোনেন, ভাইলে আমাদের মনে পুৰ সুখ হয়। আমরা আপনার সম্বে একজন উত্তম ব্রাহ্মণকে দিতে চাই, যে ক্তিকা করে জাপনাকে ভিকা দেবে এবং আপনার পাত্র বহন করে নিয়ে মাবে।

প্রোক ১২

বনপথে ষাইতে নাহি 'ভোজ্যার'-ব্রাহ্মণ ৷ আজা কর,—সঙ্গে চলুক বিপ্র একজন ॥' ১২ ॥

প্ৰোকাৰ্থ

"আপনি মখন বনপথ দিয়ে যাবেন, তখন এমন কেনে প্রাক্তণকে পাবেন না যাব কাছ থেকে আপনি ডিক্ষা গ্রহণ করতে পারেন। ভাই দর্য করে অনুমতি দিন যেন একজন শুদ্ধ ব্রাহ্মণ আপনার সঙ্গে যেতে পারে।"

প্লোক ১৩

প্রভু কহে,—নিজ-সঙ্গী কাঁহো না লইব ৷ একজনে নিলে, আনের মনে দুঃখ ইইব ৷৷ ১৩ ৷৷ মোকার্থ

জ্ঞীতৈতন্য মহাপ্রভূ তথন বললেন, "আমি আমার কোন সঙ্গীকে সঙ্গে নিতে চাই না, কেননা ভাহৰে অন্যাদের যনে দুঃখ হবে।

> র্থাক ১৪ মৃতন সঙ্গী ইইবেক,—স্লিগ্ধ যাঁর মন। ঐছে যবে পাই, তবে সাই 'এক' জন 1 ১৪ ॥

"যদি এমন একজন মতুন সঙ্গী পাঁই, যার মন রিপ্ত, তাহলে তাকে আমি সঙ্গে নিডে পারি:"

ভাৎপর্য

পূর্বে গ্রীচৈতন্য মহাপ্রভূ যখন দক্ষিণ ভারতে গিয়েছিলেন, তথন কালাকৃষ্ণ লাস নামক একজন ব্রাহ্মণ তার সঙ্গে গিয়েছিলেন এই কালাকৃষ্ণদাসই রামণীর প্রতি আসন্ত হয়ে অধংপতিত হন, এবং তথন গ্রীচৈতন্য মহাপ্রভূকে ভট্টাথারিদের হাত থেকে তাকে উদ্ধার করার কর পীকার করতে হয় তাই প্রীচৈতন্য মহাপ্রভূ এখানে বলেছেন যে, তিনি প্রিদ্ধ অন্তর্করণ সমন্বিত কোন নতুন সঙ্গীকে সঙ্গে নিতে চনে। যার অন্তর্করণ নিজ নাম, তার চিত্র কোন না কোন বেগের দ্বাবা উত্তেজিত, বিশেষ করে উপস্থবেগ, এমনকি প্রীচিতন্য মহাপ্রভূর সঙ্গলাভ করা সন্বেও এই ধরনের মানুর, পরমেশ্বন ভগবানের সান্নিথা থাকা সন্বেও রামণীর প্রতি আসন্ত হয়ে অধংপতিত হয়। মায়া এতই কানতী যে, তার প্রভাব থাকে মৃত্যু হতে দৃঢ় প্রতিক্ষ না হলে, পরমেশ্বর ভগবানের সান্নিথাও কে রক্ষা পার না পরমেশ্বর ভগবান এবং তার প্রতিনিধিরা সর্বদাই ভালের কদ্মা করতে চান, কিন্তু তাদের ব্যক্তিগত সান্নিধ্যের সূমোগ গ্রহণ করা অবশ্য কর্তব্য। কেউ যদি পরমেশ্বর ভগবান অবশ্য আই করা অবশ্য কর্তব্য। কেউ যদি পরমেশ্বর ভগবান অবশ্য আই বাল মনে করে, তাহলে তার পতন অবশ্যব্যবি তাই প্রীচৈতন্য মহাপ্রভূক কালাকৃষ্ণ দাসের মতো ব্যক্তিকে তার সঙ্গে নিতে চান নি তিনি এমন কাউকে সঙ্গে নিতে চেয়েছিলেন যিনি দৃঢ় প্রতিজ্ঞ নিম্ব অন্তর্করণ এবং অন্য অভিলাম ব্যহিত।

শ্রীচৈতন্য মহাপ্রভার বৃন্ধারন গমন

শ্লোক ১৫

শ্বরূপ করে,—"এই বলভদ্র-ভট্টাচার্য । ভোমাতে সৃশ্নিগ্ধ বড়, পণ্ডিড, সাধু, আর্য ॥ ১৫ ॥ শ্লোকার্থ

শ্রীম্বরূপ দামোদর তথন বললেন, "এই বলগুল্ল ভট্টাচার্য ভোমার প্রতি অতান্ত অনুরক্ত ভার অন্তবরণ সৃমিদ্ধ, সে পণ্ডিত, সাধু এবং পারুমার্থিক মার্গে অতি উন্নতঃ ভারপর্য

নীচৈতন্য মহাপ্রভু একজন নতুন সন্ধী চেয়েছিলেন, রমনীর প্রতি আমন্ত কালাকৃষ্ণ দাসের মতো বাজিকে চাননি তাই স্বরূপ দামোদর গোস্বামী তৎকাশং কলড্র ডট্টাচার্য নামক একজন নবাগত ব্রাক্ষণের কথা উল্লেখ করেছিলেন প্রীন্তরূপ দামোদর গোপার্মী খুব ডালভাবে তাকে পর্যবেক্ষণ করেছিলেন এবং দেখেছিলেন যে তিনি প্রীচিতন্য মহাপ্রভুর প্রতি প্রেমবানই ছিলেন না, তিনি ছিলেন লাভিত এবং সং। তিনি কলট ছিলেন না, এবং কৃষ্যভাস্থির মার্গে অতাও উন্নত ছিলেন। বাংলায় একটি প্রবাম আছে—'অতি ভক্তি চোরের লক্ষণ' যে ব্যক্তি বাহিরে খুব ভক্তি দেখায় কিন্তু মনে মনে অন্য বিষয়ে চিন্তা করে, তাকে কলা হয় কপট বিনি নিচ্চপট তিনিই সাধু, প্রীস্থরূল দামোদর বৃষ্যতে পেরেছিলেন যে বলভপ্র ভট্টাচার্য দ্রীচিতন্য মহাপ্রভুর প্রতি প্রেমপনায়ণঃ তিনি উন্থম কৃষ্যভক্ত ছিলেন, তাই প্রীচিতন্য মহাপ্রভুর প্রতি প্রেমপনায়ণঃ তিনি উন্থম কৃষ্যভক্ত ছিলেন, তাই প্রীচিতন্য মহাপ্রভুর প্রতি প্রেমপনায়ণঃ তিনি উন্থম কৃষ্যভক্ত ছিলেন, তাই প্রীচিতন্য মহাপ্রভুর ব্যক্তি সেবকজনে তার সংস্থে যাবার উপযুক্ত বলে বিবেচিত হয়েছিলেন

নিশ্ব এবং সৃত্তিশ্ব কথা দৃটি ১৪ ও ১৫ প্লোকে ব্যবহৃত হয়েছে। গ্রীমন্তাগবতে (১/১/৮) বলা হয়েছে—ক্রযুঃ বিশ্বস্য দিয়াস্য হাবলা ওহামপুতে—"যে নিখা ওরাদেশের প্রতি অভ্যন্ত প্রেম প্রয়াণ, ওকদেবের আশীর্বাদে তিনি ওহা জ্ঞান পাত করেন।" এই প্লোকের টাকার ব্রীল প্রীপর বামী বিশ্বস্য শক্ষটির অর্থে প্রেমবতঃ নিখেছেন অর্থাৎ, বিনি ওকদেবের প্রতি গভীরভাবে হোমবান।

(前年) 8

প্রথমেই তোমা-সঙ্গে আইলা গৌড় হৈছে। ইহার ইচ্ছা আছে 'সর্বতীর্থ' করিতে ॥ ১৬ ॥

"প্রথমে তিনি তোমার সঙ্গে গৌড়দেশ থেকে এসেছিলেন। তাঁর ইচ্ছা সমস্ত তীর্থে তীর্থে কমণ করা।

अविक २६]

গ্রোক ১৭

বঁহার সঙ্গে আছে বিপ্র এক 'ভূত্য'। ইংহা পথে করিবেন সেবা ভিক্সা-কৃত্য 🛘 ১৭ 🗈

"ভার সঙ্গে একজন ব্রাহ্মণ ডৃত্য আছে, যে পথে আপনার জন্য রন্ধন করতে পারবে এবং অপেনার অন্যান্য মেরা করতে পারবে।

খোক ১৮

देशात जल नर यमि, भवात इस 'जूथ' । বন-পথে যাইতে ভোমার নহিবে কোন 'দু:খ' ॥ ১৮ ॥ स्टिकार्

"ভূমি যদি তাঁকে সঙ্গে নিয়ে যাও ভাহতে সকলেরই সুখ হয়, এবং কনপথ দিয়ে যেতে ভোমার কোন কট হবে মা

প্রোক ১৯

সেই বিপ্ৰ বহি' নিবে বস্ত্ৰামুভাজন 1 ख्याहार्य क्रिका मिरन कवि' क्रिकारिस n" ১৯ #

"সেই ব্রাহ্মণটি ভোমার বস্ত্র এবং কমওলু বহুন করে নিয়ে বাবে, আর বলভন্ত ভট্টাচার্য ভিক্ষা করে ভোমার জন্য রন্ধন করবেন।"

শ্লোক ২০

তাহার বচন প্রভু অঙ্গীকার কৈল। বলভদ্র-মন্ত্রীচার্যে সঙ্গে করি' নিল 🛭 ২০ 🗈

লোকার্থ

শ্রীটেডনা মহাপ্রভু শ্রীস্বরূপ দার্মেদর গোস্বামীর অনুরোধ মেনে নিলেন এবং বলতত্র ভট্টাচার্যকে গ্রার সঙ্গে নিতে সম্মত হলেন।

त्योक २३

পূর্বরাত্তে জগরাথ দেখি' আজ্ঞা' লঞা ৷ শেষ-রাত্রে উঠি' প্রভু চলিলা লুকাঞা 🛚 ২১ 🗈 প্রীচেডনা মহাপ্রভার বন্দাবন গমন

লোকার্থ

পর্ব রাত্রে জ্রীক্রগরাথকে দর্শন করে এবং ডার অনুমতি নিয়ে শ্রীটেডন্য মহাপ্রভু শেষ বারে উঠে লকিয়ে ক্যাবন অভিমুখে যাত্রা করলেন।

(割) (対)

প্রাতঃকালে ভক্তগণ প্রস্তু না দেখিয়া। অৱেষণ করি' ফিরে ব্যাকুল হঞা 🛭 ২২ 🗈

স্কাল বেলা ভতনা প্রীচৈতনা মহাপ্রস্কুকে দেখতে না পেয়ে অত্যন্ত ব্যাকুদ হয়ে তার करश्चवेण करत्व मानस्कर्म ।

শ্ৰোক ২৩

স্থক্তপ-গোসাঞি স্বায় কৈল নিবারণ 1 নিবৃত্ত কুঞা সূত্রে সতে জানি' প্রভুর মন 11 ২৩ 11

গোকার্থ

ভান স্ক্রপ দামোদর গোখামী ঠানের নিবন্ত করলেন। ঐটিচতন্য মহাপ্রভূত ইচ্ছা জানতে পেরে জারা নিবস্ত হলেন।

প্ৰোক ২৪

প্রসিদ্ধ পথ ছাড়ি' প্রকু উপপথে চলিলা । 'কটক' ভাহিনে করি' বনে প্রবেশিলা 🛭 ২৪ ॥

লোকার্থ

প্রসিদ্ধ রাম্বণর পরিত্যাগ করে ঐটিচতনা মহাপ্রকু উপপথ দিয়ে চলতে লাগলেন, এবং ভটক দক্ষিণে রেখে তিনি বনে প্রবেশ করলেন।

প্ৰোক ২৫

निर्कत बरन करन शङ्क कृष्णनाभ मध्य । হস্তী-ব্যার পথ ছাড়ে প্রস্কুরে দেখিয়া ৷৷ ২৫ ৷৷ শ্লোকার্থ

श्रीरिक्टना प्रश्नान वर्णन निर्सन बरनत प्रथा निरंत कृष्यमाप्र श्रदेश कतरू करूक पाणिस्तिन, ভৰন হস্তী, ৰাশ্ৰ প্ৰকৃতি হিংল পদ্ভৱা মহাশ্ৰভূকে দেখে পথ ছেড়ে দিয়েছিল।

「どき 季配)

শ্ৰোক ২৬

পালে-পালে ব্যাহ, হস্তী, গণ্ডার, শ্করগণ । তার মধ্যে আবেশে প্রভু করিলা গমন ॥ ২৬ ॥

হোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রস্কু যখন প্রেমাবিস্ত হয়ে বনের মধ্য দিয়ে বাহ্ছিপেন, তখন পালে পালে ব্যাম, হস্তী, গণ্ডার, শূকর এসেছিল—শ্রীচৈতন্য মহাপ্রস্কু তালের মধ্য দিয়ে গ্রুন করেছিলেন

শ্লোক ২৭

দেখি' ভট্টাচাথের মনে হয় মহাভয় । প্রভুর প্রতাপে ভারা এক পাশ হয় ॥ ২৭ ॥

গ্লোকার্থ

ভাদের দেখে বলভন্ত ভট্টাচার্য অত্যন্ত ভীত হয়েছিলেন কিন্তু শ্রীচৈতন্য মহাশ্রনুর প্রতাশে ভারা একপাশে সরে গিয়েছিল

শ্লোক ২৮

একদিন পথে ব্যাহ্র করিয়াছে শয়ন । আবেশে তার গায়ে প্রভূর লাগিল চরণ ॥ ২৮ ॥

হ্মোকার্থ

একদিন একটি সাম পথের উপর শানন করেছিল, এবং প্রেমানিষ্ট হয়ে চলতে চলতে শ্রীচৈতন্য মহাপ্রত্মের চরণ সেই বাঘটিকে স্পর্ল করে।

त्यांक २०

প্রাড়ু কহে, কহ 'কৃষ্ণ', ব্যায় উঠিল। 'কৃষ্ণ' 'কৃষ্ণ' কহি' বায়ে নাচিতে লাগিল ॥ ২৯॥ শ্রোকার্থ

শ্রীতৈখন্য মহাপ্রভূ বললেন, "কৃষ্ণনাম উচ্চারণ কর।" সেই রাঘটি ভংকবাং উঠে, 'কৃষ্ণ কৃষ্ণ' বলে নাচতে লাগল।"

শ্লৌক ৩০

আর দিনে মহাপ্রতু করে নদী-রান ৷ মতহন্তীযুথ আইল করিতে জলগান ৪ ৩০ ॥ শ্রোকার্থ

আর একদিন শ্রীটেণ্ডনা মহাপ্রস্থ নদীতে সান করছিলেন, তখন একপাল মতহন্তী সেই নদীতে জল পান করতে আসেঃ

(ब्रोक ७)

প্রভু জল-কৃত্য করে, আগে হস্তী আইলা। 'কৃষ্ণ কহ' বলি' প্রভু জল ফেলি' মারিলা য় ৩১ ॥ শ্লোকার্থ

প্রীতিতন। মহাপ্রকু তান করে মত্র জ্বপ এবং "মংগ করছিলেন, তখন সেই হাতির পাল তার সামনে আসে, মহাপ্রজু তখন 'কৃষা কহ' বলে তালের গায়ে জল ছেটালেন।

প্রীচেতনা মহাপ্রভূ মহাভাগবত কলে লীলা-বিলাসকারী পর্মেশ্বর ভগবাল মহাভাগবত ভূরে ভক্ত, শক্ত এবং মিক্তে ভেন দর্শন করেন না সেই স্থারে ভিনি সকলকেই খ্রীকৃষের সেবক রূপে দর্শন করেন। সে সম্বন্ধে ভগবদ্গীতায় (৫/১৮) বলা হরেছে—

> विधादिनरामण्यस्य बांचारथ शविद्यस्ति । स्वनि क्रिय चलारक इ लिखाः मधपर्णिनः ॥

"ভড়বেন্ডা ভগবন্তুক্ত বধার্থ ব্রাহ্মণ, গান্ডী, হস্তী, কুকুর এবং চণ্ডালকে সমদৃষ্টিতে দর্শন করেন।"

মহাভাগরত তত্ত্তানী এবং চিমায় চেতনা সমন্ত্রিত হওয়ার ফলে, বাঘ, হাতি, অথব একজন পণ্ডিতের মধ্যে কোন পার্থকা দর্শন করেন না। উন্নত পারমার্থিক চেতনার লক্ষণ হচ্ছে নিজীকতা, অহিংসা এবং সর্বক্ষণ ভগবানের সেনাম মৃক্ত থাকা তিনি সমস্ত জীবকেই ভগবানের বিভিন্ন অংশ রূপে দর্শন করেন, এবং পরমেশ্বর ভগবানের ইচ্ছা ও তার যোগাতা অনুসারে তিনি ভগবানের সেবা করেন। ভগবদ্গীতায় (১৫,১৫) সেই সম্বন্ধে বলা হয়েছে—

भवेंगा ठावर कृषि भतिनित्या यक कृष्टिकीनमरभावनः ह ।

"আমি সকলের হৃদয়ে অবস্থান করি, এবং আমিই স্মৃতি ও জান দান করি, এবং ডা অপহরণ করি।"

মহাস্তাগবত জানেন যে শ্রীকৃষ্ণ সকলেরই হৃদ্যে ব্যোছেন। শ্রীকৃষ্ণ নির্দেশ দিছেন এবং জীব সেই নির্দেশ পালন করছে। শ্রীকৃষ্ণ বাদ, হাতি এবং শূকরের হৃদয়ে বয়েছেন তাই শ্রীকৃষ্ণ তাদের বলেন, 'হিনি মহাভাগবত, একে কিবকে করো না।" তখন আর সেই সমস্ত হিংল পথ্রা সেই মহাভাগবতের প্রতি হিংসা প্রায়ণ হন না। যারা কনিষ্ঠ ভক্ত অথবা ভক্তি-মার্গে আর উন্নত তাদের কখনও মহাভাগবতের অনুকরণ করা উচিত

জোক ৩৮]

भिया ३%

না পক্ষান্তরে, ডানের পদান্ধ অনুসরণ করা উচিত। অনুকরণ না করে অনুসরণ করা উচিত। কোন মহাভাগবত অথবা শ্রীটেতন্য মহাপ্রকৃত অনুকরণ করার চেটা করা উচিত। না, পক্ষান্তরে যতদূর সম্ভব তাদের অনুসরণ করার চেটা করা উচিত। মহাভাগবতের হাদর সর রকম জড় কলুর থেকে সর্বভোভাবে মৃত্ত তাই তিনি বাঘ এবং হাভির মডো হিংশ্র পশুনেরও অত্যন্ত প্রিয় হতে গাবেন। প্রকৃতপক্ষে, মহাভাগবত ভাদের প্রতি অতি অনুরের বন্ধুর মতো আচরণ করেন। সেই স্তবে হিংসাব কোন প্রকৃত্তি না। শ্রীটেতনা মহাপ্রভূ যখন ঝারিখতের কনপথ দিয়ে যাজিলেন, তখন কৃষ্ণপ্রেম আবিষ্ট হয়ে তিনি মনে ব্যৱস্থিতন যে সেই বন বৃশ্ধকন তিনি কেবল শ্রীকৃষ্ণকেই খুঁছছিলেন।

শ্লোক ৩২

সেই জল-বিন্দু-কণা লাগে বার গায় । সেই 'কৃষ্ণ' কৃষ্ণ' কহে, প্রেমে নাচে, গায় ॥ ৩২ ॥ য়োকার্থ

সেই স্থাল-কণা ছাতিদের গারে লাগা মাত্রই ভারা 'কৃফ' 'কৃক্ষ' বলে প্রেমে উত্তর হতে। গান গাইতে ওক করেছিল এবং নাচতে ওক করেছিল।

শ্লোক ৩৩

কেছ ভূমে পড়ে, কেছ করয়ে চিৎকার । দেখি' ভট্টাচার্যের মনে হয় চমৎকার ॥ ৩৩ ॥ ভোকার্থ

কোন কোন হাতি মাটিতে পড়ে গড়াগড়ি দিছিল, আবার কেউ চিংকার করছিল। তা দেখে বলভন্ত ভট্টাচার্ব অস্তরে অতাস্ত্র চমংকৃত হয়েছিলেন।

> লোক ৩৪ পথে যাইতে করে প্রভূ উচ্চ সংকীর্তন। মধ্র কণ্ঠধ্বনি গুনি' আইসে মৃগীগণ ॥ ৩৪ ॥ লোকার্থ

পথে বেতে যেতে প্রীচৈতন্য মহাপ্রফু উচ্চ সংকীর্তন করছিলেন; জার মধুর কণ্ঠ ধ্বনি শুনে হরিণীরা তাঁর কাছে এসেছিল।

> ক্লোক ৩৫ ডাহিনে-বামে ধ্বনি শুনি' যায় প্রভূ-সঙ্গে । প্রভূ তার অঙ্গ মুছে, শ্লোক পড়ে রঙ্গে ॥ ৩৫ ॥

শ্লোকার্থ

নেই কীর্তনের মধুর ধননি শুনে হরিণীরা মহাপ্রভুর উভয় পার্মো, ঠার সঙ্গে সক্ষে চলতে লাগল। শ্রীচৈতন্য মহাপ্রভু ভালের গা মুছে দিয়ে গভীর উৎস্ক্য সহকারে একটি শ্লোক পড়বেন।

শ্লোক ৩৬

ধন্যাঃ শ্ব মৃত্যতয়োহপি হরিপ্য এতা যা নন্দনন্দনমূপাক্ত বিচিত্রবেশম্ ৷ আকর্ণ্য বেণুরণিতং সহকৃষ্ণসারাঃ পূজাং দধুবিরচিতাং প্রণয়াবলোকৈঃ ॥ ৩৬ ॥

ধন্যঃ—কৃতার্থ, সৌন্তাগাবর্তী; স্থ—অবশাই, স্কৃসতরঃ—নির্বোধ, অপি—যদিও, হরিণাঃ
—ংনিণী, একাঃ—এই সমন্তঃ বাঃ—যারা; নক্ষনক্ষম্য—নদের নক্ষন শ্রীকৃষ্যকে, উপাত্ত-বিচিত্রবেশ্য্—অক্তর আকর্ষদীয় বেশে সজ্জিত, আরুর্গ্য—ওদে; বেশুরণিক্য্—স্বলীর ধ্যনি, সহক্ষসারাঃ—(ভাদের প্রতি) কৃষ্ণ-সার মৃগসহ, পূজাম্ মধুঃ—পূজা করেছিল, নিরচিতাম্—অনুষ্ঠিত; প্রণয়াবলোকৈঃ—তাদের প্রশানপূর্ণ দৃষ্টির হারা।

অনুবাদ

"এই নির্বোধ ছরিনীরাই খন্য, বেছেড়ু ভারা অত্যন্ত আকর্ষণীয় বেশে সঞ্জিত নন্দাদদনকে পেয়ে এবং ভার বংশীধ্বনি প্রবণ করে, কৃষ্ণসার মৃগদের সঙ্গে প্রণয়পূর্ণ দৃষ্টির ছারা। ভার পঞ্জা করেছিলেন।"

ভাৎপর্য

শ্রীমন্ত্রাগরতের এই মোকটি (১০/২১/১১) ব্রজ্ঞগোপিকাদের উক্তি

শ্লোক ৩৭ হেনকান্দে ব্যাত্ম তথা আইল পাঁচ-সাত। ব্যাত্ম-মৃগী মিলি' চলে মহাপ্রভুর সাথ ॥ ৩৭ ॥

সেই সময় পাঁচ-সাশুটি বাঘ দেখানে এল, এবং বাঘ ও হরিণীরা একত্রে মহাপ্রভুর সঙ্গে চলতে লাগল।

> লোক ৩৮ দেখি মহাপ্ৰভুৱ 'বৃন্দাবন'শ্যৃতি হৈল । বুন্দাবন-গুণ বৰ্দন প্লোক পড়িল ॥ ৩৮ ॥

ाक काक

শ্ৰোকাৰ্থ

বাঘ এবং হরিণীদের ভাকে অনুসরণ করতে দেখে, শ্রীটেডনা মহাপ্রভুর বৃদ্ধাবনের কথা মনে পড়ল, বৃদ্ধাবনের গুণ বর্ণনা করে তিনি একটি শ্লোক পড়জেন।

লোক ৩৯

যত্র নৈসর্গদূর্বৈরাঃ সহাসন্ নৃ-মৃগাদয়ঃ । মিত্রাণীবাজিতাবাস-জ্রুত-রুট্-তর্যণাদিকম্ ॥ ৩৯ ॥

যক্র—যোগানে, নৈসর্গ—সাভাবিক, দুর্টেরাঃ—শব্ধ ভাবপের, সহসেন্ একতে বাস করে, নৃ—মানুয, মৃগাদরঃ—হরিও আদি, মিব্রানীব—বন্ধুন মতো, অঞ্জিত—প্রীকৃষ্ণ, আবাস— বাসস্থান, ক্রন্ড—ক্রতবেগে, ক্রট্ট—ক্রোধ, তর্মপানিকস্—তৃষ্ণা ইত্যাদি।

অনুবান

"বৃদ্ধানন ভগবানের চিন্মর ধাম। সেখাদে জুধা ভৃত্যা অথবা দ্রেলখ নেই। ভাই স্বাভাবিক ভাবেই বৈরীভাবাপন হলেও মানুব এবং হিলে জন্তুরা চিন্মর মৈত্রীতে একত্রে বান করতে পারেন।

তাৎপর্য

এই মোকটি শ্রীমন্তাগবত (১০/১৩/৬০) থেকে উদ্বৃত। স্ত্রীকৃষ্ণের গোপ-সধা এবং গোবৎস হরণ করার পর রক্ষা তাদের ঘূম পাড়িয়ে পুকিয়ে। রেখছিলেন। এক নিমের পরে সেই সমস্ত গোপ-সদা এবং গোবৎসদের শ্রীকৃষ্ণের সঙ্গে থেলা করতে দেখে কৃষ্ণমায়ায় অত্যন্ত মুগ্ধ হন তথন রক্ষা বৃদ্ধাবনের অপ্রাকৃত ঐপর্য দর্শন করেন।

শ্লোক 80

'কৃষ্ণ কৃষ্ণ কহ' করি' প্রভু যবে বলিল। 'কৃষ্ণ' কহি' ব্যাত্র-মূগ নাচিতে লাগিল 🛭 ৪০ ॥

হোকার্থ

লীতৈতন্য সহাপ্রভূ যখন বললেন 'কৃষ্ণ কৃষ্ণ কল', তখন বাম এবং হরিপের। কৃষ্ণ বলে নাচতে সালন।

গ্ৰোক ৪১

নাচে, কুন্দে ব্যামগণ মৃগীগণ-সজে । বলভদ্ধ-ভট্টাচার্য দেবে অপূর্ব-রঙ্গে ॥ ৪১ ॥

গ্ৰোকাৰ্থ

বাঘ এবং হরিশেরা নাচতে লাগন এবং লাফাতে লাগনঃ অপূর্ব রঙ্গে বলতম্ভ ভট্টাচার্ব ডা দর্শন করলেন। শ্লোক ৪২

ব্যাধ্র-মূপ অন্যোন্যে করে আলিকন । মূখে মূখ দিয়া করে অন্যোন্যে চুম্বন ॥ ৪২ ॥

বাছে ও হরিপেরা পরস্পরকে আলিজন করতে লাগল, এবং পরস্পরের মুখ চুছন করতে লাগল।

প্লোক ৪৩

কৌতৃক দেবিয়া প্ৰভূ হাসিতে লাগিলা ৷ ভা-সবাকে তাহাঁ ছাড়ি' আপে চলি' গেলা ৷৷ ৪৩ ৷৷ শ্লোকাৰ্য

সেই কৌতুক দেশে শ্রীচৈতনা মহাপ্রস্থ হাসতে লাগলেন এবং ডাদের হেড়ে এগিয়ে চলকেন।

গ্লোক ৪৪

ময়ুরালি পক্ষীগণ প্রভুরে দেখিয়া । সঙ্গে চলে, 'কৃষ্ণ' বলি' নাচে মন্ত হঞা ॥ ৪৪ ॥ শ্লোকার্থ

মধ্র আদি পাৰীরা প্রীচেতন্য মহাপ্রভৃকে দেখে তার সঙ্গে চলতে লাগল, এবং কৃষ্ণ-প্রেমে উত্তর হয়ে কৃষ্ণনাম প্রহণ করে নাচতে লাগল।

> প্লোক ৪৫ 'হরিবোল' বলি' প্রভূ করে উচ্চধ্বনি। বৃক্ষলতা—প্রফুল্লিড, সেই ধ্বনি শুনি' ii ৪৫ া লোকার্থ

লীচৈতন্য মহাপ্রকু যখন উচ্চৈশ্বরে খলতে লাগলেন 'হরিবোল। হরিবোল।' তখন সেই খননি তনে বৃক্ষকতা প্রকৃত্রিত হল।

ভাৎপর্য

উচ্চৈম্বরে 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্ডনের এমনই প্রভাব যে তা বৃক্ষ-লতার কর্ণত্র ভেদ করতে পারে—সূতরাং পণ্ড ও মানুষের কি কথা। প্রীচৈতন্য মহামতু একবাব হরিদাস ঠাকুবকে জিলাসা করেছিলেন বৃক্ষ-লতা উদ্ধার পাবে কি করে। তার উত্তরে হরিদাস ঠাকুর মনেছিলেন থে, উত্তৈম্বরে 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করার প্রভাবে কেবল বৃক্ষলতাই নয়, পোকা-মাকড়, কীট-পাতক ইত্যাদি অন্য সমস্ত প্রাদীরা উদ্ধার পাবে তাই উচ্চেম্বরে

Sint

क्षिण ५९

'হরেকৃষ্ণ মহামন্ত্র' ওনলে বিরন্ধ হওয়া উচিত নয়, কেননা ভা কেবল কীর্তনকারীরই মঙ্গল সাধন করে না, যেই শুনে ভারই মঙ্গল হয়

শ্ৰোক ৪৬

'ঝারিখণ্ডে' স্থাবর-জঙ্গম আছে যত। কৃষ্ণনাম দিয়া কৈল প্রেমেতে উন্মন্ত ॥ ৪৬ II

এইভাবে, ঝারিখণ্ডের বনে সমস্ত স্থাবর-জক্ম জীবদের কৃক্মাম দলে করে ঐতিকল্য মহাপ্রফু প্রেমোক্সন্ত করেছিলেন।

ভাহপর্য

খারিখণ্ডের হন বর্তমান আটগড়, ভেছানল, আসুক, লাহারা, কিয়োগ্রুর, নামড়া, নোনাই, গাঙ্গপুর, ছোটনাগপুর, যশপুর, সরগুরু প্রফৃতি পার্বতা জঙ্গলমর রাজা।

শ্রোক ৪৭

যেই এাম দিয়া যাদ, যাহাঁ করেন স্তিতি ! সে-সব গ্রামের লোকের হর 'প্রেমডক্টি' 1 8**৭** ম

মোকার্ব

এটি সমস্ত ছানের টেট থেঁই গ্রাম দিয়ে মহাত্মভু যাক্সিলেন, সেই সমস্ত গ্রামের মানুবেরা প্রেমডক্তি লাভ করছিল।

ব্লোক ৪৮-৪৯

क्किट् यति छै। त्र भूरचे छत्न कुखनात्र । তার মূখে আন ওনে, তার মুখে আন 1 ৪৮ 1 त्रस्य 'कृष्य' 'इति' विन' नात्त, कात्म, हात्म । পরস্পরায় 'বৈষ্ণব' ইইল সর্বদেশে 1 ৪৯ 1

শ্ৰোকাৰ্থ

যাঁরা শ্রীতৈক্ষন্য মহাপ্রভুর মুখে কৃষ্ণনাম গুনেছিলেন তাঁরা নিরম্ভর কৃষ্ণনাম করতে ওক্ করেছিলেন; তাঁদের মূখে কৃষ্ণনাম স্তানে অন্যরাও নিরন্তর কৃষ্ণনাম করতে ওক করেছিলেন। এইভাবে সকলে 'কৃষ্ণ' 'হরি' বলে নেচে, কেঁদে, হেসে প্রোমাশত হয়েছিল। এইভাবে পরস্পরায় সারা দেশ বৈধার হয়েছিল।

<u>কাহপর্য়</u>

'হয়েকৃষ্ণ মহামদ্রের অপ্রাকৃত শক্তি এখানে বর্ণনা করা হয়েছে। প্রথমে প্রীচৈতনা মহার্লডু এই দিব্যনাম কীর্তন করেছিলেন যারাই ভার মুখে সেই নাম ওনেছিলেন, ওঁরাই নির্মল

হয়ে কৃষ্ণনান কীর্তন করতে শুরু করেছিলেন, শ্রাদের মুখে কৃষ্ণনাম শুনে অন্যরা পবিত্র হয়েছিলেন। এইভাবে সকলে সর্বাভাবে নির্মান হয়ে গুদ্ধভান্তে পরিণত হয়েছিলেন। ন্ত্রীফ্রতন্য সহপ্রেভ হচ্ছেন পরমেশ্বর ভগবান, এবং র্ডার মতো অচিন্তার্শন্তি কেউই দাবী করতে পারে না। কিন্তু কেউ যদি শ্রীচেতনা মহাপ্রভুর বন্ধভক্ত হন তাহলে তাঁর মুখে কৃষ্ণনাম তনে শতসহত্র ফানুষ পবিত্র হতে পারে সেই শক্তি প্রতিটি জীবের মধোই রুয়েছে, যদি সে নিরপুরাধে এবং সবরকম জড় অভিলাষ শুনা হয়ে হরেক্ষণ মহামন্ত্র' কীর্তন করে ভাহনেই সেই চিন্ময় শক্তি প্রকাশিত হয়। শুদ্ধভক্ত যথন নিরপরাধে 'হরেকুফা মহামন্ত্র' কীর্তন করেন, তখন তা প্রবণ করার ফলে অন্য লোকেরা বৈষ্ণাবে পরিণত হন, আবার তাদের মুখে হরেকুকা মহামন্ত প্রবণ করার ফলে অন্য লোকেরাও বৈধাবে পরিণত হন। এইটিই হচ্ছে পরস্পরা ধারা।

त्योंक २०-१५

ক্যাপি প্রস্ক লোক-সংঘটোর জালে । প্রেম 'গুপ্ত' করেন, বাহিরে না প্রকাশে 🗓 ৫০ 🏗 তথাপি তার দর্শন-দ্রবণ-প্রভাবে । সকল দেশের লোক ইইল 'বৈষ্ণবে' ম ৫১ 🕽

যদিও প্রীচৈতন্য মহাপ্রভ লোকের ভীড় হওয়ার ভয়ে, তাঁর প্রেম ওপ্ত রাখেন, বাইরে প্রকাশ করেন না; তথাপি তাঁকে দর্শন করে এবং তাঁর মুখে হরেকৃষ্ণ মহামন্ত শব্ধ করার প্রভাবে সারা দেশের লোক বৈঞ্চবে পরিণত হলেন।

গ্রীল রূপ গোস্বামী শ্রীটেডনা মহাপ্রভকে মহাবদান্য অবভার বলে বর্ণনা করেছেন প্রীচৈতন্য মহাপ্রভু যদিও বর্তমানে প্রকট নন, তবুও কেবল তাঁর নাম বীর্তন করার প্রভাবে (শ্রীকৃষট্টেডন্য শ্রডু নিত্যানন্দ/শ্রীঅহৈড গদাধর শ্রীবাসাদি গৌর ডন্ডবৃন্দ), সারা পৃথিধীর মানুৰ আৰু কৃষ্ণভক্তে পৰিণত হচ্ছেন। প্ৰেমাবিষ্ট হয়ে তাঁৰ দিবানাম কীৰ্ডন কৰাৰ ফলেই তা হছে। বছন্তক সর্বক্ষ ভগবানকে দর্শন করতে পারেন, এবং তার ফলে তিনি ভূপবানের শক্তিতে আবিষ্ট হন৷ সে সম্বন্ধে *রহাসংহিতায় ব*লা হয়েছে শ্রেমারনজ্ঞবিতভক্তিবিলোচনেন সম্ভঃ সদৈব হৃদয়ের বিলোকমন্তি। আঁচেতনা মহাপ্রভূ আন্ত থেকে পাঁচশ বছর আগে আবির্ভত হয়েছিলেন, কিন্ত 'হরেকৃষ্ণ মন্তের' প্রভাব আন্তও অকুপ্র রয়েছে। পরস্পরার ধারার প্রীটেডনা মহাপ্রভৃত্নে শ্রবণ করার ফলে পবিত্র হওয়া যায়। তাই এই ক্লোকে বলা হয়েছে—"ডখালি তাঁর দর্শন-শ্রবণ প্রভাবে।" এমন নয় বে, সকলেই জীকৃষ্ণ ও জীকৃষ্ণটেডনা মহাপ্রভূকে ব্যক্তিগডভারে দর্শন করতে সক্ষম হবে, কিন্তু কেন্ট যদি *বীচৈতনা-চরিতামৃ*ড আদি ব্রন্তে বন্ধ-বৈশ্বৰ পরস্পরার মাধ্যমে তাঁকে

শ্রবণ করেন, তাহলে তিনিই জড়ভোগ বাসনা এবং স্বার্থপরতা থেকে মুক্ত হয়ে ওছ-বৈধ্যরে পরিণত হতে পারবেন।

লোক ৫২

গৌড়, বঙ্গ, উৎকল, দকিল-দেশে গিয়া। লোকের নিস্তার কৈল আপনে নমিয়া॥ ৫২॥

ব্লোকার্থ

এইভাবে নীচৈতন্য মহাপ্রভূ মৌড়, বন্ধ, উৎকল দেশ এবং দক্ষিণ-ভারতে স্বরং জন্ত্রণ পূর্বক কৃষ্ণভাবনায় অমৃত বিভয়ণ করে সমস্ত জীবদের উদ্ধান করেছিলে।

শ্লোক ৫৩

মথুরা মাইবার ছলে আসেন ঝারিখণ্ড। ভিলাপ্রায় লোক তাইা প্রম-পাষ্ড । ৫৩ ॥

লোকার্থ

মধুরা ঘাবার পথে জীতৈতদ্য মহাপ্রভূ ঝারিখণ্ডের বনে আসেন≀ সেখানকার লোকেরা ছিল ভিলদের মতো, এবং ভারা ছিল সম্পূর্ণ মান্তিক—বা পরম পাবও।

ভাৎপং

'ডিল' শব্দে ভিল্পের বোঝান হয়েছে ভিল্পের দেখতে আফ্রিকার নিগ্রোধের মতো, এবং তারা পৃষ্ঠদের থেকেও অধম। এই ধরনের মানুবেরা সাধারণত কললে থাকে। শ্রীষ্টেডন্য মহাগ্রন্থ তাদেরও উদ্বাধ করেছিলেন।

(割) 48

নাম-প্রেম দিয়া কৈল সবার নিস্তার । চৈতন্যের গুঢ়লীলা বুঝিতে শক্তি কার ॥ ৫৪ ॥

*ভো*কার্থ

কৃষ্ণনাম এবং কৃষ্ণপ্রেম দান করে ঐতিগতন্য মহাপ্রস্থ সকলকে উদ্ধার করেছিলেন। প্রীটেডন্য মহাপ্রদুর গৃঢ়-নীলা বোঝার শক্তি কার প্রয়েছে?

ভাহপর্য

আঁচিতন্য মহাপ্রভূব করণার প্রমাণ বরূপ আমর। দেবতে পাই বে, আফ্রিকার মানুষেরা কৃষ্ণভক্তির পদ্ম অবলম্বন করে, অন্যান্য বৈক্ষবদের মতো, কীর্তন করছেন, নৃত্য করছেন এবং কৃষ্ণপ্রসাদ গ্রহণ করছেন। তা সম্ভব হয়েছে কেবল খ্রীচেতন্য মহাপ্রভূব শক্তির প্রভাবে সারা পৃথিবী জুড়ে তাঁর শক্তি কিভাবে ক্রিয়া করছে ভা কে বুকভে পারে?

ক্লোক ৫৫

বন দেখি' স্তম হয়—এই 'বৃন্ধাবন'। শৈল দেখি' মনে হয়—এই 'গোবর্ধন'॥ ৫৫ ॥ দোকার্থ

শ্রীতৈতন্য মহপ্রেছ্ যখন কারিখণ্ডের বনপথ সিয়ে যাচ্ছিলেন তখন তিনি নিশ্চিতভাবে মনে করেছিলেন যে সেই বন বৃদাবন, তিনি যখন কোন পাহাড় দেখতেন, তখন ভার মনে হত সেই পর্বত লোবর্ধন পর্বত।

শ্লোক ৫৬

যাহা নদী দেখে তাহাঁ মানরে—'কালিনী'। মহাপ্রেমাবেশে নাচে প্রভু পড়ে কান্দি' য় ৫৬ ম শ্লেকার্থ

তেমনই, তিনি যথন কোন নদী দেখতেন, তখন তার হাম হত বে এই দদী হচ্ছে কালিদী বা সমূল। এইভাবে মহাপ্রেমে আবিষ্ট হরে জীতৈতন্য মহাপ্রতু সায়তেন এবং কখনও ফ্রেমন করতেন।

শ্ৰোক ৫৭

পথে ষাইতে ভট্টাচার্য শাক-মূল-ফল । যাঁহা যেই পারেন তাঁহা লয়েন সকল ॥ ৫৭ ॥ শোলার্থ

পথে যেতে বেতে বলগুত্ত ভট্টাচাৰ্থ শাক, ফলমূল, যেখানে যা পেতেন সংগ্ৰহ করে রাখ্যতেন।

্ৰোক ৫৮

ষে-প্রামে রহেন প্রভূ, তথায় ব্রাক্ষণ । পাঁচ-সাত জন আসি' করে নিমন্ত্রণ ॥ ৫৮ ॥

স্থানই শ্রীকৈতন্য সহাপ্রভূ কোন গ্রামে যেতেন, সেখানকার পাঁচ-সাত জন দ্রাহ্মণ এনে ভাকে নিমন্ত্রণ করডেন।

> লোক ৫৯ কেহ অন্ন আনি' দেয় ভট্টাচার্য-স্থানে । কেহ দুয়া, দমি, কেহ মৃত, বণ্ড আনে ॥ ৫৯ ॥

শ্ৰেকাৰ্থ

কেউ কেউ অয় এনে ভট্টাচার্যকে দিতেন; কেউ দুখ, কেউ দই, যি এবং নিছরি এনে দিতেন

শ্লোক ৬০

যাহাঁ বিপ্ৰ নাহি তাহাঁ 'শুদ্ৰমহাজন'। আসি' সবে ভট্টাচাৰ্যে কৰে নিমন্ত্ৰণ 11 ৬০ ॥

ব্যোকার্থ

যে সমস্তে গ্রামে ব্রাহ্মণ ছিল না, তা সব্বেও, বাঁরা শূদ্র মহাজন অর্থাৎ বাঁরা অরাক্ষণ পরিবারের ভক্ত, তাঁরা এসেও বলভদ্র ভট্টাচার্যের নিকট নিমন্ত্রণ করতেন।

ভাৎপর্য

প্রকৃতপক্ষে, সদ্যাসী অথবা ব্রাহ্মণ নীচকুলোকুত ব্যক্তির নিমন্ত্রণ গ্রহণ করেন না। কিন্তু, ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ না করলেও, দীক্ষার প্রভাবে ব্রাহ্মণেন করে উল্লীত হওরা যায়। তালের বলা হয় দুদ্র মহাজন সেই প্রকার ভক্তরাই নলভর ভট্টাচার্যকে নিমন্ত্রণ করেছিলো। মায়াবাদী সদ্যাসীরা কেবল শৌক্র ব্রাহ্মণের নিমন্ত্রণ গ্রহণ করেন, কিন্তু প্রকার অবৈক্ষব-ব্রাহ্মণের নিমন্ত্রণ গ্রহণ করেন না। কিন্তু, শুদ্র কুলোহুত ব্যক্তিও যদি বৈক্ষব হন তাহলে তার নিমন্ত্রণ গ্রহণ করেন। প্রীতিতন্য মহাপ্রভু স্বয়ং শুদ্র মহাজনদের নিমন্ত্রণ প্রহণ করেন। প্রীতিতন্য মহাপ্রভু স্বয়ং শুদ্র মহাজনদের নিমন্ত্রণ ব্রাহ্মণ করেন। এই ধ্যুদ্রক মানুষদের কাছ থেকে নিমন্ত্রণ প্রহণ করেন। এই ধ্যুদ্রক মানুষদের কাছ থেকে নিমন্ত্রণ প্রহণ করে। এই ধ্যুদ্রক মানুষদের কাছ থেকে নিমন্ত্রণ প্রহণ করা। থেকে পারা

(訓令 6)

ভট্টাচার্য পাক করে বন্য-বাঞ্জন । বন্য-বাঞ্জনে প্রভুর আনন্দিত মন ৪ ৬১ ॥

লোকার্থ

কথনও কখনও বলভদ্র ভট্টাচার্য বন থেকে সংগ্রহ করা শাক-শাতা দিয়ে ব্যক্সন রামা করতেন, এবং সেই ব্যক্সন খেয়ে প্রীচৈতনা মহাপ্রভু অত্যন্ত আনন্দিত হতেন।

শ্রোক ৬২-৬৩

দুই চারি দিনের অন্ন রাখেন সংহতি । যাহাঁ শূন্য বন, জোকের নাহিক বসতি ॥ ৬২ ॥ তাহাঁ সেই অন্ন ভট্টাচার্য করে পাক । ফল-মূলে বাঞ্জন করে, বন্য নানা শাক ॥ ৬৩ ॥ শ্ৰোক ৬৮]

লোকার্থ

শ্রীভৈতন্য মহাপ্রকর কুলাবন প্রমন

ৰলভক্স ভট্টাচাৰ্য দৃই-চার দিনের অস্ত্র সঙ্গে রাখজেন। যেখানে লোকবসতি শৃন্য বন, সেখানে সেই অস্ত্র তিনি পাক করতেন, এবং বন্য শাক-সন্থি ফল-মূল দিয়ে ব্যঞ্জন রামা করতেন।

গ্লোক ৬৪

পরম সন্তোষ প্রভূর বন্য-ভোজনে ৷ মহাসুথ পান, যে দিন রহেন নির্জনে ॥ ৬৪ ॥ শ্লোকার্থ

এইভাবে বন-ডোজনে মহাপ্রস্থ পরম সম্ভষ্ট হজেন। এইডাবে নির্প্রাম থাকডে তিনি শুব ভালবাসভেন।

হোক ৬৫

ভট্টাচার্য সেবা করে, সেহে থৈছে 'দাস' । তার বিপ্র বহে জলপাত্র-বহির্বাস ॥ ৬৫ ॥

য়োকার্থ

বসভায় ভটাচার্য নাস্য-সেহে শ্রীচৈতন্য মহাপ্রভূর সেবা করতেন এবং তার সহকারী তাক্ষণ শ্রীচৈতন্য মহাপ্রভূম জলপাত্র ও বহির্বাস বহন করতেন।

শ্লোক ৬৬

নির্ধারেতে উন্থোদকে সান ভিনবার । দুইসদ্ধা অগ্নিভাপ কাঠের অপার ॥ ৬৬ ॥

রোকার্থ

নির্বারের উষ্ণ জলে শ্রীচৈতন্য মহাপ্রভূ দিনে তিনবার স্নান করতেন। সকালে এবং সন্ধায় অনেক কঠি নিয়ে জাওল জালিয়ে জাওল পোহাজেন।

শ্রোক ৬৭-৬৮
নিরম্ভর প্রেমাবেশে নির্জনে গমন ৷
সুখ অনুস্থবি' প্রতু কহেন বচন ॥ ৬৭ ॥
"শুন, ভট্টাচার্য! আমি গোলাঙ বহু-দেশ ।
বনপথে দৃঃখের কাঁহা নাহি পাই লেশ ॥ ৬৮ ॥

প্ৰোক ৭৮]

সদন্ধ

নিরস্তর ভগবং-প্রেমে আবিষ্ট হয়ে প্রীচৈতন্য মহাপ্রত সেই নির্জন কা-পথ দিয়ে যখন যাছিলেন, তখন একদিন গভীর আনস্থ অনুভব করে তিনি বলভত ভট্টাচার্যকে বলেন, "আমি বনপথে বহু দূর ভ্রমণ করলাম, কিছু আমার একটও কষ্ট হল না।

শ্ৰোক ৬৯

কৃষ্ণ কুপালু, আমায় বহুত কুপা কৈলা। বনপথে আনি' আমায় বড় সুখ দিলা ॥ ৬৯ ॥ গ্ৰোকাৰ্থ

"শ্রীকৃষ্ণ অত্যন্ত কৃপাময়। ডিনি আমাকে বহু কৃপা করলেন। এই বনগণে এনে আমাকে তিনি অনেক দুখ দিলেন।

(制有 90-9)

পূর্বে বৃদ্ধাবন যাইতে করিলাভ বিচার ৷ মাতা, গলা, ডক্তগণে দেখিব একবার 🛭 ৭০ 🕦 ভক্তগণ-সঙ্গে অবশ্য করিব মিলন । फर्फ्शरण मरक मध्या यात 'तृन्तादम' ॥ **१**১ ॥

শোকার্থ

"পূর্বে, আমি মনস্থ করেছিলাম যে বৃন্ধাবন ধাবার পথে আমার মা, গঙ্গা এবং জক্তদের আর একবার দর্শন করব, এবং ডক্তদের সঙ্গে নিয়ে কুলাবনে বাব।

শ্ৰোক ৭২

এত ভাবি' গৌডদেশে করিলু গমন। মাতা, গলা, ডভে দেখি' সুখী হৈল মন । ৭২ ॥

"এইডাবে সমন্ত্র করে আমি গৌড় দেশে গিয়েছিলাম এবং আমার মা, গঙ্গা ও ভঙ্জানর দেখে আমি অতাস্ত সৃধী হয়েছিলাম।

শ্রোক ৭৩

ভক্তগণে লঞা তবে চলিলাও রঙ্গে। লক্ষকোটি লোক তাহাঁ হৈল আমা-সঙ্গে 🛚 ৭০ 🗈 <u>য়োকার্থ</u>

"কিন্তু তারপর যখন আমি বুলাবনের দিকে যাত্রা করেছিলাম, তখন লক্ষ্ণ লক্ষ্ণ লোক আযার সঙ্গে চলেছিল।

শ্ৰৌক ৭৪

সনাতন সুখে কৃষ্ণ আমা লিখাইলা ৷ তাহা বিদ্ব করি' বনপথে লঞা আইলা ॥ ৭৪ ॥ শোকার্থ

"এইভাবে আমি বহু লোক নিয়ে বন্দাবনে যাজিলাম, কিন্তু সনান্তনের মুখ দিয়ে শ্রীকৃঞ আমাকে শিকা দিলেন। সেই পথে বিশ্ব সৃষ্টি করে তিনি আমাকে এই বনপথে নিয়ে

শ্ৰোক ৭৫

কুপার সমুদ্র, দীন-হীনে দয়ামর । কবাকপা বিনা কোন 'সুখ' নাহি হয় ॥" ৭৫ ॥ /बाकार्थ

"শ্রীকৃক কুপার সমূদ্র। তিনি দীন এবং অধ্যপতিত জীবদের প্রতি বিশেষজ্ঞাবে দলামা। ডার কুপা ব্যক্তীত কখনও সুধ লাভ করা হায় না।"

শ্রোক ৭৬

ভট্টাচার্যে আলিক্ষিয়া তাঁহারে কহিল। 'ভোমার প্রসাদে আমি এত সুখ পাইল'॥ ৭৬ ॥ য়োকার্থ

প্রীতৈওদ্য মহাপ্রস্ত ভবন বলভদ্র ভট্টাচার্যকে আলিজন করে বললেন, "ভোমার কুপার প্রভাবেই আমি এক দুখ পেলাম।"

(ब्रांक ११

তেঁহো কহেন,—"ভূমি 'কৃষ্ণ', ভূমি 'দ্য়ামদ্ন'। ध्यथम कीय मुक्ति, भारत ब्हेमा मन्त्र ॥ १९ ॥

বলভত্ত ভট্টাচার্য তথন বললেন, "হে প্রভু, তুমি স্বয়ং কৃষ্ণ, তাই তুমি এত দয়াময়। আমি একজন অত্যন্ত অধ্যপতিত জীব, কিন্তু আমার প্রতি তুমি সময় হয়েছ

লোক ৭৮

মুঞি ছার, মোরে তুমি সঙ্গে লঞা আইলা । কুপা করি' মোর হাতে প্রভূ। ডিক্ষা কৈলা 🛚 ৭৮ 🗈 Sirin

নোকার্থ

"আমি সকাইতে অধঃপতিত, কিন্তু তবুও তুমি আমাকে তেমের সঙ্গে নিয়েছ। হে প্রভু আমার প্রতি অসীম কৃপা প্রদর্শন করে তুমি আমার হাতের রক্ষা গ্রহণ করেছ।

শ্ৰোক ৭৯

অধম-কাকেরে কৈলা গরুড়-সমান । 'বতন্ত্র ঈশ্ব' তুমি—'বয়াং ভগবান্ ॥" ৭৯ ॥

"আমার মতো একজন অধম কাককে ভূমি গরুড়ে পরিণত করেছ। ভূমি সভত্ত ঈশ্বর, স্বয়ং ভগবান।"

(湖市 60

মৃকং করোতি বাচালং পঙ্গুং লঞ্জয়তে গিরিম্। যংকুপা ভমহং বন্দে প্রমানন্দ-মাধ্বম্ ॥ ৮০ ॥

মুক্ম্—বোবা ব্যক্তিকে; করোতি—করে, বাচাল্য—বাচাল্য পল্পুন্—পল্পে, লঞ্চ্যাতে— লঙ্গান করায়, বিরিম্—পর্বত, গ্রন্থপা—বার কৃপা, তম্—তাকে, অহম্—আমি: বশে— বদনা করি, প্রমানন্দ—পরম আনন্দমা; মাধ্বম্—পর্বেপর ভগবান শ্রীমাধ্বকে। অনুবাদ

'থার কৃপা বোবাকে বাচাল করতে পারে এবং পদুকে গিরি লওফন করাতে পারে, সেই পর্যানক্ষরপ মাধ্যকে আমি বন্দনা করি '

ভাৎপর্য

এই লোকটি *শ্রীমন্তাগবতের* টীলা ভাবার্থ-দীপিকাম (১/১/১) গ্লোকের কাখার অরপ্তে মঙ্গলচরণে যন্ত গ্লোকে শ্রীধর স্বামীর উচ্চি

শ্লোক ৮১

এইমত বলভপ্ত করেন স্তবন । প্রেমদেবা করি' তুরি কৈল প্রভুর মন 1 ৮১ ॥ প্রোকার্থ

এইড়াবে বলডদ্র ভট্টাচার্য শ্রীটেতন্য মহাপ্রভূর স্তব করলেন। শ্রীটেডনা মহাপ্রভূর প্রেম-সেরা করে তিনি কাঁকে ভূষ্ট করেছিলেন।

> শ্লোক ৮২ এইমত নানা-সূখে প্রভূ আইলা 'কাশী'। মধ্যাস্থ-সান কৈল মণিকর্ণিকায় আসি' ॥ ৮২ ॥

শ্ৰোকাৰ্থ

এইভাবে নানা সূৰ আশ্বাদন করে শ্রীটেগুন্য মহাপ্রভূ কাশীতে এসে উপস্থিত হলেন, এবং মণিকর্ণিকার ঘাটে মধ্যাহ্ন স্নান করলেন।

ভাহপর্য

কাশী বারাণসীর আর একটি নাম। অতি প্রাচীনকাল থেকে এটি একটি তীর্থক্তের এনানে অসি ও বরুপ নামক দুটি নদীর সমন্বয় হয়েছে মণিকর্লিকার ঘাট বিখ্যাত কোনা মহাজনদের মতে শ্রীবিশ্বর কর্ণ থেকে একটি মণি এই স্থানে পতিও হয়। কারও কারও মতে, শিবের কর্ণ থেকে মনি পতিও হয়েছিল কারও কারও মতে ভবরোগ নিরমেয় করে কৈন্ত কিন্তাথ কাশীবাসী মুমুর্ব লোকের কর্ণে ভারবত্রকা রাম নাম দান করে তাদের বাণ করেন বলে, এই তীর্থের নাম 'মণিকর্ণিকা'। কথিত আছে যে গঙ্গা যেখান দিয়ে প্রবাহিত হয়, সেই স্থানের মতো তীর্থ নেই এবং মণিকর্ণিকা নামক ঘাট বিশেষভাবে পবিত্র কেননা ভা বিশ্বনাথের অত্যন্ত প্রিয় কাশীখণ্ডে বর্ণনা করা ছয়েছে— সং সাবিচিন্তরেশিকত করাতে তারকং সক্রমকর্ণিকায়াম । শিবের ভিষতে সহসান্তরকালে ভদ্গীরতে মৌ মণিকর্ণিকায় ॥ অর্থাৎ, বেউ যদি মণিকর্ণিকায় শিবের নাম পারণ করে দেহ ত্যাগ করেন, তাহকে তিনি মুক্তি লাভ করেন।

প্লোক ৮৩ সেইকালে ভপনমিশ্র করে পঙ্গান্ধান ।

প্রভ দেখি' হৈল তার কিছু বিস্ময় জ্ঞান ॥ ৮৩ ॥

যোকার্থ

সেই সময় তপন মিল্ল প্ৰদায় সাম করছিলেন, এবং শ্রীচৈডন্য মহাপ্রকৃকে দেশে তিনি অভার বিশিষ্ক হয়েছিলেন।

গ্রোক ৮৪

'পূর্বে গুনিরাছি প্রভূ কর্যাছেন সন্মাস'। নিশ্চর করিয়া হৈল হৃদরে উল্লাস 11 ৮৪ ॥

য়োকার্থ

তপন মিশ্র মনে মনে ভাষতে লাগলেন, "আমি ওনেছি যে শ্রীতৈতন্য মহাপ্রভূ সগ্নাস গ্রহণ করেছেন।" তারপর ঘখন তার সেই অনুমান সভ্য বলে প্রমাণিত হল তখন তিনি অস্তবে অত্যন্ত উল্লেসিত হলেন।

> শ্লোক ৮৫ প্রভূর চরণ বরি' করেন রোদন। প্রভূ ভারে উঠাঞা কৈল আলিঙ্গন ॥ ৮৫ ॥

290

শ্ৰেকি ১০]

শ্ৰোকাৰ্থ

তখন প্রীচৈতন্য মহাপ্রভার চরণ ধরে তিনি রোদন করতে লাগজেন এবং মহাপ্রভূ ভাঁকে উঠিয়ে আলিজন করলেন

শ্ৰোক ৮৬

क्षम मध्य (शंमा वित्यश्वत-मन्मात्न । তবে আসি' দেখে বিন্দমাধৰ-চরগে 🗈 ৮৬ য

ভারপর ভপন মিত্র শ্রীচৈত্তন্য মহাপ্রস্তুকে নিয়ে বিশ্বেশ্বরের মন্দির দর্শন করতে গেলেন, ভারপর সেখান থেকে বিন্দুমাধ্যের শ্রীপাদপছ দর্শন করতে গেলেন।

বিন্দুয়াগর বারাণসীতে অতি প্রাচীন বিক্রমন্দির। এই মন্দিরটি এখন কেনীনাধর নামে প্রসিদ্ধ। মন্দিরটি পঞ্চাকার উপরে অবস্থিত। পাঁচটি নদী অর্থাৎ চৃতপালা, কিনণা, সরস্বতী, গলা ও বামনা—এই পাঁচটি নদীর মধ্যে কেবলমাত্র গলাই প্রকাশ্যভাবে প্রবহমানা। প্রীটেডনা মহাপ্রস্ত যে বিদ্যুমাধ্ব মুদ্দিরটি দর্শন করেছিলেন, সেটি হিন্দু-বিবেধী মুদ্দে সম্রাট আওরস্কলের বিধনন্ত করে একটি বৃহৎ মসজিদ স্থাপন করে। পরবর্তী কালে, সেই মসজিদের পাশে আর একটি মন্দির তৈরি করা হয় এবং নেই মন্দিরটি এখন বর্তমান। বিদ্যাাধ্যের মদিরে চতুর্ভুজ্জ নারায়াশ এবং লক্ষ্মীদেবীর বিশ্রাহ রয়েছে। বিশ্রহের সন্মান গরুড কন্তু, এবং সাশে শ্রীরাম, সীডা, গঞ্চণ এবং হনুমানজীর বিগ্রহ বিরাজমান।

মহারাষ্ট্রে সাভারা নামক একটি রাজ্য রয়েছে। খ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের সময় সাতারা জেলার দেশীয় করন রাজ্য আউমের বৈষ্ণৰ সম্প্রদায়ের অন্তর্গত মহানাষ্ট্রীয় বিপ্ল প্রতিনিধি শ্রীমন্ত বালাসাহেব পদ্ধ মহারাজাই শ্রীবিগ্রহ সেবার ও মন্দিরের সমন্ত বায় নির্বাচ করছেন। এখন এই বাজবংশের হাতে শ্রীবেণীমাধবের দেশার ভার নাস্ত রয়েছে। এট বংশীর প্রথম সেবায়েত প্রতিনিধির নাম—মহারাঞ্জ জ্বরাঞ্জীখন রাও সাহেব।

শ্ৰোক ৮৭

घरत मध्या व्यक्तिना शकुरक व्यानमिक देवम । সেবা করি' নত্য করে বস্ত্র উডাএগ 🏗 ৮৭ 🗷

হোকার্থ

মহা আনন্দে তপন মিত্র শ্রীটেডনা মহাপ্রভুকে উদর ঘরে নিয়ে এলেন এবং উরু দেবা করে, বস্ত্র উড়িয়ে নৃত্য করতে লাগলেন।

শ্ৰোক ৮৮

প্রভর চরগোদক সবংশে কৈল পান। ভট্টাচার্যের পূজা কৈল করিয়া সমান 1 ৮৮ 1

হোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রকৃত্ব শ্রীপাদপদ্ধ স্বহলে দয়ে তিনি সবঢ়েশ সেই চরণোদক পান করলেন: क्षा वर मन्त्रान महकारत नजनम च्ह्रोडार्स्ट्रव शृक्षा कर्तरनन।

শ্ৰেকি ৮৯

প্রকরে নিমন্ত্রণ করি' ছরে ভিকা দিল ৷ বলওপ্র ভটাচার্যে পাক কর্মিল ৷৷ ৮৯ ৷৷

শ্ৰোকাৰ্থ

ত্বপন মিল্ল প্রীতৈতন্য মহাপ্রভূকে ভার গৃহে ভিক্ষা গ্রহণ করতে নিমন্ত্রণ করজেন, এবং বলন্তম ভটাচার্ছকে দিছে পাক করালেন।

বারাণদীতে অবস্থান কালে প্রীটেডনা মহাপ্রস্থ তপন মিশ্লের গুহে বাস করেম তপন মিশ্রের পুরের নিকটো পঞ্চনদী ঘটে নামক একটি সানের ঘট ছিল। প্রীচৈতন্য মহাগ্রভ প্রতিদিন সেই ঘাটেই স্নান করে সর্বায়ে শ্রীবিন্দুমাধবন্ধীর দর্শন করতেন, এবং ভারপর তপন মিত্রের গতে ভিক্স প্রহণ করতেন বিস্পুমাধ্ব মন্দিরের নিকটে একটি বিশাল বটবুঞ্চ আছে, এবং কথিত আছে যে, প্রসাদ গ্রহণের পর প্রীকৈতনা মহাপ্রত সেই গাছটির নীচে বস্তেন। ভার নাথ অনুসারে সেই বৃক্ষটি 'ডেডনা বঁট' এবং ক্রমশঃ 'যতন বঁট' নামে বিখ্যান্ত হয়।

বর্তমানে, সেখানে একটি গলির ভিতরে ব্যবভাচার্যের সমাধি রয়েছে 💆 🖺 চৈতন্য মহাপ্রভুর কোন স্মৃতিচিক্ সেখানে দেখা নায় না ব্যান্তাচার্য তার অনুগত ভক্তদের কাছে মহাপ্রভু নামে পরিচিত। সম্ভবত জীচিতনা মহাপ্রভু হতন বটে অবস্থান করতেন, কিন্তু শ্রীচন্দ্রশেখরের ভবন, শ্রীতপন মিশ্রের গৃহ, মায়াবাদী দলপতি প্রকাশানাদ সরস্বতীর স্থান প্রভৃতি চিত্র পর্যন্ত এখন মৃপ্ত। যতন বটের অনতিদ্বরে কলকাতার শুলীভয়ণ নিয়োগী। মহাশরের ভবনে শ্রীটোব-নিতাননের অর্চা বিশ্রহ প্রতিষ্ঠিত আছেন খ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকরের সময় শশীভ্রণ নিয়োগীর শাওড়ী এবং তার শ্যালিকা পতি শ্রীনারামণ চন্দ্র ঘোষ সেই মন্দিরটি জন্মাবধান করতেন।

শ্রোক ১০

ভিক্সা করি' মহাপ্রভু করিলা শয়ন। মিশ্রপুত্র রম্ব করে পাদ-সম্বাহন 11 ৯০ 11

প্রোকার্ঘ

ভিক্ষা গ্রহণ করার পর শ্রীটেডনা মহাপ্রভু যখন বিশ্রাম করলেন, তখন ভপন মিশ্রের পুত্র রম্ব তাঁর পাদ-সম্বাহন করেছিলেন।

(到**本**)

(副本 92)

200

প্রভর 'শেষার' মিশ্র সবংশে খাইল। 'প্রভু আহিল্য' শুনি' চদ্রুদেখর অহিল ii ৯১ II শ্ৰোকাৰ্থ

শ্রীতৈতন্য মহাগ্রন্থর ভূক্তাবশিষ্ট তপন মিশ্র সবংশে খেলেন। শ্রীতৈতন্য মহাগ্রন্থর জাগমনের সংবাদ পোনে চক্রশেখর মেখানে এলেন।

स्रोक ३३

মিশ্রের সখা তেঁহো প্রভুর পূর্ব দাস । বৈদ্যজ্ঞাতি, লিখনবৃত্তি, বারাণসী-বাস ৪ ৯২ ৪

চন্দ্রশেখর ছিলেন তপন মিশ্রের স্থা, এবং তিনি শ্রীচৈতন্য মহাপ্রত্তর সেবকরূপে মহাপ্রভার পূর্ব পরিচিত ছিলেন জাতিতে তিনি ছিলেন বৈদা, এবং তার বৃত্তি ছিল পুথি নকল করা। সেই সময় তিনি বারাণসীতে বাস করছিলেন।

শ্ৰোক ৯৩

আসি' প্রভ-পদে পড়ি' করেন রোদন । প্রভু উঠি' তাঁরে কৃপার কৈল আলিকন ম ৯৩ ম

সেখাদে এনে চন্দ্রদেশক আচার্য স্ত্রীতৈতন্য মহাপ্রভুর শ্রীপাদপত্তে পড়ে ব্রন্দদ করতে দাগলেন, এবং প্রীচৈতনা মহাগ্রন্থ উঠে, কৃপা করে তাঁকে আলিকন করলেন।

्यांक ५८

চদ্রেশেখর কহে,—"প্রভু, বড় কৃপা কৈলা। আপনে আসিয়া ভূতের দরশন দিলা 1 ৯৪ 1 গ্ৰোকাৰ্থ

চদ্রদেখর বললেন, "হে প্রভূ, ভূমি আমাকে বড় কৃপা করলে, ভূমি নিজে এমে এই ফুত্যকে দর্শন দিলে।

> শ্ৰোক ৯৫ আপন-প্রারদ্ধে বসি' বারাণসী স্থানে । 'মায়া', 'বন্ধা' শব্দ বিনা নাহি শুনি কাণে R ৯৫ R শ্ৰোকাৰ্য

"আমার পূর্বকৃত কর্মের ফলে আমি বারাণসীড়ে বাদ করছি। এখানে 'মারা' এবং 'ব্রহ্ম' ছাড়া আরু কোন শব্দ কানে শুনি না।"

ভাহপর্য

এই স্লোকে পারন্ত শব্দটি ভাৎপর্যপূর্ণ। যেহেত চন্দ্রশেখন ছিলেন ভক্ত, তাই ভিনি সর্বদা প্রীক্ষের নাম এবং ভার লীলা প্রবণ করতে আগ্রহী ছিলেন বারাণসীর অধিকাশে অধিবাসীই নির্বিশেষবাদী, পঞ্চোপাসনার প্রথায় শিবের পূজক। নির্বিশেষবাদীরা তাদের ধ্যানের সবিধার জন্য নির্বিশেষ ব্রন্সের পাচটি রূপ কল্পনা করে বিষ্ণু, শিব, গাশেশ, সূর্য এবং দর্মা। প্রকলপক্ষে এই পথ্য উপাসকেরা কারেরে ভক্ত নয়। কথায় বলে সকলের हाकत रूपचा मान कार्याहरू हाकत ना रूपचा वाजाधनी वा कानी निर्वित्यभवाधीयन সর্বপ্রধান তীর্যস্তান, এবং ভগবস্তুগুদের পক্ষে তা মোটেই উপযোগী নয় বৈষ্ণব বিশ্বতীৰ্থে বাম করতে চান। বেখানে শ্রীবিশ্বর মন্দির রয়েছে এবং শ্রীবিশ্বর বিগ্রহ রয়েছে. সেই স্থানই বৈষ্ণৰ ভাভদের প্রিয় , বারাণসীতে শিবের শত সংখ্ মন্দির রয়েছে, অথবা পঞ্চোপাসকদের মন্দির রয়েছে - ভাই চন্দ্রশেখর গভীর দৃঃখ প্রকাশ করে শ্রীচৈতন্য মহাপ্রভূকে বলেন বে ভার পূর্বকৃত দুয়তির দলে তাকে বারাণসীতে বাস করতে হক্ষে। कविनामाञ्जिषः अत्युक्त वना १८३८६ (यः-पूर्व्याणावस्यकः भाभः यः मादः शावस्यकः करः। "পর্বক্ত পাপর্থের ফলে, জীবকে নীচ যোনিতে জন্মগ্রহণ করতে হয়।" *প্রদাসংহিতায়* (৫/৫৪) क्या इस्सार- कर्मानि निर्मराजि कियु ६ छक्षिकाखार। कियु याता खनवास्त्र সেবার বন্দ্র হয়েনের তাদের পর্বকৃত কর্মের ফল ভোগ করতে হয় না। কেবল কর্মী বা অভন্তদেরই কর্মকণ ভোগ করতে হয়।

তিন প্রকার ভক্ত রয়েছেন—নিভাসিদ্ধ, অর্থাৎ থারা নিত্য টিক্যান্তরে অধিষ্ঠিত, সাধনসিত, অর্থাৎ ধারা ভগবস্তুক্তি অনুশীলন করাব মাধ্যমে চিখায় করে উনীত হয়েছেন, এবং সাধক, অর্থাৎ খারা চিত্রায় স্তরে অধিষ্ঠিত হবার জন্য জগবন্তুতির সাধন করছেন, সাধকেরা ধীরে ধীরে পূর্বকৃত কর্মের ফল থেকে মৃক্ত হন *ভতিরসামৃতসিলু* এমে (১/১/১৭) ज्यावक्रक्तित्र मध्यम वर्षना क्या इर्प्यास---

> **अभग्नी अख्या (माकमण्डाक्र मुमर्गका** । माञ्चानकविद्ययाचा श्रीकृष्याकविंपी छ मा ४

ভগবন্তুক্তি 'ক্রেশন্ত্রী' অর্থাৎ ভগবন্তুক্তি ক্রেশ দূর করে, এমন্টি কনিষ্ঠ অধিকারী ভক্তেরও 'এ৬মা' শব্দের অর্থ হয়েছে, ভগবন্ধকি সর্বপ্রকার মদল সাধন করে, এবং ভগবন্ধকি 'কৃষয়কর্মিণী' অর্ধাৎ তা ধীরে ধীরে শ্রীকৃষ্ণকে ভক্তের প্রতি আকর্মন করে। তার ফলে ভক্ত কোন রকম শাপ কর্মের ভাগী হয় না ভগকদ্গীতায় (১৮/৬৬) শ্রীকৃষ্ণ বলেছেন—

> मर्वधर्यान भविष्यया भारभकर भविष्य । जर चार मर्वनाटनटना धाकग्रियापि द्या एकः ॥

"সূর্ব ধর্ম জ্যান করে কেবল আমার শরণাগত হও, তাহলে আমি ডোমাকে সমস্ত পাপ থেকে মৃক্ত করব। ভয় পেয়ো না।"

ভাই সর্বভোভাবে ভগবানের শুরণাগত ভক্ত সর্বপ্রকার পাল কর্মেব ফল থেকে মুক্ত হন। পাপ কর্মের ফল তিনটি স্তরে ফলপ্রস হয়। প্রথমে কৃটরাপে অজ্ঞানের বশে পাপ

মেত ১০২ী

কর্ম সম্পাদিত হয়, তারপর সেই কর্মের ফল বীজ্ঞানে প্রকাশিত হয় এবং অবশেষে তা ফলোখাখ হয় এই তিনটি স্তরেই জীবকে ক্রেশ ভোগ করতে হয়। কিন্তু, শীকৃষ্ণ ভার ভল্তদের শতি কৃপাপরাদান, এবং তাই তিনি কৃট, বীজ এবং ফলোখাখ, এই তিনটি স্তরের পাপকেই বিনষ্ট করেন। পাদপ্রাণে সে সম্বন্ধে বলা হয়েছে—

प्रशासन्त कालः भाभः कृष्टः बीकः करनाष्ट्रवम् । करमरेशव अनीरमण विकृत्वक्तिनाणसमाम् ॥

ভক্তিরসামৃতসিদ্ধু গ্রন্থে তার অধিক আন্সোচনা করা হয়েছে।

শ্ৰোক ৯৬

ষড় দর্শন-খ্যাখ্যা বিনা কথা নাহি এথা । মিশ্র কৃপা করি' মোরে খনান কৃষ্ণকথা ॥ ৯৬ ॥ শ্লোকার্থ

চদ্রশেখর বলদেন, "বড়রশনের ব্যাখ্যা ছাড়া এখানে জার কিছু শেদা যায় না। কুপা করে তপন মিশ্র জামাকে কৃষ্ণকথা শোলাম।

ভাৰপৰ্য

বড়দর্শন বা ছমটি বৈদিক দর্শন হচ্ছে—১) কণাদ কৰি প্রবর্তিত লৈশেকিব, ২) গৌতম শায়ি প্রবর্তিত নায়ে, ৩) প্রভঞ্জী নানিব ঘোণা ৪) কলিব ক্ষরি প্রবর্তিত সাংখা, ৫) ক্যোনিনী নায়ি প্রবর্তিত ক্ষর-মীয়াংসা এবং ৬) বেদবাসে প্রবর্তিত ব্রক্ষ-মীয়াংসা বা বেদাও, যা হচ্ছে পরম তথা (জন্মাদাসা বতঃ)-এর চরম সিন্ধান্ত। প্রকৃতপঞ্চে, 'বেদাও দর্শন' ভগবন্ত্বপদ্ধের জন্য, কেনল জন্মদ্বান্তিয়ে (১৫/১৫, খ্রীকৃষ্ট বলেছেন, কেনগ্রকৃষ্ণ কেনবিদের চাহ্যু "আমি কেনলের প্রবেতা এবং বেদবের।" বাসেদের হচ্ছেন প্রীকৃষ্টের পর্বরুগে 'বেদান্ত-দর্শনের' ভাবপর্য অবগত। জন্মদ্বনীতার বর্ণনা কর হয়েছে, যিনি প্রীকৃষ্টের কাছ থেকে বেদান্তদর্শনের' ভাবপর্য অবলত। জন্মদ্বনীতার বর্ণনা করে হয়েছে, যিনি প্রীকৃষ্টের কাছ থেকে বেদান্তদর্শন ক্ষরণ করেনে, তিনিই বেদান্তের প্রকৃত ভার্থ হানম্বন্ধ করতে পারে না। সাধারণ মানুষ অজ্যতার বর্ণে মানু করে যে খ্রীশহরাচার্টের মতই হচ্ছে বেদান্ত।

গ্রোক ৯৭

নিরন্তর দুঁহে চিন্তি তোমার চরণ। 'সর্বন্তঃ ঈশ্বর' তৃমি দিলা দরশন ॥ ৯৭ ॥

শ্লোকাৰ্য

"হে প্রভু, আমরা দুজনে নিরন্তর তোমার শ্রীপাদপদ্মের কথা চিন্তা করি। তুমি সর্বজ্ঞ উন্মরণ তাই তুমি আমাদের দর্শন দান করলে।

ভাহপর্ম

শ্রীচক্রশেশর পরবেশন ভগবানের নিজদাস হলেও, তিনি নিজেকে পতিত বলে বিনীতভাবে উপস্থাপিত করেছিলেন এবং তাই ঠার দূই ভূত্য তাঁকে ও তপন মিশ্রকে উদ্ধাব করার জন্য তিনি জগবানকে অনুরোধ করেছিলেন।

হোক ৯৮

ন্তনি,—'মহাপ্রভূ' যাবেন শ্রীবৃন্ধাবনে। দিন কত রহি' ভার' ভৃত্য দুইজনে ॥" ৯৮ ॥ শ্লোকার্ব

"আমরা শুনেছি যে ভূমি কৃষ্ণাবন যাবে। কয়েকদিন এখানে থেকে ভোমার এই দুই কৃত্যকে উদ্ধার কর।"

শ্লোক ১৯

মিশ্র কহে,—'প্রভু, যাবৎ কাশীতে রহিবা । মোর নিমন্ত্রণ বিনা অন্য না মানিবা ॥' ৯৯ ॥

য়োকার্থ

তপন মিশ্র তখন বললেন, "হে প্রভু, যে কয়দিন ভূমি বারাণসীতে প্রকরে, দয়া করে অন্য কারোর পুত্তে ক্রিকা প্রহণ না করে আমার গুত্তে ভিকা গ্রহণ করবে।"

(計本)00

এইখত মহাপ্রস্থ দুই ভৃত্যের বশৈ। ইচ্ছা নাহি, তবু তথা হহিলা দিন-দশে॥ ১০০॥ মোকার্থ

এইভাবে, জাঁর দুই ভক্তের অনুরোধের কশব্দী হয়ে, ইচ্ছা না পাকলেও জীচৈতন্য মহাপ্রভু প্রায় দশদিন বারাণসীতে রইলেন।

(関帯 202

মহারাষ্ট্রীয় বিপ্র আইসে প্রভু দেখিবারে । প্রভুর রূপ-প্রেম দেখি হয় চমৎকারে ॥ ১০১ ॥ শ্লোকার্থ

নাবাপসীতে এক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ শ্রীচৈতন্য মহাপ্রভূকে দর্শন করতে আদেন। তিনি মহাপ্রভূর রূপ ও কৃষ্ণপ্রেম দর্শন করে চমংকৃত হন

শ্লোক ১০২

বিপ্র সব নিমন্ত্রর, প্রভূ নাহি মানে । প্রভূ কহে, —'আজি মোর হওরছে নিমন্ত্রণে' ॥ ১০২ ॥ 350

লোক ১০৪]

श्चाकार्थ

বারাণসীর ব্রাক্ষণেরা যখন তাদের গৃহে প্রীটেডন্য সহপ্রিভূকে প্রদান প্রহণ করতে নিমন্ত্রণ করতেন, মহাপ্রভূ তাদের বলতেন "আল একজন তো আমাকে তার গৃহহ প্রসাদ প্রহণ করতে নিমন্ত্রণ করেছেন।"

প্লোক ১০৩

এইমত প্রতিদিন করেন বধ্বন । সন্মানীর সস্থ ভারে না মানেন নিমন্ত্রণ ॥ ১০৩ ॥ ভোকার্থ

ত্রইন্তাবে গ্রীচৈতন্য মহাপ্রভু প্রতিদিন তাদের বক্ষনা করতেন। মানাবাদী সন্মানীদের সঙ্গ হওয়ার ভয়ে তিনি তাদের নিমন্ত্রণ প্রত্যাখান করতেন।

যারা মায়াবাদী সন্নাসী ও বৈকর সন্নাসীকে সমপর্যানভুক্ত বলে মনে করেন, বৈকর সন্নাসী কথনও তাদের নিমন্ত্রণ প্রহণ করেন না অর্থাৎ, বৈকর সন্নাসী কথনও মান্যাবাদী সন্নাসীদের সঙ্গ করেতে চান না, তাদের সঙ্গে একতে আহার করা চো দূরেব কথা। কৃষ্ণভাবনামৃত আন্দোলনের সন্নাসীদের এই প্রথা অনুসবণ করে অবশা কর্তবা। প্রীচেতনা মহাপ্রভু স্বন্ধং আচরণ করে সেই শিকা দিয়ে গেছেন।

শ্লোক ১০৪ প্রকাশানন্দ গ্রীপাদ সভাতে বসিয়া। 'বেদান্ত' পড়ান বহু শিষ্যগণ লঞা॥ ১০৪॥ শেকার্থ

শ্রীপাদ প্রকাশানক সরবতী সভাতে বসে তাঁর বহু শিব্যসের নিয়ে কেন্ত-দর্শন সহছে। শিক্ষা দান করতেন।

তাৎপৰ্য

শ্রীপাদ প্রকাশ্যনন্দ সরস্থতী ছিলেন ম্যাথাদী সম্বাদী। *শ্রীচেতন্য ভাগবতে* (২৬৮৩ তৃতীর অধ্যাম) তাঁর চরিত্র কর্মনা করে কলা হয়েছে—

> 'হস্ত', 'পদ', 'মুখ' মোর নাহিক 'লোচন'। বেদ মোরে এইমন্ত করে বিজ্বন ॥ কাশীতে পড়ায় বেটা 'প্রকাশানন্দ'। সেই বেটা করে মোর অস খণ্ড খণ্ড ॥ বাখানরে বেদ, মোর বিগ্রহ না মানে। সর্বাহে হইল কুঠ, তবু নাহি জানে ॥

সর্বন্ধময় মোর বে-অক পবিত্র ।

'অফ', 'ভব' আদি পার ঘাঁহার চরিত্র ॥

'পুনা' পবিত্রতা পার, বে-অক-পরপে ।

তাহা 'মিখা' বলে বেটা কেমন সাহসে ॥

মধাবত বিশেতি অধ্যারে বর্ণনা করা হয়েছে—

সন্ধাসী 'প্রকাশানন্দ' বসরে কালীতে ।

মোরে খণ্ড খণ্ড বেটা করে ভালমণ্ডে ॥

পড়ায় 'বেনান্ত', মোর 'বিগ্রহ' না মানে ।

কুর্ক করাইলু অলে, তবু নাই জানে ॥

'সত্য' মোর 'গীলা-কর্ম', 'স্ত্য' যোহ 'ছান' ।

ইপ্র 'মিখা' বলে মোরে করে খান-খান ॥

প্রকাশনেশ সর্বস্থাতী ছিলেন মার্রান্য দর্শনের প্রচারক তার মতে, ভগবান হন্ত, পদ, মুন, চন্দু ইত্যাদি রহিত। এইভাবে ভগবানের সবিশেষ রূপ অধীকার করে তিনি জনসাধারণকে বংগনা করতেন প্রকাশনেশ সরবাতী ছিলেন এফাই এক মহামুর্গ, বার একমার কারু ছিল ভগবানে অস খণ্ড খণ্ড করে ওাকে নির্মিশেষ বলে প্রতিপার করা ভগবানের মদিও রূপ রয়েছে, কিন্তু প্রকাশনিক সরবাতী তার হাত, পা ইত্যাদি অস কেটে গণ্ড গণ্ড করার প্রচেষ্টা করছিলেন। সেইটিই অসুরদের কার্যকলাপ। বেদে বর্ণনা করা হয়েছে যে, যারা ভগবানের রূপ বীকার করে না তারা মহামুর্থ ভগবানের রূপ বান্তব, সে সম্বন্ধে প্রীকৃষ্ণ ভগবান্তর রূপ বীকার করে না তারা মহামুর্থ ভগবানের রূপ বান্তব, সে সম্বন্ধে প্রীকৃষ্ণ ভগবান্তর অধ্যয়ন করার উদ্দেশ্য হিচ্ছে পরমেশ্যর ভগবানের জানা বৈদিক জ্ঞানের পরম তত্তকে যে নির্বিশেষ বলে বর্ণনা করে সে একটি অসুর ভগবানের সামিতি বিশেষ রূপের পরম তত্তকে যে নির্বিশেষ বলে বর্ণনা করে সে একটি অসুর ভগবানের সামিতা করে পরম তত্তকে যে নির্বিশেষ বলে বর্ণনা করে সে একটি অসুর ভগবানের সামিতা আরাধনা করার উদ্দেশ্য ইচ্ছে পরমেশ্যর ভগবানের সামিতা করে অধ্যয়ন করার উদ্দেশ্য ইচ্ছে পরমেশ্যর ভগবানের আনা বৈদিক জ্ঞানের পরম তত্তকে যে নির্বিশেষ বলে বর্ণনা করে সে একটি অসুর ভগবানের সামিতা করে অধ্যয়ন করের মারাবাদী সম্যাসীরা ভগবানের মেই রূপকে করে। অস্তাক্রয়ে, মারাবাদী অসুরেরা ভগবানের সেই রূপকে খণ্ড খণ্ড করে।

বন্ধা, শিব আদি মহান্ দেবতারা পরমেশ্বর ভাগবানের পূজা করেন আদি মায়াবাদী
সদ্রাদী শহরাচার্য ভগবানের রূপকে সহিশেষ বলে স্বীকার করেছেন নারামণঃ
সরেছ বাজাৎ—"নারারণ, পরমেশ্বর ভগবান, অব্যক্ত জড় শক্তির অতীত্ত " অব্যক্তাদ্
অত-সন্তবং—"এই জড় জনাৎ অব্যক্ত জড় শক্তি থেকে সৃষ্ট কিন্তু নারারণের চিন্ময়
বর্ত্তনা জড় শক্তির ছারা সৃষ্ট নর ভগবানের রূপের আরাধনা করার কলেই কেবল
পরির হওয়া যায়। কিন্তু, মায়াবাদী সর্ল্লাদীরা নির্বিশেষবাদী, এবং তারা ভগবানের রূপকে
মায়া বা মিখ্যা বলে বর্ণনা করে। মিখ্যার পূজা করে কিভাবে পরিত্র হওয়া যায়।
মারাবাদীরা নির্বিশেষবাদ স্থাপনে যথেষ্ট প্রমাণ প্রদর্শন করতে পারে না তারা কেবল

300

লোক ১১২ী

অধ্যের মতো কতকণ্ডলি সিন্ধান্ত অনুসরণ করে, যা মৃত্তি-অর্কের দ্বারা প্রতিষ্ঠা করা যায় না বারাণসীর প্রধান মায়াবাদী সন্ন্যাসী প্রকাশানন্দ সরস্বতীর অবস্থা ছিল সেই রকমই। তিনি বেদান্ড-দর্শন শিক্ষা দিতেন, কিন্তু ভগবানের সবিশেষ রূপ স্থীকার করতেন না, ভাই তিনি কৃষ্ঠ বোগের দ্বারা আক্রমন্ত হয়েছিলেন। কিন্তু তপুও, তিনি ভগবানের সবিশেষ রূপ অস্থীকার করে অপরাধ করে মাজিলেন। পরম সত্য পরমেশ্বর ভগবান সর্বদা তার লীলা এবং ক্রীড়া প্রদর্শন ক্রেন, কিন্তু মায়াবাদী সন্ন্যাসীরা প্রচার করে যে, সেই সমস্ত কার্যকলাপ মিধ্যা

কিছু লোক অঞ্চতার বশবতী হয়ে দাবী করে যে, প্রকাশানন্দ সরস্বতী পরবতীকালে প্রবোধানন্দ সরস্বতী নামে পরিচিত হয়েছিলেন। কিন্তু তা সত্য নর। প্রবোধানন্দ সরস্বতী ছিলেন গোপাল ভট্ট গোস্বামীর কাকা এবং ওজ। গৃহস্থ আশুনে প্রবোধানন্দ সরস্বতী ছিলেন শ্রীবঙ্গক্ষেত্রের অধিবাসী রামানুক্ত বৈক্ষম প্রকাশানন্দ সরস্বতী এবং প্রবোধানন্দ সরস্বতীকে এক ব্যক্তি বলে মনে করা ভূল।

শ্লোক ১০৫

এক বিপ্র দেখি' আইলা প্রভুর ব্যবহার । প্রকাশানন্দ-আগে কহে চরিত্র তাঁহার 1 ১০৫ 11

গ্ৰোকাৰ্থ

এক বিপ্র, যিনি স্কীটেডনা মহাপ্রভুর অন্তুড ব্যবহার দর্শন করেছিলেন, তিনি প্রকাশাসক সরস্থতীর কাছে গিয়ে ভার চরিত্র বর্ণনা করেন।

শোক ১০৬

"এক সন্যাসী আইলা জগদাপ হৈতে ।
তাঁহার মহিমা-প্রতাপ না পারি বর্ণিতে ॥ ১০৬ ॥
গোলার্থ

সেঁই ব্রাহ্মপটি প্রকাশানন্দ সরস্থতীকে বলজেন, "জগলাথপুরী থেকে এক সল্লাসী এসেছেন, তার মহিমা এবং প্রভাপ ভাষায় বর্ণনা করা বায় সা।

> শ্লোক ১০৭ সকল দেখিয়ে তাঁতে অন্তত-কথন । প্রকাণ্ড-শবীর, গুদ্ধকাণ্ডন-বরণ ॥ ১০৭ ॥

শ্লোকার্থ

"সেই সন্যাসিটির সবকিছুই অস্কুড। তার শরীর প্রকাণ্ড এবং তার গারের বং বাঁচি সোনার মতো। শ্লোক ১০৮ আজানুলম্বিত ভূজ, কমল-নয়ন । যত কিছু ঈশ্বরের সর্ব সম্লেকণ ॥ ১০৮ ॥ শ্রোকার্থ

"তাঁর বাহ যুগল আজানুলয়িত, তাঁর নয়ন যুগল কমজের মতো, ঈশ্বরের সমস্ত লক্ষণ তাঁর শ্রীমঙ্গে বিদামান।

(湖本)0%

তাহা দেখি' জ্ঞান হয়—'এই নারায়ণ'। ষেই তাঁরে দেখে, করে কৃষ্ণসংকীর্তন ॥ ১০৯॥ শ্লোকার্থ

"ঠার এই সমন্ত লক্ষণ দেখে যমে হয় যে তিনি নারায়ণ স্বয়ং। যেই তাঁকে দর্শন করে, সেই উক্তৈস্থরে কৃষ্ণনাম সংকীর্তন করতে শুরু করে।

> শ্লোক ১১০ 'মহাভাগৰত'-লক্ষণ শুনি ভাগবড়ে । সে-সৰ লক্ষণ প্ৰকট দেখিয়ে ভাঁহাতে ॥ ১১০ ॥ গোকাৰ্থ

"শ্রীমন্তাগবতে মহাভাগবতের যে সমস্ত লক্ষণ রয়েছে, সেই সমস্ত লক্ষণ তার মধ্যে দেখা যায়।

> প্লোক ১১১ 'নিমন্তন কৃষ্ণনাম' জিহা তাঁর গায় । দুই-নেত্রে অঞ্চ ৰহে গঞাধারা-প্রায় ॥ ১১১ ॥ লোকার্থ

"ভার জিহা নিরন্তর কৃক্তনমে কীর্তন করে, এবং ভার দূই চোখ দিয়ে গঙ্গার খারার মতো অঞ্চ বরে পতে।

(割本 224

ক্ষণে নাচে, হামে, গায়, করয়ে ক্রন্দন । ক্ষণে ত্ত্কার করে,—সিংহের গর্জন ॥ ১১২ ॥ লোকার্থ

"কখনও তিনি নাচেন, কখনও তিনি হাসেন, কখনও তিনি গান করেন, কখনও ক্রম্মন করেন, এবং কখনও সিয়েহের গর্জনের মতো হুছার করেন।

শ্ৰেক ১১৩ জগৎমঙ্গল তার 'কৃষ্ণতৈতন্য'-নাম ।

নাম, রূপ, গুণ ভার, সব—অনুপম 11 ১১৩ 11

श्रिया ১१

''তার নাম কৃষ্ণতৈতন্য, সমস্ত জনতের মুজন সাধন করে। তাঁর নাম, রূপ, ওপ সবকিষ্টুই व्यक्रमनीय

> (関本 228 দেখিলে সে জানি তার 'ঈশ্বরের রীতি' 1 অলৌকিক কথা শুনি' কে করে প্রতীতি?" 🛚 ১১৪ 🗈 যোকার্থ

"জাতে দেখালাই বোঝা যায় যে ভার মধ্যে পরমেশ্বর ভগবানের সমস্ত বৈশিষ্ট্য কিনুমান। এই ধরনের বৈশিষ্টাওলি অবশাই অলৌকিক। কে ডা বিশ্বাস করবে।"

अर्थक ३३८

ওনিয়া প্রকাশানন্দ বহুত হাসিলা। বিপ্রে উপহাস করি' কহিতে লাগিলা 🛚 ১১৫ 🗈 যোৱাৰ্থ

সেই কথা শ্ৰনে প্ৰকাশ্যনৰ সরশ্বতী খুব হাসতে লাগলেনঃ এবং তিনি ব্ৰন্ধেণকে উপহাস করে বলতে লাগলেন—

> (団) あ 226 "শুনিয়াছি সৌডদেশের সন্মাসী—'ভাবুক'। কেশব-ভারতী-শিষ্য, লোকপ্রতারক 🏾 ১১৬ 🖠 বোকার্থ

প্রকাশানন্দ সরস্থাতী বললেন, "হ্যা, আমি সৌড়নেলের সেঁই ভারপ্রবর্ণ সন্মাসীতির কথা গুনেছি আমি এও গুনেছি যে তিনি কেশব ভারতীর শিষ্য এবং তিনি লোকদের প্রতারণা করেন।"

ডাৎপর্য

শ্রীটৈতনা মহাপ্রভ সর্বদা ভগবৎ-প্রেমের দিবাভবে প্রকাশ করতেন বলে এবানে স্তাকে ভাবুক বলা হয়েছে তিনি সর্বদ। শ্রীকৃষ্ণের গুডি দিব্য গ্রেম ব্যক্ত করে উচ্ছাস প্রদর্শন করতেন কিন্তু মূর্খ লোকেনা তাঁর সেই পরম চমংকার অপূর্ব ভাবকে মনোধর্মের অনুশীলনত্তত কৃত্রিম ও স্বল্পকাল স্থায়ী উচ্চাস উচ্চ্ছধালমত ভাব বলে মনে করেছিল। শ্রীচৈতনা মহাপ্রভূত ভাবেং-প্রেমের দিবাভাবের সঙ্গে কগট অভিনয়কারীর ভাবকতার কোন তলনা হয় না। ভাদের সেই অভিনয় গীর্ঘকাল স্থায়ী হয় না। অনেক সময় আসবা দেখি খে, কিছু লোক দিব্যভাব প্রদর্শন করার অভিনয় করে, কিছু ভাদের সেই অভিনয়ের পরেই ভারা ধুমপান আদি জখন্য কর্মে লিপ্ত হয় প্রথমে প্রকাশানন্দ সরস্বতী যখন ইটিচেতনা মহাপ্রভর কার্যকলাপের কথা ওনেছিলেন, তখন তিনি তাঁকে একজন প্রতারক বলে মনে করেছিলেন। ভগবন্তকের ভগবং প্রেম জনিত অপ্রাকৃত ভাব মায়াবাদীনা ব্যাড়ে গারে না, তাই সেই ভারের লক্ষ্ম প্রকাশিত হলে তারা তাকে মনোধর্যপ্রসূত অনিতঃ ভাবকতা বলে মনে করে। প্রকাশানন্দ সরস্বতীর এই উক্তি অপরাধঞ্জনক এবং ডাই তাকে পারতী (মান্তিক) বলে বিরোচনা করা উচিত। খ্রীল রূপ গোস্বামীর সিদ্ধান্ত অনুসারে,

জীটেডন্য মহাপ্রভুর বৃন্ধাবন গমন

त्यांक ১১१

জানতেন না বলে তার বৈরাগ্য ছিগ্য কৃত্রিম

প্রকাশনেশ সরস্বতী যেহেতু ভগবানের সেবার যুক্ত ছিলেন না, তাই তার সন্যাস ছিল

ফছ কৈরাণ্য। অর্থাৎ স্বকিছু ভগবানের সেবার কিভাবে নিয়োগ করছে হয় তা তিনি

'চৈতন্য'-নাম জার, ভারকগণ সঞা ৷ प्रतन प्रांटम शास्त्र शास्त्र बुरन नाजधान ॥ ১১९ ॥ োলার্থ :

প্রকাশানন্দ সরস্থতী বলতে লাগুলেন, "আমি স্থানি যে তার নাম শ্রীকৃষ্টেডন্য এবং ভারকমের নিরে সে দেশে দেশে গ্রামে গ্রামে মেরে বেড়ায়।

> (ब्रॉक ১১৮ বেই তাঁরে দেখে, সেই ঈশ্বর করি' কহে। ঐছে মোহন-বিদ্যা-বে দেখে সে মোহে ॥ ১১৮ ॥

"ষ্টেই জীকে মেৰে, সেই জীকে পরমেশ্বর ভাগান বলে মনে করে। জাঁর কিছু মোহন-বিদ্যা জানা রয়েছে, যার প্রভাবে সে লোককে মোহাজ্জর করে। যে তাঁকে দেখে সেঁই এইভাবে মেহিত হয়।

> শ্রোক ১১৯ সার্বভৌম ভট্রাচার্য—পণ্ডিড প্রবল ১ ভনি' দৈতন্যের মঙ্গে ইইল পাগল ॥ ১১৯ ॥ বোকার্থ

"সার্বভৌম ভটাচার্যের মতো মহাপণ্ডিডও ওনেছি এই খ্রীটেডন্যের প্রভাবে পাগল হয়ে গেছে।

(到本) 20

205

'সন্নাসী'—নাম-মাত্র, মহা-ইক্রজালী । 'কাশীপুরে' না বিকাবে তার ভাবকালি II ১২০ II:

"এই তৈতন্য নামে মাত্র সন্মাসী, প্রকৃতপক্ষে সে এক মহা-ইক্সজালী। কিন্তু এই কাশী নগরীতে সে জার ভাবকতার পসরা বিক্রী করতে পারবে না।

(धोक)३)

'বেদান্ত' শ্রবণ কর, না যাইহ তার পাশ । উচ্ছ্যাল-লোক-সজে দুইলোক-নাশ নূ" ১২১ 🛊

যোৱাৰ্থ

"এই তৈতদ্যের কাছে না গিয়ে। বেদান্ত প্রবণ কর; কেননা দুষ্টলোকের সঙ্গ করলে ইংলোক ও পরলোক উভাই নাশ হয়।

এই শ্লোকে উল্লেখন কথাটি অভ্যন্ত তাৎপর্যপূর্ণঃ ভগবদগীতার (১৬/২৩) শ্রীক্ষা সরং বলেছেন—

> यः भारतिथिप्रसम्बा वर्राटा कामकागणः । न न निकियवारशांकि न मुबर न नतार शक्तिय ह

"কেউ যদি শান্ত-বিধি অনুসরণ না করে উচ্ছখনের মতো ভাচরণ করে, তাহলে মে কখনও সিন্ধি, সুখ অথবা পরা গতি লাভ করতে পারে না 🏱

(ब्रांक १११

এড শুনি' সেই বিপ্র মহাদুঃখ পাইলা ৷ 'কৃঞ' 'কৃঞ্জ' কহি' তথা হৈতে উঠি' গোলা ম ১২২ n শ্ৰোকাৰ্থ

প্রকাশানন্দ সরস্থতীর মুখে প্রীচৈতন্য মহাগ্রন্থর সম্বন্ধে একথা ওনে সেই রাজনটি অভান্ত দুঃখিত হয়ে, কৃষ্ণনাম উচ্চারণ করতে করতে মেখান থেকে উঠে গেলেন।

প্রোক ১২৩

প্রভুর দরশনে শুদ্ধ হ্থাছে ভার মন ৷ প্রভূম্বাগে দৃঃখী হঞা কহে বিবরণ 🛚 ১২৩ 🛚

পরমেশ্বর ভাগবান ঐটেতন্য মহাপ্রভকে দর্শন করার ফলে সেই রাক্ষণের মন ওছ

হরেছিল, ভাই তিনি দুরখিত হয়ে শ্রীচৈতন্য মহাপ্রভুর কাছে গিয়ে সমস্ত কথা বর্ণনা कदटलन १

শ্ৰোক ১২৪

ভনি' মহাপ্রড তবে ঈষৎ হাসিলা । পুনরপি সেই বিপ্র প্রভুরে পুছিলা ॥ ১২৪ ॥ লোকার্থ

সেই কৰা বনে ঐতিভন্য মহাপ্ৰভূ ঈষং হাসদেন সেই ব্ৰাহ্মণটি তথন ঐতিভন্য মহাপ্রভকে আবার বললেন—

(割事)させ

"তার আপে যবে আমি ভোমার নাম লইল ১ সেহ ভোষার নাম জানে,—আপনে কহিল II ১২৫ II লোকার্থ

"আমি যখন তার কাছে আপনার মাম উল্লেখ করলাম, তখন তিনিও বললেন যে তিনি আপন্যে নাম জানেন।

(क्षीक ३२७

ভোমার 'দোষ' কহিতে করে নামের উচ্চার । 'চৈতনা' 'চৈতনা' করি' করে তিনবার 🛊 ১২৬ 🏗 য়োকার্থ

"আপনার দোষ দর্শন করতে গিয়ে সে 'চৈতন্য' 'চৈতন্য' বলে তিনবার আপনার নাম উচ্চারণ করেছিল।

(到本 529

তিনবারে 'কৃঞ্জনাম' না আইল তার মূখে 1 'অবভাগতে নাম লয়, তনি' পঠি দৃঃখে ম ১২৭ ॥

ভিনবার ব্যাপনার নাম উচ্চারণ করলেও, সে একবারও কৃষ্ণনাম উচ্চারণ করতে পারেনি। অবল্লা ভরে সে আপনার নাম উচ্চারণ করেছিল বলে আমি অত্যন্ত দুঃখ পেয়েছি। ভাহপর্য

প্রকাশনন্দ সরস্বতী জীচৈতন্য মহাপ্রভর নিন্দা করেছিলেন। ব্রন্দা, চৈতন্য, আয়া, পরমায়া, জগদীশ, ঈশর, বিরাট, বিভূ, ভুমা, বিশ্বরূপ, ব্যাপক ইত্যাদি নাম পরোক্ষভাবে শ্রীকৃষ্যকেই দিকিত করে। কিন্তু ঐ সকল নাম গ্রহণকারীরা শ্রীকৃষ্ণ ও তাঁর অপ্রাকৃত লীলার প্রতি আকৃত্ব হয় না এই সমন্ত নাম থেকে বন্ধ আলোক প্রাপ্তি হতে পারে, কিন্তু ভগবালের দিবানাম যে ভগবাল থেকে অভিয় ভা কছনও হলরক্ষম হয় না। অজতাবশত কিছু লোক ভগবানের নামকে জড় বলে মনে করে। মায়াবাদী ও পঞ্চোপাসকেরা চিন্দর জগৎ এবং সেখানকার আনন্দময় বৈচিত্রের অস্তিত্ব সম্বদ্ধে সম্পূর্ণ অস্ত্র। ভারা বুবতে পারে না নাে, পরম সভ্য চিন্দর বৈচিত্রের অস্ত্রিত্ব সমন্বিত, এবং তাঁর নাম আহে, রূপ আছে, ওপ আছে এবং তিনি নিরন্তর আনন্দমর জীলা বিলাস পরারণ ভানের এই অক্যতাবশত তারা সিন্দরিত করে যে শ্রীকৃষ্ণের অপ্রাপ্ত কার্যকলাপ মায়া সেই কারণে ভগবানের দিবানামের মহিমা প্রত্যক্ষভাবে হাসমুক্তম করা উচিত। মায়াবাদীরা সে কথা জানে না. এবং ভাই তরো মহা অপ্রাধে অপরাধি হয়। মায়াবাদীর মুগে কখনও কৃষ্ণ অথবা ভগবত্তকি সমন্বে শ্রবণ করা উচিত নয়।

প্রোক ১২৮ ইহার কারণ মোরে কহ কৃপা করি'। তোমা দেখি' মুখ মোর বলে 'কৃষ্ণ' হরি'॥ ১২৮॥

প্রকাশানন্দ সরস্থী কেন কৃষ্ণনাম উচ্চারণ করতে পারকেন না সেকথা আপনি আমাকে দয়া করে বলুন, কেমনা আপনাকে দেখে আমার মুখ মিরস্তর 'কৃষ্ণনাম' এবং 'হরিনাম' উচ্চারণ করছে।

প্রোক ১২৯-১৩০

প্রভু কহে,—"মারাবাদী কৃষ্ণে অপরাধী । 'ব্রহ্ম', 'আত্মা' 'তৈতন্য' কহে নিরবধি ॥ ১২৯ ॥ অতএব তার মুখে না আইসে কৃষ্ণনাম । 'কৃষ্ণনাম', 'কৃষ্ণস্বরূপ'—দুইত 'সমান' ॥ ১৩০ ॥

শ্ৰোকাৰ্থ

শ্রীচৈতনা মহাপ্রতু বললেন, "মামাবাদীরা জীকৃফের চরণে অপরাধী। তহি তারা নিরন্তর বস্মা, আস্থা ও চৈতন্য শব্দ উচ্চারণ করে কিন্তু তাদের মুখে কৃষ্ণনাম আনে না, কেননা শ্রীকৃফের নাম এবং শ্রীকৃফের স্থরূপ দুই-ই সমান।

শ্লোক ১৩১

'নাম', 'বিগ্ৰহ', 'স্বরূপ'—তিন একরূপ । তিনে 'ডেদ' নাহি, ভিন 'চিদানন্দ-রূপ' ॥ ১৩১ ॥ .

শ্রীচৈতনা মহাপ্রতুর বুন্দাবন গমন

শ্লোকার্থ

ভগবানের দিবানাম, তাঁর শ্রীবিপ্রহ এবং তাঁর স্বরূপ এক ও অভিয়। এই তিনে কোন ভেদ নেই। এই ভিনই চিদানন্দরূপ।

> প্লোক ১৩২ দেহ-দেহীর, নাম-নামীর কৃষ্ণে নাহি 'তেদ' । জীবের ধর্ম—নাম-দেহ স্বরূপে 'বিভেদ' ॥ ১৩২ ॥ প্লোকার্থ

জীবের যেমন নাম, সেহ এবং স্বরূপে পার্থক্য রয়েছে, পরমেশ্বর ভগবান শ্রীকৃত্যের সেহ এবং দেহীর মধ্যে থেপবা নাম এবং নামীর মধ্যে সেরকম পার্থক্য নেই। সাহপর্য

ঐতিভান মহাপ্রত এখানে ব্রাক্ষণটিকে বুবিরেছেন যে, মায়াবাদীর। পর্যেশ্বর ভগবানের সভে কীবের ওপগত সাদৃশ্য হালয়সম করতে পারে না যেহেতু তারা স্বীকার করে না, ভাট ভারা মনে করে যে জীব মায়ার প্রভাবে প্রসা থেকে প্রায়ভাবে বিচিয়ে হয়েছে। মানানাদীর। মনে করে যে পরমতত চরুমে নির্বিশেষ। যথন ভগবানের অবভার অধনা ভগবান স্বয়ং অবভরণ করেন; তখন তারা মনে করে যে তিনিও মায়ার দ্বানা আচ্ছানিও হয়েছেন। অর্থাৎ মায়াবাদীরা মনে করে যে ভগবানের রূপও এই জড় কগড়ের যন্ত অক্ষতার বশে তারা বুঝতে পারে না যে, প্রীকৃষ্ণের দেই তার থেকে অভিন দেহ এবং দেহীতে কোন ভেদ নেই, কেননা ডারা উভয়েই চিশ্ময় তত্ত্ব, খ্রীকৃষ্ণ সপদে মধানগ আন না ধাকার ফলে নির্বিশেববাদীরা শ্রীকৃবেন্দ্র শ্রীপাদপ্রের অপরাধ করে তাই ভারা পরম তত্ত্বের অদি নাম 'কৃষ্ণ' উচ্চারণ করতে পারে না। তাদের নির্বিশেষ ধারণার খানা প্রভাবিত হয়ে তারা রক্ষা, আন্ধা, চৈতন্য আদি গৌণ মাম উচ্চারণ করে। অর্থাৎ, ভারা প্রোক্সভাবে পরম তত্তকে সম্মেধন করে। যদিও ভারা গোবিদ, কৃষ্ণ অথবা মাধ্য আদি নাম উচ্চারণ করে, তবুও তারা বৃক্তে পারে না যে এই সমস্ত নাম নামী গোবিদ, ঞ্জ বা মাধ্য থেকে অভিন। যেহেড় তারা নির্বিশেষবাদী, তাই সবিশেষ নাম উচ্চারণ করনেও তার মলে তাদের কোন পারমার্থিক লাভ হয় না। প্রকৃতপক্ষে পরমেশর ভগবান শ্রীকুকের প্রতি ভানের কোন বিশ্বাস নেই, তারা মনে করে যে এই সমস্ত নাম জড় শঙ্গ মাত্র। ভগরানের নামের মহিমা হলরকম করতে না পেরে, ডারা কেবল রক্ষা, আঘা, তৈতনা আদি গৌশ নাম উচ্চারণ করে।

কিন্ত, প্রকৃতপক্ষে, প্রীকৃষ্ণ এবং শ্রীকৃষ্ণের নাম উভয়ই চিনায়। প্রীকৃষ্ণের সঙ্গে সম্পর্কিত সব কিন্তুই চিন্মর, আনন্দমর এবং বান্তব বন্ধ জীবের দেহ আত্মা খেকে ভিন্ন এবং তার পিতৃ প্রদান্ত নাম তার আত্মা থেকে ভিন্ন জড় দেহটিকে তার প্রকপ বলে মনে করার ফলে বন্ধজীব তার প্রকৃত স্বরূপ সম্পর্কে অবগত হতে পারে না। তাই, मिमा ५१

পরমেশ্বর ভগবান শ্রীকৃন্ধের নিত্য দলে হওয়া সঞ্চের সে ভিন্নভাবে আচরণ করে। শ্রীচেতনা মহাপ্রভূ বলেছেন "জীবের স্বান্ধ্য হয় ক্লেব নিত্য দাস।" বন্ধ অবস্থানা জীব তার স্বরূপ বিস্মৃত হয়। কিন্ত, শ্রীকৃষ্ণের বেলার তা হয় মা। শ্রীকৃষ্ণের নাম এবং শ্রীকৃষ্ণ স্বাং অভিন্ন শ্রীকৃষ্ণের পক্ষে মানার দ্বারা প্রভাবিত হ্বার কোন প্রদাই **९**८७ मा, रकम ना खीकृष्य धर्रे कड़ कगरटन नक नग। जीकृत्यन रास्ट अवर ठांत सामात কোন ভেদ নেই। শ্রীকৃষ্ণ যুগপৎ দেহ এবং আন্তা। দেহ এবং দেহীর পার্থক্য কেবল বন্ধজীবের বেলায়ই প্রযোজ্য নক্ষমীবের দেহ আয়া থেকে ভিন্ন এবং বন্ধজীবের নামও তার দেহ থেকে ভিন্ন। কানোৰ নাম জীযুক্ত ঘোষ হতে পানে, কিন্তু স্কীযুক্ত লোষের নাম নিয়ে ভাকা মাত্রই তিনি সেখানে উপস্থিত হন না। কিন্তু, আমরা বলি শ্রীকৃষের দিব্যনাম উচ্চাদণ করি, তাইলে শ্রীকৃষা তৎক্ষণাৎ আমাদের জিহুতা প্রকাশিত হন। পলপুরাণে শ্লীকৃষ্ণ বলেভেন, মদু ভন্ত। যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি মানদ "হে মারদ, আমার ভক্তর। যেগানে আমার নাম গান করে সেখানেই আরি থাকি।" ভক্তরা যখন শ্রীকৃষ্ণেত पियानाम—हरत कृष्य हरत कृष्य कृष्य कृष्य कृष्य हरत हरत/हरत ताम हरत नाम लाग ताम हरत ছনে—উজারণ করেন শ্রীকৃষ্ণ ভংকগাং সেখানে উপস্থিত হন।

শ্ৰোক ১৩৩

নাম চিন্তামণিঃ কৃষ্ণা—েচতন্যুরসবিগ্রহঃ 1 পূর্ণঃ শুকো নিতামুক্তোহভিন্নত্বালামনামিনোঃ ॥ ১৩৩ ॥

নামঃ—দিন্যনাম, চিস্তামনিঃ—সর্বপ্রকার পারমার্থিক অন্তীষ্ট প্রদাতা; কৃষ্ণা—শ্রীকৃষ্ণা পেকে অভিনা; তৈতনারসবিগ্রাহঃ—সর্বপ্রকার চিত্মরা রম্পের মূর্ত বিগ্রহ; পূর্ব্য:—পূর্ণ: ওক্ষঃ—সর্বপ্রকার ঞ্জড়-কল্য খে**হে মৃক্ত, নিজ—**নিজ্য, **মৃক্তঃ—মৃক্ত, অভিয়ন্তাৎ—**অভিন্ন হব্যৰ ফলে, नाम--- पिरानास्यतः, मायिताः -- এवः नायीत

অনুন্য

"শ্রীকৃষ্ণের নাম চিশ্রয় চিস্তামণি বিশেষ তা চৈতন্য রসে বিগ্রহ বরূপ। তা পূর্ণ অর্থাৎ মাণিক বস্তুর মতো আবদ্ধ ও খণ্ড নয়, ডা—বদ্ধ অর্থাৎ মায়া মিশ্র নয়, তা নিতা দুক্ত ভার্থাৎ সর্বনা চিমারা, কখনও জড় সদক্ষে আবদ্ধ হয় না. বেহেতু নাম ও নামীর স্বরূপে কোন ভোদ নেই।'

ভাৎপর্য

এই শ্লোকটি *পয়পুরাশ* থেকে উদ্ধৃত।

408

শ্লোক ১৩৪ অতএব কৃষ্ণের 'নাম', 'দেহ', 'বিলাস'। প্রাকৃতেন্দ্রিয়-গ্রাহ্য নহে, হয় স্বপ্রকাশ 🛽 ১৩৪ 🛚

শ্লোকার্থ

্লতএব শ্রীকৃষ্ণের নাম জার দেহ এবং তার লীলা জড় ইন্ডিয়ের গ্রাহ্য নয়। তা স্থ शकाम ।

ডাহপর্য

খ্রীকৃষ্ণের চিম্ময় দেহ, নাম, রূপ, গুণ, লীলা এবং পরিকর সবই চিম্ময় তত্ত্ব এবং তা শ্রিকৃষ্ণ থেকে অভিন্ন (সচ্চিদানন্দ নিগ্রহ) যতক্ষণ পর্যন্ত স্ক্রীব প্রকৃতির ভিনাট খন এবং াপ, রস, গন্ধ, শন্ধ, শন্ধ আদি জড় ইন্সিয়েন বিষয়ের দ্বানা আচ্ছন থাকে, ততগাল পর্যস্ত সে চিমায় জ্ঞান এবং চিমায় জ্ঞানন উপলব্ধি করতে পারে মা। তা কেবল ৩%উত্তের কাছেই প্রকাশিত হর , জভ ভরে নাম, রূপ এবং গুণাবলী অনুশাই পরস্পর পেকে ভিন্ন। জড় জগতে পরমভন্ন সমুদ্ধে কোন ধারণাই নেই, কিন্তু আমরা যখন দুখ্যতাবনার স্তরে উল্লীত হুই, তখন আমর। দেশতে পাই যে শ্রীকৃষ্টের নাম, রূপ, দীলা এবং পরিকরে এই জড়-জগতের বন্ধর মতো কোন পার্থকা নেই

(関本 700 क्यमात्र, कृष्कश्चनं, कृष्यमीनावृष्ट् । क्रायम चन्नभ-मम-मन विमानम ॥ ১৩৫ ॥

खांकार्थ

'শ্রীকৃষ্ণের দিবা নাম, তাঁর চিক্সা ওপ এবং দীলা সমূহ শ্রীকৃষ্ণের ব্রুপেরই মতো कियाम अवश् स्नामस्यसः।

শ্লোক ১৩৬

অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্গ্রাহ্যমিজিয়ৈঃ ৷ সেবোন্মুখে হি জিহাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ ॥ ১৩৬ ॥

অভ:--শ্বতএব, শ্রীকৃষ্ণনামাদি---শ্রীকৃষ্ণের নাম, রূপ, গুণ, নীলা ইড্যাদি, ম--ন, ভবেৎ—হয়, প্রাহ্যমৃ—প্রাহ্য, ইন্সিরৈঃ—ছুল জড় ইন্সিয়ের দারা, সেবোমুখে—প্রপ্রাকৃত বৃদ্ধির দাবা জীকৃষের সেবার প্রবৃধ্ব হলে, হি আবশাই, জিহাদৌ —গুদ্ধ সন্ময় ইদ্রিয়ে, স্বয়ম্ সমুম্; এব—অবশাই, স্কুর্তি—প্রকাশিত হয়, অদঃ—শ্রীকৃষ্ণের নাম, রূপ, ৩৭ ইড্যাদি।

" 'অডএব শ্রীকৃষের নাম রূপ-ওশ-লীলা কখনও প্রাকৃত চন্দু, কর্ণ আদির গ্রাহ্য নয়; জীৰ মখন সেৰোশুৰ হন অৰ্ধাৎ চিৎ-ম্বক্লপে কৃফোশুৰ হন, তৰনই অপ্ৰাকৃত জিহুা আদি ইক্রিয়ে কৃষ্ণনামাদি স্বাংই স্ফুর্তি লাভ করে।

PZ क्षि

ভাৎগৰ্ম

এই শ্লোকটি *ভক্তিরসাম্ভসিত্ধ* গ্রন্থে (১/২/২০৪) উল্লেখ করা হয়েছে।

শ্ৰোক ১৩৭ ব্রহ্মানন্দ হৈতে পূর্ণানন্দ দীলারস। ব্ৰহ্মজ্ঞানী আকৰ্ষিয়া কৰে আত্মবৰ 11 ১৩৭ 1

"শ্রীকৃষ্ণের লীলার রস সমূহ ব্রহ্মানন্দ থেকেও পূর্ণ আনন্দময়, এবং ডহি ডা ব্ৰহ্মন্তানীদেরও আকর্ষণ করে আত্থল করে।

বেন্টে যখন ব্যুতে পারেন যে তিনি এই জড় জগতের বন্ধ নন, তিনি চিগায় বস্তু, রুমা, ত্যান তিনি জড় জগতের বন্ধন থেকে মুক্ত হন - চিৎ-স্বরূপ প্রক্ষে অবস্থিত হবার কলে অবশ্যুট কিছুটা সুখের উদয় হয়, কিন্তু যারা শ্রীকৃষ্ণের রূপ, শ্রীকৃঞ্চের ওপ ও জীকৃষ্ণের শীলার চিন্নয় রস-বিলাস ক্রদয়ে উদয় করাতে পারেল তারা ব্রহ্মানন্দ পোরে অলম ওপে খ্রেষ্ঠ পূর্ণ আনন্দ লীলারস উপজোগ করেন। কেউ যথম আগা উপদানির ভরে অগিচিত হন, তখন অবশাই তিনি অন্যয়াসে শ্রীকৃঞ্জের প্রতি আকৃষ্ট হন এবং শ্রীকৃফের সেবকে পরিণত হন ভগবদগীতায় (১৮/৫৪) সেই তব্ব বিশ্লেষণ করা হয়েছে—

> अवाक्षणः अत्रमावा न त्यात्रिः न काम्करिः। मधः मार्थद् कृष्टम् यद्वकिः मक्तक भताव ।

"যিনি ব্ৰহ্মড়ত স্তব্যে অধিষ্ঠিত হয়েছেন তিনি পরম ব্ৰহ্মকে উপলব্ধি কয়তে পেরেছেন এবং তার ফলে তার আত্মা প্রসায় ইয়েছে তিনি কখনও কোন কিন্তুর জনা শোক করেন ना **भाषता (काम किंडून जाकाश्या क**रका मा, छिनि नमञ्ज खीरका श्रिक ममध्यपाधा । स्टि অবস্থায় তিনি আমার শুদ্ধডেন্ডি লাভ করেন।"

কেউ মথন চিম্ময় উপলব্ধি লাভ করেন (ব্রক্ষত্নতঃ), তিনি তথন ওচি হন (প্রসমান্তা), কেননা সেই অবস্থায় তিনি সর্বপ্রকার জড ধারণা থেকে যুক্ত হন। যিনি সেই স্তর প্রাপ্ত হয়েছেন তিনি আৰু ক্ষড ৰূপতের হিন্মা এবং প্রতিক্রিয়ার ছারা কিচলিত হন না। তিনি সকলকেই চিন্ময় আছা কলে দৰ্শন করেন (*পণ্ডিতাঃ সমদর্শিনঃ*)। কেউ বঞ্চা সম্পূর্ণভাবে আৰা উপলব্ধি করেন, তখন তিনি গুদ্ধডক্তির স্তরে উরীত হন (মন্তর্ভিং লডতে পরাম্) কেউ যথন ভগবস্তুক্তির শুরে উমীত হন ভবন ভিনি অংশন থেকেই বুঝতে পারেন শ্রীকৃঞ্চ কে।

> ভক্তা সামভিজানাতি যাবান যশ্চাস্মি ভত্তঃ। ততো মাং তম্বতো প্রাতা বিশতে তদনস্তরম 🛭

(ভঃ সীঃ ১৮/৫৫)

প্রীচেডনা মহাপ্রডর বন্দাবন গমন

"ভক্তি বা ভগবানের গ্রেমমধী সেবা করার মাধ্যমেই কেবল পরমেশ্বর ভগবানকে ষ্ববায়থভাবে জানা যায়। এইভাবে ভক্তির মাধ্যমে পরমেশ্বর ভগবানকে পূর্ণরূপে জানার ফলেই ভগবানের রাজ্যে প্রবেশ করা বায়।"

ভগবত্রক্তির স্তরেই কেবল প্রফেশ্বর ভগবান শ্রীকৃষ্ণকে এবং তাঁর চিন্দ্রয় নাম, রূপ, ত্ত্ব, ক্রীলা ও পরিকর ইত্যাদি জানা যায় এইডাবে চিন্ময় খোগ্যতা অর্জন করার ফলে (বিশতে জেনস্তরম), জীব ভার প্রকৃত আলয় ভগবৎ-ধ্যমে ফিরে যেতে পারে

শ্ৰোক ১৩৮

স্বস্থনিভতচেতাস্তদৰাদস্তান্যভাবো-হপ্যক্রিডফ্রচিরলীলাক উপারন্তদীয়ম্। ব্যক্তন্ত কুপরা যন্তত্ত্দীপং পুরাণং ভমখিলবজ্ঞিনদ্ধ ব্যাসসূন্ধ নতোহন্মি ॥ ১৩৮ ॥

বস্ব-নিজের সূব, নিস্ত-নির্জন, চেতাঃ—যার চেতনা, তৎ—তার ফলে, রাুদন্ত— পরিত্যাগ করে: অন্যন্তাবঃ—অন্যপ্রকার ভাবনা, অপি—খদিও, অক্সিড—খ্রীকৃষ্ণের, कृष्टित्—याभ्यभारकः, **मीमा**—मीमा प्रमुद्धत वाताः **याक्षर**—यानुष्टेः **मातः**—यात स्वयः তদীয়নু—দীলামর ভগবানের, বাতন্ত—প্রকাশিত এবং প্রচারিত, কৃপয়া—ব্যপার মধ্যে, বঃ—যিনি, ততুদীপম—পরম তত্ত্বের উজ্জ্ব আলোকঃ পুরাণম—পুরাণ (প্রীয়স্তাগরত), তম—তাকে, অধিকবৃত্তিনত্বম—সমস্ত অধ্যক্ষ কিনাশ করে, ব্যাসসূন্য—ব্যাসদেবের পুত্র: নজোহশি আমি প্রণতি নিকেন করি

" বিনি প্রথমে ব্রহ্মসুখে নিভুত চিড ছিলেন এবং পরে সেই সূখ পরিক্যাগ করে শ্রীকৃষ্ণের সাধর্যময় পীলার দ্বারা আকৃষ্ট ক্ষে কৃষ্ণ সম্বন্ধীয় তত্ত্বনীপ স্বরূপ শ্রীমন্ত্রাগবত পুরাণ বিস্তার করেছিলেন, সেই অখিল পাপনাসী ওরুদেব ব্যাসপুত্র জীওকদেব গোগ্বামীকে আমি প্রণতি নিবেদন করি।

তই স্নোকটি শ্রীমপ্রাগবতে (১২/১২/৬১) শ্রীন সূত গোস্বামীর উচ্চি

শ্রোক ১৩৯ ব্ৰহ্মানৰ হৈতে পূৰ্ণানৰ কৃষ্ণগুৰ । অভওব আকর্ষরে আত্মারামের মন 🏗 ১৩৯ 🏗

শ্ৰোকাৰ্থ

"শ্রীক্ষেত্র গুণাবলী ব্রস্থানন্দ বেকেও পূর্ণ আনন্দময়, তাই ডা আব্যারামীদের মনও আকর্ষণ করে।

হোক ১৪৩]

আত্মারামাশ্চ মুনয়ো নির্মন্থা অপুরুক্তমে। কুর্বস্তাহৈতৃকীং ভক্তিমিখন্ততগুণো হরিঃ 🛭 ১৪০ 🗈

আজ্বারমোঃ--ভগবস্তুজির অপ্রাকৃত স্তরে পতিন্তিত হয়ে দিয়া আনদকর্মী, চ--ও, সুনাঃ সব तरुर्यत अफुरकाश वामना, भकाम कर्म देखाणि भवरिकाखाद वर्कन करतरहन स्व মহানা: নির্ময়ঃ সর্ব প্রকার জড় কামনা-বাসনা মন্ত হয়েছে অপি—অকশ্বই, উক্তমন্ত্র— প্রমেশ্বর ডগবান খ্রীকৃষ্ণ, বাঁর কার্যকলাপ অভ্যন্ত অন্তত, কুর্বস্তি -করে; অহৈতকীম— অহৈতুকী, ছক্তিম্---ভগবন্ধকি, ইপস্তুত --এতই জন্তুত যে তা আয়ারাম মৃক্ত জীবদেরও আকর্ষণ বারে; গুণঃ—যিনি অপ্রাকৃত ওপ সমন্বিত, ছরিঃ—পরমেশন ভগনান ক্রীহরি।

" আশ্বাতে যারা রমণ করেন, এরূপ বাসনা-রাত্মিশুন্য খুনিরাও অত্যক্ত কার্য সম্পাদনকারী শ্রীকৃষ্ণে অহৈতুকী ভক্তি করেন; কেন না কগতে চিত্তহারী হরির এই রকম একটি গুণ আছে "

(朝本 282

वेरे जब तक्-कृताहत्वं-अञ्चल्ह् । আত্মারামের মন হরে তুলসীর গত্তে ॥ ১৪১ ॥ যোকার্থ

"জ্রীকৃষ্ণের সীলার কথা দূরে ধানুক, শ্রীকৃষ্ণের চরণানবিন্দে নিবেদিত তুলসীর পদ্ধ আন্দোরামীদের মন হরণ করে।

শ্লোক ১৪২

তभाग्नविक्तसम्बद्धानम् अभाद्गविक्त-কিঞ্জস্কমিশ্রতুলসীমকরন্দবায়ঃ। অন্তৰ্গতঃ শ্ববিবরেণ চকার তেহাং সংক্ষোভমকরজুরামণি চিত্ততহোঃ 🛚 ১৪২ 🗈

ভদ্য—তাঁর, অরবিদ্দশ্যসম্য থাঁর নয়ন যুগল পদ্মের মতো সেই পরমেশ্বর ভগবানের, পদারবিদ—শ্রীপাদপয়ে, কিঞ্জন্ধ—কেশর, মিশ্র মিশ্রিত, তুলসী—তুলসীপত্রেত, মকরন্দ সৌরত, বায়ুঃ—বায়, অপ্তর্গতঃ—প্রবিষ্ট হরে, স্ববিকরেণ—নাসারঞ্জে, চকার— সৃষ্টি করেছিলেন, তেখাম্—তাদের সংক্ষোভম—তীব্র কোত; অক্ষরত্বাম—নির্বিশেষ প্রস্থাপর কুমারদের; অপি—ও; চিস্ততহো:—দেহ এবং মনের।

অনুবাদ

" 'সেই অরবিন্দ নেত্র ভগবানের পদকমলে কিঞ্জন্ধ মিল্রিড তৃলসীর মধু সৌরভ যুক্ত বায় নির্বিশেষ ব্রহ্মপরায়ণ চতঃসংনর নাসিকায় বন্ধযোগে অন্তর্গত হয়ে জানের চিত ও তথ্য ক্ষেত উৎপন্ন করেছিল।¹

खादभर्ग

এই প্লোকটি শ্রীমন্ত্রাগবত (৩/১৫/৪৩) থেকে উদ্ধৃত বিদুর এবং মৈত্রেয় জ্বালোচনা ক্রনজিন্তের কিডাবে দিডি গর্ভবতী হওয়ায় বিভীয়িকা ত্রস্ত দেবতারা ব্রহ্মার কাছে দিডির শর্ভকু অসুরুদ্ধার আদি বৃদ্ধান্ত বর্ণনা করেছিলেন। ব্রহ্মা তথন তাদের জয় বিজয়ের প্রতি চতাসন কমারনের অভিন্যপের কথা কর্মনা করেন। এক সময় চতুংসন কুমারেরা নারামণাকে দর্শন করার জনা বৈকৃঠে থিয়েছিলেন, তখন সপ্তম স্বারে জয়-বিজয় নামক দুই স্বার-পাল তাদের বাধা দেন। স্বর্ধাপরায়ণ হয়ে জয় এবং বিজয় চতুঃসন কুমারদের প্রবেশ হুরতে দেননি এবং ভার ফলে কুমারের। ক্রন্ধ হয়ে জন্ম এবং বিজয়কে অভিশাপ দেন বে তার। পুরনেই কড় জগতে অসুর বোনিতে জন্মগ্রহণ করবেন। সর্বভা প্রমেশ্র ডগবান তংকণাৎ সেই ঘটনাটি বৃষতে পারেন, এবং সঞ্চীদেবীকে নিয়ে তিনি সেখনে উপস্থিত হন , চতুঃসন কুমারেরা ভংক্ষণাং ভগবানকৈ প্রণতি নিবেদন করেন - কেখন মাঞ ভগনানকে দর্শন করে এবং ভগনানের শ্রীপাদপয়ের ভলসী ও কেশরের সৌর্ভ আমাণ ংরে, কুমারের। নির্বিশেষবাদের প্রতি তাদের দীর্ঘ আসতি পরিত্যাগ করে ভগবন্তক্তে পুলিণ্ড হয়েছিলেন। এইভাবে কেবল কেশর মিদ্রিত তুলদীন সৌরস্ক আছাণ করে চার কুমারেরা বৈক্তবে পরিণত হয়েছিলেন, যারা প্রস্তান্তত স্তরে অধিষ্ঠিত এবং শ্রীকৃষ্ণের ম্রিপাদসম্মে কোন অপরাধ করেন নি, তারা কেবলমাত্র ভগবানের শ্রীপাদসমাের সৌরভ আয়াণ করে বৈষধ্যর পরিণত হতে পারেন - কিন্তু, যারা ভগবানের চরণে অপরাধী অথবা অসর, তারা কখনই ভগবানের অরুপের প্রতি আক্টি হয় না, এমনকি কবোর ভগবানের यक्ति यावात करून्छ नतः। वृष्णवस्य वष्ट्र भाषायानी महाामी तरहारू यादा शाविकजी, গোলীনাথজী এবং মদনমোহনভীর মন্দিরে পর্যন্ত যায় না বেননা ভারা মনে করে যে এই সমস্ত মন্দির মান্তি। তাই তাদের বলা হয় মান্তাবাদী স্থীকুকটেতনা মহাগ্রছ ভাট বলেকে বে মায়াবাদীরা সবচাইতে বড অপরাধী

রোক ১৪৩

অতএব 'কৃফনাম' না অহিনে তার মুখে) মায়াব্যদি গণ যাতে মহা বহিৰ্মুখে 11 ১৪৩ 1

"মায়াবাদীরা মেহেড় মহা অপরাধী এবং মহা নান্তিক, ডাই তাদের মুখে কৃষ্ণনাম यास्य ना।

त्यांक ५८४)

তাৎপর্য

পরমেশ্বর ভগবানকে হস্তহীন, পদহীন বলে বর্ণনা করে মায়াবানীর। নিরন্তর ভগবানের নিদা করে মায়াবাদীরা জন্ম জন্মান্তরে, আংশিকভাবে ব্রহ্ম উপলব্ধি করা সন্তেও, অপরাধী থেকে যায়। কিন্তু এই ধরনের নির্বিশেষবাদীরা যদি অগবানের চরণে অপরাধী না হস্ত, তাহলে তারা ভগবপ্তক্রের সঙ্গ প্রভাবে ভগবস্তক্তে পরিপত হয়। অর্থাৎ, নির্বিশেষবাদী যদি অপরাধী না হন, তাহলে তিনি ভগবস্তকের সঙ্গ লাভের স্পৌভাগ্য হলে ভগবস্তকে পরিণত হতে পারেন। কিন্তু তিনি যদি অপরাধী হন, তাহলে পরমেশ্বর ভগবানের সঙ্গলাভ করা সন্তেও ভগবস্তুক্ত হতে পারেন না খ্রীতৈতন্য মহাপ্রভু অপরাধী মায়াবাদীদের সম্বন্ধে অত্যন্ত শক্তিত ছিলেন, তাই পরবর্তী গ্লেকে কটিতে তিনি সেই দ্বাব ব্যক্ত ভরেছেন;

প্লোক ১৪৪

ভাবকালি বেচিতে আমি আইপাঙ কাশীপুরে ৷ গ্রাহক নাহি, না বিকায়, লঞা যাব ঘরে 🏾 ১৪৪ 🗥 গ্রোকার্থ

"ছক্তি ভাব বিক্রি করার জন্য আমি কাশী নগরীতে এলাম, কিন্তু কেন গ্রাহক পোলাম দা। তা যদি না বিক্রি হয়, ভাহলে আমি আমার সেই পদরা নিয়ে ঘরে কিরো ঘাব।

য়োক ১৪৫

ভারী বোঝা লঞা আইলাঙ, কেমনে লঞা যাব? অল্প-সল্ল-মূল্য পাইলে, এথাই বেচিব ম ১৪৫ ম

"আমি ভারী বোঝা নিয়ে ভা বিক্রি করতে এই শহরে এসেছি ভা ফিরিয়ে নিয়ে যাওয়া কঠিন; ডাই 'বছ মূল্য পেলে আমার সেই পসরা আমি এখানেই বিক্রি করে যাব।" ভাহপর্য

মীটিতন্য মহাপ্রজু ভগবানের অপ্রাকৃত নাম বিক্রি করছিলেন কিন্তু, কালী মায়াবাদীদের 'হান, এবং ভগবানের চরণে অপরাধী মায়াবাদীরা ভগবানের দিবানাম সমন্বিত 'হরেকৃষ্ণ মহামন্ত্র' উচ্চারণ করতে পারে না তার ফলে শ্রীটিতন্য মহাপ্রভু নৈরাশ্য অনুভব করছিলেন তিনি ভাবছিলেন, কিভাবে তিনি মায়াবাদীলের 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করার ওকত সমস্বে শিক্ষা দেবেন। ওজভক্তবাই কেবল ভগবানের নাম কীর্তনের প্রতি আকৃষ্ট হন, কিন্তু বারাণসীতে ওজভক্ত পাওয়ান কোন সম্ভাবনাই নেই। শ্রীটেতন্য মহাপ্রভুর সেই বোঝা ছিল অত্যন্ত ভারী, তাই তিনি প্রস্তাব করেছেল যে, কাশীতে বদিও ওজভক্ত নেই, তবুও কেউ যদি 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তনে ক্ষম্ব আগ্রহীও হন, ভার্বে সেই অয় ম্পোর বিনিময়েই তিনি তার কাছে সেই মহামূল্য সামগ্রী বিক্রম্ব করবেন।

পাশ্চাত্যদেশে হৈরেকৃষ্ণ মহামুম্ব প্রচার করতে এসে আমাদের বাস্তবিকভাবে সেই মতিয়েতা হয়েছে। আমরা যকন ১৯৬৫ সালে নিউইয়র্ক শহরে এসেছিলাম, তখন আমরা আশা করিনি যে এই দেশের মানুবেরা 'হরেকৃষ্ণ মহামার' এহণ করবে। কিন্তু তবুও আমরা মানুষদের নিজ্বণ করেছি আমাদের ছোট মন্দিরে এসে 'হরেকৃষ্ণ মহামার' কীর্তন করতে, এবং ভগবানের দিব্যানাম এতই আকর্ষণীয়ে যে নিউইয়র্ক শহরে আমাদের সেই ছোট মন্দিরটিতে এসে সৌভাগ্যাম যুবকেরা কৃষ্ণভক্তে পরিণত হয়েছে। এই আন্দোলন যদিও সম্পূর্ণ সহায় সমলহান অবস্থায় গুরু হয়েছিল, তবুও তা আঞ্চ খুব সুন্দরভাবে সর্বত্র প্রচারিত হয়েছে। পাশ্চাত্যের দেশওলিতে 'হরেকৃষ্ণ মহামারের' প্রচার সমল হয়েছে কেনা সেখানকার যুবকেরা অপরাধী ছিল না। যে সমস্ত যুবকেরা এই আন্দোলনে যোগাদান করেছে তারা খুব একটা পরিত্র ছিল না অথবা বৈদিক জ্ঞান সমন্দ্রত ছিল না, কিন্তু থেতেত্ব তারা ভগবানের চরণে অপরাধী ছিল না, ভাই তারা হরেকৃষ্ণ আন্দোলনের থকার হতে দেশে আমরা গভীন আনন্দ অনুভব করি এইভাবে এই আন্দোলনের প্রসার হতে দেশে আমরা গভীন আনন্দ অনুভব করি এইভাবে এই আন্দোলনের প্রসার হতে দেশে আমরা গভীন আনন্দ অনুভব করি এইভাবে এই আন্দোলনের প্রসার মান্তিক নির্বিশেরবাদী বা মান্তাবাদীদের থেকোও প্রিত্র।

শ্লোক ১৪৬ এত বলি' সেঁই বিপ্লৈ আত্মসাথ করি'। প্রাতে উঠি' মধুরা চলিলা সৌরহরি ॥ ১৪৬ ॥ শ্লোকার্থ

এই বলে, জ্বিটৈডনা মহাপ্রকু সেই ব্রাহ্মণটিকে তার ভক্তকাপে অদীকার করে, পরের দিন খুব ভোৱে উঠে মধুরা অভিমূপে বারো করকেন।

> শ্লোক ১৪৭ সেই ভিন সঙ্গে চলে, প্রস্তু নিষেধিল । দৃশ্ল হৈতে ভিনন্ধনে ঘরে পাঠাইল ॥ ১৪৭ ॥

প্রীতৈজন্য মহাপ্রতু মধন মধুরা অভিমুখে যাত্রা করলেন, তথন সেই তিনজন তড়ও সঙ্গে সঙ্গে চললেন। কিন্তু, মহাপ্রভু ভালের সঙ্গে খেতে নিধেধ করে দূর থেকে তাদের মরে ফেরত পাঠালেন।

> শ্লোক ১৪৮ প্রভুর বিরহে ভিনে একত্র মিলিয়া। প্রভুগুল-গান করে প্রেমে মন্ত হুগো ॥ ১৪৮ ॥

(आक ५११)

শ্ৰোকাৰ্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূর বিরহে, তারা তিন জন একত্রে মিলিড হয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূর গুণগান করতেন। এইভাবে ফারা মহাপ্রভূর প্রেমে ময় হয়েছিলেন।

> প্লোক ১৪৯ 'প্ৰয়ালে' আদিয়া প্ৰভূ কৈল বেণী-সান । 'মাধৰ' দেখিয়া প্ৰেমে কৈল নৃত্যগান ॥ ১৪৯ ॥ ধোৱাৰ্য

প্রয়াগে পৌঁছে জীটেডনা মহাপ্রভূ ত্রিবেশীতে সান করলেন, এবং মন্দিরে বেশীমাধবের মর্লন করে প্রেমাবিষ্ট হয়ে মৃত্যু দীত করলেন।

ভাৎপর্য

প্রমাণ বর্তমান এলাহাবাদ শহর থেকে করেক মাইল দূরে অবস্থিত। প্রকৃষ্টরাপে যাগ সম্পাদন হয় বলে এই স্থানের নাম প্রয়াগ শান্তে কলা হয়েছে—প্রকৃষ্টঃ যাগঃ যাগয়লার ফ্রেমার। কেউ যদি প্রয়াগে যক্তা অনুষ্ঠান করেন, তাহলে তিনি তৎক্ষণাৎ তার কল লাভ করেন। প্রয়াগেকে তীর্থনাক্তার কলা হয়। এই পবিত্র তীর্থাটি গলা ও সমুনার সলমস্থলে অনুষ্ঠিত প্রয়া। প্রতি বছর এখানে মাঘ্যমেলা অনুষ্ঠিত হয় এবং প্রতি দ্বাদশ বংসতে কৃষ্তমেলা অনুষ্ঠিত হয়। প্রতি বছর বহু মানুষ এই পুশান্তীর্থে লাল করতে আসে। সাঘ্যমেলার সময় সাধারণত নিকটবন্তী অঞ্চলের লোকেরাই স্নান করতে আসেন। কিন্তু কৃষ্তমেলার সময় সাধারণত নিকটবন্তী অঞ্চলের লোকেরাই স্নান করতে আসেন। কিন্তু কৃষ্তমেলার সময় সায়া ভারতবর্ত্তের বিভিন্ন প্রান্ত থেকে মানুষেরা এখানে এসে ক্রিকেণীতে স্নান করেন। ক্রেমার গোলেই সেই স্থানের হিমার প্রভাব উপলব্ধি করা যায়। প্রায় পাঁচশ বছর আগে স্মান্তি আকবর নির্মিত একটি দুর্গ এখানে রয়েছে এবং সেই দুর্গের অনতিন্তেই ক্রিনেণী। প্রয়াগের অপর পার্মে প্রাচীন প্রতিষ্ঠানপুর বা বর্তমান শ্বীস। বছু সাধু এখানে বাস করেন, তাই প্রয়ার্থিক বিশ্ব বিশ্বা এই শ্বানটি অভ্যন্ত আক্রমনীয়।

শ্লোক ১৫০ যমুনা দেখিয়া প্রেমে পড়ে কীপ দিয়া। আন্তে-ব্যব্তে ভট্টাচার্য উঠায় ধরিয়া ॥ ১৫০ ॥ শোকার্য

যমুনা দর্শন করে প্রীটেডন্য মহাপ্রফু প্রেমে উক্ষন্ত হয়ে তাতে বাঁপিয়ে পড়লেন; তখন বলস্তক্র ডট্টাচার্য ক্রন্ত তাঁকে ধরে খুব সাবধানে তাঁকে তুলে আনকেন।

> শ্লোক ১৫১ এইমত তিনদিন প্রয়াধে রহিলা । কৃষ্ণ-নাম-প্রেম দিয়া লোক নিস্তারিলা ॥ ১৫১ ॥

প্ৰোকাৰ্থ

এইড়াবে ঐতিক্রন্য মহাপ্রফু ভিনমিন প্রয়াগে অবস্থান করলেন; সেখানে কৃষ্ণনাম ও চিমায় প্রেম মান করে বহু লোককে নিস্তার করলেন।

> শ্রোক ১৫২ 'মখুরা' চলিতে পথে যথা রহি' খাম । কৃষ্ণ-নাম-শ্রেম দিয়া লোকেরে নাচায় ॥ ১৫২ ॥ শ্লোকার্থ

মণ্রা ধাব্যর পথে যেই যেঁই স্থানে শ্রীচৈতন্য মহাপ্রস্থ বিশ্রাম করার জন্য থেমে ছিলেন, সেখানেই তিনি কৃষ্ণনাম এবং কৃষ্ণগ্রেম দান করে লোকদের নাটিয়েছিলেন।

> শ্লোক ১৫৩ পূর্বে যেন 'দক্ষিণ' যাইডে লোক নিজারিলা । 'পশ্চিম'-দেশে তৈছে সব 'বৈক্ষব' করিলা ॥ ১৫৩ ॥ শ্লোকার্থ

পূর্বে, ছব্রিণ ভারত স্তমণ করার সময় যেমন তিনি বছলোককে উদ্ধার করেছিলেন, ভেমনই পশ্চিম ভারত স্তমণের সময় তিমি বছ মানুষকে বৈষ্ঠ্যে পরিগত করেছিলেন। ভাৎপর্য

পূর্বে প্রীচৈতনা মহাপ্রভূ দক্ষিণ ভারত এবং পশ্চিম ভারতের বহু মানুবলে ভাবস্তুতি পরিগত করেছিলেন। তেমনই, এই হরেক্কঃ আন্দোলন আজা পৃথিবীর সর্বত্র ভাবানের দিবনোর কীর্তন করে মানুবদের উদ্ধার করছে প্রীচৈতনা মহাপ্রভূর কুপার ফলেই তা সম্ভব হয়েছে। প্রীচৈতনা মহাপ্রভূ ভবিষ্যৎ বাদী করেছিলেন যে, পৃথিবীর প্রতিটি নগরে ও প্রামে মানুবকে হরেক্কঃ মহামন্ত্র কীর্তন করার সুযোগ দান করে, তিনি তাদের উদ্ধার করবেন।

> শ্রোক ১৫৪ পথে যাহাঁ যাহাঁ হয় যমুনা-দর্শন ৷ তাহাঁ কাঁপ দিয়া পড়ে প্রেমে অচেতন ৷৷ ১৫৪ ৷৷ শ্লোকার্থ

মধুরা যাবার পাথে ধেখানেই তিনি ধমুনা দর্শন করেছেন, সেখানেই তিনি সেঁই নদীতে বাগ দিয়ে গড়ে প্রেমে অচেতন হয়েছেন।

> শ্লোক ১৫৫ মধুরা-নিকটে ভাইলা, মধুরা দেখিয়া । দণ্ডবং হুঞা পড়ে প্রেমাবিস্ট হুঞা ॥ ১৫৫ ॥

450

প্ৰোক ১৬৩ী

<u>ভোকার্থ</u>

মধুরার নিকটে একে মখুরা দর্শন করেই তিনি প্রেমাবিষ্ট হয়ে দংগ্রং প্রণতি নিকেন করেছিলেন।

গ্লোক ১৫৬

মথুরা আসিয়া কৈলা 'বিশ্রান্তি তীর্থে' 'রান ! 'জন্মস্থানে' 'কেশব' দেখি' করিলা প্রণাম ॥ ১৫৬ ॥

মপুরার। পৌঁছে তিনি বিস্তাম খাটো সান করলেন, এবং শ্রীকৃক্ষের জন্ম স্থানে কেলবজীর বিগ্রাহ দর্শন করে প্রথতি নিবেদন করলেন।

ক্তাৎপর্য

বর্তমানে কেশবন্ধীর মন্দিরের অনেক সংস্কার হয়েছে। এক সময় উরস্করেব কেশবন্ধীর মন্দির আক্রমণ করে সেখানে এক বড় এবটা মসজিন নির্মাণ করে যে, কেশবন্ধীর মন্দিরটি প্রায় করে সোলে একা পড়ে যায়। কিন্তু, বছ ধনী মাড়েনগর্নীর সংগ্রহার এখন সেখানে একটি বড় মন্দির তৈরি হয়েছে যে, তার তুখনার মসজিনটি অত্যন্ত নগুনা হয়ে। গেছে। সেখানে বছ প্রত্নতাব্দিক তথা আনিদ্ধত হয়েছে, এবং বিদেশের বছ মানুর প্রীকৃষ্ণের এই অশাস্থানটির মহিমা উপলব্ধি করতে পারছে। আন্দোলন আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত আন্দোলন বছ বিদেশীদের কেশ্বন্ধীর মন্দিরে আকর্ষণ করেছেন এবং এখন তার। কৃদাবনের কৃষ্ণ-বলরাম মন্দিরের প্রতিও আল্টেই হ্যেন

নোক ১৫৭

প্রেমানদে নাচে, গায়, সধন ক্সার । প্রভূর প্রেমাবেশ দেখি' লোকে চমৎকার ।: ১৫৭ ॥ গোলার্থ

প্রেমানদে মধ্য হয়ে গ্রীচৈতন্য মহাপ্রফু নৃত্য করতে লাগজেন, গনে কহিতে লাগলেন এবং হারের করতে লাগলেন। তার প্রেমাবেশ দর্শন করে সেখানে সমকের সমস্ত মানুদেরা চমংকৃত হলেন

গ্ৰোক ১৫৮

একবিপ্র পড়ে প্রভুর চরণ ধরিয়া। প্রভু-সঙ্গে নৃত্য করে প্রেমানিউ হুঞা ॥ ১৫৮ ॥

একজন খ্রাদাণ শ্রীটেডন্য মহাপ্রভুর পাদপরে পতিত হলেন এবং প্রেমানিট হরে ভার সম্বে নৃত্য করতে লাগলেন। শ্ৰোক ১৫৯

দূঁহে প্রেমে নৃত্য করি' করে কোলাকুলি। হরি কৃষ্ণ কহ দুঁহে বলে বাহ তুলি'॥ ১৫৯॥

শ্লোকার

ভাঁনা মুদ্ধনে ভগৰং-প্ৰেমে আবিষ্ট হয়ে নৃত্য করে কোলাকুলি করলেন; এবং দুহাত ভূলে কাতে লাগলেন, "হরি কৃষ্ণ দাম কীর্তন কর!"

(関本) 40

লোক 'হরি' 'হরি' বলে, কোলাহল হৈল । 'কেলব'-সেবক প্রভূকে মাল্য পরাইল ॥ ১৬০ ॥

সকলে তথন হরি হরি বলতে লাগলেন এবং তার ফলে সেখানে তুমুল কোলাছল হল; এবং কেশবজীর সেবক শ্রীটেডনা মহাপ্রতুকে মালা পরালেন।

শ্রোক ১৬১

লোকে কৰে প্ৰভু দেখি' হথা বিষয় । ঐছে হেন প্ৰেম 'লৌকিক' কছু নয় ॥ ১৬১ ॥

শ্রীচৈতন্য মহাপ্রভৃতে প্রেমানিউ হয়ে নৃত্য-গীত করতে দেখে ল্যাকেরা অত্যন্ত বিশ্মিত হয়ে নলতে লাগলেন, "এই প্রকার অপ্রাকৃত প্রেম কখনী সাধারণ মানুদের পলে সন্তব নয়।"

রোক ১৬২-১৬৩

খাঁহার দর্শনে লোকে প্রেমে মন্ত হঞা । হাসে, কান্দে, নাচে, গায়, কৃষ্ণনাম লঞা ॥ ১৬২ ॥ সর্বথা-নিশ্চিত—ইহো কৃষ্ণ-অবতার । মধুরা আইলা লোকের করিতে নিতার ॥ ১৬৩ ॥

<u>রোকার্থ</u>

লোকেরা বলতে লাগলেন, "মাঁকে দর্শন করে লোকেরা কৃষ্যপ্রেমে মন্ত হয়ে কৃষ্ণ নাম প্রহণ করতে করতে হাঙ্গে, কাঁদে, নাচে এবং গান গায়, তিনি নিশ্চমই শ্রীকৃষ্ণেনাই অবভার। এবন তিনি সকলকে উদ্ধার করার জন্য মথুরায় এসেছেন " (計本 268-266

তবে মহাপ্রভূ সেই ব্রাহ্মণে লঞা । তাঁহারে পুছিলা কিছু নিভূতে ৰসিয়া ॥ ১৬৪ ॥ 'আর্য, সরল, তুমি—বৃদ্ধ ব্রাহ্মণ । কাহাঁ হৈতে পাইলে তুমি এই প্রেমণন?' ॥ ১৬৫ ॥

তারপর, শ্রীটৈডনা মহাপ্রভূ সেই ব্রাহ্মণটিকে নিয়ে একটি নিভূত স্থানে বলে ওাঁকে জিজ্ঞাসা করলেন—"আপনি পারমার্থিক বিষয়ে উন্নত সরল ও বৃদ্ধ ব্রাহ্মণ। আপনি কোখা থেকে কৃষ্ণপ্রেম রূপ এই মহা সম্পদ লাভ করেছেন।"

শ্লোক ১৬৬
বিপ্র করে,—'শ্রীপাদ শ্রীমাধবেন্দ্রপূরী।
শ্রমিতে অমিতে আইলা মথুরা-নগরী ॥ ১৬৬ ॥
শ্রেকার্থ

সেই ব্রাহ্মণটি তথন বলকেন, "শ্রীপাদ মাধবেচেপুরী শ্রমণ করতে করতে মধুরা নগরীতে এনে উপস্থিত হয়েছিলেন।

শ্লোক ১৬৭ কৃপা করি' তেঁহো মোর নিলয়ে আইলা । মোরে শিষ্য করি' মোর হাতে 'ভিক্ষা' কৈলা ॥ ১৬৭ ॥

"কৃপা করে তিনি আমার গৃহে এসেছিলেন এবং আমাকে লিবাছে বরণ করে আমার হাতে ভিকা গ্রহণ করেছিলেন।

> প্লোক ১৬৮ গোপাল প্ৰকট কৰি' সেবা কৈল 'মহাশয়'। অদ্যাপিত্ তাঁহার সেবা 'গোবর্ধনে' হয় ॥ ১৬৮ ॥ গোকার্থ

শ্রীগোপালদেবের বিশ্রহ প্রকট করে শ্রীল মাধ্যবেক্সপুরী তাঁর দেবা করেছিলেন, এবং আজও গোর্বর্ধনে দেই দেবা চলছে।

> ক্লোক ১৬৯ শুনি' প্রভূ কৈল ভাঁর চরণ করন । ভয় পাঞা প্রভূ-পার পড়িলা ব্রাহ্মণ ॥ ১৬৯ ॥

লোকার্থ

শ্রীল মাধবেন্দ্রপুরীর সঙ্গে সেই ব্রাক্ষণের সম্পর্কের কথা শোনা মাত্রই, শ্রীটেতন্য মহাপ্রভূ ভার চরণে প্রণতি নিষেদন করে ভার বন্দ্রনা করতে লাগলেন, এবং সেই ব্রাক্ষণটি ভবন ভার পোরো শ্রীটেডন্য মহাপ্রভূব পাঙ্গে পড়লেন।

अंकि ३९०

প্রভূ কহে,—"ভূমি 'শুরু', আমি 'শিষা'-প্রায় । 'শুরু' হঞা 'শিষ্যে' নমস্কার না যুয়ার ॥" ১৭০ ॥ ক্লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রকু বললেন, "আপনি আমার শুরু এবং আমি আপনার শিয়ের মতো। তাই শুরু হরে শিখ্যকে প্রদাম করা উচিত নয়,"

> শ্লোক ১৭১ শুনিয়া বিশ্বিত বিপ্ল কহে ভয় পাঞা । ঐতে বাত কহু কেনে সন্ধ্যাসী হুঞা ॥ ১৭১ ॥

> > মোকার্থ

সেতথা ওনে মেই ব্রাক্ষণটি ভয় পেয়ে বললেন, "আপনি কেন সন্যাসী হয়ে এরকম কথা বলক্ষেন?

গ্লোক ১৭২

কিন্তু ভোমার প্রেম দেখি' মনে অনুমানি। মাধ্যেক্ত-পূরীর 'সম্বন্ধ' ধর—জানি ॥ ১৭২ ॥ শ্লোকার্থ

"কিন্তু অংপনার কৃষ্ণ-শ্রেম দর্শন করে আমি মনে মনে অনুমান করছি যে নিশ্চরাই মাধবেশ্র পুরীর সকে ভার বসন্ধ রয়েছে

শ্লোক ১৭৩

কৃষণপ্রেমা তাঁহা, খাঁহা তাঁহার 'সম্বন্ধ' । তাহাঁ বিনা এই প্রেমার কাহাঁ নাহি গদ্ধ ॥ ১৭৩ ॥ লোকার্থ

"বেখানে মাধ্যবন্ধপুরীর সঙ্গে সম্পর্ক রয়েছে সেখানেই কেবল এই প্রকার কৃষ্ণপ্রেম সম্ভব। তা না হলে এই প্রকার দিব্য-গ্রেমের লেশমাত্র লাভ করা সন্তব নয়। তবে ভট্টাচার্য তারে 'সমন্ধ' কহিল । শুনি' আনন্দিত বিশ্র নাচিতে লাগিল ॥ ১৭৪ ॥

তথন বলভদ্র ভট্টাচার্য সাধ্যবন্দ্রপুরীর সঙ্গে শ্রীচৈতন্য মহাপ্রভূর সম্পর্কের কথা কলগেন, এবং তা ওনে সে রান্ধ্রপটি আনক্ষে মশ্ব হয়ে নৃত্য করতে লাগলেন।

শ্লোক ১৭৫
তবে বিপ্র প্রভুৱে লঞা আইলা নিজ-ঘরে।
আপন-ইচ্ছায় প্রভুৱ নানা সেবা করে ॥ ১৭৫ ॥

শ্লোকার্থ

সেই ব্রাহ্মণটি তথন শ্রীতৈতন্য মহাপ্রভূকে তার গৃহে নিমে এলেন এবং তার মনের বাসনা অনুসারে নানাভাবে তাঁর সেবা করতে লাগলেন।

শ্লোক ১৭৬-১৭৭

ভিকা লাগি' ভট্টাচার্যে করাইলা রন্ধন । তবে মহাপ্রভু হাসি' বলিলা বচন ॥ ১৭৬ ॥ "পুরী-গোসাঞি ডোমার ঘরে কর্যাছেন ভিকা । মোরে তুমি ভিকা দেহ,—এই মোর 'শিকা' ॥" ১৭৭ ॥ শ্লোকার্থ

তিনি বলঙাও ভট্টাচার্যকে প্রীচৈতন্য মধাপ্রতুর মধ্যাকে ভোজনের জন্য রক্ষণ করতে বললেন: এবং তখন মহাপ্রভু থেনে তাকে বললেন—"মাধ্যমেপুরী গোলামী আপনার মরে ভিক্ষা গ্রহণ করেছেন; তাই আপনি রক্ষন করে আমাকে ভিক্ষা দান করুন। সেইটিই আমার শিক্ষা,"

শ্রোক ১৭৮

যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তরদেবেতরো জনঃ । স যৎ প্রমাণং ক্রনতে লোকস্তদনুবর্ততে । ১৭৮ ॥

য়ং মং—্যেভাবে, আচরতি—আচরণ করেন, শ্রেষ্ঠঃ—মহাজন, ভং ডং—্সেইভাবে, এব অধন্যাই ইডরঃ ইডব, জনঃ মানুষ, সঃ সে, বং—যা, প্রমাণম্ প্রমাণ, কুরুতে—গদর্শন করে, শোকঃ ন্যানুষ, তং—ডার, অনুবর্ততে—অনুগমন করেন।

वनुदान

বীতৈতনা মহাপ্রভুর কুদাবন গমন

" 'শ্রেষ্ঠ ব্যক্তি ধেন্ডাবে আচরণ করেন, সাধারণ মানুষেরা সেইভাবে তাঁর অনুগমন করেন। শ্রেষ্ঠ ব্যক্তি আদর্শ কর্মের দ্বারা যে দৃষ্টান্ত স্থাপন করেন, সকলেই ডা এহণ করেন।'

ভাৎপর্য

এই মোকটি *ডগক্গীরা* (৩/২১) খেকে উদ্বত।

শ্লোক ১৭৯

বদাপি 'সনোড়িয়া' হর সেইড ব্রাহ্মণ । সনোড়িয়া-ঘরে সন্মাসী না করে ভোজন ॥ ১৭৯ ॥ ধোকার্থ

সেঁই ব্রাক্ষণটি ছিলেন সনোড়িয়া বর্ণের ব্রাক্ষণ, এবং সনোড়িয়া ব্রাক্ষণদের ছরে সাধারণত সম্মানীতা ক্ষেত্রন করেন না।

ভাৎপর্য

শ্রীল ভক্তিবিনের ঠাকুর বলেছেন যে উত্তর পশ্চিম ভারতের বৈশারা তাগুরওয়ালা'. 'কালওয়ার', 'সালোয়াড' ইত্যাদি কয়েকটি ভাগে বিভক্ত , তাদের মধ্যে আগরওয়াঞানটি উত্তন শ্রেণীর বৈশ্য, এবং কালওয়ার ও সানোয়াড়রা ভাদের বৃত্তিগত কার্য দোৱে পতিত বলে বিবেচিত হয়। কালওয়ারেরা সাধারণ্ড সূর্য আদি মাদক দ্রব্য পান করে। খুনিও তার। বৈশ্য ভবুও ভাষের পতিত বলে বিবেচনা করা হয় কালওয়ার এবং সানোয়াড়ানের যার। খাজন করেন তাদের বলা হয় সনোড়িয়া প্রাশ্বন। শ্রীল ডান্তিবিনোদ ঠাকুর বলেছেন যে বাংলাদেশে সানোড়ার শব্দে সুবর্ণ বনিকদের বোঝানো হয়। বাংলাদেশেও যে সমস্ত প্রাক্ষণের। সুবর্ণ ববিক সম্বাদায়ে যাক্ষন করেন, তাদেরও নিম্ন শ্রেণীর প্রাক্ষণ বলে বিবেচনা কর। হর। সানোয়াড় এবং সুবর্ণ বাণিকদের মধ্যে অল পার্থক্য রয়েছে। সাধারণত সুবর্ণ ষণিকের। সোনা ও রূপোর ব্যবসা করে এবং টাকা খাটায়। পশ্চিম দেশে আধারওয়ালার।ও টাক। বাটায়, সুবর্ণ বশিক বা আগরওয়াল সম্প্রদায়ের সেইটিই হচ্ছে মূল বাবসা। ঐতিহাসিকভাবে, আগরওয়ালারা পশ্চিমের অযোধ্যা থেকে এমেছেন, এবং সুরুগ রখিষেরাও জাযোধা থেকে এদেছেন। তা খেকে খনে হয় যে সুবর্ণ বণিক এবং আগরওয়ালের। এकई সম্প্রদারের লোক। সনোভিরা ব্রাহ্মণেরা কালওয়াড় এবং সানোরাড়দের যাজক। ভাই তালের নিম্ন শ্রেণীর প্রাক্ষণ বলে বিবেচনা করা হয়, এবং সন্মাদীরা তাদের গুহে ভিক্ষা গ্রহণ করেন নাং কিন্ত প্রীটৈতন্য মহাগ্রভ সনোড়িয়া ব্রাশ্বণের হাতে রাল্য করা অপ্রবাপ্তন ডোজন করেছিলেন কেননা তিনি ছিলেন মাধ্বেন্দ্রপুরীর শিষ্য । শ্রীল মাধরেন্দ্রপূরী ছিলেন খ্রীচৈতন্য মহাপ্রভূর গুরুদের ঈশ্বরপূরীর গুরুদের। তাই জাগতিক উচ্চ-নীচ ভেদ বিচার না করে পারমার্থিক ক্রন্তে তাদের মধ্যে এক পারমার্থিক সম্পর্ক পতিন্তিত হয়েছিল।

(29年 51-8]

প্রোক ১৮০ তথাপি পুরী দেখি তার 'বৈষ্ণৰ'-আচার । 'শিষ্য' করি' তার ভিক্ষা কৈল অঙ্গীকার II ১৮০ II

মনিও সম্যাসীরা সনোজিয়া ব্রাহ্মণের যারে ভোক্তন করেন না, তথাপি শ্রীল মান্ধবেন্দ্রপুরী সেই ব্রাহ্মণটির বৈষ্ণব আচার মর্শন করে তাকে শিব্যত্তে বরণ করেছিলেন, এবং ভার গৃহে ডিক্সা গ্রহণ করেছিলেন।

শ্লোক ১৮১-১৮৩
মহাপ্রভূ তাঁরে যদি 'ভিক্লা' মাগিল ।
দৈন্য করি' সেই বিপ্ল কহিতে লাগিল ॥ ১৮১ ॥
ভোমারে 'ভিক্লা' দিব—বভূ ভাগ্য সে আমার ।
ভূমি—ঈশ্ব, নাই তোমার বিধি-ব্যবহার ॥ ১৮২ ॥
'মুর্থ'-লোক করিবেক ভোমার নিন্দন ।
সহিতে না পারিমু সেই 'দুস্টে'র বচন ॥ ১৮৩ ॥
রোকার্থ

শ্রীকৈতন্য মহাপ্রজু মদিও সেই সনোভিয়া ব্রাহ্মপটিকে তাঁর জন্য রক্ষা করতে অনুরোধ করলেন, তথাপি সেই ব্রাহ্মণ স্বাভাবিক দৈন্য সহকারে দগতে লাগলেন—"এ আমার পরম সৌভাগ্য যে আপনাকে আমি ভিক্ষা দেব আপনি পরমেশ্বর ভগবান, এবং ভাই আপনি কোন বিধি-নিয়েশ্বর অপেক্ষা করেন না। কিন্তু মূর্খ লোকেরা ভাহলে আপনার নিক্ষা করেব, এবং সেই সমস্ত দৃষ্ট লোকের সেই নিক্ষা বাক্য সহ্য করতে পারব না।" তাহপর্য

শ্রীল ভাতিনিদ্ধান্ত সরস্থতী ঠাকুর মন্তব্য করেছেন যে সেই ব্রাক্ষণটি যদিও উচ্চ শ্রেদীকুক্ত ছিলেন না, তথালি তিনি নিভীকভাবে সেই সমস্ত জাতি-গ্রাক্ষণদের নিদা করেছেন, কেননা তিনি গুদ্ধভক্তির স্থারে অধিষ্ঠিত ছিলেন শ্রীক্রিতনা মহাপ্রভু নিম্ন বর্ণের মানুষদের বৈধ্ববে পরিণত করেছিলেন বলে কিছু লোক তাঁর বিরোধিতা কয়েছিল। এই ধরনের মানুষরো মহাপ্রসাদকে অধাকৃত বলে বিষেচনা করে না। তাই তাদের এখানে মূর্ব এবং দুউ বলে খর্ণনা করা হয়েছে। এই ধরনের উচ্চবর্দের লোকদের তিরস্কার করার অধিকার ওদ্ধবৈধ্বর রয়েছে তাই তাঁর এই নিভীক উচ্চিকে দস্ত বা গর্বজ্ঞাত বলে মনে করা উচিত নয়। পক্ষান্তরে, এটি তার সরলতার পরিচয় এই ধরনের হছভক্তেরা কখনও উচ্চকুলোন্তত বিশ্ববিরোধী স্থার্ভ ব্যাম্বর্ণদের লেহন করেন না।

(制有 378

প্ৰভূ কহে,—"শ্ৰুতি, স্মৃতি, ষত ঋষিগণ। সৰে 'এক' মত নহে, ডিন্ন ডিন্ন ধৰ্ম ॥ ১৮৪ ॥ প্ৰেকাৰ্থ

প্রীচৈতন্ত মহাপ্রকু কললেন, "কো, পূরাণ এবং সমস্ত শ্বমিরা সর্বদা এক মত নন ভার কলে ভিত্র ভিত্র ধর্মের সৃষ্টি হরেছে।

ভাৎপর্য

অন্ধা অন্তনের অধিষ্ঠিত না হওৱা পর্যন্ত একমত হওৱা সম্ভব নয়। নাসী অধির্যনা মতং ন ভিমন্—ব-প্রবর্তিত ভিন্নমত প্রতিষ্ঠা না করতে পাবলে তাকে পরি বলে গণন করা হয় না। অন্ত ভূমিকার একমত হওয়া সম্ভব নয়, তাই ভিন্ন ভিন্ন ধর্মমতের সৃষ্টি হয়েছে। কিন্তু, অব্যাতত্ব এক, এবং কেউ যখন সেই অব্যা জানের স্তরে প্রতিষ্ঠিত হন, তখন আর কোন মতানৈকা থাকে না। সেই অব্যা জানের স্তরে পরমেশ্রর ভগবান আরাধিত হল। ভগবস্থীতায় (১৮/৫৫) বর্ণিত হয়েছে—ভজ্যা মামভিজানাতি যাবান্ ফলাক্মি তত্তত্ব। পরম স্তরে, আরাধ্য ভগবান এক, এবং তাকে আরাধ্যার পত্তাও এক। সেই পত্তত্ব। পরম স্তরে, আরাধ্য ভগবান এক, এবং তাকে আরাধ্যার পত্তাও এক। সেই পত্ততিক বলা হয় ভক্তি।

যানুব ভগবন্ত তির সেই সরম ভরে অধিষ্ঠিত ইননি বলে আর সারা পৃথিরী জুড়ে নানা প্রকার ভিন্ন ভিন্ন ধর্মের প্রবর্তন হয়েছে কিন্তু ভগবন্দীতায় (১৮/৬৬) ভগবান নির্দেশ দিয়েছেন—সর্বধর্মন পরিভাজা মামেকং শরণং রজ। একম মানে 'এক' কৃষণ। সেই স্তরে ভিন্ন ভিন্ন ধর্ম অনুশীলনের পদ্ধা নেই গ্রীমন্ত্রাগরতেও (১/১/২) বলা হয়েছে —গর্মঃ গ্রোক্তিকতবোহত্ত। জড় স্তরে ভিন্ন ভিন্ন ধর্মমত সয়েছে, কিন্তু শ্রীমন্ত্রাগরতের তর্নতেই এই সমস্ত ধর্মমন্ত জিলে কৈতব ধর্ম বা কপট ধর্ম বলে বর্ণনা কলা হয়েছে এই সমস্ত ধর্মের কোনটিই ধথার্থ ধর্ম নয়। যথার্থ ধর্ম হছে সেটিই যা জীবকে পর্যামন্ত্র ভগবানকে ভালবাসতে উবৃদ্ধ করে। গ্রীমন্ত্রাগরতের (১/২/৬) বর্ণনা আনুসারে—

म देव पुरमाः भरता घटमी गरका ७क्टिनस्थाकरक व्यटङ्काञ्चिक्ता वग्नाचा मुश्रमीमिति ॥

"নমগ্র মানব সমাজের পরম ধর্ম হচ্ছে সেটিই যার প্রভাবে মানুব অধ্যোক্ষত্র ভগবানের গ্রেমমন্ত্রী সেবা লাভ করতে পারে। সেই প্রেমমন্ত্রী সেবা যেন অবশাই অহৈত্বী এবং অপ্রতিহতা হয়, ভাহনেই আছা সম্পূর্ণরূপে ভূষ্ট হয়।"

এই তারে ভাগবানের সেবা ছাড়া আর অন্য কোন অভিনাধ থাকে না। তাই তথন তত্ত্ব বিষয়ে সাভাবিকভাবেই এক মও হওয়া যায়। ভিন্ন ভিন্ন দেহ ও মনের ভিন্ন ভিন্ন বৃত্তি থানার ফলে ভিন্ন ভিন্ন ধর্মের প্রয়োজন রয়েছে, কিন্তু কেউ যথন আত্মধর্মে অধিপ্তিত হন, তথন জার দেহ ও মনের বিভিন্নতা থাকে না। তাই চিম্ময় ভারে ধর্ম এক।

শ্লোক ১৮৫ ধর্ম-স্থাপন-হেতু সাধুর ব্যবহার । পুরী গোসাঞির যে আচরণ, সেই ধর্ম সার ॥ ১৮৫ ॥ শ্লোকার্থ

"যথার্থ সাধু বা ভক্ত তাদের আচরগের মাধ্যমে প্রকৃত ধর্মের তত্ত্ব স্থাপন করেন। শ্রীল মাধবেন্দ্রপুরী যেভাবে আচরণ করে গেছেন সেইটিই হচ্ছে ধর্মের সার।"

এই শ্লোকের ভাবের শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর বলেছেন—সাধু অথবা সং ব্যক্তিকে মহাজন বা মহাব্যা বন্ধা হয়। মহাব্যার বর্ণনা করে ভগবদ্গীতায় (৯/১৩) বনা হয়েছে—

> মহাত্মানক্ত মাং পার্থ দৈবীং প্রকৃতিমাখিতাঃ : ভজজ্ঞানন্যমনসো আত্ম ভুতাদিমব্যয়স্ ॥

"হে পার্থ, মহাদারা আমার দৈবী প্রকৃতির আপ্রিত তারা সর্বতোভাবে আমার প্রেমমনী সেবার যুক্ত, কেন না তারা আমাকে সমস্ত কিছুর আদি, অবায়, প্রয়েশর ভগবান বলে জানো "

পারমার্থিক ও আগতিক বিচারে মহাস্যা সম্বন্ধে বিভিন্ন গারণী রয়েছে। বছাজীবের মনোধর্ম বা ইন্দ্রিয়ালক জ্ঞানের ধারণায় যারা তাদের ইন্দ্রিয়া সৃধভোগের এবং ইন্দ্রিয়া-তর্পণের ইন্দ্রন করে, তারাই 'মহাজন' বলে তাদের কাছে বিবেচিত হন। ব্যবসায়ীর কাছে, 'উত্তর্যা' মহাজন হতে পারেন, ভোগপর কর্মীর কাছে 'ক্রেমিনামি খবি' বা বিভিন্ন মত পোরক ধর্মশান্তকারের। মহাজন: ইন্দ্রিরোর বৃত্তি নিরোদকারী যোগীদেন কাছে পতপ্রধানী আদি খবি মহাজন; শুল আদি খবি মহাজন; শুল আদি খবি মহাজন; শুল আদি খবি মহাজন; শুল আন অসুরদের কাছে হিরণাক্রে, হিরণাকশিপু, রাবণ, মেঘনাদ, 'জরাসক্র মহাজন দেহের বিবর্তন সম্বন্ধে জন্ধনা-কল্পনাকারী লড়বাদী বৃবিজ্ঞানীদের কাছে ভারউইনের মতো বাজিরা মহাজন পরমেশ্বর ভগনানের সঙ্গে কিছু মানুব মহাজন বলে মনে করে তেমনই, দার্শনিক, ঐতিহাসিক, সাহিত্যিক, বক্তা এবং সামান্তিক ও রাজনৈতিক নেতাদেরও কঞ্চাও কঞ্চাও মহাজন বলে হবিত্তা মহাজন করে তেমনই, দার্শনিক, ঐতিহাসিক, সাহিত্যিক, বক্তা এবং সামান্তিক ও রাজনৈতিক নেতাদেরও কঞ্চাও কঞ্চাও মহাজন বলে হবিত্তা মহাজনের এক প্রকার মানুবদের ধারা পৃত্তিত হন, আদের সঙ্গঙ্গে প্রীমন্তাক্ষতে (২/০/১৯) বলা হয়েছে—

संविज्यवादार्ग्युविकः मश्चाकः भूक्रयः भक्तः । म यदः कर्यभएषाभएका छाजू नाम भूमाधकः ॥

"যে সমস্ত মানুষ কুকুর, শূকর, উট এবং গাধার মতো, তারা এমন সমস্ত মানুষদের স্তৃতি করে, যাদের কর্ণ কুহুরে কখনও গদাগুজ শ্রীকৃষ্ণের নাম প্রবেশ করে না।" ইটিডেনা মহাপ্রভুর বৃন্দবিন গমন

এইভাবে জড় ভরে পণ্ড সদৃশ নেতারা গণ্ড সদৃশ মানুষদের দ্বারা পৃজিত হচ্ছে क्ष्युन्छ क्ष्युन्छ छाक्तात्र प्रनुखुर्विष এवर সমাজদেবীরা দেহের কেনা, দৃঃখ এবং ভর দরীকরণের চেটা করেন, কিন্তু জীবের চিন্নয় স্বরূপ সম্বন্ধে এবং পর্যোশ্বর ভগবানের সঙ্গে সম্পর্ক সম্বন্ধে তাদের কোন জান নেই, কিন্তু তবুও মোহাচরঃ মানুষেরা তাদের মহাজন বলে বিকেন। করে। আত্মবঞ্চিত মানুষেরা বংশের দোহাই দিয়ে ওঞ্চছের দাবীকারী অর্থনোলুপ প্রবঞ্চনের গুরুরূপে গ্রহণ করে। এইডাবে তারা প্রভারিত হয়। কিছু কিছু মানুষ শ্রীল বৃন্ধবেন দাস ঠাকুর বর্ণিত তঙ্গবিপ্রদের (প্রবঞ্চক ব্রাহ্মণ) মহাজন বলে স্বীকার করে। এই ধরনের প্রবর্ভকেরা শ্রীন্স হরিদাস ঠাকুরের প্রতি ঈর্ষাপরায়ণ হনো প্রকৃত মহাজন হরিদাস ঠাকুরের অনুকরদ করে, তারা নানা রকম কৃত্রিম প্রয়াস করে নিজেদের মহাভক্ত বলে প্রচার করে, অথবা যাদূবিদ্যা ও বৃজরাকী বুঝিয়ে মুর্খলোকদের বিবেচনায় মহাজন পদবাচ্য হয়। কিছু কিছু মানুষ প্রতনা, ভূগাবর্ড, বংস, বক, আৰু, ধেনুক, প্ৰদায় আদি অনুধানের মহাজন বলে মনে করে । কিছু মানুষ বিযুহবিরোধী সৌপ্রক, শুগলে-মাসুদেব, দৈত্যওক গুক্র, নান্তিক চার্বাক, বেণ, সুগত, অর্থৎ, এদের মহাজন বলে যনে করে। এই ধরনের মানুষেরা খ্রীচৈতনা মহাপ্রভুকে পরমেশ্বর ভগবান বলে বিশ্বাস করে না। পকান্তরে, তারা ভগবং-বিদ্বেষী প্রবঞ্চকদের, ভগবানের অবতার ধলে মনে করে প্রতাবিত হয়। এইভাবে বহ মূর্ব পাষতী মহান্তন রূপে স্বীকৃত হচেছ

অড় অগতে কেউ কর্মবীর বলে প্রসিদ্ধ হতে পারে, অথবা ধর্য অনুষ্ঠানে অত্যন্ত স্থান্দ হতে পারেন, অথবা জ্ঞানবীর হতে পারেন, অথবা প্রসিদ্ধ ড্যাগী হতে পারেন, কিন্ত শ্রীমন্ত্রাগবতে (০/২০/৫৬) সে সম্পর্কে নিম্নদিখিত নির্দেশটি দেওয়া হয়েছে—

> त्मह वर कर्य धर्मात म विताशास कब्राट । म डीर्चभग्रत्मवाहेत बीवसिम मृट्डा हि मा 🏾

"হার কর্ম ভাকে ধর্মের মার্গে উরীত করে না, যার ধর্ম অনুষ্ঠান ভাকে বৈরাগোর স্তরে উরীত করে না, এবং যার বৈরাগ্য প্রমেশ্বর ভগবানের সেবায় উধুদ্ধ করে না, সে ভীবিত হরেও মৃত।"

ভার্থাৎ, সমন্ত পূশ্যকর্ম, সকাম কর্ম, ধর্ম অনুষ্ঠান এবং বৈশ্বাপ্যের চরম পক্ষা হচ্ছে ভগবানের প্রেমমনী সেবা। সেবার বিভিন্নতা বরেছে—কেউ দেশের, মানুষের, সমাজের, বর্ণাশ্রম ধর্মের, আর্ডদের, দরিস্তদের, ধনীদের, স্ত্রীলোকদের, দেবদেবীদের সেবা করতে পারেন। এই সমস্তই ইন্দ্রিয়-ভর্পণ বা জড়ভোগের অন্তর্গত। দূর্ভাগ্যবন্দত মানুষ সাধারণত এই প্রকার জড় কার্যকলাপের প্রতি আকৃষ্ট, এবং এই ধর্মের কার্যকলাপের নেতারাই মহাজন বলে বীকৃত। প্রকৃতপক্ষে তারা কেবল মানুষকে ভান্তপথে পরিচালিত করে, এবং সাধারণ মানুষ কৃষ্ততে পারে না কিভাবে তারা বিপথগামী হচেছ।

ন্ত্ৰীল ন্ত্ৰোন্তম দাস ঠাকুৰ বলেছেল—"সাধু শান্ত্ৰ-গুৰু ব্যক্তা, চিন্তেতে কৰিয়া ঐক্য", সাধু হচ্ছেল ন্ৰীচেতনা মহাপ্ৰভূৱ মতো মহাপুৰুষ। সেই প্ৰকাৰ সাধু, *শ্ৰীমন্তাগব*ত ও

২২৭

ভগবদ্গীতার মতো শাস্ত্র, এবং সদ্শুদ্ধ, এই ভিনের নির্দেশ অনুসরণ করে পানমার্থিক প্রথম অগুসর হতে হয়। ভগবস্তুতি বিহীন মানুষেরা সর্বদাই রান্তিশশত করু উদ্দেশ্য সমন্ত্রিত মানুষদের মহাজন বলে মনে করে। কিন্তু মহাজনের প্রশৃত লক্ষ্য হচ্চে কুবাত্তি। প্রায়াই দেখা বায় যে সকাম কর্মী। শুরু জানী, অভক্ত, হঠ যোগী, এবং কামিনী-কাঞ্চনে আসক্ত প্রবন্ধকদের মহাজন বলে স্বীকৃতি দেওয়া হয়। কিন্তু শ্রীমন্ত্রাপবতে (৬/৩/২৫) এট প্রকার জাবৈধ মহাজনদের সম্বন্ধে বলা হয়েছে—

প্রায়েণ বেদ তদিদং ন মহাজনোহয়ং দেবা বিমোহিতমতির্বত মানসালম্ । মধ্যাং জাতীকৃতম্তির্যধূপূম্পিতায়াং বৈতামিকে মহতি কর্মণি বৃদ্ধামানঃ ॥

অর্থাৎ, আগতে যে সমস্ত কর্মী মহাজন নামে খ্যাত সেই সমস্ত অন্ত জানেরা ভগবন্ত ভিন্ন
মাহান্ত্র্য জ্যানে না তাদের বৃদ্ধি ত্রিগুনমনী মানার বাবা বিমোহিত। তাই তাবা বিত্ত্ব
ভগবন্তুজির মহিলা হাদরাপ্তম করতে পারে না তাবা জড় কার্যকলাপের প্রতি আকৃষ্ট
হা, এবং জড়া-প্রকৃতির উপাসকে পরিণত হয়। তাই তারা সক্রম করী নামে পরিচিত।
তারা পারমার্থিক কার্যকলাপের নামে জড় কার্যে লিপ্ত হয়। ভগবদগীতার এই ধরনের
মানুষদের বেদবালগতা হলে বর্ণনা করা হয়েছে তারা বেদের প্রকৃত ভাবপর্য হালাসম
করতে পারে না, কিন্তু তবুও তারা নিজেদের বেদবা বন্ধে মনে করে। বাবা গহাবই
বেদবা তারা নিশ্চিতভাবে জানেন যে, প্রীকৃষ্ণ হজেন পরমেশর ভগবন। বেদেক
সার্ব্যহমের বেদার। (ভার গীর ১৫/১৫)

নাথার হার আছের মানুষ যথার্থ পদ্ম সম্বন্ধে অবগত নয়, তবি এটিচতনা মহাপ্রভূ বলেনে—'ধর্ম স্থাপনা হেতু সাধুর গ্যবহার।' এটিচতনা মহাপ্রভূ স্ববং ভগবন্ধন্তির পদ্ম অনুশীলন করে সকলকে তা অনুসরণ করার শিক্ষা দিয়ে গেছেন। 'পুরী গোসাতিরে যে আছেল, সেই ধর্ম সার ' এটিচতনা মহাপ্রভূ স্বয়ং মাধ্বেন্দ্রপুরীর আচরণ অনুসরণ করেছেন এবং তামাদের সেই পদ্ম অনুসরণ করতে নির্দেশ দিয়ে। গেছেন। দুর্ভাগ্যবেশ্নত অনাদি কাল গেকে মানুষ ভার জড় পরীরের প্রতি আসক্ত।

> यमाराज्ञिकः क्मरण विशानूरक वधीः यनजानिय् स्टीय देकारीः । यसीर्थनुष्किः मनिस्म न कहिष्टिस्मस्तवृज्जिसम् म अव भाषतः ॥

"মে সানুষ তিনটি ধাতু দিয়ে তৈরি তাব জড় দেহটিকে তার আয়া বা মকণ বলে মনে করে, দেহের সঙ্গে সম্পর্কিত কান্টিদের আয়ীয় মনে করে, যে স্থানে তার জয় হয়েছে সেই স্থানিটিকে তার পূজা বলে মনে করে এবং সে তীর্থ স্থানে যায় কেবল প্রান করার জন্য নর, তাদের গয় অথবা গায়া বলে বিবেচনা করা হয়েছে।" (ভাগবত ১০/৮৪/১৩) তারা গড়্ডলিকা প্রবাহের মতো এই সমস্ত ভণ্ড মহাজনদের পদাঙ্ক অনুসরণ করে মায়ার প্রোতে ভেসে চলেছে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর তাই সাবধান করে দিয়ে গেছেন

মিছে মায়ার বশে, যাহ্ছ ভেসে, বাহছ হাব্ডুবু ভাই । জীব কৃষদাস, এ বিশাস, করলে ত' আর দুঃব নাই ॥

"বারা সামাজিক রীতি-নীতি অনুসরণ করে তারা মহাজন প্রদর্শিত পথ অনুসরণ করতে তুলে বার; তাই তারা মহাজনদের চরণে অপরাধী। কখনও ক্থমও তারা প্রকৃত মহাজনদের অনাচার বলে বিবেচনা করে, অথবা তাদের মনগড়া মহাজন তৈরি করে এইভাবে তারা পরন্পরা ধারা অবজা করে। এটি সকলের পক্ষে মহাদুর্ভাগাজনক। কেউ সনি প্রকৃত মহাজনদের পদার অনুসরণ না করে, তাহলে তাদের দুখী হওয়ার সমস্ত পরিকালা সম্পূর্ণভাবে বার্থ হরে। সে কথা মধালীলায় (২৫/৫৫, ৫৬ ও ৫৮) এইডাবে বর্ণিত হরেছে—

পরম কারণ ইবর কেই নাই মানে।

য-খ-মত হাপে পরমতের খণ্ডনে গ্ল ভাতে হয় দর্শন হৈছে 'তথা' নাই জানি।

'মহারুন' বেই কহে, সেই 'সত্য' মানি গ্ল ক্রীকৃষ্ণটেতন্যবাধী—অমৃতের ধার।

তিহো যে কইনো বস্তু, সেই 'তথা' সার গ্ল

সাধারণ ফানদের এফনই দুর্ভাগা যে ভারা পর্যেশ্বর ভগবানের নির্দেশ গ্রহণ করতে পারে না। পকান্তরে, তারা তথাকখিত মহাজনদের ফনগড়া সমস্ত মতবাদ অনুসরণ করে এধংপতিত হয়। হয় দর্শনের অনুসরণ করে কংনত প্রকৃত তত্ত্ব হাদয়ক্ষ্ম করা যায় না এই পরস্পরা ধারায় মহাজনদের পদান্ধ অনুমরণ করে পরম তত্ত্ব সমুদ্ধে অবগত হতে ১৪। তাহলেই কেবল আমানের প্রচেষ্টা সকল হবে। প্রীচৈতন্য মহাপ্রভুর বাণী অমৃতের সাশর মতো। তিনি যা বলে পেছেন তাই পরম তত্তের সারাতিসার "সাংখ্যা, 'পাতঞ্জলী' মাদি দর্শনের প্রণেতারা কেইই প্রকৃতপক্ষে বিষ্যুকে 'ঈশ্বর' বলে মানেন না, এক কথায়, ানা সকলেই 'প্রচন্তা' বা 'অপ্রচন্তর' নাস্তিক, অর্থাৎ তাদের কেউই 'আন্তিক' মন, ডায়া কেবল নিজের নিজের মতবাদ তাদের বাহাদুরী প্রদর্শন করবার জন্য তর্কের দারা পরের মত গওন ও নিজের নিজের মতবাদ স্থাপনের চেন্টা করেছেন স্বতরাং সেই সমস্ত গান্তের উপদেয়ারা ভ্রগতে মহাজন বলে পরিচিত হলেও বস্তুত তারা 'মহাজন' মন। ভারাই প্রভান্ত 'সংকীপ' ও 'অনুদার'। এই কথা শ্রবণ করে সেই সমস্ত তথাকথিত মহাজনদের তাদের প্রকৃত বিচারে ইটিচতন্য মহাপ্রভার ও ওগাভান্তের চরণে অপরাধ করে বসকে। "এটি গোড়ামী মার"। ভাষের ধারণা, শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু বা শাস্থ্যবন্দ্রপূরী পাদও পূর্বোক্ত ব্যক্তিদের অন্যতম একজন মহাজন মত্রে। সূত্রাং তারা খাকুত সহজ্ঞ ধর্মের চিন্তা লোতে নিময় হয়ে চেতন এবং জড়ের পার্থক্য নিরূপণে আঞ্চম

226

त्रिया ५१

হয়ে সেই প্রকার নিদ্ধান্তই কববেন, তাতে আর আশ্চর্য হবার কি আর আছে? কিন্তু যাদের অপ্রাকৃত স্বরূপ ধর্ম জাগরিত হয়েছে, তারা সেই স্বরূপ ধর্মের আলোকে উদ্ধানিত হয়ে প্রত্যেক জীবেরই স্বরূপ দর্শন করতে সমর্থ। মহাভাগরত বা গরমহাসেরই অধ্যান্তর দর্শন বা সৃদর্শন, অতএব সেই নিদ্ধিঞ্চন জনেরাই একমাত্র মহাজন। প্রীমাধবেক্সপুরী গোস্বামীও নিদ্ধিঞ্চন মহাজন, তার আচরণের কোন প্রকার মংসরতা বা লোক বন্ধনা নেই; তিনি আচরণ করে যা প্রচার করেছেন, তার প্রদর্শিত সেই দৈব-বর্ণাশ্রম ধর্মকে আদর্শ জানে অনুগামন করলেই জীবের প্রকৃত মঙ্গল সাধিত হবে, প্রীচেতন্য মহাপ্রতৃ দৈব-বর্ণাশ্রম ধর্মের আদর্শ প্রদর্শন করে শিক্ষা দিক্রেন

শ্রীমন্ত্রাগবতে (৬/৩/২০) বার জন মহাজনের নাম উল্লেখ করা হয়েছে—একা, নারণ, শন্তু, কুমার, কলিল, মনু, প্রস্তাদ, জনক, ভীত্ম, বলি, ওকদেব এবং মমরারাঃ

গৌড়ীয় সম্প্রদারে মহাজন মনোনয়ন করতে হলে আমাদের প্রীচেতনা মহাপ্রভূ এবং তার প্রতিনিধিদের পরাম্ব অনুসরণ করতে হবে তার প্রধান প্রতিনিধিদের পরাম্ব অনুসরণ করতে হবে তার প্রধান প্রতিনিধিদের পরাম্ব অনুসরণ করতে হবে তার প্রধান প্রতিনিধিদের পরাম্ব অরু গার পরাই বড় গোস্বামী—এটাকণ, প্রীসনাতন, ভট্ট রসুনাথ, প্রীপ্রীর, গোপান্দ ভট্ট এবং দাস রমুনাথ শ্রীবিঞ্চ বামীর অনুগত করাহৈতবাদী প্রীধর স্বামীও মহাজন চণ্টীদাস, বিদ্যাপতি, জরদের—এরা সকলেই মহাজন। কিন্তু যারা এই সমন্ত মহাজনে ভোগবৃদ্ধি বিশিষ্ট হয়ে অর্থাৎ তাদের সেবা করার পরিবর্তে তাদের স্ব-মৃত্ত স্বার্থ সিদ্ধির ঘদ্ধরণে মেগে নিতে বা গুলুর উপর গুরুলিরি করতে গাবিত হয়, সেই সমস্ত দুর্ভাগ্য ব্যক্তি এই সমস্ত মহাজন থেকে বহু দূরে অবস্থিত। কগনও কখনও মানুর বুঝতে পারে না মহাজন কিন্তাবে অপর মহাজনের পদান্ধ অনুসরণ করেন। তার ফলেই তারা ভগরত্তির মার্গ থেকে বিচ্যুত হয়ে অধ্যাপতিত হয়।

শ্লোক ১৮৬
তর্কোহপ্রতিষ্ঠঃ ঋতেয়ো বিভিন্ন।
নাসাব্যির্ঘস্য মতং ন ভিন্নম্ ।
ধর্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং
মহাজনো যেন গতঃ স পদ্ধাঃ ॥ ১৮৬ ॥

ভর্কঃ—শুদ্ধ তর্ক, অপ্রতিষ্ঠঃ—প্রতিষ্ঠিত হয় না, হান্ডরঃ—বেদ, বিভিন্না—ভিন্ন ভিন্ন শ্রেণীতে বিভক্ত হয়, ন—না, অসৌ এই, খবি—খবি, ফস্য—যার, মতম্ মত, ন— না, ভিন্নম্—ভিন্ন, ধর্মস্য ধর্মের, তত্তম্—তত্ত্ব, নিহিতম্ কুঞ্চানিত, গুহারাম্—সাধারণ লোকের দৃষ্টির অগোচর ওদ্ধভক্তের হানয় গহুরে, মহাজনঃ—পূর্বতন ভগবন্তক মহাজনঃ বেন—যেই গথে, গতঃ—আচরণ করেছেন, ন—ভা, পদ্ধাঃ—গুদ্ধমার্গ।

অনুবাদ

শ্রীচৈতন্য মহাপ্রভূ বললেন, " 'তর্কের দাবা প্রকৃত সিদ্ধান্ত প্রতিষ্ঠা করা যায় না।' পকান্তরে, তার ফলে শ্রুতি সমূহ ভিন্ন ভিন্ন হয়ে যায় ও যার মত ভিন্ন নয়, তিনি থানি হতে পারেন না। ভাই ধর্মতন্ত্ব গুড় রূপে আচ্ছাদিত হয়ে আছে; অর্থাৎ শান্ত্র জাদি পাঠ করে ধর্মতন্ত্ব পাওয়া কঠিন। সূকরাং বাকে মহাজন বলে সাধুরা স্থির করেছেন, তিনি যে পদ্মাকে 'শান্ত্র পদ্মা' বলেছেন, সেই পথেই সকলের অনুগমন করা উচিত।' "

ভাহপর্য

এই প্লোকটি মহাভারতে (বন পর্ব ৩১৩/১১৭) মহারাজ ঘুর্দিন্ধিরের উক্তি

শ্লোক ১৮৭

তবে সেই বিপ্র প্রভূকে ডিক্সা করাইল । মখুপুরীর লোক-সব প্রভূকে দেখিতে আইল ॥ ১৮৭ ॥ প্রোকার্থ

সেই আলোচনার পর, সেই ব্রাহ্মণ বীতৈতন্য মহাপ্রকৃতে ভোজন করাদেন; এবং তখন মধুরার সমস্ত লোক শ্রীতৈতন্য মহাপ্রকৃতে দেখতে এলেন

> শ্লোক ১৮৮ লক্ষ-সংখ্য লোক আইসে, নাহিক গণন । বাহির হঞা প্রভু নিল দরশন ॥ ১৮৮ ॥ গোলার্থ

লক লক লোক ঐতিক্যা মহাপ্রকুকে মর্লন করতে এনেছিলেন; তাই ঐতিক্যা মহাপ্রস্থ গুরের বাহিরে এনে ভাষের দর্শন দান করলেন।

> প্রোক ১৮৯ বাহ তৃলি' ৰলে প্রতৃ 'হরিবোল'-ধ্বনি । প্রেমে মত্ত নাচে কোক করি' হরিধ্বনি ॥ ১৮৯॥ গোকার্থ

দৃহতে তুলে স্ট্রাটেডনা মহাপ্রতু তাদের হরিনাম উচ্চারণ করতে বলানেন। এবং তারা সকলে তবন প্রেমোশ্বর হয়ে নৃত্য করতে করতে হরিধানি করতে লাগলেন

> ক্ষোক ১৯০ যমুনার 'চবিশ ঘাটে' প্রভূ কৈল স্থান । সেই বিপ্র প্রভূকে দেখায় তীর্ষস্থান ॥ ১৯০ ॥ শ্লোকার্থ

শ্রীচিতনা মহাপ্রাকু বমুনার চবিশ ঘাটে স্নান করলেন; এবং সেই ব্রাহ্মণ ভাঁকে সমস্ত ভীর্মস্থানগুলি দেখালেন।

ट्यांक उक्रमी

ভাৎপর্য

ফানুনার চরিন্দাটি ঘাট—১) অবিমৃত, ২) অধিকর, ৩) গুহাতীর্থ, ৪) প্রয়াগতীর্থ, ৫) কনখন তীর্থ, ৬) ডিব্দুক, ৭, সূর্যতীর্থ, ৮) বটপামী, ৯) গ্রন্স-ঘাট, ১০) খফিতীর্থ, ১১) মোকতীর্থ, ১২) বোধ-তীর্থ, ১৩) গোকর্থ, ১৪) কৃষ্ণ-গালা, ১৫) বৈকুষ্ঠ, ১৬) অসিকৃত, ১৭) চতুঃ -সামুদ্রিক কৃপ, ১৮) অকুর তীর্থ, ১৯) যান্ডিকা বিশ্র খুন, ২০) কৃত্তা-কৃপ, ২১) রক্ষ ছল, ২২) মঞ্চ-স্থল ২৩) মলামুদ্ধ-স্থনি ও ২৪) দশাশ্বমেধ।

> শ্লোক ১৯১ স্বয়ন্ত্ব, বিশ্লাম, দীর্ঘবিষ্ণু, ভূতেশ্বর । মহাবিদ্যা, গোকর্ণাদি দেখিলা বিস্তর ॥ ১৯১ ॥ খোকার্থ

শ্রীচৈত্রন্য মহাপ্রভু স্থান্ত, বিশ্রাম, দীর্ঘবিষ্ণু, ভূতেশ্বর, মহাবিদ্যা, গোকর্ণ আদি বসুনাতীরস্থ সমস্ত তীর্থস্থান পরিদর্শন করকেন।

শ্লোক ১৯২

বন' দেখিবাকে যদি প্রভুর মন হৈল।
সেইত ব্রাহ্মণে প্রভু সঙ্গেতে লইল ॥ ১৯২ ॥
শোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রকু যথন কৃষাবনের বিভিন্ন বন দর্শন করতে ইচ্ছা করবেন, তখন তিনি সেই ব্যক্ষণকে সলে নিলেন।

> শ্লোক ১৯৩ মধুবন, ডাল, কুমুদ, বহুলা-বন গেলা । ডাইা ডাইা সান করি' প্রেমাবিস্ট হৈলা ॥ ১৯৩ ॥ শ্লোকার্থ

প্রীটিওস্য মহাপ্রভু মধুবন, ডালবন, কুমুদবন, কহলা-বন, প্রমুখ বৃন্ধাবনের বিভিন্ন বনে গোলেন, এবং সেই সেই ছালে স্থান করে প্রেমাবিস্ত হলেন।

ভাৎপর্য

বৃদাবন হচ্ছে খ্রীমতী বৃদাদেবী বা তুলসীদেবীর কন। প্রকৃতপঞ্চে কৃদাবন ঘন বৃদ্ধাজিতে খ্যাবৃত কন নয়। খারটি কন রয়েছে—তার মধ্যে মমুনার পূর্ব ভটে ভপ্রকন, কিলবক, লৌহবন, ভাগ্রীরকা ও মহাবন—এই পাঁচটি কন, এবং মমুনার পশ্চিম দিকে—মধুকন, ভালবন, কুমুদবন, বছলাকন, কাম্যাবন, খদিরকা ও বৃদ্ধাবন এই সাভিট কন।

(制本 298

পথে গাভীঘটা চরে প্রভুরে দেখিয়া। প্রভুকে বেড়য় আসি' হড়ার করিয়া ॥ ১৯৪ ॥

স্লোকার্থ

পথে গোচারণরত গাড়ীরা উরকে দেখে, তাঁকে বেষ্টন করে উচ্চৈন্বরে হান্বা ধ্বনি করতে থাকে।

শ্ৰোক ১৯৫

গাভী দেখি' স্তব্ধ প্রভূ প্রেমের করকে । বাংসকো গাভী প্রভূত্ব চাটে সব-অকে ॥ ১৯৫॥ জোকার্থ

সেই গাড়ীদের দেশে প্রেমের করকে প্রীচৈতনা মহাগ্রাড় ব্যক্তিত হলেন, এবং সেই গাড়ীরা বাংসদ্য সেতে তাঁর সারা অন্ধ কেইম করতে লাগল

> প্লোক ১৯৬ সূত্র হঞা প্রভু করে অঙ্গ-কণ্ড্যন। প্রভু-সকে চলে, নাহি ছাড়ে ধেনুগণ ম ১৯৬ য

> > ব্যোকাষ ভ পাতীসের পারে চাড বল

সৃষ্ হয়ে প্রীটেডন্য মহাপ্রভূ সেই সমস্ত গাজীদের গায়ে ছাত বুলাতে লাগ্লেন, এবং সেই মাজীয়া তার সম ত্যাগ করতে অকম হয়ে তার সঙ্গে সঙ্গে চলতে লাগ্ল।

> প্রোক ১৯৭ কন্টে-সৃষ্ট্যে খেনু সব রাখিল গোয়াল। প্রভুকণ্ঠধননি কনি' আইসে মৃগীপাল ॥ ১৯৭॥ শ্লোকার্থ

ব্দ্র কটে রাখালের। সেই গাভীদের বরে রাখল। ভারপর মহাপ্রভুর মধূর কটধ্বনি শুনে হরিপের দল তাঁর কাছে এল।

> শোক ১৯৮ মৃগ-মৃগী মুখ দেখি' প্রভূ-অঙ্গ চাটে । ভয় নাহি করে, সঙ্গে যায় বাটে-বাটে ॥ ১৯৮ ॥ প্রোকার্থ

হরিণ হরিদীনা শ্রীকৈতন্য মহাশ্রভুর মুখের দিকে তাকিয়ে জাঁর গা চাটতে লাগল। তারা তাকে কিছুমার ভয় না করে জাঁর সঙ্গে সঙ্গে কলতে লাগল। শ্রোক ১৯৯

শুক, পিক, ভূক প্রভূরে দেখি' 'পঞ্চম' গায় । শিখিগণ নৃচ্য করি' প্রভূ-আগে যায় ॥ ১৯৯ ॥

য়োকার্থ

ব্রমর, কোকিল, ওকপাখি, এরা সকলে ঐতিতন্য মহাপ্রভূকে দেবে পঞ্চম সূরে গান গাইতে ওক করল, এবং ময়ুরেরা মহাপ্রভুর সম্মূখে নৃত্য করতে ওক করল।

গ্ৰোক ২০০

প্রভূ দেখি' বৃদ্ধাবনের বৃক্ষ-জতাগণে। অন্ধ্র-পূলক, মধ্-অঞ্চ বরিষণে ॥ ২০০ ॥

হোকার্থ

গ্রীচৈতন্য মহাপ্রভূকে দর্লন করে বৃন্ধাবনের বৃন্ধ-সভার। আনংশে উত্তেল হল: ভাষের অমুর পুলকিত হল এবং আনন্দাপ্তর রূপ মধু বর্ষণ করতে লাগল।

শ্রোক ২০১

ফুল-ফল ভরি' ভাল পড়ে প্রস্কু-পার । বন্ধু লেখি' বন্ধু যেন 'ভেট' লঞা বার 🏿 ২০১ 🗈

মোকার্থ

ফল-ফুল ভরে বৃক্ক ও লভার ভাল শ্রীতৈভন্য মহাপ্রভুত্ত শ্রীপাদপরে পতিত হল, এবং ভালের দেখে মনে হচ্ছিল যেন বদ্ধ বদ্ধর কাকে তেট নিয়ে যাতে।

শ্ৰোক ২০২

প্রভূ দেখি কৃদাবনের স্থাবর-জগম ৷ আনন্দিত—বন্ধু যেন দেখে বন্ধুগণ ৷৷ ২০২ ৷৷ খোলার্থ

বজুকে দেখে বজুরা যেভাবে আনন্দিত হয়, জীতৈতন্য মহাপ্রভূবে দর্শন করে কৃষাবনের স্থাবর এবং জঙ্গম প্রতিটি স্কীব সেইভাবে আনন্দিত ইয়েছিল।

গ্লোক ২০৩

ডা-সবার শ্রীতি দেখি' প্রভু ভাবাবেশে। সবা-সনে ক্রীড়া করে হঞা ডার বশে॥ ২০৩॥

হোকার্থ

তাঁর প্রতি তাদের প্রীতি দর্শন করে জীচৈতন্য মহাপ্রভু ভারাকেশে তাদের কণীভূত হঞে তাদের সঙ্গে থেলা করেছিলেন। (数) 本 208

প্রতি কৃষ্ণ-লতা প্রভূ করেন আলিঙ্গন । পুম্পাদি দ্যানে করেন কৃষ্ণে সমর্পণ ॥ ২০৪ ॥

লোকার্থ

নীতিঙ্কন্য মহাপ্রভূ প্রতিটি কৃষ্ণ ও লভাকে আলিজন করেছিলেন, এবং ভারা খ্যানে তাদের কুল ও কল নীকৃষ্ণকে সমর্পথ করেছিল।

লোক ২০৫

অঞ্জ-কম্পা-পুলক-প্রেমে শরীর অস্থিরে । 'কৃষ্ণ' বল, 'কৃষ্ণ' বল—বলে উল্লেখনে ॥ ২০৫ ॥ রোকার্থ

ঐতিকলা মহাপ্রকৃর শরীর অন্থির হয়েছিল, এবং তার শ্রীন্সকে কাঠা, কম্প ও পুলক দেখা দিয়েছিল, তিনি উচ্চৈত্বরে বলছিলেন 'কৃক' বল। 'কৃক' বল।

শ্লোক ২০৬

স্থাবর-জঙ্গম মিলি' করে কৃষ্ণধ্বনি ৷ প্রভুর গন্তীর-শ্বরে যেল প্রতিধ্বনি ৷ ২০৬ ৷৷

গ্ৰোকাৰ্থ

স্থাবর এবং জন্ম প্রতিটি জীব মিলিডডাবে কৃষ্ণদাম উচ্চারণ করছিল, যেন ডারা শ্লীটেডলা মহাপ্রকুর গান্তীর স্বরের প্রতিধ্বনি করছিল।

শ্লোক ২০৭

मृत्भव गना थिते' श्रष्ट् करतन त्तामरन । मृत्भव भूजक खरळ, खळ नगरन ॥ २०९ ॥

হ্মোকার্থ

হরিপের পলা জড়িয়ে খরে ঐটিচতন্য মহাপ্রভু ক্রন্দন করছিলেন, এবং ডখন সেঁই হরিপের অঙ্গ পুলকিত হয়েছিল এবং ডার চকু দিয়ে অঞ্চ ঝরে পড়েছিল

শ্লোক ২০৮

বৃক্ষডালে শুক-শারী দিল দরশন । তাহা দেখি প্রভুর কিছু শুনিতে হৈল মন গ্র ২০৮ ॥ প্রোকার্থ

যখন একটি পাছের আলে একটি শুক এবং একটি শারী দেখা দিল, তখন তাদের দেখে ঐটিচতন্য মহাপ্রভুর কিছু শুনবার ইচ্ছা হল।

G8章 528]

শ্লোক ২০৯

শুক-শারিকা প্রভুর হাতে উড়ি' পড়ে। প্রভুকে শুনাএর কৃষ্ণের শুন-শ্লোক পড়ে॥ ২০৯॥

্লোকার্থ

ওক-শারী উদ্ধে এসে শ্রীচৈতন্য মহাপ্রভূর হাতে এসে বসল, এবং ভাঁকে গুলিয়ে কৃষ্ণের অপ্রাকৃত ওপাবলী বর্তনা করতে লাগল।

শ্লোক ২১০

সৌন্দর্যং ললনালিধৈর্যদলনং লীলা রমান্তন্তিনী বীর্যং কন্দৃকিভান্তিবর্যমন্তলাঃ পারেপরার্থং ওপাঃ ৷ শীলং সর্বজনানুরঞ্জনমহো কন্যায়মন্ত্রপ্রভূ-বিশ্বং বিশ্বজনীনকীতিরবতাৎ কুকো জগুণোহনঃ ॥ ২১০ ॥

भ्याप्तर्य — (मार्ट्स स्थित्वर्यः) नामाणि — अस्य (भाषिकास्मतः रेक्ट् — मरनगीमणः), मननम् — मान करतः, नीमा — भीना विभाभः, समा — मानितः, स्विती — स्विष्ट करतः, सैर्यम् — भताक्रयः, कृष्ट्विती — स्वित्वर्यः — भारतितः (भार्यनः, स्वमाः — निर्मालः, भारतभार्थः — स्वतः —

অনুবাদ

ওক গাঁইল—"যাঁর সৌন্দর্য রমণীদের ধৈর্য হরণ করে, যাঁর লীলা লক্ষ্মীদেবীকে স্তান্তিত করে, যাঁর বীর্য পোবর্ধন নিরিকে কন্দক কুলা খেলার সামগ্রী করায়, যাঁর অসল ওপ সমূহ অন্তেখীন, যাঁর শীল ধর্ম সকলের আনন্দ বিধান করে, সেই আমার প্রভূ বিশক্তনীন বীর্তি জগন্যোহন শ্রীকৃষ্ণ বিশ্বকে পালন করুন।"

ভাৎপর্য

এই **মো**কটি *গোবিন-লীলামৃতে* (১৩/২৯) পাওয়া যায়।

শ্রোক ২১১

एक मूर्य छनि' छरन कृरकःत वर्गन । भातिका भएरत छरन ताधिका-वर्गन ॥ २১১ ॥ শ্ৰোকাৰ্থ

ওকের মূপে শ্রীকৃষ্ণের সেই বর্ণনা গুনে শারী শ্রীমতী রাধারাণীর বর্ণনা গাইতে গুরু করণ।

হোক ২১২

শ্রীরাধিকারাঃ প্রিয়তা সুরূপতা সুশীলতা নর্তনগানচাতুরী । গুণালিসম্পৎ কবিতা চ রাজতে জগন্মনোমোহন-চিন্তমোহিনী ॥ ২১২ ॥

শ্রীরাধিকারাঃ—শ্রীয়তী রাধারাণীর, প্রিয়তা—প্রেম, সৃক্ষপতা—অসাধারণ সৌন্দর্য, সৃশীলতা—সৃন্দর অচরণ, নর্ফনগান—সৃত্য এবং গীতের: চাতুরী—নৈপুণা, গুণা-কিসম্পং—অপ্রাকৃত ওণাবলীর সম্পদ; কবিতা—কবিত্ব; ১—ও, রাজতে—উজ্জ্ব রূপে শোভা পায়; জালানোমাহন—সারা জগতের মনকে দিনি মোহিত করেন সেই শ্রীকৃথেন, চিত্তমোহিণী—চিত্তকে যিনি বিযোহিত করেন।

व्यमुक्तान

তখন শারী বলল—"শ্রীমতী রাধারাণীর প্রেম, অসাধারণ সৌন্দর্য, সৃশীলতা, দৃত্য-দান চাতৃরী, কবিদ্ব ইত্যাদি ওপরাজি জগন্মনোমোহন কৃষ্ণের চিত্ত বিমোহিণী হয়ে শোডা পায়।"

তাংপর্য

এই মোকটি *গোবিদ-বীলামৃত* (১৩/৩০) প্রছে পাণ্ডরা যায়।

ক্লোক ২১৩

পূনঃ শুক কছে,—কৃষ্ণ 'মদনমোহন'। তবে আর শ্লোক শুক করিল পঠন ॥ ২১৩ ॥ শ্লোকার্থ

তৰ্বন শুৰু পুনৱায় বলল, "শ্ৰীকৃষ্ণ মদনমোহন" এবং তৰ্বন সে আৰু একটি ল্লোক পাঠ কনতে শুৰু করল।

> শ্লোক ২১৪ বংশীধারী জগনারী-চিত্তহারী স শারিকে। বিহারী গোপনারীভির্জীয়ামদনমোহনঃ ॥ ২১৪ ॥

প্ৰোক ২২২১

বংশীধারী—মূবলীধর, জগলারী—সমগ্র জগতের বমণীদের, চিঙ্করারী চিউচোর, স— তিনি, শারিকে—হে শারী, বিহারী কেলি-পরায়াদ; গোপনারীতিঃ—গোপীগণসহ, জীয়াৎ -জয়যুক্ত হউন, মদন—কামদেবের, মোহনঃ সিনি মোহিত করেন।

অনুবাদ

শুক তবন বলল, "হে শারীকে, সেই বংশীধারী শ্রীকৃষ্ণ সমগ্র ছগতের রমণীদের চিত্ত হরণ করেন, তিনি বিশেষভাবে গোপাক্ষনাদের সৌন্দর্য আহাদন করেন, সেই সদনমোহন ক্ষামুক্ত হউন।"

ভৰপৰ্য

এই ঝোকটিও *গোবিদ্য-সীলামৃততে* (১০/৩১) পাণ্ডরা যার ৷

अर्ट के अर्ट

পুনঃ শারী করে শুকে করি' পরিহাস ৷ তাহা শুনি' প্রভুর হৈল বিস্ময়-প্রেমোলাস ॥ ২১৫ ॥ গোলার্থ

তথম শারী শুক্তে পরিহাস করে কিছু বলল, এবং তা শুনে প্রিটেডনা মহাপ্রভূব বিশ্বয়া ও প্রেমোনাস হল।

> শ্লোক ২১৬ রাধা-সন্দে যদা ভাতি তদা 'মদনমোহনঃ' । অনাথা বিশ্বমোহোহপি স্বয়ং 'মদনমোহিতঃ' ॥ ২১৬ ॥

রাধা সলে—ব্রীমতী রাধারাণীর সলে, যদা—বখন, ভাতি—শোভা পান, তদা—তখন, মদনমোহন:—মদনকে মোহনকারী, অন্যখা—তা না হলে, বিশ্বমোহঃ—সাল কণতের মোহনকারী, অপি—হওয়া সত্তেও, স্বয়ম্—নিজে, ফলন মোহিতঃ—কলপের বারা মোহিত। অনুবাদ

শারী বলল, "কৃষ্ণ যখন রাধার সঙ্গে শোভা পান, তথনই তিনি 'মদনমোহন', জীরাধা সঙ্গে না থাকলে বিশ্বমোহন হয়েও তিনি স্বয়াই সদন কর্তৃক মোহিড। তাৎপর্য

এইটিও গোবিন্দ-লীলামুডের (১৩/৩২) আর **একটি প্লো**ক।

রোক ২১৭ শুক-শারী উড়ি' পুনঃ গেল বৃক্ষভালে । ময়ুরের নৃত্য প্রভু দেখে কুভূহলে ॥ ২১৭ ॥

হোকার্থ

ওক ও শারী তথন উড়ে গিয়ে পুনরায় গাছের ডালে গিয়ে বসল, এবং প্রীটেডন্য মহাপ্রড় কৌতৃহল সহকারে সমূরের নৃত্য দেখাতে লাগলেন।

(制金 ダフト

ময়রের কণ্ঠ দেখি' প্রভুর কৃষ্ণশ্মতি হৈল ৷ প্রেমাবেশে মহাপ্রভু ভূমিতে পড়িল ॥ ২১৮ ॥

সমূরের নীলাভ কর্চ দর্শন করে শ্রীটেডন্য মহপ্রেছুর কৃষ্ণ স্মৃতি হল, এবং প্রেমাবেশে অচেতন হয়ে তিনি মাটিতে পড়লেন।

> ল্লোক ২১৯ প্রভুরে মূহিত দেখি' সেই ত রাহ্মণ । ডট্টাচার্য-সঙ্গে করে প্রভুর সন্তর্পণ ॥ ২১৯ ॥ ডোকার্থ

ঐতিকন্য সহাপ্রভূকে মূর্ছিত হতে দেখে সেই ব্রাহ্মণ বলভন্ন ভট্টাচার্য সহ সহস্নে তার সেবা করকেন।

> শ্লোক ২২০ আন্তে-ব্যক্তে মহাপ্ৰভূৱ শঞা বহিৰ্বাস । জলসেক করে অঙ্গে বজ্ঞের বাতাস ॥ ২২০ ॥ গোলার্থ

স্রুক্ত সহাপ্রভুৱ অঙ্গে জল সিঞ্চন করে ভারা মহাপ্রভুর বহির্বাস দিয়ে তাঁর অঙ্গে বাতাস করতে সাধ্যমের।

প্লোক ২২১

প্রভূ-কর্পে কৃষ্ণনাম করে উচ্চ করি' ৷ চেতন পাঞা প্রভূ যা'ন গড়াগড়ি ॥ ২২১ ॥ প্রোকার্থ

ভারা উচ্চৈশ্বতে ঐট্রিফন্য মহাপ্রভুর কানে কৃষ্ণনাম করছে লাগলেন, তথন চেডনা পেয়ে ঐটিচতন্য মহাপ্রভু গড়াগড়ি মিডে লাগলেন।

> প্লোক ২২২ কণ্টক-দুর্গম বনে অঙ্গ ক্ষত হৈল। ভট্টাচার্য কোলে করি' প্রভূরে সৃষ্থ কৈল ॥ ২২২ ॥

২৩৮

শ্রোকার্থ

মহাপ্রভ যখন মাটিতে গড়াগড়ি দিতে লাগলেন তখন বনের কাঁটায় ভার দেহ ক্ষত বিক্ষত হলঃ বলভদ্র ভট্টাচার্য তখন তাঁকে কোলে করে সুস্থ করলেন।

ध्यांक २२७

कृष्धारवरण প্রভুৱ প্রেমে গরগর মন । 'বোল' 'বোল' করি' উঠি' করেন নর্তন ॥ ২২৩ ॥ ভোকার্থ

কুফাপ্রেমের আবেশে প্রীচৈডন্য মহাপ্রভুর মন বিক্ষুর হল, এবং "বোল্। বোল্!" বলে ছিনি উঠে নুৱা করতে লাগলেন।

> গ্রোক ২২৪ ভট্টাচার্য, সেই বিপ্র 'কৃষ্ণনাম' পায় ৷ নাচিতে নাচিতে পথে প্রস্তু চলি' যার 🛙 ২২৪ 🛚

এইবানে শ্রীটেডন্য মহাপ্রড় কর্ড়ক আদিউ হয়ে বলড্র ভট্টাচ্যর্য ও সেই প্রাশ্বন ক্যালায় কীর্ত্তন করতে লাগলেন, এবং নাচতে নাচতে শ্রীটেডন্য মহাগ্রন্থ পথ চলতে লাগলেন।

গ্রোক ২২৫

প্রভব প্রেমাবেশ দেখি' ব্রাহ্মণ--বিশ্বিত । প্রক্রর কলা লাগি' বিপ্র ইইলা চিন্তিত 🗓 ২২৫ 🛚 য়োকার্থ

জীতৈতন্য মহাপ্রভর প্রেমাবেশ দর্শন করে সেই ত্রান্দ্রণ বিশ্বিত হলেন এবং কিভাবে ডাঁকে রকা করা যায় সে কথা ভেখে তিনি চিন্তিত হলেন।

শ্লোক ২২৬

नीनावरम हिना रेयरह स्थागार्यम भन । বৃন্দাবন যহিতে পথে হৈল শত-গুৰ ৷৷ ২২৬ ৷৷

হোকার্থ

নীলাচলে তিনি যেন্ডাবে প্রোমাবিষ্ট ছিলেন, বৃন্দাবনে বাবার পথে তা শত গুলে নর্মিড

ৱোক ২২৭

সহস্রতা প্রেম বাড়ে মধুরা দরশনে । লক্ষণ্ডণ প্ৰেম বাড়ে, হমেণ যবে ৰনে 🛭 ২২৭ 🗈 শ্রোকার্থ

মধরা দর্শন করে ভার প্রেম সহজ ওপে বর্মিত হয়েছিল এবং ফখন তিনি বনে ভ্রমণ করাছিলেন তখন সেই প্রেম লক ওবে বর্ষিত হয়েছিল।

(関係 うかとうかか

অন্য দেশ প্রেম উছলে 'বৃন্দাবন' নামে ৷ সাক্ষাৎ লময়ে এবে সেই বৃদ্দাবনে ম ২২৮ II প্রেমে গরগর মন রাত্রি-দিবমে ৷ স্নান-ভিক্তাদি-নির্বাহ করেন অভ্যাসে 🛙 ২২৯ 🗓

লোকার্থ

প্রীটেডন্য নহাপ্রস্থ অন্য স্থানে ছিলেন, তখন বৃদ্যাবনের নাম শোলা মাত্রই তাঁর প্রেম উথলে উঠত। আর এখন एখন তিনি সেই কুদাবনের বনে প্রমণ করতে লাগলেন, তখন দিবারাত্র ভার মন গড়ীর হোমে মগ্ন হল। তিনি কেবল অভ্যাদের বশে সানাহার कत्र(जन।

লোক ২৩০

এইমত প্রেম—যাবৎ স্তমিল 'বার' বন 1 একত্র শিখিলুঁ, সর্বত্র না যায় বর্ণন 🛭 ২৩০ 😮

গ্রোকার্থ

বৃন্দাবনের বাদশ বনে ঐটেডতনা মহাপ্রস্তুর প্রমণ জামি এইভাবে একত্রে বর্ণনা কর্মাম, ভা পূর্ব রূপে বর্ধনা করা সম্ভব নয়।

গ্ৰোক ২৩১

কুষাবনে হৈল প্রভুর বডেক প্রেমের বিকার । কোটি গ্রন্তে 'অনন্ত' লিখেন তাহার বিস্তার ॥ ২৩১ ॥

वृत्तांवरम खेरिक्टमा महाश्रकुत एक श्रास्त्र विकात दरमञ्जित, कांकि श्राप्ट कामस्रात्व स्थार তা বিস্তাহিতভাবে লিপিবশ্ব করেন।

শ্লোক ২৩২

তবু লিখিবারে নারে ভার এক কণ । উদ্দেশ করিতে করি দিগদরশন 🛚 ২৩২ ॥

শ্লোকার্থ

স্বয়ং অনস্তদেব যদিও সেই সমস্ত লীকার এক কথা পর্যন্ত বর্ণনা করতে পারেন না, তব্ধ তার উদ্দেশ্য নির্দেশ করার জন্য আমি কেবল দিগ্দর্শন করছি।

শ্লোক ২৩৩

জগৎ ভাসিল চৈতন্যলীলার পাথারে । মান মত শক্তি তত পাথারে সাঁতারে ॥ ২৩৩ ॥

প্রোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূর লীলারূপ বন্যায় জগৎ ডেসে গেল, যার মন্ত শক্তি সেই অনুসারে তিনি সেই প্লাবনে সাঁতার কটিতে পারেন

শ্লোক ২৩৪

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ । তৈতন্যতরিতামৃত করে কৃষ্ণদাস ॥ ২৩৪ ॥ গোকার্থ


শ্রীরূপ পোস্থামী এবং শ্রীল রযুমাধ লাস গোস্থামীর শ্রীপানপত্নে আমার প্রণতি নিকোন করে এবং থাঁদের কুপা প্রার্থমা করে, ওাঁদের পদাক অনুসর্থ পূর্বক আমি কৃষ্ণদাস শ্রীতৈতন্য-চরিতায়ত বর্ণনা করছি।

हैंडि—'शैरिंडचना महाश्रेष्ट्रत कृमायन शमन' नामक ब्रीरेड्डमा-इतिखायुट श्राप्तत भवानीनात मकुमन निरिद्धानत क्रिकेटवमान खारमर्थ।



কৃষ-কৃপাঞ্জীসূর্তি জ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্থামী প্রভূপাদ আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রতিষ্ঠাতা-আচার্য







মহারাজ প্রভাগরুজ নিজহাতে স্বর্ণঝাড়ু নিয়ে প্রীজগরাধদেবের পথ সংমার্জন করতে লাগলেন।




আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংখ্যের প্রক্রিষ্ঠাতা-আচার্য শ্রীল অভ্যন্তরশারকিক ভক্তিকোন্ত স্কর্মী প্রভূপাদ পাশ্চাত্য বিধের বহু শহরে শ্রীপ্রীক্ষণশ্লাসদেব-বলদেব-মৃত্যুদেবীর রগমান্ত্র মহোক্ষের প্রবর্তন করেন।



প্রীচৈতন্য মহাপ্রভুর উক্ষণ্ড শৃত্য দেখে সমস্ত ভক্ত চমৎকৃত ছলেন। আন্যের কি কথা, প্রীক্রপ্রাথদেবেরও অপার আনন্দ হল।




ইন্দ্রদূপ্নে সনোবরে জলক্রীড়া কালে দুই-দুইজন করে পরস্পার জলমুদ্ধ করতে লাগলেন। কে হারে কে জিতে তা প্রীটেতন্য মহাপ্রভু দর্শন করতে লাগলেন।




শচীয়াতা শ্রীশালপ্রামের উদ্দেশ্যে ভোগনিকেন করে সেই প্রসাদ নিয়ে ক্রন্থন করতে করতে নীলাচলপুরীতে অবস্থিত তার পুত্রের কথা চিন্তা করতেন। তথন শ্রীচৈতনা মহাপ্রভূ এসে সেই প্রসাদ প্রহণ করতেন। শ্রীমাতা থালিপার দেখে মনে করতেন তিনি হয়তো ভোগ নিবেদন করেননি।




শ্রীজগন্নাথদেবকে মাজুয়া বসন পরানো হয়েছে দেবে পুণ্ডরীক বিদ্যানিথি উৎকল ভক্তদের কিছু মন্দ সমাজোচনা করেছিলেন। সেই রাত্রে জনমাধ-বলর্ম্ম প্রসে তার পালে চড় মারতে থাকেন।




শ্রীকৈতন্য মহাপ্রতু যথন কাড়িখণ্ড বনের মধ্য দিয়ে কৃষ্ণনাম করতে করতে গাফিলেন তথন হিল্পে পশ্রেণ্ড মহাপ্রভুকে দেখে পথ ছেড়ে দিল। অসংখা বন্য জন্ত ছিল। মহাপ্রতৃ ভাদের 'কৃষ্ণ কৃষ্ণ' নাম করতে ধললে তারা স্বাহি আনন্দে কৃষ্ণনাম করে নাচতে লাগল।




ব্রজ্যে গিরি গোবর্থন দর্শন করে শ্রীচৈতন্য মহাপ্রভু দণ্ডবং প্রশাম করলেন এবং একটি শিলাকে আলিক্ষন করে গ্রেমে উন্মন্ত হলেন।



নশীসূর পর্যতে এক গুহাতে নন্দ মহারাজ ও যা মলোদাকে দেখে প্রীচৈতন্য মহাপ্রজ্ তাদের চরণ বন্দলা করলেন এবং জাদের মাবাখানে শিশু কৃষ্ণকে দেখে প্রেমাবেশে তাকে স্পর্শ করতে লাগনেন




বংশীবাদন শুনে গ্রীটেডনা মহাপ্রভূ প্রেমাবেশে মাটিডে মূর্ভিত হয়ে পড়লেন, ভাঁর স্কানক্ত হল। মূর্য থেকে ফেনা বেরিয়েছিল সেই সময় পাঠান সৈন্দর। তাঁকে দেখে মনে করেছিল "এই সন্মাসীর সন্ধীরা ধূতরা বাইয়ে নিশ্চয় টকা-পুশ্রনা চুব্লি করছে।" ভাই আদের কবী করল।



ষমুনা পার হওরার কালে প্রীচিডন্য মহাপ্রভূ নৌকার উপর প্রেমবিহুল হয়ে নৃত্য করার ফলে নৌকা ডুবার উপক্রম হল।



কুদাবনে শ্রীরূপ পোস্বামীকে আলিন্ধন করে শ্রীচেতন্য মহাপ্রত্ নীলাচলে যাবার জন্য নৌকায় চড়লেন। তখন রূপ গোস্বামী সেখানে মূর্ছিত হয়ে পড়লেন।



গৃহের অমনে সনাতন গোস্বামীকে দেখে খ্রীচৈতন্য মহাপ্রভূ ছুটে এলেন, এবং তাঁকে আলিকন করে প্রেমানিট হলেন।

অস্ট্রাদশ পরিচ্ছেদ

শ্রীচৈতন্য মহাপ্রভুর বৃন্দাবনে শ্রমণ এবং প্রয়াগ যাবার পথে মুসলমান সৈনিকদের সাথে আলোচনা

অস্তাদশ পরিচেত্তদের কথাসারে শ্রীল ভড়ি-বিনেদ ঠাকুর তার অমৃতপ্রধাহ ভাষো নিবেছে—"আরিট্-এনে রাধাকুও ও শ্যামকুও আধিষ্কার করে শ্রীচেতন্য মহাপ্রভু পোষর্বনে 'হরিদেব' দর্শন করবেন। গোষর্বনের উপর উঠে গোপাল দর্শন করবেন না, এই জন্য আনুষ্ট প্রাম থেকে লেজভারের ছলে গোপাল গাঁঠুলি প্রামে এলেন। সেখানে গিয়ে মহাপ্রভু তাকে দর্শন করেছিলেন। ভততবর শ্রীক্রপ গোষামীকে কুপা নারে দর্শন দান করার জন্য গোপাল ভার অনেক দিন পরে মথুরায় বিচ্ঠালেছরের মন্দিরে এসে একমাস ছিলো—সে কথা শ্রীল কৃষকাস কবিরাজ গোষামী এখানে লিখেছেন

প্রীচেতন্য মহাপ্রভু নন্দীধর, পাবন সরোবর, শেষশারী, খেলাভীর্থ, ভাণ্ডারীবন, ভর্মনা, শৌহবন, মহাবন ইত্যাদি দর্শন করলেন এবং গোকুল দর্শন করে মধুরায় প্রত্যাবর্তন করেনে। অনুদর খাটে বাসা করে তিনি প্রতিদিন বৃদ্ধাবনে গিয়ে কালীয়-ছুদ, খ্রাদশাদিত্য-খাট, কেলীঘটি, রাসভুলী, চিরঘাট, আমুলিতলা ইত্যাদি দর্শন করতে লাগলেন, কালীয়-ছুদে রাত্রিবেলা মৎস্যাধানী ধীবরকে অনেক লোক কৃষ্ণ বলে মনে করে অনেক লোক এগে অনেক করতে লাগল, কিছু মহাপ্রভুকে দর্শন করে তাদের বিবর্তবৃদ্ধি দূর হওয়ায় সকলের কৃষ্ণস্কৃতি হলে মহাপ্রভুক জীবের চিবকণড় স্থাপন করকেন।

অকুন-দাটে অনেকক্ষণ ভূবে থাকার বলন্ত প্রভাচার্য মহাপ্রভূবে ব্রজমণ্ডল থোকে প্রাাপে নিয়ে বাবার করা দ্বির করালেন। 'সোরোক্ষেত্রে গঙ্গালান করে থারার যাবেন' এই চিন্তা করে যাব্রা করলেন। পথে একটি গ্রামে পাঠান রাজপুত্র বিজ্ञালী যাঁ এবং ভার প্রকৃতিরা শ্রীচিতনা মহাপ্রভূবে প্রেমাবেশে ঘূর্ছিত দেখেন। শ্রীচিতনা মহাপ্রভূব সঙ্গীরা ওঁরে ধন চুবি করে নেশার জন্যে ওাকে পুতুরা যাইয়ে মেরে ফেলাব চন্ত্রনান্ত করেছে বলে মনে করে তিনি মহাগ্রভূর সঙ্গীকের বিধে ফেলান মহাপ্রভূব প্রেমাবেশ ভঙ্গ হলে নিজ্জী থার দলে জনৈক প্রেজ আচার্যের সঙ্গে মহাপ্রভূব কথোপকথান ও শাস্ত্র বিচার হয়, এবং মহাগ্রভূ 'কোবান' শাস্ত্র থেকে 'কৃষ্যভক্তি' স্থাপন করেন। বিজ্ঞলী খার ভার অনুগত ছোড়-নোয়ারেরা মহাপ্রভূব চরণাশ্রম করে কৃষাভক্ত হয়েছিলেন। সেখানে এখনও পাঠান বৈধ্যবের গ্রাম' বলে একটি গ্রাম রয়েছে। সোরোচে গঙ্গাঞ্জান করে শ্রীচৈতন্য মহাপ্রভূব বিক্রেণীতে পৌছলেন।

শ্লোক ১

কৃদাবনে স্থিরচরালন্দরন্ স্থাবলোকনৈঃ । আত্মানঞ্চ তদালোকাদ্গৌরাজঃ পরিতোহস্রমৎ ॥ > ॥



অতান্ত দৈন্য সহকারে দন্তে তুণ ধারণ করে পণ্ডিত সনতিন পোসামী শ্রীচৈতন্য সহাস্তত্বর পাদপদ্ম জড়িয়ে ধরে গল্লীর বিনয়ের সঙ্গে বলতে লাগলেন, 'আমি অতি হীন, নীচ, পত্তিত অধম। নিজের হিতাহিত জ্ঞান নেই। কৃপা করে আমাকে আমার কর্তব্য বলুন। আমি কে ং কেম ক্রিতাপ দুংব পাছিংং কিসে আমার মঙ্গল হবেং'

খোক ৮ী

কুদাবনে বৃদাবনে; স্থিরচরান্—স্থাবর এবং জঙ্গম উত্য প্রকার জীবদের, নক্ষমন্—আনন্দান করে, স্থাবলোকনৈঃ—তার দৃষ্টিপাতের ছারা, আস্থানম্—নিজেকে, চ—ও, তদালোকাদ্ তাদের দর্শন করে, গৌরাঙ্গঃ—শ্রীটেতন্য মহাপ্রভু; পরিতঃ—সর্বত্র, অমমৎ—প্রমণ করেছিলেন

অনুবাদ

বৃন্দাবনে স্থীয়া দর্শন দান করে স্থাবর-জলমকে আনন্দ প্রদান করে এবং ডাদের দর্শন করে স্বয়ং আনন্দ দাভ করে শ্রীটেডন্য মহাপ্রভু চতুর্দিকে শ্রমণ করতে লাগলেন।

্রেক ২

জন্ম জন্ম সৌরচন্দ্র জন্ম নিত্যালক।
জন্মাধৈতচন্দ্র জন্ম সৌরভক্তবৃক্ষ ॥ ২ ॥
লোকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রভূব ক্ষম। শ্রীমনিত্যানক প্রভূব ক্ষম। শ্রীমনৈত আচার্য প্রভূব ক্ষম। শ্রীতেতন্য মহাপ্রভূব সমস্ত অক্তব্যক্ষর ক্ষম।

শ্লোক ও এইমত মহাপ্ৰভু নাচিতে নাচিতে। 'আরিট্' গ্রামে আসি' 'ৰাহ্য' হৈল আচন্থিতে ॥ ৩ ॥ শ্লোকার্থ

এইভাবে প্রেমানিট হলে নাচতে নাচতে শ্রীচৈতন্য মহাপ্রত্ব পথ চলছিলেন; আরিট-এামে এনে আচম্বিতে তাঁর বাহ্য চেতনার উদয় হল।

ভাৎপর্য

পরম তত্ত্ব পরমেশর ভগবান গ্রন্ধার হৃদয়ে দিবারের প্রদান করেছিলেন। (ভাগবত ১/১,১) তেনে গ্রন্ধায়ের তাদিকবনে। তই পরম তত্ত্ব কথনও গ্রন্থ পদার্থ হতে পারেন না, পরম তত্ত্ব হুছেন পরমেশর ভগবান 'মেই পুরুষ মানা-পানে করে অবদান।' কেবলমান্ত মানার প্রতি দৃষ্টি প্রদান বারর মানামে তিনি মানার প্রতি সমস্ত জীবের সংখ্যর করেন। জীব ভার কর্ম ও কর্মায়ল অনুসারে বিভিন্ন শরীর প্রাপ্ত হয়। সেই কথা ভগবন্গীতায় (২/১৩) বিরোধণ করা হয়েছে—

महित्यश्चिम् यथा मारह स्थीमातः स्पीकार क्षता । छथा माराजनशास्त्रिवीतस्य च मुद्दास्ति ॥

"দেহীর দেহে যেমন কৌমার, যৌবন এবং জরা আসে, তেমনই মৃত্যুর পব দেহী আর একটি দেহ প্রাপ্ত হয়। আখ্যতত্ত্বজ দীর ধ্যক্তি কখনও এই প্রকার পরিবর্তনে মৃহ্যমান হন না।"

শ্লোক ২৭৩ বাদ-বিশেষাভাসরূপে প্রকৃতি-স্পর্শন । জীব-রূপ 'বীজ' তাতে কৈলা সমর্পণ ॥ ২৭৩ ॥ রোকার্থ

"জীবরূপ বীজকে প্রকৃতির গর্ডে সমর্পণ করার জন্য ভগরান শ্বরং প্রকৃতিকে স্পর্ণ করেন না; তিনি নিজের অঙ্গের ছায়ারূপী আভাসের মারা প্রকৃতিকে স্পর্শ করে জীবরূপ বীজ ভাতে সমর্পণ করেন।

ভাৎপর্য

ভগৰদ্গীতাম (১৫/९) বলা হয়েছে—

মমৈবাংশো জীবলোকে জীবতৃতঃ সনাতনঃ। মনঃ বন্ধানীপ্রিয়াশি প্রকৃতিস্থানি কর্মতি । "জীব জামার সনাতন অংশ। জড় জগতের বন্ধনে আরঙ্ক হয়ে তারা মন আদি হয়টি ইন্দ্রিরের মারা প্রকৃতিকে উপভোগ করার চেটা করছে।"

জীবের প্রড়া-প্রকৃতির সংস্পার্শ আসার প্রসঙ্গে কৈতনা-চরিতামৃতে 'প্রকৃতি স্পর্শন' স্বভাবির বিশ্লেষণ করা হয়েছে, মহাবিষ্ণু প্রকৃতির প্রতি দৃষ্টিপাত করেন—সৈকত লোকারূ সূলা ইতি (ঐতক্রের উপনিষদ ১/১/১)। বদ্ধ অবস্থায় জীব দেহাদাবৃদ্ধিতে মৈথুনেয় মাধ্যমে গর্ভসঞ্চার করে, কিন্তু পরমেশার ভগবানকে গর্ভাধান করার জন্য মৈথুনে লিণ্ড হতে হয় নাঃ তিনি কেবল দৃষ্টিপাতের মাধ্যমেই তা সম্পাদন করেন। সেই কথা ব্রসাসংহিতারও (৫/৩২) বিশ্লোষণ করা হরেছে—

प्रज्ञानि यम् मकानक्षियदृष्टियश्चि नभावि नासि कामाखि हिंदाः व्यापि । प्राममहित्यसम्बद्धसर्विश्चमा रागविक्यामिनुकारः एयदाः खणायि ॥

গোহিত কেবল তার ধৃষ্টিপাতের দ্বাবাই গর্ভাধান করতে পারেম। অর্থাৎ, তার চন্দু ধাননের কার্য করতেও সক্ষম। তার সন্তান উৎপাদনের জন্য ধাননিন্দ্রিরের প্রয়োজন হয় না। প্রকৃতপক্ষে, শ্রীকৃষা তার যে কোন অঙ্কের দ্বারা যে কোন জীবনে উৎপাদন বরতে পারেম

'স্বান্ধ-পিশেরাভাসকলে' এই কথাটির অর্থ হঙ্গের, যে কাপের হারা তগবান প্রকৃতির বর্ণনা করা তি হীরদের সংগরিত করেন। তার সেই রূপ হঙ্গে শিব প্রকার বর্ণনা করা হরেছে যে, পুধ যেন বিকরেপ্রাপ্ত হরে দইটো পরিগত হয়, তেমনই মহাবিষ্ণু শিবে পরিগত হয়েছেন। দই দুবই, কিন্তু তবুও তা দুধ না। তেমনই, শিবকে এই ব্রক্ষাণ্ডের পিতা বন্ধে বিকেনা করা হয় এবং প্রকৃতিকে মাতা বলে বিকেনা করা হয় ব্রক্ষাণ্ডের পিতা এবং মাতা হচ্ছেন শিব এবং দুর্গা। শিবের লিক্ষ এবং দুর্গার যোনি একত্রে শিবলিক্ষরণে পূলা করা হয়। এইটিই ক্ষড় সৃষ্টির আদি কারণ। শিব হচ্ছেন জীব এবং ভগবাদের মধ্যবিত্তী সন্তা। তিনি পরমেন্দর ভগবান নান, আবার জীবিও নান, তার মাধামে পরমেন্দর ভগবান করান করান করা করেন দুধের মঙ্গে স্বান্ধিয়ে যেসন দই তিরি করা হয়, তেমনই শিবকলের প্রকাশ হয় মঞ্চন ভগবান জড়া-প্রকৃতির সংস্পর্শে আবেন। পিতা শিব যেভাবে প্রকৃতির গর্ভ সংখ্যার করেন তা অত্যন্ত বিশ্বয়ন্তনক, কেননা এক সঙ্গে তিনি অসংখ্য ক্রীকের করা করেন তা অত্যন্ত বিশ্বয়ন্তনক, কেননা এক সঙ্গে তিনি অসংখ্য ক্রীকের করা করেন তা অত্যন্ত বিশ্বয়ন্তনক, কেননা এক সঙ্গে তিনি অসংখ্য ক্রীকের করা দিয়ে থাকেন ভাগো জীবা স বিজ্ঞান স চানভাাম ক্রতে (শেতাশ্বতর উপনিষদ ৫/৯) এই স্বয়ন্ত জীবেরা অত্যন্ত কুল্র

(कमाधनजनात्रमा नजारममपृथाकवर । क्रीवर मृष्युक्तरभाश्तर मरथाजिला वि विश्वनः ॥

"জীবের আরতন এত সৃক্ষ্ম থে তা কেশাগ্রের দশ সহক্রতারের একভারের সমান, এবং তাদের সংখ্যা অগণিত। তারা সকলেই চিংকণ, তারা জড় পদার্থ নয়।" ভগবানের লোমকুপ থেকে জনন্ত ব্রহ্মাণ্ডের এবং অগণিত জীবের প্রকাশ হয় এইভাবে জড় জগৰ সৃষ্টি হয়। জীৰ না পাকলে জড় জগতের কোন মূল্য নেই। জীৰ এবং জড় জগৰ উভয়েই মহাবিষ্ণুর চিমায় শরীরের লোমকৃপ থেকে প্রকাশিত হয় এবং উভয়েই ভগবানের বিভিন্ন শক্তি ভগবদ্গীভান (৭/৪) সেই কথা বিশ্লেখণ করে ভগবান বলেজে—

> कृषिनारभारमञ्जा नामुः वर घरमा वृद्धितवर हः । व्यस्कात देवीमः स्म विमा अकृष्टितसेया ॥

"মাটি, জল, আগুন, বানু, তাাকাশ, মন, বৃদ্ধি, এবং অহমার এই আটটি উপাদান দিয়ে আমার ভিঃা প্রকৃতি বা জড়া প্রকৃতি রচিত হলেছে।" জড় উপাদানগুলিও প্রমেশ্বর ভগবানের অস্ব থেকে উদ্ভূত এবং তারাও ভার বিভিন্ন প্রকার শক্তি। ভগবানের অংশসমূতে জীবকে পরা শক্তি বলে বর্ণনা করা হয়েছে।

> क्षणासम्बद्धाः स्कृतिः विकि स्म भन्नाम् । कीवकृताः स्वानादा स्टामः वार्यत्व क्षणाः ॥

> > (जगनगीडा १/८)

"হে মহাবাহো অর্জুন, এই জগরা-প্রকৃতির অর্জীত আমার একটি পরা-প্রকৃতি রয়েছে। জীব সমূহ সেই প্রকৃতির অন্তর্গন্ত এবং তারা এই জগতকে ধারণ করছে।" নিস্ট জড়া-প্রকৃতি পরা-প্রকৃতি বাতীত সমিলা হতে পারে না সেই সমন্ত বিষয় অত্যক্ত স্পর্টভাবে বৈদিক শান্তে বিশ্লেষণ করা হয়েছে অড়ের থেকে জীবনের উদ্ভব হওয়ার জড় মতবানটি মাত। অড় জগৎ এবং দিয়ার আখা উভয়েই পরমেশ্বন ভগবান থেকে উদ্ভব। তাই, পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণাকে বেনার সূত্রে—জন্মান্যস্য যতঃ (১/১) বা সবকিছুর আদি উৎস যান বর্ণনা করা হয়েছে—সর্বকারণ-কারণম্। সেই কথা গরবতী আেকে বিশ্লেয়ণ

গ্লোক ২৭৪

দৈবাৎ ক্ষৃভিতধর্মিণ্যাং স্বস্যাং যোলৌ পরঃ পুসান্ । আধন্ত বীর্যং সাহসূত মহন্তত্বং হিরগ্রয়ম্ ॥ ২৭৪ ॥

দৈবাং—ধ্যমাদিকাল থেকে, **কৃতিত ধর্মিণ্যাম্—কৃত্ত** হয় যে অভাপ্রকৃতি, স্বস্যাম্— পরমেশ্বর ভগবানের শক্তিসমূত, ধোনৌ—প্রকৃতিরূপ যোনিডে, পরঃ পুমান্—পরবন্ধ, পরমেশ্বর ভগবান, আশ্বর—আধান করেন, বীর্মম্—বীর্ম, সাং—সেই জন্তা-প্রকৃতি, অস্ত—প্রস্ব করেন, সহৎ-তত্ম্—মহত্তথ্ব, হিরশ্বম্যশ্—কড় সৃষ্টির আদি উৎস।

অনুবাদ

" 'সেই শ্রেষ্ঠ পূরুষ দৈবাং ক্ষৃতিত-ধমিণী স্থীয় মায়ার নিজ বীর্য আখান করেছিলেন, ভার ফলে মায়া হিরথায় মহতত্ত্বকে প্রসব করেন '

ভাহপূৰ্য

এই স্নোকটি শ্রীমন্ত্রাগকত (৩/২৬/১৯) খেকে উদ্বৃত ভগবান কপিল্যনেকে তান গাতা দেবতৃতি যখন প্রথম ও প্রকৃতির লক্ষণ জিল্লাসা করেন, তখন তিনি তাকে অন্তবিংশতি উপাধান সমন্বিত মহন্তত্ব বর্ণরা করেন, তার অধীধার তত্ম পুরুষাবতার দুগবান ও তার পোকে শ্রীবের প্রথম বর্ণনা করেছেন। এইভাবে তিনি বর্ণনা করেছেন যে পর্যোধার ভগবানই সর্বকারণের পরম করেণ। জড় পদার্থ খেকে জীবনের উদ্ভব হয় না, জীবনের উদ্ভব হয় জীবন খেকে। বেদে সেই তত্ম বর্ণনা করে বলা হয়েছে— দিত্যো নিত্যানাং চেতনক্ষেত্রনানায়। (কটোপনিষদ ২/২/১৩) পর্যোধার ভগবানই হচ্ছেন সমস্ত জীবের আদি উৎস।

त्यांक २१৫

कानवृद्धाः जू बासासः धनग्रमागरशान्त्रवाः । लूक्रस्थनामुक्टजन वीर्यमाथस वीर्यवान् ॥ २९८ ॥

কাল-বৃত্ত্যা—হথা সহতে, সৃষ্টির কারণরাপে, তু—কিন্তু, মারায়াম্—হন্ডা-প্রকৃতিতে, প্রণ-মন্মাম—সত্ত, রঞ্জ এবং তম প্রকৃতির এই তিনটি ওন-সমন্নিত, অধ্যক্ষত্তঃ—পর্যান্ধর ভগবান, বিনি সমস্ত কড় ধারণার অতীও, পুরুষেশ—জড়া-প্রকৃতির ভোক্তা পুরুষের ধারা, আরু-তৃত্তের—ভার নিজের অংশের কারা; বীর্মন্—বীর্ষ, আধন্ত —আধান করেন, বীর্মবান্—সর্ব শক্তিখন।

অনুবাদ

" 'কালের বৃত্তির ছার। সর্বশক্তিমান ভগবান তার অংশশ্বরূপ আদিপুরুষের ছারা ওগময়ী। মান্তার বীর্য আধান করেছিলেন।'

ভাৎপর্য

এই ক্লোকটি শ্রীমন্তাগবত (৩/৫/২৬) থেকে উদ্ধৃত। এই ল্লোকো বর্ণনা করা হয়েছে প্রীব কিভাবে জড়া-প্রকৃতির সংস্পর্যে আসে। প্রশেষর সঙ্গে মিলন ব্যতীত দ্রী যেমন গর্ভবতী হতে পারে না, তেমনই পরমেশ্বর ভগবানের সংযোগ ব্যতীত জড়া-প্রকৃতি জীব প্রমণ করতে পাবে না। পরমেশ্বর ভগবান যে কিভাবে সমস্ত প্রীবের পিতা হন, তার ইতিহাস রয়েছে। সমস্ত ধর্মমতেই পরমেশ্বর ভগবানকে সমস্ত প্রীবের পিতা বলে স্বীকার করা হয়েছে। প্রিস্টান ধর্মে বর্ণনা করা হয়েছে যে, পরম পিতা ভগবান সমস্ত জীবের সমস্ত প্রয়োজন চরিভার্থ করেন। তাই তারা প্রার্থনা করে, "হে ডগবা- তুমি আগাদেশ দৈনন্দিন আহার সরবরাহ কর।" যে ধর্মে পরমেশ্বর ভগবানকে পরম পিতা বলে খীকার করা হয় না, সেই ধর্মকে ধনা হয় কৈডব ধর্ম বা ছল ধর্ম। শ্রীমন্ত্রাগবতে (১,১/২) দেই ধরনের ধর্মমতকে পরিভাগে করা হয়েছে— ধর্মঃ প্রোক্সিতকৈতবাহত্ত। থেবল নান্তিকেরা দর্বশক্তিমান পরম পিতাকে স্বীকার করে না। যিনি সর্বশক্তিমান পরমপিতাকে স্বীকার করেন। যিনি সর্বশক্তিমান পরমপিতাকে স্বীকার করেন। তিনি তাঁর অনুশাসন মেনে চলেন এবং তার ফলে ধার্মিক ব্যক্তিতে পরিণত হন।

শ্লোক ২৭৬

তবে মহন্তত্ব হৈতে ত্রিবিখ অহছার । যাহা হৈতে দেবতেন্দ্রিয়ভূতের প্রচার । ২৭৬ 🏾 লোকার্থ

"ভারপর মহতত্ত্ব থেকে তিন প্রকার অহতাবের উত্তব হয়, যা থেকে দেবভা, ইন্দ্রিয়া এবং জড় উপাদানওলির প্রকাশ হয়।

ভাহপর্য

ভিন প্রকার অংশদার হচ্ছে নৈকানিক, তৈজস এবং ভামস। হাদা অংশা চিত্তে মহন্দেশ্বের অবস্থান, এবং মহন্তত্ত্বের অধিষ্ঠাতৃ দেব হচ্ছেন বাসুদেব (জীমন্ত্রাগরত ৩/২৬/২১)। মহত্তত্ব তিন ভাগো বিনার প্রাপ্ত হয়—১) বৈকারিক, অর্থাৎ মাধ্বিক অহঙ্কার, তা (ব্যক্তে একাদশ ইন্ত্রিয় বা মনের প্রকাশ হয়, যার অধিষ্ঠাতৃ দেব হরেন অধিকত্ব (*শ্রীমত্বাপনত* ৩ ২৬/২৭-২৮); ২) তৈজস, অর্থাৎ রাজস অহছার, যা থেকে ইন্দ্রিয়সমূহ এবং বৃদ্ধি প্রকাশিত হয় এবং যার অধিষ্ঠাতৃ দেব ইচ্ছেন প্রদাস (প্রীমন্তাগদত ৩/২৬/২৯-৩১), ৩) ডাগস অহমার থেকে শনভন্মাত্র বিস্তার লাভ করে এবং ত। থেকে আকৃশ ও প্রথণ ইদ্রিয় আদি প্রকাশিত হয় (প্রীমতাগণত ৩/২৬/৩২) এই তিন প্রকার অহন্যারের অধিষ্ঠাতৃ দেব সন্ধর্য (*শ্রীমত্বাগবত* ৩/২৬/২৫)। সাম্ব্যকারিকা নামক দার্শনিক আলোচনাম বর্ণনা করা ইয়েছে— দান্ত্রিক এখানশকঃ প্রবর্ততে *বৈকৃতাদহভারা*ৎ **ए**जारमञ्जूषाकः सामगरेशकमामृश्चित्रम् ।

শ্লোক ২৭৭

সর্ব তত্ত্ব মিলি' সৃঞ্জিল ব্রহ্মাণ্ডের গণ ৷ অনন্ত বক্ষাও, তার নাহিক গণন 🛭 ২৭৭ 🗈

त्यांकार्थ

"বিভিন্ন উপাদানের সময়য়ে পরমেশ্বর ভগবান রক্ষাওসমূহ সৃষ্টি করলেন। সেই সমস্ত ব্রকা**ও** অসংখ্য, তাদের সংখ্যা গণনা করা সত্ত্রক নয়।

শ্ৰোক ২৭৮

र्देरशं यहस्यस्रो भूकव-"प्रशंविक्" नाम । অনন্ত ব্ৰহ্মাণ্ড তাঁর লোমকূপে ধাম 🏾 ২৭৮ 🗈

"সেই মহৎ হাষ্ট্রা পুরুষের নাম মহাবিষ্ণ। ভার লোমকুগ থেকে অনন্ত ব্রসাঞ্চ প্রকাশিত হয়

(当)ず えりかーシケロ

গবাকে উড়িয়া যৈছে রেণু আসে যায় 1 পুরুষ-নিশ্বাস-সহ ব্রহ্মাণ্ড বাহিরায় ॥ ২৭৯ ॥ পনবুপি নিশ্বাস-সহ যায় অভ্যন্তর ৷ অনম ঐশ্বর্য তার, সব—মায়া-পার 🏗 ২৮০ 🗈

"গ্ৰহাকের মধ্য দিয়ে যেমন রেণু উত্তে যাওয়া-ফালা করে, ডেমনট্ মহানিযুদ্ধ নিঃখাসের সঙ্গে সমস্ত ব্রহ্মাণ্ড নির্গত হয় এবং পুনরায় তাঁর প্রস্থাদের সঙ্গে সেণ্ডলি তাঁর দেহের অভ্যন্তরে প্রবেশ করে। মহাবিকুর অনন্ত ঐশ্বর্য কড় ধারণার অচীত।

শ্রোক ২৮১

ঘ্ট্যাক-নিশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদখনাথাঃ ৷ বিকুৰ্মহান্স ইহ যস্য কলাবিশেযো পোবিভয়াদিপুরুষং ভয়হং ভজামি ॥ ২৮১॥

হয়্য—খাঁর, এক—এক, মিহুসিড—নিখাসেই, কালমৃ—কাল, অথ—এইভাবে, অবলম্ব্য— অবলম্বন করে, জীবন্তি—জীবন ধারণ করে, লোম-বিলল্লাঃ—লোমকূপ থেকে জাত, ক্তগৎক্ষক-নাথাঃ—প্রস্কাতের পতিগপ (প্রস্কাগণ), বিশৃধ-মহান—মহাবিঞ্চ, সং—সেই, ३६—এখানে, यमा—यात, कला-विरुगंदः—विरुगंद व्यश्म, शादिक्यं—छन्यात्र শ্রীগোনিককে, আদি-পুরুষম্—থ্যাদি পুরুষকে, ডম্—গ্রাফে, অহম্—আমি, ডস্তামি— শুদ্রনা করি।

অনুবাদ

" বৈজ্ঞা এবং স্কাগতের অন্যান্য পতিগণ থার পোমকৃপ থেকে জন্মগ্রহণ করেন, এবং ঠার এক নিশ্বাস কাল পর্যন্ত জীবিত থাকেন, সেই মহাবিষ্ণু খাঁর অংশের অংশ, সেই আদিপুরুষ গোবিদাকে আমি ভক্তনা করি।'

ভাৎপর্য

এই শ্লোকটি ব্রক্ষসংহিতা (৫/৪৮) থেকে উদ্বৃত কিশ্দ বিষয়ণের জন্য আদিলীলা পঞ্চয অধ্যায়, ৭১প্লোক দ্রষ্টবা।

> (अंकि २४२ সমস্ত ব্রহ্মাগুগণের ইহো অন্তর্যামী ।

কারণাব্ধিশায়ী সব জগতের স্বামী ॥ ২৮২ ॥

268

লোকার্থ

"শহাবিষ্ণু ইচ্ছেন সমস্ত ব্রহ্মাণ্ডের গরমান্দ্রা, তিনি কারণ সমৃত্রে শয়ন করেন এবং তিনি সমস্ত জগতের প্রভূ।

> শ্লোক ২৮৩ এইড কহিলুঁ প্রথম পুরুষের স্তব্ধ ৷ দিতীয় পুরুষের বাবে শুনহ মহন্ত ৷ ২৮৩ ৷ ধ্যোকার্ধ

"এইজাবে আমি প্রথম পুরুষাবভার মহাবিকুর তত্ত বিশ্রেষণ করলাম। এখন আমি দিঙীয় পুরুষাবভারের কথা বর্ণনা করব।

> শ্লোক ২৮৪
> সেই পুরুষ অনন্ত-কোটি ব্রুগাণ্ড সৃক্তিয়া। একৈক-মূর্তো প্রবেশিলা বহু মূর্তি হুঞা ॥ ২৮৪ ॥ শ্লোকার্থ

'অনন্ত কোটি ব্রহ্মাণ্ড সৃষ্টি পূর্বক মহাবিশ্য বহু মূর্ত্তি ধারণ করে প্রতিটি ব্রহ্মাণ্ড প্রবেশ করদেন।

> শ্লোক ২৮৫ প্রবেশ করিয়া দেখে, সব—আদ্ধকার ৷ রহিতে নাহিক স্থান, করিলা বিচার ৷৷ ২৮৫ ॥ খোকার্থ

"সেই অনমেনোটি ব্রহ্মাণ্ডে প্রবেশ করে মহাবিচ্ছ দেখলেন যে সেখানে স্বকিছুই গভীর অন্ধর্কারাজ্য় এবং সেখানে তার অবস্থান করার মতো কেনে হ্লন নেই, তথন তিনি বিচার করলেন।

শ্লোক ২৮৬
নিজাল-খেদজনে ব্ৰহ্মাণ্ডাৰ্য ভরিল ৷
সেই জলে শেষ-শয়ায় শন্তন করিল ৷ ২৮৬ ৷
শোকার্থ

"তার অঙ্গের স্বেদ-জলে তিনি ব্রক্ষান্তের অর্থানে পূর্ব করলেন এবং সেই জলে শেষ-শয্যায় শয়ন করলেন গ্রোক ২৮৭ তার নাডিপল হৈতে উঠিল এক পদ । সেই পদো ইইল একার জন্ম-সল ॥ ২৮৭ । প্রোকার্য

"ভার নাভিপন্ন থেকে একটি পদ্ধ প্রকাশিত হল এবং সেই পদ্ম হল রস্কার জন্মগ্রন।

শ্লোক ২৮৮ সেই পক্ষনাব্দে হইল ভৌদ্দ ভূবন। ভেঁহো বিক্ষা' ইএল সৃষ্টি করিল সৃজন । ২৮৮ । প্লোকার্থ

"সেই পজের নাজে চতুর্নশ ভূবন প্রকাশিত হল এবং তিনি খ্যাং ব্রহ্মা হয়ে। সমগ্র ব্রহ্মাত সঙ্কি ক্যালেন।

শ্রেক ২৮৯
'বিঞু'-রূপ হঞা করে জগৎ পালনে ৷
গুণাডীত বিকু-স্পর্শ নাছি মায়া-সনে ৷ ২৮৯ ৷
শ্রেকার্থ

"এইজনে পর্যেশন ভগবনে বিফুলপে সমগ্র জগৎ পালম করেন। শ্রীবিষ্ণু জড়া-প্রকৃতির তিমটি ওবের জতীত, জড়া-প্রকৃতি তাঁকে স্পর্মত সারে না জাৎপর্ম

জড়া-প্রকৃতির প্রভাব রখা। এবং শিবকে পর্যন্ত প্রভাবিত করে, কিন্তু তা বিশ্বুকে স্পর্শ করতে পারে না। তাই বলা হয় যে, প্রীবিদ্ধু হচ্ছেন সমস্ত জড় ওপের অতীত। ওপারতার শিল এবং রজা জড়া-প্রকৃতির দ্বারা প্রভাবিত। কিন্তু প্রীবিদ্ধা ওানের থেকে ভিন্ন, কান্ বেদে বলা হছেছে—ও ওদ্ বিকেল প্রমাণ পদ্ম (কান বেদসাহিতা ১/২২/২০), পর্মাণ পদ্ম বলাতে জড়ওপার অতীত বোঝান হয়েছে। গ্রীবিদ্ধা যেহেছু জড়ওগার অধীন নান, তাই তিনি সর্বদহি জড়া-প্রকৃতির দ্বারা নিয়ন্ত্রিত জীবদের থেকে দহৎ ভগবান এবং জীবের মধ্যে এটি জনাত্য একটি প্রথব্য রক্ষা অত্যন্ত শক্তিশালী জীব এবং শিব ভার থেকেও অধিক শক্তিশালী। তাই শিবকে জীব বলে মনে করা হয় না, কিন্তু তাহলেও তিনি বিশ্বুরা সমকক নান।

শ্লোক ২৯০ কিড'রূপ ধরি করে জগৎ সংহার । সৃষ্টি, স্থিতি, প্রলয় হয় ইচ্ছায় ধাঁহার ॥ ২৯০ ॥ 824

"পরমেশ্বর ভগবান রুদ্ররূপ ধারণ করে জগতের প্রকায় কার্য সাধন করেন। অর্থাৎ প্রমেশ্বর ভগবানের ইচ্ছার প্রভাবেই কেবল সৃষ্টি, স্থিতি এবং প্রদায় কার্য সাধিত হয়।

শ্ৰোক ২৯১

ব্রহ্মা, বিষ্ণু, শিব—ভার ওপ-অবভার ১ সৃষ্টি-স্থিতি-প্রলয়ের তিনের অধিকার 🛭 ২৯১ 🗈

"ব্ৰন্ধা, বিষ্ণু এবং শিব তাঁর গুণ-ফবতার। সৃষ্টি, স্থিতি এবং প্রদান ঘখাক্রমে এই কিন জদের বারা সাধিত হয়।

শ্লোক ২৯২

হিরপাগর্ড-অন্তর্যামী —গর্ডোদকশায়ী 1 'সহস্রশীর্যাদি' করি' বেদে যাঁরে গাঁই 🛚 ২৯২ 🖡

"গর্ডোদকশায়ী বিঝু, যিনি হিরণ্যশর্ভ এবং অন্তর্যামী নামেও পরিচিত, 'সহস্রশীর' আদি বৈদিক ঝোকে ভার কীর্তন করা হয়েছে:

শ্ৰোক ২৯৩

এই ড' বিতীয়-পুরুষ— ব্রহ্মাণ্ডের ঈশ্বর 1 মায়ার 'আঞ্রম' হয়, তবু মায়া-পার 🛚 ২৯৩ গ্ল (ब्रांकार्श

"গর্ভোদকশায়ী বিষ্ণু দামক বিজীয় পুরুষাব্তার মায়ার আশ্রয়, কিন্তু তবুও তিনি মায়াতীত।

শ্লোক ২৯৪

ড়ভীয়-পুরুষ বিফু:—'গুণ-প্রবভার'। দুই অবতার-ভিতর গণনা তাঁহার ম ২৯৪ ম ट्यांकार्थ

"কৃতীয়া পুরুষাবভার হচ্ছেন ক্ষীরোদকশারী বিষ্ণু, ভিনি সভ্তপের অবজ্ঞর। ভাঁকে পুরুষাবতার এবং ওলাবভারের মধ্যে গণনা করা হয়।

> গ্ৰোক ২৯৫ বিবাট্ ব্যক্তি জীবের তেঁহো অন্তর্যামী ৷ ফীরোদকশায়ী তেঁহো—পাঙ্গাকর্তা, স্বামী 🛭 ২৯৫ 🗈

ল্রেক ২১৯] ঐতিতন্য মহাপ্রভর মঙ্গে সনাতন গোস্বামীর সাক্ষাৎকার

শ্ৰোকাৰ্থ

"এই স্মীরোদকশায়ী বিষ্ণ হচ্ছেন ভগবানের বিরাটক্রপ এবং তিনি সমন্ত জীবের অন্তর্গামী তিনি ব্রন্ধাণ্ডের পালন কর্তা এবং প্রভ।

> শ্ৰোক ২৯৬ পরুষাবতারের এই কৈলু নিরূপণ ৷ লীলাবভার এবে শুন, সনাতন ॥ ২৯৬ ॥

"সনাতন, আমি এডকণ পুরুষাবভারের তত্ত্ব নিরূপণ করলাম, এখন আমি লীলাবডারের তন্ত্ৰ বৰ্ণনা করখ, ভূমি ভা ক্ৰমণ কর।

শ্ৰোক ২৯৭

লীলাবভার কৃষ্ণের না যায় গণন ৷ প্রধান করিয়া কহি দিগ্দরশন ॥ ২৯৭ ॥ প্ৰোকাৰ্থ

"শ্রীকৃকের বীলাবভার গণদা করে শেষ করা যায় না। আমি কেবল প্রধান প্রধান नीकावछात्रस्य कथा वर्षमा करत प्रिश्नम्बन करत।

> শ্লোক ২৯৮ बरमा, कुर्ब, तसुनाथ, नृजिश्द, वामन । वदादानि—क्ष्मा यात्र मा यात्र नंपन ॥ २৯৮ ॥ বোকার্থ

"ভরবানের লীলাবতার হচ্ছেন, সংস্য, কর্ম, রখুনাথ, নৃসিংহ, বামন ও বরাহ ইত্যাদি कीट्रस्ट मरबा। प्रथमा कट्ड त्यम कडा माप्त ना।

> শ্ৰোক ২৯৯ মৎস্যাশ্বকক্ষপন্সিংহ-বরাহ-হংস-রাজন্যবিপ্রবিবৃধেষ্ কৃতাবতারঃ । ত্বং পাসি নপ্তিভূবনক তথাধুনেশ ভারং ভবো হর যদন্তম বন্দনং তে 1 ২৯৯ ॥

মহস্য—মহস্য অবতার, স্কন্ম—হয়গ্রীর জনতার, কচ্ছগ—কুর্ম অবতাব; নৃসিংছ व्यनिमिः श्राप्तः, वतार् व्यवतार्गापनः, दरमः श्राप्त-व्यवज्ञानः, वास्त्रनः स्रीतामानसः, विश्व পরভরাম, বিষুধেষু—এবং বাজনদেব; কৃত-অবজারঃ—অবজীর্ণ হুন, ত্বম্—আপনি; পাসি— রক্ষা করনা, নঃ—জামাদের, ব্রিক্তবন্য চ—এবং ব্রিভূকনকে; ভঞ্চ—এমনই; অধুনা -এখন, ঈশ—হে ভগবান; ভারম্—ভার; ভূবঃ—বন্দাওের, হর -দত্রা করে হরণ করুন; যদু উত্তম—যদুকুলশ্রেষ্ঠ, বন্দনম তে আসরা আপনাকে বন্দনা করি।

" 'হে জগবান, আপনি মৎস্য, হয়গ্রীৰ, কুর্ম, নৃসিংহ, ৰহাহ, হংস, রাফচন্দ্র, পরওয়াম, বামনদেব ইত্যাদি রূপে বিৰিধ অবতারে আমাদের ব্রিডুক্সকে প্রতিপালিত করেন; হে যদুকুল হোষ্ঠ, আপনাকে আমরা কমনা করি, এখন আপনি এই পৃথিবীর ভার গ্রহণ क कम ।

खोदमर्ग

এই মোকটি *শ্রীমন্ত্রাগবন্ত* (১০/২/৪০) থেকে উক্ত।

825

(副本 900) শীদাবভারের কৈলু দিগদরশন । গুণাবতারের এবে গুন বিবরণ 🛮 ৩০০ 🗈

"আমি লীলাৰতারদের দিগ্দর্শন করলাম; এখন আমি গুণাবতারদের কথা কর্ণনা করছি, তা শ্ৰবণ কৰে।

শ্ৰোক ত০১

ব্রক্ষা, বিষ্ণু, শিব,—তিন গুণ-অক্তার ৷ ত্রিতাণ অঙ্গীকরি' করে সৃষ্ট্যাদি-ব্যবহার ॥ ৩০১ ॥

"রাজা, বিষ্ণু এবং দিব এই ডিনজম হচ্ছেন গুণাবভার। ভারা প্রকৃতির তিনটি গুণ व्यक्रीकान करत मृष्टि व्यक्ति कार्य माध्य करहर।

> শ্ৰৌক ৩০২-৩০৩ ছক্তিমিশ্রকৃতপূণ্যে কোন জীবোত্তম 1 রজোওপে বিভাবিত করি' তাঁর মন ৪ ৩০২ ॥ গর্ভোদকশায়িত্বারা শক্তি সঞ্চারি' ৷ বাস্তি সৃত্তি করে কৃষ্ণ ব্রহ্ম রূপ ধরি' 🛚 ৩০৩ 🗈 শ্লোকার্ঘ

পূৰ্বকৃত ভক্তিমিশ্ৰিত পুণ্যকৰ্মের প্ৰভাবে পুণ্যবান কোন উত্তম জীবকে পৰ্কোদকশায়ী বিষ্ণু রজোণ্ডদের ছারা বিভাবিত করে তার মধ্যে নিজ শক্তি সংগার করেন এবং ব্রহ্মারণে তার দ্বারা জগতের সৃষ্টিকার্য সাধন করেন

ভাৎপর্য

নেই গর্ভোদকশারী বিষ্ণু পুরুষাবতার সহ, রজ এবং ভয়োগুণকে আশ্রয় করে বিষ্ণু, ব্রদার বি শিব—এই ডিনটি ওশাবভাররূপে প্রকাশ করেন। কোন ভক্তিমান্ পুশাবান জীবোভমকে রজোওগে বিভাবিত করে, গর্ভোদকশায়ী বিষ্ণুর দ্বারা তার মধ্যে শক্তি সন্ধার করে ব্রজারাণে জগৎ সৃষ্টি করেন।

শ্ৰোক ৩০৪

ভাসান্ বথাশ্সকলেব্ নিজেষ্ ডেজঃ স্বীয়ং কিয়ৎ প্রকটয়ত্যপি তব্দর । ব্ৰহ্মা য এব জগদগুৰিধানকৰ্তা গোবিক্ষয়াদিপুরুষং তমহং ছজামি ॥ ৩০৪ ॥

ভাষান্—জ্যোতির্ময় সূর্ব, ষথা—যেমন, অন্ধ-সকলেবু—বিভিন্ন প্রকার মণিতে: দিজেবু— উরে নিজেন, ডেজঃ—তেজ, স্বীয়ন্—ভার নিজেন, কিমৎ—কিছু পরিমাণে, প্রকটমতি— প্রকাশ করে, অপি—ও, তদং—সেইগ্রেপে, অত্য—এখানে, ত্রন্ধা—রন্ধা; যা—যিনি; এবা —শ্রন্থ: অধং-মণ্ড-বিধান-কর্তা—এক্সাণ্ডের সৃষ্টিকর্তা; গোবিদ্দম্-আদি-পুঞ্চম্—আদি পুরুষ গোণিদকে, ত্বম্—তাকে, অহম্—আমি, ডক্সমি—ভঞ্জনা করি,

" 'সূর্য বেমন বিভিন্ন মণিডে ভার তেজ কিরৎ পরিমাণে প্রকট করেন, ডেমনীই যে আদি পুরুষ গোবিত কোন পুণ্যবান স্কীবের মধ্যে তাঁর পক্তি সধ্যার করে একারূপে ব্ৰহ্মাণ্ডের সৃষ্টি কার্য সাধন করেন, তাঁকে আমি ভজন। করি।

ভাৎপর্য

এই জোকটি *ব্ৰক্ষসংহিতা* (৫/৪৯) খেকে উদ্বতঃ

শ্ৰোক ৩০৫ কোন কল্পে যদি যোগা জীব নাহি পায়। আপনে ঈশ্বর ভবে অংশে ব্রন্ধা' হয় য ৩০৫ য শ্ৰোকাৰ্ঘ

"কোন কল্লে ভগধান যদি একা হওয়ার মডো উপযুক্ত জীব না পান, ভাহলে তিনি নির্ফেই ভার অংশের দারা ব্রহ্মারূপে প্রকাশিত হন।

ভাৎপর্য

এক সহস্র চতুর্যুণে অথবা সৌর বৎসরের গণনাধ চারণত বন্ত্রিশ কোটি বছরে ব্রস্মান একদিন এবং এই পরিমাপে তাঁর এক রাত্রি হয়। এরকম ৩৬০ দিনে প্রথারে এক বছর এক সেই রকম শত কমের তার আয়ুদ্রাল।

(国体 も)(0)

শ্লোক ৩০৬

যস্যাত্মিপঞ্চজরক্ষোহখিললোকপালৈ
মৌল্যুস্তমৈর্গৃতমুপাসিত-তীর্থতীর্থম্ ।
ব্রন্ধা ভবোহহমপি যস্য কলাঃ কলায়াঃ
শ্রীম্কোদ্ধহেম চিরমস্য নৃপাসনং ক্ল ॥ ৩০৬ ॥

যদ্য—শার, অগ্রি-পদ্মস্ক—শ্রীপাদপদ্ম, রজঃ—ধূলিকণা, অবিল-লোক—সমগ্র বিশ্ব
প্রপাণ্ডের, পালৈঃ—পালন কর্তাদের হারা, মৌলি-উপ্রট্মঃ—শ্রাদের মস্তক অতার মূল্যধান
মূকুটে শোভিত, খৃতম্—ধারণ করে, উপাসিত—উপাসিত, তীর্থ-চীর্থম্—তীর্থ সমৃহের
তীর্থ স্বরূপ, রক্ষা—প্রখা, ভবঃ—নিন, অহম্ অপি—থামিও, বস্য—গার, কলাঃ—
তাংশ, কলায়ঃ—কলার, ব্রীঃ—সম্প্রীদেবী, চ—এবং, উন্তর্ম—আমরা বহন করি,
চিনম্—চিনকাল, অস্য—তার, নৃশ-আসনম্—রাজ সিংহাসন, ক্ল—কোথায়।

অনুবাদ

'সমস্ত বিশ্ব ব্রজাণ্ডের পালনঞ্জার। সমস্ত তীর্ণের তীর্ণস্করণ থার পদরম্ভ মন্তব্যুক ধারণ করেন এবং রাজা, শিব, আমি বলদেব ও কান্দ্রী—আমরা কেউ অংশ, কেউ অংশের অংশরূপে থার পদরক্ত চিরকাল মন্তব্যু ধারণ করি, তার কাছে সংমান্য রাজ-সিংহাসনের কি মাহান্যা।'

ভাৰপৰ্য

এই **রোকটি গ্রীমন্তাগরত** (১০/৬৮/৩৭) থেকে উদ্ধৃত। কৌরবেরা যকা বলরামকে দশে টানবার জন্য ডোযামোদ করে শ্রীকৃত্তের নিশা করে, তখন ফুল্ক হয়ে বলদেব এই মোকটি বলেন

শ্ৰোক ৩০৭

নিজাংশ-কলায় কৃষ্ণ তমো-গুণ অঙ্গীকারে। সংহারার্থে মায়া-সঙ্গে রুক্ত-রূপ ধরে ॥ ৩০৭ ॥

শ্লোকার্থ

পরযেশ্বর ভগবান খ্রীকৃষ্ণ তাঁর অংশের কলায় ত্যোগুণ অঙ্গীকার করে জড় লগতকে সংহার করার জন্য রুদ্ররূপ ধারণ করেন।

তাৎপর্য

এইটি শ্রীকৃষ্ণের আর একটি প্রকাশ, রুদ্ররূপের বর্ণনা, বিকুস্তিরাই কেবল শ্রীকৃষ্ণের আংশ এবং কমার প্রকাশ। কারণোদকশায়ী মহাবিষ্ণু সরুর্যপের অংশ। তাঁর অংশ গর্ভোদকশায়ী বিষ্ণু ত্যোগুণ গ্রহণ করে জগৎ সংহারের জন্য গুণাধভার রুদ্ররূপ করণ করেন। বিষ্ণুতে সন্থগুনের অধিষ্ঠান স্থীকৃত হলেও মারা অধীনতা সন্তবপর নয় যেখানে বিষ্ণুত্তর অভান, দেখানে শিবত বা ব্রহ্মত্ব, ভাতে মারার সংযোগ আছে। শিবত ও প্রসাধ-বিষ্ণু স্করার অধীন।

> শ্লোক ৩০৮ সায়াসস বিকারী করে ভিন্নভিন্ন রূপ । জীবতত্ত্ব নহে, নহে কৃষ্ণের 'স্বরূপ' ॥ ৩০৮ ॥ শ্লোকার্থ

"রুত্রের বিভিন্ন রূপ বা মামার সদ প্রভাবে বিকার প্রাপ্ত হয়েছে ক্রম্ম স্কীবতত্ব নন, আবার তিনি শ্রীকৃষ্ণের স্করণণ নন।

তাৎপর্য

ক্ষম বিশূল সঙ্গে ভেগাভেদ তথ্, মায়ার সঙ্গ প্রভাবে বিকার লাভ করায় বিযুদ্ধ থেকে, 'ভিয়' এবং স্বয়ং বস্তুত বিকৃত্য থেকে অভিঃ এই অবস্থাকে বলা হয় ভেলাভেদ তথ্, বা অচিপ্রতেলাভেদ তথ্। একই সঙ্গে এক এবং ভিয়।

> শ্লোক ৩০৯ দুগ্ধ বেন অম্লযোগে দখিলপ ধরে । দুগ্ধান্তর বস্তু নহে, দুগ্ধ হৈতে নারে ॥ ৩০৯ ॥ গ্লোকার্থ

"দুখ অলের সংযোগে দ্ধিতে পরিণত হলেও দৃখি দুখ খেকে ডির বস্তু ময়। কিন্তু তা দুখ হতে পারে না।

ভাৎপর্য

ভগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় কার্যের নিয়ন্তা ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশায়, এই তিনজনের মধ্যে বিষ্ণু কখনও পরমেশর ভগবান আদি বিষ্ণু থেকে ভিন্ন নন। কিন্তু শিব এবং ত্রহ্মা মায়াব বলে বিষ্ণু থেকে ভিন্ন কখনই বিকারী নন, সেথানেই ঈশরতে মায়িক বিকার লক্ষিত হয়, তা বিষ্ণু থেকে ভিন্নকল গুণাবতার নামক শিব বা ব্রহ্মা। সূত্রাং ক্রম্ব বিশিষ্ট ভেগতেদ প্রকাশ জীবতত্ব, স্বরূপত কৃষ্ণের স্বরূপ বিষ্ণুতত্ব নন, উপরস্থ বৈষ্ণুবত্ব। ঈশরকাপ দৃষ্ণ মায়ারূপ অন্নবোগে দ্বিতে স্কণান্তরিত হওয়ায়, দৃষ্ণ থেকে জ্বাত হলেও কবনই দৃষ্ণ করে গরিচর প্রদান করতে সমর্থ হয় না।

শ্লোক ৩১০ ক্ষীরং যথা দখি বিকারবিশেষযোগাৎ সংজারতে ন ডু ততঃ পৃথগন্তি হেডোঃ ।

য়ঃ শস্ত্তামণি তথা সমূপৈতি কাৰ্যাদ্ গোবিন্দমাদিপুক্তমং তমহং ভজামি ॥ ৩১০ ॥

ক্ষীরম্ দৃধ, খলা -বেমন; দবি দিনি, বিকার-বিশেষ নিশেষ বিনারের ফলে, লোগাং— মিশ্রণের দ্বারা, সংজাদ্বে—ক্রপান্তরিত হয়, না না, ডু—কিন্তু, ডডঃ—দৃধ থেকে; সৃথক্ পৃথক্; অন্ধি—হয়: হেতোঃ—কারণ; যঃ—ফিনি, শক্তুতাম্—ক্রমণ, অনি—ফিনিও, ডলা –তেমন, সমূপৈতি—গ্রহণ করেন, কার্যাৎ—কোন বিশেষ কার্য থেকে; গোবিস্কম্— পরমেশর ভগবান শ্রীগোবিসকে আদি পুরুষম্—আদি পুরুষ; তম্—তাকে, অহম্—আনি; ভজামি—ভজনা করি।

অনুবাদ

" 'বিকার বিশেষ থোনো দুখ বেমন মধিতে পরিণত হর, বিকার স্থাতীত তাতে আর কোন হেড় নেই, তেমনই যে আদি পুরুষ গোবিন্দ কোন বিশেষ কার্য সম্পাদন করার জন্য শতুতে পরিণত হৃদ, তাঁকে আমি জ্ঞানা করি।'

ভাৎপর্য

এই মোকটি *বন্দসংহিতা* (৫/৪৫) খেৰে উদ্ভঃ

শ্লোক ৩১১

"শিব'—মামাশক্তিসঙ্গী, তযোগুণাকেশ । মামাতীত, গুণাতীত 'বিষ্ণু'—পরফেশ ॥ ৩১১ ॥

"শিব মারার সন্ধী, তাই, তিনি ভযোগ্রশের দারা আবিষ্ট। কিন্তু বিকু মায়ার অতীত এবং শুনের অতীত, তিমি পরমেশ্বর ভগবান।

ভাষ্পর

ভাগান শ্রীনিমূ ওলাড়ীত এবং মায়ার অধীন্তর করন্তে পরমেন্দর। সেই সরছে লক্ষপাচার্যত বলেছেন নারায়ান্ত পরেহবান্তাৎ (গীতাভাষা) নির কর্মণত হন ভগবন্তক, কিন্তু মায়ার মঙ্গ প্রভাবে বিশেষ করে তমোগুনের সঙ্গ প্রভাবে তিনি মায়ার প্রভাব থেকে মূক্ত নন। পরমেন্দর ভগবান শ্রীবিমূল্য মায়ার সঙ্গে এই ধরনের কোন সংস্পর্গ নেই। নির মায়াকে শ্রীকার করেন, বিদ্ধ শ্রীবিমূল্য উপস্থিতিতে মায়া থাকতে পারে না। অভএব শিবকে মায়া সন্মুত বলে বিবেচনা করা হয় নির মধন মায়ার প্রভাব থেকে মূক্ত তকা তিনি মহাভাগবত পরমেন্দর ভগবানের মহান ভক্ত। তাই বলা হয় বৈক্ষবানাং মথা শন্তঃ।

শ্লৌক ৩১২

শিবঃ শক্তিযুক্তঃ শশ্বং ব্রিলিঙ্গো ওপসংবৃতঃ । বৈকারিকন্তৈজসশ্চ তামসন্দেত্যহং ব্রিধা ॥ ৩১২ ॥ নিবঃ শিবঃ ৰস্কি-যুক্তঃ—মান্নাশক্তি সমন্বিতঃ ৰশ্বং—নিতাঃ, ব্রি-নিক্তঃ—ভিনরূপে, ওপ-মংকৃতঃ—শুকৃতির ওপের দারা আবৃতঃ বৈকারিকঃ—বৈকানিক নামক, তৈজসঃ চ—এবং তৈজস নামক, তামসঃ চ—এবং ভামস নামকঃ ইতি—এইভাবে, অহম্—অহকার, ব্রি-ধা—ভিন প্রকার।

অনুবাদ

" 'বৈকারিক, ভৈজস ও ভাষস —এই তিন প্রকার অহস্কার স্থারা আবৃত এবং সর্বদা মায়।
শক্তিসুক্ত ভর্মই 'শিব'।

ভাৎপর্য

এই শ্লোকটি *শ্ৰীমন্তাগৰতে* (১০/৮৮/৩) বেকে উত্বত।

শ্লোক ৩১৩

হরিছি নির্থাণঃ সাক্ষাৎ প্রাক্তঃ প্রা । স সর্বদৃত্তপদ্রস্তা তং ডজমির্থাণো ভবেৎ ॥ ৩১৩ ॥

ছরিঃ—পরমেশ্বর ভগবান, শ্লীবিকৃৎ, হি—শুবেশাই, নির্প্রণঃ—প্রকৃতির সমস্ত ওগের অতীতঃ সাক্ষাৎ—সাক্ষাৎ, প্রকাশ-প্রথায়েম, প্রকৃত্যে—অভা-প্রকৃতি, পরঃ—অতীতঃ স—তিনি, সর্ব-দৃক্—সর্বপ্রতী, উপপ্রতী—সবনিপুর তত্তাবধানকারী; তম্—গ্রীকে; ভজন্—আনাধনা করার হারা, নির্প্রণ-শ্রাড় গুণের অতীতঃ ভবেৎ—হওয়া যায়।

অনুবাদ

" 'শ্রীহরি প্রকৃতির অতীত সাক্ষাৎ নির্তণ পুরুষ। তিনি স্বকিছুর স্রষ্টা এবং সকলের ভত্তাবধায়ক; তাঁকে ভত্তন করলে জীব সির্তণ হয়।'

ভাৎপর্য

এই প্লোকটিও শ্রীমন্ত্রাগরত (১০/৮৮/৫) থেকে উদ্বত

লোক ৩১৪ পালনার্থ স্থাংশ বিষ্ণুরূপে অবতার । সবওণ দ্রন্তা, তাতে ওপমায়া-পার য় ৩১৪ ॥

লোকাৰ্থ

"ক্রপ্নং পালনের জন্য প্রীকৃষ্ণের অংশ বিষ্ণুরূপে অবতীর্ণ হন। তিনি সত্ত্বশের পরিচালক; চাই তিনি ক্রড়া-প্রকৃতির ওপের অতীত।

শ্ৰোক ৩১৫

यक्तल— खेब्र्यपृर्व, कृषम्मम श्राप्त । कृष्य जल्मी, एउँद्या जल्म, त्वरम दल्न गाम ॥ ७५৫ ॥

শ্লেকার্থ

"ব্রীবিষ্ণ ত্রীকৃষ্ণের স্বাংশ প্রকাশ। তাঁরে ঐশ্বর্য প্রায় শ্রীকৃষ্ণের অংশেরই মডো। বেদে বর্ণনা করা হয়েছে যে শ্রীকৃষ্ণ অংশী এবং বিষ্ণু তার অংশ।

ভাৎপর্য

প্রাধা শতনাবেশ হয়েও গুণাবতার। কর ভেলভেদ হয়েও গুণাবতার। কিন্তু বিকৃ সংখ্যারপে গুণাবতার হলেও সম্বুথণের নিমন্তা বলে মায়ার গুণার ওতীত। শ্রীবিষ্ণু কৃষ্ণের আদি পুরুষাবতার, এমং শ্রীকৃষ্ণ সমস্ত অবধারের গুরুতারী। বিষ্ণু— অংশ, কৃষ্ণ ভার অংশী, অতএব কৃষ্ণের মতো বিষ্ণু বাঁড়েশ্বর্যপূর্ব।

स्थिक ७५७

দীপার্চিরেব হি দশান্তরমভাগেত্য দীপায়তে বিবৃতহেতৃসমানধর্মা। যন্তাদৃগেব হি চ বিষ্ফায়া বিভাতি গোবিক্মাদিপুরুষং তমহং ভজামি ॥ ৩১৬ ॥

দীপ-অটি:—প্রদীপ শিখা; এব—বেমন, ছি—অবশাই; দশা-অন্তর্ম—অন্য দীপকে; অভাপেত্য—বিস্তার করে, দীপামতে—প্রকাশিত করে; বিবৃত-হেতু—বিস্তাবিত হওয়ার জনা, সমান-ধর্মা—সমশন্তি সম্পান, যঃ—মিনি: তাস্কৃ—তেমনই; অক—অনশাই, ছি—অবশাই, ত—ও, বিমৃত্যা—বিশৃকরপে প্রকাশিত হওয়ার জনা; বিস্তাতি—উৎম্বাবিশে প্রকাশি গায়, গোবিশ্বন্—শ্রীকৃষ্যকে, আদি-পুরুষ্য্—গ্রানি পুরুষ, তন্—ভাকে, অহম্—গ্রামি, তন্ত্যামি—ভ্রানা করি।

অনুবাদ

" দীপশিখা নেমন ভিচ আধারে পৃথক দীপের মতো কার্য করে, অর্থাৎ, পূর্ব দীপের মতো সমান ধর্মা, তেমনই যে আদিপুরুষ গোবিন্দ 'বিষ্ণু' হয়ে প্রকাশ পাছেন্ন তাঁকে আমি ডজন করি।'

ভাৎপর্য

এই মোকটি ব্ৰহ্মসংহিতা (৫/৪৬) থেকে উদ্ধান

শ্লোক ৩১৭

ব্রহ্মা, শিব—আজ্ঞাকারী ভক্ত-অবতার । পালনার্থে বিষ্ণু—কৃষ্ণের স্বরূপ-আকার ॥ ৩১৭ ॥ শ্লোকার্থ

ঁব্রস্বা এবং শিব ভগবানের আদেশ পালনকারী ভক্তাবতার। কিন্তু, পালনকর্তা শ্রীবিষ্ণু, তিনি শ্রীকৃষ্ণের স্বরূপ আকার।

প্লোক ৩১৮ সৃজামি ভরিষ্ডোহধং হরো হরতি তদশঃ । বিশ্বং প্রুযুক্তবিধ্ব পরিপাতি ত্রিশক্তিগ্রু ॥ ৩১৮ ॥

স্কামি—সৃষ্টি করি, তৎ নিযুক্তঃ—তার দারা নিযুক্ত থকো, অহম্—ফামি, হরং—শিব: হরতি—সংখ্যর করেন, তৎ-বশঃ—তার দারা নিয়ন্তিত হয়ে: বিশ্বম্ সমস্ত জগৎ, পুরুষ-রূপেন—জীবিস্থানতে, পরিপাতি—পালন করেন, বিশক্তি-ধৃক্—জড়া প্রকৃতির তিনটি ওপের নিয়ন্তা,

অনুবাদ

" ব্রহ্মা বললেন,—প্রমেশ্বর জ্যাবান শ্রীহরির স্বারা নিযুক্ত হয়ে আমি সৃষ্টি করি, এবং জ্যার আদেশ অনুনারে শিব সংহার করেন। ত্রিওণমন্ত্রী মায়ার নিয়ন্ত্রা শ্রীহরিই পুরুষরূপে বিশ্বকে পালন করেন।"

ভাৰপৰ্য

এই স্নোকটি শ্রীমন্তাগরত (২/৬/৩২) (থকে উদ্ধৃত। দেবর্ষি নারদ জাঁর জনগেন ক্রমার কাছে জারও আরাধ্য সর্বজ্ঞেষ্ঠ তত্ত্ব পরমাধ্য শ্রীহরির সম্বন্ধে জানতে ইচ্ছা করায়, ক্রমা তাকে জগবানের বিশারাশ বর্ণনা করে অধ্যক্তান বিযুগ্ত পরমেশ্বরত কীর্তন বারেছেন

গ্রোক ৩১৯

সম্বস্তরাবতার একে শুন, সনাতন । অসংখ্য গণন তাঁর, শুনহ কারণ ॥ ৩১৯ ॥ শোকর্থে

"সনাতন, এখন ভূমি মধন্তর অবতারদের বর্ণনা শোন। তাঁদের সংখ্যা অগণিত। তাঁদের উৎস সমূত্রে অবপ কর।

শ্লোক ৩২০

ব্রজ্ঞার এক দিনে হয় চৌদ্দ মথস্কর । টোদ্দ অবতার তাঁহা করেন ঈশ্বর ॥ ৩২০ ॥

শ্লোকার্থ

"ব্ৰহ্মার একদিনে টোদ্দটি মন্ত্রের হয় এবং স্কগবান তখন টোদ্দরূপে অবতরণ করেন। ভাংপর্য

এই শ্রোক থেকে এটি গণনা করা যায় যে, ব্রহ্মার জীবনের এক মাসে (৩০ দিনে) ৪২০ জন মনন্তর অবভার এবং তাঁর আবুদাশের এক বছরে (৩৬০ দিনে) ৫,০৪০ জন মন্বত্তর অবতার ব্যয়েছেন। এভাবেই ব্রহ্মার জীবনের এক শত বছরে মেটি ৫০৪০০০ মন্বত্তর অবতার রয়েছেন। তা ভাঙা, স্বরং মনুগণকে পর্মেশ্বর ভগবানের অংশ-অবতার রূপে বিক্রেনা করা হয়।

প্রোক ৩২১

টৌন্দ এক দিনে, মাসে চারিশত বিশ । ব্রহ্মার বৎসরে পঞ্চসহত্ত চল্লিশ ॥ ৩২১ ॥

য়োকার্থ

"ব্রহ্মার একদিনে ১৪ মন্বন্ধর অবভার, একমাসে ৪২০ মন্বন্ধর অবভার এবং এক বছরে। ৫,০৪০ মন্বন্ধর অবভার।

শ্রৌক ৩২২

শতেক বৎসর হয় 'জীবন' ব্রহ্মার । পঞ্চলক চারিসহস্ত মহন্তরাবতার ॥ ৩২২ ॥

শ্লোকার্থ

'বিকার আয়ুদ্ধাল একশত বংসর, এবং তাঁর আয়ুদ্ধালে পাঁচলক চার হাজার সম্বন্ধ অবতার।

শ্লোক ৩২৩

অনন্ত ব্ৰহ্মাণ্ডে এছে করহ গণন ৷ মহাবিষ্ণু একশ্বাকে ব্ৰহ্মার জীবন ৷৷ ৩২৩ ৷৷

লোকার্থ

"এইভাবে কেবল একটি ব্রহ্মাণ্ডের মহন্তর অবভারদের সংখ্যা গণনা করা হল। সৃতরাং অনস্ত কোটি ব্রস্কাণ্ডে যে কত মধন্তর অবভার রয়েছেন তা কল্পনাও করা খায় না। আর ব্রস্কার আয়ুদ্ধাল মহাবিচ্ছুর এক সিঃশ্বাস।

গ্রোক ৩১৪

মহাবিষ্ণুর নিঃশাসের নাহিক পর্যস্ত । এক মন্বস্তরাবতারের দেখ লেখার অস্ত ॥ ৩২৪ ॥

গ্লোকার্থ

"মহাবিকুর নিশোসের অন্ত নেই, সুতরাং, তেবে দেখ এমনকি এক সম্বস্তর অবভারদের সম্বন্ধে বলে বা নির্মেশেষ করা বায় না।

হোকি ৩২৫

সায়প্তবে 'যজ্ঞ', সারোচিষে 'বিভূ' নাম । ঔত্তমে 'সত্যসেন', ভামসে 'হরি' অভিধান ॥ ৩২৫ ॥

শ্ৰোকাৰ্য

"স্থান্তব্ব মন্বস্তবে অবভার হচ্ছেন সম্ভা। স্থানোচিষ মন্বস্তবে অবভার হচ্ছেন বিভূ ও উত্তম মন্বস্তবে সভ্যসেন, এবং ভাষস মন্বস্তবে হবি

প্লোক ৩২৬

রৈবতে 'বৈকৃষ্ঠ', চাকুষে 'অজিড', বৈবস্বতে 'বামন' । সাবর্ণ্যে 'সার্বভৌম', দক্ষসাবর্ণ্যে 'ঝয়ড' গপন ॥ ৩২৬ ॥ শ্রেকার্থ

"নৈবক মন্বস্তুৰে অৰতারেন লাম বৈকৃষ্ঠ, চাকৃষ মন্বস্তুরে অৰতারের দাম অজিত, বৈবস্বত মন্বস্তুরে বামন, সাবর্ধা মন্বস্তুরে স্মর্বস্তৌম এবং নক্ষসাবর্ণা মন্বস্তুরে ক্ষমত।

শ্লোক ৩২৭

ব্ৰহ্মসাৰপো 'বিষ্কৃতসন', 'ধৰ্মতসতু' ধৰ্মসাৰপো । ক্ৰন্তসাৰপো 'সুধামা', 'ছোগেশ্বর' দেবসাৰপো ॥ ৩২৭ ॥ গোৰার্থ

"এক্সাবর্ণ্য সহস্করে অবতারের নাম বিবৃক্সেন, ধর্মসাবর্ণ্য অবতারের নাম ধর্মসেতৃ, ক্রমসাবর্ণ্যে অবতারের নাম সুধামা এবং দেবসাবর্ণো অবতারের মাম ঘোগেশ্র।

শ্লোক ৩২৮

ইক্রসাবর্ণ্যে 'বৃহস্কানু' অভিধান । এই টোদ্দ মহন্তরে টোদ্দ 'অবতার' নাম ॥ ৩২৮ ॥ রোকার্থ

"ইন্দ্রসাবর্ণ্য সম্বস্তরে অবভারের নাম বৃহস্তানু। এই টোক মধ্বরে টোক্সজন অবভারের নাম।

ভাহপর্য

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর তার অনুভাব্যে মন্ এবং তাঁদের পিতাদের নামের ভালিকা প্রদান করেছেন (১) স্বায়স্কৃত মন্, রক্ষার পূত্র, (২) স্বারোচিধ মন্, স্বরোচি বা অধির পূত্র, (৩) উত্তম, মহারাজ প্রিয়রতের পূত্র, (৪) তামস, উত্তমের ভাই; (৫) রৈবত, তামসের সংখ্যের, (৬) চাকুস, চকু নামক দেবতার পূত্র, (৭) বৈবস্বত, বিধস্বান্ সূর্যের পূত্র, (৮) সার্বাণ, দুর্যের উত্তমে প্রায়র গর্ভজাত পূত্র, (১) দক্ষসাবাণি বরুদের পূত্র, (১০) ব্রহ্মসাবাণি, উপশ্লোকের পূত্র (১১ ১৪); ক্রন্থসাবাণি, দেবসাবাণি ও ইন্দ্রসাবাণি ঘথাত্রমে ক্রন্ত, ক্রচি, সন্তাসহা এবং ভৃতির পূত্র।

COP

শ্লোক ৩২৯

যুগাক্তার এবে শুন, সনাতন । সত্য-ত্রেতা স্বাপর-কলি-যুগের গণন ॥ ৩২৯ ॥

য়োকার্থ

"সনাতন, এখন যুগাবভারদের কথা শোন ৷ যুগ চারটি—সত্যযুগ, তেতাযুগ, ছাপরযুগ এবং কলিযুগ

শ্লোক ৩৩০

শুক্ল-মক্ত-কৃষ্ণ-পীত—ক্রমে চারি বর্ণ। চারি বর্ণ ধরি' কৃষ্ণ করেন যুগধর্ম ॥ ৩৩০ ॥

য়োলার্থ

"এই চারটি যুগে শ্রীকৃষ্ণ যথাক্রণমে শুকু রক্ত, কৃষ্ণ এবং পীতবর্ণ ধারণ করে, যুগধর্ম স্থাপন করেন

গ্রোক ৩৩১

আসন্ বর্ণান্ত্রমো হাস্য গৃহুজোহনুষুগং তন্ঃ। শুক্রো রক্তন্তথা পীত ইদানীং কৃষাতাং গতঃ॥ ৩৩১॥

আসন্—ছিল, বৰ্ণাঃ—বৰ্ণাগ্ৰুল, ক্ৰয়ং—তিন, হি—অবশাই, অস্য়—তোচার পুত্ৰের, গৃহুতঃ
—গ্রহণ করে, অনুযুগম—খুল অনুসারে, তন্ঃ—লগীব, শুক্লঃ—সাদা, রক্তঃ—লাল,
তথা—তেমন, পীত—হলুদ, ইমানীম্—এখন, কৃষ্ণতাম্—কৃষ্ণত্, গৃতঃ—ধানণ করেছে
অনুবাদ

"এই বালকটি (কৃন্য) অন্য ডিনটি যুগে শুক্ল, রক্ত ও পীড়বর্গ ধারণ করে এখন দ্বাপরে মে কৃষ্ণবর্গ ধারণ করেছে '

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাগৰতে (১০/৮/১৩) নাম মহারাজের সৃষ্টে শ্রীকৃত্যের নামকলণ্ উৎসবের সময় গণায়ুনির উচ্চি পরবর্তী শ্লোক দুইটিও শ্রীমন্তাগরত (১১/৫,২১, ২৪) থেকে উদ্ধৃত

শ্লোক ৩৩২

কৃতে শুক্লকতুর্বাহর্জটিলো বন্ধলাম্বর: । কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ বিএদ্দপ্তকমণ্ডলু ॥ ৬৩২ ॥

কৃতে—সভাযুগে: শুকুঃ—শুকুবর্ণ এবং শুকুনাম, চতুঃ-বাহ্য—চতুর্ভুজ, জটিলঃ—জটাধারী,

বঙ্কল-অন্বরঃ—গাড়ের বঙ্কল পরিহিত, কৃষ্ণ-অজিন—কৃষ্ণসার মৃণচর্ম, উপরীত যজ্ঞোপরীত অকান্—প্রদ্রাক্ষের মালা, নিত্রৎ—বহন করেন, দণ্ড-ক্ষমগুলু দণ্ড এবং ক্ষমগুলু।

অনুবাদ

"সভাযুগের যুগাবভারের নাম শুক্ল , তার বর্ণ শুক্ল, তিনি চতুর্ভুজ এবং জটাধারী। তান প্রথা বন্ধল এবং কৃষ্ণসার মূগের চর্ম তার আসন ভিনি মজ্যোপনীত এবং কজাকের মালা ধারণ করেছেন স্থাতে তার দশু এবং কমশুলু এবং তিনি ছিলেন ব্লাচারী।'

শ্লোক ৩৩৩

ব্ৰেতায়াং ৰক্তৰপোহসৌ চতুৰ্বাছস্ত্ৰিয়েখলঃ । হিন্তাকেশন্ত্ৰ্যাত্মা সুক্সুবাদ্যপলকণঃ ॥ ৩৩৩ ॥

ত্রেডায়াম্—রেডাযুগে, রক্ত-নর্গঃ—গড়বর্গ অসৌ—ডিনি চতুরোত্তঃ—গুড়র্ডর, ত্রি-রোখলঃ —ডাস উদলে ত্রিবলীরেখা সময়ত, ছির্ল্যকেশঃ—স্থান্ত কেশ, ত্রমী-আত্মা—খান কপ বেদকে প্রকাশ করে, স্তুক্-স্থুক্-আদি-উপলক্ষণঃ—যাজের স্তৃক্, সুধ্ আদি লাক্ষণযুক্ত

অনুবাদ

"ত্রেভাযুদ্দে, ভগবান রক্তবর্গ ধারণ করে চতুর্ভুজরূপে অবতীর্থ হন জার উদরে ত্রিবলী রেখা সময়িত এবং তাঁর কেশ সুবর্গবর্গ তাঁর রূপে সমস্ত বৈদিক জান প্রকাশ করে এবং তিনি যুক্তের জুক্, শুক্ আদি সাস্থাশ মুক্তা।"

শ্লোক ৩৩৪

সত্যযুগে ধর্ম-ধ্যান করায় 'শুক্ল'-মূর্তি ধরি' ৷ কর্দমকে বর দিলা খেঁহো কৃপা করি' ৷৷ ৩৩৪ ৷৷ ধ্যোকার্থ

"সভাযুগে শুক্লমূর্তি ধারণ করে ভগবান সভাযুগের যুগধর্য ধ্যান শিক্ষা দেন ডিনি কুপা করে ফর্লম মূনিকে বরদান করেছিলেন।

ভাৎপর্য

কর্মস মূলি হচ্ছেন প্রজাপতিদের অন্যতম তিনি মনুকন্যা দেবহৃতিকে লিবাহ করেন, এবং তাঁদের পুত্র হচ্ছেন কপিলাদের কর্মম মূলির তপস্যায় প্রীত হবে ভগবান শুগ্র মূর্তিতে তাঁকে দর্শন দিয়েছিলেন তা হয়েছিল সতাযুগে, যে যুগের মূগ ধর্ম হঙ্গের যান।

শ্লোক ৩৩৫

কৃষ্ণ-'ধ্যান' করে লোক জ্ঞান-অধিকারী । ত্রেতার ধর্ম 'যজ্ঞ' করায় 'রক্ত'-বর্ণ ধরি' ॥ ৩৩৫ ॥ সিধা ২০

650

ভোকার্থ

"সভাযুগের মানুষেরা সাধারণত পারমার্থিক জ্ঞানে অভ্যস্ত উন্নত ছিলেন, এবং তাঁই জানা অনায়াসে প্রীকৃষ্ণের খ্যান করতে পারতেন। ত্রেডা যুগের যুগধর্ম হচ্ছে যজ্ঞ; রক্তনর্গ ধারণ করে জগবান সেই যুগের মানুষদের মজা জরান

> শ্ৰৌক ৩৩৬ 'कुक्कभार्कन' एम चाभटतन धर्म । 'কৃষ্ণ'-বর্ণে করায় লোকে কৃষ্ণার্চন-কর্ম ॥ ৩৩৬ ॥

"ভাপন মূলের মানুরদের ধর্ম হচ্ছে প্রীকৃক্ষের জ্ঞীপাদপল্লের অর্চন করা তাই কুম্মর্শ ধারণ করে একিকা মানুষদের অর্চন করতে অনুপ্রাণিত করেন

> শ্ৰেষ্টিক তত্ত্ব ছাপরে ভগবান শ্যামঃ পীতবাসা নিজায়ধঃ। শীবংসাদিভিরকৈশ্চ লক্ষানৈরপদক্ষিতঃ ॥ ৩৩৭ ॥

বাপরে—দ্বাপরমূলে, ভগবান্—পরমেশ্বে ভগবান, শ্যামঃ—শ্যামবর্ণ, পীত-বাসাং—গীত বসন পরিহিত, মিজ—নিজের, আয়ুধা—গ্রন্থ-শন্ত্র সফ্, গ্রীবংস-আদিছিঃ—শ্রীবংস আদির ধারা, অন্দৈঃ—দেহের চিহ্ন সকল, চ—এবং, লক্ষ্টণঃ—কৌশুভ মণি আদি লক্ষ্টণের ধারা, উপলক্ষিতঃ—উপলক্ষিত।

" 'দ্বাপন যুগে পরযোগ্য ভগবান শ্যামবর্ণ ধারণ করে অবতীর্ণ হন। তিনি পীত বস্তু। পরিছিত এবং তাঁর হাতে অস্ত্রশন্ত্র শোভা পায় | তিনি কৌক্রম্ভ যণি ও শ্রীবংসামি চিহ্নসমূহের হারা সঞ্জিত। এইভাবে তার লক্ষণগুলি বর্ণিত হয়েছে।'

ভাৎপর্য

এই শ্লোকটি প্রীমন্তাগবত (১১/৫/২৭) থেকে উদ্ধৃত শ্যামবর্ণ প্রকৃতপক্ষে বাজো বং নয় প্রীল ভাতিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর এই রংটিকে খাংসী ফুলের সঙ্গে তুলনা বারেছেন এমন নয় যে শ্রীকৃষ্য প্রতি দ্বাপর মূগে কৃষ্ণবর্ণ ধারণ করেন শ্রীকৃষ্ণারতারের পূর্ববর্তী অন্যান্য দ্বাপর যুগো ভগবান সবুজ বর্ণ ধারণ করে অবভরণ করেন। সেই কথা *বিযু*ধ পুনাণে, হয়িখংশ ও মহাভারতে উল্লেখ করা হয়েছে

শ্লোক ৩৩৮

নমস্তে বাসুদেবায় নমঃ সঞ্চর্যপায় চ 1 প্রদ্যান্নারানিরুদ্ধায় তৃড়াং ভগবতে নমঃ ॥ ৩৩৮ ॥ নমঃ আমি আমার সম্রজ প্রণতি নিবেদন করি, তে—আপনাকে, বাস্দেবায়—ভগবান বাসদেব, নমঃ—সম্রাদ্ধ প্রণতি, সঙ্কর্যণায় ৮ -এবং খ্রীসন্ধর্যণকে, প্রদ্যুদ্ধায় প্রদূরেক অনিক্রন্ধার অনিক্রন্ধকে, ডুভাম আপনাদের, ভগবতে—পরমেশ্বর ভগবনেকে, নমঃ আখার সম্রদ্ধ প্রপতি

অনুবাদ

" 'পর্মেশ্বন ভগরান শ্রীবাসুদের, সন্ধর্ণন, প্রদূরে ও অনিরুদ্ধকে আমি আমার সশ্রদ্ধ প্রণতি निद्वसम् कति '

ভাৎপর্য

এই প্লোকটি শ্রীমন্তাগবতে (১১/৫/২৯) থেকে উদ্ধত বিদেহ রাজ নিমি যথন নব্যোগোলের অন্যতম করভাজন মুনিকে জিল্লাসা করেন,-ভগবান কেনে মুগে কোন্ বর্গ ধারণ করে এয়ং কোন্ বিধি দ্বারা পুজিত হন। করভাজন মূনি কুপা করে দ্বাপর যগের অবভারের প্রণাম মন্ত্র ধর্মেন।

শ্ৰোক ৩৩৯

ब्रोटे बरात काश्रद्ध करत कुर्धार्घम 1 'কৃষ্যনাম-সংকীর্তন'—কলিযুগের ধর্ম ॥ ৩৩৯ ॥

"এই মন্ত্রের ছারা ছাপর যুগে শ্রীকৃত্যের পূজা করতে হর কলিযুগের যুগধর্ম কৃত্যনাম-সংকীৰ্তন

ভা**হপর্য**

শ্রীমন্তাগরতে (১২/৩/৫১) বর্ণনা করা হয়েছে—

कटलटर्मायनित्व संख्याति स्हारका यहान् छन्। कीर्जनाटमच कुराज्या मृज्जनभा भन्नर बटाबर ॥

क्लिम्(त)—१८त कृषा १८त कृषा कृषा कृषा कृषा २८त १८त । २८त ताम १८त वाम ताम ताम ताम হরে হরে—এই মহামানের দ্বানা পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের আরাধনা করতে হয়। এই আন্দোলন প্রবর্তন করার জন্য ত্রীকৃষ্ণ স্বয়ং জীচিতানা মহাপ্রভুকাপে অবতীর্ণ হয়েছিলেন তা পরবর্তী প্রোধ্যে বর্ণিত হয়েছে

শ্লোক ৩৪০

'পীত'বর্ণ ধরি' তবে কৈলা প্রবর্তন । প্রেমন্ডক্তি দিলা লোকে লঞা ভক্তগণ ॥ ৩৪০ ॥ য়োকার্থ

"পীত বর্ণ ধারণ করে কলিয়ুগের যুগধর্য সংকীর্তন প্রবর্তন করেছেন এবং তিনি তাঁর ভক্তদের সঙ্গে নিয়ে সকলকে প্রেমভক্তি দান করেছেন।

252

ধর্ম প্রবর্তন করে ব্রজেন্দ্রনন্দন ; প্রেমে গায় নাচে লোক করে সংকীর্তন ॥ ৩৪১ ॥

"ব্রজেন্তনন্দন শ্রীকৃষা স্বাং এই কলিযুগে যুগধর্ম প্রবর্তন করেছেন তিনি সমং ভগবং-প্রেয়ে মগ্ন হয়ে নৃত্য-কীর্তন করেছেন এবং তার ফলে সমস্ত জগংবাসী ছরিনার সংকীর্তন করছে

গ্লোক ৩৪২

কৃষ্ণবর্ণং দ্বিষাহকৃষ্ণং সাজোপাসাপ্রপার্যদম্। যান্ত্রেঃ সংকীর্তন-প্রায়ের্যজন্তি হি সুমেধসঃ ॥ ৩৪২ ॥

কৃষ্য-বর্ণম্— কৃষ্ ও শ পদংশ দুইটি বারনার উচ্চানণ করতে কনতে, জিবা—কান্তি, অকৃষ্যম্—কৃষ্ণ বা কালো নয় (তপ্ত কাঞ্চানের মাতো, স-প্রক্র—স্পার্যদ উপাক্ষ—সেনকর্ণদ অন্ত—অন্ত: পার্যদম্—অন্তর্গন পার্যদ, মাজেঃ—নত্যের ধার , সাকীর্তন-প্রাহিয়ঃ—প্রধানত সংকীর্তনের ধারা। যজেন্তি—আরারনা করেন; ছি—অনশহি, সু-মেধসঃ—বৃদ্ধিয়ান সামুখেরা।

क्रम्याम

" যে পর্মেশন ভগবান 'কৃষ্ ও 'গ' পদাংশ দুইটি নিরন্তর উচ্চারণ করেন, কলিযুগের বৃদ্ধিনান মানুনেরা তাঁর উপাসনার নিমিত্ত সমবেতভাবে নাম-সংকীর্তন করে থাকেন যদিও তাঁর গাত্রবর্গ কৃষা নাা, ভবুও ভিনিট্ট কৃষ্ণ। তিনি সর্বদা তাঁর পার্যদ, সেবক, সংকীর্তনরূপ হাস্ত্র ও ঘনিষ্ঠ সহচর পরিবৃত্ত থাকেন।'

তাৎপর্য

এই লোকটি শ্রীমন্তাগকত (১১ ৫/৩২) থেকে উদ্ধৃত। এই গ্লোকটির বিশন বিশেষণ আদি দীলার ফুডীয় পরিচেয়ের ৫২ নং গ্লোকে দুউব্য

গ্ৰোক ৩৪৩

আর ডিনযুগে খ্যানাদিতে যেই ফল হয়। কলিযুগে কৃষ্ণনামে সেই ফল পায়॥ ৩৪৩॥ শ্রেকার্থ

'অন্য তিন যুগে—সত্য, ত্রেতা এবং দ্বাপরে—যথাক্রমে ধ্যান, যজ্ঞ, অর্চন করে যে ফল লাভ হয়, কলিযুগে কেবল হৈরেকৃন্ধ মহামন্ত্র' কীর্তন করার ফলে সেই ফল লাভ হয়। গ্রোক ৩৪৪

কলের্দোযনিধে রাজনন্তি হ্যেকো মহান্ গুণঃ । কীর্তনাদের কৃষ্ণস্য মুক্তবদ্ধঃ পরং ব্রজেৎ ॥ ৩৪৪ ॥

কলেঃ কলিয়ুগের: দোষ-নিধে—গোখের সমূত্র, রাজ্ঞান্ হে রাজন, অন্তি ন্থাছে; ছি— গ্রন্থাই, একঃ একটি, মহান্—সহান, গুলহ—গুল, কীর্তনাহ, ন্লীর্তন করার ফলে, এব— গ্রন্থাই, কৃষ্ণস্যা নীকৃষ্ণের দিবনাগ, মুক্তবদ্ধঃ—এই গুলাতের বন্ধন থেকে মুক্ত; প্রম্— চিনায় ভলবদ্ধাম, ব্রজেৎ—লাভ হয়

অনুবাদ

" 'হে রাজন, লোবের নিধি এই কলিখুলের একটি মহৎ ওপ আছে। কলিখুগে জগবানের গগে-কীর্ডনের প্রজাবেই জীব জড়-জগতের বন্ধন থেকে মুজিলাভ করেন ভাহপর্য

এই জোনটি জীমন্তাগৰত (১২/৩/৫১) বেংক উদ্ভ .

শ্লোক ৩৪৫

কৃতে যদ্ধায়তো বিযুগ তেতায়াং যদ্ধতো মহৈখঃ । ভাপনে পরিচর্যায়াং কলৌ তদ্ধরিকীর্তনাৎ ॥ ৩৪৫ ॥

কৃত্তে—সভাগুণে, ঘং—যা, ধ্যায়তা—ধ্যান হতে, বিযুদ্ধ—শ্রীবিগুণুকে, ত্রেভারাত্য— ত্রেভাগুণে, যজতঃ—আনাধনা থেকে, মহৈছ—শঞ্জ সম্পাদনের হারা, হাপরে—দ্বাপনগুণে পরিচর্মানা—শ্রীকৃষ্ণের পাদপদ্ম আর দনা করার মাধায়ে, কলৌ—কলিখুণে, তং—সেই একই ফল (লাভ হতে পারে), হনি-কীর্তনাৎ—কেবলায়াত্র হিনেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তনের

অনুৰাদ

'সভাগুগে বিফাকে গ্রাম করে, ত্রেভাযুগে যজের মাধ্যমে যজন করে এবং দাপরমুগে তানি আদি করে যে ফল লাভ হত, কলিকালে কেবলমাত্র 'হরেকুফা মহামন্ত্র' কীর্তথে সেই সকল ফল লাভ হয়।'

তাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাপরত (১২ ৩/৫২) থেকে উদ্ধৃত। বর্তমান কলিয়ুগে বছ কলট ধানকারী রয়েছে যারা নানারকম কলিত রূপের ধ্যান করার চেন্টা করে খ্যান করা আজকাল একটা ফাশোন হয়ে দাঁড়িয়েছে, কিন্তু খ্যানের উদ্দেশ্য সম্বন্ধে কেউই কিছু জানে তার বিশ্লেষণ এখানে করা হয়েছে—যদ্ ধ্যায়তে বিষ্ণুষ্। বিষ্ণু বা শ্রীকৃষ্ণের ধ্যান করা উচিত। শান্তের নির্দেশ অনুসরণ না করে, তথাকথিত ধ্যানকারীদের লক্ষ্য ইচ্ছে নির্বিশেষ সমস্ত্র বস্তু সেই প্রকার ধ্যানের পন্থা নিন্দা করে শ্রীধৃষ্ণ ভগবদ্গীতায় (১২/৫) বলেছেন –

ক্লেশোহধিকতরস্তেবামন্যক্তাসক্তচেতসামৃ । অবাক্তা হি গতিদৃঃখং দেহবন্তিববাপ্যতে ॥

"থাদের চেতনা ডগর্বানের অব্যক্ত রূপের গ্রতি আসক্ত, তারা কেবল অধিক থেকে অধিকতার ক্রেশ লাভ করে। দেহধারী খ্রীবের পক্ষে এই মার্গে অগুসর হওমা তাত্যপ্ত কটকেন "

কিন্তাবে ধ্যান করতে হয় তা না জেনে মূর্ধ লোকেরা কেবল দুর্থ ভোগ করে এখা তাব ফলে তানেন লোকসার্থিক জ্ঞান লাভ হয় না বিষ্ণুপুরার (৬, ২/১৭), পদ্মপুরার উত্তর খণ্ড (৭২, ২৫), বৃহয়ারদীয় পুরার (৩৮/৯৭) থেকে উদ্ধৃত প্রবহী স্নোঞ্চিতে এ সপন্ধে বলা হয়েছে:

গ্লোক ৩৪৬

ধ্যায়ন্ কৃতে যজন্ যজৈলেতায়াং দাপরেহর্চয়ন্ ৷ যদাপ্রোতি তদাপ্রোতি কলৌ সদীর্ত্য কেশবম্ ॥ ৩৪৬ ॥

ধ্যান্যল-ধ্যান করে, কৃত্তে—সভাযুগে; সন্ধ্য(—থণ্ডোখনের পরিভোগণ, নাজৈঃ—ব্যঞ্জের দ্বান্তা, ব্রেভান্যন্—ব্যেভাযুগে; দ্বাপনে—দ্বাপর মুগে; অর্চান্—ভগবাগের গ্রীপাদপথে অর্চনা করে; মধ—যা, আধ্যোতি—লাভ হত, তৎ—তা; আপ্যোতি—লাভ ২গ, কলৌ—কলিযুগে, সমীর্ত্তা—কোওগ, সংকীর্তন করার ফলে; কেশবম্—গ্রীকৃথেক

অনুবয়ে

" 'সত্য যুগে ধ্যান করে, মেতা যুগে যজের দ্বারা যজন করে এবং দ্বাপর যুগে অর্চনাদি করে যে ফল লাভ হত, কলিকালে হরিনাম সংকীর্তনের ফলে সেই সমস্ত কল কাভ হয়।'

শ্লোক ৩৪৭

কলিং সভাজয়ন্ত্যার্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ । যত্র সঙ্গীর্তনেনৈর সর্বস্বার্থোহভিলভ্যতে ॥ ৩৪৭ ॥

কলিম্ কলিম্বার্গ, সভাজমান্তি অনি করা, আর্মাঃ—মহাঝাখন, গুলজাঃ—কলিম্বার্গ গুল সময়ে অবগত, সার-জানিমঃ—সার গ্রহণকারী, যক্ত—যেই যুগে, সংকীর্তানে—কেবল মহামন্ত্র কীর্তানকার সংকীর্তান যজ অনুষ্ঠানের ধারা এব—অবশ্যই, সর্ব-স্থ-অর্থঃ—সর্ব পুরুষার্থ, অভিলন্ত্যক্ত—লাভ হয়

অনুবাদ

" 'ওগজ্ঞ সারগ্রাহী মহাখ্যারা কলিযুগকে এজন্য 'ধন্য' বলেন, কেননা কলিযুগে কেবল হরিনাম সংকীর্তনের ফলেই সর্ব স্থার্থ লাভ হয়।

তাৎপৰ্য

এই শ্লোকটি শ্রীসন্তাগবত (১১/৫/৩৬) থেকে উদ্বৃত বিদেহ রাজ নিমি কোন্ যুগে কোন্ বর্ণ ধারণ কবে কি কি বিধির ছালা ভগবান পৃক্তিত হন, এ বিধরে জিজাসা কগায় নবযোগেন্তের অন্যতম করভাজন ঋষি কলিযুগে ভাবি অবতারী শ্রীনৌরসুন্দরকে প্রণাম করে কলিযুগের মাহায়া ও গুণ কীর্তন করেছেন

গ্লোক ৩৪৮

পূর্ববং লিখি যবে গুণাবতারগণ । অসংখ্য সংখ্যা জার, না হয় গণন ॥ ৩৪৮ ॥

ল্লোকার্থ

"পূর্বে গুণাৰভারদের বর্ণনা করার সময় আমি উল্লেখ করেছিলাম যে, ভগবানের অবভারদের গণনা করে শেয় করা যায় লা।

শ্লোক ৩৪৯

চারিযুগাবতারে এই ড' গণন । শুনি' ডঙ্গি করি' তাঁরে পুছে সনাতন ॥ ৩৪৯ ॥

গ্লোকার্থ

"চারযুগে এই চার যুগ্যবভার " এই কথা গুলে শরোক্ষত্তাবে সনাতন গোস্থামী জীচিতন্য মহাপ্রভূকে জিজাসা করলেন।

য়োক ৩৫০

রাজমন্ত্রী সনাতন—বুদ্ধ্যে বৃহস্পতি । প্রভূর কৃপাতে পুছে অসন্ধোচ-মতি ॥ ৩৫০ ॥ নোলার্গ

সনাতন গোদামী ছিলেন নবাৰ হোসেন শাহের মন্ত্রী এবং ছার বুদ্ধিমন্তা ছিল দেবওক বৃহস্পতির মতো খ্রীটেডনা মহাপ্রভূর কুপায় ডিনি নিঃসঞ্জাতে থালে প্রশ্ন জিজাসা করছিলেন,

গ্রোক ৩৫১

'অতি কুদ্ৰ জীব মূঞি নীচ, নীচাচার । কেমনে জানিব কলিতে কোন্ অবতার?' ৩৫১ ॥

্লোকার্থ

সনাতন গোস্বামী জিজ্ঞাসা করলেন, "আহি অত্যস্ত কুদ্রজীব। আমি অত্যস্ত নীচ এবং

মিধ্য ২০

আমার আচরণ অতাস্ত জঘন্য। কিভাবে আমি জানতে পারবো কলিবুগে কোন্ অবতার ৮"

<u>তাৎপর্য</u>

ভগবানের ভাষতার সম্পন্ধে এই শ্লোকটি ঋতান্ত গুরুত্বপূর্ণ বর্তমানে, ভারতবর্ষে, বহু পাদতীর নিজেদের ভগবানের অবতার বলে প্রচার করে এইভাবে তাবা অজ্ঞান মানুযদের ধায় দেই এবং বিদ্রাও করে জনসাধারণের হয়ে সনাতন গোস্বামী নিজেকে মুর্ব, নীচকুলোগ্রুত এবং নীচ আচারসম্পন্ধ কলে খোমানা করেছিলেন, যদিও তিনি ছিলেন সর্বশ্রেও মহানা নিকৃত্ত প্রবের মানুযের প্রকৃত ভগবানকে স্থীকার করে না, কিন্তু ভারা প্রবিদ্ধান ও ধায়াবাজ নকল ভগবানদের মাথায় করে নাচতে খুব ভাগ্রহী এই কলিছুবো তাই হথেছ সেই সমস্ত মুর্য মানুযদের প্রকৃত পথ প্রদর্শন করের জন্য শ্রীট্রিডনা মহাপ্রভূপরবর্তী ছোকে প্রবের উত্তর দিয়েছেন।

শ্লোক ৩৫২

প্রভু কছে,—"অন্যাৰতার শাস্ত্র-নারে জানি ৷ কলিতে অবতার তৈছে শাস্ত্রবাক্তো মানি ৷৷ ৩৫২ ৷৷ গোকার্থ

প্রীতৈতন্য সহাপ্রস্কৃ উত্তর দিলেন, শান্তের নির্দেশ অনুসারে অন্যান্য অবভারদের জানা যায় কলিযুগের অবভারকেও ডেমনই শাল্তের বাণীর মাধ্যমে চিনতে হবে। ভাৎপর্য

শ্রীতিতন্য মহাশ্রভ্ন নির্দেশ অনুসালে ভাবতান চেনার এইটিই হচ্ছে পছা। নরোত্রম দাস ঠাকুর বর্নেছে—স ধু শান্ত্র-গুলা-বাল্য, চিত্তেতে করিয়া তাঁকা প্রকৃত প্রমাণ হচ্ছে শান্তে গুরুর উপদেশ যদি শান্ত্র নাণী থেকে জি হয় ভাহলে তা গ্রহণ কর উচিত নয় তেমনি, স শ্বর উপদেশ যদি শান্ত্র বাণী থেকে জি হয়, ভাহলে তার্যকে সাধু বলে গ্রহণ করা য বে না। শান্ত সবক্রিছার করে বিশ্ব দুর্ভাগ্যবশত বর্তমানে মানুহেরা। শান্তের পরিপ্রেটিনেতে বিচার করে না, তাই ভারা ভণ্ড-পায়ভীদের ভগবানের অবভান বলে গ্রহণ করাছে, এবং তার ফলে করভার অনেক সন্তা হয়ে গেছে যে সমন্ত বৃদ্ধিনান নানুয় জীতিতনা মহাপ্রভূব নির্দেশ অনুসবণ করেন এবং সদ্গুরুর নির্দেশ পালন করেন তার কথাই এই গরনের প্রভাগে অবভাগ বলে থীকার করবেন না। কলিখুরা ভগবানের একমান্ত্র ভারতার হাটেনে জন্তান মহাপ্রভূব অবভারের প্রয়োগ নেয় জীতিতনা মহাপ্রভূব অবভারের প্রয়োগ নেয় জীতিতনা মহাপ্রভূব করেছিলেন এবং সংগীতন আন্দোলন প্রবর্তন করেছিলেন এবং শান্তের ভ্রমণ্ডা করে প্রবন্ধক পারন্তীরা নিজেদের অবভার বলে ঘোষণা করে অনুগরণ করে এবং শান্তের ভ্রমণ্ডা করে। কিন্তু শান্তের বার গ্রহণ করা হয়েছে যে করে অনুগরণ করে এবং শান্তের ভ্রমণ্ডা করে। কিন্তু শান্তের বার বার উল্লেখ করা হয়েছে যে করে অনুগরণ করে প্রস্তাত করে।

ধর্ম বেবল ভগবানই প্রবর্তন করতে পারেন শ্রীচেতনা চবিতামূত আলোচনা করর মাধামে বৃষতে পারি যে বিভিন্ন যুগে পরমেশ্বর ভগবান বিভিন্ন ধর্মের পথা প্রবর্তন করেন। কলিমুগে শ্রীকৃক্ষের একমাত্র অবতার হঙ্গেন শ্রীকৃতিনা মহাপ্রভু এবং কলিমুগে ভারে প্রবর্তিত যুগধর্ম ইঙ্গে ২নেকৃষ্ণ মহানার বিবর ক্ষা হরে কৃষা কৃষা কৃষা কৃষা হরে হরে / হরে রাম হরে হরে, সংকীর্তন।

শ্লোক ৩৫৩ সর্বজ্ঞা মুনির বাক্য—শান্ত্র-'পরমাণ'। আমা-সবা জীবের হয় শান্তদারা 'জ্ঞান'॥ ৩৫৩ ॥ শ্লোকার্থ

"সর্বন্ধ মহামূলি ক্যাসদেব রচিত বৈধিক শাস্ত্রই হচ্ছে একমান্ত প্রমাণ আফাদের মতো বন্ধ জীবেরা শাস্ত্র মাধ্যমেই কেবল যথার্থ জ্ঞান অর্জন করতে পারে তাৎপর্য

মূর্য মানুশের তাদের মনগড়ো ধরণরে ভিত্তিতে জান অর্জন করতে চায় সেটি জান অর্জনের মণ র্য পত্ন লয়। প্রশৃত জান হচেছ শব্দ প্রমাণ—বৈদিক শার্মের প্রমাণ প্রীল বামসদেশকৈ বলা হা মহানুনি। তিনি বেগবাসে নামেও গরিচিত, কেননা ডিনি বহ শাস্ত্র প্রথমন করেছেন ডিনি বেগবাস নামেও গরিচিত, কেননা ডিনি বহ শাস্ত্র প্রথমন করেছেন ডিনি বেগকে চালভাগে বিভক্ত করেছেন—মাম, গুণা, যজু এবং অথর্য ডিনি বেগকে আঠানটি পুর শে নিক্ত করেছেন এবং বৈদিক আনের সারাংশ কোন্তে সুত্র প্রদান করেছেন তিনি মহাজ্বতে বচনা করেছেন যাবে বলা হয় প্রথম কেন, তগবন্দীতা এই মহাজানতের অর্ডার্ডুক্ত তাই জনবন্দীতাত বৈদিক শাস্ত্র (স্মৃতি) কোন কোন বৈদিক শাস্ত্রের বলা হম প্রতি এবং বেগন বোন শাস্ত্রেরে বলা হম স্মৃতি। প্রীল রূপ গোস্থামী ভতিবসামৃতসমন্থ প্রয়ে (১/২/১০১) নির্দেশ বিয়েছেন—

व्यक्ति-स्वृत्ति-भृतागामि-शक्षताज्ञ-निभिश् निना । देकाश्चिनी शतार्जनिकाश्चरशाखादान कन्नत्व ॥

শ্রুতি পূর্বাগাদি শাস্ত্র নির্দেশিত বিধিন আনুবাতী না হলে, ঐকান্তিকী হ্রিভক্তিও সমাজে কোনা উৎপাওই সৃষ্টি করে জনসাধারণকৈ নিয়ন্ত্রণ করার মতো ধারো বা সরকার নেই সমাজে এক প্রবল নিশৃঞ্জলা দেখা দিয়েছে, বিশেষ করে পারমার্থিক বিষয়ে। এই বিশৃঞ্জলান সুযোগ নিয়ে বহু ভগু পায়ন্তী, নিপ্রেদের ভগবানের অবভার বলে প্রচার করছে তার ফলে সমগ্র মানার সমাজ অবৈধ স্ত্রীসাদ, আমিয় আহার, দ্যুত ক্রীড়া এবং আসব পানের পাল করে লিগু হয়েছে এই সমস্ত পাল প্রায়ণ মানুষদের মধ্যে থেকে তথাকঞ্চিত সমস্ত অবভার গজাচেছ। এই অবস্থা অভ্যন্ত গুঃখন্তনক, বিশেষ করে ভারতবর্যে

শ্ৰোক ৩৫৪

ভাৰতার নাহি কহে—'আমি অবতার'। মূনি সৰ জানি' করে লক্ষণ-বিচার ॥ ৩৫৪ ॥

গ্লোকার্থ

"অবতার কখনও, 'আমি অবতার' অথবা 'আমি ভগবান' বলেন না। মহামুনি ন্যাসদেব সববিত্ব জেনে, শাল্লে অবতারের সমস্ত লক্ষণ বিচার করেছেন।

তাৎপর্য

এই রোকে স্পর্টভাবে বলা হয়েছে যে জগবানের অবভাব কখনও নিজেকে অবভার বলে ঘোষণা করেন ন। শাগ্রে বর্ণিত লক্ষণ অনুসারে বেবো। যায় যে কে অবভার এবং কে জনতার নয়।

ম্মোক ৩৫৫

মস্যাবতারা জায়তে শরীরেয়্শরীরিণঃ। তৈত্তৈরতুল্যাতিশয়ৈবীর্মেনিহিযুসসতেঃ॥ ৩৫৫॥

মদা—খাঁক, আবভারাঃ—ভাগভার সমৃত্, জ্ঞায়ন্তে—জালতে পারা খাদ শারীরেযু—জীলেদের মধ্যে, জাগরীলিগঃ—ভাগবালের, খাঁর কোন জড় শারীর লেই, তৈঃ ভৈঃ—ভাগেন সল্পালর, অভুলা—ভাত্তালীয়া, জভিশারোঃ—অসাধারণ, দ্বীর্যঃ—বৈভাবের দ্বারা, দেহিযু—জীলদের মধ্যে, অসঙ্গতিঃ—দৃঃসাধ্য

অনুবাদ

" প্রাকৃত শরীর হীণ অপ্রাকৃত শরীর প্রমেশ্বর ভগবানের অবতার তথু জীবের প্রে দ্বানা অসম্ভব সেই অতুলনীয় এবং অলৌকিক নীর্মের দ্বারা তোমার সেই সমস্ত অবতারদের ক্যাচিৎ জ্বানা যায়।"

ভাৎপর্য

এই শ্লোকটি শ্লীসম্ভাগকত (১০/১০/৩৪) থেকে উদ্ধৃত

গ্রোক ৩৫৬

'শ্বরূপ'-লক্ষণ, আর 'তটস্থ-লক্ষণ'। এই দুই লক্ষণে 'বস্তু' জানে মুনিগণ ॥ ৩৫৬॥ শ্রোকার্থ

"স্বৰূপ এবং এটস্থ এই দুই লক্ষণের দারা মহান ঋষিরা কোন বস্তুর ভত্ত অবগত হন

শ্লোক ৩৫৭

আকৃতি, প্রকৃতি, স্বরূপ,—স্বরূপ-লক্ষণ ৷ কার্যদারা জ্ঞান,—এই ভটগু-লক্ষণ ৷৷ ৩৫৭ ৷৷ শ্লোকার্থ

'আকৃতি, প্রকৃতি এবং স্বরূপ,—এই তিনটি 'স্বরূপ' বা 'মুখ্য' লক্ষণ কার্মের দারা ভান্ট 'ছটসু' বা 'নৌধ' লক্ষণ

শ্লোক ৩৫৮

ভাগবভারত্তে ব্যাস মজলাচরণে । 'প্রমেশ্বর' নিরুপিল এই দুই লক্ষণে ॥ ৩৫৮ ॥ ঝোকার্থ

"শ্রীমন্তাগনতের শুরুতে, মজলাচরশে শ্রীল ব্যাসদেব এই দুইটি লাক্রণের মাধ্যমে পরমেশন ভগবালের তত্ত্ব নিরূপণ করেছেল।

শ্লোক ৩৫৯

জন্মদ্যস্য যতোহধয়াদিতরতশ্চার্থেবৃতিজঃ সরটি তেনে ব্রহ্ম হাদা য আদিকবয়ে মুহ্যুতি বব সুরয়ঃ ৷ তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোহমুখা ধালা স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি ॥ ৩৫৯ ॥

জন্ম-আদি—পৃতি থিতি এবং প্রলায়, অস্যা—প্রকাশিত প্রজাও সমূহের, মতঃ—মার পেশেং, অন্বাধ—সরাসনিভাবে, ইতনতঃ—ব্যতিরেকভাবে, চ—এবং, অর্থেণু—সকল বিময়ে অভিজ্ঞাঃ—সম্পূর্ণরূপে ভারণত, স্বনাট্—সম্পূর্ণরূপে থাবীন, তেনে—স্রকাশ করেছিলেনং, ক্রন্ধ—পরম তব্ব, হুলা—হালয়ে য—যিনি, জানি-কর্বে—রক্ষাকে, মূহান্তি—ফোহাফার হন, মহানে সমুদ্ধে, সুরাঃঃ—মহান বানিরা এবং দেনভারা, ভেজাং—ভারি, ব্রনি—জান, মৃদ্ধান মাতি থাথা—খেভাবে বিনিমায়ঃ—পরশান মিশ্রণ, যাত্র—খান মহান ক্রিক্রি—প্রকৃতির ভিনটি গুণ, আগ্রান সভাবং, খানা—সমস্ত অপ্যাক্ত বৈশিতি, সহ, মেন—গ্রং সম্পূর্ণরূপে সদা—সব সময় নিরস্ত—নিপুত কৃহক্ষ্ কৃহক স্কুত্র প্রত্যান সভাপর্য—প্রাম শিন্তি—আমি ধ্যান করি

অনুবাদ

"হে বস্দের তনয় শ্রীকৃষ্ণ, হে সর্বব্যাপ্ত পরমেশ্বর ভগবান, আমি আগনাকে আগার সম্রাদ্ধ প্রণতি নিবেদন করি। আমি শ্রীকৃষ্ণের ধ্যান করি কেনলা তিনি হচ্ছেন প্রকাশিত ব্রহ্মণ্ড সমূহের সৃষ্টি স্থিতি এবং প্রশায়ের পরম কারণ তিনি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সবকিছু সন্থান্ধ অনগত, এবং তিনি সম্পূর্ণভাবে স্বাধীন কেন না তাঁর অতীত আর কোনও কারণ নেই তিনিই আদি কবি ব্রহ্মার হদমে সর্বপ্রথম বৈদিক জ্ঞান প্রদান করেছিলেন তাঁর দ্বারা মহান খাষিরা এবং স্বর্গের দেবজারা মোহাছহা হয়ে পড়েন. ঠিক যেজাবে মোহাছহা হয়ে পড়েন আগুনে দ্বান্ধ হয়। আগবা দ্বান্ধ সাটি দর্শন হয় তারই প্রভাবে জড়া প্রকৃতিন তিনটি ওপের মাধ্যমে জড় জগৎ সাময়িকভাবে প্রকাশিত হয় এবং আ অলীক হলেও সভ্যবং প্রতিক্রান্ত হয়। তাই আমি সেই পরমেশ্বন দ্বগবান জীকৃষ্ণের ধ্যান করি, যিনি জড় জগতের মোহ থেকে সম্পূর্ণভাবে মুক্ত এবং যিনি কার ধামে নিত্যকাল বিরাজ করেন। জামি ভার ধ্যান করি কোনো তিনিই হচ্ছেন পরম

ভাৎপর্য

শ্রীমন্ত্রাগাঁহত (১/১/১) পেলে উদ্বত এই জন্মদাস্য যতঃ শ্লোকটি বেলান্তসূত্রের সলে শ্রীমন্ত্রাগবড়ের সংখ্যোগ সাধন করছে উল্লেখ করা হয়েছে যে প্রক্ষেত্র ভগবান বাসুদেব জড় সৃষ্টির অতীত প্রমত্থ সেই কথা সদস্ত আচার্যেরা স্থীকার করেছেন এমনকি সর্বক্রেন্ত নির্বিশেষবাদী শন্ধরাচার্য জার ভগরদগীতার জানোর জনতেই বলেছে *নারায়ণঃ* পরোহলাক্তার সাহত্তর থেকে এই জড় ভগড়ের প্রকাশ হওয়ার পূর্বে পূর্বকটী ভাবস্থাকে বল হয় অনাক্ত এলং মহতথ থেকে মুখ্য তার প্রকাশে হয়, তথন ও কে বলা হয় বাক্ত পন্মেশ্বর উপন্যান নারয়েশ এই নাক্ত এবং তারণক্ত প্রকৃতির আতীত। সেইটিই পন্মেশ্বর ভগবানের প্রধান বৈশিষ্ট্র । জীকৃষা জার্জানকে বংগছেল যে জারা উভারেই পূর্বে বছবার জাণাগ্রছণ কলেছেন খ্রীকৃষেক সেই সমস্ত কথা মানে আছে, কিন্তু আর্জুনের তা মান কেই শ্রীকৃষ্য যেহেডু লড় সৃষ্টির অভীত, ভাই ডিনি অভীতের সমস্ত ঘটনা মনে নাগতে পারেন। এই রাড় গুণাতে সনালেরই জাড় শরীর বয়েছে। কিন্তু শ্রীকৃষা মেথেড় রাড় সৃষ্টির ভার্তীয় ভাই ঠাব দেহ নিতা চিগায়। তিনি প্রশার হলতে বৈনিক জান দান করেছিলেন। যদিও নুদ্দা ছড়েছন এই ব্ৰহ্মাণ্ডের সব চাইতে মহৎ এনং গ্রেষ্ঠ খাজি, কিন্তু ভনুও তিনি জীব পূর্ব জীবনে কি করেছিলেন ডা শারণ করতে পারেল নি তার ছাদ্য থেকে খ্রীকৃদ্যকে তা মনে করিয়ে দিতে হয়েছিল এইভাবে শ্রীকৃথের ধারা অনুপ্রাণিত হয়ে প্রন্ধ রন্ধাও সৃষ্টি করতে সক্ষয় হয়েছিলেন অভীতের সনচিছু শ্বরণ কর এবং ব্রন্ধাকে সৃষ্টিকার্যে অনুপ্রাণিত করা সমাপ-স্কেশ এবং ভেটস্থ-সাক্ষণের উচ্চ্ছল দৃষ্টাও

> রোক ৩৬০ এই স্লোকে 'পরং'শকে 'কৃষ্ণ'-নিরূপণ । 'সত্যং' শবে কহে তার স্বরূপ-লক্ষণ ॥ ৩৬০ ॥ শ্লোকার্থ

"শ্রীসন্তাগবতের এই শ্লোকে, পরম্ শব্দে পরমেশ্বর ডগবান শ্রীকৃষ্ণকে বোঝান হয়েছে। সত্যম্ শব্দে তার স্বরূপ লক্ষণ নিরূপিত হয়েছে। শ্লোক ৩৬১

বিশ্বসৃষ্ট্যাদি কৈল, বেদ ব্রন্ধাকে পড়াইল ৷ অর্থাভিজ্ঞতা, স্বরূপশক্তো মায়া দ্র কৈল ॥ ৩৬১ ॥

শ্লোকার্থ

"এই শ্লোকে বর্ণনা করা হয়েছে যে ভগরান জগতের সৃষ্টি আদি কার্য সম্পাদন কর্মেন, এবং ব্রহ্মাকে বৈদিক জান প্রদান কর্মেন যাতে তিনি ব্রহ্মাও সৃষ্টি করতে পারেন। সেখানে আরও উল্লেখ করা হয়েছে যে ভগরান প্রত্যাকভাবে এবং পরোকভাবে স্বর্কিছু সম্বদ্ধে পূর্ণরূপে অবগত তিনি অস্ত্রীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্বদ্ধে স্ব্রকিছু ভানেন এবং ভার অর্ক্যপ শাহ্রি হায়া। থেকে ভিয়া।

শ্লোক ৩৬২ এই সব কার্য—ভার তটস্থ-লক্ষণ। অন্য অবতার ঐহে জানে মূনিগণ ॥ ৩৬২ ॥ শ্লোকার্থ

"এই সমন্ত কার্য তার তাই লক্ষণ। মহান মৃনি-শ্বিরা প্রচাশনে ভগধানের অবতারদের চিনতে পারেন এই স্বরাপ লক্ষণ ও তাইছু লক্ষণের মাধানে। ভগবানের সমস্ত অবতারদের এইভাবেই জানা উচিত।

> শ্লোক ৩৬৩ অবতার-কালে হয় জগতে গোচন । এই দুই লক্ষণে কেহ জানয়ে ঈশ্বর ॥" ৩৬৩॥ গোকার্থ

"স্তগ্রান ঘর্থন অবতরণ করেন তথান সকলে তাঁকে দেখতে পান, এই দুইটি লক্ষণের ভারা তথন কেউ কেউ তাঁকে পর্যয়েশ্বর ভগ্রান বলে চিনতে পারেন।"

> শ্লোক ৩৬৪ সনাতন কহে,—''যাতে ঈশ্বর-লক্ষণ । সীতবর্ণ, কার্য—প্রেমদান-সন্ধীর্তন ॥ ৩৬৪ ॥ শ্লোকার্থ

সনাতন গোস্থামী তখন বললেন, 'ডাঁর লক্ষণ হচ্ছে তাঁর অসকান্তি পীতবর্ণ এবং তাঁর কার্য হচ্ছে সংকীর্তন যন্তের মাধ্যমে কৃষ্ণপ্রেম বিতরণ করা শ্লোক ৩৬৫

কলিকালে সেই 'কৃষ্যাবতার' নিশ্চয় ৷ সুদৃঢ় করিয়া কহ, যাউক সংশয় ৷৷" ৩৬৫ ৷৷

হোকার্থ

"এই লক্ষণগুলির মাধ্যমে কলিকালের শ্রীকৃষ্ণের অবভারকে চেনা যাবে জাপনি মুদ্দভাবে মেই কথা বলুন, যাতে আমার সমস্ত সংশয় দূর হয় "

ভাহপর্য

সনাতন গোস্থানী সৃদ্ধভাবে প্রতিপার করতে কেয়েছিলেন যে দ্রীরৈওনা মহাপ্রভূই হচ্ছেন এই মৃগে শ্রীকৃষ্ণের অবভার শাল্পের বর্গন গানুসারে কলিয়ুগে ভগরান সুবর্গ বর্গ, বা পীত বর্গ ধানল করে অবভারণ করবেন এবং সংশীর্তনের মাধায়ে কুম্পপ্রেম নিতরণ করবেন শাল্প এবং সধুর বর্গনা অনুসারে, এই লক্ষণায়নি স্ত্রীকৈতন মহাপ্রভূব মধ্যে, অভ্যন্ত উজ্জ্বান্তাবে প্রকাশিত হ্যোহিল এবং ভাই সৃদ্ধান্তভাবে বোরা মাছিলে যে দ্রীকৈতনা মহাপ্রভূব হালের অবগার কাল প্রতিভাব হালিকে এবং মাধুদের দান স্থীকৃষ্ণের অবগার কাল স্থানিক ব্যবহার মাধুদের দান স্থীকৃষ্ণের অবগার কাল ক্ষেত্রিলেন এবং শ্রীকৈতনা মহাপ্রভূব সৌন অবলম্বন ক্ষেত্রিলেন এবং এইভাবে প্রোক্তর্গের সমাতন গোল্পানীর যুক্তি মেনে নিয়েছিলেন এ থেকে ভামেনা ক্ষেত্রভাবে বুঝতে পারি যে শ্রীকৈতনা মহাপ্রভূই হাছেন শ্রীকৃষ্ণেরই অবভার

শ্লোক ৩৬৬

প্রভু কহে,—চতুরালি ছাড়, সনাতন। শক্ত্যাবেশ্যবতারের শুন বিষরণ॥ ৩৬৬॥

য়োকার্থ

শ্রীচেতনা মহাপ্রস্থ তখন বললেন, "সমাতন, তোমার চাতুরালী ছাড়। এখন আমি শব্দাবেশ অবভারের বর্ণনা করছি তা শোদ।

শ্লোক ৩৬৭

শক্ত্যাবেশাবতার কৃষ্ণের অসংখ্য গণন । দিগ্দরশন করি মুখ্য মুখ্য জন ॥ ৩৬৭ ॥

<u>হোকার্থ</u>

"শ্রীকৃষ্ণের অসংখ্য শক্তাবেশারতার, তাদের মুখ্য কয়েকজনের নাম উল্লেখ করে তাদের দিগদরশন করছি। শ্লোক ৩৬৮

শক্ত্যাবেশ দুইরূপ—'মুখ্য', 'গৌণ' দেখি। সাক্ষাংশক্ত্যে 'অবতার', আভাসে 'বিভৃতি' লিখি॥ ৩৬৮॥ শ্লোকার্থ

"শক্ত্যাবেশাবভার দুই প্রকার সুখ্য এবং গৌণ। যারা সাক্ষাৎ পরমেশ্বর ভগবানের শক্তির দ্বারা আবিস্ট ভাদের বলা হয় 'ভাবভার', এবং যাদের মধ্যে ভগবানের শক্তির আভাস দেখা যায় ভাদের বলা হয় 'বিভৃতি',

গ্রোক ৩৬৯

'সনকাদি', 'নারদ', 'পৃথু', 'পরশু**রাম'** । জীবরূপ 'রঙ্গার' আবেশাবতার-নাম ॥ ৩৬৯ ॥ গোকার্য

"চতুংসন মারদ, পৃথু পরশুরাম, জীবরূপ ক্রন্সা ভগ্নাদের শক্তাবেশানতার

শ্লোক ৩৭০

বৈকুঠে 'শেষ'—ধরা ধরমে 'অনন্ত'। এই মুখ্যাবেশাবভার—বিস্তারে নাহি অন্ত ॥ ৩৭০ ॥ শ্লোকার্থ

"বৈকুঠে শেষ এবং জড় জগতে অনন্ত, মুখ্য শতুলাবেশাবভার নিস্তারিভভাবে নিচার করলে, তাঁনের গণনা করে শেষ করা যাবে না

শ্লোক ৩৭১-৩৭২

সনকাদ্যে 'জ্ঞান'-শক্তি, নাখদে শক্তি 'ডক্তি'। ব্ৰন্ধায় 'সৃষ্টি'-শক্তি, অনন্তে 'ভূ-ধারণ'-শক্তি ॥ ৩৭১॥ শেষে 'স্ব-সেবন'-শক্তি, পূথুতে 'পালন'। প্রশুরামে 'দুউনাশক-বীর্যসঞ্চারণ'॥ ৩৭২॥

গ্লোকার্থ

"চতুঃসনে জ্ঞান শক্তি, নারনে ডক্তি, ব্রজায় সৃষ্টি শক্তি, জনস্তে ভৃ-ধারণ শক্তি, শেবে স্ব-মেরন শক্তি, পৃথুতে পালন শক্তি, পরশুরায়ে দুইনাশক শক্তি তিনি সঞ্চার করেছেন। তাৎপর্য

শ্বীকৃষ্ণ ভগবদ্গীতান (৪ ৮) খলেছেন —পরিত্রাণার সাধ্নাং বিনাশার চ দুদুতাম্ ভগবান কথনও কথনও পৃথু মহাগ্রাজেব এতো রাজাব মধ্যে প্রজাপালনে শক্তি সন্ধার করেন এবং পরশুরামের মতো অবতারে দুষ্ট নাশ্ম শক্তি সন্ধার করেন।

গ্রোক ৩৭৩

छानभेखगिकनमा यजावितृष्टी छनार्पनः । ত আবেশা নিগদ্যন্তে জীবা এব মহত্তমাঃ য় ৩৭৩ ॥

জ্ঞান-শক্তি-জ্ঞাদি-কলয়া—জ্ঞান ভক্তি, সৃষ্টি, সেবন, পালন, বিনামন আদি তার শক্তির অংশের দার , যান্ত—যেখানে আবিস্তঃ—জানিষ্টঃ জনার্দিনঃ পর্নেশ্ব প্রগাবন শ্রীবিষ্টঃ ভে—তার , আবেশাঃ—শক্তির দারা আর্নিষ্ট, মিগলাতে—বলা হয়, জীবাঃ—জীবসকল্, এব—মদিও: মহৎ-উলাঃ—সর্বধ্যেপ্র ভত্তগণ

" 'আনশক্তি আদি কলার দ্বারা, যেখানে ভগবানের শক্তির আবেশ, সেই সমস্ত মহত্তম খীবসকল আবেদ অবতার বলে গণিত হন।'

এই শ্লোকটি *লযুভাগবতামূতে* (১/১৮) পাওয়া খান :

শ্ৰোক ৩৭৪

'বিভূতি' কহিনে ফৈছে গীতা-একাদশে ৷ জগৎ ব্যাপিল কৃষ্ণভাগভাগাবেশে ॥ ৩৭৪ ॥

হোৱার

"গুলনদ্ণীতাম একাদশ অণ্যানে সমগ্র জগতে যে জীকৃত্তের শক্তির আভাদের আহেশের বৰ্ণনা কৰা হয়েছে, ভাকে বলা হয় 'বিভৃতি'

শ্রীমন্ত্রাগবতে (২/৭/৩৯) বিশেষ মাধাশক্তির ধর্মনা করা হয়েছে।

শ্লোক ৩৭৫

যদ্যদ্বিভৃতিমৎ সন্তঃ শ্রীমদৃর্জিত্মের বা 1 তত্তদেববিগাক ড়ং মম তেজোহংশসম্ভবস্থা ৩৭৫ ॥

বাং বাং—ধ্যোত্ৰ সংখানে, বিভূতিমং—অসাধারণ ঐশ্বর্য, সব্ম্—জীব; শ্রীবং—ঐশ্বর্থপূর্ব, উভিতিষ্—শক্তিনান, এব অবশাই, বা—বা, তৎ তৎ—সেখানে এব অবশাই, অবগ্যন্ত—অবগত হওয়া উচিত; জম্—-তুমি, হম---আমার তেজঃ—শক্তি: অংশ— অংশ, সম্ভব্য –সভ্ত

অনুবাদ

"মে সমস্ত জীব— বিভৃতিমান ও খ্রীমান তাদের আমার তেজাংশ সম্ভব বলে জেনো ।"

শ্রোক ৩৭৬ অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জুন । বিষ্টভাব্যিদং কংলমেকাংশেন স্থিতো জগৎ ৷৷ ৩৭৬ ৷৷

অধ্বা—অথবা বহুনা—বং, এতেন ~এর দারা, কিম্—কি প্রয়োজন, আতেন ~লেন ধ্যে, তব—ভোগার হারা, অর্জুন হে অর্জুন, বিষ্টজা—ব্যাপ্ত অহম্—আমি, ইদম্— এই, কৃৎসম্—সমগ্র, এক-আংশেন—এক অংশের দানা স্থিতঃ—অবস্থিত, জগৎ জগৎ

(ভগনান শ্রীকৃষা বলেন---) " 'হে অর্জুন এর থেকে নেশী তারে কি বলব ? আমি আমার প্রকাশের এক তাংশের দ্বারা সমস্ত জগতে প্রবিষ্ট হয়ে বর্তমান থাকি ' क्तां है शर्य

এই লোকটিও *শ্রীমন্তগবদ্গীতায়* (১০/৪২) শ্রীকৃমের উক্তি।

গ্রোক ৩৭৭

এই ভ কহিলুঁ শক্তাবেশ-অবভার । বালা-পৌগশু-ধর্মের শুনহ বিচার ॥ ৩৭৭ ॥ গ্লোকার্থ

"এইভাবে আসি শক্তাবেশাবভারদের বর্ণনা করলায়। এখন জামি শ্রীকৃষের বাল্য পৌণত এবং কৈশোরের ধর্ম বিচার করছি ভা জনগ কর।

> শ্লোক ৩৭৮-৩৭৯ किरमात्रस्थत-धर्मी बरज्ञासनम्बर् अकरेंकीमा कतिवादत यूटन करत मन ॥ ७१৮ ॥ আদৌ প্রকট করায় মাতা-পিতা-ভক্তগণে। পাছে প্রকট হয় জন্মাদিক-শীলাক্রমে ॥ ৩৭৯ ॥ শোকার্থ

"কিশোরবেশ্বর ধনী ব্রজেন্দ্রনন্দন যখন এই জড়-জগতে তার সীলা প্রকট করতে গনস্থ করেন, তথন প্রথমে তিনি তার পিতা যাতা আদি ভক্তদের প্রকট করিমে জন্মাদি লীলা প্রকাশ করে স্বলং প্রকট হল।

> গ্ৰোক ৩৮০ ব্যাসো: বিবিধন্তেহপি সর্বভক্তিরসাশ্রয়ঃ । ধর্মী কিশোর এবাত্র নিতালীলা-বিলাসবান্ ॥ ৩৮০ ॥

বয়সঃ –বয়সেন; বিবিধক্কে—প্রকার ভেদে; অঞ্চি –মদিও; সর্ব সর্ব প্রকাণ শুক্তি-রস-আশ্রন্যঃ—ভত্তি বসের আশ্রন্ন, ধর্মী -থার ধর্ম, **কিশোরঃ**—কিশোর বয়স এব - ভাষশাই; ष्मतः—এখানে, निजु-भीना—भिजा सीनाः, निनामसान्—निनामकातीः,

" 'নিত্যলীলা বিলাসকারী সর্বভন্তি-ব্রসের আশ্রয় শ্রীকৃয়েন বিবিধ বয়স থাকলেও किटगांत नगत त्यांहे.'

ভাহপর্য

এই লোকটি *ভবিন্যসামৃতসিন্ধু* গ্রন্থে (২/১/৬৩) পাত্রয় যায়

শ্লোক ৩৮১ প্তনা-ৰধাদি যত লীলা কৰে কৰে ৷ সব লীলা নিত্য প্রকট করে অনুফ্রমে ॥ ৩৮১ ॥

"জীকৃষ্ণ ক্রম অনুসারে ফরেণ ক্রবে পৃতনা বধ আদি সমস্ত লীলা প্রকট করেন । তার সকল লীলাই নিতা।

শ্ৰোক ৩৮২

অনন্ত ব্রহ্মাণ্ড, তার নাহিক গুণ্ম ৷ কোন লীলা কোন্ ৰক্ষাণ্ডে হয় প্ৰকটন ॥ ৩৮২ ॥

"অসংখ্য অনন্ত ব্ৰহ্মাতে প্ৰতিক্ষণ সম্বন্ধিনী সীলা প্ৰকট হয়ে অন্য ব্ৰহ্মাতে আৰাৰ সেই যাও সম্বাধিনী লীলার উনয় হয়।

শ্ৰোক ৩৮৩

এইমত সৰ লীলা—যেন গঞ্চাধার। সে-সে লীলা প্রকট করে ব্রজেন্দ্রকুমার ॥ ৩৮৩ ॥ स्थाकार्थ

"গঙ্গার ধারা যেমদ নিরবচিহ্ন, তেমনই শ্রীকৃত্তের শীলাও নিরবজ্জিক ভাবে ভিন্ন ভিন্ন প্ৰকাণ্ডে প্ৰকট হয়

> লোক ৬৮৪ ক্রমে বাল্য-পৌগগু কৈশোরতা-প্রাপ্তি। রাস-আদি লীলা করে, কৈশোরে নিত্যস্থিতি 🗓 ৩৮৪ 🛭

শ্লোক ৩৮৭ | শ্রীতৈতন্য মহাপ্রভুর সঙ্গে সনাতন গোপ্দামীর সাক্ষাৎকার

"একিয়া তাঁর বাল্যন্ত্রীলা, পৌগওলীলা প্রদর্শন করে কৈশোরতা প্রাপ্ত হন। কৈশোরে তাঁন মিত্য খ্রিতি। এই ব্যানেই তিনি রাস আদি দীলাবিলাস করেন,

ভাহপর্য

এই দুষ্টাশুটি খুব সুন্দর। শ্রীকৃষ্ণ যদিও টোর বাল্যনীলা, পৌগগুলীলা প্রদর্শন করেন, তব্য একজন সাধারণ মানুযের মতো তাঁর বৃদ্ধি হয় না কৈলোরে পদার্থণ করার পর আর ভার বৃদ্ধি হয় না। তিনি কৈশোরে নিজা অবস্থান করেন ভাই ব্রক্ষমংহিতায় (৫/৩৬) ওঁতে মবর্টোকন বন্ধে বর্ণনা করা হয়েছে

> অধৈতমচাতমনাদিমনতার প-मामार भूतावभूसम्बर्धः नवत्रीविभवः । रवरमय मर्भाष्ट्रममृतीष्ट्रमापाषरकी शानिनमानिश्रामः उमहर एकापि ।

এই নব্রৌদন শ্রীকুংখ্যর নিত্য চিগ্মার্কণ নবট্যোধনের পর আর ওঁরে বয়স বৃদ্ধি इस वा।

প্রেটিক তাদের

'নিত্যলীকা' কুফোর সর্বশান্তে কয় । ব্ৰিতে না পাৱে লীলা কেমনে 'নিভা' হয় !! ৩৮৫ ॥ ধ্যোকার্থ

"সমন্ত শাস্ত্রে বর্ণনা করা হয়েছে যে শ্রীক্রাঞ্চর লীলা নিজ। কিন্তু এই লীলা যে কিন্তাবে নিত্য হয়, সাধারণ মানুষ ভা বুঝতে পারে না

ede 部部

দৃষ্টান্ত দিয়া কহি তবে লোক যদি জানে। কৃষ্যলীলা—নিতা, জ্যোতিশ্চক্ত-প্রমাণে ॥ ৩৮৬ ॥ গ্রোকার্থ

"মানুধ ঘাতে বুৰাতে পারে কৃষ্ণের লীলা কিন্তাবে নিতা, তাই আমি দৃষ্টান্ত দিয়ে সেই তত্ত্ব বিশ্লেষণ করছি। ভার একটি দৃষ্টাস্ত হর্চেছ জ্যোতিশ্চক্রের প্রমাণ।

> শ্লোক ৩৮৭ জ্যোতিশ্চক্রে সূর্য যেন ফিরে রাত্রি দিলে 1 সপ্তদ্বীপাত্মধি লন্ধি' ফিরে ক্রমে ক্রমে ॥ ৩৮৭ ॥

[148 40

প্ৰোকাৰ্থ

"জ্যোতিশ্চক্রে সূর্য দেমন দিন-রাভ হ্রমণ করে সপ্তসিদ্ধু ক্রুমে ক্রুমে অভিক্রম করে।

শ্লোক ৩৮৮

রাত্রি-দিনে হয় ষষ্ট্রিদণ্ড-পরিমাণ । তিনসহস্র ছয়শত 'পল' তার মান ॥ ৩৮৮ ॥

শ্লোকার্ঘ

"বৈদিক গণনা অনুসারে রাত্র এবং দিলে ৬০ দণ্ড হয় এবং পুনরায় তা তিন হাজার হয়শত পজে বিভক্ত হয়।

শ্লোক ৩৮৯

সুর্যোদয় হৈতে যদ্ভিপল-ক্রমোদয় । সেই এক দণ্ড, অস্ট দণ্ডে 'প্রহর' হয় ॥ ৩৮৯ ॥ শ্লোকার্থ

৬০ পলে ক্রন্যে ক্রন্যে সূর্যের উদয় হয়। ৬০ পলে এক দণ্ড হয় এবং আট দণ্ডে এক প্রহর।

> রোক ৩৯০ এক-দুই-ডিন-চারি প্রহরে অন্ত হয় । চানিপ্রহর রাত্তি গেলে পুনঃ সূর্যোদয় ॥ ৩৯০ ॥

"সূর্যোদয় পেকে সূর্যান্ত পর্যন্ত চার প্রহর, এবং রাজির দৈর্ঘাও চার প্রহর এইডাবে দিন এবং রাজি বিভক্ত হয়েছে

শ্লোক ৩৯১

ঐছে কৃষ্ণের দীলা-মণ্ডল টোদ্দমন্বস্তরে। রক্ষাণ্ডমণ্ডল ব্যাপি' ক্রমে ক্রমে ফিরে॥ ৩৯১॥

শ্লোকার্থ

"এইভাবে শ্রীকৃষেন দীলা মণ্ডল চড়ুর্দশ মহস্তবে সমগ্র রক্ষাণ্ড ফুড়ে ত্রামৈ ক্রমে প্রকাশিত হয়।

শ্লোক ৩৯২

সওয়াশত বৎসর কৃষ্ণের প্রকট-প্রকাশ । তাহা থৈছে বজ-পূরে করিলা বিলাস ॥ ৩৯২ ॥ শ্ৰোকাৰ্থ

"শ্রীকৃষ্ণ একশত পটিশ বছর তাঁর শ্রীলা প্রকট করেন এবং তিনি বৃন্দারনে ও দারকায় তাঁর জীলা অস্থেদন করেন

প্রোক্ত ৩৯৩

অলাতচক্রপ্রায় সেই লীলাচক্র ফিরে। সহ লীলা সব ব্রহ্মাতে ক্রমে উদয় করে ॥ ৩৯৩ ॥

"প্রকাতদরেদা মতো সেই লীলাচক্র খ্রীকৃষ্ণ নিরবছিয়ভাবে এক রক্ষাও থেকে আর এক ক্রমাণ্ডে উদয় করান

শ্লোক ৩৯৪

জনা, বাল্যা, পৌগণ্ড, কৈশোর প্রকাশ । পৃতনা-বধাদি করি' মৌবলান্ত বিলাস ॥ ৩৯৪ ॥ মোকার্থ

'জন্ম, বাধা, গৌলগু, কৈশোর লীলাসমূহ প্রকাশ করে, পূতনা বধ আদি দীলাবিলাস করে আবশ্যে মৌখল লীলায় মদু বংশ ধ্বংসের লীলা প্রকাশ করেন। এক একাণ্ড ধ্বের আর এক প্রকাশে ক্রমায়নে এই সমস্ত লীলা নিরবছিয়ন্তাবে প্রকট হয়

শ্ৰোক ৩৯৫

কোন ব্রহ্মাণ্ডে কোন লীলার হয় অবস্থান। ভাতে লীলা 'নিতা' কহে আগম-পুরাণ ॥ ৩৯৫ ॥ শোকার্থ

"মেহেতু প্রীকৃষের সীলা প্রতিকাশ এব প্রস্নাও থেকে আন এক প্রস্নাতে নিরন্তর প্রকট হতে, তহি যেদ এবং পুরাণে শ্রীকৃষের লীকাকে নিত্য বলে কর্ণনা করা ইরোছে।

গ্লোক ৩৯৬

লোলোক, লোকুল-ধাম—'বিডু' কৃষ্ণসম।
কৃষ্ণেচ্ছায় ব্ৰহ্মাণ্ডগণে তাহার সংক্রম ॥ ৩৯৬ ॥
শোকার্থ

"গোলোক ও গোকুলখাম গ্রীকৃষ্ণেরই মতো শক্তি এবং ঐশ্বর্য সমস্থিত শ্রীকৃষ্ণের ইচ্ছায়। সমস্ত ব্রুকাণ্ডে গোলোক এবং গোকুলের প্রকাশ হয়। গ্রোক ৩৯৭

অতএব গোলোকস্থানে নিত্য বিহার। ব্রহ্মাণ্ডগণে ক্রমে প্রাকট্য তাহার ॥ ৩৯৭ ॥

ক্লোকাৰ্য

"গোলোক ৰৃদ্ধাৰনে জ্ৰীকৃষ্ণের লীলা বিলাস নিত্য হঞ্ছে এবং ব্ৰহ্মাণ্ড-সমূহে ক্ৰমে ক্ৰমে তাৰ প্ৰকাশ হয়।

তাৎপর্য

খ্রীল ভাকিসিদ্ধাপ্ত সরস্বাতী ঠাকুর কৃষাজীলার এই বর্ণনার নিপ্লেখন করে বলেছেন— 'শ্রীক্ষের লীলা নিতা প্রকট। অনন্ত ব্রন্থাতে কালে কালে ক্রমে ক্রমে নিতালীলা প্রকটিত হয় এক একাণ্ডে জ্রীকুমেল জখনীলা খেকে ওরু করে একশত পঁচিশ কর্মাল মৌসলুঙে লীলা পর্য্য, প্রকটিত হয়ে সেই ব্রহ্মাণ্ডে লীলা অপ্রকট হয় . খ্রীকৃথের দীলার ক্ষাক্সল এক এক্টাণ্ডে প্রকট হয়ে প্রথম ক্ষণান্তে ছিডীয় কর্ণ আনম্ভ হলে, প্রথম ক্ষণ সম্বাদ্ধিনী শীলা অনা রক্ষান্তে প্রনট হয়। এইডানে অসংখ এনের ব্রন্দানে প্রতিক্ষণ সমৃদ্ধিনী শীলা প্রকট খনো জন্য ব্রহ্মাণ্ডে আবার সেইখন সমন্দ্রিনী সীধার উদ্যা হয় - ভার উদাহরুদ্র সুর্যোর প্রমূপ মার্গ অথবা জেনতিশ্চক্রের প্রমূপ কথিত হলেছে - অনন্ত প্রদান্ত কুল্লের অসংখ্য লীলা ক্রমে ক্রমে উদিত হয়ে অপ্রকটিত হঙ্গে জীবজানে সেই অনন্ত লীলার উপলন্ধির সভাবনা নেই। গঙ্গার ধারা থেমন নিরবচিয়া, হলোড্যক্রন এমণ যেয়ন নিরন্তর ত ন্যাপক, তেমনই কৃষ্ণালীলারত নির্বন্ধিয়া প্রাকটা ডিয় ডিয় ব্রন্মাণ্ডে উপলব্ধ হয়। কুষ্ণের জন্ম, বাল,, সৌগও লীলা নিজ্যবাসই সংঘটিত হচেছ কোন এক প্রক্ষাণ্ডে অবস্থিত জীবের কৃষ্ণলীশার নিত্য প্রারটা অনুভূত না হলেও তার শীলান নিত্রতা আছে সমস্ত শীলার এক কালে নিতা প্রাকটোর নামই 'নিতালীলা' কিন্তু প্রপাষে অনুসামে দীলার প্রাকটা ঘটে তখন অন্যান্য লীলা অপর ব্রহ্মাণ্ডে হার্কট থাকে বলে কোন এক ব্রহ্মাণ্ডে এককালে নিতাত্বের উদয় হয় না। বস্তুত দীলা—নিতা; টৌদ্দ মন্বর্তুর অথবা কল্পের নির্দিষ্ট কালে কোন এক প্রক্ষাণ্ডে ক্রমে ক্রমে ক্রমেলীলা সওল পুনরাবর্ডিড হয়, অভএব भीभा ध्वनिका नम्र काना तकान अकार्क निका लील। श्रीतृष्टि इस ना तहन वाँरे उपमारसम् লোক নিত্যলীলা উপধান্ধি করতে সমর্থ হয় না , এঞ্চনা বেদ-পুরাণাদি নিত্যসীলার কথাই वरनम शारमारकम मिछ। विश्वन्यमी ज्ञारभ क्राय उन्नार्थ थकाँकै द्या।"

দূই প্রকার ভক্ত রয়েছেন—সাধক এবং সিদ্ধ। সিদ্ধ ভক্তদের সম্বন্ধে ভগবদ্গীতায় বলা হয়েছে, তাত্তা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোহজুন—"তাদের দেহত্যাগ করার পর, এই প্রকার ভক্তবা আমার কাছে ফিরে আসে" তাদের জড়ানাই ত্যাগ করার পর, সিদ্ধভক্তবা যেখানে গ্রীকৃষের লীলাবিলাস হছে সেখানে গোলীগর্ভে জন্মগ্রহণ করেন। তা এই ব্রন্থানে হতে পারে অথবা তান্য ব্রন্ধানেও হতে পারে। সেই সম্বন্ধে শ্রীল বিশ্বনাথ

চক্রকতী ঠাকুর উজ্জ্বল নীলমণির টীকায় লিখেছেন ভক্ত যখন সিদ্ধ অবস্থা পাপ্ত হন, তখন তিনি প্রীকৃষ্ণের লীলা হচেছ যে প্রকাণ্ডে সেখানে স্থানান্তরিত হন। শ্রীকৃষ্ণ যেখানে তাঁর নীলাবিলাস করেন, সেখানে তাঁর নিত্য পার্যদের যাম পূর্বে সেই সম্বন্ধে বলা হয়েছে, শ্রীকৃষ্ণ প্রথমে তাঁর পিতা-মাতাদের প্রকট করিয়ে ক্রমং তারপর তাঁর পার্যদের প্রকট করিয়ে ক্রমং তারপর তাঁর পার্যদের প্রকট করিয়ে, তারপর নিপ্তে অবতনণ করেন। জড় দেহ ত্যাগ করার পর সিদ্ধ ভক্ত প্রীকৃষ্ণ এবং তাঁর পার্যদেরে সাদ্ধির্য় লাভ করেন।

শ্লোক ৩৯৮ ব্রক্তে কৃষ্ণ—সর্বৈশ্বর্যপ্রকাশে 'পূর্ণতম'। পূরীদ্বয়ে, পরব্যোয়ে—'পূর্ণতর', 'পূর্ণ'॥ ৩৯৮॥

"শ্রীকৃষ্ণ রক্তে সর্বৈশ্বর্য প্রকাশ করেন, তাই রক্তেন্ত্রনদান—'পূর্ণত্য'। ছারকা ও মধূরা—
পূরীদ্বনো কৃষ্ণ তাঁর থেকে অল্পডানে স্ট্রেশ্বর্য প্রকাশ করেন, সেজন্য সেখানে তিনি
'পূর্ণতর' এবং প্রস্বোদ্য বৈকৃষ্ঠে কৃষ্ণ পূরীদ্বন অপেকাও সম্বর্জপে স্ট্রেশ্বর্য প্রকাশ করেন, তাই সেখালে তিনি 'পূর্ণ'

ভাৎপর্য

এই তথ্য ভান্তিরসামৃতসিদ্ধ (২.১/২২১-২২৩) থেকে উদ্ধৃত পরবর্তী ডিনটি শ্লোকে প্রতিপদ্ম হয়েছে।

> শ্লোক ৩৯৯ হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা । শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শক্তৈনাটো যঃ পরিপঠ্যতে ॥ ৩৯৯ ॥

হরিঃ—প্রান্থেশন ভ্রাবান, পূর্বভয়ঃ—পূর্যভ্যা, পূর্ব-তরঃ—পূর্বভর, পূর্বঃ—পূর্ব, ইন্ডি— এইভারে ন্রি-ধা—তিন প্রকারঃ শ্রেষ্ঠঃ—গ্রেষ্ঠ, মধা-ফাদিডিঃ—মধ্য ইত্যাদি, শরৈদঃ— দাদের দ্বারা, নাট্যে—নাট্য শাল্লে, যঃ—যিনি, পরিপঠ্যতে—পরিপঠিত হন।

অনুবাদ

" 'লোষ্ঠ, মধ্য ও আদি শব্দের দারা নাট্যলাগ্রে যিনি পরিপঠিত হন, সেই ভগবান হরি— পূর্ম, পূর্বতর ও পূর্বতম—এই তিন প্রকার।

(副本 800

প্রকাশিতাখিলওণঃ স্মৃতঃ পূর্ণতমো বুধৈঃ ৷ অসর্বব্যঞ্জকঃ পূর্ণতরঃ পূর্ণোহল্পদর্শকঃ ॥ ৪০০ ॥ ፍውክ

প্রকাশিত-অধিল-শুণাঃ—য়ান সমস্ত অপ্রাকৃত গুণাধনী প্রকাশিত হয়েছে, স্মৃতঃ—উপলব্ধ হয়: পূর্ণ ভমঃ পুণাতম, বুইধঃ—পশ্চিতেরা, অসর্ব-ব্যঞ্জকঃ— সম্ম প্রকাশিত গুণাধলী, পূর্ণ-তরঃ —পূর্ণতর, পূর্ণঃ—পূর্ণ, অল্প সম্পন্ধঃ—জারও অল্প প্রকাশিত

অনুবাদ

" 'আয় গুণের প্রকাশক হরি—পূর্ণ, সর্বগুণের স্বয় প্রকাশক হরি—পূর্ণতর, আর বাঁতে সমস্ত গুণ প্রকাশিত সেই হরি—পূর্ণতম; পণ্ডিতেরা এইভাবে কীর্তন করেন।

(制本 80)

কৃষ্ণস্য পূৰ্ণতমতা ব্যক্তাভূদ্গোকুলান্তরে। পূৰ্ণতা পূৰ্ণতরতা দারকা-মধুরাদিবু ॥ ৪০১ ॥

কৃষ্যস্য—শ্রীকৃষ্যের, পূর্ণ-ভয়তা—পূর্ণতয়তা, বাক্সা—থকাশিত অভ্যং—থ্রেছিল গ্রোকুল-অন্তরে—গোর্বল বৃদ্ধাবনে পূর্ণতা—পূর্ণতা, পূর্ণ-তরতা—পূর্ণতরতা, বারকা—গাবলান, মধুরা-আদিবৃ—এবং মধুরা ইতানি স্থানে।

অনুনাদ

" 'গোকুলে কৃথেন পূর্ণভ্যকা, ভারকা-সপুরায় পূর্ণভরতা ও পরবাোচে পূর্ণতা হাজ হয়েছিল '

রোক ৪০২

এই কৃষ্ণ—ব্ৰজে 'পূৰ্ণতম' ভগবান্ । আর সব স্বরূপ—'পূৰ্ণতর' 'পূৰ্ণ' নাম ॥ ৪০২ ॥ শ্লোকার্থ

"এই কৃষ্ণ ক্রজে পূর্ণতম ভগবান। অন্যত্র তার আর সম সক্রপ পূর্ণতর আথবা পূর্ণ।

শ্ৰোক ৪০৩

সংক্ষেপে কহিলুঁ কৃষেদ্র স্বরূপ-বিচার। 'অনন্ত' কহিতে নারে ইহার বিস্তার ॥ ৪০৩ ॥

শ্লোকার্থ

আমি সংক্রেণে শ্রীকৃষ্ণের অপ্রাকৃত স্বরূপের বিচার করলাম অনন্তদেবত বিস্তারিকভাবে বর্ণনা করতে পারেম না।

> শ্লোক ৪০৪ অনন্ত স্বরূপ কৃষ্ণের নাহিক গণন। শাখা-চন্দ্র-ন্যায়ে করি দিগদরশন ॥ ৪০৪ ॥

শ্ৰোকাৰ্থ

"এীকৃষ্ণের অপ্রাকৃত স্বরূপ অন্তর্হীন। কেউই তা গণনা করতে পারে না আমি এখানে যা নিপ্লেশ্য করলাম তা দিগ্দরশন যাত্র, তা গাছের শাখাকে ইন্দিত করে টাদ দেখানোর মতো।"

(制布 80化

ইহা মেই খনে, পড়ে, সেই ভাগ্যবান্। ক্ষের স্থাপতত্ত্বের হয় কিছু জান ॥ ৪০৫ ॥ শোকার্থ

"এই তথ্ যিনি শোনেন, তিনিই ডাগ্যবাদ: এবং শ্রীকৃদেদর স্বরূপ তথ্বের সম্বচ্চে তাঁর কিছু জান হয়।

> শ্লোক ৪০৬ শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ । তৈতন্যচরিতামৃত কতে কৃঞ্দাস ॥ ৪০৬ ॥ ধ্যোকার্থ

গ্রীল কপ গোস্থানী এবং গ্রীল রঘুনাথ লাস গোস্থানীর গ্রীপাদপলে আমার প্রগতি মিবেদন করে এবং তালের কৃপা প্রার্থনা করে, তালের পদার অনুসরণপূর্বক আমি কৃষকাস গ্রীকৈতন্য চরিভাম্ত বর্ণনা করছি।

ইতি—'ধানাশসীতে শ্রীচৈতনা মহাপ্রভূত্ব সঙ্গে সনাতন গোস্বামীর সাঞ্চাৎকার এবং শিক্ষালান্ত' শীর্গক শ্রীচৈতনা চরিতামূতের বিংশ পরিচেনের ভক্তিবেদান্ত তাৎপর্য।

একবিংশ পরিচেহদ

শ্রীকৃষ্ণের ঐশ্বর্য ও মাধুর্য

একবিংশ পরিছেদের কথাসারে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর লিখেছেন—"এই পরিছেদে শ্রীচৈতনা মহাপ্রভু কৃষ্ণলোক তত্ত্ব, পরব্যোম তত্ত্ব, কারণবারি তত্ত্ব, মায়িক ব্রহ্মাণ্ড তত্ত্ব বর্ণনা করে ঘারকায় ব্রখ্যার দর্পহরণরূপ শ্রীকৃষ্ণের একটি লীলা বর্ণনা করেছেন। তারপর গ্রন্থকার মহাপ্রভুর বাকা বলে কৃষ্ণরূপের সৌন্দর্য প্রকাশক কয়েকটি মধুর পদ্য লিখেছেন। এই পর্যস্ত সম্বন্ধ তত্ত্ব ব্যাখ্যা হল।"

শ্লোক ১

অগত্যেকগতিং নত্না হীনার্থাধিকসাধকম্ । শ্রীচৈতন্যং লিখাম্যস্য মাধুর্টৈশ্বর্য-শীকরম্ ॥ ১ ॥

অগতি-এক-গতিম্—অগতির একমাত্র গতি; নত্বা—প্রণতি নিবেদন করে; হীন-অর্থ— পারমার্থিক জ্ঞানে দরিদ্র বদ্ধ জীবদের প্রয়োজনের; অধিক—অধিক; সাধকম্—সাধন করেন; শ্রী-চৈতনাম্—শ্রীচৈতনা মহাপ্রভূকে; লিখামি—আমি লিখছি; অস্যা—ভগবান গ্রীচৈতনা মহাপ্রভূর, মাধুর্য-ঐশ্বর্য—মাধুর্য এবং ঐশ্বর্য; শীকরম্—এক কণিকা।

অনুবাদ

অগতির একমাত্র গতি এবং হীনজনের প্রতি অধিক অর্থদাতা বা উপকারক শ্রীটৈতন্য মহাপ্রভূকে প্রধাম করে আমি তাঁর ঐশ্বর্য ও মাধুর্যের এক কণা বর্ণনা করছি।

গ্লোক ২

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ । জয়াধৈতচদ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥ প্রোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভুর জয়। শ্রীনিত্যানন্দ প্রভুর জয়। শ্রীক্রহৈত আচার্য প্রভুর জয়। এবং শ্রীচৈতন্য মহাপ্রভুর সমস্ত ভক্তবৃন্দের জয়।

শ্লোক ও

সর্ব স্বরূপের থাম—পরব্যোম-থামে । পৃথক্ পৃথক্ বৈকুণ্ঠ সব, নাহিক গণনে ॥ ৩ ॥ লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ বলতে লাগলেন, 'ভগবানের সমস্ত চিশায় স্বরূপ পরব্যোম ধামে, পৃথক পৃথক বৈকুষ্ঠে বিরাজ করেন। সেই সমস্ত বৈকুষ্ঠলোকের সংখ্যা গণনা করে শেষ করা যায় না।

শ্লোক ৪

শত, সহস্র, অযুত, লক্ষ, কোটী-যোজন। এক এক বৈকুণ্ঠের বিস্তার বর্ণন॥ ৪॥

"এক একটি বৈকৃষ্ঠলোকের পরিমাণ—শত-সহস্র-অযুত্ত-লক্ষ-কোটি যোজন। অর্থাৎ, প্রতিটি বৈকৃষ্ঠ লোকের আয়তন আযাদের পরিমাপ করার ক্ষমতার অতীত।

শ্লোক ৫

সব বৈকুণ্ঠ—ব্যাপক, আনন্দ-চিন্ময় । পারিযদ-ষড়ৈশ্বর্য-পূর্ণ সব হয় ॥ ৫ ॥

শ্লোকার্থ

"প্রতিটি বৈকুণ্ঠলোক অতি বিশাল এবং চিশ্মন্ন আনন্দের দ্বারা রচিত। সেখানকার সমস্ত অধিবাসীরা ভগবানের পার্যদ এবং তারা সকলেই ডগবানের ষড়বিধ ঐশ্বর্যে পূর্ণ।

শ্লোক ৬

অনন্ত বৈকুণ্ঠ এক এক দেশে যার । সেই পরব্যোস-ধামের কে করু বিস্তার ॥ ৬ ॥

গ্লোকার্থ

"অনন্ত বৈকৃষ্ঠ যার এক এক স্থানে অবস্থিত, সেই পরব্যোম ধামের আয়তন কে মাপতে পারে?

শ্লোক ৭

অনন্ত বৈকুণ্ঠ-পরব্যোম যার দলশ্রেণী। সর্বোপরি কৃষ্ণলোক 'কর্ণিকার' গণি॥ ৭॥

শ্লোকার্থ

"তিমায় জগতকে পদ্মফুলোর সঙ্গে তুলনা করা হয়েছে। সেই পদ্মের উচ্চ (মধ্য) ভাগ কর্ণিকার'-রূপী কৃষ্ণলোকের চতুর্দিকে দলশ্রেণীরূপে অনন্ত বৈকুন্ঠ পরব্যোমে বিরাজমান।

শ্লোক ৮

এইমত ষড়ৈশ্বর্য, স্থান, অবতার । ব্রহ্মা, শিব অন্ত না পায়—জীব কোন্ ছার ॥ ৮ ॥

ক্লোকার্থ

"বৈকুণ্ঠলোকের বজৈশ্বর্যপূর্ণ স্থান এবং মড়েশ্বর্য বিশিষ্ট অবতারের সীমা মায়িক রাজ্যের ঈশ্বর ব্রহ্মা, শিব আদি দেবতাদেরও অগোচর, সূত্রাং বদ্ধ জীবদের তো কথাই নেই। শ্রীকৃষ্ণের ঐশ্বর্য ও মাধ্ব্য

শ্লোক ৯

কো বেত্তি ভূমন্ ভগবন্ পরাত্মন্ যোগেশরোতীর্ভবতস্ত্রিলোক্যাম্। ক্ব বা কথং বা কতি বা কদেতি বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াম্॥ ১॥

কঃ—কে; বেন্তি—জানে; ভূমন্—সে বিরটে পুরুষ, ভগরন্—হে পরমেশ্বর ভগবান; পর-আত্মন্—হে পরমাগা; যোগ-ঈশ্বর—হে যোগেশ্বর, উতীঃ—লীলা, ভবতঃ—আপনান; বি-লোক্যাম্—গ্রিভূবনে; ক্ব—কোথায়; বা—অথবা, কথম্—কিভাবে, বা—অথবা, কতি— কত, বা—অথবা; কদা—কখন; ইতি—এইভাবে; বিস্তারয়ন্—বিস্তার করে; ক্রীড়িসি— ভূমি ক্রীড়া কর; যোগ-মায়াম্—যোগমায়াশে।

অনুবাদ

" 'হে ভূমন! হে ভগবান! হে পরসাত্মন। হে যোগেশ্বর। এই ত্রিভূবনে তোমার নীলা কোথায়, কিভাবে, যোগমায়াকে বিস্তার করে কখন তুমি ক্রীড়া কর তা কে জানতে পারে?

তাৎপর্য

এই শ্লোকটি *শ্রীমন্ত্রাগব*ত (১০/১৪/২১) থেকে উদ্বৃত।

শ্লোক ১০

এইমত কৃষ্ণের দিব্য সদ্ওপ অনন্ত । ব্রহ্মা-শিব-সনকাদি না পায় যাঁর অন্ত ॥ ১০ ॥

শ্লোকার্থ

"এইভাবে শ্রীকৃষ্ণের দিবা ওপাবলী অনন্ত, ব্রন্থা-শিব-সনকাদিও তাঁর অস্ত খুঁজে পায় না।

শ্লোক ১১

গুণাত্মনন্তেইপি গুণান্ বিমাতৃং হিতাবতীর্ণস্য ক ঈশিরেইসা । কালেন থৈবা বিমিতাঃ সুকল্পৈ-র্ভূ-পাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ ॥ ১১ ॥

ওপ-আত্মনঃ—তিন গুণের তত্বাবধায়ক; তে—আগনার; অপি—অবশাই; গুণান্—গুণ সমূহ, বিমাতৃম্—গণনা করা; হিত-অবভীর্ণস্য—সমস্ত জীবের মঙ্গলের জন্য যিনি অবভীর্ণ হয়েছেন; কে—কে; ঈশিরে—সমর্থ; অস্য—ব্রন্মাণ্ডের, কালেন—যথা সময়ে; যৈঃ—

গ্লোক ১৫ী

যার ধারা; বা—অথবা; বিমিতাঃ—বিশেষভাবে গণনা করে; সু-কল্পৈঃ—সুনিপুণ বৈজ্ঞানিকদেব দ্বারা; ভূ-পাংশবঃ—ব্রহ্মাণ্ডের সমস্ত প্রমণ্ডে; খে—আকাশে; মিহিকাঃ— হিমকণা, দ্যু-ভাসঃ—গ্রহ-নক্ষর আদি জ্যোতিত্ব সমূহ।

অনুবাদ

" 'সুনিপুণ বৈজ্ঞানিকেরা ভূমির রেণুকণা এবং আকাশের হিমকণা, নক্ষত্রাদি কালে গণনা করেছেন; তাঁদের মধ্যে জগতের কেইবা হিতের নিমিত্ত অবতীর্ণ এবং অনন্ত গুণ রূপ যে তুমি, তোমার গুণ সকল গণনা করতে সমর্ঘ হয়?'

ভাৎপর্য

এই শ্লোকটি *শ্রীমন্তাগব*ত (১০/১৪/৭) থেকে উদ্বত।

শ্লোক ১২

ব্রহ্মাদি রহু—সহশ্রবদনে 'অনন্ত' । নিরন্তর গায় মুখে, না পায় গুণের অন্ত ॥ ১২ ॥

শ্লোকার্য

"চতুর্মুখ ব্রহ্মা বা পঞ্চমুখ শিবের কি কথা, অনস্তদেব নিরন্তর সহত্র মূখে গান করেও তার গুণের সীমা প্রাপ্ত হন না।

শ্লোক ১৩

নান্তং বিদাম্যহ্মমী মুনয়োহগ্রজান্তে
মায়াবলস্য পুরুষস্য কুতোহবরা যে ।
গায়ন্ শুণান্ দশশতানন আদিদেবঃ
শেষোহধুনাপি সমবস্যতি নাস্য পারম্ ॥ ১৩ ॥

ন-অন্তম্—অন্তহীন; বিদামি—জানে; অহম্—আমি, জমী—সেই সকল; মুনরঃ—মুনিগণ; অপ্রস্লাঃ—ভাতাগণ; তে—আপনাব; মায়া-বলস্য—মায়াবল সমন্বিত; পুরুষস্যা—পরমেশ্বর তগবানের; কুডঃ—কিভাবে; অবরাঃ—অল্লবৃদ্ধি সম্পন্ন; যে—হারা; গায়ন্—কীর্তন করেন; ওপান্—গুণাবলী, দশ-শত-আননঃ—সহত্র কান; আদি-দেবঃ—ভগবান; শেষঃ—অনন্তশেষ; অধুনা অপি—এখনও পর্যন্ত; সমবস্যতি—প্রাপ্ত হওয়া; ন—না, অস্যু—ভগবানের; পারম্—সীমা।

অনুবাদ

" আমি ব্রহ্মা এবং তোমার অগ্রন্ধ সমস্ত মুনিরা মায়।ধীশ পুরুষের অন্ত জানতে পারি না। অপরে কে জানবে? সহস্র বদন অনন্তদেবও তাঁর গুণাবলী কীর্তন করতে করতে আজ পর্যন্তেও তাঁর সীমা বুঁজে পান নি।'

তাৎপর্য

এই শ্লোকটি *শ্রীমন্তাগবতে* (২/৭/৪১) দেবর্থি নারদের প্রতি ব্রহ্মার উক্তি।

গ্লোক ১৪

তেঁহো রহু সর্বজ্ঞ-শিরোমণি শ্রীকৃষ্ণ । নিজ-গুণের অন্ত না পাঞা হয়েন সতৃষ্ণ ॥ ১৪ ॥ শ্লোকার্থ

"অনস্তদেৰ দূরে থাকুন, স্বয়ং ত্রীকৃষ্ণও তাঁর ওণের সীমা প্রাপ্ত না হয়ে সতৃষ্ণ হন।

গ্লোক ১৫

দ্যুপতয় এব তে ন যযুরস্তমনস্ততয়া
ত্বমপি যদস্তরাগুনিচয়া ননু সাবরপাঃ।
খ ইব রজাংসি বান্তি বয়সা সহ যচ্ছুতয়স্তায়ী হি ফলস্তাতন্নিরসনেন ভবমিধনাঃ ॥ ১৫ ॥

দ্যু-পভয়ঃ—ব্রহ্মা আদি স্বর্গের অধিপতি দেবতারা, এব—ও; তে—আপনার; ন—না; যযুঃ
—পৌছতে পারা; অন্তম্—অপ্রাকৃত গুণের সীমা; অনন্তত্যা—অন্তমীন হওয়ার ফলে,
অম্ অপি—আপনিও; বং—যেহেওু; অন্তর—আপনার অন্তরে; অন্ত-নিচমাঃ—ব্রহ্মাও সমূহ;
মনু—হে প্রভু; সাবরণাঃ—বিভিন্ন আবরণসহ; খে—আকাণে; ইব—সদৃশ; রজাংসি—পরমাণুসমূহ; বান্তি—পরিভ্রমণ কবে; বয়সা—কালচক্রে, সহ—সহিত; ঘং—যা; শ্রুতমঃঃ
—বেদত্ত মহাত্মাগণ; ত্বি—আপনাতে; হি—অবশ্যই; ফলন্তি—পর্যবসিত হয়;
অত্যারসনেন—নিকৃত্ত বস্তাকে পরিভ্রাগ করে; ভবং-নিধনাঃ—আপনাকে সিদ্ধান্ত করে।

" আপনি—অনন্ত, সেইজন্য সেই দেবতারা আপনার অন্ত খুঁজে পাননি। আপনিও আপনার ওপের অন্ত পান না। সাবরণ ব্রহ্মাণ্ড সমূহ আকাশে পরমাণ্গণের মতো, কালচক্রে পরিভ্রমণ করছে। সেই কারণে হৃতি সমূহ আপনাকে অনুসন্ধান করতে গিয়ে, যাকে লক্ষ্য করে তাই আপনি নন। এইভাবে অনুসন্ধান করতে করতে সবকিছুই আপনাতে পর্যবসিত হয়; এইভাবে স্থির করে আপনিই যে সবকিছুর আধার—এই সিদ্ধান্ত করে।

তাৎপর্য

শ্রীমন্তাগৰতের (১০/৮৭/৪১) এই শ্লোকটি ভগবদ্গীতায়ও (৭/১৯) শ্রতিপন্ন হয়েছে—

वङ्गाः ज्ञम्बनागरः छानवामाः अभमारः । यानुरमयः সर्वभित्रि স महाचा मुमूर्लस्यः ॥ "বহ জন্ম জন্মান্তরের পব প্রকৃত জ্ঞানবান বাক্তি, আমানে সর্বকারণের পরম কারণ জেনে, আমার শরণাগত হয়। এই ধরনের মহাস্থা অত্যন্ত দূর্লভ।"

সারা ব্রক্ষাও জুড়ে পরমতথ্যের অনুসন্ধান করেও বেদজ পণ্ডিতেরা পরম লচ্চ্যে উপনীও হতে পারেন না। এইভাবে তারা ত্রীকৃষেত্র কাছে আসেন।

পরমতত্ত্বের সম্বন্ধে যখন আলোচনা হয়, তখন বিভিন্নভাবে সেই সম্বন্ধে তর্ক-বিতর্ক ২য়। এই ধরনের ওর্কের উদ্দেশ্য হচ্ছে প্রকৃত সিদ্ধান্তে উপনীত হওয়া। এই ধরনের ওর্ককে সাধারণত নগা হয় নেতি নেতি ("এটি নয়, ওটি নয়")। যতক্ষণ পর্যন্ত না প্রকৃত সিদ্ধান্তে উপনীত হওয়া যাঞ্ছে, ততক্ষণ স্বাভ্যবিকভাবে মনে হবে যে, "এটি প্রমৃতত্ত্ব নয়, ওটি পরমতত্ত্ব নয়"। প্রকৃত নিদ্ধান্তে উপনীত হলে, শ্রীকৃষ্ণকে প্রথম সত্য পরশেশ্বর ভগবানকাপে জানা যায়।

(割) 3 5

সেই রহু—ব্রজে যবে কৃষ্ণ অবভার । তাঁর চরিত্র বিচারিতে মন না পায় পার ॥ ১৬ ॥ শ্লোকার্থ

"সেই সমস্ত যুক্তি-তর্কের পন্থা দূরে থাকুক। খ্রীকৃষ্ণ দখন ব্রম্রে অবতরণ করেছিলেন, তার চরিত্র বিচার করা কারোর পক্ষে সম্ভব ছিল না।

গ্রোক ১৭

প্রাকৃতাপ্রাকৃত সৃষ্টি কৈলা একক্ষণে ৷ অশেষ-বৈকৃষ্ঠাজাগু স্বস্থনাথ-সনে ॥ ১৭ ॥

"কৃদাবনে শ্রীকৃষ্ণ এক নিমেৰে পরব্যোমনাথ সহ অসংখ্য অপ্রাকৃত বৈকুণ্ঠ এবং বহু ব্রহ্মাদি মহ অসংখ্য প্রাকৃত ব্রহ্মাণ্ড সৃষ্টি করেছিলেন।

> (制) 2 2 P এমত অন্যত্র নাহি শুনিয়ে অন্তত । যাহার শ্রবণে চিত্ত হয় অবধৃত ॥ ১৮ ॥

> > য়োকার্থ

"এমন অন্তুত কথা আর কখনও অন্যত্র শোনা যায় নি। সেই অন্তুত কথা শ্রবণ করার ফলে চিত্তের সমস্ত মল বিধীত হয়।

তাৎপর্য

শ্রীকৃষ্ণ যখন ভৌম কৃদাবনে লীলাবিলাস করছিলেন, তখন ব্রহ্মা তাঁকে একজন সংধারণ গোপ বালক মনে করে তাঁর শক্তি পরীক্ষা করতে চেয়েছিলেন। তাই ব্রহ্মা গোবৎস

ও গে'পস্থাদের চুবি করে তাব মায়া শক্তির প্রভাবে তাদের লুকিয়ে র'গেন। ছীকৃষ্ণ যথন দেখেন ব্ৰহ্মা তাঁর গোবংস এবং গোপসখাদেৰ চুবি করেছেন, তথন তিনি ব্ৰকার সমক্ষেই তার অচিন্তা শক্তির প্রভাবেই প্রাকৃত এবং অপ্রাকৃত এসংখ্য এহলোক প্রকট করেছিলেন। তিনি মুহূর্তে অসংখ্য চিন্মায় গো, গোপবালক, গোনংস ও অশেষ বৈকৃষ্ট তও্ যা তাঁৰ অন্তব্য শক্তি প্ৰকট কৰেছিলেন। সে সম্বন্ধে ব্ৰহ্ম-সংহিত্যা বলা ইয়েছে— আনন্দ চিনায়রসপ্রতিভাবিতাভিঃ। শ্রীকৃষ্ণ কেবল তাঁর চিনায় শক্তি জাও বস্তুওলিই সৃষ্টি করেননি, তিনি অগণিত ব্রহ্মাণ্ড সৃষ্টি করেছিলেন। শ্রীমদ্ভাগবতে বর্ণিত এই সমস্ত লীলা চেতনাকে নির্মাল করে। এইভাবে প্রমতত্ত্বক যথায়থভাবে জানা যায়। চিদাকাশে চিন্ময়পোককে বনা হয় বৈকৃষ্ঠ, এবং প্রতিটি বৈকৃষ্ঠে বিশেষ নাম সহ বৈকৃষ্ঠনাথ নারায়ণ রয়েছেন। তাব মানে হুছে জগতে অনন্ত ব্রহ্মান্ড রয়েছে, এবং প্রতিটি ব্রহ্মাণ্ডেব পতি ২৮ছে। ব্রহ্মা হিরে আসার আগে নিমেনের মধ্যে শ্রীকৃষ্ণ এই সমস্ত প্রদাণ্ড এবং বৈকুষ্ঠ সৃষ্টি করেছিলেন।

শ্ৰীকৃষ্ণের ঐশ্বর্য ও মাধ্ব্য

'জবধৃত' শপ্তিৰ অৰ্থ হচ্ছে, কম্পিত, আন্দোলিত, উদ্ধেশিত, অভিভূত, পৰাস্থ্য . কোন কোন *কৈত্রন্য চবিতামৃতে* এই শ্লোকটি 'যাহাব শ্রবণে চিত্তমল হয় শ্লোড' পাঠ কবা হয়। চিত্ত যথন টোত হয়, তখন শ্ৰীকৃষ্ণকে জানা যায়। সেই সম্বন্ধে *ভগবন্ধীতায়*ত (৭/২৮) বলা হয়েছে—

> विवार एसमंडर भागर कमानार भूगकर्यपार् । তে দ্বন্মাহনিৰ্মূকা ভজতে মাং দৃত্ৰতাং ॥

"য়ে সমস্ত ব্যক্তি এই জীবনে ও পূর্ববর্তী জীবনে পুল্যকর্ম করেছেন এবং যারা তাদেব পাপ থেকে সম্পূর্ণভাবে মুক্ত ২মে দদ্ধ ও মোহ থেকে মুক্ত হয়েছেন, তারাই দুর্চনিষ্ঠা সহকারে আমার সেবার যুক্ত হয়।"

পাপকর্ম থেকে মুক্ত না হলে শ্রীকৃষ্ণকে এনো যায় না অথবা ঠাব প্রেসময়ী সেবায় युक्त शुक्रमा याम्र ना।

শ্লোক ১৯

''কৃষ্ণবহুসৈরসংখ্যাতৈঃ''—শুকদেব-বাণী । কৃষ্ণ-সঙ্গে কত গোপ—সংখ্যা নাহি জানি ॥ ১৯ ॥ শ্লোকার্থ

"শুকদেৰ গোস্বামী বৰ্ণদা করেছেন যে শ্রীকৃষ্ণেন গোৰৎস সমূহ এবং গোপবালক সমূহ অসংখারূপে প্রকট হয়েছিল। তাদের সংখ্যা খণনা করা সম্ভব ছিল না।

শ্লোক ২০

এক এক গোপ করে যে বৎস চারণ। কোটি, অর্বুদ, শঙ্খ, পদ্ম, তাহার গণন ॥ ২০ ॥ भिषा २১

শ্লোকার্থ

"এক এক গোপৰালক যে গোবৎস চারণ করেছিলেন, তাদের সংব্যা ছিল কোটি, অর্নুদ, শন্তা, পদ্ম।

বৈদিক গণনার হিসাব—একক, দশক, শতক, সহস্র, অযুত, লক্ষ, নিযুত এবং কোটি। দশ কোটিতে অৰ্দ, দশ ভাৰুদে বৃদ্দ, দশ বৃদ্দে বৰ্ব, দশ খৰ্বে নিখৰ্ব, দশ নিখৰ্বে শহাু, এবং দশ শহের পায়, দশ পাছের সাগার, দশ সাগারে অন্ত, দশ অন্তে মধ্য, এবং দশ মধ্যে পরার্ধ। এইভাবে বোঝা যায় শ্রীকৃষ্ণ সৃষ্ট সে সমস্ত গোপবালকদের প্রত্যেকের কাছে কি অসংখ্য পৰিমাণ গোবৎস ছিল।

(制) を う 2 2

বেত্র, বেণু, দল, শৃঙ্গ, বস্ত্র, অলঙ্কার। গোপগণের যত, তার নাহি লেখা-পার ॥ ২১ ॥ শ্লোকার্থ

"সমস্ত গোপ বালকদের অসংখ্য গোবৎস ছিল। তেমনই তাদের বেক্র, বেণু, দল, শৃঙ্গ, বন্ধ এবং অলম্ভারও ছিল অসংবা।

শ্লোক ২২

সবে হৈলা চতুর্ভুজ বৈকৃষ্ঠের পতি। পৃথক্ পৃথক্ ব্রহ্মাণ্ডের ব্রহ্মা করে স্তুতি ॥ ২২ ॥ শ্রোকার্থ

"সেই সমস্ত গোপ বালকেরা তখন চতুর্ভুক্ত বৈকুষ্ঠপতি নারায়ণ হয়েছিলেন; এবং পৃথক পূথক ব্রহ্মাণ্ডের ব্রহ্মারা তাঁদের স্তুতি করেছিলেন।

শ্লোক ২৩

এক কৃষ্ণদেহ হৈতে সবার প্রকাশে। ক্ষণেকে সবাই সেই শরীরে প্রবেশে ॥ ২৩ ॥ শ্লোকার্থ

"এক কৃষ্ণে দেহ থেকে সকলেই প্রকাশ হয়েছিল এবং নিমেযের মধ্যে তাঁরা তাঁর শরীরে প্রবেশ করেছিলেন।

শ্লোক ২৪-২৬

ইহা দেখি' ব্ৰহ্মা হৈলা মোহিত, বিশ্বিত। স্তুতি করি' এই পাছে করিলা নিশ্চিত ॥ ২৪ ॥ শ্রীক্ষের ঐশ্বর্য ও মাধ্র্য্য

"যে কহে—'কৃষ্ণের বৈভব মুঞি সব জানোঁ'। সে জানুক,—কায়মনে মুঞি এই মানোঁ॥ ২৫॥ এই যে তোমার অনন্ত বৈভবামৃতসিগ্ধ । মোর বাস্থানোগম্য নহে এক বিন্দু ॥ ২৬ ॥ হোকার্থ

"তা দেখে এই ব্রহ্মাণ্ডের ব্রহ্মা মোহিত এবং বিস্মিত হয়েছিলেন। স্তুতি করে তিনি বলেছিলেন, "যে বলে, 'আমি কৃথেঃর সমস্ত বৈভব জানি'—সে জানুক, কিন্তু কায়মনোবাক্যে আমি কেবল এইটুকুই মানি যে, তোমার অনন্ত বৈভবরূপ অমৃতের সিন্ধুর একবিন্দুও আমার বাক্ এবং মনের বোধগম্য নয়।

শ্ৰোক ২৭

জানন্ত এব জানন্ত কিং বহুক্তা ন মে প্রভো । মনসো বপুষো বাচো বৈভবং তব গোচরঃ ॥" ২৭ ॥

জানস্তঃ—থার) মনে করে যে তাবা তোমার অচিগুঃ শক্তি সম্বন্ধে অবগত; এব—অবশ্যই; জানস্ত-তারা সেইভাবে মনে করক; কিম্--কি প্রয়োজন; বহু-উক্ত্যা--বেশী কিছু বলাব, ন—না; মে—আমার; প্রভো—হে প্রভু; মনসঃ—মনের; বপুযঃ—দেহের, বাচঃ—বাকোর; বৈশ্ববন্—ঐশর্য; ভব—আপনরে; গোচরঃ—গোচর।

" 'যারা বলেন, "আমরা কৃষ্ণতত্ত্ব জানি", তারা জানুন, কিন্তু আমি অধিক উক্তি করতে ইচ্ছা করি না। প্রভু, এইমাত্র বলি যে, তোমার বৈশুব সকল আমার মন, শরীর ও বাকোর অগেচর।'

তাৎপর্য

এই শ্লোকটি দ্রীমন্তাগবতে (১০/১৪/৩৮) ব্রহ্মার উক্তি। শ্রীকৃষ্ণের গোবৎস এবং গোপবালকদের হরণ করার পর, কৃষ্যকে তাঁর অনন্ত বৈভব খারা সেই সমস্ত গোবৎস এবং গোপবালকদের তাঁর নানায়ণ মূর্তি থেকে সৃষ্টি করতে দেখে, ব্রস্কা এইভাবে স্তুতি করেছিলেন।

শ্লোক ২৮

কুষ্ণের মহিমা রহ—কেবা তার জ্ঞাতা। কৃদাবন-স্থানের দেখ আশ্চর্য বিভূতা ॥ ২৮ ॥ শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণের মহিমার কথা থাক। তা কেই বা জানতে পারে? তার ধাম বৃদাবনের खशूर्व खेश्वर्यत कथा विठात करत एत्था

(ध्रोक कर)

শ্লোক ২৯

যোলক্রোশ বৃন্দাবন,—শাস্ত্রের প্রকাশে । তার একদেশে বৈকুণ্ঠাজাগুগণ ভাসে ॥ ২৯ ॥

শ্লোকার্থ

'শান্তের বর্ণনা অনুসারে বৃন্দাবনের আয়তন ধোল ক্রোশ (৩২ মাইল); কিন্তু তগাপি তার এক কণায় সমস্ত বৈকুণ্ঠলোক এবং সমস্ত ব্রহ্মাও ভাসছে।

ভাৎপর্য

প্রজভূমি বিভিন্ন বনে বিভক্ত। সবশুদ্ধ বাবটি বন ৰয়েছে, এবং সব মিলিয়ে তাদের আয়তন চার একশা। তার মধ্যে, বৃদ্ধারন নামক বনটি বর্তমান বৃদ্ধারন নগরের সীমা থেকে নন্দপ্রমে পর্যন্ত ১৬ ক্রোশা।

শ্লোক ৩০

অপার ঐশ্বর্য কৃষ্ণের—নাহিক গণন । শাখা-চন্দ্র-ন্যায়ে করি দিগ্দরশন ॥ ৩০ ॥

শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণের অন্তহীন ঐশ্বর্য গণনা করা সম্ভব নয়। আমি শাখা দেখিয়ে চক্র দেখাবার মতো তার ইন্দিত দিচ্ছি।"

তাৎপর্য

শিশুকে যেমন বৃক্ষের শাখা দেখিয়ে তাবপন তার মধ্য দিয়ে চাঁদ দেখানো হয় তাকে বলা হয় শাখা সন্দ্রেন নায়ে। অর্থাৎ প্রথমে সবল দৃষ্টান্ত দিয়ে, তারপর অধিকতর জটিল তথ্ব বিশ্লেষণ করা।

শ্লোক ৩১

ঐশ্বর্য কহিতে স্ফুরিল ঐশ্বর্য-সাগর । মনেন্দ্রিয় ভূবিলা, প্রভু ইইলা ফাঁপর ॥ ৩১ ॥

শ্লোকার্থ

খ্রীকৃষ্ণের অপ্রাকৃত ঐশ্বর্য বর্ণনা করতে করতে খ্রীচৈতনা মহাপ্রভুর মনে ঐশ্বর্যের সমুদ্র স্ফুরিত হল। তার মন এবং ইন্দ্রিয় সেই ঐশ্বর্য সমুদ্রে নিমজ্জিত হল। তখন তিনি বিচলিত হয়ে পড়লেন।

শ্লোক ৩২

ভাগৰতের এই শ্লোক পড়িলা আপনে। অর্থ আম্বাদিতে সুখে করেন ব্যাখ্যানে॥ ৩২ ॥ শ্রোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভু শ্রীমন্তাগবতে নিম্নলিখিত শ্লোকটি আবৃত্তি করলেন এবং তার অর্থ আস্থাদন করার জন্য তিনি তার ব্যাখ্যা করতে শুরু করলেন।

শ্লোক ৩৩

স্বয়ন্ত্ৰসাম্যাতিশয়ন্ত্ৰ্যথীশঃ স্বারাজ্যলক্ষ্মাপ্তসমস্তকামঃ । বলিং হরন্তিশ্চিরলোকপালৈঃ কিরীটকোটীড়িতপাদপীঠঃ ॥ ৩৩ ॥

স্থাম্—পরমেশ্বর ভগবান স্বয়ং; তু—কিন্তু; অসাম্যু-অভিশয়ঃ—ধাঁর সমান এবং ঘাঁর থেকে বড় আর কেউ নেই; ব্রি-অধীশঃ—গোলোক-বৈকৃষ্ঠ-দেবীধাম, গোকুল-মথুরা-দারকাধাম বা মহাবিষ্ণু-গর্ভোদকশায়ী বিষ্ণু-জীরোদকশায়ী বিষ্ণু বা ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর অথবা স্বর্গ-মর্গু-পাতাল-এর অধীশ্বর; স্বারাজ্য-লক্ষ্মী—তার পরম চিদানন্দময় শক্তির দারা, আপ্ত—প্রাপ্ত; সমস্ত-কামঃ—সমস্ত ঈপিত বস্তু; বলিম্—নৈবেদ্য বা কর; হরন্তিঃ—সমর্পণ করে; চির-লোক-পালৈঃ—ব্রন্মা-ক্রদ্রাদি লোকপালদের দ্বারা; কিরীট-কোটি—কোটি কোটি মৃকুটের দারা; ক্রিড়িত—বন্দিত; পাদ-সীঠঃ—শ্রীপাদপদ্ম।

অনুবাদ

" তিনি স্বরং ব্রহ্মা, বিষ্ণু ও শিবের অধীশ্বর। অতএব তিনি অসোমর্ধর এবং তাঁর পরম চিদানন্দ স্বরূপ শক্তির দ্বারা তিনি তাঁর সমস্ত ঈব্দিত বস্তু প্রাপ্ত হয়েছেন। ব্রহ্মা, রুজ আদি লোকপালেরা তাঁর পূজা দিতে এসে তাঁর শ্রীপাদপদ্মে বন্দনা করতে গিয়ে, তাঁদের মস্তব্দে শোভিত কোটি কোটি মৃকুট তাঁর শ্রীপাদপদ্মে স্পর্শ করছেন।'

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাগবত (৩/২/২১) থেকে উদ্বৃত।

শ্লোক ৩৪

পরম ঈশ্বর কৃষ্ণ স্বয়ং ভগবান্। তাতে বড়, তাঁর সম কেহ নাহি আন ॥ ৩৪ ॥

হোকার্থ

"এক্ষা হচ্ছেন পরমেশ্বর ভগবান স্বয়ং; তাই তাঁর থেকে বড় অথবা তাঁর সমান কেউই নন।

শ্লোক ৩৫

ঈশ্বরঃ প্রমঃ কৃষ্ণঃ সচিদানন্দবিগ্রহঃ। অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণকারণম্ ॥ ৩৫ ॥

ঈশ্বঃ—ঈশ্বর, পরমঃ—পরম; কৃষ্ণঃ—ভগবান শ্রীকৃষ্ণ; সৎ—নিত্য স্থিতি; চিৎ—পরম

क्रि:इ: म:-३/७०

গ্ৰেক ৪১]

জ্ঞান; আনন্দ-পর্ম আনন্দ; বিগ্রহঃ-ক্রপ; জনাদিঃ-অনাদি; আদিঃ-আদি; গোবিন্দঃ—শ্রীগোবিন্দ; সর্ব-কারণ-কারণম্—সমস্ত কারণের পরম কারণ।

" 'শ্রীকৃষ্ণ, যিনি গোবিন্দ নামেও পরিচিত, তিনি হচ্ছেন পরম ঈশ্বর। তাঁর রূপ সচ্চিদানক্ষয় (নিতা, জ্ঞানময় এবং আনক্ষময়)। তিনি হচ্ছেন স্বকিছুর প্রম উৎস। তার কোন উৎস নেই, কেননা তিনি হচ্ছেন সমস্ত কারণের পরম কারণ।'

এই ল্লোকটি *ব্রহ্ম-সংহিতার* পঞ্চম অখ্যায়ের প্রথম শ্লোক।

শ্ৰোক ৩৬

ব্রহ্মা, বিষ্ণু, হর,—এই সৃষ্ট্যাদি-ঈশ্বর 1 তিনে আজাকারী কৃষ্ণের, কৃষ্ণ—অধীশ্র ॥ ৩৬ ॥

<u>হোকার্থ</u>

"জড় জগতের সৃষ্টি, স্থিতি ও প্রগমের ঈশ্বর ব্রন্ধা, বিষ্ণু ও শিব এই তিনজনেই খ্রীকৃষ্ণের আজ্ঞাবহ ভৃত্য। কৃষ্ণই একমাত্র অধীশ্বর।

শ্লোক ৩৭

সূজামি ডলিযুক্তোহহং হরো হরতি ভদ্দাঃ । বিশ্বং পুরুষরাপেণ পরিপাতি ত্রিশক্তিধৃক ॥ ৩৭ ॥

সৃজামি—সৃষ্টি করি, তৎ-নিযুক্তঃ—তার দাবা নিযুক্ত হরে; অহয্—আমি; হরঃ—শিব; হরতি-সংহার করেন; তৎ-বশঃ—তাঁর দ্বারা নিয়ন্ত্রিত হয়ে, বিশ্বম্—সমস্ত জগৎ; পুরুষ-রূপেণ—শ্রীবিযুক্ত্রপে; পরিপাতি—পালন করেন; ত্রি-শক্তি-খৃক্—জড়া-প্রকৃতিব তিনটি গুণের নিয়ন্তা।

অনুবাদ

"ব্রন্দা বললেন, "পরমেশ্বর ভগবান শ্রীহরির দারা নিযুক্ত হয়ে আমি সৃষ্টি করি এবং তার আদেশ অনুসারে শিব সংহার করেন। ত্রিগুণময়ী মায়ার নিয়ন্তা শ্রীহরিই পুরুষরূপে বিশ্বকে পালন করেন।'

তাৎপর্য

এই **মো**কটি *শ্রীমন্তাগবত* (২/৬/৩২) থেকে উদ্ধৃত।

গ্রোক ৩৮

এ সামান্য, ত্রাধীশ্বরের শুন অর্থ আর 1 জগৎকারণ তিন পুরুষাবভার ॥ ৩৮ ॥

শ্লোকার্থ

শ্রীকৃষ্ণের ঐশর্য ও মাধ্র্য্য

"এটি ত্রাধীশ্বর শক্ষের সাধারণ অর্থ। ত্রাধীশ্বর শব্দটির আর একটি অর্থ—তিন পুরুষানতার হচ্ছেন জগৎ সৃষ্টির নিমিন্ত কারণ।

শ্লোক ৩৯

মহাবিষ্ণু, পদ্মনাভ, ক্ষীরোদকস্বামী। এই তিন—সুল-সৃক্ষ্-সর্ব-অন্তর্যামী 11 ৩৯ 1 গ্রোকার্থ

"মহাবিষ্ণু, পদ্মনাভ এবং ক্ষীরোদকশায়ী বিষ্ণু হচ্ছেন স্কুল ও সৃক্ষ্ম সর্বকিছুর অন্তর্যামী। তাৎপর্য

মহাবিফু অর্থাৎ কারণোদকশায়ী বিষ্ণু সবকিছুর অন্তর্যামীরূপে পরিচিত। গর্ভোদকশায়ী বিষ্ণু, থাঁর নাভিপদ্ম থেকে ব্রহ্মার সৃষ্টি হয়েছে, তাঁকে ধলা হয় হিরণাগর্ভ, তিনি সমষ্টি বা সৃক্ষা অন্তর্যামী; আর ক্ষীরোদকশায়ী বিষ্ণু হচ্ছেন বিরাট রূপ এবং স্থুল অন্তর্যামী।

(割本 80

এই তিন-সর্বাশ্রয়, জগৎ-ঈশ্বর । এহো সৰ কলা-অংশ, কৃষ্ণ--অধীশ্বর ॥ ৪০ ॥ শ্লোকার্থ

'মহাবিষ্ণু, পদ্মনাভ, ক্ষীরোদকশায়ী বিষ্ণু ঘদিও সমগ্র জাগতের আশ্রয় এবং নিয়ন্তা, তথাপি তাঁরা শ্রীকৃঞ্জের অংশ কলা। শ্রীকৃষ্ণ তাঁদের সকলেরও অধীশ্র।

শ্লোক 8১

যস্কৈনিশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ। বিযুক্তান্ স ইহ মস্য কলাবিশেষো গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি 11 ৪১ II

ষস্য—শার, এক—এক; নিশ্বসিত—নিশ্বাসের; কালস্—কলে; অথ—এইভাবে, অবলম্বা— অবলম্বন করে; জীবন্তি—জীবন ধারণ করে; লোম-বিলজাঃ—লোমকৃপ থেকে জাত; জগৎ-মণ্ড-নাথাঃ—ব্রস্কান্তের পতিগণ (ব্রস্কাগণ); বিষ্ণুঃ-মহান্—মহানিষ্ণু; সঃ—সেই; ইহ —এখানে; যস্য—যাঁব, কলা-বিশেষঃ—বিশেষ অংশ; গোবিন্দম্—ভগবান শ্রীগোবিদকে; আদি-পুরুষম্—আদি পুরুষকে; তম্—তাঁকে; অহম্—আমি; ভজামি— ভঞ্জনা করি।

[মধা ২১

অনুবাদ

" ব্রহ্মাণ্ডের পতিগণ ধার লোমকৃপ থেকে জন্মগ্রহণ করে তার এক নিশ্বাস-কাল পর্যন্ত জীবিত থাকেন, সেই মহাবিষ্ণু যাঁর অংশের অংশ, সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজনা করি।'

তাৎপর্য

এই শ্লোকটি ব্রহ্মসংহিতা (৫/৪৮) থেকে উদ্ধৃত। আদিলীলার পঞ্চম পরিচেছদের ৭১ নং শ্লোক দ্রন্টবা।

শ্লোক ৪২

এই অর্থ—মধ্যম, শুন 'গৃঢ়' অর্থ আর । তিন আবাস-স্থান কৃষ্ণের শান্ত্রে খ্যাতি যার ॥ ৪২ ॥ শ্রোকার্থ

"এইটি মধ্যম অর্থ। ত্রাধীশ্বর শব্দটির আর একটি গৃঢ় অর্থ রয়েছে, সেই অর্থ শোন। শ্রীকৃষ্ণের তিনটি আবাস-স্থল রয়েছে, যা শান্ত্রে বর্ণনা করা হয়েছে।

তাৎপর্য

শ্রীকৃষ্ণের তিনটি আবাস স্থল—অন্তরাবাস (গোলোক বৃন্ধাবন), মধ্যমারাস (পরব্যোম), এবং বাহ্যাবাস (জড় জগৎ)।

শ্লোক ৪৩

'অন্তঃপুর'—গোলোক-শ্রীবৃন্দাবন । যাঁহা নিত্যস্থিতি মাতাপিতা-বন্ধুগণ ॥ ৪৩ ॥

শ্লোকার্থ

"তার অন্তঃপুর গোলোক বৃদাবন। সেখানে শ্রীকৃষ্ণের মাতা-পিতা, বন্ধু এবং পার্যদেরা নিত্যকাল বিরাজ করেন।

শ্লোক 88

মধুরৈশর্থ-মাধুর্থ-কৃপাদি-ভাগুর । যোগমায়া দাসী যাঁহা রাসাদি লীলা-সার ॥ ৪৪ ॥ শ্লোকার্থ

"কৃদাবন শ্রীকৃষ্ণের মধুর ঐশ্বর্ধ মাধুর্য এবং কৃপা আদির ভাতার। সেখানে যোগমায়া দাসী রূপে সমস্ত লীলার সারাতিসার রাস-নৃত্য আদি লীলা বিস্তার করেন।

শ্ৰোক ৪৫

করুণানিকুরম্বকোমলে মধুরৈশ্বর্যবিশেষশালিনি। জয়তি ব্রজরাজনন্দনে ন হি চিন্তাকণিকাভ্যুদেতি নঃ ॥ ৪৫ ॥ করুণা-নিকুরত্ব-কোমলে—করুণা সমৃহের দ্বারা যার স্বভাব কোমল; মধুর-ঐশ্বর্য-বিশেষ শালিনি—যিনি মাধুর ঐশ্বর্যের দ্বারা বিচিত্র সম্পতিশালী; জয়তি—জয় হোক, ব্রজ-রাজ-নন্দনে—নন্দনন্দন শ্রীকৃষ্ণের; ন—না; হি—অবশাই; চিন্তা—চিতার; কণিকা—কণিকা; অজ্যুদেতি—উদিত হয়; নঃ—আমাদের।

बीकृरकत जैसर्ग ७ माध्रा

অনুবাদ

"করুণা সমূহের দ্বারা কোমল, মধুর ঐশ্বর্ষ যুক্ত নন্দনন্দন শ্রীকৃষ্ণ জয়যুক্ত হওয়ায় আমাদের চিস্তাকণিকারও উদয় হয় না।

শ্লোক ৪৬

তার তলে পরব্যোম—'বিযুগলোক'নাম। নারায়ণ-আদি অনস্ত স্বরূপের ধাম ॥ ৪৬ ॥

শ্লোকার্থ

"বৃন্দাবনের নীচে বিফুলোক নামক পরব্যোম। সেখানে অসংখ্য বৈকুঠলোকে নারায়ণ আদি শ্রীকৃষ্ণের অনন্ত স্বরূপ বিরাজ করেন।

গ্লোক ৪৭

'মধ্যম-আবাস' কৃষ্ণের—ষ্টেড়শ্বর্য-ভাণ্ডার । অনন্ত স্বরূপে যাঁহা করেন বিহার ॥ ৪৭ ॥ শ্রোকার্থ

"সেই মধ্যমারাস শ্রীকৃষ্ণের যাঁড়েশ্বর্যের ভাণ্ডার, অসংখ্য স্বরূপে তিনি সেখানে দীলাবিলাস করেন।

গ্লোক ৪৮

অনস্ত বৈকৃষ্ঠ যাঁহা ভাণ্ডার-কোঠরি। পারিষদগণে যড়ৈশ্বর্যে আছে ভরি'॥ ৪৮॥

শ্লোকার্থ

"অনন্ত বৈকৃষ্ঠ, যা ভাণ্ডারের কক্ষের মতো, সেগুলি সমস্ত ঐশ্বর্যে পূর্ণ, এবং সেখানে ভগবানের নিত্য পার্যদেরাও যড়ৈন্মর্যপূর্ণ অবস্থায় বিরাক্ত করেন।"

শ্লোক ৪৯

গোলোকনামি নিজধামি তলে চ তস্য দেবী-মহেশ-হরিধামসু তেবু তেবু ৷ তে তে প্রভাবনিচয়া বিহিতাশ্চ যেন গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৪৯ ॥

গোলোক-নান্নি নিজ-ধান্নি--গোলোক বৃন্দাবন নামক ভগবানের স্বীয় ধামে; ডলে---নীচে; চ—ও: তস্যা—তার; দেবী—দুর্গাদেবীর; মহেশ—মহাদেবের; হরি—নারায়ণেব; ধামসু— লোকে; তেযু তেষু--ভাদের প্রতিটিতে; তে তে-সেই সকল নিজ নিজ; প্রভাব-নিচয়াঃ —ঐশ্বর্য সমূহ; বিহিতাঃ—স্থাপিত; চ—ও; যেন—যার দ্বারা; গোবিন্দম্—গোবিন্দকে; আদি-পুরুষম্—আদি পুরুষ; তম্—তাঁকে; অহম্—আমি; ভজামি—ভজন করি।

" 'গোলোক নামক নিজ খামের নিম্নে দেবী, মহেশ ও হরির ধাম সমূহে সেই সমস্ত প্রভাব সমূহ যিনি বিহিত করেছেন, সেই আদি পুরুষ গোবিন্দকে আমি ভজন করি। ভাৎপর্য

এই **শ্লোকটি** *ব্ৰহ্মসংহিতা* **(৫/৪৩) খেকে উদ্ধ**ত।

শ্লোক ৫০

প্রধান-পরমব্যোদ্যোরন্তরে বিরজা নদী । বেদাঙ্গস্বেদজনিতৈস্তোয়েঃ প্রস্রাবিতা শুভা 🏗 ৫০ 🖠

প্রধান-পরম-ব্যোম্মোঃ অন্তরে—জড জগৎ এবং পরব্যোমের ম্যারখনে; বির্জা নদী— বিরজা নামক নদী; বেদ-অঙ্গ-পরমেশ্বর ভগবানের চিত্ময় দেহ; স্বেদ-জনিতঃ--ঘর্ম জল থেকে উৎপন; তোমেঃ—জলের দাবা; প্রস্রাবিতা—প্রবাহিতা; গুভা—সর্বমঙ্গলময়।

" 'মায়িক তত্ত্ এবং পরব্যোম এই দুয়ের মাঝখানে বিরক্তা নদী। তা সর্ব সঙ্গলময়, বেদ যার অন্ধ, সেই পরমেশ্বর ভগবানের ম্বর্ম জনিত জলের দ্বারা প্রবাহিতা। ডাৎপর্য

এই গ্লোকটি এবং প্রবর্তী গ্লোকটি *প্যাপুরাণ* থেকে উদ্ধৃত।

গ্রোক ৫১

তস্যাঃ পারে পরব্যোম ত্রিপাদ্ভূতং সনাতনম্ । অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদম্ ॥ ৫১ ॥

তস্যাঃ পারে—বিরজা নদীর অপর পারে; পর-ব্যোম—চিদাকাশ; ত্রি-পাদ্-ভূতম্—ভগবানের ব্রিপাদ বিভূতিসম্পন্ন; সনাতনম্—নিতা; অমৃতম্—অক্ষয়; শাশতম্—কালের নিয়গ্রণের অতীত; নিজ্যস্—নিতা, অনস্তম্—অওহীন; পরসম্—পরম; পদম্—ধাম।

" 'সেই বিরক্তা নদীর অপর পারে অক্ষয়, নিত্য, সনাতন, অনম্ভ, পরমপদ-স্বরূপ, ত্রিপাদ বিভৃতি সম্পন্ন পরব্যোম নিত্য বর্তমান।

তাৎপর্য

শ্রীকৃষ্ণের ঐশর্য ও সাধ্র্য্য

চিজ্জগতে এশোক, অভয় ও অস্তরূপ ত্রিপাদ বিভৃতি নিতা বর্তমান। ভড় জগৎ শ্রীকৃষ্ণের একপাদ বিভৃতি মাত্র।

শ্লোক ৫২

তার তলে 'বাহ্যাবাস' বিরজার পার । অনন্ত ব্রহ্মাণ্ড যাঁহা কোঠরি অপার ॥ ৫২ ॥

শ্লোকার্থ

''তাব তলায়, বিরম্লার অপর পারে, বাহ্য আবাস; সেখানে অনন্ত ব্রহ্মাণ্ড অন্তহীন কক্ষের মতো বিরাজ করছে।

শ্লোক ৫৩

'দেবীধাম' নাম তার, জীব যার বাসী । জগল্লক্ষ্মী রাখে, রহে যাঁহা মায়া দাসী ॥ ৫৩ ॥

"সেই বহির্জগতের নাম 'দেবীধাম', এবং বন্ধ জীবেরা হচ্ছে সেখানকার অধিবাসী। এই দেবীধানে জগল্লান্দ্রীর দাসী সায়াই অধিষ্ঠাত্রী।

তাৎপর্য

বদ্ধ জীব জড়-প্রগতকে ভোগ কবতে চায়, তাই তাদের ভগবানের বহিরঙ্গা প্রকৃতি দেবীধামে বাস কবতে দেওয়া হয়, যেখানে দুর্গাদেবী পরমেশ্বর ভগবানের দাসীকাপে তাঁব ভাদেশ পালন করেন। জড় শক্তিকে বলা হয় জগল্পশ্বী কেননা তিনি মোহাচ্চন্ন বন্ধ জীবদের র'ফা ককেন। দুর্গাদেবীকে ভাই বলা হয় মাতা, এবং তাঁৰ পতি শিব হচ্ছেন পিতা। তাই শিব এবং দুর্গা হচ্ছেন জড় জগতের পিতা ও মাতা। দুর্গাদেবীর এই নামকরণের কারণ হচ্ছে, জড় জগতরূপী দুর্গে তিনি বদ্ধ জীবদের তত্ত্বাবধান করেন। জড় সুখ-স্বাচ্ছন্দ লাভের জন্য বন্ধ জীবেরা দুর্গাদেবীর সম্বৃষ্টি বিধানের চেটা করে, এবং মা দূর্গা ভাদের সবরকম জড় সুযোগ-সুবিধা খদান করেন। এই কারণে, বন্ধ জীবেরা মোহিত হয়ে জড়-জগৎ ত্যাগ করতে ইচ্ছা করে না। তার ফলে নিরপ্তর এখানে সুখে শান্তিতে বাস করার পবিকল্পনা করে। এইটিই হচ্ছে জড় জগতের শ্রান্তি।

শ্লোক ৫৪ এই তিন ধামের হয় কৃষ্ণ অধীশ্বর । গোলোক-পরব্যোস—প্রকৃতির পর N ৫৪ 🛚 শ্লোকার্থ

"গোলোক, পরব্যোষ এবং দেবীধাম, এই তিনটি ধামের অধীশ্বর হচ্ছেন কৃষ্ণ। পরব্যোম ও গোলোকধাম দেবীধামের উধ্বে অবস্থিত।

[मथा ३১

শ্লোক ৬০

তাৎপর্য

দেবীধাম থেকে মুক্তজীব প্রব্যোমে ইরিসেবা না পেলে মহেশবাম লাভ কবেন, যা এই দৃটি ধামের মধ্যবর্তী। মুক্ত আজারা সেখানে প্রমেশ্বর ভগবানের সেবাব সুযোগ পায় না, তাই এই মহেশধাম দেবীধামের উপরে শিবের ধাম হলেও, প্রব্যোম নয়। প্রব্যোম শুরু হয় হরিধাম বা বৈকৃষ্ঠলোক থেকে।

শ্লোক ৫৫

চিচ্ছক্তিবিভৃতি-ধাম—ত্রিপাদৈশ্বর্য-নাম । মায়িক বিভৃতি—একপাদ অভিধান ॥ ৫৫ ॥

শ্লোকার্থ

''চিজ্জগৎ পরমেশ্বর ভগবানের ত্রিপাদ বিভৃতি সম্পন্ন। আর জড় জগৎ একপাদ বিভৃতি সম্পন্ন।

তাৎপর্য

থরিধাম (পরব্যোম) এবং গোলোক বৃন্দাবন জড়া-প্রকৃতির অতীত অপ্রাকৃত চিচ্চক্তি বিশিষ্ট ধাম, তা 'ত্রিপাদ ঐশ্বর্য' নামে খ্যাত। ভগবানের বহিবঙ্গা শক্তির দ্বারা পরিচালিত জড় জগতকে বলা হয় দেবীধাম এবং তা 'একপাদ ঐশ্বর্য' নামে প্রসিদ্ধ।

য়োক ৫৬

ত্রিপাদ্বিভূতের্ধামত্বাৎ ত্রিপাদ্ভূতং হি তৎ পদম্। বিভূতির্মায়িকী সর্বা প্রোক্তা পাদান্মিকা ষতঃ ॥ ৫৬ ॥

ত্রি-পাদ্-বিতৃতেঃ—ত্রিপাদ বিভৃতির; ধামতাৎ—ধাম হওয়ার ফলে; ব্রি-পাদ-ভৃতম্—ত্রিপাদ বিভৃতি সম্পন্ন; হি—অবশাই; তৎ পদম্—সেই ধাম; বিভৃতিঃ—শক্তি; মায়িকী—ভড়; সর্বা—সমস্ত; প্রোক্তা—বলা হয়; পাদ-আত্মিকা—একপাদ; যতঃ—ভতএব।

অনুবাদ

" 'ত্রিপাদবিভূতি ধাম বলে সেই পদকে ত্রিপাদভূত বলে, আর সমস্ত মায়িক বিভূতি একপাদ মাত্র।'

তাৎপর্য

এই শ্লোকটি *লঘূভাগৰতাস্তে* (১/৫/৫৬৩) পাওয়া যার।

শ্লোক ৫৭

ত্রিপাদবিভৃতি কৃষ্ণের—বাক্য-অগোচর । একপাদ বিভৃতির শুনহ বিস্তার ॥ ৫৭ ॥ শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণের ত্রিপাদ-বিভৃতি বর্ণনার অতীত; তাই একপাদ বিভৃতির বিস্তৃত বর্ণনা শ্রবণ কর।

শ্লোক ৫৮

অনন্ত ব্রহ্মাণ্ডের যত ব্রহ্মা-রুদ্রগণ। চিরলোকপাল-শব্দে তাহার গণন॥ ৫৮ ॥ শ্লোকার্থ

'অনন্ত ব্রহ্মাণ্ডে যত ব্রহ্মা এবং রুদ্র রয়েছেন তাঁদের বলা হয় চিরলোকপাল। তাৎপর্য

প্রশা এবং রুদ্র প্রশাণ্ডের আধিকারিক চিরস্থায়ী কার্য করেন, তাই তাঁদের বলা হয় চিরলোকপাল। পরবর্তী সৃষ্টিতে পূর্বের জীবসকল নাও থাকতে পারে, কিন্তু ব্রহ্মা ও শিব সৃষ্টির আরম্ভ থেকে শেষ পর্যন্ত বর্তমান থাকেন। সেইজনা তাঁদের বলা হয় চিরলোকপাল। লোকপাল শব্দে সাধারণত অষ্ট দিক্পাল—ইঞ্র, অগ্নি, যম, বরুণ, নৈর্যন্তি, বায়ু, কুবের ও শিব।

শ্লোক ৫৯

একদিন দারকাতে কৃষ্ণ দেখিবারে। ব্রহ্মা অহিলা,—বারপাল জানহিল কৃষ্ণেরে॥ ৫৯॥ শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণ যখন দ্বারকার শীলাবিলাস করছিলেন, তখন একদিন ব্রহ্মা তাঁর সঙ্গে দেখা করতে এলেন, এবং দ্বারপাল তৎক্ষণাৎ ব্রহ্মার আগমনবার্তা শ্রীকৃষ্ণকে জানালেন।

শ্লোক ৬০

কৃষ্ণ কহেন—'কোন্ ব্রন্ধা, কি নাম তাহার?' দারী আসি' ব্রন্ধারে পুছে আর বার ॥ ৬০ ॥

"শ্রীকৃঞ্চ তখন জিজাসা করলেন, "কোন ব্রন্ধা, তার কি নাম?" দ্বারী তখন ব্রন্ধার কাছে ফিরে এসে তাঁকে সেকথা জিজাসা করলেন।

ভাৎপর্য

এই শ্লোক থেকে বোঝা যায় যে ব্রহ্মা হচ্ছে একটি পদ, এবং যিনি সেই পদ অধিকার করে থাকেন তার কোন বিশেষ নাম থাকে। *ভগবদ্গীতায় বলা হয়েছে—ইমং বিবস্বতে* যোগম্। বিবস্থান হচ্ছে বর্তমান সূর্যদেবের নাম। সাধারণত ভাকে বলা হয় সূর্য, কিন্তু

গ্লোক ৬৯]

তার একটি নিজস নামও বয়েছে। বাজ্যের কর্তাকে সাধারণত বলা হয় রাজ্যপাল, কিন্তু তার নিজস্ব নামও রয়েছে। থেহেতু বিভিন্ন নাম সমধিত হাজার হাজার প্রশা রয়েছেন, তাই শ্রীকৃষ্ণ জানতে চেয়েছিলেন তাঁদের মধ্যে কে তাঁব সঙ্গে দেখা করতে এসেছিলেন।

শ্লোক ৬১

বিশ্মিত হঞা ব্ৰহ্মা দারীকে কহিলা। কহ গিয়া সনক-পিতা চতুর্মুখ অহিলা'॥ ৬১॥

'দ্বারী এসে ব্রহ্মাকে যখন সেই কথা জিজ্ঞাসা করলেন, তখন বিশ্বিত হয়ে ব্রহ্মা বললেন—'আপনি গিয়ে বলুন যে সনকের পিতা চতুর্মুখ এসেছেন।'

শ্লোক ৬২

কৃষ্ণে জানাঞা দ্বারী ব্রহ্মারে লঞা গেলা। কৃষ্ণের চরণে ব্রহ্মা দণ্ডবৎ কৈলা ॥ ৬২ ॥

য়োকার্থ

"শ্রীকৃষ্ণকে সেকণা জানিয়ে খারী ব্রহ্মাকে তার কাছে নিয়ে গেলেন, এবং ব্রহ্মা তখন শ্রীকৃষ্ণের শ্রীপাদপঞ্জে দণ্ডবং প্রণতি নিবেদন করলেন।

শ্লোক ৬৩

কৃষ্ণ মান্য-পূজা করি' তাঁরে প্রশ্ন কৈল। কি লাগি' তোমার ইঁহা আগমন হৈল॥ ৬৩ ॥

শ্ৰোকাৰ্থ

"ব্রহ্মার দারা পৃজিত হয়ে, এবং কৃষ্ণও ব্রহ্মাকে সুমিষ্ট বাক্যের দারা সম্ভুষ্ট করে প্রশ্ন করলেন, 'কিজন্য ভোমার এখানে আগমন হল ?'

শ্লোক ৬৪

ব্রহ্মা কহে,—'তাহা পাছে করিব নিবেদন । এক সংশয় মনে হয়, করহ ছেদন ॥ ৬৪ ॥ গ্রোকার্থ

'ব্রহ্মা তর্বন বললেন, 'সেঁই কথা আমি পরে বলব। প্রথমে আপনি আমার মনের সংশয় দূর করুন।

> শ্লোক ৬৫ 'কোন্ ব্রহ্মা?' পৃছিলে তুমি কোন্ অভিপ্রায়ে? আমা বই জগতে আর কোন্ ব্রহ্মা হয়ে?' ৬৫॥

<u>হোকার্থ</u>

"আপনি কেন জিজ্ঞাসা করলেন, কোন্ ব্রহ্মা এসেছে? আমি ছাড়া কি জগতে আর কোন ব্রস্মা রয়েছে?'

শ্লোক ৬৬

তনি' হাসি' কৃষ্ণ তবে করিলেন খ্যানে । অসংখ্য ব্রহ্মার গণ আইলা ততক্ষণে ॥ ৬৬ ॥

শ্ৰেকাৰ্থ

"সেকথা তলে ত্রীকৃষ্ণ মৃদু হেসে ধ্যান করলেন এবং তৎক্ষণাৎ সেখানে অসংখ্য ব্রহ্মা এসে উপস্থিত হলেন।

শ্লোক ৬৭

দশ-বিশ-শত-সহস্র-অযুত-লক্ষ-বদন । কোট্যবুদ মুখ কারো, না যায় গণন ॥ ৬৭ ॥ শ্রোকার্থ

"সেই সমস্ত ব্রহ্মাদের কারো দশ, বিশ, শত, সহস্র, অযুত্ত, লক্ষ বদন; কারোর বা কোটি-অর্বুদ বদন তা গণনা পর্যন্ত করা যায় না।

শ্লোক ৬৮

রুদ্রগণ আইলা লক্ষ-কোটি-বদন । ইন্দ্রগণ আইলা লক্ষ-কোটি-নয়ন ॥ ৬৮ ॥ শ্রোকার্থ

"বহু রুদ্র এলেন যাদের লক্ষ কোটি মুখ, এবং অনেক ইন্দ্র এলেন যাদের লক্ষ কোটি নয়ন।

তাৎপর্য

কথিত আছে যে ইন্দ্র অত্যন্ত কামুক। একবার সে ছলনা করে এক কবি পত্নীকে ধর্যণ করে এবং সেকথা যখন সেই খাষি জানতে পারেন তখন তিনি ইন্দ্রকে অভিশাপ দেন, যার ফলে ইন্দ্রের সারা শরীর যোনিময় হয়ে যায়। অত্যন্ত লঙ্জিত হয়ে ইন্দ্র তখন সেই মহর্ষির কাছে খামা ভিক্ষা করেন, এবং কৃপা পরবশে সেই খাষি ইন্দ্রের শরীরের যোনিগুলিকে চঞ্চুতে পরিণত করেন। তাই ইন্দ্রের শরীরে শত সহত্র চন্দু রয়েছে। এক্ষা এবং শিবের যেমন বহু মুখ রয়েছে, দেবরাজ ইন্দ্রেরও তেমন বহু চঞ্চু রয়েছে।

শ্লোক ৬৯ দেখি' চতুৰ্মুখ ব্ৰহ্মা ফাঁপর ইইলা । হস্তিগণ-মধ্যে ফেন শশক রহিলা ॥ ৬৯ ॥ 664

শ্লোক ৭৯]

শ্লোকার্থ

"তা দেখে এই ব্রহ্মাণ্ডের চড়ুর্যুখ ব্রহ্মা ফাপরে পড়লেন, এবং নিজেকে হস্তীদের মাঝখানে একজন শশকের মতো মনে করতে লাগলেন।

শ্ৰোক ৭০

আসি' সব ব্রহ্মা কৃষ্ণ-পাদপীঠ-আগে । দশুবৎ করিতে মুকুট পাদপীঠে লাগে ॥ ৭০ ॥ শ্ৰোকাৰ্থ

"সেই সমস্ত ব্রহ্মারা এসে শ্রীকৃঞ্জের শ্রীপাদপদ্মে দশুবৎ করলেন, এবং তখন তাঁদের মুকুট শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্ম স্পর্ম করল।

শ্রোক ৭১

কুষ্ণের অচিন্ত্য-শক্তি লখিতে কেহ নারে। যত ব্ৰহ্মা, তত মূৰ্তি একই শরীরে ॥ ৭১ ॥

"খ্রীকৃষ্ণের অচিন্ত্য শক্তি কেউই অনুমান করতে পারে না। সেখানে যত ব্রহ্মা এমেছিলেন, তারা সকলেই এক ত্রীকৃষ্ণের শরীরে বিশ্রায় করছিলেন।

भ्योक १३

পাদপীট-সুকুটাগ্র-সংঘট্টে উঠে ধ্বনি । পাদপীঠে স্তুতি করে মুকুট হেন জানি' ৷৷ ৭২ ৷৷ শ্রোকার্থ

"তাঁদের সকলের মুকুট যখন শ্রীকৃষ্ণের শ্রীপাদপল্ল স্পর্শ করল, তখন প্রবল শব্দ উথিত হয়েছিল, এবং মনে হয়েছিল যেন সেই মুকুটগুলি শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্মের স্তুতি করছে।

শ্ৰোক ৭৩

যোড়-হাতে ব্রহ্মা-রুদ্রাদি করয়ে স্তবন । "বড় কুপা করিলা প্রভু, দেখাইলা চরণ ॥ ৭৩ ॥

"যোড় হাতে ব্রহ্মা এবং রুদ্রবা শ্রীকৃষের স্তব করে বললেন, 'হে প্রভূ, আপনি আমাদের আপনার শ্রীপাদপদ্মের দর্শন দান করে বহু কুপা করলেন।

শ্ৰোক ৭৪

ভাগ্য, মোরে বোলাইলা 'দাস' অসীকরি' ৷ কোন আজা হয়, তাহা করি শিরে ধরি' ॥" ৭৪ ॥ শ্ৰোকাৰ্থ

"এ আমার পরম সৌভাগ্য যে আপনি আপনার দাস বলে মনে করে আমাকে ভেকেছেন। আপনি আদেশ করুন যাভে আমি শিরোধার্য করতে পারি।'

শ্ৰোক ৭৫

কৃষ্ণ কহে,—'তোমা-সবা দেখিতে চিত্ত হৈল। তাহা লাগি' এক ঠাঞি সবা বোলাইল ॥ ৭৫ ॥

"শ্রীকৃষ্ণ তখন বললেন, "তোমাদের সকলকে দেখতে ইচ্ছা হয়েছিল, তাই তোমাদের সকলকে এক সঙ্গে ডেকেছি।

শ্ৰোক ৭৬

সুখী হও সবে, কিছু নাহি দৈত্য'-ভয়? তারা কহে,—'তোমার প্রসাদে সর্বত্রই জয় ॥ ৭৬ ॥

শ্ৰোকাৰ্থ

" ' তোমরা সকলে সুখী হও। তোমাদের কোন দৈতা ভয় নেই তো?' তাঁরা তখন উত্তর দিলেন, "আপনার কুপায় আমাদের সর্বত্র জয় হয়েছে।

গ্রোক ৭৭

সম্প্রতি পৃথিবীতে যেবা হৈয়াছিল ভার । অবতীর্ণ হঞা তাহা করিলা সংহার ॥' ৭৭ ॥

শ্ৰোকাৰ্থ

" 'সম্প্রতি পৃথিবীতে যে ভার হয়েছিল, তা আপনি অবতীর্ণ হয়ে সংহার করেছেন।'

গ্রোক ৭৮

দারকাদি--বিভু, তার এই ত প্রমাণ । আমারই ব্রহ্মাণ্ডে কৃষ্ণ' সবার হৈল জ্ঞান ॥ ৭৮ ॥

'এইটি ছারকার ঐশর্যের প্রমাণ—সমন্ত ব্রহ্মারটি মনে করেছিলেন, 'শ্রীকৃঞ এখন আমার बक्तांटच 'तरसरस्न।'

শ্ৰোক ৭৯

কৃষ্ণ-সহ দ্বারকা-বৈভব অনুভব হৈল । একত্র মিলনে কেহ কাহো না দেখিল ॥ ৭৯ ॥ ditto.

গ্লোকার্থ

"এইভাবে তারা সকলে কৃষ্ণসহ দ্বারকার ঐশ্বর্য অনুভব করলেন। যদিও সকলে তারা একত্রে সেখানে এসেছিলেন, কিন্তু তাঁদের কেউই অন্য কাউকে দেখতে পেলেন না। ভাৎপর্য

কৃষ্ণ এবং ধারকা ধামের অলৌকিক বিভূতি চতুর্যুখ প্রশ্বা অনুভব করলেন। যদিও দশশত-সহস্র-অজ্ত-লক্ষ-কোটি-মুখযুক্ত প্রস্কা ও ঝদ্রগণ একরে মিলিত হলেন; কিন্তু তাদের
কেউই পরস্পরকে দেখতে পেলেন না। কেবল এই ব্রহ্মাণ্ডের চতুর্যুখ ব্রহ্মাই তাদের
সকলকে দেখতে পেয়েছিলেন। শ্রীকৃষ্ণের অচিন্তা শক্তির প্রভাবেই তাবা পরস্পরক
দেখতে পেলেন না এবং পরস্পরের সঙ্গে সাক্ষাৎকার ও আলাপাদি করতে পাবলেন না।

শ্লোক ৮০

তবে কৃষ্ণ সর্ব-ব্রহ্মাগণে বিদায় দিলা । দশুবৎ হঞা সবে নিজ ঘরে গেলা ॥ ৮০ ॥ শ্রোকার্থ

"তখন শ্রীকৃষ্ণ সমস্ত ব্রহ্মাদের বিদায় দিলেন, এবং তাঁরা শ্রীকৃষ্ণকে দণ্ডবৎ প্রণতি নিবেদন করে স্ব স্থ স্থানে প্রস্থান করলেন।

শ্ৰোক ৮১

দেখি' চতুর্ম্থ ব্রহ্মার হৈল চমৎকার। কৃষ্ণের চরপে আসি' কৈলা নমস্কার ॥ ৮১ ॥

শ্লোকার্থ

"তা দেখে চতুর্মুখ ব্রহ্মা চমৎকৃত হলেন এবং শ্রীকৃঞ্জের শ্রীপাদপদ্মে এসে প্রণতি নিবেদন করপেন।

শ্লোক ৮২

ব্রহ্মা বলে,—পূর্বে আমি যে নিশ্চয় করিলুঁ। তার উদাহরণ আমি আজি ত' দেখিলুঁ॥ ৮২॥ শ্রোকার্থ

'ব্রহ্মা তথন বললেন, 'পূর্বে আমি যে নিশ্চিতভাবে স্থির করেছিলাম, তার উদাহরণ সচক্ষে দর্শন করলাম।'

শ্ৰোক ৮৩

জানন্ত এব জানন্ত কিং বহুক্ত্যা ন মে প্রভো । মনসো বপুষো বাচো বৈভবং তব গোচরঃ ॥ ৮৩ ॥ জানন্তঃ—থারা মনে করে যে তারা ভোমার অচিশ্ত শক্তি সম্বন্ধে অবগত; এব—ধ্ববগুই, জানন্ত—তারা সেইভাবে মনে করুক; কিম্—কি প্রয়োজন, বহু-উক্তা—বেশী কিছু বলাব; ম—না; মে—আমার; প্রভো—হে প্রভু; মনসঃ—মনের; বপুষঃ—দেহের; বাচঃ—বাক্যের; বৈতবম্—ঐশর্য; তব—আপনার; গোচরঃ—গোচর।

গ্রীকৃষ্ণের ঐশ্বর্য ও মাধর্য্য

অনুবাদ

" 'ষারা বলে, 'আমরা কৃষ্ণ-তত্ত্ব জানি,' তারা জ্ঞানুক, কিন্তু আমি অধিক উক্তি করতে ইচ্ছা করি না। প্রস্তু, এইমাত্র বলি যে, তোমার বৈভব সকল আমার মন, শরীর ও বাক্যের অগোচর।'

তাৎপর্য

এই শ্লোকটি *শ্রীমন্তাগবতে* (১০/১৪/৩৮) ব্রহ্মার উক্তি।

শ্লৌক ৮৪

কৃষ্ণ কহে, "এই ব্রহ্মাণ্ড পঞ্চাশৎ কোটি যোজন । অতি ক্ষুদ্র, তাতে তোমার চারি বদন ॥ ৮৪ ॥ শ্রোকার্থ

"শ্রীকৃষ্ণ বললেন, 'তোমার এই ব্রহ্মাণ্ডের আয়তন কেবল মাত্র পথ্যাশ কোটি যোজন (৪০০কোটি মহিল); তা অতি কুদ্র, তাই তোমার কেবল চারটি মুখ।

তখনকার দিনে সবচাইতে বড় জ্যোতির্বিদ, শ্রীলে ডক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর, 'সিদ্ধান্ত শিবোমণি'র উদ্বৃত্তি দিয়ে বলেছেন যে, ব্রহ্মাণ্ডের ব্যাস ১৮,৭১২,০৬৯,২০০,০০০,০০০×৮ মাইল। কারো কারো মতে এটি ব্রহ্মাণ্ডের খ্যাসার্ধ।

গ্লোক ৮৫

কোন ব্ৰহ্মাণ্ড শতকোটি, কোন লক্ষকোটি । কোন নিযুতকোটি, কোন কোটি-কোটি ॥ ৮৫ ॥

প্লোকার্থ

" 'কোন ব্রহ্মাণ্ড শতকোটি যোজন, কোন ব্রহ্মাণ্ড লক্ষ কোটি যোজন, কোন ব্রহ্মাণ্ড নিযুত কোটি যোজন, এবং কোন ব্রহ্মাণ্ড কোটি কোটি যোজন।

তাৎপর্য

আট মাইলে এক ফোজন হয়।

শ্লোক ৮৬ ব্রহ্মাণ্ডানুরূপ ব্রহ্মার শরীর-বদন । এইরূপে পালি আমি ব্রহ্মাণ্ডের গণ ॥ ৮৬ ॥

শ্লোকার্থ

" ব্রক্ষাণ্ডের আয়তন অনুসারে ব্রক্ষার শরীর এবং মুখ। এইডাবে আমি অনন্ত কোটি ব্রক্ষাণ্ড পালন করি।

শ্ৰোক ৮৭

'একপাদ বিভৃতি' ইহার নাহি পরিমাণ । 'ত্রিপাদ বিভৃতি'র কেবা করে পরিমাণ ॥" ৮৭ ॥ শ্লোকার্থ

" আমার এই একপাদ বিভৃতিরই পরিমাণ কেউ মাপতে পারে না, সুতরাং ত্রিপাদ বিভৃতির পরিমাণ কে করবে?

শ্লোক ৮৮

তস্যাঃ পারে পরব্যোম ত্রিপাদ্ভূতং সনাতনম্ । অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদম্ ॥ ৮৮ ॥

তস্যাঃ পারে—বিরজা নদীর অপর পারে; পর-ব্যোস—চিন্নকাশ; ত্রি-পাদ্-ভূতম্—ভগবানের ত্রিপাদ বিভূতি সম্পন্ন; সনাতনম্—নিতা, অমৃতম্—অঞ্চয়; শাশ্বতম্—কালের নিধগ্রণের অতীত; নিত্তাস্—নিত্য; অনন্তম্—অন্তহীন; পরমন্—পরম; পদম্—ধাম।

" 'সেই বিরস্কা নদীর অপর পারে অক্ষয়, নিত্য, সনাতন, অনন্ত, পরম্বাদ-স্বরূপ, ত্রিপাদ বিভৃতি সম্পন্ন পরব্যোম নিত্য বর্তমান।'

তাৎপর্য

শ্রীকৃষ্ণ এখানে *পদ্মপুরাণ* থেকে উদ্ধৃত এই শ্লোকটির উল্লেখ করেছেন।

শ্লোক ৮৯

তবে কৃষ্ণ ব্ৰহ্মারে দিলেন বিদায় । কৃষ্ণের বিভূতি-শ্বরূপ জানান না যায় ॥ ৮৯ ॥ শ্লোকার্থ

"ভারপর শ্রীকৃষ্ণ ব্রহ্মাকে বিদায় দিলেন। এইভাবে আমরা বুঝতে পারি যে শ্রীকৃষ্ণের বিভৃতির স্বরূপ জানা সম্ভব নয়।

> শ্লোক ৯০ 'ত্রাধীশ্বর'শব্দের অর্থ 'গৃঢ়' আর হয় । 'ত্রি'শব্দে কৃষ্ণের তিন লোক কয় ॥ ৯০ ॥

শ্লোকার্থ

শ্রীক্ষের ঐশ্বর্য ও মাধ্যা

"ব্রাধীশ্বর শব্দের আর একটি গৃঢ় অর্থ হয়, তা হচ্ছে খ্রীকৃষ্ণ তিনটি লোকের অধীশ্বর। তাৎপর্য

ত্র্যশিষ্ট শব্দটির অর্থ হচ্ছে তিনটি জগতের ঈশ্বর। শ্রীকৃষ্টের পরমেশ্বরত্ব বর্ণনা করে ভগবদ্গীতায় (৫/২৯) বলা হয়েছে—

(ভাক্তারং রজতপসাং সর্বলোকমহেশরম্ । সূহাদং সর্বভূতানাং জ্ঞাতা মাং শান্তিমৃচ্ছতি ॥

"যথার্থ তত্ত্তানীরা আমাকে সমস্ত যজ্ঞ এবং তপস্যাব পরম ভোক্তা, সর্বলোকের মহেশর এবং সর্বভূতের পরম সূহদরাপে জেনে যথার্থ শান্তি লাভ করে।"

সর্বলোক বলতে "ত্রিলোক" বোঝান হয়েছে, এবং *মহেম্বর* শব্দটির অর্থ হচ্ছে "পরম ঈশ্বর"। ত্রীকৃষ্ণ জড় ও চেতন জগতের অধীশ্বর। চিজ্জগৎ—গোলোক বৃদ্ধাবন ও বৈকৃষ্ঠ, এই দুইভাগে বিভক্ত; এবং জড় জগৎ অনন্ত ব্রহ্মাশু সমন্বিত।

শ্লোক ১১

গোলোকাখ্য গোকুল, মথুরা, দারাবতী । এই তিন লোকে কৃষ্ণের সহজে নিত্যস্থিতি ॥ ৯১ ॥ গোকার্থ

"গোকুল (গোলোক), মথুবা এবং দারকা, এই তিনটি লোকে শ্রীকৃষ্ণ নিত্য বিরাজ করেন। তাৎপর্য

এই সম্পর্কে খ্রীল ভক্তিসিদ্ধান্ত সবস্বতী ঠাবুর বলেছেন যে গোলোকের তিনটি প্রকোষ্ঠ— (১) গোকুল, (২) মথুরা, এবং (৩) দারকা। কৃষ্ণলীলায় এই তিনটি প্রকোষ্ঠের মতো গৌবলীলাতেও অন্তর্গ পূর্ব ঐশ্বর্যময় তিনটি প্রকোষ্ঠ রয়েছে—(১) নবদীপ মণ্ডল, (২) খ্রীক্ষেত্র মণ্ডল, এবং (৩) ব্রজ মণ্ডল।

শ্লোক ৯২

অন্তরঙ্গ-পূর্বেশ্বর্যপূর্ণ তিন ধাম ।

তিনের অধীশ্বর—কৃষ্ণ স্বয়ং ভগবান্ ॥ ৯২ ॥
শ্লোকার্থ

. "এই তিনটি ধাম অন্তরঙ্গপূর্ণ ঐশ্বর্যপূর্ণ, এবং স্বয়ং ভগবান শ্রীকৃঞ্চ এই তিনটি ধামের অধীশার।

> শ্লোক ৯৩-৯৪ পূর্ব-উক্ত ব্রহ্মাণ্ডের যত দিক্পাল । অনন্ত বৈকুষ্ঠাবরণ, চির্লোকপাল ॥ ৯৩ ॥

তাঁ-সবার মুকুট কৃষ্ণপাদপীঠ-আগে । দণ্ডবংকালে তার মণি পীঠে লাগে ॥ ৯৪ ॥ শোকার্থ

"পূর্বে বর্ণনা করা হয়েছে, ব্রহ্মাণ্ডের সমস্ত দিকপাল এবং চিরলোকপালেরা এসে যখন খ্রীকৃষ্ণের শ্রীপাদপলে প্রণতি নিবেদন করলেন, তখন তাঁদের মৃকুট শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্ম স্পর্শ করেছিল।

শ্লোক ৯৫
মণি-পীঠে ঠেকাঠেকি, উঠে ঝন্ঝনি ।
পীঠের স্তুতি করে মৃক্ট—হেন অনুমানি ॥ ৯৫ ॥
শ্লোকার্থ

"সেই সমস্ত ব্ৰহ্মার মুকুটের মণি-পীঠে ঠেকাঠেকি হওয়ায় ঝন্ ঝন্ শব্দ হয়েছিল, এবং তা শুনে মনে হচ্ছিল যেন মুকুটণ্ডলি শ্রীকৃষ্ণের শ্রীপাদগদ্মের বন্দনা করছে।

শ্লোক ৯৬

নিজ-চিচ্ছক্ত্যে কৃষ্ণ নিত্য বিরাজমান । চিচ্ছক্তি-সম্পত্তির 'ষড়ৈশ্বর্ষ' নাম ॥ ৯৬ ॥

শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণ তার চিচ্ছক্তিতে নিত্য বিরাজমান। ডগবানের চিচ্ছক্তি সম্পত্তিকে 'যড়ৈশ্বর্য' বলে।

> শ্লোক ৯৭ সেই স্বারাজ্যলক্ষ্মী করে নিত্য পূর্ণ কাম। অতএব বেদে কহে 'সয়ং ভগবান্'॥ ৯৭॥ শ্লোকার্থ

"সেই চিচ্ছক্তি তার সমস্ত কামনা পূর্ণ করে, তাই বেদে শ্রীকৃষ্ণকে 'স্বয়ং ভগবান' বলা হয়েছে।

গ্ৰোক ৯৮

কৃষ্ণের ঐশ্বর্য—অপার অমৃতের সিন্ধ্। অবগাহিতে নারি, তার ছুইল এক বিন্দু ॥ ১৮ ॥

"শ্রীকৃষ্ণের ঐশ্বর্য এক অন্তহীন অমৃতের সমৃধ্রের মতো; ভাতে আমি অবগাহন করতে পারি না, আমি কেবল ভার একবিন্দুমাত্র স্পর্শ করলাম।"

শ্লোক ১১

श्रीकृत्मात जैश्वर्ग ७ माधुर्गा

ঐশ্বর্য কহিতে প্রভুর কৃষ্ণস্থার্ড হৈল। মাধুর্যে মজিল মন, এক শ্লোক পড়িল ॥ ১১ ॥ শ্লোকার্থ

"এইভাবে শ্রীকৃষ্ণের ঐশ্বর্য বর্ণনা করতে করতে শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃষ্ণশৃর্তি হল, তাঁর মন, মাধুর্য-প্রেমে মধা হল, এবং তিনি তখন শ্রীমন্তাগবত থেকে পরবর্তী প্রোকটি পড়লেন।

গ্রোক ১০০

যন্মর্ত্যলীলৌপয়িকং স্বযোগমায়াবলং দর্শয়তা গৃহীতম্ । বিম্মাপনং স্বস্য চ সৌভগর্ধেঃ পরং পদং ভূষণভূষণাসম্ ॥ ১০০ ॥

যৎ—যা: মঠ্য-লীলা—এড় জগতের লীলা, উপয়িক্ষম্—উপযুক্ত: স্ব—ভাঁর; ঘোগ-মায়া— যোগময়োর: বলম—শক্তি; দর্শয়তা—দেখিয়ে; গৃহীতম্—গৃহীত: বিস্মাপনম্—বিস্ময় উৎপাদন করে; স্বস্য—ভাঁর নিজের, চ—ও; সৌভগ-শধেঃ—অভিশয় সৌভাগা; পরম্— পরম; পদম্—পদ্য ভূষণ—অলম্বারের; ভূষণ-অঙ্গম্—বিভূষিত অঙ্গ।

অনুবাদ

" 'সেই শ্রীকৃষ্যমূর্তি স্বীয় চিচ্ছক্তির বল প্রদর্শন করাবার জন্য মর্ত্য-লীলার উপযোগী তার নিজেরও বিস্ময়কর এবং সমস্ত সৌভাগ্য বৃদ্ধির পরমপদ (পরাকার্ছা) ও সমস্ত ভূষণকে ভূষিত করতে সমর্থ।'

তাৎপর্য

এই গোকটি শ্রীমন্ত্রগরতে (৩/২/১২) শ্রীবিদুরের কাছে উদ্ধরের থোগমায়া কর্তৃক প্রকাশিত শ্রীকৃষ্ণের অপূর্ব রূপ মাধুর্য কর্ণনা।

শ্লোক ১০১

কৃষ্ণের যতেক খেলা, সর্বোত্তম নরলীলা, নরবপু তাহার স্বরূপ । গোপবেশ, বেণুকর, নবকিশোর, নটবর, নরলীলার হয় অনুরূপ ॥ ১০১ ॥

"শ্রীকৃষ্ণের সমস্ত লীলার মধ্যে তাঁর নরলীলা সর্বোত্তম। তাঁর নরবপু তাঁর স্থরূপ। এই রূপে তিনি একজন গোপবালক। তাঁর হাতে বংশী, তিনি নবকিশোর ও নটবর, এই সবই তাঁর নরলীলার অনুরূপ।

মিধা ২১

শ্লোক ১০২

কুষ্ণের মধুর রূপ, শুন, সনাতন। যে রূপের এক কণ, ডুবায় সব ত্রিভুবন, সর্ব প্রাণী করে আকর্ষণ ॥ ১০২ ॥ ১৫ ॥ শ্ৰোকাৰ্থ

"সনাতন, শ্রীকৃষ্ণের মধুর রূপের কথা শোন। সেই রূপের এক কণা, সমগ্র তিভুবনকে প্রেম-সমূদ্রে নিমজ্জিত করে, এবং সমস্ত প্রাণীদের আকর্ষণ করে।

শ্লোক ১০৩

বিশুদ্ধসত্ত্ব-পরিণতি, যোগমায়া চিচ্ছক্তি. তার শক্তি লোকে দেখাইতে । এই রূপ-রতন, ভক্তগণের গৃঢ়খন, প্রকট কৈলা নিত্যলীলা হৈতে ॥ ১০৩ ॥ শ্রোকার্থ

"যোগমায়া হচ্ছেন বিশুদ্ধ সত্ত্বের পরিণতিরূপা ত্রীকৃষ্ণের চিচ্ছক্তি। সেই যোগসায়ার অপূর্ব অসামান্য শক্তির কার্য দেখাবার জন্য ভগবানের নিতান্ত গোপনীয় এবং আদর্শীয় রত্নস্বরূপ শ্রীকৃফের এই রূপ গোলোকে নিজ্যলীলা থেকে প্রপঞ্চে প্রকট করলেন।

গ্রোক ১০৪

রূপ দেখি' আপনার, ক্ষের হৈল চমৎকার. আস্বাদিতে মনে উঠে কাম। 'স্বেস্টেডাগা' যার নাম, সৌন্দর্যাদি-গুণগ্রাম. এইরূপ নিত্য তার ধাম 🛭 ১০৪ 🗓

শ্লোকার্থ

"শ্রীক্ষের রূপ এমনই চমৎকার যে তা দেখে শ্রীক্ষেরই বিস্মা উৎপদ্র হয় এবং তা আস্বাদন করার জন্য কুফেরই উৎকণ্ঠা বৃদ্ধি পায়। সমগ্র সৌন্দর্য, জান, ঐশ্বর্য, বীর্য, যশ ও বৈরাগ্য শ্রীকৃষ্ণের ছয়টি ঐশ্বর্য। তিনি নিতাকাল তার ঐশ্বর্যে বিরাজ করেন।

শ্রীকৃষ্ণের বধ লীলা বয়েছে, ভার সধ্যে তার গোলোক কুদাবন লীলা (গোকুল লীলা) সর্বোভম। তা ছাড়ান্ত বাসুদেব, সম্বর্যণ, প্রদ্যন্ত এবং অনিকল্পনপে বৈকৃষ্টে তাঁর লীলা রয়েছে; কারণার্থবশায়ী প্রভৃতি পুরুষাবতারের লীলা রয়েছে; মৎস্য-কুর্মাদি নৈমিত্তিক অবভাব লীলা বয়েছে; ব্রহ্মা-শিব আদি গুণবেতার লীলা বয়েছে; পৃথু-ব্যাসাদি আবেশাবতার নীলা রয়েছে; সবিশেষ পরমান্যাদি লীলা রয়েছে, নির্বিশেষ ব্রহ্ম-প্রভৃতি লীলা রয়েছে।

নিবপেকভাবে সমস্ত লীলা বিচার করলে দেখা যায় যে তাঁর নরলীলাই সর্বশ্রেষ্ঠ— মেই লীলায় তিনি নববপু, গোপবেশ, বেপুহস্ত, নবকিশোর ও নটবর। জীক্ষাের সরপে— নবজীলা সদৃশ, কিন্তু তা কখনও জড়া-প্রকৃতির নিয়মের নিয়স্তাধীন নয়। খ্রীকৃষ্ণের অপূর্ব সৌন্দর্য তার পরম ধাম গেকুলে (গোলোক বৃন্দারনে) প্রকাশিত। তার নীচে পরব্যোম বা বৈক্তলোক, এবং তার নীচে মায়িক জগৎ বা দেবীধাম। শ্রীকৃষ্ণের সৌন্দর্যের এক কণা এই ত্রিভূবনকে তুবিয়ে দিতে সমর্থ। সর্বত্রই শ্রীকৃষ্ণের সৌন্দর্য সকলকে অপ্লাকৃত আনদে নিমক্ষিত করে। পরবোমে বা বৈকৃষ্ঠে চিচ্ছক্তিরূপা যোগময়ার অবস্থিতি নেই। তিনি কেবল প্রমধাম গোলোক বৃন্দাবনেই কার্য করেন, এবং শ্রীকৃষ্ণ যখন তাঁর অগণিত ভক্তদের আনন্দ দান করার জন্য এই জগতে ভাবতবণ করেন তখন তিনি কুঞ্চের কার্যকলাপ প্রকট করেন। জীকুষ্ণের সেই সমস্ত লীলাবিলাস গোলোক বৃন্দাবনেরই অধিকল প্রতিরূপ ভৌম ধুনাবনে প্রকাশিত হয়।

श्रीकरकात जेश्वर्य ও মাধ্या

(到) 40℃

তাঁহে সলিত ত্রিভঙ্গ, ভূষণের ভূষণ অঙ্গ, তাহার উপর ভ্রাধনু-নর্তন । তেরছে নেত্রাস্ত বাণ, তার দৃঢ় সন্ধান, বিন্ধে রাধা-গোপীগণ-মন ॥ ১০৫ ॥

শ্রোকার্থ

''অলদ্ধার অস্কের ভূষণ, কিন্তু কৃষ্ণের অন্সের শোভা এমন অপরূপ যে তা যেন অলভারকে অলগ্ধৃত করে। তাই কৃশেনর অঙ্গকে ভূষণের ভূষণ বলা হয়েছে। তার এই অস শোডা সত্ত্বেও ললিভ ত্রিভঙ্গে যেন অধিক পরিমাণ শোডা প্রকাশ পায়। তার থেকেও সুন্দর তার চকুর উপরিভাগের ধনুতুল্য হ্রাযুগলের নৃত্য। সেই ক্রাধনুতে তির্যগ্ভাবে অপাত্ম দৃষ্টিরূপ বাণ সংযোগ করে রাধা এবং তাঁর অনুগামী গোপীদের মনকে বিদ্ধ করবার উদ্দেশ্যে দৃঢ়ভাবে সন্ধান করছে।

(割本)09

ব্রহ্মাণ্ডোপরি পরব্যোম, তাঁহা যে স্বরূপগণ, कां-जवात बर्ल रहत मन १ পতিব্রতা-শিরোমণি, খাঁরে কহে বেদবাণী, আকর্ষয়ে সেই লক্ষ্মীগণ ॥ ১০৬ ॥ শ্রোকার্থ

"কৃষ্ণের রূপ এমনই মনোহর যে, ডা প্রাকৃত জগতের সমস্ত প্রাণী ও দেবতা দূরে থাকুক, ব্রহ্মাণ্ডের উপরে পরব্যোমে নারায়ণ আদি শ্রীকৃষ্ণ স্থরূপের মনও বল-পূর্বক হরণ করে। [**P41 45**

বেদে যে লক্ষ্মীদের একমাত্র 'পতিব্রতা শিরোমণি' বলে উল্লেখ করা হয়েছে ভারাও কৃষ্ণের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে কৃষ্ণ-পাদপদ্ম অভিলাধ করেন।

শ্লোক ২০৭

চড়ি' গোপী-মনোরথে, মন্মথের মন মথে,
নাম ধরে 'মদনমোহন' !
জিনি' পঞ্চশর-দর্প, স্থাং নবকন্দর্প,
রাস করে লএগ গৌপীগণ ৷৷ ১০৭ ৷৷
ধ্যোকার্থ

"গোলীদের মনরূপ বথে আরোহণ করে কৃষ্ণ তাঁদের সেহা স্থীকার করে, কন্দর্পের মনোমধন করে 'মদনমোহন'-নামে সংক্তিত হন। রূপ-রুস-রন্ধ-শব্দ-শর্শান্তক পঞ্চবাদের অধীপার মদনের অহন্ধার পদদলিত করে প্রীকৃষ্ণ স্বয়ং নব কন্দর্প (রবে অপ্রাকৃত নবীয় মদন) রূপে গোলীদের সঙ্গে রাসলীলা বিলাস করেন।

গ্লোক ১০৮

নিজ-সম সংগ-সঙ্গে, গোগণ-চারণ রজে,
বৃন্দাবনে কছন্দ বিহার ।

যাঁর বেণু-ধ্বনি শুনি', স্থাবর-জঙ্গম প্রাণী,
পূলক, কম্পা, অঞ্চ বহে ধার ॥ ১০৮ ॥
ধ্যাকার্থ

"ভাঁর সমান সম্বাদের সঙ্গে শ্রীকৃষ্ণ মহানঙ্গে অগণিত গাড়ীদের চারণ করতে করতে কৃদাবনে সাক্ষ্যেদ্য নিহার কারেন, ভিনি যথা ভাঁর বাঁদী নাজান, তথন সেই বাঁদীর শব্দ খনে স্থাবর-জন্ম প্রভৃতি প্রাণী আনন্দে আভিশয়্যে পুলক্ষিত হয়, কন্পিত হয় এবং ভালের চোখ দিয়ে অশ্রু থারে পত্তে।

গোৰু ১০৯

মৃক্তাহার---বকপাঁতি,

ইন্দ্রধনু-পিঞ্ ততি,

পীতাম্বর—বিজ্ঞলী সম্বার ।

কৃষা নব-জলধর,

জগৎ-শস্য-উপর,

বরিষয়ে লীলামৃত-ধার ॥ ১০৯ ॥ গ্রোকার্থ

''শ্রীকৃষ্ণের গলদেশে মৃক্তামালার হার শুন বকশ্রেণীর মতো শোভা পায়, কৃষ্ণের শিরোদেশে ময়্র পুচ্ছ ইন্তধনুর মধ্যে শোভা পায় এবং শ্রীকৃষ্ণের পীত বদন বিদ্যুতের মতো। শ্রীকৃষ্ণ যেন নব সেহ সদৃশ আর গোপীর। যেন জগতের শস্য রাশির সদৃশ সেই শস্য নিচয়ের উপর ফেষের বারিবর্ষণের মতো কৃষ্ণ তাঁর সীলামৃত ধারা বর্ষণ করেন।

बीकरकत लेक्ष्यं च माध्यं।

(副本 >>0

মাধুর্য ভগবতা-সার, ব্রজে কৈল প্রচার,
তাহা শুক ব্যাসের নন্দন ।
স্থানে স্থানে ভাগবতে, বর্ণিয়াছে জানহিতে,
তাহা শুনি' মাতে ভক্তগব ॥ ১১০ ॥

শ্লোকার্থ

"প্রমেশ্বর ভগবান প্রীকৃত্য সমগ্র ঐশ্বর্য, সমগ্র বীর্য, সমগ্র যাশ, সমগ্র সৌন্দর্য, সমগ্র ব্যান এবং সমগ্র বৈরাণা সমবিতঃ ভার মধ্যে সমগ্র সৌন্দর্যের লাম মাধুর্য, তাই বড়বিধ ভগবতার সার বাসেদেবের পুত্র ওকদেব গোছামী শ্রীমন্ত্রগবতে স্থানে স্থানে প্রীকৃত্যের সেই ব্রক্তশীলা বর্ণনা করেছেন, এবং সেই বর্ণনা শুনে অশুনা ভগবং-প্রেমে উত্মত হন।"

(制业 222

কহিতে কৃষ্ণের রসে, প্লোক পড়ে প্রেমাবেশে, প্রেমে সনাতন-হাত ধরি'। প্রোপী-ভাগ্য, কৃষ্ণ-শুশ, ত্র করিল বর্ণন, ভারাবেশে মথুরা-নাগরী ॥ ১১১ ॥

"মপুরা বাসিনীরা রক্তগোপীদের অসমোন্য সৌভাগ্য এবং শৃথের অলৌকিক ওণ ভাবভরে যেভাবে বর্ণনা করেছিলেন, প্রীতৈতন্য মহাপ্রভূ 'কৃষ্ণরস' বর্ণনা করতে গিয়ে প্রেমপূর্ণ হয়ে সনাতনের ছাত ধরে প্রেমানেশে শ্লোক পড়ালেন।

ट्यांक ३३३

গোপান্তপঃ কিমচরন্ খদমুব্য রূপং
লাবপাসারমসমোধর্মননাসিদ্ধম্ ৷
দৃগ্ভিঃ পিবন্তানুসবাভিনবং পুরাপমেকান্তধাম ফশসঃ শ্রির ঐশ্রস্য ॥ ১১২ ॥

সোপাঃ—গোসীগণ, তপঃ—তপশ্চর্যা, কিম—বিং, জচরন্—আচবণ করেছিলেন, যথ— ধার থেকে: অমূব)—এমন একজনের (শ্রীকৃষ্ণের), রূপম্—রূপ; লাবণা সারম—মাধ্যের নির্বাস, অসম উম্বর্য্—ধার সমান বা ধার থেকে মহৎ আর কেউ নেই, অনন্য সিদ্ধম্— 480

থিনি অনা অলংকাবাদির দ্বারা সিদ্ধা নন (স্বতঃসিদ্ধা); দৃগ্ডিঃ—চফুব দ্বাবা, পিবস্তি—পান করেন; অনুসব-অভিনবম্—চির নবীন; দ্রাপম্—দুর্লভ; একান্ত-ধাম—একমাত্র ধাম; যশসঃ —যশের, প্রিয়ঃ—সৌন্দর্থের; ঐশ্বরস্য—ঐশ্বর্থের।

অনুবাদ

" '(মপুরার পূরনারীরা বললেন) "আহা! ব্রজগোপিকারা কি তপস্যা করেছেন! জী, ঐশ্বর্য ও যশ সমূহের একান্ত আশ্রয়; দুর্লভ, স্বতঃসিদ্ধ, অসনোর্ধ সমস্ত সৌন্দর্যের সারস্বরপ, এই শ্রীকৃষ্ণের মুখকমলের অমৃত তাঁরা তাঁদের নয়নদ্বারা নিরন্তর পান করেন।' ভাংপর্য

এই শ্লোকটি শ্রীমদ্ভাগবতে (১০/৪৪/১৪) বসমধ্যে শ্রীকৃষ্ণকে দর্শন করে মথুবা বাসিনীদের উক্তি।

শ্লোক ১১৩

তারুণ্যামৃত—পারাবার, তর্ক্স—লাবণ্যসার,
তাতে সে আবর্ত ভাবোদ্গম।
বংশীধ্বনি—চক্রবাত, নারীর মন—ভূণপাত,
তাহা ডুবায়, না হয় উদ্গম। ১১৩॥
শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণের দেহের সৌন্দর্য তারুণারূপ অমৃতের সমুদ্রের তরজের মতো। তাতে ভাবোদগম হচ্ছে ঘূর্ণি, এবং বংশীধ্বনি হচ্ছে ঘূর্ণিবায়ু; তাতে নারীর চিত্ত তৃণপাতের মতো পড়ে গেলে আর উঠতে পারে না।

গ্লোক ১১৪

সখি হে, কোন্ তপ কৈল গোপীগণ। কৃষ্ণরূপ-সুমাধুরী, পিবি' পিবি' নেত্র ভরি', শ্লাঘ্য করে জন্ম-তন্-মন ॥ ১১৪ ॥ গ্রু ॥

শ্লোকার্থ

"হে সথি, গোপীরা কি তপস্যা করেছে যার ফলে তারা তাদের চোখ ভরে শ্রীকৃষ্ণের রূপমাধুরী পান করছে? এইভাবে তাঁরা তাঁদের জন্ম, দেহ এবং মনের প্রশংসা করেছিলেন।

भाक ३३८

যে মাধুরীর উর্ধ্ব আন, নাহি যার সমান, প্রব্যোমে স্বরূপের গণে। যেঁহো সর্ব-অবতারী, পরব্যোম-অধিকারী, এ মাধুর্য নাহি নারায়ণে ॥ ১১৫ ॥ শ্রোকার্থ

'ব্রজগোপীরা শ্রীকৃঞ্চের যে রূপনাধ্রী আশ্বাদন করেছিলেন তা অতুলনীয়। তার সমান বা তার থেকে শ্রেয় আর কোন মাধ্রী নেই। এমনকি শ্রীকৃফের সমস্ত অবতারে এবং পরব্যোমের অধিকারী নৈকুঠের নারায়ণের পর্যন্ত এই মাধুর্য নেই।

শ্লোক ১১৬

তাতে সাক্ষী সেই রমা, নারায়ণের প্রিয়তমা, পতিব্রতাগণের উপাস্যা । তিহো যে মাধুর্যলোডে, ছাড়ি' সব কামভোগে, ব্রড করি' করিলা তপস্যা ॥ ১১৬ ॥ শ্লোকার্থ

"তার সাক্ষী সমস্ত পতিরতাদের উপাস্যা নারায়ণের প্রিয়তমা লক্ষ্মীদেবী, যিনি শ্রীকৃঞ্জের মাধুর্য আস্বাদন করার লোভে সবকিছু ছেড়ে দিয়ে, ত্রত করে কঠোর তপস্যা করেছিলেন।

(भाक ३३१

সেই ত' মাধুর্য-সার, অন্য-সিদ্ধি নাহি তার,
তিহো—মাধুর্যাদি-গুণখনি।
আর সব প্রকাশে, তার দত্ত গুণ ভাসে,
যাঁহা যত প্রকাশে কার্য জানি ॥ ১১৭ ॥

"সেই কৃষ্ণ-মাধূর্য অনন্য সিদ্ধ অর্থাৎ স্থাংসিদ্ধ, অন্য কোন গুণাদির দ্বারা সিদ্ধ নয়। সেই কৃষ্ণমূর্তি তার অন্যান্য প্রকাশে, অর্থাৎ, নারায়ণ আদি মূর্তিতে স্বীয় প্রকাশের দ্বারা যে যে কার্য হবে, তদনুরূপ ঐশ্বর্য বীর্যাদি গুণ প্রকট করেন।

শ্লোক ১১৮

গোপীভাব-দরপণ, নব নব ক্ষণে ক্ষণ, তার আগে কৃষ্ণের মাধুর্য। দোহে করে হুড়াহুড়ি, বাড়ে, মুখ নাহি মুড়ি, নব নব দোহার প্রাচুর্য ॥ ১১৮ ॥ **ሲ**ባወ

মিধ্য ২১

শ্লোকার্থ

"গোপীগণ এবং কৃষ্ণ উভয়েই পূর্ণ। গোপিকাদের ভাব ঠিক একটি দর্পণের মতো এবং তাতে শ্রীকৃষ্ণের মাধুর্য ক্ষণে ক্ষণে নব নব রূপে প্রতিফলিত হয়। সেই প্রতিযোগিতা ক্রমে ক্রমে বাড়তে থাকে; এবং শেহেতু উভয় পক্ষ পরাজ্য শ্বীকার করতে চায় না, তাই তাঁদের লীলাসমূহ নবনবায়মান হয়ে তাদের প্রাচুর্য বৃদ্ধি করে।

क्षिक ३५%

কর্ম, তপ, যোগ, জ্ঞান, বিধি-ভক্তি, জপ, খ্যান, ইহা হৈতে মাধুর্য দূর্লভ ।
কেবল যে স্থাগমার্গে, ভজে কৃষ্ণে অনুরাগে, তারে কৃষ্ণমাধুর্য সূলভ ॥ ১১৯ ॥
শ্লোকার্থ

''কর্ম, তপ, যোগ, জ্ঞান, বিধি ভক্তি, জপ, খ্যান ইত্যাদি থেকে মাধুর্য দুর্লভ। যিনি রাগমার্গে অনুরাগ সহকারে শ্রীকৃষ্ণের ভজনা করেন তার পক্ষেই কেবল কৃষ্ণমাধুর্য সুলভ হয়।

শ্লোক ১২০

সেইরূপ ব্রজাশ্রয়, ঐশ্বর্য-মাধ্র্যময়,
দিব্যগুণগণ-রত্নালয় ।
আনের বৈভন-সত্তা, কৃষ্ণদত্ত ভগবত্তা,

কৃষ্ণ—সর্ব-অংশী, সর্বাশ্রয় ॥ ১২০ ॥

গ্ৰোকাৰ্থ

"ত্রীকৃষ্ণ এবং গোপিকাদের মধ্যে এই মাধুর্যভাবের বিনিময় গোলোক বৃন্দাবনেই সম্ভব, যা মাধুর্যে ঐশ্বর্যপূর্ণ। ত্রীকৃষ্ণের রূপ সমস্ত অপ্রাকৃত ওণাবলীর উৎস। তা একটি রত্ম ভাওাবের মতো। নানায়ণ আদি ত্রীকৃষ্ণের যে বৈভব সন্তা, তাদের ভগবতা ত্রীকৃষ্ণেরই দেওয়া। ত্রীকৃষ্ণ সকলের অংশী এবং সকলের আত্রয়।

শ্লোক ১২১

শ্রী, লজ্জা, দয়া, কীর্তি, ধৈর্য, বৈশারদী মতি, এই সব কৃষ্ণে প্রতিষ্ঠিত । সুশীল, মৃদু, বদান্য, কৃষ্ণ-বিনা নাহি অন্য, কৃষ্ণ করে জগতের হিত ॥ ১২১ ॥

শ্রোকার্থ

"নারায়ণে শ্রী, লজ্জা, দয়া, কীর্তি, ধৈর্য, কৈশারদী মতিরূপ যে সমস্ত ওণাবদী রয়েছে, তা সবঁই শ্রীকৃষ্ণে রয়েছে, কিন্তু সৃশীল, মৃদু ও বদান্য এই গুণগুলি শ্রীকৃষ্ণ ছাড়া জন্য কোন প্রকাশে দেখা য়ায় না। অধিকন্ত শ্রীকৃষ্ণ সারা জগতে হিতসাধন করেন। ভাৎপর্য

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলেছেন, নারায়ণের মধ্যে যে শ্রী, লজ্জা, দয়া, কীর্তি, ধৈর্য, কৈশারদী মভিকাপ যে সমস্ত গুণগণ প্রদীপ্ত, সে সমস্ত কৃষ্ণেরদ্বারা তাতে প্রভিষ্ঠিত হয়েছে। কিন্তু সৌশীলা, মৃদুতা, বদান্যতা, কৃষ্ণ বিনা অন্য কোন প্রকাশে দেখা ঘায় না।

শ্লোক ১২২

কৃষ্ণ দেখি' নানা জন, কৈল নিমিষে নিদন, বজে বিধি নিদে গোপীগণ। সেই সব শ্লোক পড়ি', মহাপ্ৰভূ অৰ্থ করি', সুখে মাধুৰ্য করে আস্বাদন ॥ ১২২ ॥ শ্লোকার্থ

"কৃষ্যকে দেখে, নানাজন কিভাবে তাদের পলক পড়াকে নিন্দা করেছিলেন; বিশেষ করে বৃন্দাবনের গোপীরা কিভাবে সেজন্য বিধির নিন্দা করেছিলেন, সেই সমস্ত শ্লোক পড়ে, তার অর্থ করে শ্রীটেতন্য মহাপ্রভূ মহাসুখে মাধুর্য আশ্বাদন করেছিলেন।

শ্লোক ১২৩

यमाननः भकतकृश्वनहाककर्व-सामस्करभानमूज्ञाः स्विनामहामम् । निर्जाश्मवः न ज्ञृभूमृनिज्ञः भिवरस्ताः नार्या नतान्ह भूमिजाः कृभिजा निरमम्ह ॥ ১২৩ ॥

গসা—শ্রীকৃথের; আননম্—মুখ; মকর-কৃণ্ডল—মকর কৃণ্ডল; চারু—সুন্দর; কর্ণ—কান; আজৎ—শোভিও; কপোল—কপোল; সূভগম্—কমনীয়; স-বিলাস-হাসম্—আনন্দেজ্জল হাস্য, নিত্য-উৎসবম্—চিরস্থায়ী আনন্দেশেশ্যব, ম—না; ততৃপুঃ—তৃণ্ড; দৃশিভিঃ—চক্ষুর ধারা; পিরস্তঃ—পান করে; নার্যঃ—নারীগণ; নরাঃ—পুক্ষগণ; চ—এবং; মুদিতাঃ—অভাও জানন্দিত; কৃপিতাঃ—অভাও ক্রুপ্ত; নিমেঃ—চক্ষুর নিমেষের প্রতি; চ—ও।

অনুবাদ

" 'খার (কৃম্বের) মুখচন্দ্র, মকরকুণ্ডল শোভিত কর্ণ, শোভমান কপোল, সৌন্দর্য, সবিলাস হাস্য—এই সমস্ত নিত্যোৎসব চফুর দারা পান করে নরনারীগণ আনন্দিত হতেন এবং তাদের দর্শনের বাধার সৃষ্টিকারী চফুর নিমেধের প্রতি কৃপিত হতেন।'

রোক ১২৯]

তাৎপর্য

এই শ্লোকটি *দ্রীমন্তাগবত* (৯/২৪/৬৫) থেকে উদ্ধৃত।

494

শ্লোক ১২৪

অটতি যন্তবানহি কাননং ক্রটির্যুগায়তে ভামপশ্যতাম্ । কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে জড় উদীক্ষতাং পক্ষকৃদ্দৃশাস্ ॥ ১২৪ ॥

ষাটতি—গমন কবে; যং—যখন; ভবান্—তোমার ভগবন্তা, অহ্নি—দিনের বেলা; কাননম্—বনে, ক্রটিঃ—অর্ধ নিমেশ; মুগায়তে—এক যুগের মত্যে, তাম্—তুমি; অপশ্যতাম্—যারা দেখতে পায় না তাদের; কুটিল কুন্তলম্—কুঞ্চিত কেশবিশিষ্ট, খ্রী-মুখম্—সুন্দর মুখমন্তন, চ—এবং; তে—তোমার; জড়ঃ—মূণ; উদীক্ষতাম্—অবলোকন করে; পক্ষু-কৃৎ—দর্শনেন্দ্রিয়ের ক্রষ্টা; দৃশায়—নয়নের।

অনুবাদ

" 'হে কৃষ্ণ, দিনের বেলা তুমি যখন বনে গমন কর, তখন কুঞ্চিত কেশদাম শোভিত তোমার সুন্দর মুখমণ্ডল দর্শনে বঞ্চিত হওয়ার অর্থ নিমেষকে এক যুগ বলে মনে হয়, এবং তখন আমরা চোখের পলক সৃষ্টি করার জন্য ব্রহ্মাকে মৃঢ় বলে নিন্দা করি।' তাৎপর্য

এই শ্লোকটি *শ্রীমন্তাগবতে* (১০/৩১/১৫) গোপীদের উক্তি।

শ্লোক ১২৫

কামগায়ত্রী-মন্ত্ররূপ, হয় কৃষ্ণের স্বরূপ, সার্থ-চবিশ অক্ষর তার হয় । সে অক্ষর 'চন্দ্র' হয়, কৃষ্ণে করি' উদয়, ত্রিজগৎ কৈলা কামময় ॥ ১২৫ ॥

গ্লোকার্থ

"কামগায়ত্রী যন্ত্র শ্রীকৃন্ফের স্বরূপ। কাম বীজকে অর্থ অক্ষর ধরে তাতে সাড়ে চবিশ অক্ষর হয়। সেই অক্ষরগুলি চন্দ্ররূপে শ্রীকৃক্ষে উদিত হয়ে ত্রিজগতকে কামময় করেছে।

শ্লোক ১২৬

সখি হে, কৃষ্ণমুখ—দ্বিজরাজ-রাজ । কৃষ্ণবপু-সিংহাসনে, বসি' রাজ্য-শাসনে, করে নঙ্গে চন্দ্রের সমাজ ॥ ১২৬ ॥ ১৯ ॥

শ্লোকার্থ

"হে সখি, শ্রীকৃষ্ণের মৃথচন্দ্র রাজা হয়ে কৃষ্ণ-শরীররূপ সিংহাসনে বসে চন্দ্রের সমাজ্ঞ নিয়ে মাধুর্য রাজ্য শাসন করছেন।

ভাৎপর্য

শ্রীকৃষ্ণের মুখমগুল চন্দ্রের বাজা, তাব বামগণ্ড চন্দ্র, দক্ষিণ গণ্ড চন্দ্র, চন্দ্রন বিন্দু চন্দ্র, করনথ চন্দ্র, পদনথ চন্দ্র, এবং লগাটের অর্ধ চন্দ্র। এইভাবে চন্দ্রের সমাজ নিয়ে কৃষ্ণমুখচন্দ্র রাজা হয়ে কৃষ্ণদেহরূপ সিংহাসনে বসে রাজত্ব করছেন।

শ্লোক ১২৭

দুই গশু সুচিক্কণ, জিনি' মণিসুদর্পণ,
সেই দুই পূর্ণচন্দ্র জানি।
ললাটে অন্তমী-ইন্দু, তাহাতে চন্দন-বিন্দু,
সেহ এক পূর্ণচন্দ্র মানি ॥ ১২৭ ॥
শ্লোকার্থ

"মনের উজ্জ্বল লোকে পরাভবকারী শ্রীকৃষ্ণের সূচিক্ষণ দৃটি গাল দৃটি পূর্ণচন্দ্র। ললাটে অস্ট্রমীর অর্ধচন্দ্র এবং ভাতে চন্দন বিন্দু, সেও একটি পূর্ণচন্দ্র।

শ্লোক ১২৮

করনখ-চান্দের হাট, বংশী-উপর করে নাট,
তার গীত মুরলীর তান ।
পদনখ-চন্দ্রগণ, তলে করে নর্তন,
নৃপুরের ধ্বনি যার গান ॥ ১২৮ ॥
শ্লোকার্থ

''তাঁর হাতের নখণ্ডলি যেন টাদের হাট, এবং সেণ্ডলি তার বাঁশীর উপর মুরলীর গীতির ছন্দে নৃত্য করে। তাঁর পদনখণ্ডলিও চদ্রগণের মতো এবং তাঁরা নৃপুরের ধ্বনির গানে নীচে নৃত্য করে।

শ্লোক ১২৯

নাচে মকর-কুগুল, নেত্র লীলা-কমল, বিলাসী রাজা সতত নাচায়। জ্র—ধনু, নেত্র—বাণ, ধনুর্গণ—দুই কাণ, নারীমন-লক্ষ্য বিশ্বে তায় ॥ ১২৯ ॥

গ্রোকার্থ

'কৃষ্ণসুখচন্দ্র—বিলাসী রাজা; সেঁই মুখচন্দ্র মঞ্চর কুগুল ও নেব্রপদ্ধকে সর্বদা নৃত্য করান। ক্র—ধনুসদৃশ, নেত্র—তার বাণ; কর্ণছয়—খনুকের গুণ; আকর্ণ বিস্তৃত চক্ষুর দারা কৃষ্ণ গোপনারীদের মনরূপ লক্ষ্যবস্তুকে বিদ্ধ করে।

শ্লোক ১৩০

এই চান্দের বড় নাট, পসারি' চান্দের হাট, বিনিমৃশে বিলায় নিজামৃত । কাঠো স্মিত-জ্যোৎস্নামৃতে, কাঁহারে অধরামৃতে, সব লোক করে আপ্যায়িত ॥ ১৩০ ॥ শ্রোকার্থ

"এই মুখচন্দ্রের নাট্য সকলকেই অতিক্রম করে এবং চাঁদের হাট বিস্তার পূর্বক নিস্তামৃত বিনামূল্যে বিতরণ করে। কোন গ্রেন্ডাকে অধরামৃত দারা এবং অন্যান্য সকলকে অন্য প্রকারে আপ্যায়িত করেন।

গ্রোক ১৩১

বিপুলায়তারুণ, মন্ত্রী যা **มห**न-มห-घूर्णन,

भक्ती यात এ मूटे नरान ।

লাবণ্যকেলি-সদন,

জন-নেত্র-রসায়ন,

সুখমর গোবিন্দ-কদন 🛚 ১৩১ 🛚

শ্লোকার্থ

"প্রীকৃষ্ণের নেত্রদ্বয় অরুণবর্ণ এবং বিপুলায়ত। তারা দু'জন কন্দর্পের গর্ব ধর্বকারী দুই মন্ত্রী। গোরিন্দের সেই সুখময় বদন সমস্ত লাবণ্যের খেলাঘর এবং তা সকলের নেত্রের আনন্দদায়ক।

শ্লোক ১৩২

যাঁর পুণ্যপুঞ্জফলে, সে-সুখ-দর্শন মিলে,
দুই আঁখি কি করিবে পানে?
দ্বিগুণ ৰাজে তৃষ্ণা-লোভ, পিতে নারে—সনঃক্ষোভ,
দুঃখে করে বিধির নিন্দনে ॥ ১৩২ ॥

শ্লোকার্থ

"ভক্তিজনিত সুকৃতির ফলে কারো ভাগো যদি সেই মুখ দর্শন মেলে তাহলে তার দু'টি চোখ কডটুকু এই অমৃত-সমুদ্র পান কবতে পারে? তার পান করার ভ্রুয়া দিওণ বাড়ে, কিন্ত যথেষ্ট পরিমাণে সেই অমৃত পান করার অক্ষমতার ফলে তার মনে তখন ক্ষোড হয় এবং দুঃখ করে তিনি তখন বিধির নিদা করেন।

बीकृरकात खेशर्य ७ माधुर्या

শ্লোক ১৩৩

না দিলেক লক্ষ-কোটি, সবে দিলা আঁখি দুটি,
তাতে দিলা নিমিয-আচ্ছাদন ।
বিধি—জড় তপোধন, রসশূন্য তার মন,
নাহি জানে যোগ্য সূজন ॥ ১৩৩ ॥
প্রেকার্থ

"অতৃপ্ত দ্রন্তা তখন খেদসহকারে বলেন থে, আমার লক্ষ-কোটি চক্ষু নেই, কেবলমাত্র দুটি আছে, তাও আবার পাতা দিয়ে ঢাকা, মাঝে মাঝে যখন স্বল্লহ্মণের জন্য পলক পড়ে, তখন আবার কৃষ্ণ দর্শনে ব্যাঘাত হয়। তই এই শরীরের নির্মাণকর্তা বিধি—নিতান্ত নির্বোধ, এবং কৃষ্ণসেবা ছেড়ে উচ্চ তপস্যারত হওয়ায় তিনি আদৌ 'রসজ্ঞ' নন, সৃষ্টি আদি সৃক্ষ্ণ কার্যকারক মাত্র,—কোথায় কিভাবে বিধান করা উচিত সেই সময়ে তিনি সম্পূর্ণ অনভিজ্ঞ।

শ্লোক ১৩৪

বে দেখিবে কৃষ্ণানন, তার করে দ্বিনয়ন, বিধি হঞা হেন অবিচার । মোর যদি বোল ধরে, কোটি আঁখি তার করে, তবে জানি যোগ্য সৃষ্টি তার ॥ ১৩৪ ॥

শ্লোকার্থ

" 'গোপিকা বললেন, 'কৃষ্ণের মুখচন্দ্র যে দর্শন করবে, তাকে কেবল তিনি দু'টি আখি দিশেন, বিধি হয়ে তিনি এরকম অবিচার করলেন? তিনি যদি আমার পরামর্শ গ্রহণ করে তাকে কোটি আঁখি দিতেন, তাহলেই বুঝতাম যে তিনি সৃষ্টিকার্মের যোগ্য।

গ্লোক ১৩৫

"প্রীকৃষ্ণের অঙ্গ মাধুর্যের সিদ্ধু সদৃশ, তার সুমধুর মুখ চন্দ্র সদৃশ, এবং তার স্মিত হাস্য

[মধ্য ২১

মধ্র থেকে মধ্র উজ্জ্বল চক্রকিরণের মতো। এই তিনের সঙ্গে মনের সংযোগ হওয়ায়, তা আস্থাদন করার লোভে খ্রীটেডনা মহাপ্রভূ হস্তচালন করে একটি শ্লোক পড়তে नाशरनन।

শ্লোক ১৩৬

মধুরং মধুরং বপুরস্য বিভোম্ধুরং মধুরং বদনং মধুরম্ । মধুগন্ধি মৃদুস্মিতমেতদহো মধুরং মধুরং মধুরং মধুরম্ ॥ ১৩৬ ॥

মধুরম্—মধুর, মধুরম্—মধুর; বপুঃ—অপ্রাকৃত অঞ্চ; অস্যা—তাঁর; বিভাঃ—ভগবানের; মধুরম্—মধুর, মধুরম্—মধুর, বদনম্—মুখ, মধুরম্—অধিকতর মধুর, মধু-গন্ধি—মধুব সুগরুত্ত: সৃদু-ন্মিতম্—সৃদুহাসা; এতৎ—এই; অহো—আহা; মধুরম্—মধুর; মধুরম— মধুর; মধুরম্—মধুর; মধুরম্—অধিকতর মধুর।

" 'এই কৃষ্ণের বপু মধুর, তার বদন তার থেকেও অধিক মধুর, এবং তার মধুগন্ধি হাস্য আরও মধুর; আহা। তার সবকিছুই মধুর।

তাৎপর্য

এই ক্লোকটি শ্রীল বিশ্বমঙ্গল ঠাকুর রচিত *কৃষ্ণকর্ণামৃত* থেকে উদ্ধৃত।

শ্লোক ১৩৭

সনাতন, কৃষ্ণমাধুর্য—অমৃতের সিন্ধু। মোর মন—সন্নিপাতি, সৰ পিতে করে মতি, मूर्किन, देवमा नां स्मिश्च धक विन्मू ॥ ১৩৭ ॥ अह ॥ গ্ৰোকাৰ্থ

"হে সনাতন, শ্রীকৃষ্ণের মাধুর্য অমৃতের সমুদ্রের মতো। আমার মন সহিপাতি রোগে আক্রান্ত হয়েছে। তাই সমগ্র সমুদ্রটি পান করতে চায়, কিন্তু বৈদ্য আমাকে তার এক বিন্দুও পান করতে দেয় না। এইটি আমার দূর্দৈব।

তাৎপর্য

কফ, পিন্ত এবং বায়ু শনীরের এই তিনটি ধাতুতে দোষ জন্মালে তাকে 'সন্নিপাত' বলে। কুন্তেব অঙ্গ মাধুর্য, মুখ মাধুর্য ও হাস্য মাধুর্য এই তিনের আঘাতে পীড়িত ব্রজগোপিকার মন-পীড়াকে সন্নিপাত বোগের সঙ্গে তুলনা করা হয়েছে। তাদের মন সেই সেই সৌন্দর্য রস সমুদ্রের প্রতি পিপাসু হয়ে ধাবিত হচ্ছে। সাধারণ সন্নিপাত রোগের বৈদ্য যেমন নোগীকে একবিন্দুও জল পান করতে দেয় না, তেমনই এই রোগের বৈদ্য, শ্রীকৃষ্ণ তাঁর সৌন্দর্যামৃত সমুদ্রের একবিন্দুও তাদের পান করতে দিছেন না। এই দৃঃখে অতান্ত কাতরতা অনুভব কবছেন।

প্রোক ১৩৮-১৩৯

প্রীকৃক্ষের ঐশ্বর্য ও মাধ্র্য্য

কৃষ্যাঙ্গ—লাবণাপুর, মধুর হৈতে সুমধুর, তাতে সেই মুখ সুধাকর। মধুর হৈতে সুমধুর, তাহা ইইতে সুমধুর, তার যেই স্মিড জ্যোৎসা-ভর 🏻 ১৩৮ 🗈 মধুর হৈতে সুমধুর, তাহা হৈতে সুমধুর, তাহা হৈতে অতি সুমধুর। ব্যাপে সব ত্রিভূবনে, আপনার এক কর্ণে, দশদিক, ব্যাপে যার পুর ৷৷ ১৩৯ ৷৷

শ্লোকার্থ

"শ্রীকৃষ্ণের অস মধুর থেকে সূমধুর লাবণাপূর, তাতে তার মুখচন্দ্র ভার থেকেও মধুর, আর সেই মূখ চন্দ্রের জ্যোৎনারূপ ন্মিত-হাস্য আরও অধিক মধুর। তার এক কণা ত্রিভূবনকে প্লাবিত করে। এইভাবে শ্রীকৃঞ্জের সৌন্দর্য দশদিকে ব্যাপ্ত হয়। তাৎপর্য

শ্রীকৃষ্ণের মুখচন্দ্রের মন্দহাসা গোপিকাদের আনন্দদায়িনী চাঁদের পূর্ণ আলোক।

শ্ৰোক ১৪০

স্মিত-কিরণ-সুকর্পূরে, পৈশে অধর-মধুরে, সেই মধু মাতায় ত্রিভূবনে । বংশীছিদ্র আকাশে, তার গুণ শব্দে পৈশে, ধ্বনিরূপে পাঞা পরিণামে ॥ ১৪০ ॥

গ্ৰোকাৰ্থ

''তার স্মিত হাস্যের কিরণ কর্পরের মতো মধুর অধরে প্রবেশ করে, এবং সেই মধু ত্রিভুবনকে সাভায়। বংশীর ছিড় থেকে নিঃসৃত সেই অধরামৃতের গুণ শব্দে প্রবেশ করে ধ্বনিতে রূপান্তরিত হয়।

(割) 4 282

সে ধ্বনি টৌদিকে ধায়, অশু ভেদি' বৈকুষ্ঠে যায়, বলে পৈশে জগতের কাণে। সবা মাতোয়াল করি', বলাৎকারে আনে ধরি,' विरमध्यः युवजीत शर्ग ॥ ১৪১ ॥

é95

(制(本 2B6)

হোকার্থ

"শ্রীকৃষ্ণের সেই বংশীধ্বনি চতুর্দিকে ধানিত হয়। শ্রীকৃষ্ণ ধানিও এই ব্রহ্মাণ্ডে তাঁর বাঁশী নাজান, তবুও তাঁর বাঁশীর শব্দ ব্রহ্মাণ্ডের আনরণ ভেদ করে নৈকুঠে প্রবেশ করে। সনলে তা সমস্ত জগদাসীর কানে প্রবেশ করে। সকলকে উল্লন্ত করে তা জোর করে শ্রীকৃষ্ণের কাছে ধরে নিয়ে আসে, বিশেষ করে ব্রজযুবতীদের।

শ্লোক ১৪২

খননি—বড় উদ্ধত, পতিব্রতার ভাঙ্গে ব্রত, পতি-কোল হৈতে টানি' আনে । বৈকুণ্ঠের লক্ষ্মীগণে, যেই করে আকর্ষণে, তার আগে কেবা গোপীগণে ॥ ১৪২ ॥

"সেই বংশীধ্বনি বড় উদ্ধত, তা পতিব্রতাদের ব্রত ডঙ্গ করে তাদের পতিদের কোল। থেকে টেনে আনে। তা বৈকুষ্ঠের লক্ষ্মীদেরও আকর্ষণ করে, সূতরাং গোপীদের আর কি কথা।

শ্লোক ১৪৩

নীবি খসায় পতি-আগে, গৃহধর্ম করায় ত্যাগে, বলে ধরি' আনে কৃষ্ণস্থানে । লোকধর্ম, লজ্জা, ভয়, সব জ্ঞান লুপ্ত হয়, ঐছে নাচায় সব নারীগণে ॥ ১৪৩॥

শ্লোকার্থ

"সেই বংশীধ্বনি পতিদের সামনে সতীদের নীবিবদ্ধ খসায়, তাদের গৃহধর্ম ত্যাগ করায় এবং জোর করে তাদের শ্রীকৃষ্ণের কাছে ধরে আনে। এই বংশীধ্বনি শ্রবণে নারীধর্ম, লোকধর্ম, লফ্জা, তয় আদি সমস্ত জান লুপ্ত হয়। এইভাবে সেই বংশীধ্বনি রমণীদের নাচায়।

প্লোক ১৪৪

কাণের ভিতর বাসা করে, আপনে ভাঁহা সদা স্ফুরে, অন্য শব্দ না দেয় প্রবেশিতে । আন কথা না শুনে কাণ, আন বলিতে বোলয় আন, এই কৃষ্ণের বংশীর চরিতে ॥ ১৪৪ ॥ শ্রীকৃষ্ণের ঐশ্বর্ষ ও মাধুর্যা

গ্ৰোকাৰ্থ

"সেই বংশীপ্রনি গোপিকাদের কানের ভিতর বাসা করে সর্বন। সেখানে বিরাজ করে এবং অন্য কোন শব্দ প্রবেশ করতে দেয় না। কান তখন আর কথা ওনতে পায় না এবং এক কথা বলতে আর এক কথা বলায়। শ্রীকৃষ্ণের বংশীর এমনই আচরণ।
তাৎপর্য

শ্রীকৃষের বংশীধ্বনি সর্বন্দণ গোপীদের কানে লোগে থাকে। তাই তাঁবা আর অন্য কিছু তনতে পান না। তাই আর অন্য কোন শব্দ তাঁদের ধর্ণে প্রবেশ করে না। তাঁদের মন সর্বন্দণ কৃষ্ণের বংশী ধ্বনিতে মগ্ন থাকায় আর অন্য কোন বিষয়ে বিচলিত হয় না। যে ভক্ত একবার শ্রীকৃষ্ণের বংশীধ্বনি শ্রবণ করেছেন, তিনি আর অন্য কোন বিষয়ে শ্রবণ করতে পারেন না। শ্রীকৃষ্ণের বংশীধ্বনির প্রতিনিধিত্ব করে 'হরেকৃষণ মহামত্র'। নিষ্ঠাবান ভগবন্তক, যিনি এই অপ্রাকৃত শব্দতরম্ব শ্রবণ করেন এবং কীর্তন করেন, তিনি তার প্রতি এতই আসক্ত হন যে মহা আনশ্বমা শ্রীকৃষ্ণ-বিষয় ব্যতীত অন্য কোন বিষয়ে আর তিনি মনোনিবেশ করতে পারেন না।

(割本)86

পুনঃ কহে বাহ্যজ্ঞানে, আন কহিতে কহিলুঁ আনে,
কৃষ্ণ-কৃপা তোমার উপরে।
মোর চিত্ত-ভ্রম করি', নিজৈশ্বর্য-মাধুরী,
মোর মুখে শুনায় তোমারে॥ ১৪৫॥
গ্রোকার্থ

বাহা চেতনা শান্ত করে ত্রীচৈতন্য মহাপ্রভু সনাতন গোস্বামীকে বললেন, "আমি এক কথা বলতে আর এক কথা বলে ফেললাম। তোমার উপরে ত্রীকৃষ্ণের অশেষ কৃপা। আমার চিত্তকে বিভ্রান্ত করে তিনি তাঁর ঐশ্বর্য এবং মাধুর্য আমার মুখ দিয়ে তোমাকে শোনালেন।

তাৎপর্য

শ্রীটেডন্য মহাপ্রভূ এখানে কলছেন যে তিনি উন্মন্তের মত কথা কলছিলেন, যা বাহ্য চেডনা সমন্বিত মানুযদের পক্ষে বোঝা সম্ভব নয়। শ্রীকৃষ্ণের অঙ্গ, চরিত্র এবং বংশীর এই বর্ণনা বিষয়াসক্ত মানুষদের কাছে পাগলের প্রলাপের মতো মনে হবে। সনাতন গোস্বানীর প্রতি বিশেষ কৃপা করে শ্রীকৃষ্ণ তার কাছে তার তত্ব প্রকাশ করেছিলেন, সেকথা সতিয়। তাই শ্রীটেডন্য মহাপ্রভূ বলেছেন, আমি একবিষয় বলতে অনাবিষয় বলেছি, শ্রীকৃষ্ণ কৃপা করে আমার চিত্তশ্রম জনিয়ে তার নিজের ঐশ্বর্য মাধুরী তোমাকে শোনালেন।

শ্লোক ১৪৬

আমি ত' বাউল, আন কহিতে আন কহি। কৃষ্ণের মাধুর্যাস্ত্রোতে যাই বহি'॥ ১৪৬॥

"আমি ত পাগল, এককথা বলতে অন্য কথা বলে ফেলি, কেননা আমি খ্রীকৃষ্ণের মাধ্র্যাসৃত স্নোতে ভেসে খান্ডি।"

শ্লোক ১৪৭

তবে মহাপ্রভূ ক্ষণেক মৌন করি' রহে । মনে এক করি' পুনঃ সনাতনে কহে ॥ ১৪৭ ॥ শ্রোকার্থ

তারপর শ্রীটেডন্য মহাপ্রভু কিছুক্ষণ মৌন অবলম্বন করেন। অবশেষে মনের উদ্যোগী করে, পুনবায় সনাতন গোস্বামীকে কালেন।

শ্লোক ১৪৮

কৃষ্ণের মাধুরী আর মহাপ্রভুর মুখে । ইহা যেই শুনে, সেই ভাসে প্রেমসুখে ॥ ১৪৮ ॥ প্রোকার্থ

শ্রীটৈতন্য মহাপ্রভূর মূখে যিনি কৃষ্ণের মাধুরী শ্রবণ করেন, তিনি ভগবৎ-প্রেমের আনন্দ প্রবাহে ভেনে যান।

(制本 28%

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ । তৈতন্যচরিতামৃত কহে কৃফদাস ॥ ১৪৯ ॥ শ্রোকার্থ

শ্রীল রূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ দাস পোসামীর শ্রীপাদপরে আমার প্রণতি নিবেদন করে এবং তাঁদের কৃপা প্রার্থনা করে, তাঁদের পদান্ধ অনুসরণপূর্বক আমি কৃষ্ণদাস শ্রীতৈতন্য-চরিতামৃত বর্ণনা করছি।

ইতি—'শ্রীকৃষ্ণের ঐশর্য ও মাধুর্য্য' নামক শ্রীচৈতন্য-চরিতামৃতের মধ্যলীলার একবিংশ পরিচ্ছেদের ভক্তিবেদাস্ত তাৎপর্য।

দ্বাবিংশ পরিচ্ছেদ

অভিধেয় তত্ত্ব

এই দ্বাবিংশ পরিচেৎদে শ্রীচেওনা মহাপ্রভু ভগবন্তক্তির পদ্বা বর্ণনা করেছেন। প্রথমে তিনি জীবতত্ব এবং ভক্তির শ্রেষ্ঠ তা বর্ণনা করেছেন। তারপর তিনি জ্ঞান, যোগ আদির অকর্মণ্যতা, দর্ব জীবের ভক্তি বিষয়ক কর্তব্যতা ব্যাখ্যা করেছেন এবং জ্ঞানীদের মূক্তাভিমান দে বৃথা, তাও দেখিয়েছেন। ভুক্তি-মুক্তি-সিদ্ধি-কাম পরিত্যাগ করে শুদ্ধভক্তিযোগে অভীষ্ট লাভ হয় এবং সমস্ত প্রয়োজন সিদ্ধ হয়। যদিও কোন ব্যক্তির ভজনকালে সেই সমস্ত কাম অজ্ঞতাবশত কিছু অনুস্যুত থাকে, তথাপি শ্রীকৃষ্ণ তা দূর করে তাকে শুদ্ধ ভক্তি দান করেন। মহৎ কৃপা বাতীত ভক্তির উদয় হয় না। এইজন্য সাধুসঙ্গ অবশ্যই কর্তব্য। শ্রদ্ধাই অননা ভক্তির অধিকার দেয়।

এই পরিচেরের খীটিতেনা মহাপ্রতু অনন্যভক্তদের প্রকার ভেদ এবং বৈশ্ববদের খভাব সমূহ বর্ণনা কবলেন। ভগবস্তান্তের সবচাইতে বড় শক্ত ভোগবাসনা নিয়ে খ্রীসঙ্গ করা। অভক্ত সঙ্গও অসৎ সঙ্গ, কেননা তা ভক্তিমার্গে উন্নতি সাধন করার পথের এক মস্ত বড় প্রতিবন্ধক। খ্রীসঙ্গ এবং অভক্ত সঙ্গ পরিত্যাগ করে শ্রীকৃষেরর শ্রীকাদেপারে শরণাগত হওয়া উচিত।

এই পরিছেদে শ্বণাগতির ছুমটি লক্ষণত বাাখ্যা করা হয়েছে। সাধনভক্তি—বৈধী ও রাগানুগা তেদে দুই প্রকার। বৈধী ভক্তির চৌমট্টিট অঙ্গই প্রধান; তার মধ্যে শেষ প্রধান অভান্ত বলবান। ভক্তির এক অঙ্গ বা বহু অঙ্গ সাধনেও ফল হয়। জ্ঞান-বৈরাগাধোগ আদি কখনত ভক্তির অঙ্গ নায়। অহিংসা, যম, নিয়মাদির জন্য কোন পৃথক চেটা করতে হয় না, তারা ভক্তির সঙ্গে সঙ্গেই থাকে। রাগানুগা ভক্তি—রাগাধিকা ভক্তিরই অনুগামিনী। ব্রজবাসীনের রাগাধিকা ভক্তিই মুখা। রাগাধিকা ভক্তির লক্ষণ বলে মহাপ্রভূ তারপর রাগানুবাগ ভক্তির সাধন লক্ষণ কললেন।

গ্লোক ১

বন্দে শ্রীকৃষ্ণতৈতন্যদেবং তং করুণার্ণবম্ । কলাবপ্যতিগৃঢ়েয়ং ভক্তির্যেন প্রকাশিতা ॥ > ॥

বন্দে—বদনা করি, শ্রীকৃষরতৈতন্য-দেবম্—শ্রীকৃষরতৈতন্য মহাপ্রভূকে; তম্—তাঁকে; করুণাঅর্থবম্—তিনি একটি করুণার সমৃদ্রের মত্যে; কলৌ—এই কলিমুগে; অপি—এমন কি;
অতি—ভাতাত্ত; গৃড়—গোপনীয়; ইয়ম্—এই; ভক্তিঃ—ভগবস্তুক্তি; যেন—খাঁর স্বারা;
প্রকাশিতা—প্রকাশিত।

অনুবাদ

যাঁর দারা কলিকালেও অতিগৃঢ় ভক্তি প্রকাশিত হয়েছে, সেই করুণার্ণব শ্রীকৃষ্ণটৈতন্য মহাপ্রভুকে আমি বন্দনা করি।

গ্ৰোক ২

জয় জন্ম শ্রীকৃষ্ণটেতনা নিত্যানন্দ ৷ জয়াছৈতচন্দ্র জন্ম গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

হোকার্থ

শ্রীকৃষ্ণটেডন্য সহাপ্রভূব জনা ! শ্রীম্মিড্যানন প্রভূব জন্ন ! শ্রীঅবৈতচন্দ্রের জন্ম ৷ এবং শ্রীটেডন্য মহাপ্রভূব সমস্ত ডক্তব্দের জন্ম !

গোক ত

এইত কহিলুঁ সন্থগ্ধ-তত্ত্বের বিচার । কেদশাল্রে উপদেশে, কৃষা—এক সার ॥ ৩ ॥

মোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভু বললেন, 'আমি এককণ সমন্ত তথের বিচার করণাম বৈদিক শাক্রের উপদোশ অনুসারে শ্রীকৃষ্টে সমস্ত কার্যকলাপের একমাত্র কেছবিন্দু।

গ্লোক ৪

এবে কহি, শুন, অভিখেয়-সক্ষণ ৷ যাহা হৈতে পাই—কৃষ্ণ, কৃষ্যপ্রেমধন ॥ ৪ ॥

য়োকার্থ

"এখন আমি অভিধেয় লক্ষণ বর্ণনা করছি, যা খেকে শ্রীকৃত্যের আয়োয় এবং কৃষ্ণপ্রেমরূপ মহাসম্পদ লাভ হয়।

প্ৰোক ৫

কৃষ্ণভক্তি—অভিধেন, সর্বশাস্ত্রে কয় । অভএব মুনিগণ করিয়াছে নিশ্চম ॥ ৫ ॥

যোকার্থ

"সমস্ত্র শাস্ত্রে বর্ণনা করা হয়েছে যে, মানুরের সমস্ত কার্যকলাপের একমাত্র উদ্দেশ্য হচ্ছে শ্রীকৃষ্যের সেবা করা। সমস্ত মুনি-খযিরাও এই তত্ নিশ্চিতভাবে প্রতিপল্ল করেছেন।

> শ্লোক ৬ শ্ৰুতিৰ্মাতা-পৃষ্টা দিশতি ভবদাবাধনবিধিং যথা মাতুৰ্বাণী স্মৃতিরপি তথা বক্তি ভগিনী।

পুরাণাদ্যা দে বা সহজনিবহান্তে তদনুগা অতঃ সত্যুং জাতং মুরহর ভবানের শরণম্ ॥ ও ॥

শ্রুভিঃ—বৈদিক জ্ঞান, মাজা—সন্তানের প্রতি স্নেহ্পরায়ণ যাতার মত্যে, পৃষ্টা—যথন প্রভা কর হয়, দিশতি ঈজিত করেন ভবং আপনার, আরাধন আরাধনা, বিধিয়—পর্যা, যথা যেয়ন, মাতৃঃবাণী মায়ের উপদেশ, শৃতিঃ—শৃতি শাস্ত্র, যা বৈদিক শাস্ত্র সমূহের বিশ্লেষণ করে অপি—ও, ভগা—ভোমই, বক্তি—প্রকাশ করে, ভণিনী—ভণিনীর মত্যে, পূর্ণি-আদ্যাঃ—পূরাণাদি শাস্ত্র, যে—যা, বা—অথবা, সহজ্ঞ-নিব্হাঃ—ভাগোদের মতো, তে—তারা তথ—মায়ের; অনুগাঃ—অনুগামীলণ, অতঃ—অভএব; সতায়—সতা, জ্ঞাত্য—ভান হয়, মুর-হর—মুগহুগা, ভবাদ্—আপনার, এব—একমাত্র, শ্রুণাম্—আগ্রয়

আন্ৰাদ

'মাতৃ সক্ষপ শ্রুতিকে জিন্তাসা করলে তিনি আপনার আনাধনার নিথি উপরেশ করেন। ভারিনী সক্ষপ শ্রুতিও সেঁই উপরেশই দান করেন; জাতা সক্ষপ প্রাণালিও শ্রুতিমাধার অনুগত হয়ে সেই কথাই বলহেন অতএব হে মুরহর। আপনি যে একমার শরণ, ভারি সত্যরূপে জানতে পারলাম।'

ক্তাৰপৰ্য

এইটি *বেনে* মহর্মিদের বাকা

গ্লোক ৭

অন্নয়জ্ঞান-তত্ম কৃষা—স্বয়ং ভগবান্ ৷ স্বিক্লপ-শক্তিস্ক্রিপে তাঁর হয় অবস্থান ॥ ৭ ॥

য়োকার্থ

"কৃষ্য আধ্যক্তান-তত্ম স্বয়ং ভগবান। যদিও তিনি এক, তথাপি তাঁর লীলাবিলাসের জন্য তাঁর স্বরূপ শক্তিতে তিনি বস্ত্রূপে প্রকাশিত হয়।

তাৎপর্য

ভগনানের খানার শক্তি, এবং খিনি থাঁর সমস্ত শক্তি থেকে খাড়িয়। শক্তি এবং শক্তিমান মাড়েদ মতে, তার অভিন্ন শ্রীকৃষ্ণকে সমস্ত শক্তির উৎসক্ষপে নর্থনা করা হয়েছে, এবং তিনি তাঁব বহিবদা শক্তি জড়া প্রকৃতি থেকেও অভিন্ন। শ্রীকৃষ্ণের অন্তলখা শক্তি বা চিচ্ছক্তি বয়েছে য সর্বদাই শ্রীকৃষ্ণের সেবায় নিযুক্ত। তাঁর স্বক্ষপ শক্তি মায়া শক্তি থেকে ভিন্ন। তাঁর স্বক্ষপ শক্তি এবং স্বরুপ শক্তিমান শ্রীকৃষ্ণ অভিন্নভাবে অবস্থিত

শ্লোক ৮

স্বাংশ-বিভিন্নাংশ-রূপে হঞা বিস্তার । অনস্ত বৈকুণ্ঠ-ব্রহ্মাণ্ডে করেন বিহার ॥ ৮ ॥

প্ৰোক ১৪1

শ্লোকার্থ

"শ্রীকৃন্য বহুরাপে নিজেকে বিস্তান করেন। তাদের কেউ তার স্বাংশ বিস্তার, এবং কেউ তার বিভিন্নাংশ বিস্তার এইভাবে তিনি অনন্ত বৈকুপ্তে এবং একাণ্ডে লীলাবিলাস করেন। চিদাকাশে তথ্যবদ্ধামকে বলা হয় বৈকুপ্ত এবং জড় আকাশে এক্ষা কর্তৃক বিশাল গোলোককে বলা হয় বক্ষাণ্ড।

শ্লোক ১

স্বাংশ-বিস্তার—চতুর্বৃহে, অবতারগণ ৷ বিভিন্নাংশ জীয—তাঁর শক্তিতে গণন ॥ ৯ ॥

শ্লোকার্থ

"তাঁন স্বাংশ বিস্তান হঙ্গেইন চতুর্বাহ ও অবতারণণ, এবং তাঁর বিভিন্নাংশ ইনেই জীব। জীব যদিও শ্রীকৃন্দের বিস্তান, কিন্তু তব্ও তাদের শ্রীকৃষ্ণের শক্তিকাপে গণনা করা হয়

ভাৎপর্য

শ্রীকৃষ্ণের খাপে বিস্তান্ত্রের বলা হয় বিফুতত্ত এবং বিভিন্নাপে বিস্তান্ত্রের বলা হয় জীবছত্ত্ব জীব যদিও প্রয়োশনের বিভিন্ন অংশ, তবুও তাপের ওগবানের শক্তিক্ষণেই গলন করা হয়। সেকথা বর্ণনা করে *ভয়বদ্গীতায়* (৭/৫) বলা হয়েছে—

> व्यनत्त्राधिकञ्चनार अकृतिः विकि त्य नवाय् । जीवजुजार महावादश स्टामर धार्यस्य जन्म ॥

হে অর্জুন, এই নিকৃষ্ট প্রকৃতির উধ্বর্গ আমার একটি উৎকৃষ্ট প্রকৃতি রয়েছে। জীলেরা সেই উৎকৃষ্ট প্রকৃতি সম্ভুত। ভারা এই জড় জগতেকে ধারণ করছে।"

জীব মদিও শ্রীকৃথের বিজিঃ অংশ বিস্ত তবুও তার শ্রকৃতি, পুরুষ ময়। প্রকৃতি ক্রীব) কখনও কখনও পুরুষের কার্যক্রপাশের অনুকরণ করার চেন্তা করে। জীব তার আজানতারণত জগনান সাজতে গিয়ে জড় জগতের বন্ধনে আবদ্ধ হয়। অধিভাবে তারা মোধাছে। হয়। জীব কখনও বিস্তৃতস্থ বা পর্যাগের ভগবানের সমকত হতে পারে না। তহি কোন জীবের ভগবান হওয়ার দাবী করা নিগাওই হাসকের। মহাগারে খখনও এই ধরনের দাবী বরদান্ত করেন না সুর্য জনসাধারণদের প্রতারণা করার জনা প্রবজ্ঞবিরা এই ধননের পারী করে। কৃষ্ণভাবনামৃত আপোলাল সেই সমস্ত কপট অবতাবদের বিরুদ্ধে মুদ্ধ যোমান করে। এই সমস্ত প্রবজ্ঞব পামতীরা জগবান সেজে সারা পৃথিবীর জগবহ চেতনা ক্রমে করছে। যে সমস্ত পায়ন্তী আজা সারা পৃথিবীকে বিপ্রান্ত করছে তাদের মুশোশ খুনে দিতে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংযের প্রতিটি সদস্যের অভান্ত সচেতন থাকা উচিত। পৌজুক নামক এইরকম এক পায়ন্তী প্রীকৃষ্ণের কাছে এসে নিজেকে

ভগবান বলে সোধণা করে, এবং শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ তাকে সংহার করেন কৃষ্ণের সেবকেরা অধশ্য এই ধরনের ভণ্ড ভগবানদের হত্যা করতে পারে না। কিংগ্র তাদের অন্তত শাস্ত্র প্রমাণের মাধ্যমে, পরস্পারার ধারায় লব্ধ জ্ঞানের ভিত্তিতে পরাপ্ত ধর উচিত

শ্লোক ১০

সেই বিভিন্নাংশ জীব—দুই ড' প্রকার । এক—'নিত্যমুক্ত,' এক—'নিত্য-সংসার' ॥ ১০ ॥

জ্ঞোকার্থ

"ভগবানের বিভিনাপে জীব দুই প্রকার—নিজ্য মৃক্ত এবং নিজ্য বন্ধ।

(朝本 22

'নিত্যমূক্ত'—নিত্য কৃষ্ণচরণে উন্মুখ । 'কৃঞ-পারিষদ' নাম, ভুঞ্জে সেবা-সুখ ॥ ১১ ॥

য়োকার্থ

"বারণ নিতা মৃত্যু তারো সর্বদাই শ্রীকৃত্যের শ্রীপাদপায়ের প্রতি উন্মুখ। তাদের বলা হয় কৃষ্য-পারিষদ এবং তারা সর্বদা শ্রীকৃত্যের সেবা সুধ আঘোদন করেন

শ্লোক ১২

'নিজ্যবদ্ধ'—কৃষ্ণ হৈতে নিত্য-বহির্ম্থ । 'নিত্যসংসার', জুঞ্জে নরকাদি দুঃখ ॥ ১২ ॥

য়োকার্থ

"আর যে সমস্তে জীব নিজ্যবন্ধ, তারা সর্গনাই শ্রীকৃন্দের থেকে বহির্মুখ। তারা চিরকাল সংসারের বন্ধনে আবন্ধ এবং তারা নিরস্তুদ নরকাদি দুঃখ ডোগ করে।

গোক ১৩

সেই দোৰে মায়া-পিশাটী দণ্ড করে তারে। আধ্যাত্মিকাদি তাপত্রয় ভারে জারি' মারে ॥ ১৩ ॥

শ্লোকার্থ

"প্রীকৃষ্ণের প্রতি বিমুখ হওয়ার ফলে মামা পিশাটী বদ্ধ জীবদের দশুদান করে, এবং আধ্যান্ত্রিক আদি ব্রিভাপ দৃঃখ প্রদান করে।

প্রোক ১৪-১৫

কাস-ক্রোধের দাস হ্ঞা তার লাখি খায় । ভ্রমিতে ভ্রমিতে যদি সাধু-বৈদ্য পায় ॥ ১৪ ॥

(क्षीक ५৮)

তাঁর উপদেশ-মন্ত্রে পিশাচী পলায় । কৃষ্ণভক্তি পায়, তবে কৃষ্ণ-নিকট যায় ॥ ১৫ ॥

শ্লোকার্থ

"কাম-ক্রোধের দাস হয়ে বন্ধ জীবের। তার লাগি খায়। এইভাবে ব্রদ্ধাণ্ডে ভ্রমণ করন্তে করতে যদি সে সৌভাগ্যক্রমে কোন সাধুরূপ বৈদ্যকে পায়, তাহলে জাঁর উপদিষ্ট মন্ত্র গ্রহণ করার কলে সেই পিশাটী পালায় সেই মন্ত্রের আশ্রম অবলমন করার কলে সে কৃষ্যভাজি লাভ করে এবং অবশেষে গ্রীকৃথের কাছে তিরে যায়।

ভাহপর্য

শ্রীল ভতিনিলেদ দ্রাকৃন তার অস্তপ্রধাহ ভাষ্যে আট থেকে পর্নের মোকের বিশ্লেষণ করেছেন ভাররত চতুর্বৃহস্কলে এবং অবভাররতে সর্বত্র নিজেকে বিস্তার করেছেন। সাংশ অবস্থায় শ্রীকৃত্যের স্ব-স্কর্পস্থ সর্বত্র লাফিড হ্যা জীব তার বিভিন্নংশ রূপ। জীবত কৃত্যের শতির মধ্যে পরিবাণিত জীব দৃষ্ট প্রকার—নিতামৃক্ত ও নিতানস্থা। নিতারক জীবের। সর্বাণ বিহ্রক্তা মধ্যে শতির দারা ক্রানিত স্বে ক্যা জগলদগীতার (৭,১৪) ধর্ণিত হয়েছে—

रेभ्यी द्याचा खनघरी। यय यात्रा मृत्रकाता ।

"ত্রিওগাছিলা এই দৈনী সম্যা আমার এবং এই সমাশন্তিকে অতিক্রম করা অত্যন্ত কঠিল।"

তিয়াক জীলেনা কথনই সামা-সথক আমালন কলেনি। তাঁরা শ্রীকৃষ্যের চিন্মায় যা তে শ্রীকৃষ্যের চরগোলাল কলেনি। তাঁরা শ্রীকৃষ্যের চিন্মায় যা তে শ্রীকৃষ্যের হিন্দার শ্রীকৃষ্য থেকে নিজ্ঞ বহির্মা হয়ে সংসারে অর্থ নরকামি সুখান্ত্র ভাগের জীলেরা শ্রীকৃষ্য থেকে নিজ্ঞ বহির্মা হয়ে সংসারে অর্থ নরকামি সুখান্ত্র গোলা করে, কুমান্তর মান্তর লালালী তালের জ্বানিত করে তারা কর্মান করে দও প্রধান করে, অর্থাৎ আবাহিক আদি তাপক্রম জালের জ্বানিত করে তারা কর্মান আদি অভ্যানিক করে তারা করে। তারা কর্মান আদি অভ্যানিক করে তারা করে কোলা সংসারে উপান্তর প্রমান করতে করাতে যদি ক্র্যান্ত সামু বৈদা লাভ করে তবে উবে উপান্তম মান্ত্র মান্তর ক্রান্তর করে ক্রান্তর করে ক্রান্তর করে তবে ইবে উপান্তম মান্তর মান্তর প্রান্তর ক্রান্তর করি ক্রান্তর করে ক্রান্তর মান্তর শিলান্তর মান্তর শ্রীবিত্ত করে ক্রান্তর করে ক্রান্তর করে ক্রান্তর শ্রান্তর শ্রীবিত্ত করে ক্রান্তর করে ক্রান্তর শ্রান্তর শিলান্তর মান্তর শ্রান্তর শ্রান্ত

গোল ১৬

কামাদীনাং কৃতি ন কতিথা পালিতা দুর্নিদেশা-স্তেষাং জাতা ময়ি ন করুণা ন ত্রপা নোপশান্তিঃ। উৎস্ট্জ্যতানথ যদুপতে সাম্প্রতং লব্ধবৃদ্ধি স্তামায়াতঃ শরণমভয়ং মাং নিযুক্তক্ষ্যানাস্যে। ১৬ ॥ কাম-আদীনাম্ কাম, শ্রেণি, লোভ, মোহ, মদ এবং মাৎসর্য, কতি—গত; ন—না কতিখা কত প্রবাবে, পালিতাঃ পালন করে; দুর্নিদেশাঃ দুষ্ট আদেশ, তেষাম্ তালেব; জাতা—উৎপর হয়ে, মনি—আমাকে, ন—না; করুণা—কৃপা; ন—না; দ্রপা—লভ্রা, ন—না, দ্রপালিত্রঃ—বিরত হওয়ার ইচ্চা, উৎসূজ্য—ভ্যাগ করে; এতান্—এরা সকলে; অথ—অনন্র, মদু পতে —হে যদুকুল শ্রেণ্ড, সাম্প্রতম্—ইদানীং লাস্ক বৃদ্ধিঃ—বৃদ্ধিলাভ করে, দ্বাম্—আমাত্রঃ—প্রাপ্ত, লাম্বাম্— শরণ, অভয়ম্—এভয়, মাম্—আমাকে; নিযুত্তম্—নিয়োগ কর; আম্বাদ্যে—তোমার দাসত্বে।

অনুবাদ

" 'হে ভগবান, কাম, ত্রেগধ আদির কত প্রকার দুষ্ট আদেশই আমি পালন করেছি: তথালি আমার প্রতি তাদের করুণা হয়নি এবং আমার লক্ষারও উপশম হল মা. হে ঘর্পতে, আপাতত আমি তাদের পরিতাগে করে সমুদ্ধি লাভ করে তোমার অভয় চরণে শরণাগত হলাম, ভূমি এখন আমাকে ভোমার সাসক্ষে নিযুক্ত কর।'

তাৎপর্য

এই শ্লোকটি ভাজিনসাগৃত-সিলু ৩ ২,৩৫) খোনে উদ্বৃত আমরা যশন হরেকৃয়া মহামন্ত ক্রীতি করি তথা আহার বিল— হরে। হে তথাবানেল শক্তি হে তথাবান ক্রীকৃষ্য " এই ভাবে তথাবান এবং চিন্তা শক্তি— নাধাকৃষ্য, সীতারাম বা লগদীনরেগবো সপোধান করি তক্তব সর্বান ভগবান এবং তার অধেরজ্ঞ শক্তির ক্যান্তে এইভাবে প্রপান করেন যাতে তিনি তালের প্রেমমনী সেনায়ে যুক্ত হতে সাজেন। বদ্ধ জীন যান্ত চিন্তা সকল প্রভি করে সর্বতাভাবে ভগবানের প্রীলাদপরে শরণাগত হন তক্ত তিনি ভগবানের সেবায় নিরপ্তর যুক্ত হতে চেন্তা করেন। সেইটিই হতে জীবের যথার্থ করুপ।

য়োক ১৭

কৃষভক্তি হয় অভিধেয়-প্রধান । ভক্তিমুখ-নিরীক্ষক কর্ম-যোগ-জ্ঞান ॥ ১৭ ॥

গ্ৰোকাৰ্থ

"ভগবস্তুক্তি জীবের মুখা বৃত্তি কর্ম, জ্ঞান, খোগ আদি মুক্তির নিজিয় পদ্ধা বয়েছে, কিন্তু ভারা সকলেই ভক্তির উপর নির্ভরনীল।

গ্রোক ১৮

এই সব সাধনের অতি তৃচ্ছ বল । কৃষ্যভক্তি বিনা তাহা দিতে নারে ফল ॥ ১৮ ॥

<u>ক্লোকার্থ</u>

"এই সমস্ত পদ্মার সাধনের বল অত্যন্ত তুহে, কৃষ্ণভক্তি বিনা তারা ৰাঞ্ছিত ফল প্রদান করতে পারে না।

গ্লোক ২১

তাৎপর্য

শান্ত্রে অনেক জায়গায় কর্মকে, অনেক জায়গায় যোগাকে, এবং অনেক জায়গায় জানকে অভিধেয়' বলে নির্দেশ কবা হয়েছে, তথাপি সর্বত্র ভিজিকে সর্ব প্রধান 'নিভা অভিধেয়' বলে উল্লেখ করা হয়েছে মানুষ যদিও কর্ম, জান ও যোগ ইত্যাদি প্রধান প্রতি আসন্ত, কিন্তু কৃষ্ণভক্তি ব্যতীত এই সমস্ত পশ্বা বাঞ্ছিত ফল প্রদান কবতে পারে না অর্থাৎ, কৃষ্ণভক্তির ফলেই কেবল পরম পুরুষার্থ লাভ হয় শ্রীমন্ত্রাগরতে (১ ২/৬) বলা হয়েছে—

म तै मेशमाः भारता धार्मी यहना छिननहथाकारम । परिस्कृतगर्वावरणा यसामा मुशमीमनि ॥

কর্ম, জান এবং মোগ ভারস্তুক্তি দান করতে পারে না ভারস্তুক্তির পথা গ্রাক্তমন করাই জীবনের পরম কর্তব্য এবং ভগবস্তুক্তির প্রতি আসক্তির মাত্রা অনুসারে জীব থাও জগতের বর্মন থেকে মৃক্ত হয় এব মহারাজ ভগবনুকো সাক্ষাং দর্শন করার জনা উটাগু যোগ অনুশীলন করেছিলেন কিন্তু ভগবস্তুক্তির প্রতি আসক্ত হওয়ার পর তিনি কর্ম, আন এবং যোগের নির্থকতা উপশন্ধি করতে পারেন

রোক ১৯

নৈজ্যামপাচ্যুতভাবশর্জিতং ন শোভতে জানমলং নিরপ্রনম্ ৷ কুতঃ পুনঃ শশ্দভদ্রমীশ্বে ন চার্পিতং কর্ম যদপাকারণম্ ॥ ১৯ ॥

নৈদর্মান্—ফলডোন রাহিত্য অপি—যদিও, অচ্যুত-ভাব—পন্যাধার ভগবানের প্রতি ভক্তি বর্জিতন্—বর্জিত, ন—না, শোগতে—শোভা পায়, জানন্—জান অলন্—অত্যন্ত, নিরঞ্জনন্—জড় কলুম থেকে মুক্ত; কুকঃ—কিন্তাবে পুনঃ—প্রারায়, শশ্বং—সর্বায় পারন কালে এবং প্রাপ্তিকালে); অন্তন্ত্রন্—অমঙ্গলজনক ঈশ্বরে—পর্যোশার ভগবানাকে, ন—লা চ—ও, অপিতিম্—নিবেদিত, কর্ম—কর্ম মং—ফা, অপি—যদিও, অকারনম্—একাবন,

অনুবাদ

" 'নৈদ্ধৰ্মকাপ নিৰ্মান জ্ঞানই যথন জগবন্ধক্তি বৰ্জিত হলে শোভা পায় না, তখন জড় কল্ববৃক্ত কৰ্ম, নিদ্ধাম হলেও যদি তা ভগবানে অৰ্থিত না হয় ভাহলে ভা কিভাবে শোভা পাৰে?'

<u>তাবপর্য</u>

এই (মানটি শ্রীমন্তাগবত (১/৫/১২) থেকে উদ্ধৃত শ্রীল ব্যাসদের বহু ভপসা অনুষ্ঠান

ও সর্বশাস্ত প্রথম করা সত্ত্বেও আত্মপ্রসাদ লাভে বঞ্চিত হয়ে অপ্রসন্ন চিত্তে মনে মনে নানা তর্ক-বিতর্ক ও অনুতাপ করছিলেন। তথন অংশ্রমী ওরুদেব শ্রীনারদ মুনি সেখানে এসে উপস্থিত হন এবং ওাকে বলেন শরমেশ্বর ভগবানের নির্মল কার্যকলাপ লিপিবদ্দ করার মাধ্যমেই কেবল তিনি যথার্থ প্রসন্ধতা লাভ করতে পার্বেন এইভাবে নাবদমূলি শ্রীল ব্যাসদেবকে কর্মকাও এবং জানকাণ্ডের নির্মাকতা প্রতিপন্ন করে উপসেনা কাণ্ডের প্রাধানা সন্তব্দে উপদেশ দিলেন তথন শ্রীল ব্যাসদেব শ্রীমন্তাগবত বচনা করতে শুরু করেন।

শ্লোক ২০
তপস্থিনো দানপরা যশস্থিনো
মনস্থিনো মন্ত্রবিদঃ সুমঙ্গলাঃ।
ক্ষেমং ম বিন্দন্তি বিনা যদর্পণং
ভাষ্মে সৃক্তপ্রশ্রবদে নমো নমঃ॥ ২০॥

তপদ্ধিনঃ—তপদ্ধিন্ত, দান-পরাঃ—দাঙাগন, বাশস্থিনঃ—মদন্তিগণ, মনদ্বিনঃ—মনদ্বিগণ, মন্ত্ৰ-বিদঃ—বৈদিক মধ্ৰ উচ্চান্তে পান্তৰলী বান্তিগণ, সুনাকলাঃ—সদাচারী বান্তিগণ, ক্ষেম্ম্—কলাগ, ন—কগনই নয়, বিদ্ধিতি—লাভ করে, বিনা—বাতীত, যন্-অর্পণ্য,—যাবে (পব্যেখন ভগবানকৈ) অর্পণ করা, তবৈদা—সেই পর্যেখন ভগবানকৈ, সু-জন্ত প্রবাস—যাব মহিমা অত্যন্ত মদ্লমাগ, নমঃ নমঃ—অ্যি তাঁকে পুনঃ পুনঃ প্রণতি নিবেদন করি

অনুবাদ

" ভপস্থিত মানপর ব্যক্তিগণ দশস্থিত। মনস্থিত ও বেদমন্ত্রে অভিজ্ঞা ব্যক্তিগণ, তাঁদের সেই সেই কর্ম সূম্যসল হলেও গাঁকে অর্পণ না করলে কিছুতেই মদল লাভ করতে পারেন না, সেই মাদলকীর্তি ভগবানকে আমি বার বার নমস্কার করি।"

ভাৎপর্য

এই শোকটি *দ্রীমন্তাগবত (*২/৪/১৭) থেকে উদ্ভা

প্লোক ২১

কেবল জ্ঞান 'মুক্তি' দিতে নারে ভক্তি বিনে । কৃষ্ণোশ্মুখে সেই মুক্তি হয় বিনা জ্ঞানে ॥ ২১ ॥

শ্লোকার্থ

"শুক্তি বিনা কেবল জ্ঞান সৃক্তি দিতে পারে না, কিন্তু কৃষ্ণোশুখ হলে জ্ঞান বিনা সেই মুক্তি লাভ হয়

তাৎপূৰ্য

কেবল গুলন কখনও জীবকে জড় বন্ধন থেকে মুক্ত কমন্তে পারে না। জড় এবং প্রন্থের মধ্যে পার্থকা নিরূপণ বাবতে সমর্থ হলেও, কেউ যদি প্রান্তিক্যত মনে করে যে জীব এবং ভগবান একই পর্যায়ের তার পক্ষে কখনই মুণ্ডিলাভ করা সন্তব নয়। পক্ষান্তরে, নিজেকে ভগবানের সমকক্ষ বলে মনে করার ফলে সে পুনরায় জড় জগতের আবর্তে পতিত হয় কিন্তু সেই ধরনের ব্যক্তি যদি সৌভাগ্যক্রমে ও৬ ভক্তের সামিধ্য লাভ করেন, তাহলে তিনি জড় বঞ্চা থেকে মুক্ত হয়ে ভগবানের সেবায় যুক্ত হন। এই সম্পর্কে বিশ্বমক্ষান ঠাকুরের একটি প্রার্থনা অভান্ত ভাহপর্যপূর্ণ—

ভক্তিজ্বয়ি স্থিনতয়া ভগবন্ যদি স্থান্ নৈবেন নঃ কলতি দিনাকিশোরমূর্তিঃ । মুক্তিঃ স্বয়ং মুকুলিভাঞ্জনিঃ নেবতেহস্মান্ ধর্মার্থকামগতনঃ সময়প্রতীকাঃ ॥

"হে জগবান, কেউ যদি নিষ্ঠাসহকারে আপনার শুদ্ধভক্তিতে যুক্ত ২ন তাহলে আপনি আপনার দিন্যকিশোর মূর্তিতে তার সামনে প্রকাশিত হন: মুক্তি হয়ং তার সামনে হাতঞ্জাভ ফরে সেবালাভের প্রক্রীক্ষা করেন অর্থাৎ, ভগবস্তুজির কানুশীলন হলে, অন্য নোম রক্ষয় প্রচেষ্টা ব্যক্তীত ধর্ম-অর্থ-কাম এবং মোক্ষ তাপন থেকেই লাভ হয়ে যায় "

য়োক ২২

শ্রেয়ঃসৃতিং ভক্তিমুদস্য তে বিভো ক্রিশ্যন্তি যে কেবলবোধলস্ক্রে। তেথামসৌ ক্রেশল এব শিষ্যতে নান্যদ্ যথা স্থূলতুয়াবঘাতিনাম্॥ ২২ ॥

শ্রেমঃ-সৃতিম্—মৃতির মঙ্গলগয় পথ, ভক্তিম্—জনবস্তুতি, উন্নস্য—প্রিত্তাগ করে, জে—আপনার, বিভা—হে ভগবান, ব্লিশান্তি—অভ্যতিক ক্রেম গ্রহণ, যে—হে সমস্ত ব্যক্তি কেবল—কেবল, বোধ-শস্ক্রে—জান লাভের জন্য, জেনাম্—ভানের, জসৌ—ই; ক্লেশঃ—ক্রেম, এব ক্রেবল, শিষ্যতে অবশিষ্ট গাকে, ন—না, জন্যৎ—আন্কিছু, যথা যতিকু, স্কুল—স্কুল, ডুম্ব—ধানের জুব, জব্দাভিনাম্—আয়তে করে

অনুবাদ

" হে ভগবান, তোমাকে উক্তি করাই সর্বশ্রেষ্ঠ পথ, তা পরিতাণি করে যারা কেবল জ্ঞানলাভের জনা অর্থাং আমিন্ত্রন্ধা এইটিই স্থানবার জন্য নানাপ্রকার ক্রেশ স্থীকার করে, স্থুল তৃষকে পেষণ করে যেমন চাল পাওয়া যায় না ছেমনই ভাদের পরিশ্রম সম্পূর্ণরূপে ব্যর্থ হয়। ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাগবন্ত (১০,১৪/৪) থেকে উদ্বৃত।

শ্লোক ২৫]

গ্লোক ২৩

দৈবী হোষা গুণমন্ত্রী মম মায়া দুরতারা । মামের যে প্রপদ্যন্তে মায়ামেতাং ভরন্তি তে ॥ ২৩ ॥

দৈবী—পরসেশন ভগবানেন, হি -অবশাই, এষা—এই, গুল-ময়ী—সন্ধ, নজ ও তম গুলজাত, মম—আমান, মাদা—বহিনগা শক্তি, দুনত্যয়া—দুসতিক্রমা মান্ -আমাতে এব—অবশাই, যে—খানা প্রপদান্তে—সর্বজ্যোভাবে শ্রণাগত হয়; মাদ্যম্—জীব-বিমোহিনী শক্তি, এতাম্—এই; তরন্তি—অভিত্রতম করে, তে—ভারা

ध्यस्याम

" আমার এই ব্রিগুপমরী ময়োশক্তিকে অভিক্রম করা অভ্যন্ত কঠিন কিন্ত যার। সূর্বভোগ্রেরে আমাতে প্রপত্তি করে, ভারা অভি সহজেই এই মারাকে অভিক্রম করতে পারে।

তাৎপর্য

এই ক্লোঞ্টি ভগবদগীতা (৭/১৪) থেকে উদ্বত

খোক ২৪

'কৃফ-নিতাদাস'—জীব তাহা ভূলি' গেল । এই লোহে মামা তার গলায় বান্ধিল ॥ ২৪ ॥

য়োকার্থ

" 'জীব যে কৃষ্ণের নিত্যদাস'—এই সত্য কিশ্বত হওলাডেই মারা জীবকে নানাপ্রকারে প্রস্তার ও বিমোহিত করে ত্রিওণ শৃত্ধকে সভাদেশে আবদ্ধ করলেন

গ্ৰোক ২৫

তাতে কৃষ্ণ ডজে, করে শুরুর সেবন। মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ ॥ ২৫ ॥

শ্লোকার্থ

"ৰদ্ধ জীৰ যদি ভগবান শ্ৰীকৃষ্ণের প্রতি ডক্তি-পরায়ণ হয় এবং গুরুদেবের সেনা করে তাহলে তিনি মানাজাল থেকে সুক্ত হয়ে কৃষ্ণপাদপশ্ব লাভ করে

ত্তাৎপর্য

প্রতিটি জীবই শ্রীকৃষ্ণের নিতাদাস সায়ার প্রভাবে, জড় সুখেব প্রতি নালায়িত হওয়ার ফলে, জীব মে কথা বিস্মৃত হয়। মায়ার শ্বাধা মোহাধ্যে হয়ে জীব মনে করে যে জড় ea4

সুগই একমাত্র ইন্সিত বস্তা। এই জড় চেডনা বন্ধ জীবের গলার একটি শহালের মড়ো যতক্ষণ মে ধারণার দ্বারা আবদ্ধ থাকে ততক্ষণ সে মায়ার বন্ধন থেকে ফুক্ত হতে পারে না কিন্তু, শ্রীকৃষ্ণের কুপায় যদি তিনি সদ্গুরুর সাগ্লিখ্য লাভ করে এবং ভাব সেবা করে তাঁর আনেশ পাধন করে, এবং এইভাবে ভগবানের সেবায় যুক্ত হয়, তাহলে সে অচিরেই মৃত্তি লাভ করে খ্রীকথেজ্য চরণাত্রয় লাভ করে

শ্ৰোক ২৬

চারি বর্ণাশ্রমী ঘদি কৃষ্ণ নাহি ভঞ্জে 1 স্বকর্ম করিছে সে রৌরবে পড়ি' মঙ্কে ॥ ২৬ ॥

শ্ৰোকাৰ্থ

বর্ণাশ্রম ধর্মের অনুগামীরা যদি জীকুষের ডজন না করে, ছাহলে ভারা ভানের স্বকর্মের ফলে নৌরব দামল স্বাকে নিম্ভিড্রত হয়।

ভাৎপৰ্য

ব্রাক্ষণ, ক্ষরিয়, বৈশ, ও শৃপ্ত যদি তাদের স্ব-স্ব-বর্ণমর্থ সৃষ্টভাবে পাসন কলেও, অথবা ব্ৰহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যামী যদি তাদের নিজ নিজ ধর্ম সর্বভোজারে পালন করেও, নৃষ্ণান্তজন না কলে তাহলে তারা প্রাকৃত অভিমান বলে উচ্চতা লাভ করেও অবশেষে পুণাক্ষরে অবশ্যই ব্রোরণে পড়িও হন সপ্রাকৃত ভড়িন ১৮ৢশীল- বাড়ীড বিষয়ী বর্ণাপ্রয়ের কোনই সঙ্গল হয় না । সেবাধা *শ্রীমন্তাগব*ত (১১/৫ ২-৩) থেকে উদ্বত। পরবর্তী শ্লোক দৃটিতে ভা প্রতিপন্ন হয়েছে

শ্লোক ২৭

मुभवाद्क्षशीरम् । शुक्रयम्। अट १ চতানো জজিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়। পৃথক ॥ ২৭ ॥

মুখ--মুখ, বাছ--হস্ত: উরা--উক, পালেড্যঃ--পা থেকে, প্রথস্য--পরম প্রথের, আশ্রমঃ—বিভিন্ন আত্রম, সহ—সহ, চত্মার:—চার, জডিরে—উদ্ভত হয়েছে, বর্ণাঃ— চার বর্ণ গুলৈঃ—বিশেষ গুণাবলী সহ, বিশ্র-আদরঃ—গ্রাক্ষণ আদি, পৃথক— পৃথকভাবে।

" বিক্ষার মুখ থেকে ব্রাহ্মণ, বাহু থেকে কব্রিয়া উরু থেকে নৈশ্য ও পদ ইইছে শুদ্র,— এই চারটি বর্গ পৃথক পৃথক আশ্রমসহ এবং স্বীয় বর্ণগত গুণসহ উল্লুত হয়েছে

ক্লোক ২৮

ষ এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বম । ন ভজন্ত্যবজানন্তি স্থানাদন্তীঃ পতন্ত্যধঃ ॥ ২৮ ॥

যে—যিনি: এয়াম -এই বর্ণ ও আশ্রমের, পুরুষম—পর্যােশ্রর ভগবান, সাক্ষাৎ—সাক্ষাৎ, আত্ম-প্রভবম-সকলের উৎস, ঈশ্বরম-পরম ঈশর, মা না, ডজস্তি ভজন করা, অৰজানন্তি--- এবজা করে, স্থানাথ-- এথাপ্রান থেকে, মন্ত্রাঃ - এটা হয়ে, পতন্তি-- পতিত হয়, অধঃ—নিম্নাভিসুখে নাধ্ৰকীয় অৰস্থায়

" এই চার বর্গাগ্রমের মধ্যে যারা তাদের প্রকু ভগবান বিধুরে সাক্ষাৎ ভজন না করে নিজের মিজের বর্গ এবং জাতা্রের অহন্ধারে তার ডজনে অবজা করে, তারা সন্থান ন্ত্ৰই হয়ে কাধঃপতিত হয়।'

গোক ২৯

জ্ঞানী জীবশাক্তদশা পাইনু করি' মানে \ বস্তুতঃ বৃদ্ধি 'শুদ্ধ' নহে কৃষ্ণভক্তি বিনে ॥ ২৯ ॥

যোকার্থ

"মায়াবাদ প্রভৃতি মতাবলম্বী ব্যক্তিরা নিজেদের জানী বলে মনে করে, এবং ভারা মনে করে যে তারা জীবসূক্ত হয়ে গেছে কিন্তু প্রকৃতপক্ষে ক্যান্ডক্তি ব্যক্তীত বৃদ্ধি কখনও ७५ हा मा

> শ্লোক ৩০ যেহনোহরবিদাক বিমৃক্তমানিন-ন্তয্যন্তভানাদনিগুদ্ধবৃদ্ধনঃ । আরুহা কুণ্ণেত্রণ পরং পদং ততঃ পতন্ত্যধোহনাদৃতযুদ্ধদন্তময়ঃ ম ৩০ ম

যে—যারা, অন্যে—অভক্তরা, অরবিদ-অক—হে পদাপলাশলোচন, বিমৃক্ত-মানিনঃ—যাবা নিজেদের মৃক্ত বলে মনে করে, স্বায়ি—আপনাকে, অন্ত-ভাষাৎ—ভক্তিহীন, অবিশুদ্ধ-নৃদ্ধ্যঃ —যাদের বৃদ্ধি অবিশুদ্ধা আরুছা—আরোধ্য করে, কুন্তুগ—কঠোর তপস্যাব দ্বারা, পরম্ পদ্ম পর্যাপদ ছডঃ—সেখান থেকে, পতত্তি—পতিত হয়, অধঃ—নিমেন অমাদ্য— তানাদর করে, ধৃত্বাৎ—ভাগনার, ছাড্ডমঃ—শ্রীপাদপদ্ম।

" 'হে অননিন্দাক্ষ, দানা 'বিযুক্ত হয়েছি' বলে অভিমান করে, আপনার প্রতি ভক্তিবিহীন হওয়ায় তানের বন্ধি অবিশুদ্ধ। ভারা বহু কুছুসাধন করে মায়াভীত পরমপদ একা পর্মস্ত আনোহণ করে ভগবন্তক্তির অনাদর করার ফলে অধঃপতিত হয়।

এই শ্লোকটি *শ্রীমন্ত্রাগবন্ত* (১০/২/৩২) থেকে উদ্ভব।

মিধ্য ২২

গোক ৩৩]

শ্লোক ৩১

কৃষ্ণ—সূর্যসম; মায়া হয় অন্ধকার । যাঁহা কৃষ্ণ, তাঁহা নাহি মায়ার অধিকার ॥ ৩১ ॥

হোকার্থ

'জ্রীকৃষ্ণকে সূর্যের সজে তুলনা করা হয়েছে, এবং মায়াকে অদ্ধনারের সজে তুলনা করা হয়েছে সূর্যকিরণের প্রকাশ হলে যেয়ম আর সেখানে অদ্ধকার থাকতে পারে না, তেমনীই কেন্ট যদি কৃষ্ণগুক্তির পদ্ধা অবলম্বন করেন, তখা মায়ার অদ্ধকার তৎক্ষণাৎ সেখান পেকে দূর হয়ে যায়

ভাৎপর্য

ত্রীমন্ত্রাগবতে (২/৯/৩৪) খলা হয়েছে-

ሲክፀ

चाट्यक्ष्यः यद अजीतम् च अजीतम् ज्ञानि । जिन्नामाचानां मामार यथाजातमा यथा जमः ॥

"আলোক থাকলে যেমন ওানকার গাকে না, তেমনই জীব ক্ষোধানুথ হলে মানিক বাসনার হাত থোকে যুক্ত হয় কাম ও লোভ রঞাে এবং তামাধ্যের সঙ্গে সম্পর্কিও। কেউ যথন ক্ষোধানুথ হন, তবজ্পাৎ হাজাে ও তামাভা দূর হয়ে যায় এবং কেবল সম্বত্ধান প্রভাব থাকে সভ্তত্বা অধাি ৬ হলে লানমার্থিক উন্নতি সাধন করা যায় এবং পেউলাে রাজ্তত্ব জান হয় সকলের পাক্ষে এই স্তরে স্থিত হত্মা সম্ভব না। কেউ যথন ক্ষেত্রত্ব জান হয় সকলের পাক্ষে এই স্তরে স্থিত হত্মা সম্ভব না। কেউ যথন ক্ষেত্রত্ব পানু ভাবলাাক্ষর ক্ষান্তিন নির্বর ক্ষান্তব্ব আরাধনা করেন এইভাবে ক্ষান্তব্ব ক্ষান্তব্ব সাম্বা আরাধনা করেন এবং ভক্তকালে শ্রীকৃষ্ণের সেবা করেন। এইভাবে ক্ষান্তব্য হলে মায়া অন্ধবার ক্ষান্ত তাকে স্পর্ক করতে পান্তবে না।

শ্ৰোক ৩২

বিলজ্জমানয়া যস্য স্থাতুমীকাপথেংম্যা । বিমোহিতা বিকপত্তে মমাহমিতি দুর্ধিয়ঃ ॥ ৩২ ॥

নিলজ্জাসান্যা—লভিত্ত হয়ে, যাসা ্যার, স্থাতুম্—থাকা, ঈক্ষাপথে—দৃষ্টিপথে, অমুমা মাধার ভারা, বিমোহিতাঃ—মুধা, বিকপত্তে পত্ত করে, মম—আধার অহম্—আমি, ইতি—এই প্রকার, দুর্শিয়ঃ—দুবৃদ্ধি

অনুবাদ

" 'অন্ধকার যেমন সৃষ্টিকরণের মুখে থাকতে লজ্জাবোধ করে, তেমন্ট কৃষ্ণের দর্শন পথে থাকতে মাধ্য বিলজ্জমানা হয়, সেই মাধ্য কর্তৃক বিমোহিত হয়ে দুর্বৃদ্ধি মানুষেরা 'আমি', 'আমার' এই প্রকার বহুবিধ বাগ্জাল প্রকাশ করে।

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্ত্রাগরত (১০/৩৪/৯) থেকে উত্ত। নন্দ মহারাজের নেতৃত্বে একলার পুনাবন-বাসীগর তীর্ঘ যাত্রা উপলক্ষা নদীর তীরে গমন করলেন। নন্দ মহারাজ উপবাদ-রত পালন করে ধার বনমধ্যে শয়ন করলেন। তৎকালে অন্ধিরস ক্ষমি কর্তৃক অভিশার একটি সর্প সেখানে উপস্থিত হল এই সপটির পূর্বের নাম ছিল সুদর্শন, এবং সে গমর্ব-লোকের বাসিন্দা ছিল। সে বা হোক, যেহেতু সে অধিকে উপহাস করেছিল, সুত্রাং সে অপবাধী এবং সে একটি সুবৃহৎ সপলেত ধারণ করেছিল। এই সপটি যখন নন্দ মহারাজকৈ আক্রমণ করল, ওখন নন্দ মহারাজ উচ্চেঃসরে ভারতে আরম্ভ করল, "কৃষ্ণ। সাহায়া করা " কৃষ্ণা তৎক্ষণাৎ উপস্থাপিত হয়ে ওার পালপ্রের দ্বারা সেই সপটিকে লাখি নারতে গুরু কর্মনেন ওপুনার ভারতানের পালপ্রশাল সেই সপটি ওৎক্ষণাৎ তার পাল জীরনের সমস্ত কর্মনেন থেকে মুক্ত হল এইভাবে মুক্ত হয়ে, সে পুননার প্রেক্তার স্থানন গমর্ব সেহ ধরাণ করল।

প্লোক ৭৮

প্রভূ কহে,—'বিফু' 'বিকু', আমি কুদ্র জীবহীন। জীবে 'বিফু' মানি—এই অপরাধ-চিহ্ন 1 ৭৮ 1

বাখন প্রকাশানন্দ সরস্থতী শ্রীমজ্ঞাগবত থেকে এই শ্লোকটি উদ্ধৃত করে নিজেকে সমর্থন করছিলেন, শ্রীটৈতনা মহাপ্রভৃত ওৎক্ষাৎ ভগবান বিক্ষুর পরিত্র নাম উচ্চারণ করে আপত্তি জ্ঞানিমেছিলেন নিজেকে অতি ক্ষুত্র ও পতিত জীব মনে করে, তিনি বললেন, "যদি কেউ একজন বদ্ধ জীবকে বিষ্ণু, ভগবান অপবা একজন অনভার ছিসাবে রাহণ করে, তবে তিনি অপরাধ করছেন,"

ভাৎপর্য

যদিও খ্রীটোতন মধাপ্রভু পরম পুরুষ ভগবান শ্রীবিশু ছিলেন তা মধেও তিনি মামালের শিক্ষা দেবার হলা নিজেকে বিশ্ব তথ্য বলে অস্থীকার করেছিলেন। দুর্ভাগাবদত থধুনা কলিমুগে এখানে সেখানে অসংখা নিশ্ব অবতারের ছড়াছড়ি নিজেকে একজন অবতার বলৈ মনে করা যে কি পবিমাধে জনরাধ, সাধারণ লোক ভা জানে না। একজন সাধারণ লাভিকে শ্রাবানের অবতান হিসাবে গ্রহণ করা জনসাধানদের উচিত নয়। মদি সেভাবে গঠন করা সেতি একটি মন্তব্য করা জনসাধানদের উচিত নয়। মদি সেভাবে শ্লোক ৭৯

জীবে 'বিষ্ণু' বৃদ্ধি দূরে—যেই একা রুজ-সম । নারায়ণে মানে ভারে 'পাষভীতে' গণন ॥ ৭৯ ॥

শ্রীচৈতনা মহাপ্রভু আরো বলসেব, "সাধারণ জীব ও দূরের কথা, এমনকি প্রভু রক্ষা ও প্রভু দিব পর্যন্ত বিষ্ণু বা নারায়ণের সমতুল্য নয়। যদি কেন্দ্র তা যনে করে, সে ভংকশাং একজন অপরাধী ও পাষতী বলে বিবেচিত হয়।

শ্ৰৌক ৮০

যন্ত নারায়ণং দেবং ব্রহ্মক্রাদিদৈবতৈঃ। সমত্ত্বনৈব বীক্ষেত্র স পাষ্ঠী ভবেদ্ধনেবয় ॥" ৮০॥

ষঃ—িংনি; তু—সে যা হোক; নারার্থম্—পরম পুরুষ ভগবান, যিনি প্রখ্যা ও শিবের প্রভু, দেবম্—ভগবান, ব্রহ্ম—প্রভু এখা। করে—প্রভু শিব, আদি—এবং অন্যান্যরা, দৈবকৈঃ—সে ধানের দেবতাগন সহ, সমত্ত্বে—সমন্যাহে, এব—অবশৃধি বীক্ষেত— পর্যক্ষেদ্র করা, সঃ—সে ধরনের বাজি; পাবতী—পাষতী, ভবেৎ—অবশৃধি হন, প্রসম্— অবশাই।

অনুবাদ

" 'যে ব্যক্তি প্রকৃত্রক্ষা এবং শিবকে ভগরান নানায়পের সমতুলা বলে মধ্যে করে, সে একরাম অপরাধী ও পায়ন্তী।"

ক্লোক ৮১

প্রকাশানক করে,—''ভূমি সাক্ষাৎ ভগবান্ 1 তবু যদি কর তার 'দাস'-অভিমান 11 ৮১ II শ্রোকার্থ

প্রকাশনেশ্ব সরশ্বতী বললেন, "আপনি নিজে সাক্ষাৎ ভগধান শ্রীকৃষ্ণ। তা সধ্বেও, আপনি নিজেকে তাঁর নিজ্ঞা দাস বলে মনে করেন।

হোক ৮২

তবু পূজা হও, তুমি আমা সবা হৈতে । সৰ্বনাশ হয় মোর তোমার নিন্দাতে ॥ ৮২ ॥

লোকার্থ

"আসার প্রিয় প্রতৃ, আপনি পরম পুরুষ ভগবান, এবং ধদিও আপনি নিজেকে ভগবানের

শ্ৰোক ৮৭

দাস বলে মনে করেন, তা সত্ত্বে আপনি পৃক্রনীয়। আপনার স্থান সকলের থেকে অনেক উথের্য, সূতরাং আমার সমস্ত অধ্যাব্যিক বিকাশ বিনষ্ট প্রাপ্ত হরেছে, করেণ জামি আপনাকে নিন্দা করেছি।

শ্লোক ৮৩

মুক্তানামপি সিদ্ধানাং নারারণপরারণঃ। সুদুর্লভঃ প্রশান্তাত্মা কোটিযুপি মহামুনে ॥ ৮৩ ॥

মুক্তানাম্—মুক্ত ব্যক্তিগণের অথবা অগুড়ার বন্ধন থেকে মুক্ত, **অপি—এ**মনকি, সিন্ধানাম্—সিদ্ধি প্রাপ্ত ব্যক্তিগণের, নারয়েশ—পর্ম পুরুষ ভগবানের, পরায়ধা—ভক্ত, সুন্ধর্গতাঃ—অভাও দুর্গতা, প্রশান্ত-আজ্বা—পরিপ্নেরপে সন্তই, কাফ্যার্হীন, ক্যেটিবৃ—কোটি কোটিগণের মধ্যে, অপি—অবশ্রেই, মহা-মুনে—হে মহামূনি।

<u>चनुवाम</u>

" 'ধে যহামূনি, যারা অভ্যতার পোকে মৃক্ত, এই রকম পাক করু জগৎ থেকে মৃক্ত ব্যক্তিদের মধ্যে, এবং যারা প্রায়ই সিদ্ধি প্রাপ্ত, এই রকম পাক লাক সিদ্ধিকামী ব্যক্তিগণের মধ্যে কলাচিৎ একজন নারামণের গুদ্ধভক্ত হয়। কেবলমাত্র এই প্রকারের অক্টেই সম্পূর্ণকাপে পরিভৃপ্ত এবং লাস্ত:'

ভাৎপর্য

এই মোকটি শ্রীমন্তাগরত (৬/১৪/৫) থেকে উদ্ভূত

গ্লোক ৮৪

আয়ুঃ শ্রিমং যশো ধর্মং লোকানাশিব এব চ ৷ হস্তি খ্রেমাংসি সর্বাদি পুংসো মহদতিক্রমঃ ॥ ৮৪ ॥

আনু:—আনুধান, গ্রিণাশ্—ঐশ্বর্ধ, দশঃ—যশ, ধর্মন্—বর্ম, পোকান্—আনিকৃত বস্তু সকল, আশিধঃ—আশীর্বাদ, এব—অবশ্যই, চ—এবং, হস্তি—বিনাশ করে, ক্ষেমাংসি— সৌভাগা, সর্বাদি—সকল, পৃংসঃ -একজন ব্যক্তিব, মহৎ—মহান্যাদিগের, অভিক্রমঃ— অভিক্রম

অনুবাদ

" যথন একজন ব্যক্তি মহাত্মাগণের প্রতি অসদাচরণ করে, তার আয়ু, শ্রী, ফশ, বর্ম, অধিকার ও আশীর্বাদ নাশ প্রাপ্ত হয়।

ভাহপর্য

এই শ্লোকটি *শ্রীমন্তাগবত* (১০/৪/৪৬) খেকে উদ্বত।

লোক ৮৫ নৈষাং মডিভাবদ্কক্ৰমান্তিং স্পৃশ্তানথাপগমো যদৰ্থঃ ।

মহীয়সাং পাদরজোহডিবেকং

निकिक्षनानार न वृतीष्ठ सावर ॥ ৮৫ ॥

ন না, এবাম—মানুধদের, মতিঃ— আগ্রহ, ভাবং— সে পর্যন্ত, উরুক্তম-অন্থিম্—পরম প্রকাষ ভগবানের শ্রীপাদপর্ব, থিনি অনৌকিক ক্রিয়া প্রদান করেন, স্পৃদতি পর্ণা করেন, অনর্থ—থবাত্বিত ক্রিনিবের, অপগ্রঃ—বিনাল করে, বং—থার, অর্থঃ—থবা, মহীনাসাম্—
মহারাদের, ভারন্দের, পাছ-রক্তঃ—প্রদাপবের রক্তর হারা, অভিযেকম্—মন্তকে প্রিটিয়ে,
নিক্ষিমানাম্—ধারা সম্পূর্ণরূপে জড় বিষয় থেকে আস্ফিন্টান, ম বুলীত—করে ন ,
যাবং—মতকল পর্বন্ত।

অনুবাদ

" 'ষ্ডক্ষণ পর্যন্ত সামবাদিশের মতি নিছিখন ভগবস্তুক্তাদিশের পদরজ্বারা অভিনিক্ত মা হয়, ডক্তক্ত পর্যন্ত অনর্থ নাশক কৃষ্ণদামগন্ত স্পর্গ করতে পারে না।'

ভাহপর্য

এই জোকটি *শ্রীযন্তাগবত* (৭/৫/৩২) থেকে উদ্বত।

শ্লোক ৮৬

এবে তোমার পাদাস্তের উপজিবে ডক্টি । তথি লাগি' করি তোমার চরপে প্রগতি ও" ৮৬ ॥ য়োকার্থ

"এখন থেকে আমি অকশাই জাপনার শ্রীপাদপত্মে ভক্তি লাভ করব। এই কারণে আপন্যর শ্রীচরণে আমি প্রথত ইই।"

শ্ৰোক ৮৭

এত বলি' প্রভূরে লঞা তথায় বসিল। প্রভূরে প্রকাশানক পৃছিতে লাগিল ॥ ৮৭ ॥ প্রোকার্থ

এই বলে, প্রকাশানন সরস্থতী প্রীচৈতন্য মহাপ্রভূকে সঙ্গে করে সেখানে বসলেন এবং মহাপ্রভূকে জিন্তাসা করতে লাগলেন। भिषा २८

শ্লোক ৮৮

মাথাবাদে করিলা যত দোষের আখ্যান । সবে এই জানি' আচার্যের কল্পিত ব্যাখ্যান ॥ ৮৮ ॥ গোকার্থ

প্রকাশান্দ্র সরস্বতী বললেন, "আপনি মায়াবাদ দর্শনে যত রুক্মের দেয়ে দেখিয়েছেন, আমরা জানি এই সমস্ত শঙ্করাচার্নের কল্পিড ব্যাখ্যা।

> শ্রেক ৮৯ প্তের করিলা তুমি মুখ্যার্থ-বিবরণ । তাহা শুনি' সবার হৈল চমৎকার মন ॥ ৮৯ ॥ শ্লোকার্থ

'আমার প্রিয় প্রস্তু, ক্রল-সূত্রের ব্যাখায় আগনি বে সকল মুখ্য অর্থ প্রকাশ করেছেন, কা খনে সকলের মন চমংকৃত হল।

(ओक ५०

তুমি ড' ঈশর, তোমার আছে সর্বশক্তি। সংক্ষেপরতে কহ তুমি, শুনিতে হয় মতি ॥ ৯০ ॥ গ্লোকর্থে

"আপনি হলেন পরম পুরুষ ডগনান, সুভরাং আপনি অচিন্তা শক্তির অধিকারী। আপনার নিকট সংক্ষেপে ব্রন্ধা-সুত্তের ব্যাখ্যা আমি ওদতে ইচ্ছা করি।"

ভাৎপর্য

প্রকাশানাদ সর্থতী মহাপ্রভৃকে *ইক্ষা সূত্রের উদ্দেশ*। ও তাৎপর্য কর্নোর জ্বনা অনুরোধ কর্মেছিলেন, যদিও তাঁব বাামা তিনি পূর্বে হ্রময়ক্ষম করতে পেরেছিলেন।

(刻本 る)

প্রাড় করে,—"আমি 'জীব', অতি তুক্তরান ৷ ব্যাসসূত্রের গন্তীর অর্থ, ব্যাস—ভগবান্ ॥ ১১ ॥ ১ শ্লেকার্থ

ছীতৈতন্য মহাপ্রস্কু বললেন, "আমি একজন সাধারণ জীব, সূতরাং স্কামার জ্ঞান অভ্যন্ত কুছ সে যা হোক, এক্ষ-সূত্রের অর্থ অভ্যন্ত গল্পীর, কারণ তার রচয়িতা হলেন ব্যাসদেব, যিনি হলেন পরম পুরুষ ভগবান নিজে। ক্তাহপর্য

একজন সাধারণ ব্যক্তি বেদান্ত-সূত্রের ভাৎপর্য উপলব্ধি করতে পারে না। কেউ বেদান্ত সূত্রের ভাৎপর্য হন্দনাধ্যম করতে পারে, যদি সে ব্যাসদেব বা তার অনুমোদিত প্রতিনিধিন কছে থেকে তা প্রবন্ধ করে। এই কারণে ব্যাসদেব প্রীয়ন্তাগবতের মধ্যমে প্রথা-সূত্রের ভাষা প্রনান করলে। এই শ্রীমন্তাগবত রচনা করতে তিনি তার ওকদেব নার্রনমূনি কর্তৃক নির্দেশিত হয়েভিলেন। বাভবিকপকে, শহরাচার্য ক্রলা-সূত্রের উদ্দেশা বিকৃত্ত করেছিলেন, করেন তার একটি বিশেষ অভিপ্রায় ছিল। বৃদ্ধদেব প্রদর্শিত নান্তিকা-বাদের পরিবর্তে তিনি বৈনিক বান স্থাপনা করতে চেমেছিলেন। সমন্ত্র এবং অবস্থার পরিপ্রেক্তিতে এই সবের প্রয়োক্তন ছিল, সুভরাং ভগবান বৃদ্ধ কিবো শন্তরাচার্য কাউকেও দেন্যারোল করা উচিত্র নায়। সমন্ত্রের পরিপ্রেক্তিতে বিভিন্ন নান্তিকদের প্রয়োজনে এই ধরনের ভাষা আনশাক্ষ হয়। নিশ্বার হচ্ছে শ্রীমন্ত্রাগবত প্রবণ ও ভগবস্থান্তি বাতীত বেদান্ত সূত্রের উদ্দেশা প্রথমিয় করা সন্তর নয়। স্তরাং, শ্রীচেতন্য মহপ্রভু পরবর্তী লোকওলির মাধ্যমে পুনরায় এই বিবরের উপর বাবান করছেন।

গ্লোক ৯২

তার সূত্রের অর্থ কোন জীব নাহি জানে। অতএব আপনে সূত্রার্থ করিয়াছে ব্যাখ্যানে ॥ ৯২ ॥ জোকার্থ

"বেদাস্ত-সূত্রের কর্থ হলেরগম করা সাধারণ জীবের পক্ষে অত্যন্ত দুংসাধ্য, কিন্তু শ্রীণ ব্যাসদের অহৈতুকী কৃপার স্থাধ্যয়ে, নিজেই তার অর্থ ব্যাখ্যা করেছেন

গোক ৯৩

ষেই সূত্রকর্তা, সে যদি করয়ে ব্যাখান । তবে সূত্রের মূল অর্থ লোকের হয় জ্ঞান ॥ ৯৩ ॥ শ্লোকার্থ

"যদি বেদাপ্ত-স্ত্রের প্রদেশ্র স্থাসনের স্বয়ং ভার ব্যাখ্যা করেন, ভর্বেই সূত্রের মূল কর্ম সাধারণ লোকের পক্ষে হৃদয়ক্ষম করা সম্ভব।

(होक ने8

প্রণবের ষেই অর্থ, গায়ত্রীতে সেই হয় ৷ সেই অর্থ চতুঃশ্লোকীতে বিবরিয়া কয় ৷ ৯৪ ৷৷

ক্লোকার্থ

শ্রণবের অর্থ গার্মনী মন্ত্রে বর্তমান। সেই একই অর্থ চতুংগ্লোকী শ্রীমন্ত্রগবতে বিশ্বদভাবে ব্যাপা করা হয়েছে।

(朝年 505]

শ্লোক ৯৫

একারে ঈশ্বর চতুরশ্রোকী যে কহিলা। একা নারদে সেই উপদেশ কৈলা ॥ ৯৫ ॥ শ্রোকার্থ

"পরম পুরুষ ভগবান যে চতুঃল্লোকী শ্রীমন্ত্রগরত ব্রন্ধাকে বলেছিলেন, ক্রমা ডা নরেদের নিকট ব্যাখ্যা করেছিলেন।

শ্রোক ৯৬
নারদ সেই অর্থ ব্যাসেরে কহিলা ।
শুনি' বেদব্যাস মনে বিচার করিলা । ৯৬ ॥
লোকার্থ

"প্রস্কু ব্রস্তা যা সার্যমূদিকে বলেছিলেন, তা নার্যমূদি ব্যাসদেবকে বলেছিলেন। সেঁই ব্যাখ্যা ওনে, ব্যাসদেব মনে মধে বিচার করতে লাগুলেন।

শ্লোক ৯৭

"এই অর্থ—আমার স্ত্রের ব্যাখ্যানুরূপ।
'ভাগবত' করিব সূত্রের ভাষাস্থরূপ ॥" ৯৭ ॥
কোকার্থ

"শ্রীল ব্যাসদেব বিবেচনা করকেন ওঁ কারের অর্থ হা তিনি নারদ মুনির কাছ থেকে লাভ করেছিলেন, তিনি তা দিয়ে ব্রহ্ম-সূত্রের ভাষ্য হিসাবে বিশদভাবে শ্রীমন্তাগ্রত রচনা করবেম।

ভাৎপর্য

ওঁ কার শব্দটি হল বৈদিক জানের মূল প্রবারই সকল বেদের মহারাকা বা মূল শব্দ।
মূল শব্দ প্রকারে যে সকল অর্থ নিহিও রয়েছে, সেই একই অর্থ গায়ত্রী মগ্রের মধ্যে
হাদ্যালম করা থায় পুনরায় শ্রীমন্তাগরত চতুঃশ্লোকীর মধ্যে, যা অহং এবাসম্ এবাশ্রে
দিয়ে আরম্ভ সেই একই অর্থ নিহিও রয়েছে জনবান বলেন, "সৃষ্টির পূর্বে কেবল আমিই
বর্তমান ছিলাম।" এই শ্লোক থেকে চতুঃশ্লোকীর উদ্বেশ্য প্রকৃ ব্রন্থাকে শুভে করাকো।
প্রকার প্রকৃ ব্রন্থা নারদমূলির স্মীপে ব্যাখা কর্মেন এবং নারদমূলি তা শ্রীল ব্যাসদেবের
সমীপে বর্ণনা কর্মেন ইংগকে বলা হয় প্রশ্পরা প্রকৃতি। নৈদিক জ্লানের ভাবপর্য
থা মূল শব্দ শ্রণব' শ্রীমন্তাগ্রতে ব্যাখ্যা করা হয়েছে। প্রধানসূত্র শ্রীমন্তাগ্রতে ব্যাখ্যা
করা হয়েছে, এটিই চুড়ান্ত সিজান্ত।

শ্লোক ৯৮ চারিবেদ উপনিষদে যত কিছু হয় ৷ তার অর্থ লঞা ব্যাস করিলা সঞ্চয় য় ৯৮ ॥ প্লোকার্থ

শ্ৰীল ব্যাসদেৰ চতুৰ্বৰ ও উপনিষদের সিদ্ধান্ত সকল সংগ্ৰহ করে, বেদান্ত-সূত্রে লিপিবদ্ধ ৰয়শেন।

> শ্লোক ৯৯ যেই সূত্ৰে যেই ঋক্—বিষয়-বচন । ভাগৰতে সেই ঋক্ শ্লোকে নিবদ্ধন ॥ ৯৯ ॥ শ্লোকার্থ

"ৰেদান্ত-সূত্ৰে, বৈদিক কানের উদ্দেশ্য বাখ্যা করা হয়েছে, এবং আঠারো হাজার প্লেকের সাধ্যমে, শ্রীমন্ত্রগবহতে সেই একই উদ্দেশ্য ব্যাখ্যা করা হয়েছে।

(期本 200

অতএৰ ব্রহ্মসূত্রের ভাষ্য—শ্রীভাগবত । ভাগবত-শ্লোক, উপনিষৎ করে 'এক' মত ॥ ১০০ ॥ শ্লোকার্ক

"লেওএৰ ব্ৰহ্ম-সূত্ৰের ভয়ে হল শ্রীমন্তাগৰত ভাগৰত-শ্লোক ও উপনিবদের উদ্দেশ্য একট।

(制本 202

আত্মবাস্যমিদং বিশং যং কিঞ্চিজ্জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভূঞ্জীথা না গৃধঃ কস্যস্থিদ্ধনম্ ॥ ১০১ ॥

আৰু আৰাস্যয়্— প্রথাধান শক্তির প্রসারণ, যিনি পরম পুরুষ ওগধান, ইদয়্ —এই বিশ্বয়্—ব্রজাণ্ড, যং—সে বা হোক, কিন্ধিং—কিন্তু, প্রগত্যাম্ কিন্ধ মানারে, জগং— চেতন ও অচেতন সনৃহ, তেন—তার ধারা, জ্যাক্তন প্রত্যেকর নির্ধানিত জিনিবের ধারা, ভূপ্তীগা—আপনার জীবন ধারনের জন্য গ্রহণ করা উচিত হা—কখনও না, গৃধঃ—অনবিকার পূর্বক দখন করা, কম্যাসিং –কারোর, শন্য—সম্পান।

অনুবাদ

" 'এই ব্রহ্মাণ্ডের অন্তর্গত চেতন ও অচেতন সমস্ত কিছুরই নিয়ন্তা ও মালিক হলেন ভগবান। সুন্তরাং যা একল্পনের জন্য পৃথকভাবে নির্মান্তিত করা হরেছে, ওশু তাই তার প্রহণ করা উচিত, এবং অনোর জন্য নির্মানিত জিনিয় তার প্রহণ করা উচিত নয় '

(湖南 206)

ভাহপর্য

এই প্লোকটি *শ্রীমন্ত্রগাবন্ড* (৮ ১/১০) থেকে উদ্ধৃত। সামারাদী ও সন্মান্তন্তবাদীর। ভাবের দর্শনের মাধ্যমে প্রচার করে থাকেন যে এই জগতের সমস্ত কিছুর মালিক হলেন জনসাধারণ না রাষ্ট্র। এই ধরনের মন্তবাদ ষথার্থ নয়। খবন এই মন্তবাদকে আরও বিস্তৃত করা ২য়, তখন আমরা দেখতে পাই, সমস্ত কিছুর মথার্থ মালিক হচ্ছেন পরনেশ্বর ভগবান সেইটিই হবে সাম্যবাদী মতবাদের হথার্থ সাফল্য। *শ্রীমন্ত্রাগরতের* পুকুত উদ্দেশ্য এখানে স্পটভাবে ব্যাগ্যা করা হয়েছে পরম পুরুষ ভগরান আমাদের জন্য যা নির্মারিত করে রেখেছেন, তার ধারাই শ্রভোকের সম্ভষ্ট থাকা উচিত। আন্যের নিধারিত জিনিয আমাদের বলপূর্বক অধিকার করা উচিত নয়। এই সহজ গালগাটি আনরা আমাদের প্রতিদিন্দার জীবনে কার্যকরী করতে পারি। সহকার কর্তৃক প্রনত প্রত্যেকেনই কিছু না কিছু থামি রমেছে, এবং প্রত্যেকে কমেকটি গাড়ী পালন করতে পাকেন এই উভয় পত্নার মাধ্যমে একজন তার প্রতিদিনকরে আহার যোগান্ত করতে পারেন। উপরস্ক কানখানায় যদি কিছু উৎপাদিও হয় একজনের জেনে রাখা উচিত, সেই ৯বেন মালিক হলেন পর্যােশ্রর ভগবান, যেহেড় সেই প্রব্যের উপাদানগুলির প্রস্তা হলেন পর্যােশ্রর ভগৰান প্ৰকৃতপক্ষে, কৃত্ৰিম উপায়ে এই ধগনের জিনিয় উৎপাদনের আক্ষাকতা নেই, কিন্তু কেউ যদি তা উৎপাদন কলে, ভাহধে একজনকে বৃষ্ণতে হলে সেই উৎপাদিত প্রবের মাদিক হলেন পরমেশন ভগবান পরমেশর ওপনাত্র প্রম মাদিক্যার সীকৃতিই হল গ্রাথার্থ আন্তর্যাধান সামারাদ সেই সপ্তন্তে ভনবদুর্গীতান (৫/২৯) উল্লেখ করা ২৫:৫২—

> छाकातर रखण्यभगार भर्यरमाकगरस्थातम् । मुस्मार मर्यकृषामार खाक्षा धार गाविमुक्कारि ॥

"কানী নাজিরা আমাকে সমস্ত যন্ত তপসার অধিম উদ্দেশ্য, সমগ্র লোক ও দেবতাদের অধীনার এবং সমস্ত শ্রেণীর জীবের প্রথম সৃহন্দ ও হিতেমী ভেনে, এই রাড় জগতের ক্রেশ থেকে মুক্ত হয়ে প্রম শান্তি লাভ করেন।"

নীসান্তাগৰতে আৰও উল্লেখ কৰা হয়েছে যে কোন কিছু নিজেন সম্পত্তি বলৈ কাৰও আৰী কৰা উচিত নয় যা কিছু মে তাৰ নিজের বলে দাবী করে, তাৰ প্রকৃত মালিক ইলেন কৃষণ। প্রমেশন ভগবান যে পরিমাণ নির্ধানিত করে রেখেছেন, তার দারাই একজনের সম্ভন্ত থাকা উচিত এবং অপরের অধিকৃত সম্পত্তি বলপূর্বক দগল করা উচিত নয়। এই পছবি সমগ্র জগতে শান্তি আনেয়নে সমর্থ।

শ্লোক ১০২

ভাগবতের সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন । চতুঃশ্লোকীতে প্রকট ভার কবিয়াছে লক্ষণ । ১০২ ॥

লোকার্থ

"প্রীসন্তাহ্মবাকের নির্বাস হল—পরমেশ্বর কগবানের সঙ্গে আমাদের সম্বন্ধ, অভিধ্যো এবং প্রয়োজন—যা চতুরকোকী শ্রীমন্তাগবতে প্রকাশিত হয়েছে। ঐ গ্লোকগুলোতে সমস্ত কিছুই ব্যাবায় করা হয়েছে।

গ্ৰোক ১০৩

"আমি—'সম্বন্ধ'গুলু, আমার জ্ঞান-বিজ্ঞান । আমা পাইতে সাধন-ভক্তি 'অভিধেয়'-নাম গ্র ১০৩ ॥ শ্লোকার্থ

শন্তগ্রান কৃষ্ণ বলেন, 'সমন্ত রকম সম্বাচন আমিই কেন্ত্র আমারে জানবার জান এবং সেই জানের যথাবধ প্রয়োগই হল প্রকৃত বিজ্ঞান। সাধন-ভক্তির মাধ্যমে আমাকে লাভ করাকে অভিযান বলা হয়।

ভাৎপর্য

আধান্ত্রিক ভারের তার্থ হল পরম তথকে তিনভাবে, যথা—ব্রহ্ম, পরমাধ্যা ও সর্বশক্তিমান পুরুষোধ্যম ভগবানকাপে জানা সর্বলেয়ে, যখন একজন পুরুষোধ্যম ভগবানের শ্রীপাদপথ্যে আশ্রয় এখন করে উরি সেনায় রও ২য় সেই ফলপ্রস্ কানই হল বিজ্ঞান, বিশেষ জান অধানা আধান্ত্রিক জানের মধ্যর্থ প্রয়োগ জীবনের শ্রমৃত উল্লেশ 'প্রয়োজন" লাভ কনতে হলে, তাকে ভগবানের সেনায় নিযুক্ত খাকতে ২বে ভগবব্রকির মাধ্যমে প্রয়োজন প্রাক্তের অনুশীধনকে অভিবের বিধা হয়।

জোক ১০৪

সাধনের কল—'প্রেম' মূল-প্রয়োজন ৷ সেই প্রেমে পায় জীব আমার 'সেবন' ৷৷ ১০৪ ৷৷ প্রোকার্থ

" ভগৰস্কৃতি অনুশীলনের মধ্যমে, একজন ধীরে দীরে প্রেম-ডক্তির স্থরে উদীত হয়। সেটিই মূল প্রয়োজন। ভগৰানের প্রেম ভক্তি স্থরে একজন ভগবানের মিতা সেবায় মুক্ত হয়।

শ্লৌক ১০৫

জ্ঞানং প্রমণ্ডহাং মে যদিজ্ঞান-সময়িতম্ । স-রহসাং ভদকক পৃহাব গদিতং মরা ॥ ১০৫ ॥

জ্ঞানম্— জান, পরস্থ পরম, ওহাম্—গোপনীয়, মে জ্ঞামার, ঘং—থা, বিজ্ঞান— উপলতি, সময়িতম্ সময়িত, স-রহস্যম্ রহস্যযুক্ত, ডং—তার, অঙ্গম্ অনুপূরক অংশ, চ—এবং, স্বহাণ—গ্রহণ কর, গদিতম্—বলা হয়েছে, ময়া—আমা কর্তৃক।

Stellard.

(湖本 225]

অনুবাদ

" 'যা আমি ডোমাকে বলব, অনুগ্রহপূর্বক তা প্রকা কর, কারণ আমার সহজে দিবা জ্ঞান শুধুমার বিজ্ঞান সম্মুষ্ট নয়, উপরস্ত রহস্যপূর্ণ।

ভাহপর্য

এই লোকটি *দ্রীমন্তাদনত* (২/১/৩১) থেকে উদ্বত।

(制)本 209

এই 'তিন' তন্ত্ব আমি কহিনু ভোমারে । 'জীব' তুমি এই তিন নারিবে জানিবারে ॥ ১০৬ ॥ শ্লোকার্থ

" 'হে ব্রহ্মা, আমি এই সকল তথ্পূর্ণ কথা তোমার নিকট বর্ণমা করন। ভূমি একজন জীন, আমার ব্যাখ্যা ছাড়া, আমার সঙ্গে তোমার যে সম্বন্ধ, অভিখের এবং জীবনের উদ্দেশা—প্রয়োজন তা ভূমি হুদ্দাসম করতে সমর্থ হবে নাঃ

প্রোক ১০৭

থৈছে আমার 'হরপ', বৈছে আমার 'হিতি'। থৈছে আমার ওপ, কর্ম, বভৈত্বর্থ-শক্তি ॥ ১০৭ ॥

শোকার্থ

" আমার সরপে এবং স্থিতি, আমার শুগ, কর্ম এবং বড়ৈম্বর্থ শক্তি আমি ভোমার নিকট ব্যাখ্যা করণ '

শ্লোক ১০৮

আমার কৃপার এই সব ক্ষুক্তক ভোমারে ৷" এত বলিং ভিন তথ্য কহিলা ভাঁহারে ॥ ১০৮ ॥

গ্ৰোকাৰ্থ

"ভগৰান কৃষ্ণ প্ৰায়ু প্ৰক্ষাকে নিশ্চয় করে বললেন, আমার কৃপার প্রভাবে এই সকল তথ্য কোমার নিকট স্ফুরণ হবে।" এই বলে, ভগৰান প্রভু প্রকাব নিকট এই তিন তত্ত্ব বলতে আরম্ভ করলেন।

হৌক ১০৯

বাবানহং যথা-ভাবো যদ্রপগুণকর্মক: । তথৈৰ ভত্তবিজ্ঞানমন্ত্র তে মদনুগ্রহাৎ ॥ ১০৯ ॥ যাবান্—আমার নিতা রূপের মতো, অহুম্—আমি, যথা—ফেডাবে, ডাবং—দিব, অভিত, মং—না কিছু, রূপ—বিবিধ রূপ এবং বর্গ, গুণ—গুণাবলী, কর্মকঃ—ব্রিমাকলাপ, তথা এব—ঠিক সেতাবে, তত্ত্ব-বিজ্ঞানম্—তথা-বিজ্ঞান, অঞ্জ হোক, তে—তোমার, মং—আমার; অনুপ্রহাৎ—অহৈতুকী কৃপার লগা।

অনুবাদ

" 'আমার অহৈতুকী কৃপার প্রভাবে, আমার বরূপ, আমার লক্ষণ, আমার রূপ, ওণ ও শীলা বে প্রকার, সে সকল তত্ত্ববিজ্ঞান ভূমি প্রাপ্ত হও।

তাংপর্ঘ

এই মোকটি *শ্রীমস্তাগরত* (২/৯/৩২) পেকে উদ্বত। বিশেষ বিশ্লেষণ আদিলীলায় প্রথম পরিখেনের ৫২ মোক মন্টবা।

গ্লোক ১১০

সৃষ্টির পূর্বে বড়েশ্বর্যপূর্ণ আমি ত' হইলে।
'প্রকল্প', 'প্রকৃতি', 'পুরুষ' আমাতেই লনে ॥ ১১০ ॥
গোকার্থ

ভগ্গবান বললেন, "সৃষ্টির পূর্বে আমি ছিলাম, এবং প্রপঞ্চ, প্রকৃতি ও জীব সকল আমাতে বর্তমান ছিল।

(関本 222

সৃষ্টি করি' ভার মধ্যে আমি প্রবেশিয়ে । প্রপঞ্চ যে দেখ সব, সেহ আমি ইইরে ॥ ১১১ ॥ গ্রেকার্থ

" এই প্রলক্ষসন জন্নৎ সৃষ্টি করার পর, আমি নিজে তাই মধ্যে প্রবেশ করি এই যে প্রলক্ষমন জন্মৎ দেখতে পাত্ত, আ আমার শক্তিরই প্রসারণ

> শ্লোক ১১২ প্রলব্ধে অবশিষ্ট আমি 'পূর্ণ' ইইছে । প্রাকত প্রপঞ্চ পায় আমাতেই লয়ে ॥ ১১২ ॥

> > শ্লোকার্থ

"যখন সমগ্র ব্রহ্মাণ্ড প্রনয় হয়, তখনও আমি পূর্ণরূপে বর্তমান থাকি, এবং তখন এই প্রাকৃত প্রপঞ্চ সকল আসাতেই লয় প্রাপ্ত হয়।

8506: 32: 3/4e

ಶಿಕಿಕಿಕ

यश २८

য়োক ১১৩

অহমেৰাসমেৰাগ্ৰে নান্যদ্ধৎ সদসংপরম ৷ পশ্চাদহং যদেতক যোহবশিয়েত সোহস্মহম ৷ ১১৩ ৷

অহম্—আমি প্রমেশ্র ভগবান, এব—ত্রপ্টে, আসম্—স্থিত ছিল, এব—কেগলয়াত্র, व्यद्ध-भृष्ठित भृत्ने, म-कभनदे नय, व्यनार, वाना या किन्, यर-वा, मर-किना, অসং—কারণ, পরম—পরম, পশ্চাৎ আন্তে, অহম—আমি, পরমেশর ভগবনে, বং— যা এতৎ—এই সৃষ্টি: ১—ও: খঃ—খিনি অৰশিক্ষাত—তংশিষ্ট খাকে, সঃ—ে: অন্ধি— হই, **অহম**—আমি প্রয়েশ্যর ভগবান।

" 'সৃষ্টির পূর্বে কেবল আমি ছিলাম এবং সং, অসং অনির্বচনীয় নিবিশেষ ব্রহ্ম পর্যন্ত কোনকিছুরই অন্তিত্ব ছিল না সৃষ্টির পরে এ সমুদর বরূপে আনিই বিরাজ করি এবং প্রলয়ের পর কেবল আমিই অবশিষ্ট খাকব।

তাংপৰ্ম

এই রোকটি জীমন্তাগরত (২/৯/৩৩) থেকে উদ্ধৃত। চড়ংশ্লোকীর এটি প্রথম শ্লোক। বিশেষ বিশ্লেষণ অধিনীলার প্রথম পরিচেনের ৫৩ জ্যেকে দ্রাইবা।

(到)年 228

"অহমেব"-শ্লোকে 'অহম'—ভিনবার । পূর্বৈশ্বর্ব জীবিগ্রহ-স্থিতির নির্ধার 🛮 ১১৪ 🛚

" 'প্লোকটিন প্রারম্ভে রয়েছে "অহম্ এব", 'এখানে "অহম্" শক্ষটির উপরে তিনবার জ্ঞার দেওয়া হয়েছে প্রথমে রয়েছে "অহম এব" খব সকল। ছিতীয় সারিতে রয়েছে "পশ্চাদ্ অহম্" শব্দ সকল। সর্বশেষে রয়েছে "সোহস্মি অহম্" শব্দ সকল। দিব্য शुक्रम छिनि त्य वरेज्यर्थशूर्न जा अथात्न निर्धारिक क्रास्ट्।

(आबि ५)४

যে 'বিগ্রহ' নাহি মানে, 'নিরাকার' মানে ৷ তারে তিরস্করিবারে করিলা নির্ধারণে 🛚 ১১৫ 🗈

" 'মামাবাদীরা পুরুষোত্তম ভগবানের স্বরূপকে স্বীকার করে না। এই স্লোকে পরসেক্স ভগবানের উপর জোর দেওয়া হয়েছে, যাভে ভারা প্রভাবিত হয়ে ভগবানকে স্বীকার করার প্রয়োজনীয়তা উপলব্ধি করতে পারে। সেই কারণে "অহম্" শব্দটি তিননার উল্লেখ

করা হয়েছে। কোন কিছুকে গুরুত্ব আরোপ করার জন্য, একজন ডা তিনবার পুনরাবৃত্তি करता.

(関 2) 2を

এই সৰ শব্দে হয়--'জ্ঞান'-'বিজ্ঞান' বিবেক । ্মায়া-কার্য, মায়া হৈছে আমি--ব্যতিরেক ॥ ১১৬ ॥ শ্লেকার্থ

" 'প্রকৃত জ্ঞান ও বিজ্ঞান এই সকল শব্দের মাধ্যমে বিচার করা হয়। যদিও যায়। শক্তি আমা হতে উত্তৰ, তথাপি আমি তার বেকে পৃথক।

শ্রোক ১১৭

বৈছে সূর্যের স্থানে ভাসঙ্গে 'আভাস'। সূর্য বিনা খতন্ত তার না হয় প্রকাশ ॥ ১১৭ ॥ শ্ৰোকাৰ্থ

" কখনও সুর্যের প্রতিবিদ্ধ সূর্যের স্থানে দৃষ্ট হয়, কিন্তু সূর্য বিনা তার প্রকাশ স্বতন্ত্র नटक्।

> त्यांक ३३४ মায়াতীত হৈলে হয় আমার 'অনুভব'। এই 'সমূদ্ধ'-ভদ্ধ কহিলুঁ, শুন আৰু সব ॥ ১১৮ ॥

" 'বখন কেউ সায়াজীত হয়, তখন সে আমাকে অনুভব করতে পারে। এই উপলব্ধি इरक् अतरम्बत क्याबारनत महत्र अककरमत मन्भार्कत मृत मृत अधम धाँदै विधानत উপর স্থারত বর্ণনা করছি, তা ওল।

তাৎপূৰ্য

প্রকৃত আধান্ত্রিক জান জনুমোদিও শাস্ত্র থেকে লাভ করতে হয় । এই জান লাঞ্ছের পর, একজন তার প্রকৃত আব্যাদ্ধিক শ্রীবন উপলব্ধি করতে ওঞ করে। মলোধর্ম প্রস্ত যে কোন জ্ঞানই অসম্পূর্ণ। একজনকে অবশাই পরম্পরার মাধ্যমে এবং ওকর কাছ थ्यक् बर्चे पिता स्वान अरमार्थे नाम कराज द्वा । जा भी श्रम रम विवास द्वारा श्रीतरभाष একজন মান্নবাদীতে পরিণত হবে। যখন কেউ অত্যন্ত পৃখ্যানুপুথাভাবে গভীর চিয়ে করে, তথ্যই সে একমাত্র পরম ভত্তের স্বরূপ হৃদয়প্তম কবতে পারে পুরুষ্যেন্ডম ভর্গবান এই প্রপথমের জগতের উত্তর্ম। *নারায়শঃ পরোহব্যক্তাং*— পুরুষোত্তম ভগবান নারায়ণ ফ্লেন অপ্রাকত। তিনি এই জড জগতের সৃষ্ট নন। ধর্থার্থ আধ্যান্মিক জ্ঞান ছাড়া, ভগবানের भया २०

(現在 252)

brua

দিনা রূপ সূজনী শক্তির অতীত, তা কেউ হরয়েঙ্গম করতে পারে না। ওমাহরণ শুরুণ राधन सूर्य व सुर्हात कित्र । सुर्हात कित्रम सूर्य मध्, किन्न उदानि सुर्हात कित्रम सूर्य থেকে ভিন্ন নম। যে সম্পূর্ণরূপে ভগবানের বহিবহা মায়। শক্তির ঘর। প্রভাবিত, সে তাচিন্তা ভেদাত্তেদ-তথ্যের দর্শন খেলপংভাবে এক এবং ভিন্ন) হাদ্যাসম করতে পারে না থকে, সে মানা শক্তির দ্বারা আচ্চাদিত হয়ে, পরমতারের ব্যক্তিরের প্রকৃতি ও করুপ क्रमध्यम् करास्य शास्त्र मा।

(当年 222 খতেহৰ্ষঃ বং প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি । তদ্বিদ্যাদাত্মনো মারাং বথাভাসো যথা তমঃ 1 ১১৯ ম

ষাতে—বার্ত্তীত; অর্থম—অর্থ: যৎ— যা; প্রজীয়েত— প্রতীয়মান হয়; ন—।।, প্রতীয়েত— প্রতীয়মান হয়, চ—অবশাই, আত্মনি—আমার সম্পর্কে সম্পর্কিত: তৎ—সেই, বিদ্যাৎ— ডোনার অবশাই জানা উচিত, আখান।—আমার, মানাম্—মায়াশতি, নথা—ঠিক যেন।, আন্তাসঃ—আভাস, যথা—ঠিক ফেন্স, তথ্য—অর্থনার।

व्यतयाम

" 'আমি ব্যক্তীত যা সভ্য বলে প্রতীয়মান হয়, ডা হচ্ছে আমার মায়াশক্তি: কেননা আমি ব্যতীত কোনকিছুরই অন্তিত্ব ধাকতে পারে ন। এটি ঠিক প্রতীয়মান প্রকৃত আলোকের প্রতিফলনের মডো, কেননা আলোকে ছারাও নেই, প্রতিবিশ্বও নেই।

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্ত্রাগরত (২/১/৩৪) থেকে উদ্বত। এটি চতু:লোফীর দিনীয় শ্লোক। বিশেষ বিশ্লেষণ আদিলীলায় প্রথম পরিষ্ণেদের ৫৪ জেন্ট প্রষ্টবা।

(明本 250

'অভিধেয়' সাধনভক্তির ওনহ বিচার । সর্ব-জন-দেশ-কাল-দশতে ব্যাপ্তি যার 🛚 ১২০ 🗈

লোকার্থ

" 'এখন অনুগ্রহ করে, আমার নিকট 'অভিধেয়' দাধনভক্তির কথা প্রবণ করু, যা সকল भौज, स्मन, काल व्यवर खक्श्रुय गांश ३८३ इरव्रहरू।

তাৎপর্য

সমগ্র দেশের সমগ্র জনসাধারদের নিকট সর্ব অবস্থায় এই ভাগবত ধর্ম প্রচার হতে পারে। তথাক্ষিত হিন্দুধর্মের কঠোরতা বিনম্ভ করছে, এই মনে করে অনেক ঈর্ধাপনারণ বাকিরা কৃষ্ণভাবনামূত আন্দোলনের উপর দোষারোগ করে খাকে। তা প্রকৃতপক্ষে সত্য নয়। শ্রীচৈতনা মহাপ্রভু জোর দিয়ে বলেছেন যে, ভগবগুক্তি বা ভাগবত ধর্ম, যা হরেকৃঞ্চ

সংগঠনের মাখ্যমে প্রচারিত হক্তে—তা প্রতি দেশে, প্রতি জনের নিকট এবং জীবনের যে কোন অবস্থায় প্রচার হতে পারে। ভাগবত-ধর্ম ওগুমাত্র হিন্দু সমাজের ওম ভাজদের মধোই সীমাবদ্ধ নর। গুছ ভক্ত রাক্ষণের থেকেও উন্নত স্তরে অধিষ্ঠিত, তাই ইউরোপ আর্মেকিনা, অস্ট্রেলিয়া, জাপান, কানাডা ইত্যাদি দেশের ডঙেনের মজ্ঞ উপবীত প্রদান করা অনঙ্গত নয়। কখনও কখনও এই সমস্ত ওদ্ধ ভক্তদের, যানের প্রীচৈওন মহাপ্রভ দ্বীকার করেছেন, তাদের ভারতের কোন কোন মন্দিরে প্রবেশ করতে দেওয়া হয় না কোন কোন বর্ণাভিসানী ব্রাহ্মণ এবং গোস্বামীরা আগুর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংখ্যের মন্দিরের প্রদাদ প্রথণ করতে অস্বীকার করেন , প্রকৃতপক্ষে এই অচেনদ শ্রীচৈতনা মহাপ্রভূর শিক্ষার অনুকুল নয়। পৃথিবীর যে কোন দেশের, যে কোন জাতির এবং যে কোন বর্ণের মানুষ ভগবানের ভস্ত ২তে পারেন। এই মোধের ভিত্তিতে, ছীদৈতনা মহাপ্রভন অনুগত ভন্তকে, ভা তিনি পুথিবীয় যে কোন প্রান্ত থেকে আসুন না কেন, তদ্ধ বৈখণ বলে স্বীকার করা কর্তন। তামের ক্রিমভাবে স্বীকরে না করে যথায়খভাবে স্বীকান করা কর্তন্য সকলেরই বিচার করে দেখা উচিত তরো কুমচভাজিন মার্লে কত উন্নতি সাধন করেছেন, কত নিষ্ঠাভনে দ্রীনিগ্রহের আরাধন্য করছেন, সংকীর্তন করছেন এবং রহযাত্রা ঝাদি মহোৎসব উদ্ধাপন করভেন তা বিচার করে ঈর্যাপরায়ণ বাভিদের বর্বর দৃদ্ধার্থ থেকে বিরত হওয়া উচিত।

(शांक ३३) 'ধর্মাদি' বিষয়ে বৈছে এ 'চারি' বিচার ৷ সাধন-ভক্তি-এই চারি বিচারের পার ৫ ১২১ ॥

" 'ধর্ম-মানি বিষয়ে যেমন এই চারটি (দেশ কাল, পাত্র এবং পরিস্থিডি) বিষয়ের বিচার রয়েছে, ভগবভুজিতে ভেমন বিচারের অবকাশ নেই অগবভুজি এই সমস্ত বিচারের অভীত।

<u>ভাংপর্ঘ</u>

তত তত্তে বিভিন্ন প্রকার ধর্ম রয়েছে—ছিন্দু ধর্ম প্রিস্টান ধর্ম, মুসলসান ধর্ম বৌদ্ধ ধর্ম, উত্যাদি। এই সমস্ত ধর্ম কোন বিশেষ দেশে, বিশেষ পর্বিশ্বিডিতে, বিশেষ ব্যক্তিদের শ্রন্য প্রবর্তিত হরেছিল। তার ফলে এই সমস্ত ধর্মের মধ্যে বিভেদ রয়েছে। খ্রিস্টান বর্ম হিশু ধর্ম থেকে ভিন্ন: হিন্দু ধর্ম মুসলমান ধর্ম থেকে ভিন্ন, মুসলমান ধর্ম বৌদ্ধ ধর্ম থেকে ভিন্ন। এই সমস্ত বিচার জড় স্তারের বিচাব, কিন্তু কেউ যখন চিশায় ভগবস্তুজির ন্তব্ৰে উল্লীত হন, তখন এই ধননের কোন বিচাধের অবকাশ থাকে না। ওগবানের অপ্রাকৃত ভঙ্জি (সাধ্যা ভক্তি) এই সমগু বিচারের অতীত সারা পৃথিবী আৰু ধর্মের ঐক্য সাধ্যম উদগ্রীর। অগ্রাকৃত ভগবস্তুক্তি সম্পদ্দনের মাধ্যমে তা সম্ভব সেটি ঐটৈতন্য মহাপ্রতুর

(회학 23년]

মত। কেউ যখন কৈঞাৰ হন, তখন তিনি সমস্ত সংকীৰ্পতাৰ অক্টাত হন। ভগৰদ্গীতার (১৪/২৬) ডা প্রতিপল হয়েছে—

मार ४ त्यार गांविठाताम कक्तित्यातान तमनतः । म २९१म् मध्योरेखाङाम् उत्तरकृषात्र मण्डातः ॥

"কেউ মখন পূর্ণ উজিযোগে ভগনানের সেনায় ফুক্ত হন, এখন তিনি জড়া প্রকৃতির সমস্ত ওদের অতীত হয়ে রামাড়ত অবস্থা প্রাপ্ত হন।"

কৃষ্যভাবনামৃত আন্দোলনের ভক্তিমূলক কার্যকলাপ সমস্ত ক্ষড় বিচারের ওওীত।
বিভিন্ন ধর্ম-বিশ্বাস অনুসারে ধর্মের পন্থা ভিন্ন ভিন্ন হতে পারে, কিন্তু দ্বিমান ভরে ভাবস্থাতি
সম্পাদন করার কেরে সকলের সমান অধিকার। সেইটিই প্রকৃত সামারার এবং কর্ব
বিশ্বীম সমাজের মথার্থ ভিত্তি প্রীল ভান্তি-বিলোদ ঠাকুর ওঁলে অমৃত-প্রবাহ ভাবের
বলেছেন—একজনলে ওকর লাছ থেকে ধর্ম, অর্থ, কাম ও মোক—এই চারটি ওও শিক্তা
প্রহণ করা উচিত জীবনকে নিমন্ত্রণ করার স্কর্নাই এই চারটি বিজ্ঞান, কিন্তু এওলি ভড়
স্করের অধীন ভান বিজ্ঞান, কদম্য ও ভদ্রহস্যা এই চারটি বিদ্যা দিবর প্রবার। কিন্তু
এই স্থাল প্রস্তার এই যে, ধর্মাদি চারটি বিবয়—সামান্য সংসার-শীতির অন্তর্গত। এই
তাত্বিক চারটির (ক্যানাদি) বিচার ভেত্রন নয়, তাত্তিক চারটির মধ্যে প্রাথমিক যে সাধন
ভক্তি, তাও ধর্মানি চারটি ওব্রের উপর বা প্রস্তা। এই বার্ম বর্ম অনুষ্ঠানকে বলা হয় স্মাঠবিদি, কিন্তু তাপ্রাকৃত ভগরন্থতিকে বলা হয় গোলামী বিদি। দুর্ভাগরেলত তথাকতিত
সমস্ত গোলামীর স্মার্ত বিদিধ অনুগামী, অথচ তামের নিজ্ঞানে গোলামী বালে প্রচার
করার চেন্তা করে। এইভারে তালা মানুমকে প্রভারবা করছে প্রিল সনাতন গোলামীর
হারিভালিবিলাস প্রস্তুধ্ব গোলামী বিদি মথামথভাবে বিপ্রেমণ করা হয়েছে সেখানে। উর্বেশ
করা হয়েছে—

यथा काध्यनजार काजि कारमार तम-विश्वनज्ञः । जथा कीथा-दिवात्तन विश्वज्ञर क्षामार्ट्ड नृपाम् ॥

এর্থাৎ, ভগপদ্ধন্তির অনুষ্ঠানে ভাতি, ধর্ম, স্থান, কাল নির্বিশেষে সকলেনই অধিকার নয়েছে। সেই বিচারের ভিত্তিতে কৃষ্ণভাষনামৃত আধ্যোজন সম্পাদিত হচ্ছে।

শ্লৌক ১২২

সর্ব দেশ কাল-দশায় জনের কর্তব্য ৷ ওরু-পাশে সেই ভক্তি প্রস্তব্য, শ্রোতব্য ৷৷ ১২২ ॥ গ্রোকার্য

" তাঁই সমস্ত দেশের, সমস্ত কালের, সমস্ত অবস্থায় প্রতিটি মানুসের কর্তব্য সদ্ধ্যকর শরণাগত হয়ে সেই ভক্তি সমন্তে প্রশা করা এবং নিটা সহকারে প্রবণ করা। প্লোক ১২৩

এতাবদেৰ জিপ্তাস্থ তত্ত্তিজ্ঞাসুনাদ্মনঃ । অনুয়-ব্যতিক্রেকাড্যাং যথ স্যাথ সর্বত্র সর্বদা ॥ ১২৩ ॥

এডাৰং –এই পর্যন্ত, এব—এবশাই, জিজ্ঞাসাম্ জিজ্ঞাস্য, তত্ত্ব পরম ৬৫৫র, জিজ্ঞাসুনা জিজ্ঞাসুর ধারা, আত্মনঃ—এথারে, অধ্যক্ষ-প্রত্যক্ষভাবে, ব্যতিরেকাভ্যাম্ -এবং পরোক্ষভাবে, বং—ন্যা, স্যাৎ—বিদামান থাকে, সর্বশ্ধ—সর্বত্ত, সর্বদা—সর্বদ

অনুবাদ

" 'তত্ত্বভাগ লাভে আগ্রহী বাজিকে তাই সর্বব্যাপ্ত সত্তাকে জানার জন্য সর্বদা প্রত্যক্ষ এবং পরোক্ষতাবে অনুসন্ধান করতে হবে।

ভাৎপর্য

এই স্মোকটি শ্রীমন্তাগরত (২/৯/৩৬) থেকে উদ্বত। এই প্লোকটি চতুঃশ্লোকীর চতুর্থ শ্লোক। এই শ্লোকটির বিশাদ বিয়োমণ আদিলীলার প্রথম পরিশ্লেদের ৫৬ গ্লোকে মন্ট্রীয়।

() 本 3 2 8

আমাতে বে 'প্রীতি', সেই 'প্রেম'—'প্রমোজন'। কার্যথারে কহি তার 'শ্বরূপ'-লক্ষণ গ্ল ১২৪ ॥

" 'আধার প্রতি যে প্রীতি, সেই প্রেম স্কীবনের চরম প্রয়োজন। ব্যবহারিক দৃষ্টান্তের দ্বারা অন্ত্রে জার স্বরূপ লক্ষ্যে বিশ্লেষণ করছি

গ্রোক ১২৫

গঞ্চভূত নৈছে ভূতের ভিতরে-বাহিরে । ভক্তগণে স্ফুরি আমি বাহিরে-সম্ভরে ॥ ১২৫ ॥ খোকার্থ

" 'পজতৃত ধ্যেন প্রাক্টিদের ভিতরে এবং বাঁইরে অবস্থিত, তেমনীই আমি ভক্তদের ভিতরে ও বাইরে স্ফর্তি প্রাপ্ত ইই।

ভাহপর্য

ওশ্বভক্ত জানেন ধে তিনি কৃষ্ণের নিড্যদাস। তিনি শ্রামেন যে সব কিছুই শ্রীকৃশের মেনায় ব্যবহার করা যায়।

গ্রোক ১২৬

যথা মহান্তি ভূতানি ভূতেষ্চ্চাবচেমূনু । প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেবু ন তেবৃহষ্ ॥ ১২৬ ॥

[0076 中河(1)

যগা—বেমন মহান্তি -মহা, ভূতানি উপাদান সমূহ, ভূতেকু প্রাণী সমূহে, উচ্চ-অবচেযু—মহং এবং ফুদ্র উভয়, অনু পরবতী, প্রবিষ্টানি—ভিতরে প্রবিষ্ট বা অভান্থিত, অপ্রবিষ্টানি—বাইরে প্রবিষ্ট বা বহিঃভূতি, ভলা তেমন; ভেকু—তাদের মধ্যে, ন—নঃ, ভেকু—ভাদের মধ্যে, অহমূ—আমি

অনুবাদ

''জড় জগতের উপাদান বা মহাভূতসমূহ ফেমন সমস্ত প্রাণীর ভিতরে প্রবিষ্ট হয়েও নাইরে অপ্রবিষ্টিরূপে স্বতন্ত্র বর্তমান বাকে, ভেমনি আমিও সমস্ত জড় সৃষ্টির মধ্যে প্রবিষ্ট হয়েও তার মধ্যে অবস্থিত মই।

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাগরত (২ ৯,৩৫) থেকে উদ্ধৃত। এটি চতুংলোকীৰ তৃতীয় লোক। এই লোকটির বিশাদ বিশ্লেষণ আদিলীলার প্রথম পরিচেধের ৫৫ গ্রেকে ভটবা।

শ্লোক ১২৭

ভক্ত আমা প্রেমে বাদিয়াছে হাদয়-ভিতরে । থাঁহা দেত্র পড়ে তাঁহা দেখয়ে আমারে ॥ ১২৭ ॥ শ্রেহার্থ

" ভিক্ত আমাকে তার হাদরে প্রেমের বন্ধনে বেলৈ রেখেছে। যেখানেই তার নেত্র পড়ে সেখানেই সে আমাকে দর্শন করে।

শ্রোক ১২৮
বিস্কৃতি হাদরং ন যাস্য সাক্ষাকরিরকশাভিহিতোহপান্টোমনাশঃ ৷
প্রণায়রসন্মা ধৃতান্ত্রিপদ্মঃ
স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ৷৷ ১২৮ ৷৷

বিস্কৃতি—পরিত্যাগ করা, ক্ষমম্—হাদয়, ২—মা, মসা—খার, সাক্ষাৎ—সরাসরিভাবে, হরিঃ—পরসম্ব ভগবান, অবশ-অভিহিতঃ—মিনি স্বাভাবিকভাবে মহিমান্বিত, অপি—
মানিও, অসৌম নালঃ—ভত্তের সমস্ত অমসল বিনাশকরী, প্রথম-ক্রসনয়া—প্রণানক রাজুর ধারা, গৃত-অন্তি পালঃ—মার পালপদ্ম বদ্ধনে আবদ্ধ, মঃ—সেই ভক্তে, ভবতি—হা, ভাগবত প্রধানঃ—সর্বশ্রেষ্ঠ ভক্তঃ উক্তঃ—কর হয়।

অনুবাদ

"সর্বপাপ বিনাশক হরি, যিনি তাঁর ভাক্তের সমস্ত অমঙ্গল বিন্যুপ করেন, তাঁর ভাক্ত যদি অবশ হরেও তাঁকে শারণ করেন, তাহকেও তিনি ভাক্তের ক্রদয় পরিত্যাগ করেন না। কেননা সেই ভক্ত প্রশন্ন রক্তুর ছারা ভার হৃদক্ষে তার প্রীপাদপদ্ম বেঁধে রেখেছেন। সেই ভক্তই ভাগৰত প্রধান।

ভাংপর্য

এই ল্লোকটি শ্রীমন্ত্রগরত (১১/২/৫৫) থেকে উত্বত।

প্রোক ১২৯

সর্বভূতেরু যঃ পশোজগবস্তাবমাত্মনঃ । ভূতানি ভগবত্যাত্মন্যের ভাগবত্যাত্তমঃ ॥ ১২৯ ॥

সর্ব-কৃষ্ণেয় — চেতন এবং অচেতন সমস্ত বস্তুতে যঃ—যিনি, প্রশোষ—দর্শন করেন, জনবং-আবম্—ভগরানের সেবায় যুক্ত হওয়ার খোলাতা, আত্মন:—জড়াতীত অগ্লাক্ত তবু, কৃষ্ণানি—সমস্ত জীব, ক্ষপবন্তি—পুরুষোদ্ধম ভগবানেতে আত্মনি—সমস্ত অভিয়েষ মুলতত্ত্ব, এবঃ—এই, ভাগবত্তক্তমঃ—উত্তম ভাগবত্তক

অনুবাদ

" 'যিনি ভাগনতোত্তম, তিনি সর্বভূতে আত্মানও আত্মায়কণ ভগবান শ্রীকৃনাকেই দেখেন এবং আত্মান আত্মায়কণ শ্রীকৃষ্ণে সমস্ত শ্রীবকে দেখেন।

ভাৎপর্য

ূর্ব লোকটি *শ্রীমন্তাপবত* (১১/২/৪৫) থেকে উদ্বন্ত।

শ্লোক ১৩০

গায়ন্ত উলৈত্ৰমূমেৰ সংহতাঃ বিচিক্যুক্ত্মণ্ডকৰন্ধনম্ ৷ পপ্ৰজ্বাকাশবদন্তৰং বহি-ভূতেৰু সন্তঃ পুৰুষং বনস্পতীন্ ৷৷ ১৩০ ॥

পারপ্তঃ—গান করতে করতে উত্তৈঃ—উত্তির্গরে, অমুম্—সেই জীকৃষ্ণ, এব—অবশাই, সহেতাঃ—সমনেত হয়ে, বিচিকুাঃ—প্রজিলান, উত্যতক-বং—উথান্তের মতো, বনাং কনম্ কন থেকে নরস্তির, পশুক্তুঃ—ভিজ্ঞানা করেছিলেন আকাশ বং—আকাশের মতো, অন্তর্ম —অভরে, বহিঃ—বাইরে, ভৃতেম্—সমস্ত জীবের, সন্তম্—বর্তমান প্রমাম পরম প্রমা, বনস্পতীন—সমস্ত বৃষ্ণ শতাদের।

অনুবাদ

"গোপীনা একৰে মিলিড হয়ে উচ্চৈঃয়রে শ্রীকৃষ্ণের গুণ-গান করতে করতে উন্মন্তের যতো এক বন থেকে অন্য বনে অয়েবণ করতে লাগলেন এবং আকাশের মতো সর্বকৃতের বাইরে ও অন্তরে অবস্থিত সেই পরম প্রুম কৃষ্ণের বিষয়ে বনস্পতিদের কাছে জিশ্রামা করতে লাগলেন।" **699**

भिया २०

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাগবত (১০/৩০/৪) গেকে উদ্ধৃত। বাসস্থলী গেকে শ্রীকৃষ্ণ হঠাৎ শ্রীনাধার মঙ্গে অন্তর্হিত হওমায় কৃষ্ণগত চিন্তা কৃষ্ণমন্ত্রীগোলীগদ কৃষ্ণের বিনিধ মহিমা অনুকরণ কবতে করতে বিরহ সমপ্তা হয়ে ইতন্তত তাঁর অন্বেমণ করেছিলেন। শ্রীন গুক্দের গোন্তামী তা পরীক্ষিত মহারাজের কাছে কর্না করেছেন।

শ্লোক ১৩১

অতএব ভাগৰতে এই 'তিন' কয় । সমন্দ-অভিধেয়-প্রয়োজন-ময় ॥ ১৩১ ॥

ব্যোকার্থ

শ্রীটেতন্য মহাপ্রাড় জারও বললেন, "ডগবানের সঙ্গে জীবের সম্বন্ধ, এই সম্পর্ক স্থাপনের উপায় ভগবন্তজ্ঞির পছা (অভিধেয়) এবং জীবনের পরম উদ্দেশ্য (প্রয়োজন), ভগবং-প্রেম, এই তিনটি বিষয় শ্রীসন্তাগবড়ে বর্ণিত হয়েছে।

শ্লোক ১৩২

বদন্তি ভত্তত্বনিদন্তত্বং বজ্জানমধ্যম ৷ ব্ৰেক্তি প্ৰমান্থেতি ভগনানিতি শক্ততে ৷৷ ১৩২ ৷৷

বদন্তি—ভালা বলেন তৎ—ভালে, তত্ত-বিদঃ—ওক্থানীয়া, ভত্যু—পরম ১৫, ঘৎ— মা, জানেয়্—আন, অবয়য—অজিতীয়া ব্রহ্ম ইতি—ক্ষা নামে অভিহিত, প্রমান্তা ইতি— প্রমান্তা নামে অভিহিত ভগরান্ ইতি—ভগরান সামে অভিহিত, শব্দাতে—শব্দিত হয়। অপান, ক্ষতিত হয়।

चनुवास

" 'যা অহম জান, অর্থাৎ এক এবং অবিতীয় বস্তু, জ্ঞানীগণ তাকেই প্রমার্থ বলেন। সেই তথ্যবস্তু ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান---এই ব্রিবিদ সংজ্ঞায় সংজ্ঞিত বা কণিত হন।' তাৎপর্য

এই লোকটি *দ্রীমদ্বাগবত* (১/২/১১) থেকে উদ্বত। এই ছ্যোকটির বিশন বিশ্লেমণ আদিনীসার দ্বিতীয় পরিজেনের ১১ শ্লেকে প্রস্তিবা।

শ্লোক ১৩৩

ভগৰানেক আদেদমগ্ৰ আত্মাঞ্চানাং বিভূঃ ৷ আত্মেহ্বানুগতাৰাখ্যা অনানামত্যুপলক্ষণঃ ৷৷ ১৩৩ ৷৷

ভগরান্ পরমেশ্বর ভগরান, একম—একমাত্র, আম—ছিলেন, ইদম্—এই প্রসাত্য**, আপ্র—** পূর্বে (এই জড় সৃষ্টির পূর্বে), আ**স্থা—**জীবনী দক্তি, **আন্থানাম্** সমস্ত জীবদের, বি**ড়ঃ** —পরমেশন ভগবান, আত্ম ভগবানের, ইচ্ছা—ইচ্ছা, অনুগতৌ—অনুসারে, আত্মা— পরসাত্মা, অনানামতি-উপলক্ষণঃ—বিচিন্ন মতি ব্যক্তিরা ধাঁকে জানতে পারেন না। অনুবাদ

" সৃষ্টির পূর্বে, সৃষ্টির প্রবণতা তাঁর মধ্যে নিহিত ছিল তখন সমস্ত শক্তি এবং সমস্ত সৃষ্টি পরমেশ্বর ভগবানের সহায়ে সংরক্ষিত ছিল ভগবান সর্ব কারণের পরম কারণ তিনি সর্ববাধ্যে এবং স্থাং-সম্পন্ন। সৃষ্টির পূর্বে তিনি অনন্ত বৈকৃষ্ঠ সমন্বিত চিচ্ছণতে ভার চিচ্ছক্তি সহ্ বতমান ছিলেনঃ বিচ্ছির নতি ব্যক্তিনা তাকে জানতে পারে না।

এই লোকটি শ্রীমন্তাগবত (৩/৫/২০) থেকে উদ্বত

লোক ১৩৬

গ্লোক ১৩৪

এতে চাপেকলাঃ পুসেঃ কৃষ্ণস্ত ভগবান্ স্বয়ম্। ইন্দ্রারি-ব্যাকুলং লোকং মৃড্যস্তি যুগে যুগে॥ ১৩৪॥

এতে—এই সমস্তঃ চ—এবং, অংশ—অংশ, ক্ষান্ত অংশের অংশং পুংসঃ— প্রকাবতারদের, কৃষ্যা—ইন্কিয়া, ভু—িক্যা, তগ্রান্—পর্বচেশ্বে ভগরান, স্বান্—পর্যা, ইন্দ্র-অরি—দেবরাজ ইন্দ্রের শক্র, অস্থ্রের, ব্যাকুলম্—পূর্ণ, লোকম্—লোক: নৃত্যান্তি— স্বী করে, দুশে মুখে—প্রতি মুগে।

অনুবাদ

" 'স্থাবানের এই সমস্ত অবতারের। পুরুষাবভারদের অংশ অথবা কলা। কিন্তু শ্রীকৃয। হজেন স্বয়ং প্রমেশ্বর ভগবান। বৃধ্বে যুগে ডিনি অসুরদের অঙ্যাচার থেকে জগতক্ষে রুজা করার জন্য আবিহৃত হুম।'

ভাহপর্য

এই শ্লোকটি *শ্লীমন্তাগৰত* (১/৩/২৮) খেকে উদ্বত এই শ্লোকটির বিশাদ বিশ্লেখণ আদিনীলার দ্বিতীয় পরিক্ষেদের ৬৭ শ্লোকে স্লীবা

শ্লোক ১৩৫

এইত' 'সম্বন্ধ', শুন 'অভিধের' ভক্তি । ভাগৰতে প্রতি-শ্লোকে ব্যাপে যার স্থিতি ।। ১৩৫ ॥ শ্লোকার্থ

"এইটি পরমেশ্বর ভগনানের সঙ্গে জীবের নিতা সম্বন্ধের কম্ব। এখন অভিন্যে তত্ত্বো কর্মস্কৃতি শ্রবণ কর। শ্রীমগ্রাগবতে প্রতিটি গ্লোকে এই দীতি পরিব্যাপ্ত

শ্লোক ১৩৬

ভক্তাহমেকরা গ্রাহ্যঃ শ্রদ্ধান্থা প্রিয়ঃ সতাস্। ভক্তিঃ পুনাতি মরিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥ ১৩৬ ॥ भिषा ५४

ভক্তা'—ভগবন্তুক্তিব ধারা, অব্দ্ -আমি, প্রমেশ্বর ভগবান, একয়া -একারিক, গ্রাহ্যঃ
—সাধ্য, শ্রদ্ধারা -শ্রধাপূর্বক, আত্মা—সবচাইতে প্রিয়, প্রিয়:—সেবা, সচাম্—ভভদের
ধারা, ভক্তিঃ ভক্তি, পুনাতি পবিত্র করে, মং-নিষ্ঠা কেবল আমার পতি নিষ্ঠা-প্রায়ণ,
শ্ব-পাকান্ অত্যন্ত নীচ কুলোস্থত (কৃকুর ভক্ষণকারী মানুবদের), অপি—অবশ্যই,
সন্ত্রবাং—জন্ম এবং অন্যান্য অবস্থাজনিত সমস্ত দোব খেকে।

অনবাদ

" সাধু এবং ভক্তদের অভান্ত প্রিয় আমি, ঐকান্তিক প্রাক্তনিত তক্তির দারাই আমি প্রাপ্ত ইই। আমার প্রতি জীবের নিষ্ঠা বর্ধনকারী দ্রক্তি নীচ-কুলোক্ত মানুবদেরও জন্মনি দোন থেকে পরিক্রাণ করে। অর্থাৎ, ডক্তিদেরণের পদ্ধ অবলম্বন করার সংখ্যমে প্রত্যেকেই চিন্ময় করে উয়িত হতে পারে।"

ভাহপর্য

এই জোকটি *শ্রীমন্ত্রাগবত* (১১/১৪/২১) থেকে উল্কুত।

ক্লোক ১৩৭

ন সাধ্যতি মাং ফোগো ন সাংখ্য ধর্ম উদ্ধন। ন সাধ্যায়ন্তপজ্যাগো যথা ভক্তির্মমোর্জিতা ॥ ১৩৭ ॥

ন—কগনই না, সাধয়তি—সম্ভাষ্ট করার উপায়, মাম্—আমাকে, বোগঃ—ইছিয় সংগনের পাহা; ন—না, সাংখাম্—পরম তত্ত্বে জানার দাশনিক-পরা; ধর্মঃ—বগাল্রম ধর্ম, উদ্ধান হৈ উপাব ন—না, স্বাধ্যারঃ—বেদ অধ্যান, তপঃ—তপশ্চর্মা; ত্যাগঃ—সন্নাসং ধ্যা— যেমন; ভবিদঃ—শ্রেমপূর্ণ সেবা; মধ—আমাকে; উন্ধিতা—বর্ধিত।

<u>जनवा</u>म

[পরমেশর শুগবান প্রীকৃষ্ণ বললেন] " 'হে উদ্ধব, আমার প্রতি প্রবল ভক্তি শেসন আমাকে বলীভূত করতে পারে, অস্টাঙ্গ বোগ, অভেদ ব্রহ্মবাদ রূপ সাংখা-জ্ঞান, বেদ অধ্যয়ন, সবরক্ষ তপসা ও ত্যাগ রূপ সংগ্রাসাদির ছারা আমি সেরক্ষ ব্যথিত্য হট্ট না!'

ভাৎপর্য

এই শ্লোকটি শ্রীমন্তাগবত (১১ ১৪/২০) থেকে উদ্ধৃত এই ল্লোকটির বিশ্বন বিশ্লোমণ আদিলীলার সপ্তাদশ পরিচ্ছেদের ৭৬ গ্লোকে দুটুবা।

> প্লোক ১৩৮ ভয়ং বিভীয়াভিনিবেশতঃ স্যা-দীশাদপেতস্য বিপর্যয়োহস্মতিঃ ।

তত্মারয়াতো বৃধ আভজেতং ভক্তৈকুকরেশং গুরুদেবতাত্মা ॥ ১৩৮ ॥

ভরম্— ৩৪; বিজীয়-অভিনিবেশতঃ— নিজেকে জড়া প্রকৃতিজ্ঞাত বলে মনে করার ভূপ ধারণা থেকে, সাহে—উদিত হয়, ঈশাহ— পরমেশর ভগবান শ্রীকৃষ্ণ থেকে, অপেডসা— ভগবারিমুখ বন্ধ জীবের, বিশর্ষয়ঃ—বিপরীত অবস্থা, অস্কৃতিঃ—ভগবানের সঙ্গে নিতা সম্পর্কের কথা বিশ্বভ হওয়া, তহ-মানায়া প্রমেশর ভগবানের মায়াশতির প্রভাবে, অতঃ
—তাই, বৃষঃ—কৃষ্ণোপুল কৃত্তিমান জীব, আড্রেডহ—ভঙ্কনা বা সেব করা কর্তনা, তম্—তাকে, ভঙ্কাা—ভঙ্জিা ধারা, একয়া—ঐক্তিভিত্তাবে, ঈশাম্—পরমেশ্বর ভগবানকে, ওম্বদ্ধ ভক্তাবের্কার্কা, বেশতা—ভারামা ভগবান, আদ্যা—পরমাধা।

অনুবাদ

" 'জীব বৰন জীকৃষ্ণের বহিরলা লক্তি মারার ধারা আকৃষ্ট হয়, তখন তার 'জন' উপস্থিত হয়। জড়া-প্রকৃতির প্রভাবে পর্মেশ্বর জগবানের থেকে বিচ্ছিয় হয়ে পড়ার ফলে তার স্ফৃতি বিপর্যন্ত হয়। জর্মাৎ, জীকৃষ্ণের নিতা দাস হওয়ার পরিবর্তে সে জীকৃষ্ণের প্রতিযোগী হয়। এই আদ্ভি সংশোধন করার জন্য পণ্ডিত ব্যক্তি পরমেশ্বর ভগবানকে ওরুদ্দেবরূপে, অর্চা-বিপ্রচ্ছেরপে এবং পরমান্তারূপে ভক্তমা করেন।'

ডাৎপর্য

এই শ্লোকটি প্রীমন্তাগবত (১১/২/৩৭) থেকে উদ্ধৃত ।

রোক ১৩৯

এবে শুন, প্রেম, যেই—মূল 'প্রয়োজন' । পূলকাশ্রু-নৃত্য-গীত—মাহার সক্ষণ । ১৩৯ ॥ জোকার্থ

"এবন, মূল প্রয়োজন যে কথবং-প্রেম সেই সম্বন্ধে ছবণ কর। পূলক, অশ্রন, মৃত্যু ও বীত এই সকল প্রেমের কক্ষ্ম।

গ্রোক ১৪০

শারন্তঃ শারমন্ত্যশ্চ মিখোংঘৌঘহরং হরিম্ । ভক্ত্যা সংজ্ঞাতরা ভক্ত্যা বিভ্তৃত্থপুলকাং তনুম্ ॥ ১৪০ ॥

শরস্তঃ—শরণ করে, শাররস্তাঃ চ—এবং মনে কবিয়ে দিয়ে, মিধঃ—পরস্পরকে, আঘীমৃ-হরম্—পাপসমূহ হরশকারী; হরিম্—পরমেশ্বর ওগবান, ভক্তাা—ভক্তির দারা; সংজ্ঞাতাাা— জাগরিত করে, ভক্তাা—ভক্তির দারা: বিভ্রতি—ধারণ করে; উৎপূলকাম্—রোমাজিও খ্যে, তনুম্—দেহ।

৮৭৯

धनुसम

়ু 'ওদ্ধ জ্ঞানা সমস্ত্র পাপ হরণকারী হরিকে পরস্পত্র স্মরণ করতে করতে এবং স্মরণ করাড়ে করাতে সাধনভক্তি সংয়াত শ্রেমভক্তির যার। উৎপূলকিত তনু ধারণ করেন।' তাৎপর্য

এই মোকটি *শ্রীমন্তাগরত* (১১/০/৩১) থেকে উদ্বত।

গ্লোক ১৪১

এবংরতঃ স্বপ্রিয়নামকীর্ত্যা জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ ৷ হসতাধো রোদিতি রৌতি গায়-তুম্মাদবগৃত্যতি লোকবাহাঃ ৷৷ ১৪১ ৷৷

এবন্যভঃ—এইডাবে যখন কেউ নৃত্য-কীর্ডনে প্রতপ্রায়ণ ২য়: শ্ব—নিজে; ক্রিয়—খাতান্ত প্রিয়, সাম—ভগবানের দিবলাম; কীর্ত্তা—কীর্ডন করে; জাত—এইডারে বিকশিও হয়; অনুরাশঃ—অনুবাগ, দুওচিন্তঃ—অভান্ত আগ্রহডরে, উক্তৈঃ—ক্রোনে ক্রোরে; হুসতি— থানে, অধ্যো—ও রোদিভি—ক্রান্ত করে, রৌভি—উর্গ্রেজিড হয়, রায়তি—গান করে; উন্যাদ-বৎ—উল্লাদেশ মতো, মৃত্যতি—নৃত্য করে লোক-বাহ্যঃ—কে কি বলে ওল অপেক্স না করে।

অনুহাদ

" 'কেউ যখন ভক্তিসার্শে যথার্থ উয়তি সাধন করে। এবং তার অতিপ্রিয় গুণবানের দিবানাম কীর্তন করে আদক্ষমশ্ম হন তথ্য তিনি অত্যন্তে উত্তেজিক হয়ে উত্তৈশ্বরে গুণবানের মাম কীর্তন করেন। তিনি কখনও হাসেন, কখনও কাঁদেন এবং কখনও উন্মানের মতো নৃত্য করেন। বাইরের লোকেরা কে কি থলে সেই সম্বন্ধে তাদের কোন জান থাকে মা '

ভাৎপর্য

এই স্লোকটি শ্রীমস্ত্রাগরত (১১/২/৪০) থেকে উদ্বরত।

অত এব ভাগবত—সূত্রের 'অর্থ'-রূপ । নিজ কৃত সূত্রের নিজ-'ভাষা'-স্থরূপ ॥ ১৪২ ॥

"অতএব, শ্রীসন্তাগরত বেদান্ত সূত্রের প্রকৃত অর্থ বিশ্লেষণ করে। বেদন্তে সূত্রের প্রণেজা ব্যাসদেব স্বয়ং সেই সূত্র সমূহের ভাষ্য-স্বরূপ শ্রীমন্ত্রাগরত বর্ণনা করেছেন। (割す 280-288

অর্থোহরং ব্রহ্মস্ত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ। পার্ম্ত্রীভাষ্যরূপোহসৌ বেদার্থপরিবৃংহিতঃ॥ ১৪৩॥ পুরাণানাং সামরূপঃ সাক্ষাদ্ভগবডোদিতঃ। দাদশস্কর্মযুক্তোহয়ং শতবিচ্ছেদ-সংযুক্তঃ। গ্রন্থোহস্তাদশসাহ্বঃ শ্রীমন্তাগবতাভিষঃ॥ ১৪৪॥

ভাষঃ জন্তম্—এই অর্থ, ব্রহ্ম-সূত্রাদাম্—বেদান্ত-সূত্রের, ভারত-ভার্থ-বিনির্ণরঃ—নথাভারতের ভার্থ নির্বায়, প্রায়ত্তী-ভাষ্য-রূপঃ—নায়ত্রীর ভাষ্যরারপ, জাসী—এই বেদ-ফার্থ-পরিবৃহিতঃ—সমস্ত বেদের অর্থের দ্বারা সংবর্ধিত; পুরাদানাম্—পুরাণ সমূহের, সাম-রূপঃ—সাম বেফা সমস্ত বেদের মধ্যে শ্রেষ্ঠ; সাক্ষাৎ—সাক্ষাৎভাবে, ভগ্যতা উদিতঃ—ভগবানের ভারতার বায়স্থের কর্তৃক ক্ষিত; লাক্ষা-ক্রম-সূত্রুঃ—বাবতি প্রশ্ন সমন্তিত অন্যম্—এই, শত-বিক্ষেদ-সংস্থাত—তবত তি ভাষায় সমন্তিত; প্রস্থা—এই মহা গ্রন্থ, অন্তাদশ-সহস্থঃ—১৮,০০০ মোক সমন্তিত, শ্রীমন্ ভাগ্যকত-আজিখঃ—শ্রীমপ্তাদ্বত নামক।

অনুবাদ

" 'এই প্রীমন্তাগরত—গ্রহ্ম স্কৃত্রের অর্থ, মহাজানতের ভাৎপর্য নির্গয়, গানত্রীর ভাগ্যরূপ এবং সমন্ত্র বেদের ভাৎপর্য ধানা সংবর্ধিত প্রীমন্ত্রাগরত সর্বপ্রেষ্ঠ পুরাণ, এবং ওগরানের অবত্যর প্রীল ন্যাসদেন এটি রচনা করেছেন। শ্রীমন্ত্রাগরত বারটি কল্প, ৩৩৫ অধ্যায় এবং ১৮,০০০ শ্লোক সম্ভিত।'

<u>ভাৎপর্য</u>

এই মোকটি *গরুড়-পূরাশ* থেকে উদ্বস্ত।

রোক ১৪৫

সর্ব-বেদেভিহাসানাং সারং সারং সমুদ্ধতম্ ॥ ১৪৫ ॥

সর্ব-বেদ—সমস্ত বৈদিক শাস্ত্র, ইতিহাসালায্—ইতিহাসের, সারম্ সারম্—সারাতিসার, সমৃদ্ধান্ত—সংগৃহীত (শ্রীমন্তাগবতে)।

खनुवाह

" 'সমগ্র কেন ও ইভিহাসের সারাতিসার সংগ্রহ করে শ্রীমন্তাগবত রচিত হয়েছে ' ভাৎপর্য

শ্রীমন্ত্রাগরত সংকলন করেন ভগবানের অবভার ব্যাসদেব, এবং পরে তিনি তা ওাঁব পুত্র শুকদেব গোষোমীকে শিক্ষা দান করেন এই শ্লোকটি *শ্রীমন্ত্রাগর*ত (১/৩,৪১, থেকে উক্তৃত।

(部本 782)

(創本)86

সর্ববেদান্তসারং হি শ্রীমন্ত্রগবভমিষাতে । তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ কৃচিৎ ॥ ১৪৬ ॥

সর্ব বেদান্ত সারম্—সমস্ত বেদান্তের সার, হি অবশ্যই, স্ত্রীমন্ত ভাষরতম্ মহা পুরাণ প্রীমন্তাগরত: ইয়াছে সীকার করা হয়, ভং-রস-অমৃত্র—সেই মহনে গ্রহ থেকে সংগৃহীত অপ্রকৃত বসের প্রারা ভৃত্তম্য—মিনি ভৃত্ত হয়েছেব: ম না; অন্যন্ত্র—অন্য কোলাও, স্যাৎ—হয়, রতিঃ—আকর্ষণ, ক্ষচিং—কথনও।

व्यनुवाप

" 'শ্রীসন্তাগবতকে সমগ্র দৈদিক সাহিত্য ও বেদান্তের সার স্করণ বলা যার। ভাগবতের নসামৃতের দানা তৃপ্ত বাক্তির অন্য কোন শালের প্রতি বহি হয় না।"

ভাৎপর্য

এই কোনটি *শ্রীমন্তাগবত* (১২/১৩/১৫) থেকে উদ্ধৃত।

ppo

গ্লোক ১৪৭

গায়তীর অর্থে এই গ্রন্থ-আরম্ভন । "সত্যং পরং"—সম্বন্ধ, "ধীমহি"—সাধন-প্রয়োজন ॥ ১৪৭ ॥ ধ্যোকার্থ

'শ্রীমন্তাগৰতের প্রারপ্তেই প্রক্ষ-গামন্ত্রী মন্ত্রের বিশ্রেষণ করা ছয়েছে। পরম সভাই সম্বন্ধ, ধানে চেটা বা সাধন ভতিই 'অভিধেন' এবং প্রাপ্ত ফল ধ্যান বা প্রেমভক্তিই অভিধেনের প্রাপা 'প্রয়োজন'—ফল।

(湖本 784

জন্মাদ্যস্য যতোহধ্বমাদিতরতশ্চার্যেষ্ভিজঃ স্বরাট্ তেনে ব্রহ্ম হাদা য আদিকবদ্ধে মুহ্যন্তি যথ সূর্য়ঃ। তেজোবারিমৃদাং যথা বিনিমশ্বে যক্ত গ্রিসর্গোহমৃষা ধালা স্বেন সদা নিরস্তকুত্কং সত্যং পরং ধীমহি ॥ ১৪৮ ॥

জন্ম-আদি—সৃষ্টি, স্থিতি এবং প্রলয়, অস্যা প্রকাশিত রক্ষাণ্ড সমূহের, ষতঃ মান থেকে; অস্বয়াৎ—সনাসনিভাবে: ইতরতঃ—ব্যতিরেকভাবে; চ—এবং; অর্থেবু—অর্থ সমূহ; অভিজ্ঞা —সম্পূর্ণনিপে অবগত, স্ব-রট্—সম্পূর্ণনিপে স্বাধীন, তেনে—প্রকাশ কর্নোছনেন, রক্ষা বৈদিক জ্ঞান, স্কাশ—হদ্যারৰ অভায়েরে, বঃ—যিনি, আদি-কর্মান—রক্ষাকে; মুহান্তি— মোহাস্কর, থৎ—বাঁব সম্বাধ, মুর্নাঃ—মহান ক্ষিত্রা এবং দেবভারা, ভেক্কা—ক্রিম্বি, বাত্তি— জন, মৃদাম্ নাটি, ষমা— থেভাবে, বিনিমন্ত:—পরস্পর মিশ্রণ, যক্ত থার ফলে ক্রিক্তি সর্পত্তির তিনটি ওপ, অমৃষ্ট সত্যবং, ধারা ধাম সহ, যেন স্বয়ং সম্পূর্ণরূপে, সমা স্বস্থার, নিরস্ত -নিপৃত, কুহকম্ কুহক, সভ্যম্ সভ্য, পরম্—পরম, ধীমহি— আমি ধান কবি।

অনুবাদ

" আমি পরমেশ্বর ভগবান, শ্রীকৃষ্যের দ্যান করি কেননা তিনি হচ্ছেন প্রকাশিত রক্ষাওসসূত্রের সৃষ্টি, স্থিতি এবং প্রকাশ্বর পরম কারণ। তিনি প্রত্যক্ষ ও পরোক্ষতাবে সর্বকিছু সমন্ত্রে অবগত্র প্রবং তিনি সম্পূর্ণভাবে বাধীন, কেননা তার অতীত তার কোনও কারণ নেই। তিনিই আদি কবি রক্ষার হনেয়ে সর্বপ্রথম বৈদিক হয়েন প্রদান করেছিলেন। তার দারা মহান ক্ষরিয়া প্রবং স্থাপতি দেবভারাও মোহাছের হয়ে পড়েন, তিক যেভাবে মোহাছের হয়ে পড়লে আগুনে জল দর্শন হয়, অথবা জলে মাটি দর্শন হয়। তারই প্রভাবে কড়া-প্রকৃতির তিনটি ওপের মাধ্যমে এই জড় জগৎ সামনিকভাবে প্রকাশিত হয়, এবং তা অলীক হলেও সত্যবং প্রতিভাগ্ত হয়। তাই আমি সেই পারমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের ধানে করি, ঘিনি জড় জগতের মোহ থেকে সম্পূর্ণভাবে সূত্র বেকে তার ধানে করি, বেননা তিনিই হছেন পরম সতা।

ভাৎপর্য

এই জোনটি শ্রীমন্তাগনতের (১/১/১) প্রারম্ভে মদলাচরণ .

প্লোক ১৪৯

ধর্মঃ প্রোজ্মিতকৈতবোহত প্রমো নির্মাৎসরাণাং সতাং বেদাং বাস্তব্যত্ত বস্তু শিবদং তাপত্রয়োগ্মদনম্ । শ্রীমন্ত্রগবতে মহামৃনিকৃতে কিংবাপরৈরীশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যতেহত্ত কৃতিভিঃ শুশ্রুষ্ঠিতংক্ষণাং ॥ ১৪৯ ॥

ধর্মঃ—ধর্ম, প্রোদ্ধিত—সম্পূর্ণভাবে বর্জন করে, কৈডবঃ—ভুক্তি-মৃক্তি বাসনামৃত, অত্র— এবানে, প্রবঃ—সর্বোদ্ধ, নির্মাহসরাধাম্—ধার হুদয় সম্পূর্ণভাবে নির্মল হয়েছে, সভাম্— ৬ জগব, কেলুম্—বোধগমা, বাস্তবম্—বাস্তব, অত্র—এখানে, বস্তু- কস্তু: শিবসম্—পর্ম আনক ধানক, ভাপ-তর্জ—বিভাপের, উদ্মূলনম্—সমূলে উৎপাটিত করে, ত্রীমৎ—সুধর, ভাগবত্তে—ভাগবত প্রাদে, মহা বৃদ্ধি- মহামূনি (ব্যাসদেব) হারা কৃতে—ইচিত; কিম্— কি, বা—হারোজন, পরৈঃ—ক্রন্য কিছু, ঈশ্বরঃ—প্রধানে, ভগবান, সদাঃ—'গ্রিকাপে, ক্রি হৃদরে, অবক্রম্যুক্তে অবক্রম হয়, অত্র—এখানে, কৃতিদ্বিঃ—স্কৃতিসম্পন্ন মানুবাদ্ব হারা, শুক্রামৃত্তি—স্বরণ করে, তং-ক্র্যাৎ—অবিলাপে

खन्वाम

" 'জড় বাসনাযুক্ত সবরক্ষের ধর্ম সম্পূর্বভাবে বর্জন করে এই ভাগবত পুরাণ পরস সভাকে প্রকাশ করেছে, যা কেবল সর্বভোজবে নির্মাধনর ডক্তরাই ক্ষেত্রসম করন্তে পারেন। পরম সন্তা হচ্ছেন পরম মঙ্গলমা বাস্তব বস্তু। সেই সভাকে জানতে পারলে ত্রিভাপ-দৃঃশ সমূলে উৎপাতিত হয়। মহামুনি কেবনাস (উপলব্ধির পরিপক্ক অবস্থায়) এই শ্রীমন্ত্রাগবত রচনা করেছেন, এবং অগবতত্ত্বজ্ঞান হ্লাক্ষম করতে এই প্রস্থৃতিই যথেষ্ট। সূত্রবাং জনা কোনও শাস্ত্রগ্রহের আর কি প্রয়োজন। কেন্দ্র যথন প্রাথনত চিস্তে এবং একার্য়ন্তা সহকারে এই ভাগবত্তের বাদী শ্রমণ করেন, অখন তার হামধ্যে ভগবত্তব্জ্ঞান প্রকাশিত হয়।"

ভাৎপর্য

এই প্লোকটি *শ্রীমন্তাগবন্ত* (১/১/২) থেকে উদ্বন্ত। আদিলীলার প্রথম পরিচেদের ১১ মোকও মুব্রব্য।

> শ্লোক ১৫০ 'কৃষ্যকভিনসম্বৰূপ' শ্ৰীডাগৰত । ভাতে বেদশান্ত্ৰ হৈতে প্ৰম মহন্ত্ৰ ॥ ১৫০ ॥ মোকাৰ্থ

"গ্রীমন্ত্রাগৰত—কৃষণভত্তি-নদ ক্রদ। ভাই শ্রীমন্ত্রাগৰত সমস্ত বৈদিক শান্ত থেকে (এঠ।

(अंकि ५६५

নিগমকল্পতরোগলিতং ফলং শুকমুখাদমৃতদ্রবসংকৃতম্ । পিবত ভাগকতং রসমালরং মৃত্রহো রসিকা ভূবি ভাবুকাঃ ॥ ১৫১ ॥

নিগায়—বৈদিক শান্তসমূহ, কল্প-তরোং—কর্মনৃত্য; গলিতম্—কত্যও সৃপক, ফলম্—ফল, শুক—শ্রীমন্ত্রাগবডের আদি বন্ধন শ্রীল ওকদের গোলামী, মুখাৎ—মূল থেকে, অমৃত—অমৃত, দ্রব—ঈথৎ কঠিন এবং কোমল হওয়ার ফলে যা সংজে গোলা ফল: সংযুতম — সর্বতোভাবে পূর্ব, পিরত—আখাদম করেন, ভাগরতম্ —গরমেশন ভগবানের সঙ্গে জীবের নিতা সম্পর্কের বিজ্ঞান বিষয়ক গ্রন্থ, রসম্—রস (যা আখাদন করা যায়) আলয়ম্ — মৃতি পর্যন্ত অথবা মৃত অবস্থাতে, মৃত্য—নিবস্তর, অহো—হে, রসিকাঃ খারা সম্পূর্ণকাপে ভগবৎ-শ্রীতিবস্ব সম্পর্কে জনগত; ভূবি—এই পৃথিবীতে; ভাবুকাঃ—বিচক্ষশ এবং চিপ্তানীল।

অনুবাদ

" 'হে বিচক্ষণ এবং চিন্তাশীল মানুধ, কল্পক্ষাপী বৈদিক শাল্পের অত্যন্ত সুপক যদা আমন্তাগৰত আমাদন করল। তা শ্রীল ওকদেব গোস্থামীর শ্রীমুখ থেকে নিঃস্ত হয়েছে তাই ফলটি আরও অধিক উপাদের হয়েছে। এই অনৃতমন্ন রস মৃক্ত পুরুষেরা পর্যন্ত আমাদন করে থাকেন।

ভাংপর্য

এই প্লোকটি *শ্রীমহ্লাদকত* (১/১/৩) বেকে উদ্বত।

শ্লোক ১৫২

वशस्त्र न विज्भाग উत्तयः क्षांक विस्तरम । यक्षाजाः तमस्त्रानाः चाम् चाम् भटन भटन ॥ ১৫২ ॥

ব্যাস্—আননা, তু—কিন্তু, ন—না বিতৃপ্যাথঃ—তৃপ্ত হওয়া, উত্তমঃ-শ্লোক—পরসেশন ভগবান, উত্তম লোক বা অপ্রাকৃত প্রার্থনার দারা যাঁর মহিমা লীর্ডিড হয়, বিক্রমে— বিক্রমপূর্ণ লীলাধিলাস, যং—ধাং। প্রভাস্—মিরস্তর প্রবণ করার ফলে, রস-শ্লোসাম্— রসিকদের, স্বাদু—আন্থানন করনে, স্বাদু—স্বাদ্, প্রে প্রে-প্রতি মুহুর্তে

অসুবাদ

" 'উত্তম ক্লোকের দ্বারা বন্দিত হল বে পরমেশ্বর ভগবান, তাঁর অপ্রাকৃত লীল্যকথা যতই আহলা প্রকণ করি লা কেন, আহাদের তৃত্তি হবে লা। গাঁরা তাঁর সঙ্গে সম্পর্কযুক্ত হবে অপ্রাকৃত রস আদ্বাদন করেছেন, তাঁরা নিরন্তর তাঁর লীলাবিলাদের রস আদ্বাদন করেছেন, তাঁরা নিরন্তর তাঁর লীলাবিলাদের রস আদ্বাদন করেল।"

ভাৎপর্য

এই জোকটি জীমস্তাদানত (১/১/১৯) থেকে উদ্ভঃ

ক্লোক ১৫৩

অতএব ভাগবত করহ বিচার । ইহা হৈতে পাবে সূত্র-শ্রুতির অর্থ-সার ॥ ১৫৩ ॥ শ্রোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভূ প্রকাশানন্দ সরস্থতীকে উপদেশ দিলেন, "ডাই, খ্রীমন্তাগরত বিচার করুল, ভাহলে কোন্ত-সূত্রের সারার্থ বুরতে পারকেন।"

শ্লোক ১৫৪
নিরন্তর কর কৃষ্ণনাম-সংকীর্তন ।
হেলার মুক্তি পাবে, পাবে প্রেমধন । ১৫৪ ॥

(到4 76年]

লোকার্থ

শ্রীচিতনা মহাপ্রতু বললেন, "সর্বদা শ্রীমন্তাগরত আলোচনা করন এবং কৃষ্ণনাম সং কীর্তন করুন, তাহলে অন্যয়াসে মুক্তি লাভ করকেন, এবং মুক্তিরও অস্ট্রিত কৃষ্ণপ্রেমরূপ সম্পদ লাভ করকেন।

ভাৎপর্য

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সবস্থতী গ্রাকুর তান ওানুভাষ্টো নিখেছেন, "ভাগণত বিচার করলে ব্রহ্ম-সূত্র এবং উপনিষদত্তলির প্রকৃত সারার্থ জানতে পারনে। ভাগবত বিচার না করে যে নেদ ও পড়তে এবং উপনিষ্ঠদের অর্থ জানতে চান্ত, তার অসার অর্থ লাভই অবশাস্থানী।"

লোক ১৫৫

ব্ৰহ্মভূতঃ প্ৰসন্নাদ্মা ন শোচতি ন কাম্ফতি । সমঃ সৰ্বেৰু ভূতেৰু মন্তক্তিং লভতে প্ৰাম্ ॥ ১৫৫ ॥

ব্রহ্ম-ভূতঃ—জড় ধারণা থেকে মৃত, কিন্তু নির্বিশেষ অনুভূতি পরায়ণ, প্রময়-আব্যা—অভাব, ধর্ম বহিত, ন শোচন্তি—শোক করেন না, ন কাম্ব্রন্তি—আকাদ্জা করেন না, সমঃ— সমাধার শার, সর্বেণু-ভূতেমূ—সমগ্র জীবের প্রতি, মধ-ব্রক্তিম্—আআর জড়ি, লভড়ে— জাড় করে, পরাম্—শরম ওজ

অনুবাদ

'যিনি ব্রহ্মত্বত স্তব্যে অধিষ্ঠিত হয়েছেন তিনি তৎক্ষণাৎ পরম ব্রহ্মকে উপলব্ধি করতে পারেন এবং সমস্ত অভাব মৃক্ত হয়ে প্রসয় হন। তিনি কোন কিছুর জন্য শোক অধবা জাকাপ্যা করেন না, তিনি সমস্ত জীবের প্রতি সমস্তাব্যপন্ন। সেই স্তব্যে তিনি আমার শুদ্ধ ভক্তি লাভ করেন,'

ভাৎপর্য

এই মোণটি ভগবদ্গীতা (১৮/৫৪) থেকে উপ্তত।

প্রোক ১৫৬

"মুক্তা অপি লীলয়া বিগ্ৰহং কৃত্বা ভগবন্তং ভক্তন্তে II" ১৫৬ II

মৃক্তাঃ অপি—সুক্তগণত: লীলয়া—সীলান হারা; বিশ্রহম্ —ভগবানের জীবিগ্রহ, কৃত্বা— খাপন করে, ভগনত্তম্—পর্মেশর ভগনাকে; ভরুত্তে—ভরুলা করেন।

व्यभुवाम

" 'নির্বিশেষ রন্ধা সাযুজ্য প্রাপ্ত যুক্তরাও ভগবানের লীলা সমন্বিত নিগ্রহ রচনা করে ভগবানকে ডজন করেন।'

ভাৎপর্য

নিষ্টাবান মায়াবাদী সন্মাসীরাও কখনও কখনও রাধাকৃশের বিহাহের উপাসনা করেন এবং

শ্রুকুমের নীলা আপোচনা করেন কিন্তু গোলোক বৃদ্যাবন প্রাপ্তি গালের উপেশ। না তাদের উদ্দেশ্য হচ্ছে রহো নীন হয়ে যাওয়া। এটি শঙ্করচার্যের *নৃসিংহ তাপনী* উপনিধনের ভাষা থেকে উদ্বৃত।

প্লোক ১৫৭ পরিনিষ্ঠিতোহণি নৈর্ত্তণ্যে উত্তমঃশ্লোকলীলয়া । গৃহীতচেতা রাজ্যর্থ আখ্যানং বদধীতবানু ৪ ১৫৭ ॥

পরিনিষ্টিতঃ—এনিষ্টিত, অপি—হওয় সংধও, নৈর্প্রণ্যে—জড়া প্রকৃতির ওপের অভীও চিনার ভরে, উত্তমঃ-রোক-দীলরা—উত্তমশ্লোক পর্যোশ্বর ভগবানের লীলার ভারা, গৃহীত-চেতা—আকৃত চিও, স্বাক্তর্বে—হে রাজর্বি, আখ্যানম্—বর্ণনা, যৎ—যা, অধীতবান্— অধ্যান করেছিলাম।

ञनुवाप

" 'শ্রীল ওক্তাব গোস্বামী পরীক্ষিৎ মহারাজকে বলেছিলেন, হে রাজর্মি, নির্ত্তণ স্তরে অধিচিত হওরা সত্ত্বের গরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের লীলায় আকৃষ্ট হয়ে। আমি আমার শিতার নিকট হতে শ্রীমন্তাগবত পাঠ করেছিলাম।'

ডাৎপর্য

এই জোকটি শ্রীমপ্লাগবত (২/১/৯) থেকে উদ্বত।

গ্লোক ১৫৮

